Numb. 1383. ১৩৮৩)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 30, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৩০ জানুআরি।

HOME DEPARTMENT.

Legislative.

The following Report of a Select Committee, together with the Bill as settled by them, was presented to the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 19th January 1866.

We the undersigned, the Members of the Select Committee of the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations, to whom the Bill to legalize, under certain circumstances, the re-marriage of Native converts to Christianity was referred, have the honour to report as follows :—

1. The Bill and the legislative proceedings relating to it having been extensively circulated with the express object of eliciting opinion from the various persons and religious communities interested in the measure, a very great number of papers having reference to it have been received in the Legislative Department. A list of them will be found in the Appendix to our report. Most of these communications discuss the principle of the proposed Bill, and on these we will only remark that the weight of opinion, so far as it can be collected from them, appears to be in favour of the measure. The details of the bill are, however

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মনোনীত কমিটীর এই রিপোর্ট ও তাঁহারা আইনের পশ্চাৎ লিখিত যে পাণ্ডুলিপি অবধারণ করিয়াছেন তাহা ১৮৬৬ সালের ১৯ জানুআরি তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় অর্পিত হইয়াছিল।

খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বি এদেশীয় লোকেরদের কোনং গতিকে পুনশ্চ বিবাহ আইনসিদ্ধ করণার্থ আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভা মনোনীত কমিটীর অন্তর্গত আমারদের প্রতি অর্পিত হওয়াতে আমরা সম্মানপুরঃসর পশ্চাৎ লিখিত রিপোর্ট করিতেছি।

১। উক্ত ব্যাপারে যে ব্যক্তিরদের ও ধর্ম্মসম্পার্কীয় যে মণ্ডলীগণের স্বার্থ থাকে, তাঁহারদের অভিমত জ্ঞাত হইবার স্পষ্টাভিপ্রায়ে আইনের ঐ পাণ্ডুলিপি ও তৎসম্পর্কীয় ব্যবস্থাপকগণের কার্য্যবৃত্তান্ত বহুতর স্থানে প্রেরিত হইয়াছিল, ও তৎসম্পর্কীয় অনেক পত্রাদি ব্যবস্থাপন কর্ম্মবিভাগে প্রাপ্ত হওয়া গিয়াছে, সেই সমস্ত পত্রাবলি আমারদের রিপোর্টের ক্রোড়পত্রে প্রকাশ হইবে। উক্ত পত্রাদির অধিকাংশেই প্রস্তাবিত পাণ্ডুলিপির মূলনিয়মের বিতর্ক হইয়াছে ও তদ্দ্বারা ভিন্নং ব্যক্তিরদের মত যেপর্য্যন্ত জ্ঞাত হওয়া গেল সেই পর্য্যন্ত অধিকাংশের মত ঐ আইনের সপক্ষে দৃষ্ট হইল, এইক্ষণে এই মাত্র বক্তব্য। কিন্তু কোনং পত্রে ঐ পাণ্ডুলিপির বিস্তারিত কথার গুণাগুণ নিরূপক বাক্য

criticized in a certain number of the documents which have been sent in. To such criticisms we have given our careful attention, and we have derived from them much valuable assistance.

2. In compliance with the nearly unanimous wish of the persons and bodies which have addressed the Legislature on the subject, we have provided in the Bill, as amended by us, for the dissolution of the former marriage in all cases where the Petitioner obtains a decree permitting re-marriage. The change necessitates an alteration in the title of the Bill, and enables us to omit several Sections which were contained in the original draft.

3. We propose that the procedure to be followed when the Petitioner is a female shall differ in some respects from the procedure prescribed by the Bill in the case of male Petitioners. We are of opinion, after careful consideration, that the difficulties attending compulsory private interviews in cases where the convert is a female, and the husband retains his native religion, are insuperable. We have, therefore, provided that in such cases the male respondent shall be merely interrogated by the Judge, and that upon his reiterated refusal to cohabit with the Petitioner, a decree shall be made dissolving the marriage. But we have introduced a proviso that, if the Petitioner so desire, the procedure shall be in all respects identical with that which male Petitioners are bound to follow.

4. The degree of respect due to infant marriages is a subject a good deal discussed in the papers before us. We have not thought fit to assume the absolute nullity of such marriages, but we propose that when the parties have reached the age which admits of a suit being instituted under the Bill, the unconverted partner shall be once interrogated, and that, in case of a refusal to cohabit, a decree shall issue.

5. We provide that there shall be no appeal from any of the orders passed in a suit under the Bill. While the power of appeal however limited, might be employed to protract the proceedings to an inordinate length, we think it would be of little service to the ends of justice, the questions to be tried being necessarily for the most part questions of fact of the simplest kind, and the Court empowerd to try them being a tribunal of dignity and authority, the District Court in the Mofussil, and the High Court on its original side in the Presidency Towns.

6. As apprehension is expressed in many of the papers before us that the expence of the proceedings will be beyond the means of the classes to which the converts in general belong, we have

ব্যক্ত হইয়াছে তাহাতেও আমরা সাবধানে মনোযোগ করিয়া তদ্দ্বারা বহুতর সাহায্য প্রাপ্ত হইয়াছি।

২। যে ব্যক্তিরা ও মণ্ডলিগণ উক্ত বিষয়ে ব্যবস্থাকর্ত্তাদের নিকটে পত্র লিখিয়াছেন তাঁহাদের প্রায় সকলের সম্মত ভাবানুসারে আমরা স্বসংশোধিত এই পাণ্ডুলিপিতে এই বিধান, অর্থাৎ প্রার্থক পুনশ্চ বিবাহ করিবার অনুমতিসূচক ডিক্রী প্রাপ্ত হইলে তদ্রূপ সকল স্থলে পূর্ব্ববিবাহ বন্ধন বিলুপ্ত হয় এই বিধান করিয়াছি। তদ্ধেতুক এই পাণ্ডুলিপির খ্যাতি পরিবর্ত্তনের প্রয়োজন হইল এবং আদ্য পাণ্ডুলিপির লিখিত অনেক অংশ ত্যাগ করিতে পারিলাম।

৩। পুরুষ প্রার্থক হইলে পাণ্ডুলিপিতে যে ইতিকর্ত্তব্যতা নির্দ্ধারিত হইয়াছে অর্থিনীর কোনং অংশে সেই ইতিকর্ত্তব্যতার কিছু বিশেষ অবধারণের প্রস্তাব করিয়াছি। সাবধানে বিবেচনা করণানন্তর বোধ করিলাম যে পত্নী বিধর্ম্মাবলম্বিনী হইলে ও পতি স্বজাতীয় ধর্ম্মে থাকিলে, বলপূর্ব্বক তাঁহাদের গোপনে সন্দর্শন করাণ অতি দুঃসাধ্য। অতএব তদ্রূপ স্থলে আমাদের এই বিধান হইয়াছে, বিচারকর্ত্তা প্রত্যর্থিকে জিজ্ঞাসা মাত্র করিবেন, তাহাতে তিনি অর্থিনীর সহিত সহবাস করিতে পুনঃ২ সম্মত না হইলে বিবাহ বন্ধন বিলুপ্ত হইবার ডিক্রী হইবে। কিন্তু তন্মধ্যে এই উপবিধানও করিয়াছি যথা, যদি অর্থিনী প্রার্থনা করেন, তবে অর্থিদের পক্ষে কার্য্যের যদ্রূপ বিধি, অর্থিনীদের পক্ষেও সেই বিধি সর্ব্বতোভাবে প্রবল হইবে।

৪। বাল্য বিবাহ প্রবল রাখা যে পর্য্যন্ত কর্ত্তব্য এতদ্বিষয়ের বহুতর কথা আমাদের সম্মুখবর্ত্তি পত্রে লিখিত হইয়াছে। তদ্রূপ বিবাহ আমরা একেবারে ব্যর্থ করা উচিত জ্ঞান করিলাম না, কিন্তু আমাদের এই প্রস্তাব, যেং বয়স প্রাপ্ত হইলে এই পাণ্ডুলিপি অনুসারে মোকদ্দমা হইতে পারে উভয় পক্ষের সেই বয়স হইলে স্বজাতীয় ধর্ম্মা স্ত্রী কি পুরুষকে এক বার জিজ্ঞাসা করা যাইবে। যদি অন্য পক্ষের সঙ্গে সহবাস করিতে অসম্মত হন, তবে পুনশ্চবিবাহের ডিক্রী হইবে।

৫। এই আইনঅনুযায়ি মোকদ্দমাতে যে কোন আজ্ঞা হয় তাহার উপর আপীল না হইবার বিধান করিয়াছি। ফলতঃ আপীল করিবার ক্ষমতা থাকিলে তাহা অতিসংকুচিত হইলেও তদ্দ্বারা মোকদ্দমাঘটিত কার্য্যের অত্যন্ত দৈর্ঘ হইবার সম্ভাবনা, অথচ ন্যায় বিচারের তাদৃশ নিশ্চিততা হয় না, যেহেতুক তদ্রূপ স্থলের বিচার্য্য বিষয় অতি সরল বৃত্তান্তঘটিত বিষয় হইবার সম্ভাবনা, এবং যে আদালত তদ্রূপ মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন হন তাহা, অর্থাৎ মফঃসলে জিলার আদালত এবং রাজধানীতে মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন হাই কোর্ট, অতি সম্ভ্রান্ত ও সুক্ষমতাপন্ন।

৬। খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বি অধিকাংশ ব্যক্তি যে শ্রেণীর লোক হন, তদ্বিবেচনায় মোকদ্দমা করা তাঁহাদের সাধ্যাতিরিক্ত হইবে, আমাদের সম্মুখস্থ বহুপত্রেতে এতদ্রূপ আশঙ্কা প্রকাশ হওয়াতে দশ

reduced the stamp on the petition from ten rupees to two.

7. A point which we have anxiously considered is the claim of the Roman Catholics to be exempted from the Bill. The Roman Catholic Clergy have addressed to us several urgent representations which will be found among the papers circulated through the Council, and they deputed Dr. Hartmann, the Vicar-Apostolic of Patna, to confer with the Legislative Department on the subject of the proposed legislation. While they express their approval of the principle of the measure, and affirm that it has always had the sanction of their Church, they assert that they have a procedure of their own, founded on the Cannon-law and of much antiquity, which, though it does not widely differ from the procedure prescribed by the Bill, is nevertheles, not exactly identical with it. They aver that it would be against their conscience and their duty to substitute any secular procedure for that which their own ecclesiastical authorities direct to be observed. As we are satisfied of the existence of such a procedure, and as we feel ourselves compelled to attach weight to the fact that the British Government in Ireland and in its Colonial dependencies has never attempted to interfere with Roman Catholic discipline on the subjects of marriage and divorce, we have thought fit to introduce a Section which will have the effect of placing the Roman Catholic Clergy and their converts on the same footing in which they would have been if Act XXV. of 1864, and Act V. of 1865, had not passed.

8. The communications which we have hitherto noticed, have proceeded from persons or bodies professing the Christian religion. Other documents have been received by us which discuss the provisions of the measure from the point of view of the unconverted partner whose marriage is sought to be dissolved.

9. The Mahometans claim to be totally exempted from the Bill. The Mahometan community of Bengal, in a temperately worded petition, have represented that, by the law of their religion, which is also the secular law applicable to marriage and divorce, the conversion of either husband or wife from Mahometanism entails a cancelment of the marriage so complete that the partners cannot re-marry without certain special formalities. They cite many passages from their religious writers in favour of their proposition, and the greatest part of their petition is occupied with a representation of the consequences which would follow if persons who, on the assumption that the view taken by the petition is correct, are no longer husband and wife, were confronted in

টাকার ষ্টাম্প কাগজে প্রার্থনা না হইয়া দুই টাকার ইষ্টাম্প কাগজে হইবার বিধান করিয়াছি।

৭। রোমান কাথলিক লোকেরা এই আইনের কার্য্যহইতে মুক্ত হইবার দাওয়া করেন। তাঁহাদের সেই দাওয়া আমরা অত্যন্ত চিন্তাপূর্ব্বক বিবেচনা করিয়াছি। রোমান কাথলিক পাদরিরা আমাদের নিকটে অত্যন্ত ব্যগ্রতাপূর্ব্বক তদ্বিষয়ে পত্র লিখিয়াছেন। তাহা মন্ত্রি সভাসদ মহাশয়দের নিকটে প্রেরিত অন্যান্য পত্রাদির মধ্যে আছে। তদ্ভিন্ন তাঁহারা সেই প্রস্তাবিত আইন বিষয়ে ব্যবস্থা প্রণেতাদের সঙ্গে পরামর্শ করণার্থে পাটনার বিকর আপস্টলিক শ্রীযুত ডাক্তর হার্টমান সাহেবকে প্রেরণ করেন। তাঁহারা এই পাণ্ডুলিপির নির্দ্ধারিত মূল বিধানে সম্মতি প্রকাশ করিয়া কহেন তদ্বিষয়ে তাঁহাদের মণ্ডলীর সর্ব্বদাই অনুমতি আছে, কিন্তু তাঁহাদের মণ্ডলীর ব্যবস্থা মূলক অতি প্রাচীন এক কার্য্য বিধান আছে, তাহা এই পাণ্ডুলিপির নির্দ্ধারিত কার্য্যবিধানের সঙ্গে বহুতর অংশে মিলিলেও সর্ব্বাংশে তত্তুল্য নয়, এবং তাঁহাদের মণ্ডলী সম্পার্কীয় উপরিস্থ কার্য্যকারকেরা যে কার্য্যের আদেশ করিয়াছেন তাহা পরিত্যাগ করিয়া সাংসারিক কার্য্যকারকদের ব্যবস্থা পালন করা তাঁহাদের বিবেক ও কর্ত্তব্য কার্য্যের বিপক্ষ হয়। তাঁহাদের তদ্রূপ কার্য্যবিধান থাকা আমরা হৃদ্বোধমতে জানিয়াছি, এবং আয়র্লণ্ডে ও অন্যান্য উপনিবেশে বিবাহ ও প্রত্যাখ্যান বিষয়ে রোমান কাথলিকেরদের যে বিধি প্রচলিত আছে তাহাতে ব্রিটনীয় গবর্ণমেণ্ট কখন হস্তক্ষেপ করেন নাই এই বিষয়ের গুরুত্ব বিবেচনায় আমরা নূতন ধারা প্রণয়ন করিয়াছি। তাহার এই ফল, ১৮৬৪ সালের ২৫ আইন ও ১৮৬৫ সালের ৫ আইন প্রচলিত না হইলে রোমানকাথলিক পাদরিদের ও তদীয় ধর্ম্মাবলম্বিদের যে অবস্থা হইত উক্ত ধারাক্রমে তাঁহাদের সেই অবস্থা হইবে।

৮। আমরা এই পর্য্যন্ত যে সকল পত্রাদির উল্লেখ করিয়াছি তাহা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বি ব্যক্তিদের স্থানে কি মণ্ডলীগণ হইতে প্রাপ্ত পত্র। কিন্তু স্বজাতীয় ধর্ম্মি যে ব্যক্তিদের বিবাহবন্ধন বিলুপ্ত করণের প্রস্তাব হইয়াছে, তাঁহাদের পক্ষীয় ব্যক্তিরা সেই বিষয়ের যাহা বিবেচনা করেন, তৎসম্পর্কীয় তর্কমূলক অনেক পত্রও প্রাপ্ত হইয়াছি।

৯। মহম্মদীয়েরা সেই আইনহইতে সম্পূর্ণরূপে মুক্ত হইবার দাওয়া করেন। বঙ্গদেশীয় মহম্মদীয়েরা অত্যন্ত ধৈর্য্যভাবে এই মর্ম্মের পত্র লিখিয়াছেন, বিবাহ ও প্রত্যাখ্যানসম্পর্কীয় আমাদের সাংসারিক ব্যবস্থা ধর্ম্ম ব্যবস্থার তুল্য। অর্থাৎ পতি কি পত্নী মহম্মদীয় ধর্ম্ম ত্যাগ করিলে তাহাদের বিবাহ সম্পূর্ণরূপে ব্যর্থ, এমন কি যে বিশেষ ক্রিয়া না করিলে সেই দুই ব্যক্তির পুনশ্চ বিবাহও হইতে পারে না। ঐ প্রস্তাবের সপক্ষে তাহারা ধর্ম্মসম্পর্কীয় অনেক গ্রন্থের কথা উল্লেখ করিয়াছেন, এবং প্রার্থনাপত্রে যে অভিপ্রায় প্রকাশ হইয়াছে তাহা যদি যথার্থ হয়, তবে সেই পুরুষ ও স্ত্রী পতিপত্নী নহেন। না হওয়াতে এই পাণ্ডুলিপির প্রস্তাবানুসারে তাঁহাদের গোপনে সন্দর্শন হইলে যে কুফল সম্ভাবনা তাহা ঐ প্রার্থনাপত্রের অধিকাংশে লিখিত হইয়াছে। তাঁহারা ব্যবস্থাসম্পর্কীয় যে যুক্তি ধরিয়াছেন তাহা যদি সত্য হয়, তবে তা-

the manner directed by the Bill. As the force of the argument depends wholly on the soundness of the legal position taken up, we have attentively considered the authorities cited, and have had them critically examined by our Hon'ble colleague, Mr. Muir, whose competency to deal with a question of the kind will not be disputed. We have convinced ourselves accordingly that the view taken by the Mahometan petitioners is correct, and we find that the law is similarly laid down in English text-books of Mahometan jurisprudence written before the Bill was contemplated. Inasmuch, however, as the authorities cited are from writers held in respect, more particularly by the Sunni section of Mahometans, we thought proper to communicate on the subject, through the Chief Commissioner of Oudh, with the Mujtahid, the religious head of the Shiah Mahometan community. The law laid down by him corresponds exactly with the allegations of the Petitioners. Under these circumstances, it is not only undesirable, but impossible, to include Mahometans in the Bill. The re-marriage of a convert to Christianity from Mahometanism is not forbidden by any existing law. Nor is the celebration of such marriage an illegal act.

X. Some attempt has been made to show that the conversion of a married person from Hinduism to another religion entails a divorce by force of law. We are not, however, satisfied with the arguments by which this view is supported, and, moreover, it is only maintained in the case, comparatively rare in practice, where the wife is a convert, while the husband remains a Hindu. We have, therefore, retained the procedure of the Bill in its application to Hinduism and other Native religions of India. At the same time, we believe that most, if not all, of the objections advanced by Hindus to the measure may be met by provisions which are not at variance with its spirit. In our endeavours so to neutralize these objections, we have been much aided by papers circulated by our Hon'ble colleagues, the Maharaja of Vizianagram and the Maharája of Burdwan, and also by a petition from the British Indian Association of Bengal.

11. We have provided, in the amended Bill that wherever the respondent is a female who, under the Code of Civil Procedure, would be excused from personal appearance in Court, she shall be exclusively interrogated by Commissioners. We have given a similar privilege to all female respondents whom, whether they be entitled to exemption from appearance under the Code or not, the Judge in his discretion may think fit to relieve from the necessity of personal attendance. We have further adopted a suggestion made both by

হাদের তর্ক বলিষ্ঠ, এই বিবেচনায় আমরা তাহাদের উল্লিখিত গ্রন্থকারের কথা মনোযোগপূর্ব্বক বিবেচনা করিয়াছি, ও মান্যবর সহযোগি মূ্যর সাহেবের দ্বারা ঐ কথার দোষগুণ পরীক্ষা করাইয়াছি। তদ্রূপ কথার বিবেচনা করিতে মূ্যর সাহেব সক্ষম কাহার মনে ইহার সন্দেহ হইতে পারে না। অতএব মহম্মদীয় প্রার্থকেরা যাহা লিখিয়াছেন তাহা যথার্থ জানিতে পাইয়াছি। এবং এই পাণ্ডুলিপি প্রকাশ করণের কল্পনামাত্র না থাকিতেই, ইঙ্গলণ্ডীয় গ্রন্থকারেরদের সংগৃহীত মহম্মদীয় ব্যবস্থাসম্পর্কীয় নিদর্শন পুস্তকে তত্তুল্য বিধি লিখিত হইয়াছে দেখিলাম। পরন্তু যে গ্রন্থকারেরদের বাক্য উল্লেখ হইয়াছে তাঁহারা প্রায় সুন্নি জাতীয়। এই হেতুক আমরা অযোধ্যার প্রধান কমিস্যনর সাহেবের দ্বারা শিয়ারদের মুজতাহিদের অর্থাৎ প্রধান আচার্য্যের নিকটে তদ্বিষয়ের পত্র প্রেরণ করাইলাম। তিনিও যে ব্যবস্থা লিখিয়াছেন, তাহা সম্যক্‌প্রকারে প্রার্থকেরদের কথানুযায়ি। এই অবস্থায় এই পাণ্ডুলিপির কথা মহম্মদীয়েরদের প্রতি বর্ত্তান ইষ্ট নয়, বরং অসাধ্য। কোন ব্যক্তি মহম্মদীয় ধর্ম্ম ত্যাগ করিয়া খ্রীষ্টীয় ধর্ম্ম গ্রহণ করিলে তাঁহার সেই ধর্ম্মে পুনশ্চ বিবাহ করা বর্ত্তমান কোন আইনেতে নিষিদ্ধ নাই। ও তদ্রূপ বিবাহ সাধন অব্যবস্থা নয়।

১০। বিবাহিত ব্যক্তি হিন্দু ধর্ম্মের পরিবর্ত্তে অন্য ধর্ম্ম গ্রহণ করিলে, ব্যবস্থাবলে অবশ্য তাঁহারদের বিবাহের নিরাকরণ হয় এই কথা প্রকাশ করিবার উদ্যোগ হইয়াছে। কিন্তু সেই কথা যে তর্কক্রমে প্রতিপোষিত হয় তাহা আমরা তৃপ্তিকর জ্ঞান করি না। এবং যেস্থলে পতি হিন্দু ধর্ম্মি ও পত্নী অন্য ধর্ম্মাবলম্বনী কেবল সেই স্থলে উক্ত কথা বর্ত্তিবার উক্তি হইয়াছে, ফলতঃ পতি হিন্দুধর্ম্মী হইয়া পত্নী সেই ধর্ম্ম ত্যাগিনী হন এমত ব্যাপার প্রায়ই হয় না। অতএব হিন্দু ও ভারতবর্ষীয় অন্য২ ধর্ম্মের প্রতি এই পাণ্ডুলিপির বিধান বর্ত্তায়মান রাখিয়াছি। অপিচ হিন্দুরা এই আইনের বিধানে যে সকল আপত্তি করেন হিন্দু ধর্ম্মের অপ্রতিপন্ন বিধানদ্বারা সেই সমস্ত কি প্রায় সমস্ত আপত্তি খণ্ডন হইতে পারে। ঐ আপত্তি ভঞ্জন করিবার উদ্যোগেতে আমাদের মান্যবর সহযোগি বিজয়নিগ্রামের মহারাজার ও বর্দ্ধমানের মহারাজার প্রচারিত পত্র এবং বঙ্গদেশের ব্রিটিশ ইণ্ডিয়ান আসোসিয়েশনের প্রার্থনাপত্রদ্বারা অনেক সাহায্য পাইয়াছি।

১১। সংশোধিত পাণ্ডুলিপিতে এই বিধান হইয়াছে। যদি স্ত্রী প্রত্যর্থিনী হন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনদ্বারা আদালতে তাঁহার স্বয়ং প্রবেশনহইতে মুক্তি হয়, তবে তাঁহার নিকটে কেবল দূতদিগের দ্বারা জিজ্ঞাসা হইবে। অন্য প্রত্যর্থিনীরা আইনমতে আদালতে প্রবেশনহইতে মুক্তা হউন কি না হউন, যদি বিচারকর্ত্তা স্বয়ং উপস্থিত হওয়ার আবশ্যকতা হইতে তাঁহাকে মুক্ত করা উচিত বোধ করেন, তবে সেই প্রত্যর্থিনীরদের পক্ষে সেই অনুগ্রহ প্রকাশ করণের বিধান হইয়াছে। আরো আমরা বিজয়নিগ্রামের মহারাজার ও বর্দ্ধমানের মহারা-

the Maharaja of Vizianagram and by the Maharaja of Burdwan, and have permitted the Judge to compose the Commission either wholly of females or of males and females together. The Judge is also empowered to depute to delegates, who may be females, the discretion which is vested in him with respect to interviews between the convert and the unconverted partner.

12. The only Section of the Bill as originally drafted, which related to the custody of children, was one which provided, that children in the sole custody of the father should be give up to the mother until they attained the age of three. We find that objections have been made to this Section from opposite points of view. After weighing these objections we are disposed to accede to the opinion expressed by our late colleague, Mr. Harington, and to admit that the Legislature would do wisely to abstain from regulating the guardianship or custody of children born before the conversion of the father or mother. We propose, therefore, to omit the Section. The effect will be to leave the general law of India to decide all questions of guardianship, and of the right to custody of the persons of the children.

13. We recommend, that the Bill as amended by us be passed; but that it be published for at least three weeks previously in the *Gazette of India*, together with our present Report.

JOHN LAWRENCE.
C. BEADON.
H. S. MAINE.
G. N. TAYLOR.
W. MUIR.
S. ST. J. GORDON.

The 15th January 1866.

APPENDIX.

From Secretary to Government of Bombay, dated 23rd December 1852.

From Reverend John Wilson, D. D., dated 17th January 1852.

From Secretary to Government of Bengal, dated 3rd August 1853.

From Reverend J. Parry, Marriage Registrar, Jessore, dated 17th November 1852.

From Under-Secretary to Government of Bengal, dated 25th November 1852.

From Solicitor to the East India Company, dated 10th December 1852.

From Under-Secretary to Government of Bengal, dated 16th December 1852.

From Marriage-Registrar, Jessore, dated 14th July 1853.

তার প্রস্তাবে সম্মত হইয়া বিচারকর্ত্তাকে এই অনুমতি দিয়াছি যে তিনি কেবল স্ত্রীদিগকে কিম্বা স্ত্রী ও পুরুষ উভয়কে দূতস্বরূপে প্রেরণ করেন। এবং বিধর্ম্মাবলম্বি ও স্বধর্ম্মিণীর গোপনে সন্দর্শন করিবার অনুমতি দিতে বিচারকর্ত্তার বিবেচনাধীন যে ক্ষমতা আছে দূতদের প্রতি তাঁহার সেই ক্ষমতা অর্পণ করণের শক্তি প্রদান হইয়াছে। স্ত্রীরাও দূত হইতে পারে।

১২। আদৌ এই আইনের যে পাণ্ডুলিপি হয় তাহাতে সন্তান রক্ষণের বিষয়ি একি ধারায় এই বিধান হইয়াছিল, যথা সন্তান কেবল পিতার সংরক্ষণে থাকিলে, যাবৎ তিন বৎসর বয়স প্রাপ্ত না হয় তাবৎ মাতার রক্ষণে অর্পিত হইবে। এই ধারার বিরুদ্ধ ভিন্নং মূলজন্য আপত্তি হইয়াছে। ঐ আপত্তি সকল বিবেচনা করিয়া আমরা ভূতপূর্ব্ব সহযোগি হারিংটন সাহেবের প্রকাশিত মতে সম্মত হওনেচ্ছু হইয়া বোধ করি যে, পিতার কি মাতার স্বধর্ম্মত্যাগ করণের পূর্ব্বে যে শিশুদিগের জন্ম হয় তাহাদের রক্ষণাবেক্ষণের কোন বিধান না করা শ্রেয়। অতএব উক্ত ধারা ত্যাগ করতে চাহি। তাহাতে ফল এই হইবে, শিশুর রক্ষণাবেক্ষণের কথা ও তাহাদের রক্ষা করণের স্বত্ব কাহার প্রতি বর্ত্তে এই কথা ভারতবর্ষের সাধারণ আইনমতে অবধারিত হইবে।

১৩। আমাদের সংশোধিত এই পাণ্ডুলিপি আইনবদ্ধ হইয়া প্রচলিত হউক। কিন্তু তৎপূর্ব্বে অন্যূন তিন সপ্তাহ পর্য্যন্ত ইণ্ডিয়া গেজেটে এই রিপোর্ট সহিত প্রকাশ হউক আমাদের এই পরামর্শ।

জান লারেন্স।
সি বীডন।
এচ এস মেন।
জি এন টেলর।
ডবলিউ মূর।
এস সেণ্টজে গর্ডন।

১৮৬৬ সাল ১৫ জানুআরি।

ক্রোড়পত্র।

বোম্বাই গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫২ সালের ২৩ ডিসেম্বর তারিখের পত্র।

পাদরী শ্রীযুত জান উইলসন ডি ডি সাহেবের ১৮৫২ সালের ১৭ জানুআরি তারিখের পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫৩ সালের ৩ আগষ্ট তারিখের পত্র।

যশোহরের বিবাহের রেজিষ্ট্রার পাদরী শ্রীযুত জে পারি সাহেবের ১৮৫২ সালের ১৭ নবেম্বর তারিখের পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের ১৮৫২ সালের ২৫ নবেম্বর তারিখের পত্র।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বাহাদুরের উকীলের ১৮৫২ সালের ১০ ডিসেম্বর তারিখের পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৫২ সালের ১৬ ডিসেম্বর তারিখের পত্র।

যশোহরের বিবাহের রেজিষ্ট্রার সাহেবের ১৮৫৩ সালের ১৪ জুলাই তারিখের পত্র।

English	Bengali
Minute by the Most Noble the Governor-General, dated 12th August 1853.	মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের ১৮৫৩ সালের ১২ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Honourable Mr. Lowis, dated 16th August 1853.	মান্যবর শ্রীযুক্ত লোইস সাহেবের ১৮৫৩ সালের ১৬ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Honourable Mr. Dorin, dated 17th August 1853.	মান্যবর শ্রীযুক্ত ডরিন্ সাহেবের ১৮৫৩ সালের ১৭ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Honourable Mr. Peacock, dated 18th August 1853.	মান্যবর শ্রীযুক্ত পীকক্ সাহেবের ১৮৫৩ সালের ১৮ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Most Noble the Governor-General, dated 26th August 1853.	মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের ১৮৫৩ সালের ২৬ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Honourable Mr. Lowis, dated 27th August 1853.	মান্যবর শ্রীযুক্ত লোইস সাহেবের ১৮৫৩ সালের ২৭ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Honourable Mr. Dorin, dated 29th August 1853.	মান্যবর শ্রীযুক্ত ডরিন্ সাহেবের ১৮৫৩ সালের ২৯ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Hon'ble Mr. Peacock.	মান্যবর শ্রীযুক্ত পীকক্ সাহেবের সংক্ষেপ লিপি।
From Officiating Secretary to Government of India, Home Department, dated 30th September 1853.	দেশীয় ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের শ্রীযুক্ত একটিং সেক্রেটারী সাহেবের ১৮৫৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের পত্র।
From ditto ditto, dated 30th September 1853.	ঐ ঐ ১৮৫৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের পত্র।
From the Government of India, to the Hon'ble the Court of Directors, dated 30th September 1853.	মান্যবর কোর্ট ডাইরেক্টর্স সাহেবদের নিকটে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৫৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের পত্র।
From Under-Secretary to Government of Bengal, dated 3rd November 1853.	বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৫৩ সালের ৩ নবেম্বর তারিখের পত্র।
From Secretary to Government of India, Home Department, dated 18th November 1853.	দেশীয় ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের ১৮৫৩ সালের ১৮ নবেম্বর তারিখের পত্র।
From the Honourable the Court of Directors, dated 7th December 1853.	মান্যবর কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবদের ১৮৫৩ সালের ৭ ডিসেম্বর তারিখের পত্র।
Draft Bill by the Honourable Mr. Peacock.	মান্যবর শ্রীযুক্ত পীকক্ সাহেবের প্রণীত আইনের পাণ্ডুলিপি।
From Reverends W. Knight and H. Straith, dated 26th July 1860.	পাদরী শ্রীযুক্ত ডবলিউ নাইট ও এচ স্ট্রেথ সাহেবের ১৮৬০ সালের ২৬ জুলাই তারিখের পত্র।
From Secretary to Calcutta Missionary Conference, dated 10th October 1863.	কলিকাতার মিশনরী সভায় শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৬৩ সালের ১০ অকুটোবর তারিখের পত্র।
From Secretary to Government of Bengal, dated 9th August 1864.	বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৪ সালের ৯ আগষ্ট তারিখের পত্র।
From Secretary to Calcutta Missionary Conference, dated 29th July 1864.	কলিকাতার মিশনরী সভার সেক্রেটারী সাহেবের ১৮৬৪ সালের ২৯ জুলাই তারিখের পত্র।
From Secretary to Government of India, Home Department, dated 29th August 1864.	দেশীয় ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৪ সালের ২৯ আগষ্ট তারিখের পত্র।
From Reverend J. Mullens, D. D., to the Hon'ble H. S. Maine, dated 9th November 1864.	মান্যবর শ্রীযুত এচ এস মেন সাহেবের নিকটে পাদরী শ্রীযুত ডাক্তর জে মলেন্স সাহেবের ১৮৬৪ সালের ৯ নবেম্বর তারিখের পত্র।
From Orissa Missionary Conference, to the Hon'ble H. S. Maine, dated 14th December 1864.	মান্যবর শ্রীযুত এচ এস্ মেন সাহেবের নিকটে উড়িষ্যার মিশনরী সভার ১৮৬৪ সালের ১৪ ডিসেম্বর তারিখের পত্র।
Petition of the Clergyman of the Church of England, resident in Calcutta and its neighbourhood.	কলিকাতার ও তন্নিকটবাসি ইংলণ্ডীয় ধর্ম্মালয়ের পুরোহিতের আবেদন পত্র।
Remarks and suggestions by the Hon'ble the Maharaja of Burdwan, dated 18th January 1865.	মান্যবর শ্রীযুত বর্দ্ধমানের মহারাজার ১৮৬৫ সালের ১৮ জানুআরি তারিখের মন্তব্য ও পরামর্শ।
Memorial of the Bombay Association.	বোম্বাই সভার আবেদন পত্র।
Remarks and suggestions by the Hon'ble the Maharaja of Vizianagram, dated 23rd March 1865.	মান্যবর শ্রীযুত বিজয়নিগ্রামের মহারাজার ১৮৬৫ সালের ২৩ মার্চ তারিখের মন্তব্য ও পরামর্শ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩০ জানুআরি।]

Petition of Certain Protestant Missionaries and Ministers, residents in and near Calcutta, dated 7th March 1865.

Petition of the Reverend Angus McKenna, Missionary of the Baptist Society, dated 18th January 1865.

From Reverend E. Edwards, Monghyr, dated 8th May 1865.

Petition of the Members of the Benares District Committee of the London Missionary Society.

From Dr. Mullens, Secretary, Missionary Conference, Calcutta, dated 12th July 1865.

From Reverend H. Heinig, Benares, dated 13th March 1864.

From Reverend J. Buckley, Orissa Mission, Cuttack, dated 21st April 1865.

From Reverend E. Parker, Moradabad, dated 5th May 1865.

From Reverend A. Rudolph, Loodianah, dated 17th April 1865.

From Reverend A. Miller, Balasore, dated 13th March 1865.

From Reverend W. Tracy, and the American Mission, Madura, dated 29th May 1865.

From Reverend J. W. Gordon, Vizagapatam, dated 10th May 1865.

From Reverend S. C. Dean, Sattara, dated 11th April 1865.

From Reverend F. Kremmer and the Leipsig Mission, Madras, dated 11th May 1865.

From Reverend J. M. Haswell, Moulmein, dated 24th May 1865.

From Reverend E. A. Stevens, and the American Mission, Rangoon, dated 10th May 1865.

Returns of cases illustrating the "Re-marriage of Converts' Act."

Remarks by Dr. Mullens.

From Bishop and Vicar-Apostolic, Madras, No. 95, dated 6th July 1865.

Petition of Protestant Missionaries and Ministers, residents in and near Madras.

From Right Reverend the Lord Bishop of Calcutta, dated 15th August 1865.

Reverend K. M. Banerjea's reasons for signing the clerical petition against the Re-marriage of Converts' Bill.

Statistics of the Bhowanipore Church, London Missionary Society.

Statistics of the Free Church Mission in Bengal.

[*Government Gazette*, 30*th January* 1866.]

কলিকাতা ও তন্নিকটবাসি কএক জন প্রটেষ্টাণ্ট মিশনরী ও ধর্ম্মোপদেশকের ১৮৬৫ সালের ৭ মার্চ তারিখের আবেদন পত্র।

বাপ্টিষ্ট মিশনরী সোসাইটীর পাদরী শ্রীযুত আঙ্গস্ মাকেন্না সাহেবের ১৮৬৫ সালের ১৮ জানুআরি তারিখের আবেদনপত্র।

মুঙ্গেরের পাদরী শ্রীযুত ই এডওয়ার্ড সাহেবের ১৮৬৫ সালের ৮ মে তারিখের পত্র।

লণ্ডন মিশনরী সোসাইটীর বানারস প্রদেশের সভার সভ্যগণের আবেদনপত্র।

কলিকাতার মিশনরী সভার সেক্রেটারী ডাক্তর শ্রীযুত মলেন্স সাহেবের ১৮৬৫ সালের ১২ জুলাই তারিখের পত্র।

বানারসের পাদরী শ্রীযুত এচ হাইনিগ্ সাহেবের ১৮৬৪ সালের ১৩ মার্চ তারিখের পত্র।

কটকের উড়িষ্যা মিশনের পাদরী শ্রীযুত জে বক্লি সাহেবের ১৮৬৫ সালের ২১ আপ্রিল তারিখের পত্র।

মোরাদাবাদের পাদরী শ্রীযুত ই পার্কর সাহেবের ১৮৬৫ সালের ৫ মে তারিখে পত্র।

লুধিয়ানার পাদরী শ্রীযুত এ রুডল্ফ সাহেবের ১৮৬৫ সালের ১৭ আপ্রিল তারিখের পত্র।

বালেশ্বরের পাদরী শ্রীযুত এ মিলর সাহেবের ১৮৬৫ সালের ১৩ মার্চ তারিখের পত্র।

মাধুরার পাদরী শ্রীযুত ডবলিউ ট্রাসি সাহেবের ও আমেরিকান মিশনের ১৮৬৫ সালের ২৯ মে তারিখের পত্র।

বিজগাপাটামের পাদরী শ্রীযুত জে ডবলিউ গর্ডন সাহেবের ১৮৬৫ সালের ১০ মে তারিখের পত্র।

সাতরার পাদরী শ্রীযুত এস সি ডিন্ সাহেবের ১৮৬৫ সালের ১১ আপ্রিল তারিখের পত্র।

মান্দ্রাজের পাদরী শ্রীযুত এফ ক্রেম্মর সাহেবের এবং লিপসিগ মিশনের ১৮৬৫ সালের ১১ মে তারিখের পত্র।

মৌলমেনের পাদরী শ্রীযুত জে এম হাসওএল সাহেবের ১৮৬৫ সালের ২৪ মে তারিখের পত্র।

রাঙ্গুনের পাদরী শ্রীযুত ই এ ষ্টিবন্স সাহেবের ও আমেরিকান্ মিশনের ১৮৬৫ সালের ১০ মে তারিখের পত্র।

খ্রীষ্টীয়ধর্ম্মাবলম্বিদের পুনশ্চ বিবাহ বিধায়ক আইনের উদাহরণাবলির পত্র।

ডাক্তর শ্রীযুত মলেন্স সাহেবের মন্তব্য।

মান্দ্রাজের শ্রীযুত বিশপ সাহেবের ও বিকর আপস্টলিকের ১৮৬৫ সালের ৬ জুলাই তারিখের ৯৫ নম্বরের পত্র।

মান্দ্রাজ ও তন্নিকটবাসি প্রটেষ্টেন্ট মিশনরী সাহেবদের ও ধর্ম্মোপদেশকদের আবেদন পত্র।

মান্যবর পাদরী কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেবের ১৮৬৫ সালের ১৫ আগষ্ট তারিখের পত্র।

পুরোহিতেরা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বিদের পুনশ্চ বিবাহ বিধায়ক আইনের বিরুদ্ধে যে আবেদনপত্র লিখিয়াছিলেন তাহাতে পাদরী শ্রীযুত কৃষ্ণমোহন বান্দ্যোপাধ্যায়ের স্বাক্ষর করণের হেতু জ্ঞাপক পত্র।

লণ্ডন মিশনরি সোসাইটি সম্পর্কীয় ভবানীপুরস্থ মণ্ডলীর স্থিতি রীতি প্রকরণ।

বঙ্গদেশস্থ ফ্রি চর্চ মিশনের স্থিতি রীতি প্রকরণ।

Statistics of the S. P. G. and other Missions in Tallygunge, Howrah, and Calcutta.

From Reverend R. R. Winter, M. A., S. P. G. Missionary, Delhi, dated 11th April 1865.

From Reverend Tarachand, Missionary, Delhi, dated 5th May 1865.

From Reverend H. Stern, Missionary, Gorruckpore, dated 28th February 1865.

From some of the Church Missionaries at Benares, dated 22nd June 1865.

From Reverend A. R. Symonds, Madras, dated 9th March 1865.

Extract from Minutes of the Tinnevelly Missionary Conference held at Elanjunie, dated 5th April 1865.

From Reverend W. T. Sattbianadhan, Madras, dated 25th March 1865.

From Reverend S. Slater, Simla, dated 1st March 1865.

The Lord Bishop's pastoral letter to the Clergy of the Diocese of Calcutta, dated 25th February 1865.

From the Ven'ble the Archdeacon, Calcutta, dated 23rd September 1865.

Memorial of the Clergy of the Diocese of Calcutta.

Appendix to Memorial (Statement of separation, reconciliation, &c.)

Notes on the above Statement.

Petition of American Missionaries residing in the Bombay Presidency, dated 26th August 1865.

Petition of the Protestant Missionaries of the United Presbyterian Church of Scotland, Rajpootana.

Extract from the *Calcutta Christian Intelligencer* for September 1865.

Memorandum of the Tinnevelly Local Committee of the Society for the Propagation of the Gospel, dated 21st August 1865.

From the Right Reverend the Lord Bishop of Bombay, dated 6th November 1865.

Memorial from the Clergy of the Church of England, resident in Bombay.

Memorial from the Right Reverend Dr. A. Hartmann, Bishop, Vicar-Apostolic of Patna, dated 23rd November 1865.

Petition from Joseph Owen, Moderator, on behalf of the Synod of Northern India, Umballa, dated 20th November 1865.

From the Right Reverend the Lord Bishop of Madras, dated 18th November 1865.

Resolution of a Meeting of the S. P. G. Missionaries in Tanjore Division.

Extract from Minutes of Conference of the C. M. S. Missionaries, Tinnevelly, dated 5th April 1865.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ৩০ জানুআরি ।]

টালিগঞ্জে ও হাবড়াতে ও কলিকাতায় এস পি জি ও অন্যান্য মিশনের স্থিতি রীতি প্রকরণ।

দিল্লীতে এস পি জি মিশনরি পাদরী শ্রীযুক্ত আর আর উইন্টর এম, এ, সাহেবের ১৮৬৫ সালের ১১ আপ্রিল তারিখের পত্র।

দিল্লীতে ধর্ম্ম প্রচারক শ্রীযুক্ত তারাচাঁদ পাদরীর ১৮৬৫ সালের ৫ মে তারিখের পত্র।

গোরক্ষপুরস্থ ধর্ম্ম প্রচারক পাদরী শ্রীযুক্ত এচ ষ্টরণ সাহেবের ১৮৬৫ সালের ২৮ ফেব্রুআরি তারিখের পত্র।

বানারসের চর্চ মিশনরিদের কএক জনের ১৮৬৫ সালের ২২ জুন তারিখের পত্র।

মান্দ্রাজের পাদরী শ্রীযুক্ত এ আর সাইমণ্ডস্ সাহেবের ১৮৬৫ সালের ৯ মার্চ তারিখের পত্র।

ইলাঞ্জুনীতে ১৮৬৫ সালের ৫ আপ্রিল তারিখের তিন্নেবেলীর ধর্ম্ম প্রচারকদের সভার সংক্ষেপ লিপির উদ্ধৃত কথা।

মান্দ্রাজের পাদরী শ্রীযুত ডবলিউ টি সত্তবাদিধানের ১৮৬৫ সালের ২৫ মার্চ তারিখের পত্র।

সিমলার পাদরী শ্রীযুত এস স্লেটর সাহেবের ১৮৬৫ সালের ১ মার্চ তারিখের পত্র।

কলিকাতা ডাইওসীসের ধর্ম্মোপদেশকের নিকটে শ্রীযু লর্ড বিশপ সাহেবের পৌরহিত্য কর্ম্ম ঘটিত ১৮৬৫ সালের ২৫ ফেব্রুআরি তারিখের পত্র।

কলিকাতার মান্যবর শ্রীযুত আর্চ ডিকনের ১৮৬৫ সালের ২৩ সেপ্টেম্বর তারিখের পত্র।

কলিকাতা ডাইওসীসের ধর্ম্মোপদেশকের আবেদন পত্র।

(বিচ্ছেদ মিলনইত্যাদির কৈফিয়তের) স্মারক লিপির ক্রোড়পত্র।

উপরোক্ত কৈফিয়তের টিপ্পনী।

বোম্বাই প্রেসিডেন্সীর অধিবাসি আমেরিকান মিশনরীর ১৮৬৫ সালের ২৬ আগষ্ট তারিখের আবেদন পত্র।

রাজপুতানায় স্কটলণ্ডীয় ইউনাইটেড প্রেসবিটিরিয়ান্ চর্চের মিশনরিদের আবেদন পত্র।

১৮৬৫ সালের সেপ্টেম্বর মাসের কলিকাতার খ্রীষ্টীয়ান ইন্টেলিজেন্সর হইতে উদ্ধৃত কথা।

সুসমাচার প্রচারার্থ সভার তিন্নেবেলি কমিটীর ১৮৬৫ সালের ২১ আগষ্ট তারিখের স্মারক লিপি।

বোম্বাইয়ের মহিমবর শ্রীযুত লার্ড বিশপ সাহেবের ১৮৬৫ সালের ৬ নবেম্বর তারিখের পত্র।

বোম্বাই বাসি ইঙ্গলণ্ডীয় চর্চের পুরোহিতের আবেদন পত্র।

পাটনার বিশপ বিকার আপষ্টলিক মান্যবর পাদরী ডাক্তর শ্রীযুত এ হার্টমান সাহেবের ১৮৬৫ সালের ২৩ নবেম্বর তারিখের আবেদন পত্র।

উত্তর ভারতবর্ষীয় ধর্ম্মসভার সভার পক্ষে অম্বালাস্থ সভাপতি শ্রীযুত যুশফ ওয়েন সাহেবের ১৮৬৫ সালের ২০ নবেম্বর তারিখের প্রার্থনাপত্র।

মান্দ্রাজের মহিমবর শ্রীযুত লার্ড বিশপ সাহেবের ১৮৬৫ সালের ১৮ নবেম্বর তারিখের পত্র।

তাঞ্জোর খণ্ডের এস পি জি, মিশনরীদের সভার নির্দ্ধারণ।

তিন্নেবেলির সি, এম, এস, মিশনরী সভার ১৮৬৫ সালের ৫ আপ্রিল তারিখের সংক্ষেপ লিপির উদ্ধৃত কথা।

Extract from Minutes of the Quarterly Meeting of the Masulipatam Church Missionary Conference, dated——August 1865.

From Reverend Dr. Murphy, Chaplain, Registrar of the Diocese of Madras, dated 10th May 1865.

From Reverend R. Collins, Principal of the C. M. S. College at Cottayam, Travancore.

From Reverend C. E. Kennet, S. P. G. Missionary, Tinnevelly, dated 24th March 1865.

From Reverend C. S. Kohlhoff, S. P. G. Missionary, Tanjore Division, dated 25th September 1865.

From Reverend H. Baker, C. M. S. Missionary, Travancore, dated 30th September 1865.

From Missionaries of the Basel German Mission.

One groaning under the Marriage Act of 1864, dated 23rd November 1865.

Memorial of the Catholic Bishops of Southern India.

From Reverend F. Schurr, dated 9th November 1865.

Petition of certain Native Christian subjects in Bengal.

Remarks on the pamphlet containing the memorial of the Clergy of the diocese of Calcutta, and the Reverend K. M. Banerjea's introductory remarks.

Memorial of the Native Hindu community of the North-Western Provinces and Punjab, dated 29th November 1865.

Memorial of the British Indian Association, dated 7th December 1865.

From Maharaja of Benares, dated 31st January 1865.

Petition of Free Presbytery of Bombay, dated ——December 1865.

Petition of the Mahomedan inhabitants of the town and suburbs of Calcutta.

Petition of the Presbyterial Body of the Church of Scotland in Bombay.

From Moonshee Ameer Ali, dated 20th December 1865.

Petition of Native Christians residing in Ahmednuggur, Bombay, dated 13th December 1865.

Opinion of Mujtahid or Chief Authority of the Shiahs, Lucknow.

Petition of certain Hindus.

Memorial of certain Native Christians.

মছলিপাটাম চর্চ্চ-মিশনরী সভার ১৮৬৫ সালের — আগষ্ট তারিখের ত্রৈমাসিক সভার সংক্ষেপ লিপির উদ্ধৃত কথা।

মান্দ্রাজ ডাইওসীসের পুরোহিত, ও রেজিষ্ট্রার পাদরী ডাক্তর শ্রীযুত মর্ফি সাহেবের ১৮৬৫ সালের ১০ মে তারিখের পত্র।

ত্রিবাঙ্কুরের অন্তর্গত কটায়ামের সি, এম, এস, কালেজের অধ্যক্ষ পাদরী শ্রীযুত আর কলিন্স সাহেবের পত্র।

তিন্নেবেলির এস পি জি মিশনরী শ্রীযুত সি ই কেনেট সাহেবের ১৮৬৫ সালের ২৪ মার্চ তারিখের পত্র।

তানজোর খণ্ডের এস, পি, জি, মিশনরী শ্রীযুত সি, এস, কোলহফ সাহেবের ১৮৬৫ সালের ২৫ সেপ্টেম্বর তারিখের পত্র।

ত্রিবাঙ্কোরের সি এম এস মিশনরী শ্রীযুত এচ বেকর সাহেবের ১৮৬৫ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের পত্র।

বাসেল জার্ম্মন মিশনের ধর্ম্ম প্রচারকদের পত্র।

১৮৬৪ সালের বিবাহের আইন বিষয়ে আক্ষেপকারি কোন ব্যক্তির ১৮৬৫ সালের ২৩ নবেম্বর তারিখের পত্র।

দক্ষিণ ভারতবর্ষের কাথলিক বিশপ সাহেবদের আবেদনপত্র।

পাদরী শ্রীযুত এফ শূর সাহেবের ১৮৬৫ সালের ৯ নবেম্বর তারিখের পত্র।

বঙ্গদেশীয় কএক জন খ্রীষ্টীয়ান প্রজার আবেদনপত্র।

কলিকাতার ডাইওসীসের ধর্ম্মোপদেশকের আবেদন লিখিত ক্ষুদ্র পুস্তকের উপর মন্তব্য এবং পাদরী শ্রীযুত কে এম বন্দ্যোপাধ্যায়ের প্রথম স্থলীয় মন্তব্য।

উত্তর পশ্চিমদেশের ও পঞ্জাবের দেশীয় হিন্দু সমাজের ১৮৬৫ সালের ২৯ নবেম্বর তারিখের আবেদনপত্র।

ব্রিটনীয় ভারতবর্ষীয় সভার ১৮৬৫ সালের ৭ ডিসেম্বর তারিখের পত্র।

বারাণসের শ্রীযুত মহারাজার ১৮৬৫ সালের ৩১ জানুআরি তারিখের পত্র।

বোম্বাইয়ের ফ্রি প্রেসবিটেরির ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের আবেদনপত্র।

কলিকাতা নগর ও শাখানগর নিবাসি মহম্মদীয় লোকদের আবেদনপত্র।

বোম্বাইস্থ স্কটলণ্ডীয় ধর্ম্মালয়ের প্রেসবিটেরির আবেদনপত্র।

শ্রীযুত মুনশী আমীর আলীর ১৮৬৫ সালের ২০ ডিসেম্বর তারিখের পত্র।

বোম্বাইয়ের অন্তর্গত আহম্মদনগর নিবাসি দেশীয় খ্রীষ্টীয়ানদের ১৮৬৫ সালের ১৩ ডিসেম্বর তারিখের পত্র।

লক্ষ্মণৌর মতবাদিদের অর্থাৎ শিয়াদের প্রধান আচার্য্যের মত।

হিন্দুবিশেষের আবেদনপত্র।

দেশীয় কোন খ্রীষ্টীয়ানের আবেদনপত্র।

AMENDED BILL.

A Bill to legalize under certain circumstances, the dissolution of Marriages of Native Converts to Christianity.

[Preamble.]

Whereas it is expedient to legalize, under certain circumstances, the dissolution of marriages of Native Converts to Christianity deserted or repudiated, on religious grounds, by their wives or husbands: It is enacted as follows :—

[Short title.]

I. This Act may be cited as "The Native Converts' Divorce Act, 1866."

[Commencement of Act.]

II. This Act shall commence and take effect on and from the first day of May 1866.

III. In this Act—

[Interpretation of terms "Native Husband."]

"Native Husband" shall mean a married man, domiciled in British India, who shall have completed the age of sixteen years, and shall neither be a Christian, a Mahomedan, nor a Jew:

["Native Wife."]

"Native Wife" shall mean a married woman, domiciled in British India, who shall have completed the age of thirteen years, and shall neither be a Christian, a Mahomedan, nor a Jewess:

["Native Law."]

"Native Law" shall mean any law, or custom having the force of law, of any persons domiciled in British India other than Christians, Mahomedans and Jews:

["Month" and "year."]

"Month" and "year" shall respectively mean month and year according to the British calendar:

["Number."]

And, unless there be something repugnant in the subject or context, words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

[Convert deserted by his wife on religious grounds may sue for conjugal society.]

IV. If a Native husband change his religion for Christianity, and if in consequence of such change his Native wife, for the space of six continuous months, desert or repudiate him, he may sue her for conjugal society.

[Convert deserted by her husband on religious grounds may sue for conjugal society.]

V. If a Native wife change her religion for Christianity, and if in consequence of such

সংশোধিত পাণ্ডুলিপি।

এদেশীয় যে লোকেরা খ্রীষ্টধর্ম্মাবলম্বী হন বিশেষং গতিকে তাঁহাদের বিবাহ বন্ধনের বিলোপ ব্যবস্থাসিদ্ধ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় যে লোকেরা ধর্ম্মঘটিত কারণে নিজ পত্নী কি পতিকর্ত্তৃক ত্যক্ত কি প্রত্যাখ্যাত হন, বিশেষং গতিকে তাঁহাদের বিবাহবন্ধনের বিলোপ ব্যবস্থাসিদ্ধ করা বিহিত, অতএব পশ্চাৎ লিখিত বিধান প্রচার করা যাইতেছে।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় লোকদিগের বিবাহ বন্ধন বিলোপ করণের ১৮৬৬ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[আইনের আরম্ভকালের কথা।]

২ ধারা। এই আইন ১৮৬৬ সালের মে মাসের ১ দিবসাবধি আরম্ভ হইয়া চলিবে ইতি।

[অর্থ করিবার ধারা।]

৩ ধারা। এই আইনে—

["দেশীয় পতি"।]

ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ববিশিষ্ট খ্রীষ্টীয় কি মহম্মদীয় কি য়িহুদী লোক ভিন্ন অন্য যে বিবাহিত পুরুষ ষোলবৎসর বয়স উত্তীর্ণ হইয়াছেন "দেশীয় পতি" শব্দে এমত পুরুষকে বুঝাইবে।

["দেশীয়া পত্নী"।]

ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ববিশিষ্টা খ্রীষ্টীয় কি মহম্মদীয় কি য়িহুদী স্ত্রী ভিন্ন অন্য যে বিবাহিতা স্ত্রী ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হইয়াছেন, "দেশীয় পত্নী" শব্দে এমত স্ত্রীকে বুঝাইবে।

["দেশীয় ব্যবস্থা"।]

"দেশীয় ব্যবস্থা" এই শব্দে ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ব প্রাপ্ত খ্রীষ্টীয় কি মহম্মদীয় কি য়িহুদী লোক ভিন্ন অন্য লোকদের কোন ব্যবস্থা কিম্বা ব্যবস্থাবৎ বলবিশিষ্ট কোন দেশাচারকে বুঝাইবে।

["মাস" ও "সাল" ও "বৎসর"।]

"মাস" ও "সাল" ও "বৎসর" এইং শব্দে ব্রিটনীয় পঞ্জিকামতের মাস কি সাল কি বৎসর বুঝাইবে।

[বচন।]

বিষয় কি পূর্ব্বাপর কথা বুঝিয়া অসঙ্গত বোধ না হইলে একবচনান্ত শব্দে সেই অর্থের বহুবচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দে সেই অর্থের একবচনান্ত শব্দও বুঝাইবে ইতি।

[খ্রীষ্টধর্ম্মাবলম্বি পতি ধর্ম্মমূলক কারণে পত্নীদ্বারা ত্যক্ত হইলে বিবাহঘটিত সঙ্গের জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইহার কথা।]

৪ ধারা। দেশীয় কোন পতি খ্রীষ্টধর্ম্ম অবলম্বন করিলে যদি সেই ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত তাঁহার দেশীয় পত্নী অনবচ্ছিন্ন ছয় মাস পর্য্যন্ত তাঁহাকে ত্যাগ কি প্রত্যাখ্যান করেন, তবে তিনি তাঁহার নামে বিবাহঘটিত সঙ্গের নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

[খ্রীষ্টধর্ম্মাবলম্বিনী পত্নী ধর্ম্মমূলক কারণে পতিদ্বারা ত্যক্তা হইলে বিবাহঘটিত সঙ্গের জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইহার কথা।]

৫ ধারা। দেশীয়া কোন পত্নী খ্রীষ্টধর্ম্ম অবলম্বন করিলে যদি সেই ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত তাঁহার

change her Native husband, for the space of six continuous months, desert or repudiate her, she may sue him for conjugal society.

[Court in which suit shall be brought.]

VI. If the respondent, at the time of commencement of such suit, reside within the local limits of the ordinary original civil jurisdiction of any of the High Courts of Judicature, the suit shall be commenced in such Court: otherwise it shall be commenced in the principal Civil Court of original jurisdiction of the District in which the defendant shall reside at the commencement of the suit.

[Suit to be commenced by verified petition.]

VII. The suit shall be commenced by a petition in the form in the first schedule to this Act, or as near thereto as the circumstances of the case will allow. The statements made in the petition shall be verified by the Petitioner in the manner required by law for the verification of plaints; and the petition shall bear a stamp of two rupees, and may be amended by permission of the Court.

[On service of petition, citation issued to respondent.]

VIII. A copy of the petition shall be served upon the respondent, and the Court shall thereupon issue a citation under the seal of the Court and signed by the Judge.

[Form of citation.]

IX. In ordinary cases the citation shall be in the form in the second schedule to this Act, or as near thereto as the circumstances of the case will allow. But where the respondent is exempt by law from personal appearance in Court, or where the Judge shall so direct, the citation shall be in the form in the third schedule to this Act, or as near thereto as the circumstances of the case will allow.

[Service of citation.]

X. A copy of the citation sealed with the seal of the Court shall be served on the respondent; and the provisions of the Code of Civil Procedure as to the service and endorsement of summonses shall apply, *mutatis mutandis*, to citations under this Act.

[Procedure where respondent does not obey citation.]

XI. If the respondent shall not obey such citation, and comply with every other requirement made upon her or him under the provisions of this Act, she or he shall be liable to punishment under Section 174 of the Indian Penal Code.

[*Government Gazette, 30th January* 1866.]

দেশীয় পতি অনবচ্ছিন্ন ছয় মাস পর্য্যন্ত তাঁহাকে ত্যাগ কি প্রত্যাখ্যান করেন, তবে তিনি তাঁহার নামে বিবাহ-ঘটিত সঙ্গের নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

[যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে তাহার কথা।]

৬ ধারা। সেই মোকদ্দমার আরম্ভকালে যদি প্রত্যর্থী ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক কোন হাই কোর্টের সাধারণ প্রথম স্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে প্রতিবাদী বাস করেন, তবে সেই হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে, নতুবা প্রত্যর্থী মোকদ্দমার আরম্ভ কালে যে জিলাতে বাস করেন তথাকার প্রথমস্থলীয় বিচারাধিপত্য বিশিষ্ট প্রধান দেওয়ানী আদালতে তাহা উপস্থিত করিতে হইবে ইতি।

[সত্যীকৃত প্রার্থনাপত্রদ্বারা মোকদ্দমা আরম্ভ করিতে হইবার কথা।]

৭ ধারা। এই আইনের প্রথম তফসীলে যে পাঠ আছে সেই পাঠে কিম্বা গতিকক্রমে সাধ্যমতে তাহার সদৃশ পাঠে প্রার্থনাপত্র দিয়া মোকদ্দমা আরম্ভ করিতে হইবে। আইনের আদেশমতে যেমন অভিযোগপত্র সত্য করিতে হয়, তেমনি অর্থির প্রার্থনাপত্রের বৃত্তান্ত সত্য করিতে হইবে, ও সেই প্রার্থনাপত্রে দুই টাকা মূল্যের ইষ্টাম্প লাগিবে, ও আদালতের অনুমতিক্রমে প্রার্থনার সংশোধন হইতে পারিবে ইতি।

[প্রার্থনা হইলে প্রত্যর্থির নামে আহ্বানপত্র হইবার কথা।]

৮ ধারা। সেই প্রার্থনাপত্রের প্রতিলিপি প্রত্যর্থির প্রতি পর্য্যর্পিত হইবে। তৎপরেই আদালত আপনার মোহরে মোহরাঙ্কিত ও জজ সাহেবের স্বাক্ষরীকৃত আহ্বানপত্র প্রচার করাইবেন ইতি।

[আহ্বানপত্রের পাঠ।]

৯ ধারা। আহ্বানপত্র সামান্যতঃ এই আইনের দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কিম্বা গতিকক্রমে তাহার সদৃশ পাঠে সাধ্যমতে প্রস্তুত করিতে হইবে। কিন্তু যে স্থলে স্বয়ং আদালতে প্রবেশনহইতে প্রত্যর্থিনীর মুক্তি হয়, কিম্বা যে স্থলে বিচারকর্ত্তা আজ্ঞা করেন, সেই স্থলে আহ্বানপত্র এই আইনের তৃতীয় তফসীলের লিখিত পাঠে কিম্বা গতিক বিশেষ বিবেচনায় সাধ্যমতে তদনুযায়ি পাঠে লেখা যাইবে ইতি।

[আহ্বানপত্র পর্য্যর্পণ করিবার কথা।]

১০ ধারা। সেই আহ্বানপত্রের প্রতিলিপি আদালতের মোহরে মোহরাঙ্কিত হইয়া প্রত্যর্থির প্রতি পর্য্যর্পিত হইবে, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে ঐ পত্র সমর্পণ করিবার ও তাহাতে পৃষ্ঠলিপি দিবার যে সকল বিধান আছে তাহা প্রয়োজনমতে পরিবর্ত্তন হইলে এই আইনমতের আহ্বানপত্রের প্রতি বর্ত্তিবে ইতি।

[প্রত্যর্থী না আইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১১ ধারা। যদি প্রত্যর্থী সেই আহ্বানপত্র না মানেন, এবং এই আইন অনুসারে তাঁহার প্রতি যে সকল আদেশ হয় তদনুসারে যদি কর্ম্ম না করেন, তবে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৪ ধারামতে তাঁহার দণ্ড হইতে পারিবে ইতি।

[Points to be proved on appearance of parties.]

XII. On the day fixed in the citation the Petitioner shall appear in Court, and the following points shall be proved :—

(1.) The identity of the parties :

(2.) The marriage between the Petitioner and the respondent :

(3.) That the male party to the suit has completed the age of sixteen years, and that the female party to the suit has completed the age of thirteen years :

(4.) The desertion or repudiation of the Petitioner by the respondent :

(5.) That such desertion or repudiation was in consequence of the Petitioner's change of religion :

(6.) And that such desertion or repudiation had continued for the six months immediately before the commencement of the suit.

[First interrogation of respondent.]

XIII. The respondent, if such points be proved to the satisfaction of the Judge, shall thereupon be asked whether she or he refuses to cohabit with the Petitioner, and if so, what is the ground of such refusal. In ordinary cases such interrogation and every other interrogation prescribed by this Act shall be made by the Judge, but when the respondent is exempt by law from personal appearance in Court, or when the Judge shall, in his discretion, excuse the respondent from such appearance, the interrogations shall be made by Commissioners acting under such Commission as hereinafter mentioned.

[Interrogations by Judge may be public or private.]

XIV. Every interrogation mentioned in this Act and made by the Judge may, at the discretion of the Judge, take place in open Court or in his private room. If any such interrogation take place in open Court, the Judge may, so long as it shall continue, exclude from the Court all such persons as he shall think fit to exclude.

[Adjournment for a month if female respondent refuses to cohabit on account of Petitioner's conversion. Parties in the interim to have a private interview.]

XV. If the respondent be a female and in answer to the interrogatories of the Judge or Commissioners, as the case may be, shall refuse to cohabit with the Petitioner, and allege, as the ground for such refusal, that the Petitioner has changed this religion, the Judge shall make an order adjourning the case for one month, and directing that in the interim tho patics shall, at

[উভয় পক্ষ ব্যক্তিরা উপস্থিত হইলে যেং বিষয়ের প্রমাণ করিতে হয় তাহার কথা।]

১২ ধারা। আহ্বানপত্রে যে তারিখ নির্দ্দিষ্ট হইয়াছে সেই তারিখে অর্থী আদালতে উপস্থিত হইবেন ও পশ্চাৎলিখিত কএক বিষয়ের প্রমাণ করিতে হইবে, অর্থাৎ—

(১) উভয় পক্ষের অনন্যতা।

(২) অর্থী প্রত্যর্থিনীর বিবাহ।

(৩) মোকদ্দমার পক্ষ পুরুষ ষোল বৎসর বয়স উত্তীর্ণ ও মোকদ্দমার পক্ষ স্ত্রী ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হওন।

(৪) প্রত্যর্থির দ্বারা অর্থির ত্যাগ কি প্রত্যাখ্যান।

(৫) অর্থির ধর্ম্মান্তর গ্রহণ সেই ত্যাগের কি প্রত্যাখ্যানের কারণ।

(৬) এবং সেই ত্যাগ কি প্রত্যাখ্যান মোকদ্দমার আরম্ভকালের অব্যবহিত পূর্ব্বে ছয় মাস ব্যাপিয়া হওন ইতি।

[প্রত্যর্থিকে প্রথমবার জিজ্ঞাসা করিবার কথা।]

১৩ ধারা। যদি উক্ত সকল বিষয় জজ সাহেবের হৃদোধজনক মতে প্রমাণ হয়, তবে প্রত্যর্থিনীকে এই প্রশ্ন হইবে, তুমি কি এই অর্থির সহিত সহবাস করিতে অসম্মত? তাহাতে তিনি অসম্মত বলিলে সেই অসম্মতির কারণ জিজ্ঞাসা করিবেন। জজ সাহেব সেই প্রশ্ন ও এই আইনের অবধারিত অন্য সকল প্রশ্ন সামান্যতঃ স্বয়ং করিবেন। কিন্তু যদি প্রত্যর্থিনী আইনমতে আদালতে প্রবেশন হইতে মুক্তা হন, কিম্বা যদি জজ সাহেব স্বীয় বিবেচনামতে তাঁহার অনুপস্থিতির অনুমতি দেন, তবে দূত কর্ত্তৃক সেইং প্রশ্ন হইবে। সেই দূতেরা পশ্চাৎলিখিত ক্ষমতাপত্রক্রমে কার্য্য করিবেন ইতি।

[জিজ্ঞাসাবাদ প্রকাশ্য কি অপ্রকাশ্যরূপে হইতে পারিবার কথা।]

১৪ ধারা। জজ সাহেব এই আইনের উল্লিখিত যে সকল প্রশ্ন করেন তাহা তাঁহার বিবেচনামতে মুক্তদ্বার আদালতে অথবা তাঁহার নিজ কামরাতে হইতে পারিবে। মুক্তদ্বার আদালতে হইলে যাবৎ সেই প্রশ্ন করণ কার্য্য চলে, তাবৎ জজ সাহেব যে সকল লোককে উপস্থিত হইবার অযোগ্য জ্ঞান করেন, তাহাদিগকে আদালতে আসিতে না দিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

[অর্থির ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত প্রত্যর্থিনী সহবাসে অসম্মত হইলে এক মাস পর্য্যন্ত বিলম্ব করিবার ও তন্মধ্যে পক্ষ ব্যক্তিরদের গোপনে সন্দর্শন করিবার কথা।]

১৫ ধারা। যদি প্রত্যর্থী স্ত্রী হইয়া জজ সাহেবের কিম্বা বিষয়বিশেষে দূতগণের প্রশ্নের উত্তরে অর্থির সহিত সহবাস করিতে অসম্মতি প্রকাশ করেন, ও সেই অর্থির ধর্ম্মান্তর গ্রহণ অসম্মতির কারণ উল্লেখ করেন, তবে জজ সাহেব এক মাস পর্য্যন্ত সেই মোকদ্দমা স্থগিত রাখিবার আজ্ঞা করিয়া এই আদেশও করিবেন যে, ইতিমধ্যে প্রত্যর্থিনী পরতন্ত্র না হইয়া স্বেচ্ছামতে উক্ত প্রকারে স্থিরমনা হইয়া অসম্মতা আ-

Mr. C. O'Flaherty, Assistant Superintendent of Police, Durrung, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The Revd. Dr. H. Smith, Chaplain of Cuttack, for 36 days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

Mr. S. DaCosta, Principal Sudder Ameen of Rungpore, for five months, under paragraph 11 of he Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 25th October last.

NOTIFICATIONS.

The 15th January 1866.

Baboo Hem Chunder Kur, Deputy Magistrate and Deputy Collector of Gurbettah, having returned to his duties on the 28th ultimo, the unexpired portion of the leave granted to him on the 13th idem is cancelled.

Moulvy Azharul Huq, Deputy Magistrate and Deputy Collector of Bagirhaut, having returned to his duties on the 15th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 18th August last is cancelled.

The leave granted to Moulvy Mahomed Fyzoollah, Deputy Magistrate and Deputy Collector of Jessore, under orders of the 4th ultimo, is cancelled at his own request.

NOTIFICATION.

The 23rd January 1866.

The following tracts of lands in the British Sikhim Terai are strictly reserved for Forest purposes:—

Commencing from the western boundary of the Terai at the River Mechi.

1st.—A strip of land extending along the Mechi from the hills as far as Government land still exists in the Terai and stretching 1,000 yards eastward from the left bank of the river.

2nd.—A strip of land on each bank of the Munja and Chengha Streams and measuring 250 yards in breadth from either bank, *i. e.*, of 500 yards in width at each stream.

[*Government Gazette*, 30*th January* 1866.]

১৮৬৬ সাল ১৯ জানুআরি।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবটন সাহেব, ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের ২৫৫ নম্বরের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

ঢাকার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি আর লয়ল সাহেব এই মাসের ২০ তারিখ অবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২০ জানুআরি।

দরঙ্গের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, ও ফ্লাহার্টী সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

কটকের পুরোহিত শ্রীযুত ডাক্তর এচ স্মিথ সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে ছত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের প্রধান সদর আমীন শ্রীযুত এস ডাকষ্টা সাহেব গত অক্টোবর মাসের ২৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পাঁচ মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৫ জানুআরি।

গড়বেটার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হেমচন্দ্র কর গত মাসের ২৮ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত মাসের ১৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

বাগিরহাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আজহরুল হক্ গত মাসের ১৫ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত আগষ্ট মাসের ১৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ ফৈজুল্লা গত মাসের ৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৩ জানুআরি।

ব্রিটনীয় সিখিম তেরাইয়ের অন্তর্গত পশ্চাৎ লিখিত সকল ভূমি বিশেষমতে বনের জন্যে রক্ষিত হইল, অর্থাৎ—

মেকি নদীর তীরস্থ তেরাইয়ের পশ্চিম সীমা হইতে আরম্ভ হইয়া।

প্রথম, পর্ব্বত হইতে তেরাইয়ের মধ্যে যত দূর গবর্ণমেণ্টের ভূমি অদ্যাপি আছে তত দূর মেকি নদীর সঙ্গে২ যে ভূমি বিস্তৃত হয় তাহা ও উক্ত নদীর বাম পার হইতে ১০০০ ফুট পূর্ব্বদিগে বিস্তৃত ভূমি।

দ্বিতীয়। মঞ্জা ও চেঙ্গা নদীর দুই পারের ভূমি, এক২ পার হইতে ২৫০ গজ পরিমিত প্রশস্ত, অর্থাৎ উক্ত প্রত্যেক নদীর উভয় পার্শ্বে ৫০০ গজ প্রশস্ত।

3rd.—A strip of land on the banks of the Balasun of a width of 2,000 yards.

4th.—The Dhulka and Bagdogra Jhars.

5th.—A strip of land along the Ruktee River of an entire width of 500 yards.

6th.—The same extent of land along the Rhonee.

7th.—A block of land bounded on the East by the Cart Road; on the South by Mr. White's land and jotes; on the West, North, and North-East by Mr. Barnes' land and the property of the Selim Tea Association.

8th.—All Government land lying between the Cart Road and the Teesta.

9th.—All hill land from the level of the Terai to 3,000 feet above the sea.

10th.—The tracts reserved along the banks of the rivers, indicated in paragraphs 1, 2, 3, 5, and 6, will be distinctly marked by the boundary pillars made by the Forest Department, so that applicants for land in the neighbourhood of these reserves can use the Forest boundary line as one the limits of their estate.

The following Order issued by the Government of India in the Financial Department, is re-published for information:—

The following Order is published for information:—

No. 198.

FROM

E. H. LUSHINGTON, ESQ.,
Secy. to the Govt. of India,
Financial Dept.,

To

THE ACCOUNTANT-GENERAL, BENGAL.

Fort William, the 18th January 1866.

SIR,

In reply to your letter No. 333E. of the 28th ultimo, I am directed to state that the Governor General in Council is pleased to permit Uncovenanted Servants to take accumulated privilege leave in instalments, under the Rules according to which such leave is taken in instalments by Covenanted Civil Servants.

I have the honor to be, &c.,
(Sd.) E. H. LUSHINGTON,
Secy. to the Govt. of India.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of public Privies within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a plot of land situated in the Town of Calcutta, measuring three cottahs seven chittacks and nine square feet, and being part of Holding No. 264, Block No. XIV., South Division, is required.

The land is bounded on the North by the remaining portion of the Holding required; on the East

তৃতীয়। বালাসন নদীর দুই পারে ২০০০ গজ প্রশস্ত ভূমি।

চতুর্থ। ধলকা ও বাগদগরা ঝার।

পঞ্চম। রক্তি নদীর সঙ্গেং সম্পূর্ণ ৫০০ গজ প্রশস্ত ভূমি।

ষষ্ঠ। রোহিণী নদীর সঙ্গেং ঐ পরিমিত ভূমি।

সপ্তম। এক কিত্তা ভূমি, ইহার পূর্ব্ব সীমা গাড়ির পথ, দক্ষিণ সীমা ওয়াইট সাহেবের ভূমি ও যোত। পশ্চিম, উত্তর, ও উত্তর পূর্ব্ব সীমা শ্রীযুত বার্ণেস সাহেবের ভূমি এবং সেলিমের চা সমাজের সম্পত্তি।

অষ্টম। গাড়ির পথের ও তিস্তানদীর মধ্যে গবর্ণমেণ্টের যত ভূমি আছে তাহা।

নবম। তেরাইয়ের সমভূম অবধি সমুদ্র পৃষ্ঠ হইতে ৩০০০ ফুট উচ্চ পর্ব্বতীয় সকল ভূমি।

দশম। ১ ও ২ ও ৩ ও ৫ ও ৬ দফাতে উক্ত কএক নদীর ধারেং যে সকল ভূমি রক্ষিত হইবার কথা লেখা গেল, তাহা বন কর্ম্ম বিভাগের দ্বারা কৃত সীমা নিরূপক স্তম্ভদ্বারা এমন স্পষ্টরূপে চিহ্নিত হইবে যে উক্ত রক্ষিত ভূমির নিকটবর্ত্তী ভূমি যাঁহারা প্রার্থনা করিবেন তাঁহার সেই বনের অবধারিত সীমা আপনাদের ভূমির সীমার ন্যায় ব্যবহার করিতে পারিবেন।

ফিনান্সীয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৯৮ নম্বর।

বঙ্গদেশের শ্রীযুত আকোণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম ১৮৬৬ সাল ১৮ জানুআরি।

আপনকার গত মাসের ২৮ তারিখের ৩৩৩ E নম্বরের পত্রের এই উত্তর আমি আদেশমতে জানাইতেছি যে চিহ্নিত সিবিল কার্য্যকারকেরা যে বিধিমতে অনুগ্রহের সঞ্চিত ছুটীর সময় বিভাগ করিয়া লইতে পারেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অচিহ্নিত কার্য্যকারকদিগকে সেই বিধিমতে ছুটী লইবার অনুমতি করিতেছেন।

ই এচ লশিংটন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরের মধ্যে সাধারণের পাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে /৩।৶ ছটাক ন বর্গ ফুট ভূমির প্রয়োজন। উক্ত ভূমি দক্ষিণ খণ্ডের ১৪ নং কিতার ২৬৪ নং যোতের অংশ বলিয়া উল্লিখিত।

উক্ত ভূমির উত্তর সীমা প্রয়োজনীয় যোতের অবশিষ্টাংশ পূর্ব্ব সীমা মিছরীগঞ্জ পথ, দক্ষিণ সীমা

by Misreegunge Street; on the South by the Pucka Godown belonging to Kassynauth Ghose, and on the West by the respective properties of Rausmonee Dossee and Bebee Surrephunnessa.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of public privies within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a plot of land situated in the Town of Calcutta, measuring nine cottahs four chittacks and seven square feet, more or less, being part of Holding No. 56, Block No. XIV., South Division, is required.

The land is bounded on the North by the public drain; on the East by the property of Nuwab Nuzzeeb Seedhee Nuzzur Ally Khan Bahadoor; on the South partly by Hurrynarain Doss's dwelling-house, and partly by a portion of the Holding to be taken, and on the West by Goaltollee Lane.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of public privies within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a plot of land, inclusive of a strip intended as passage from the main road to the site situated in the Town of Calcutta, measuring thirteen cottahs eight chittacks, more or less, being part of Holding No. 46, Block VIII., South Division, is required.

The land is bounded on the North by the property of Rausmonee Dossee; on the East by Moocheeparah Lane; on the South by a Public Drain, and on the West by the property of Rausmonee Dossee.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

কাশীনাথ ঘোষের পাকা গুদাম ঘর এবং পশ্চিম সীমা রাসমণি দাসীর ও বিবি সরিফন্নেসার সম্পত্তি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরের মধ্যে সাধারণের পাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে ।৪।০ ছটাক সাত্ত বর্গ ফুট পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি দক্ষিণ খণ্ডের ১৪ নং কিতার ৫৬ নং যোতের অংশ বলিয়া উল্লিখিত।

উক্ত ভূমির উত্তর সীমা রাজকীয় নর্দ্দমা। পূর্ব্ব সীমা নবাব নজ্জীব সিদ্দি নজ্জর আলী খাঁ বাহাদুরের সম্পত্তি, দক্ষিণ সীমা, হরিনারায়ণ দাসের বসতি বাটীর ও গৃহীত যোতের কতক অংশ, পশ্চিম সীমা গোয়ালটুলী গলিপথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতের এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরের মধ্যে সাধারণের পাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে বড় রাস্তা অবধি উক্ত পাইখানা পর্য্যন্ত কল্পিত পথ করিবার ভূমি সুদ্ধ ন্যূনাধিক ।।৩।। ছটাক পরিমিত ভূমির প্রয়োজন, উক্ত ভূমি দক্ষিণ খণ্ডের ৮ কিতার ৪৬ নং যোতের অংশ বলিয়া উল্লিখিত।

উক্ত ভূমির উত্তর সীমা রাসমণি দাসীর সম্পত্তি, পূর্ব্ব সীমা মুচিপাড়া গলি পথ, দক্ষিণ সীমা রাজকীয় নরদমা, পশ্চিম সীমা রাসমণি দাসীর সম্পত্তি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতের এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

১ নং।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সাল তারিখ ৯ ফিব্রুআরি শুক্রবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৪ । ৬৫ সালের উৎপন্ন আফিমের দ্বিতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩৩৩০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ———	২০০০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ———	১৩৩০
জুমলা সিন্দুক	৩৩৩০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিত মত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৫ সালের ২৬ অকুটোর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৬ সালের ১৪ এবং ২৪ ফিব্রুআরি এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৬ সালের ১৪ ফিব্রুআরি বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৬ সালের ২৪ ফিব্রুআরি শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে সন ১৮৬৪ । ৬৫ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক-মতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৬ সাল	তারিখ	৯ মার্চ	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ আপ্রিল	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১১ মে	শুক্রবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১১ জুন	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ জুলাই	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ আগস্ট	বৃহস্পতিবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১০ সেপ্টেম্বর	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১০ আকুটোবর	বুধবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ নবেম্বর	শুক্রবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৭ ডিসেম্বর	শুক্রবার	ঐ	২,০০০	১,৩৭০	৩,৩৭০
				একুন	২০,০০০	১৩,৩৪০	৩৩,৩৪০

টি ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উইলিয়ম সন ১৮৬৬ সাল তারিখ ২৬ জানুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩০ জানুআরি।]

SALT.

নিমক।

বিক্রী নেমকের মাসকাবারী হিসাব সন ১৮৬৫ সাল তারিখ ৩০ নবেম্বর।

১	২	৩	৪	৫			৬
এজেন্সীর নাম	সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ	সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১। ৬২ সাল	সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২। ৬৩ সাল	মৌজুদ নেমকের একুন			দর ফি ১০০/ মোন
				পাঙ্গা	করকচ	মোট একুন	
হিজলী।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর	১,৪৫১/	৮৯,৬৬৮/	৩০,৫৪৬/	১,২১,৬৬৫/	০	১,২১,৬৬৫/	৩৯৯
ঐ ঐ কৃষ্ণনগর ...	১০,৩৯২/	২,১৭,৩৫৫/	০	২,২৭,৭৪৭/	০	২,২৭,৭৪৭/	
ঐ ঐ রামনগর ...	৩,২৮৮/	১,৩২,৪০৯/	০	১,৩৫,৬৯৭/	০	১,৩৫,৬৯৭/	
ঐ ঐ কালীনগর ...	৩,৭০৮/	২,১৭,৬৪১/	২৩,৫৩৫/	২,৪৪,৮৮৪/	০	২,৪৪,৮৮৪/	
ঐ ঐ পুরীঘাটা ...	০	৩৯,৩০৯/	০	৩৯,৩০৯/	০	৩৯,৩০৯/	
একুন	১৮,৮৩৯/	৬,৯৬,৩৮২/	৫৪,০৮১/	৭,৬৯,৩০২/	০	৭,৬৯,৩০২/	
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর	০	৮,৯২৫/	৭,৬১২/	১৬,৫৩৭/	০	* ১৬,৫৩৭/	৩৯৯
ঐ ঐ রসুলপুর	২৬,২৯২/	৩৬,৭৩৪/	০	৬৩,০২৬/	০	৬৩,০২৬/	৪০৮
একুন	২৬,২৯২/	৪৫,৬৫৯/	৭,৬১২/	৭৯,৫৬৩/	০	৭৯,৫৬৩/	

* বিক্রীর যোগ্য নহে। পাত বাতের দোকানদারের জন্যে রাখা হইল।

এজেন্সীর নাম শালিখা।	সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পুর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ	সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১। ৬২ সাল	সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২। ৬৩ সাল	মৌজুদ নেমকের একুন পাঙ্গা	মৌজুদ নেমকের একুন করকচ	মোট একুন	দর কি ১০০/ মোন
	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	৭,১৯,৮৪৯/	০	০	০	৭,১৯,৮৪৯/	৭,১৯,৮৪৯/	৩৯৬৷
ঐ ঐ চিলকা ...	১,৪৪,৩১২/	০	০	০	১,৪৪,৩১২/	১,৪৪,৩১২/	৩৮৬৷
ঐ ঐ সিন্ধু ...	৫,০০,০০০/	০	০	০	৫,০০,০০০/	৫,০০,০০০/	৪১৮
মিশ্রিত করকচ নেমক ...	২,৬৭৯/	০	০	০	২,৬৭৯/	২,৬৭৯/	
পাঙ্গা নেমক কটক ...	১,০৭,১৮৬/	০	০	১,০৭,১৮৬/	০	১,০৭,১৮৬/	৪২৯
ঐ ঐ বালেশ্বর ...	১৪৪/	১,৫৭,৮২৯/	০	১,৫৭,৯৭৩/	০	১,৫৭,৯৭৩/	
ঐ ঐ খোরদা ...	১,৬৯,৯৬৯/	৫১,০৮৮/	০	২,২১,০৫৭/	০	২,২১,০৫৭/	
ঐ ঐ চিলকা ...	২,০২,৮৮২/	৩৮,০৪৪/	০	২,৪০,৯২৬/	০	২,৪০,৯২৬/	
ঐ ঐ রামনগর ...	৪৭,১৯০/	০	০	৪৭,১৯০/	০	৪৭,১৯০/	
ঐ ঐ পুরীঘাটা ...	৮৩,২১৮/	৩৩,৩৬৯/	০	১,১৬,৫৮৭/	০	১,১৬,৫৮৭/	
ঐ ঐ কৃষ্ণনগর ...	১,৩০,১২০/	০	০	১,৩০,১২০/	০	১,৩০,১২০/	
ঐ ঐ নারায়ণপুর ...	২,৯৫,৬৯৬/	০	০	২,৯৫,৬৯৬/	০	২,৯৫,৬৯৬/	
একুন	২৪,০৩,২৪৫/	২,৮০,৩৩০/	০	১৩,১৬,৭৩৫/	১৩,৬৬,৮৪০/	২৬,৮৩,৫৭৫/	

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৩০ জানুআরি।]

এজেন্সীর নাম।	সন ১২৬৮ সাল অথবা ১৮৬১ । ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১ । ৬২ সাল	সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২ । ৬৩ সাল	মৌজুদ নেমকের একুন			দর ফি ১০০ মোন
				পাঙ্গা	করকচ	মোট একুন	
ঘুষড়ি।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক ঘাট কালীনগর	১,০০,৪১৩/	০	০	১,০০,৪১৩/	০	১,০০,৪১৩/	৪২১৲
ঐ ঐ রসুলপুর ...	৪৮,৫৯৩/	০	০	৪৮,৫৯৩/	০	৪৮,৫৯৩/	
মিশ্রিত ঐ ঐ রামনগর ...	৩৮,৪৭৩/	০	০	৩৮,৪৭৩/	০	৩৮,৪৭৩/	
সন ১২৬৫ । ১২৬৬ । ১২৬৭ সাল							
একুন	১,৮৭,৪৭৯/	০	০	১,৮৭,৪৭৯/	০	১,৮৭,৪৭৯/	
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক সদরঘাট ...	০	২,৪৬৩/	০	২,৪৬৩/	০	* ২,৪৬৩/	৩৯৯৲
ঐ ঐ আরাকিন ...	০	১৮৫/	১,১০৭/	১,২৯২/	০	* ১,২৯২/	৪২৪৲
করকচ নেমক মান্দ্রাজ ...	০	৯২,৫৬১/	০	০	৯২,৫৬১/	৯২,৫৬১/	৩৭৯৲
ঐ ঐ কেন্দা ...	২,৬৮৯/	০	০	০	২,৬৮৯/	২,৬৮৯/	
একুন	২,৬৮৯/	৯,৫২,০৯/	১,১০৭/	৩,৭৫৫/	৯৫,২৫০/	৯৯,০০৫/	

* বিক্রীর যোগ্য নহে গোলার মধ্যে জমা রাখা হইল।

এজেন্সীর নাম	সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১। ৬২ সাল	সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২। ৬৩ সাল	মৌজুদ নেমকের একুন। পাঙ্গা।	করকচ	মোট একুন	দর কি ১০০/ মোন
কটক।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক ...	০	০	০	১৩,৬২/	০	১৩,৬২/	৩৯৯
একুন	০	০	০	১৩,৬২/	০	১৩,৬২/	
পুরী।							
পাঙ্গা নেমক ...	০	০	০	২,১৯,০২৪/	০	২,১৯,০২৪/	৩৯৯
করকচ ঐ	০	০	০	০	৮,৯৭,৮৫৬/	৮,৯৭,৮৫৬/	৩৫৬
একুন	০	০	০	২,১৯,০২৪/	৮,৯৭,৮৫৬/	১১,১৬,৮৮০/	
মোট একুন	২৬,৩৮,৫৪৪/	১১,১৭,৫৮০/	৬২,৮০০/	২,৫৭৭,২২০/	২৩,৭৯,৯৪৬/	৪৯,৩৭,১৬৬/	

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দফ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায়, সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে, তাহাদিগকে ৬ ঘরের লিখিত দরে ১ ঘরের লিখিত সরকারী গোলাহইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার ঊর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

টি ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৬ সাল তারিখ ২৬ জানুআরি।

Paris Universal Exhibition of Agriculture, Industry, and Art of 1867.

NOTIFICATION.

WITH reference to the orders of Government, No. 6736, dated the 2nd November 1865, and published in the *Calcutta Gazette* of the 15th idem, parties desirous of sending Articles to the Paris Exhibition are invited to communicate their intentions either to the Central Committee for Bengal, or to any of the Commissioners of the Divisions named below,* and to forward an accurate description of the Articles intended to be sent.

2. A description of all Articles must first be submitted for the approval of the Central Committee, in order that it may be determined whether the same or such as, with reference to the objects of the Exhibition and other circumstances, the Government can undertake to transmit to Paris at the Public expense.

3. All Articles tendered for contribution by private individuals after being approved of by the Central Committee will be taken charge of and forwarded to Paris at the expense of Government, and after the close of the Exhibition they will be disposed of in such manner as may be agreed upon between the Central Committee and the respective contributors.

4. The nature and description of Articles admissible into the Exhibition may be learnt on application to the Central Committee, or to any of the Commissioners of Divisions, and it is particularly intimated that Articles tendered for contribution should be limited to works of Industry and Art locally produced.

5. Parties wishing to become contributors to the Paris Exhibition must signify their intentions within three months from this date, after which no application can be received.

By Order of the Central Committee,

A. M. DOWLEANS,
Secretary.

CALCUTTA,
The 10th January 1866.

* Patna, Bhaugulpore, Rajshahye, Dacca, Nuddea, Chittagong, Burdwan, Cuttack, Chota Nagpore, Assam, Cooch Behar.

[*Government Gazette*, 30*th January* 1866.]

১৮৬৭ সালে পারিস নগরে কৃষি ও অধ্যবসায়জনিত ও শিল্পঘটিত কার্য্যের যে মহা প্রদর্শন হইবে তদ্বিষয়ক বিজ্ঞাপন।

১৮৬৫ সালের নবেম্বর মাসের ২ তারিখের ৬৭৩৬ নম্বরের গবর্ণমেণ্টের যে আজ্ঞা ঐ মাসের ১৫ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদনুসারে জানান যাইতেছে যে, পারিস নগরের প্রদর্শনে যাঁহারা দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছুক আছেন তাঁহারা যেং দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাহার প্রকৃত বৃত্তান্ত বঙ্গদেশের সদর কমিটীতে কিম্বা পশ্চাৎ লিখিত খণ্ডের* কোন কমিসানর সাহেবের নিকটে লিখিয়া পাঠাইবেন।

২। সদর কমিটীর সম্মতি পাইবার জন্যে প্রথমে সকল দ্রব্যের বৃত্তান্ত লিখিয়া পাঠাইতে হইবে, কেননা প্রদর্শনের উদ্দেশ্য বিবেচনায় সেই সকল দ্রব্য মনোনীত হইতে পারে কি না এবং বিষয়ান্তরে রাজকীয় ব্যয়ে গবর্ণমেণ্ট তাহা পারিস নগরে পাঠাইতে পারেন কি না ইহা স্থির করা আবশ্যক।

৩। সদর কমিটীর সম্মতি পাইলে পর ব্যক্তি বিশেষ কর্তৃক যে সকল দ্রব্য দিবার প্রস্তাব হয় তাহা জিম্মায় লইয়া রাজকীয় ব্যয়ে পারিস নগরে পাঠান যাইবে, ও প্রদর্শন হইয়া গেলে পর সেই সকল দ্রব্য লইয়া সদর কমিটীর ও যাঁহারা সেই দ্রব্য দিয়াছেন তাঁহাদের পরস্পরের যদ্রূপে সম্মতি হইয়াছে তদ্রূপে কার্য্য হইবে।

৪। যেং ভাবের ও প্রকারের দ্রব্য প্রদর্শনে গ্রাহ্য হইবে তাহা সদর কমিটীর নিকটে কিম্বা খণ্ডের কোন কমিসানর সাহেবের নিকটে আবেদন করিলে জানা যাইতে পারিবে। আরো ইহা বিশেষমতে জানান যাইতেছে যে, অধ্যবসায়জনিত কি শিল্পঘটিত যে দ্রব্য স্থানবিশেষে উৎপন্ন হইয়াছে তদ্ভিন্ন কোন দ্রব্য পাঠাইবার প্রস্তাব না হয়।

৫। যাঁহারা পারিস নগরের প্রদর্শনে দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাঁহারা এই বিজ্ঞাপনের তারিখ অবধি তিন মাসের মধ্যে আপনাদের মনস্থ জ্ঞাত করিবেন, তিন মাসের পর তাঁহাদের আবেদন গ্রাহ্য হইবে না।

সদর কমিটীর আজ্ঞাক্রমে,

এ এম ডৌলিন্স,
সেক্রেটারী।

কলিকাতা,
১৮৬৬ সাল ১০ জানুআরি।

* পাটনা। ভাগলপুর। রাজশাহী। ঢাকা। নদীয়া। চট্টগ্রাম। বর্দ্ধমান। কটক। ছোট নাগপুর। আসাম। কচবেহার।

NOTICE.

WANTED for the Backergunge Collectorate a Sherishtadar, having a perfect knowledge of the routine business of the Office. Salary Rupees 80 per month. No Candidates need apply who do not possess a knowledge of English. Applications with Testimonials must be sent post paid to the undersigned, who declines to answer any application or communication from rejected Candidates.

H. C. SUTHERLAND,
Offg. Collector of Backergunge.

ZILLAH BACKERGUNGE; COLLECTOR'S OFFICE, *The 2nd January* 1866.

বিজ্ঞাপন।

বাকরগঞ্জের কালেকটরীর সিরিশ্তাদারের পদ শূন্য আছে, উক্ত পদের মাসিক বেতন ৮০ টাকা। তদ্রূপ কার্য্যালয়ের চলিত কর্ম্মে যাঁহাদের বিশেষ জ্ঞান আছে তাঁহারা আবেদনপত্রের সহিত আপনং যোগ্যতাপত্র ডাকযোগে মাসুল দিয়া পশ্চাৎ লিখিত ব্যক্তির নিকটে প্রেরণ করিবেন, আবেদনপত্র গ্রাহ্য হইলে উত্তর দেওয়া যাইবে নতুবা নয়। যাঁহারা ইংরাজী ভাষা না জানেন তাঁহাদের আবেদনপত্র প্রেরণ করা বিফল।

এচ সি সদরলণ্ড
বাকরগঞ্জের একটিং কালেকটর।

বাকরগঞ্জের কালেকটরের কার্য্যালয় ১৮৬৬ সাল ২ জানুআরি।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা দিনাজপুর।

এস্তালানামা কাছারি কালেকটরি জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৬। ১২ জানুআরি তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৬ সনের ১৭ ফেব্রুআরি মোং ১২৭২ সালের ৭ ফাল্গুণ রোজ শনিবার এই জেলার কালেকটরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধার্ত্তে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৪৭ নং মৌজে [illegible] পরগণে [illegible] লিখিত মালিক তারাচন্দ্র বাঁড়ুর্য্যা শিবকান্ত ও পদ্মসুন্দরী দেব্যা [illegible] তারকনাথ রায় ও দ্রৌপদী দেব্যা ও [illegible]গেশ্বরী দেব্যা ও হরকুমার বাঁড়ুয্যা ও তারাকান্ত রায় ও শ্যামানাথ ও রমানাথ রায় ও কৃষ্ণকান্ত রায় আদি পক্ষে শ্রীকান্ত ও তারিণীকান্ত রায় সদর জমা ৪৪০৬।৶৫॥

১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামত শ্যামানাথ ও রমানাথ রায়ের হিস্যা /৮।=১ এক আনা আট গণ্ডা এক কড়া দুই ক্রান্তি এক দন্ত্য যাহার সদর জমা ৩৯২৸/১০ পাই তাহার কিস্তী অগ্রহায়ণ তকের বাকী ১২৬৲ টাকার জন্য নীলামে ধরা গেল।

৩০৩ কিঃ ২ মৌজে তাটোনওগএরহ পরগনে বাড়োর লিখিত মালিক রুক্মিণীকান্ত দাস সদর জমা ৭১৭, /৹।

৫১৭ নং মৌজে সালাসওগএরহ পরগনে করদহা লিখিত মালিক কৃষ্ণগোবিন্দ চৌধুরী ও দয়াময়ী চৌধুরাণী সদর জমা ৬০৭৮॥৶১১।

১৮৫৯। ১১। ১৩ ধারামত কৃষ্ণগোবিন্দ চৌধুরীর অবশিষ্ট হিস্যা ॥০ আট আনা যাহার সদর জমা ৩০৩৯।/৫॥ পাই তাহার কিস্তী অগ্রহায়ণ তকের বাকী ৯১১॥০ আদায় জন্য নীলামে ধরা গেল।

১৮৬৬ ইং। ২০ জানুআরি।

W. LE F. ROBINSON,
Collector.

জেলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্ন লিখিত মহাল সন ১৮৬৫ সালের নাগাইত কিস্তি ডিসেম্বরের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬৬ সালের ১০ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭২ সালের ২৯ মাঘ শনিবার জেলা মুরশিদাবাদের কালেকটরীর কাছারিতে অন্যার্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ১৫ জানুআরি মোতাবেক সন ১২৭২ সাল তারিখ ৩ মাঘ।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকরণ	তৌজির নম্বর	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা	কৈফিয়ত
১	প্রথম শ্রেণীর মাহাল	৩৬৪	কিসমত মৌজে মাসুমাবাদ পরগনে মাসুমাবাদ	রামদয়াল ও নীলকমল চৌধুরী ও রামদাস	৮৮৮৸৶৪	সমুদয় মাহাল

COLIN MACKENZIE,
Collector.

Bye-Laws for the Town of Comillah proposed to be adopted under Section LXXXIV. of Act 3 of 1864.

Rule 1.—All persons appointed in writing or otherwise, to any Office under the Municipal Commissioners, whether payable by salary or commission shall, by accepting such appointment be held to have acknowledged themselves to be amenable to the rules hereinafter contained and to all such rules as may from time to time be passed by the Commissioners for the regulation of the conduct of persons employed by them.

Rule 2.—All persons employed by the Commissioners whose services may be no longer required shall at all times be liable to discharge after receipt of previous notice for the period of one month, or of one month's salary, and no such person shall withdraw from the duties of his Office without having given previous notice for the period of one month or forfeiting one month's salary.

Rule 3.—All persons now holding or who may hereafter be appointed to any Office under the Commissioners shall, when required so to do furnish security to such amount as the Commissioners may from time to time fix, and any person failing to furnish such security within reasonable time or within such time as the Commissioners may appoint shall be held to have thereby forfeited his appointment and may be removed from Office.

Rule 4.—Any breach or neglect of any duty on the part of any person employed under the Commissioners may be punished by the Commissioners by fine, suspension, degradation or removal from Office, independently of any penalty to which such person may be liable under any law. In case of dismissal the person dismissed shall be liable to the forfeiture of any pay or allowance that may otherwise be due to him at the time of such dismissal.

Rule 5.—Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any such person being or having been in their employ with a view to the recovery of damages for any loss or injury which they may consider themselves to have sustained in consequence of any act done or intended to be done by such person.

Rule 6.—The quarterly house tax shall be held to be due on the first day of every quarter and may be levied at any time after such day and in collecting the taxes the financial year shall be followed, the first quarter beginning on the 1st of May of each year.

বিধি ১। মিউনীসিপল কমিস্যনরদিগের কর্ত্তৃক যে সকল ব্যক্তিরা কোনকর্ম্মে নিযুক্ত হয়েন সেই সকল কর্ম্মচারিদিগের পক্ষে বেতন নির্দ্দিষ্ট হউক বা দস্তুরি ধার্য্য হউক তাহারা ঐ কর্ম্ম গ্রহণ করিলে নীচের লিখিত বিধি দ্বারায় এবং সময়েং কমিস্যনরগণ স্বীয় নিযুক্ত কর্ম্মচারিগণের ব্যবহার সম্বন্ধীয় যে সকল বিধি প্রস্তুত করেন ঐ সকল বিধিদ্বারা বাধ্য হইতে স্বীকার করিয়াছেন এমত বুঝাইবেক।

বিধি ২। কমিস্যনরদিগের কর্ত্তৃক নিযোজিত কর্ম্মচারিগণ নিজ প্রয়োজন হইলে এক মাস পূর্ব্বে তদ্বিষয়ের সংবাদ দিলে কিম্বা এক মাসের দরমাহা পূর্ব্বে দিলে তাহারদিগকে ছাড়ান যাইতে পারিবে এবং কোন কর্ম্ম চারি কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে তদনুরূপ এক মাস পূর্ব্বে সম্বাদ না দিলে কর্ম্ম ছাড়িতে পারিবেন না নচেৎ তাহার এক মাসের দরমাহা জব্দ হইবেক।

বিধি ৩। কমিস্যনরদিগের অধীন এক্ষণে যে সকল কর্ম্মচারিরা নিযুক্ত আছেন বা ভবিষ্যতে নিযুক্ত হইবেন তাহারা হুকুম পাইলে কমিস্যনরগণ কর্ত্তৃক সময়েং নির্দ্দিষ্ট পরিমাণ জামিন দাখিল করিবেন যে কোন কর্ম্মচারি উপযুক্ত সময় বা কমিস্যনরগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট সময় মধ্যে ঐ রূপ জামিন না দিবেন তিনি কর্ম্ম চ্যুত হইবেন।

বিধি ৪। কোন কর্ম্মচারি কুকার্য্য করিলে বা গাফিলত করিলে কমিস্যনরদিগের কর্ত্তৃক তাহার জরীমানা হইবেক অথবা সে ব্যক্তি অপদস্ত হইবেক বা সশপেণ্ড হইবেক কিম্বা একেবারে পদচ্যুত হইবেক তদ্ব্যতীত ঐ ব্যক্তি চলিত আইনানুসারে সাজাও পাইবেক। একেবারে পদচ্যুত হইলে তাহার সেই সময় যে দরমাহা পাওনা থাকে তাহা তসমুদয় জব্দ হইবেক।

বিধি ৫। কোন কর্ম্মচারির কৃত কার্য্য বা অভিপ্রেত কার্য্য জন্য কমিস্যনরগণ ক্ষতি বা অনিষ্ট বোধ করিলে তাহারা ঐ কর্ম্মচারির বিরুদ্ধে কোন আদালতে ক্ষতি পূরণের নালিশ করিতে পারিবেন ইহা দ্বারা সে বিষয়ের কোন নিবারণ রহিল না।

বিধি ৬। তিন মাসের প্রথম দিনে বাস্তবাটীর ত্রৈমাসিক টেক্স প্রাপ্য হইবেক এবং ঐ দিনের পরে যে কোন দিনে হউক আদায় করা যাইবেক টেক্স উসুল সম্বন্ধে ফসলি সন গণনা করা যাইবেক প্রতি বৎসরের প্রথম ত্রৈমাসিক মেই মাসের প্রথম তারিখ হইতে গণনা করা যাইবেক।

Rule 7.—When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice or other proceeding under the Act as "the owner" of the property on which the rate is assessed without further description.

Rule 8.—The provisions of Section LXXXI. of the District Municipal Improvment Act shall apply to all Bills presented for payment.

Rule 9.—Every person upon whom a notice shall have been served to furnish any such return as that provided for in Section XXIX. of the District Municipal Improvement Act shall furnish and send such return to the Office of the Commissioners within one week from the day on which the said notice has been served as prescribed in Section LXXXI. of the said Act and on failure to furnish such return the Commissioners may fix whatever they may consider a fair valuation of the property and assess accordingly and the defaulting party shall not be privileged to appeal against such valuation and assessment unless sufficient cause be shewn to the satisfaction of the Commissioners for the omission to furnish the said return, and whoever knowingly makes a false or incorrect return shall be liable in the same way as if he had not furnished the said return within the above specified time.

Rule 10.—The following are defined to be nuisances in Comillah, and are accordingly prohibited:—

1st. Tethering cattle, goats, or other animals, or causing them to be tethered, or causing or allowing them to stray on any Public Highway except by permission of the Commissioners.

2nd. Wilfully exhibiting any sores or diseased portions of the body in or near any Public Highway.

3rd. Obstructing any Public Highway or drain or making encroachment on any Public Highway by the temporary exposure of articles of sale or otherwise.

4th. Keeping filth, dirt, dung, bones, dead bodies, rubbish or other matter of a noisome kind for more than twelve hours in such a place or manner as to cause annoyance to any person or injury to the Public health.

5th. Erecting any tattee, privy, or urinal within 20 feet of any Pulic Highway.

6th. Keeping any tattee, privy, or urinal within 20 feet of any Public Highway for more than 7 days after notice to remove it, shall have been given by the Commissioners.

7th. Burying or burning the dead within the precincts of the Town, at any other place than those fixed under Act III. of 1864, without the sanction of the Commissioners.

বিধি ৭। যে বিষয়ের টেক্স ধার্য্য হয় সে বিষয়ের সত্বাধিকারির নাম জানা না থাকিলে অন্য কিছু খোলাসা না দিয়া কেবল সত্বাধিকারী এই শব্দ এত্তালানামাতে বা অন্যান্য কাগজে লিখিলেই চলিবেক।

বিধি ৮। তলবি টাকার বিল সম্বন্ধে ৬, ম, ই আইনের ৮১ ধারার বিধি খাটিবেক।

বিধি ৯। ঐ আইনের ২৯ ধারানুসারে যে সকল বৃত্তান্ত লিখিয়া দিবার বিধি আছে সেই সকল বৃত্তান্ত লিখিয়া দিবার জন্য এত্তেলা জারী হইলে তাহা প্রাপ্তির তারিখ হইতে এক হপ্তার মধ্যে কমিস্যনরদিগের কাছারিতে রিটর্ণ লিখিয়া পাঠাইতে হইবেক ঐ রিটর্ণ না দিলে কমিস্যনরগণ যে ভাড়া উপযুক্ত বিবেচনা করেন তৎপ্রতি টেক্স ধার্য্য করিতে পারিবেন, তাহার প্রতি ত্রুটি কারির কোন আপিল করার অধিকার থাকিবেক না কিন্তু যদি রিটর্ণ না দেওয়ার বিষয়ে কমিস্যনরদিগের সন্তোষজনক কারণ দর্শাইতে পারে তাহা হইলে আপিল শুনা যাইবেক। যে ব্যক্তি জানত মিথ্যা কিম্বা ভুল রিটর্ণ লিখিবেক সে ব্যক্তি ঐ সময় মধ্যে রিটর্ণ লিখিয়া দেয় নাই এমত বিবেচিত হইবেক ও তদনুরূপ দণ্ড হইবেক।

বিধি ১০। নীচের লিখিত বিষয় শহর কুমিল্লাতে আর্জ্জনা বুঝাইবেক, এইজন্য ইহার দ্বারায় তৎসমুদয় নিষিদ্ধ হইল।

প্রথম। কমিস্যনরদিগের অনুমতিব্যতীত সাধারণ রাস্তার উপর গরু ছাগলাদি পশু স্বয়ং বা অন্য কাহারো দ্বারা ছাদন বা ছাড়িয়া দেওয়া।

দ্বিতীয়। কোন সাধাধারণ রাস্তার বা সাধারণ রাস্তার নিকটে ইচ্ছাপূর্ব্বক কোন পীড়া বিশিষ্ট অঙ্গ প্রত্যঙ্গ খুলিয়া রাখা।

তৃতীয়। সাধারণ রাস্তা বা নর্দ্দমা বন্দ করা কিম্বা কোন দ্রব্য বিক্রয়ার্থে বা অন্য কোন কারণে অল্প কালের জন্য সাধারণ রাস্তা আবদ্ধ রাখা।

চতুর্থ। ক্লেদ ময়লা বিষ্ঠা অস্থি মৃত কায়া জঞ্জাল অথবা অন্য কদর্য্য দ্রব্য এমত স্থানে ও এমত গতিকে দ্বাদশ ঘণ্টার অতিরিক্ত কাল পর্য্যন্ত রাখা যে তদ্দারা কোন ব্যক্তির বিরক্ত জন্মায় বা সাধারণ স্বাস্থ্যের অনিষ্ট হয়।

পঞ্চম। সাধারণ রাস্তাহইতে বিশ ফিটের মধ্যে টাট্টী পাইখানা বা প্রস্রাবের স্থান করা।

ষষ্ঠ। সাধারণ রাস্তাহইতে বিশ ফিটের মধ্যে টাট্টী পাইখানা বা প্রস্রাবের স্থান থাকিলে তাহা সরাইবার জন্য কমিস্যনরগণ নোটিশ অর্থাৎ সম্বাদ দিলে তাহা ৭ দিনের অতিরিক্ত কাল পর্য্যন্ত রাখা।

সপ্তম। সন ১৮৬৪ সালের ৩ আইনঅনুসারে যে সকল কবরস্থান ও শ্মশান নির্দ্দিষ্ট হয় তদ্ভিন্ন শহরের সীমার মধ্যে অন্য কোন স্থানে কমিস্যনরদিগের অনুমতি ভিন্ন মৃত দেহ গোর দেওয়া কি দাহ করা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩০ জানুআরি।]

8th. Causing any water spouts to throw water on any Public Highway.

9th. Performing offices of nature in any other place not being private premises than such as may be appointed by the Commissioners, provided that places have been set apart by the Commissioners for that purpose.

10th. Throwing any corpse into the river within the precincts of the Town as defined under Section III. of Act III. of 1864.

11th. Exposing for sale for the purpose of being used as food or drink any article unfit for such purpose.

12th. Keeping a Smith's forge, slaughter-house, piggery, butcher's shop, or conducting any of the trades mentioned in Section LXXVII. of Act III. of 1864 in any place prohibited by the Commissioners.

13th. Begging in or near any Public Highway.

14th. Carrying a corpse or part of a corpse through any Highway unless it be decently covered and totally concealed from Public view.

Rule 11.—Any person committing in the Town of Comillah any nuisance as defined in the foregoing rules shall be punished by a fine not exceeding 20 Rupees and in case of continuing the nuisance after due notice, by a fine not exceeding 10 Rupees for every day during which the nuisance is committed. But no penalty shall be incurred on account of a nuisance which may have been more than 30 successive days in existence, until at least 15 days after it shall have been upon due enquiry adjudged and declared by the Commissioners to be a continuing nuisance.

Rule 12.—The Commissioners are hereby empowered to cause the removal of nuisances and in cases where it shall be deemed necessary by the Commissioners to exercise this power, the expenses incurred by such removal shall be paid out of the fine levied under rule 11, for continued infraction of the Bye-law, the daily fine being fixed at a rate sufficient to cover the cost of removal.

Rule. 13—To ensure the due application of the proceeds of the tax, no new work costing more than 50 Rupees shall be commenced except under the authority of a resolution passed at a Meeting of the Commissioners.

Rule 14.—The Commissioners will have the power to give a name to any Public Highway and to order such numbers as they may deem proper to be affixed to all houses.

Rule 15.—No owner, occupier or farmer of any market shall knowingly allow the commission of any nuisance within such market.

[*Government Gazette,* 30*th January* 1866.]

অষ্টম। ছাতের নালি দিয়া সাধারণ রাস্তার জল ফেলা।

নবম। কমিসানরদিগের দ্বারা স্থান নির্দিষ্ট হইলে তাহারদের অনুমতি না পাইয়া কোন ব্যক্তির বাটীর ভিতর অথবা কমিসানরগণ কর্তৃক নির্দিষ্ট স্থানব্যতীত অন্য স্থানে মল মূত্রাদি ত্যাগ করা।

দশম। সন ১৮৬৪ সালের ৩ তিন আইনের ৩ ধারামতে নির্দিষ্ট শহরের সীমা মধ্যে মৃত কায়া নদীতে ভাসাইয়া দেওয়া।

একাদশ। যে সকল বস্তু ভোজন বা পান করিবার উপযুক্ত নহে তাহা ভোজনীয় বা পানীয় বলিয়া ব্যবহৃত হইবার জন্যে বিক্রয়ার্থে রাখা।

দ্বাদশ। কমিসানরদিগের নিসিদ্ধ স্থানে কামারের দোকান কশাইখানা শূকরের খোঁয়াড় কশাই দোকান রাখা অথবা সে স্থানে ১৮৬৪ সালের ৩ আইনের ৭৭ ধারার লিখিত ব্যবসা করা।

ত্রয়োদশ। সাধারণ রাস্তার উপর বা নিকটে ভিক্ষা করা।

চতুর্দ্দশ। মৃত দেহ বা তদংশ সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে হইলে তাহা কেহ দেখিতে না পায় এমত আবর্ত্তন না করিয়া লইয়া যাওয়া।

বিধি ১১। কুমিল্লা শহরের মধ্যে উপরের লিখিত কোন আর্জ্জনা কেহ করিলে তাহার ২০ কুড়ি টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক এবং উচিত নোটিশ দ্বারা নিষেধ করিলেও যদি সে ব্যক্তি আর্জ্জনা করিতে ক্ষান্ত না হয় তবে যত দিন পর্য্যন্ত ঐরূপ করিতে থাকিবেক তত দিনপর্য্যন্ত প্রত্যহ ১০ দশ টাকার অনধিক হিসাবে জরীমানা চলিতে পারিবেক। কিন্তু যদি এমত হয় যে ৩০ দিনের অধিক কাল অবধি কোন আর্জ্জনা ক্রমাগত চলিয়া আসিতেছে তাহা হইলে যে তারিখে কমিসানরগণ উচিত অনুসন্ধান দ্বারা উহাকে অনবরত আর্জ্জনা বলিয়া স্থির ও ব্যক্ত করিবেন সেই তারিখ অবধি অন্তত: ১৫ দিন গত না হইলে উহার জরীমানা হইতে পারিবেক না।

বিধি ১২। কমিসানরগণ আবশ্যক বিবেচনা করিলে কদর্য্য-দ্রব্যাদি স্থানান্তর করিতে পারিবেন এবং ১১ বিধিতে যে জরিমানার কথা উল্লেখ আছে তাহা হইতে খরচ দিতে পারিবেন পরন্তু স্থানান্তর করার ব্যয় উপযুক্ত দৈনিক জরিমানা ধার্য্য হইবেক।

বিধি ১৩। টেক্সের টাকা অন্যায়রূপে ব্যয় না হইতে পারে একারণ পঞ্চাশ টাকার অধিক ব্যয়ের কোন নূতন কার্য্য কমিসানর গণের সভাতে প্রকাশ করা হুকুম ব্যতীত আরম্ভ হইবেক না।

বিধি ১৪। কমিসানরগণ সাধারণ রাস্তার ভিন্ন২ নাম রাখিতে পারিবেন এবং যেমত উচিত বোধ করেন সেই মত নম্বর অর্থাৎ সংখ্যা প্রতি বাড়িতে লাগাইবার হুকুম করিতে পারিবেন।

বিধি ১৫। বাজারের স্বত্বাধিকারিরা দখীলকার বা ইজারাদার জানত আপন হাট বা বাজারের মধ্যে কোন আবর্জ্জনা হইতে দিবেন না।

Rule 16.—Every owner or occupier or farmer of any market shall within 14 days after he shall have received notice from the Commissioners to do so, provide such place of retirement for the purpose of nature as in the opinion of the Commissioners may be necessary for the cleanliness and health of the said market.

Rule 17.—No owner, occupier or farmer of any market shall sell or expose or permit to be exposed for sale, or admit into or permit to remain in any such market any offensive meat or fish or decomposed vegetable matter, but such owner, occupier or farmer must without any delay cause any such meat, fish or vegetable matter to be at once removed to a place notified to him by the Commissioners.

Rule 18.—No person shall bury or cause to be buried any corpse in any other burial ground than that fixed by the Commissioners for the purpose in the Town of Comillah in a grave except in such a manner that the corpse shall not be at a less depth than four feet from the surface of the ground.

Rule 19.—No person shall dig or cause to be dug a grave in any such burial ground at a less distance than two feet from any other existing grave.

Rule 20.—No person shall re-open a grave for the burial of a second body therein without the permission of the Commissioners.

Rule 21.—No person, when burning or causing to be burnt any corpse, or any part of a corpse in any burning ground within the said Town shall permit the same or any part thereof to remain withot being completely reduced or ashes, or to be removed until the same be so reduced.

Rule 22.—Every person, who shall bring or convey, or cause to be brought or conveyed any corpse or part thereof to any burning ground within the said Town, shall burn or cause to be burnt the same within six hours after the arrival at the said burning ground.

Rule 23.—Every person within whose premises any animal may die shall, within 3 hours of its death, or if death occurs at night, within 3 hours after day light, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcass or report its death to the Conservancy Overseer and in such latter case shall pay to the said Overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may from time to time determine.

Rule 24.—No person shall make within the limits defined under Section III. of Act III. of

বিধি ১৬। বাজারের সত্বাধিকারী দখলীকার কি ইজারাদারদিগের কর্ত্তব্য হইবেক যে নোটীস পাইলে কমিস্যনরগণ ঐ বাজারের পরিষ্কার ও স্বাস্থ্য রক্ষার্থ যে স্থান মল মূত্রাদি পরিত্যাগ জন্য স্থির করিবেন এমত স্থান ঐ নোটীস পাইবার চৌদ্দ দিবসের মধ্যে স্থির করিবেন।

বিধি ১৭। বাজারের স্বত্বাকারি কি দখীলকার কি ইজারাদারদিগের কর্ত্তব্য যে আপন হাট বাজারে পচা মাংস বা মৎস্য কিম্বা তদনুরূপ তরিতরকারি বিক্রয় না করেন কিম্বা বিক্রয় জন্য না রাখেন অথবা না রাখিতে দেন অথবা না আসিতে দেন অথবা আসিলে না থাকিতে দেন এবং ঐ সকল বাজারের স্বত্বাধিকারী কি দখালকার কিম্বা ইজারাদারদিগের পক্ষে ইহাও কর্ত্তব্য হইবেক যে ঐ সকল পচা মৎস্য মাংশ বা তরিতরকারি অবিলম্বে কমিস্যনরদিগের কর্ত্তৃক নির্দ্দিষ্ট স্থানে প্রেরণ করেন।

বিধি ১৮। কমিস্যনরগণের নির্দ্দিষ্ট গোরস্থান ব্যতীত কমিল্লা নগর মধ্যে অন্য কোন স্থানে ও চারি ফিট মাটীর নীচে ব্যতীত কোন মৃত দেহ কেহ গোর দিতে পারিবে না।

বিধি ১৯। যে গোর আছে তাহার দুই ফিটের ন্যূন দূরে এরূপ গোরস্থানে কেহ কোন গোর খনন করিতে কি করাইতে পারিবে না।

বিধি ২০। কমিস্যনরদিগের অনুমতি ব্যতীত কোন কবর স্থান দ্বিতীয় শব প্রোথিত করিবার জন্য খোলা যাইতে পারিবেক না।

বিধি ২১। কমিল্লা নগরের মধ্যে কোন শ্মশান ভূমিতে যে কেহ মৃত দেহ বা তদংশ দাহ করে বা করায় সে ব্যক্তির কর্ত্তব্য হইবেক যে ঐ মৃত দেহ সম্পূর্ণ রূপে ভস্ম করে তাহা না করিয়া কোন অংশ সেখানে রাখিতে বা স্থানান্তর করিতে পারিবেক না।

বিধি ২২। এই নগরের মধ্যে কোন শ্মশান ভূমিতে যে কেহ মৃত দেহ দাহ করিতে আনয়ন করে বা পাঠায় কিম্বা লইয়া যায় তাহার কর্ত্তব্য হইবেক যে ঐ মৃত দেহ শ্মশানে আনিবার ছয় ঘণ্টার মধ্যে দাহ করে।

বিধি ২৩। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর তিন ঘণ্টার মধ্যে আপন ব্যয়ে তাহা কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থানে ফেলিতে হইবেক কিন্তু যদি রাত্রে মরিয়া থাকে তাহা হইলে সূর্য্যোদয়ের তিন ঘণ্টার মধ্যে ফেলিতে হইবেক যদি আপনি না ফেলে তবে উহার সংবাদ ঐ ডিবিজানের ওবরসিয়রকে দিতে হইবেক। কিন্তু ঐ মৃত পশু ফেলাইতে যে ব্যয় হয় তাহা কমিস্যনদিগের নির্দ্দিষ্ট নিরিখ অনুসারে বা সময়ে২ যে নিরিখ স্থির হয় সেই হারে ওবরসিয়রকে খরচ দিতে হইবেক।

বিধি ২৪। সন ১৮৬৪ সালের ৩ আইনের ৩ ধারামতে এই নগরের যে সীমা ধার্য্য হয় তাহার মধ্যে গোর

1864 any excavation whatever (excepting graves, water courses and wells) without the written permission of the Commissioners who shall have power to prescribe the place and manner.

Rule 25.—With reference to Section LV. of Act III. of 1864, the following rule is prescribed.

All rubbish, dirt, &c., intendel for removal must be deposited daily on the side of the road between midnight and 8 A. M.

Rule 26.—Every person who shall commit breach of any of the foregoing Bye-laws under the said Act by duing any act prohibited by any Bye-laws or by neglecting to do any act directed to be done by any Bye-laws under the said Act, will and shall be liable to a fine not exceeding Rupes 20 for every such offence and in case of continuing such offence after due notice thereof from the Commissioners to a further penalty not exceeding Rupees 10 for every day after such notice during which such offence is continued.

Rule 27.—With reference to Section LXXVII. Act of III. of 1864 the limits fixed shall be those defined by Government for the purpose of the Act.

Rule 28.—The words "near a Public Highway" used in Act III. and in these Bye-laws shall mean within 10 yards from any boundary of such Highway.

Rule 29.—The Commissioners shall have power to examine the accounts at a Meeting of the Commissioners on any day if necessary.

Rule 30.—The Commissioners shall have power to determine at a Meeting in what manner any new work shall be commenced that is whether by contract or otherwise.

Rule 31.—The Commissioners shall have power to order the closing of any water course.

Rule 32.—Any person who has any suggestion or complaint to make on any subject within the scope or authority of the Commissioners, may do so in writing on unstamped paper to be presented at the Office of the Commissioners on any day between the hours of 12 and 4.

Rule 33.—The accounts of receipts and expenditure shall be submitted to the Commissioners at the first Meeting of the following month, and a progress statement of work in hand shall be submitted to the Commissioners once in a quarter.

Rule 34.—The Commissioners shall meet twice every month for the despatch of business and more frequently if necessary, the day being named by the Chairman.

(Sd.) H. A. R. ALEXANDER,
Chairman.

COMILLAH MUNICIPAL,
COMMISSIONER'S OFFICE.

ও জলের পথ অথবা পাতকুয়া ব্যতীত অপর কোন গর্ত্ত বা খাই কাটীতে হইলে কমিস্যরগণের লিখিত অনুমতি ব্যতীত কাটীতে পারিবেক না। আর যে স্থানে ও যেরূপ গর্ত্তাদি কাটাইতে হইবেক তাহার বিধান দিবার ক্ষমতা কমিস্যনরদিগের রহিল।

বিধি ২৫। সন ১৮৬৪ সালের ৩ আইনের ৫৫ ধারা সম্বন্ধে নীচের লিখিত নিয়ম করা গেল। জঞ্জাল ও ময়লা প্রভৃতি যাহা স্থানান্তর করা আবশ্যক তাহা প্রত্যহ রাত্রি দুই প্রহর হইতে [illegible] ৮ ঘন্টা পর্য্যন্ত রাস্তার ধারে জমা করিয়া রাখিতে হ[illegible]।

বিধি ২৬। যদি কেহ উপরের [illegible] বিধির বিপরীত আচরণ করে অর্থাৎ প্রাগুক্ত আইনের অন্তর্গত বিধিতে যাহা করিতে আদেশ হইল তাহা না করে অথবা যাহা করিতে নিষেধ তাহা করে তবে সে ব্যক্তির ২০ টাকার অনধিক জরীমানা হইবেক এবং কমিস্যনরগণ সুচীসদ্বারা নিষেধ করিলেও যদি সে ব্যক্তি পুর্ব্বমত আচরণ করিতে থাকে তবে যে পর্য্যন্ত ঐ রূপ করে সে পর্য্যন্ত প্রত্যহ ১০ টাকার অনধিক জরীমমানা হইতে পারিবেক।

বিধি ২৭। সন ১৮৬৪ সালের ৩ আইনের ৭৭ ধারা-সম্বন্ধে গবর্ণমেন্ট যে সীমা স্থির করেন তাহাই ঐ নগরের সীমা বুঝাইবেক।

বিধি ২৮। সন ১৮৬৪ সালের ৩ আইনের এবং এই সকল উপবিধিতে যে সাধারণ রাস্তার নিকট শব্দ আছে তাহা কোন সাধারণ রাস্তার সীমার দশ গজ পর্য্যন্ত বুঝাইবেক।

বিধি ২৯। কমিস্যনরগণ সভাস্থ হইয়া আবশ্যক বুঝিলে হিসাব দেখিতে পারিবেন।

বিধি ৩০। কমিস্যনরগণ সভাস্থ হইয়া কিরূপে অর্থাৎ কন্‌ট্রাকুট দিয়া কি অন্য প্রকারে কোন নূতন কার্য্য আরম্ভ করিতে হইবে তাহা স্থির করিবেন।

বিধি ৩১। কমিস্যনরগণ কোন জলের নালা বন্দ করিতে হুকুম দিতে পারিবেন।

বিধি ৩২। যদি কেহ কমিস্যনরদিগের কার্য্য সম্বন্ধে বা তাহারদিগের ক্ষমতার মধ্যে কোন বিষয়ে নালিশ বন্ধ হইতে অথবা কোন পরামর্শ দিতে চাহে তবে বেলা ১২ টাহইতে ৪ টার মধ্যে তাহারদিগের আপিসে বেনাষ্টম্প কাগজে লিখিয়া পাঠাইতে পারে।

বিধি ৩৩। প্রতিমাসের আয় ব্যয়ের হিসাব তাহার পর মাসের প্রথম সভাতে কমিস্যনর নিকট দাখীল হইবেক ও চলিত কার্য্যের এক ষ্টেটমেণ্ট ৩ মাস অন্তর তাহারদিগের নিকট পেশ হইবেক।

বিধি ৩৪। প্রতি মাসে সভাপতির নির্দ্দিষ্ট দিবসে কমিস্যনরগণ দুই সভা করিবেন এবং আবশ্যক হইলে অধিকবার সভাধিবেশন হইতে পারিবে।

এচ এ আর আলেকজাণ্ডর।
সভাপতি।

কমিল্লার মিউনিসিপল কমিস্যনর সাহেবের দপ্তরখানা।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসিবর আফিস।

নবকৃষ্ণ মিত্রদিগর ... বাদী।

হরিশ্চন্দ্র মিত্রদিগর ... প্রতিবাদী।

ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান জানুআরি মাহার ৩১ তারিখে বুধবার বেলা ২ প্রহর এক ঘন্টার সময় হাই কোর্টের রিসিবর শ্রীযুত চারলস সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে শহর কলিকাতা চাঁদনি চক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হয়েন- উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিস। নম্বর ৫ ষ্ট্রাণ্ড }
তারিখ ৮ জানুআরি সন ১৮৬৬ সাল। }

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩০ জানুআরি।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত জামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, JANUARY 30, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৩০ জানুআরি।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের নির্দ্দেশ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

নিলামী ইশ্‌তিহার জেলা ফরিদপুর।

ইশ্‌তিহারনামা কাছারী কালেক্টরী জেলা ফরিদপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৬ সনের মার্চ মাসের ৬ তারিখে মোতাবেক সন ১২৭২ সনের ফাল্গুণ মাসের ২৪ তারিখে মঙ্গলবার জিলা ফরিদপুরের কালেক্টরের কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৬ তারিখ ১৭ জানুআরি মোতাবেক ১২৭২ সন তারিখ ৫ মাঘ।

তাকজী মহালের ইস্তাহারের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম	যত একর পরিমাণ।	সদর জমা।			মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার টাকস।	মোট।	
			এঃ রুঃ পঃ				
১০	২১৫	চর নাছিরপুরের মধ্যগত পরগণে জালালপুরের অন্তঃপাতী চর জালালপুর মুঃ মির আজগর আলী ...	৫৭৯২।০।১৪.	৮১৫৫৵৯	৫১।৶৩	১৮৭॥৵০	রেবিনিউ বোর্ডের বিশেষ আদেশে এই কয়েক মহল উচ্চ ডাকনিয়াকে বিক্রী করা যাইবেক।
২২	২১৬	ঐ চরের মধ্যগত পরগণে বৈকণ্ঠপুরের অন্তঃপাতী চর জাহানাবাদ ...	১৯৫০।০।৩৯	১৬২৩৶০	১৬।০	১৬৪০৲	ঐ
২৫	২১৯	উক্ত চরের মধ্যগত পরগণে বন্দরখোলার অন্তঃপাতী চর বন্দরখোলা মুঃ রামরত্ন বসু ..	১৭৮৮।১।৩৩	১০৫৭।৶০	১০।।/০	১০৬৮৲	ঐ
২৩৮	৮০৪	পরগণে বৈকণ্ঠপুরের অন্তঃপাতী সরকারি ডিক্রীর মহাল জজিরা চর হকিকতপুরের তৃতীয়খণ্ড ...	২১৭৮।৩।১২	১৫৭৮।৶০	১৫০৶	১৫৯৩৶০	ঐ

E. E. Lowis.
Offg. Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ত্রিপুরা।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ক্রটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

নিলামী ইশ্‌তিহার জেলা ফরিদপুর।

ইশ্‌তিহারনামা কাছারী কালেক্টরী জেলা ফরিদপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৬ সনের মার্চ মাসের ৬ তারিখে মোতাবেক সন ১২৭২ সনের ফাল্গুণ মাসের ২৪ তারিখে মঙ্গলবার জিলা ফরিদপুরের কালেক্টরের কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৬ তারিখ ১৭ জানুআরি মোতাবেক ১২৭২ সন তারিখ ৫ মাঘ।

রাজকীয় মহালের টৌজি-মতের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম	যত একর পরিমাণ।	সদর জমা।			মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার টাক্স।	মোট।	
			এঃ রুঃ পঃ				
২০	২১৫	চর মাছিরপুরের মধ্যগত পরগণে জালালপুরের অন্তঃপাতী চর জালালপুর মুঃ মির আজগর আলী ...	৪৭৯২।০।১৪	৪১৪৪৵৯	৪১।৶	১৮৫।৵০	রেবিনিউ বোর্ডের বিশেষ আদেশে এই কয়েক মহল উচ্চ ডাকনিয়াকে বিক্রী করা যাইবেক।
২২	২১৬	ঐ চরের মধ্যগত পরগণে বৈকণ্ঠপুরের অন্তঃপাতী চর আহামাবাদ ...	১৯৪০।০।৩৯	১৬২৩৸০	১৬।০	১৬৪০৲	ঐ
২৫	২১৯	উক্ত চরের মধ্যগত পরগণে বন্দরখোলার অন্তঃপাতী চর বন্দরখোলা মুঃ রামরত্ন বসু ...	১৫৮৮৫।১।৩৩	১০৫৭।৶০	১০।৴০	১০৬৮৲	ঐ
২৩৮	৮০৪	পরগণে বৈকণ্ঠপুরের অন্তঃপাতী সরকারি ডিক্রীর মহাল জজিরা চর ফকিকতপুরের তৃতীয়খণ্ড ...	২১৭৮।৩।১২	১৪৭৮।৶০	১৪০৸	১৪৯৩৶০	ঐ

E. E. Lowis,
Offg. Collect.

জেলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ভাগলপুর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র কালেক্টরি স্থিত নিম্নের ইষ্টেটমেন্টের লিখিত খাস মহালে গবর্ণমেন্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৬ সালের ২৮ মার্চ মোতাবেক ফসলি ১২৭৩ সালের ২৭ চৈত্র বুধবার ভাগলপুর জেলার কালেক্টরিতে বিক্রয় হইবেক ইতি।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহাদের এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের অধীনে থাকিতে হইবেক।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	পরিমাণ যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাক্স।	মোট।		
২০৪ ১৮৫৯	৯৪	জাগীর মাছের তণ্ডেল থানা উধয়ানালা পরগনে কাঁকজোল ...	এঃ রূঃ পঃ ০।৩।৩৭ ৩ বিঘা	১।০	৶৩	১৩	২॥০	

জেলা ভাগলপুর কাছারি কালেক্টরি তারিখ ১১ জানুআরি ১৮৬৬ সাল।

R. L. Mangles,
Collector.

জিলা ২৪ পরগনা।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরাজী সন ১৮৬৬ সালের ফিব্রুআরি মাসের ২৮ তারিখে মোতাবেক বাঙ্গলা সন ১২৭২ সালের ফাল্গুণ মাসের ১৮ তারিখে বুধবার জেলা ২৪ পরগনার কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে লিখিত নিয়মের অধীনে থাকিবেন ও সন ১২৭২ সালের প্রথম হইতে তাহাদের স্বত্ব বর্ত্তিবেক।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম	যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্যকরা রাজস্ব।	রাস্তার টাক্স।	মোট।		
২৭	৪১২	সানপুখরিয়া ওগয়রহ পং মাগুরা ...	এঃ রূঃ পঃ ২৫১।১।২৭	৫৮৯॥৵১০	৫৸৵৪	৫৯৫॥/২	১১৭৯।/৮	

A. J. R. Bainbridge,
Collector.

২৫ জানুআরি ১৮৬৬।

জিলা হুগলী।

বিজ্ঞাপন কাছারি কালেক্টরি জিলা হুগলী।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে এই কালেক্টরির নিম্ন লিখিত খাস মহালে গবর্ণমেন্টের যে মালিকি স্বত্ব আছে তাহা ১৮৬৬ সালের ৮ ই মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭২ সালের ২৬ সে ফাল্গুণ বৃহস্পতিবারে হুগলীর কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

রাজস্বের মহালের তৌজি-হতের নম্বর।	জিলার বহিতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক	মন্তব্য।
			এঃ কঃ পাঃ	যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টেক্স	মোট		
৯২ নং	২৬১৩নং	দীঘকইয়ের সামিল ঝাজিপুর পং ভুরসিট	২ ০ ৮ ৬॥৩।০ বিঘা	২॥০	৫ পাই	২।।৫	৫৲টাকা	এই মহালে গবর্ণমেন্টের মালিকি যে স্বত্ব আছে তাহাই নীলাম হইবেক এই মহাল ১২৭২ সালের জন্য ইজারা বিলি আছে অতএব ১২৭৩ সাল অথবা ১৮৬৬ সালের ১ মে হইতে খরিদারের স্বত্ব বর্ত্তিবেক এবং খরিদারকে প্রতি সন উপযুক্ত ঘরের লিখিত মত ২।।৫ টাকা গবর্ণমেন্টের রাজস্ব দিতে হইবেক ইতি।

G. S. PARK,
Depy. Collector in charge.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 27, 1866.

মঙ্গলবার, ১৮৬৬ সাল ২৭ ফেব্রুআরি।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

No. 22 OF 1865.

A Bill to consolidate and amend the Laws relating to Railways in India.

[Continued from page 182.]

PART VII.

As to fines and convictions under this Act.

[Levy of fines under this Act.]

LIX. All fines imposed under the authority of this Act upon a Railway Company, or upon an officer or servant of a Railway Company may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods and chattels of the Railway Company, by warrant under seal of the Magistrate who shall have imposed the fine, or in case of his absence, sickness or death, by any other Magistrate.

[Power to Government to set-off fines against money payable to Company.]

LX. Whenever a Railway Company shall be convicted and sentenced to pay any fine under this Act it shall be lawful for the Local Government, if it shall think fit, to set-off and retain the amount of such fine against and out of any money

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

১৮৬৫ সাল ২২ নম্বর।

ভারতবর্ষস্থ রেলওয়েসম্পর্কীয় আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[১৮২ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৭ খণ্ড।

এই আইন অনুযায়ি অর্থদণ্ডের ও দোষ নির্ণয়ের বিধি।

[এই আইন অনুসারে অর্থদণ্ড আদায়ের কথা।]

৫৯ ধারা। এই আইনের শক্তিক্রমে কোন রেলওয়ে কোম্পানির কিম্বা ঐ কোম্পানির কোন কার্য্যকারকের কি চাকরের যে সকল অর্থদণ্ডের আদেশ হয়, তাহা যদি না দেওয়া যায়, তবে যে মাজিষ্ট্রেট সাহেব ঐ অর্থদণ্ডের আজ্ঞা করিয়াছিলেন তাঁহার মোহরাঙ্কিত ওয়ারণ্টক্রমে কিম্বা তিনি অনুপস্থিত কি পীড়িত কি মৃত হইলে অন্য কোন মাজিষ্ট্রেটের ওয়ারণ্টক্রমে ঐ রেলওয়ে কোম্পানির দ্রব্য ও সামগ্রী ধৃত ও বিক্রয়করণ দ্বারা ঐ অর্থদণ্ডের টাকা আদায় হইতে পারিবে ইতি।

[কোম্পানির প্রাপ্য টাকা হইতে গবর্ণমেণ্টের অর্থদণ্ড বাদ দিবার কথা।]

৬০ ধারা। যখন এই আইন অনুসারে কোন রেলওয়ে কোম্পানির দোষ নির্ণয় হইয়া অর্থ দণ্ড দিবার আদেশ হয়, তখন উক্ত রেলওয়ে কোম্পানিকে যদি মহিমান্বিত ভারতবর্ষের নিমিত্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের দ্বারা কি তৎপক্ষে কোন টাকা দাতব্য

payable to the said Railway Company by or on behalf of the Secretary of State for India in Council: Provided always, that no right of set-off or retainer shall exist in respect of any interest on the paid-up capital of the Company, which shall be payable by the Secretary of State for India in Council to the Railway Company, under any agreement with the said Company, or in respect of any sum payable by the said Secretary of State for India in Council to the Company in England.

[Railway Company's servant liable to be summoned where fine imposed on Company in consequence of his negligence or misconduct.]

LXI. In case any fine shall be imposed upon any Railway Company under this Act, and the failure, omission, or neglect, for which the same shall be imposed shall have been caused by the negligence or wilful misconduct of any of their servants, such servant shall be liable to be summoned, on the complaint of the said Railway Company, before a Magistrate, and upon proof to the satisfaction of the said Magistrate that the said failure, omission, or neglect was caused by the negligence or wilful misconduct of such servant, it shall be lawful for the said Magistrate to order that such servant shall make good and reimburse to the said Railway Company the amount of the said fine when it shall have been paid by it.

[Prosecution of Railway servants for offences under this Act. Penalty in default of prosecution.]

LXII. Whenever any servant of a Railway Company shall be guilty of any act or omission contrary to the provisions of this Act, or by reason of which any accident causing or likely to cause serious personal injury to the public using the Railway, or serious loss of or injury to goods carried thereon, the Company shall give notice thereof to the Local Government and (if such Government shall so direct) shall prosecute such servant before a Magistrate. If any Company shall wilfully omit to give such notice, or if (after being directed as aforesaid) it shall fail to institute and complete such prosecution, every such Company shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding one thousand Rupees.

[Apportionment of fine between servants of Company.]

LXIII. If two or more servants of the Railway Company shall be summoned at the same time under Section 61 of this Act, and shall be convicted by the said Magistrate, it shall be lawful for the said Magistrate to apportion the amount of the fine imposed upon the said Company between the several servants, having regard to the degree of negligence of which they have been guilty, and to their rate of pay and rank in the service of

হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্ট উপযুক্ত জ্ঞান করিলে সেই টাকাহইতে ঐ অর্থদণ্ডের টাকা বাদ দিয়া রাখিতে পারিবেন। পরন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সঙ্গে কোন সম্বিত-ক্রমে উক্ত রেলওয়ে কোম্পানির দত্ত মূলধনের উপর যে সুদ প্রাপ্য হয়, তাহা কিম্বা ইংলণ্ডস্থ কোম্পানিকে উক্ত সেক্রেটারী সাহেবের দাতব্য কোন টাকা বাদ দিয়া রাখিবার অধিকার নাই ইতি।

[কোম্পানির কোন চাকরের অনবধান কি অহিতাচরণ হেতুক ঐ কোম্পানির অর্থদণ্ড হইলে ঐ চাকরকে আহ্বান করিতে পারিবার কথা।]

৬১ ধারা। যদি এই আইনমতে কোন রেলওয়ে কোম্পানির কোন অর্থ দণ্ডের আজ্ঞা হয়, এবং যে অননুষ্ঠান কি ক্রুটি কি উপেক্ষা হেতুক ঐ দণ্ডের আজ্ঞা হয় তাহা যদি [illegible] কোন চাকরের অনবধানে কি ইচ্ছাধীন অহিতাচরণ দ্বারা হইয়া থাকে, তবে উক্ত রেলওয়ে কোম্পানির অভিযোগক্রমে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সেই চাকরকে আহ্বান করা যাইতে পারিবে। এবং সেই অননুষ্ঠান কি ক্রুটি কি উপেক্ষা ঐ কার্য্যকারকের অনবধান কি ইচ্ছাধীন অহিতাচরণ দ্বারা হইয়াছিল এই কথা উক্ত মাজিষ্ট্রেটের হৃদ্বোধমতে সপ্রমাণ হইলে যদি উক্ত রেলওয়ে কোম্পানি ঐ অর্থদণ্ডের টাকা পূর্ব্বে দিয়া থাকেন, তবে উক্ত মাজিষ্ট্রেট সাহেব ঐ চাকরকে উক্ত রেলওয়ে কোম্পানির ঐ টাকা ফিরিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[এই আইনের লিখিত অপরাধ হেতুক রেলওয়ের চাকরদিগের নামে অভিযোগ করিবার কথা ও না করিলে দণ্ডের কথা।]

৬২ ধারা। যদি রেলওয়ে কোম্পানির কোন চাকর এই আইনের বিধানের বিপক্ষ কোন কর্ম্ম করণ কি না করণের অপরাধী হয় কিম্বা যদ্দ্বারা ঐ রেলপথ ব্যবহারি সাধারণ লোকের শারীরিক আঘাতজনক কোন দুর্ঘটনা কি আঘাত জন্মিবার সম্ভাবনা হয় কিম্বা যদ্দ্বারা ঐ রেলপথের উপর চালিত মালের গুরুতর ক্ষতি কি অপকার হয় এমত কোন কর্ম্ম কি ক্রুটি কি দোষ করেন, তবে উক্ত কোম্পানি স্থানীয় গবর্ণমেণ্টকে সেই বিষয়ের সংবাদ দিবেন। এবং ঐ গবর্ণমেণ্ট আজ্ঞা করিলে মাজিষ্ট্রেটের সম্মুখে ঐ চাকরের নামে অভিযোগ করিবেন, যদি কোন কোম্পানি ইচ্ছাপূর্ব্বক তদ্রূপ সংবাদ না দেন কিম্বা পূর্ব্বোক্তমতে আদিষ্ট হইলে ঐ অভিযোগ উপস্থিত ও সম্পাদন না করেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে দোষনির্ণয় হইলে ঐ কোম্পানির এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[কোম্পানির অর্থদণ্ড চাকরদিগের অংশাংশমতে দিতে হইবার কথা।]

৬৩ ধারা। যদি এই আইনের ৬১ ধারামতে রেলওয়ে কোম্পানির দুই কি তদধিক চাকরকে একি সময়ে আহ্বান করা যায়, ও উক্ত মাজিষ্ট্রেটকর্ত্তৃক তাহাদের দোষ নির্ণয় হয়, তবে উক্ত কোম্পানির যে অর্থদণ্ডের আজ্ঞা হইয়াছে তাহা উক্ত মাজিষ্ট্রেট সাহেব ঐ চাকরদিগের অংশাংশমতে দিবার আজ্ঞা করিবেন। এমন স্থলে তাঁহারা প্রত্যেক জন যে অনবধানতার দোষী হইয়াছেন, এবং উক্ত কোম্পানির চাকরীতে তাঁহাদের যত বেতন ও পদের যে শ্রেণী [illegible]

the said Company, and to determine how much of the said fine shall be paid or borne by each of the defendants.

[Provision when superior servant also guilty of negligence or misconduct.]

LXIV. Provided always that if it shall appear to the said Magistrate, that although the said servants have been guilty of negligence or wilful misconduct, the failure, omission, or neglect by the Railway Company would not have occured but for the negligence or misconduct of some other servants of the Railway Company, superior in rank or in the amount of pay to the servants so summoned, and that such superior servant is capable of being summoned, the Magistrate shall not make any order to pay the amount against the servants so summoned as aforesaid until such superior servant shall have been also summoned under the said Section 61, and shall adjourn the case for the purpose of issuing such summons. Upon the return of the said summons the Magistrate may adjudicate upon the case according to the provisions of Section 61 of this Act, both as regards the servant or servants originally summoned and the superior servants subsequently summonned.

[Levy or set-off if amount of fine payable by servant.]

LXV. In case of a conviction under Section 61, 63 or 64 of this Act it shall be lawful for the Railway Company either to proceed to levy the amount ordered to be paid by such servant by sale of the goods and chattels of such servant, and if necessary by commitment of the said servant according to the provisions of Section 70 of this Act, or, if it shall think fit, to set-off and retain the amount so ordered to be paid, or any part thereof, against or out of any money payable from time to time by the said Railway Company to the said servant, and if such money shall not be sufficient for that purpose, to proceed to levy the unpaid residue of the amount so ordered to be paid by distress and sale, or by commitment as aforesaid. Provided always, that no warrant or order shall be signed or granted by any Magistrate for the issue of any distress against such servant, or for the detention or confinement of such servant, unless the said Magistrate shall be satisfied that the Railway Company has paid or satisfied the fine as ordered to be paid by it as aforesaid.

[Jurisdiction of Magistrate, &c., to fine.]

LXVI. Any person, whether a European British subject or not, who shall be guilty of any offence for which, according to the provisions of this Act, he shall be liable to a fine only, shall

[Government Gazette, 27th February 1866.]

প্রতিবাদিগণের প্রত্যেক জনের ঐ অর্থদণ্ডের যে অংশ দিতে কি ভোগ করিতে হইবে তাহা নির্ণয় করিবেন ইতি।

[উচ্চপদস্থ চাকরও অমনোযোগিতার কি অহিতাচরণের দোষী হইলে তদ্বিষয়ের বিধান।]

৬৪ ধারা। যদি উক্ত মাজিস্ট্রেট সাহেব দেখিতে পান যে, উক্ত চাকরেরা যদিও অমনোযোগিতার কি ইচ্ছা পূর্ব্বক অহিতাচরণের দোষী, তথাপি তদ্রূপ আহূত চাকরদিগহইতে রেলওয়ে কোম্পানির উচ্চ শ্রেণীস্থ কি অধিক বেতনপ্রাপ্ত অন্য চাকরদিগের অমনোযোগিতা কি অহিতাচরণ না হইলে ঐ রেলওয়ে কোম্পানি কর্তৃক সেই অমনুষ্ঠান কি ত্রুটি কি উপেক্ষা হইত না এবং সেই উচ্চ শ্রেণীর কার্য্যকারক আহূত হইতে পারেন, তবে উক্ত ৬১ ধারানুসারে সেই উচ্চ শ্রেণীর কার্য্যকারকও আহূত না হওন পর্য্যন্ত তিনি পূর্ব্বোক্তমতে আহূত চাকরদের বিপক্ষে টাকা দিবার কোন আজ্ঞা করিবেন না। ও তদ্রূপ আহ্বানপত্র প্রচার করণাভিপ্রায়ে মোকদ্দমা স্থগিত রাখিবেন। উক্ত আহ্বানপত্র ফিরিয়া আইলে মাজিস্ট্রেট সাহেব প্রথম আহূত চাকরের কি চাকরদিগের এবং পশ্চাৎ আহূত উচ্চ শ্রেণীর চাকরদিগের সম্পর্কে এই আইনের ৬১ ধারার বিধানানুসারে মোকদ্দমার নিষ্পত্তি করিবেন ইতি।

[অর্থ দণ্ডের টাকা চাকরের দাতব্য হইলে তাহা আদায় করিবার কি বাদ দিবার কথা।]

৬৫ ধারা। যখন এই আইনের ৬১ কি ৬৩ কি ৬৪ ধারামতে দোষ নির্ণয় হয়, তখন ঐ চাকরের যে অর্থ দণ্ডের আজ্ঞা হইয়াছে রেলওয়ে কোম্পানি ঐ চাকরের দ্রব্য ও সামগ্রী বিক্রয় করণদ্বারা এবং আবশ্যক হইলে এই আইনের ৭০ ধারার বিধানানুসারে ঐ চাকরকে সমর্পণ করণদ্বারা ঐ অর্থদণ্ডের টাকা আদায় করিতে পারিবেন। অথবা উচিত বোধ করিলে উক্ত রেলওয়ে কোম্পানির স্থানে উক্ত চাকরের যে টাকা সময়ে২ প্রাপ্য হয় তাহাহইতে ঐ আজ্ঞাপিত অর্থ দণ্ডের টাকা কি তাহার কোন অংশ বাদ দিয়া রাখিতে পারিবেন। এবং যদি সেই টাকা তদর্থে অকুলান হয়, তবে ঐ আজ্ঞাপিত অর্থ দণ্ডের টাকার অবশিষ্ট অংশ পূর্ব্বোক্তমতে দ্রব্য ধৃত ও বিক্রয় করণদ্বারা কিম্বা সমর্পণ করণ দ্বারা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। পরন্তু পূর্ব্বোক্ত রেলওয়ে কোম্পানির যে অর্থদণ্ড দিবার আজ্ঞা হইয়াছে রেলওয়ে কোম্পানি তাহা দিয়াছেন কিম্বা তাহার বিধান করিয়াছেন উক্ত মাজিস্ট্রেট সাহেব যদি ইহা সন্তোষ মতে না জানেন, তবে তিনি ঐ চাকরের বিরুদ্ধে দ্রব্য ধৃত করণের ওয়ারেণ্ট দিবার কিম্বা তাহাকে আসিদ্ধ কি কারাবদ্ধ করিবার কোন ওয়ারেণ্টে কি আজ্ঞাপত্রে স্বাক্ষর করিবেন না ও সেই পত্র দিবেন না ইতি।

[অর্থদণ্ড করিতে মাজিস্ট্রেট প্রভৃতির ক্ষমতার কথা।]

৬৬ ধারা। এই আইনের বিধানমতে যে কোন অপরাধ হেতুক কেবল অর্থদণ্ড হইতে পারে যদি কোন ব্যক্তি সেই অপরাধ করেন, তবে সেই ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউন কি না হউন কলিকাতা কি

be punishable for such offence by any Justice of the Peace for any of the Presidency Towns of Calcutta, Madras, and Bombay, Magistrate, Joint-Magistrate, or person lawfully exercising the powers of a Magistrate, whether the offence shall have been committed within the local limits of the Jurisdiction of such Officer or not; and any person hereby made punishable by a Justice of the Peace shall be punishable upon summary conviction.

[Conviction to be quashed on merits only. Form of conviction, &c.]

LXVII. No conviction, order or judgment of any Justice of the Peace shall be quashed for error of form or procedure, but only on the merits; and it shall not be necessary to state on the face of the conviction, order, or judgment, the evidence on which it proceeds; but the depositions taken or a copy of them, shall be returned with the conviction, order, or judgment in obedience to any writ of *certiorari*, and if no jurisdiction appears on the face of the conviction, order, or judgment, but the depositions taken supply that defect, the conviction, order, or judgment shall be aided by what so appears in such depositions.

[Magistrate may refer case to his Assistant or Deputy.]

LXVIII. A Magistrate may refer for trial and decision any charge of an offence hereby made punishable by fine only to any of his assistants or to any Deputy Magistrate lawfully appointed to exercise the powers of a Covenanted Assistant; and in such case every such Assistant or Deputy Magistrate may exercise all the powers vested in a Magistrate subject to all the rules applicable to criminal cases deputed to such Assistant or Deputy Magistrate acting judicially.

[Local Government may authorize Assistant to exercise without reference powers given to them on reference. Proviso.]

LXIX. The local Government may give general authority to any such Assistant or Deputy Magistrate to exercise, without reference by a Magistrate, any of the powers which they are hereby rendered competent to exercise upon reference by a Magistrate, subject to appeal to the Magistrate from any conviction by such Assistant or Deputy Magistrate, within one calendar month from the date of conviction: Provided that a Magistrate may at any time call from any of his

মাদ্রাজ কি বোম্বাই রাজধানীর নিমিত্ত শান্তিরক্ষার্থ কোন জুষ্টিসের দ্বারা কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের কি জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কর্ম্মকারি ব্যক্তির দ্বারা তাঁহার সেই অপরাধের দণ্ড হইতে পারিবে। এবং সেই অপরাধ ঐ কার্য্যকারকের বিচারাধিপত্যের সীমাবর্ত্তি স্থানের মধ্যে করা গেলে কি না গেলেও তিনি সেই দণ্ড করিতে পারিবেন। এবং এই ধারাক্রমে শান্তিরক্ষার্থ জুষ্টিসের দ্বারা যে ব্যক্তির দণ্ড হইতে পারে স্থূলমতে তাঁহার দোষ নির্ণয় হইলে তাঁহার সেই দণ্ড হইতে পারিবে ইতি।

[দোষ নির্ণয় করণ কেবল দোষ গুণক্রমে অসিদ্ধ হইতে পারিবার ও দোষ নির্ণয়ের পাঠের কথা।]

৬৭ ধারা। শান্তিরক্ষার্থ কোন জুষ্টিস কর্ত্তৃক যে কোন দোষ নির্ণয় হয় কি যে আজ্ঞা কি বিচার হয় তাহা দাঁড়া কি কার্য্য প্রণালীর ভ্রম প্রযুক্ত অসিদ্ধ হইবে না, কেবল দোষগুণক্রমে অসিদ্ধ হইতে পারিবে, এবং যে প্রমাণক্রমে দোষ নির্ণয় কি আজ্ঞা কি বিচার হয় তাহাও ঐ নির্ণয়পত্র প্রভৃতির অভিমুখে ব্যক্ত করা আবশ্যক নাই, কিন্তু সর্টিওরারই নামক কোন আজ্ঞাপত্র বাহির হইলে তদনুসারে দোষ নির্ণয়পত্রের কি আজ্ঞাপত্রের কি বিচারপত্রের সহিত গৃহীত সাক্ষ্য কি তাহার প্রতিলিপি দেওয়া যাইবে। যদি দোষনির্ণয় কি আজ্ঞা কি বিচারপত্রের অভিমুখে বিচারাধিপত্য না থাকা দৃষ্ট হয় কিন্তু গৃহীত সাক্ষ্য দ্বারা ঐ ত্রুটির প্রতিকার হয়, তবে সেই সাক্ষ্যপত্রে যাহা দৃষ্ট হইল তদ্দ্বারা ঐ দোষ নির্ণয়ের কি আজ্ঞার কি বিচারের সাহায্য হইবে ইতি।

[আসিষ্টান্টের কি ডেপুটীর প্রতি মাজিষ্ট্রেট সাহেবের মোকদ্দমা অর্পণ করিবার কথা।]

৬৮ ধারা। এই আইনমতে যে অপরাধের কেবল অর্থদণ্ড হইতে পারে মাজিষ্ট্রেট সাহেব সেই অপরাধের কোন অভিযোগের বিচার ও নিষ্পত্তি করণার্থে আপন আসিষ্টান্টদের মধ্যে কোন ব্যক্তির প্রতি কিম্বা আইনমতে চিহ্নিত আসিষ্টান্টের ক্ষমতাক্রমে কার্য্য করণার্থে নিযুক্ত কোন ডেপুটী মাজিষ্ট্রেটের প্রতি সেই অভিযোগ অর্পণ করিতে পারিবেন। বিচারকর্তা কর্ম্মকারি ঐ আসিষ্টান্ট সাহেবদের কি ডেপুটী মাজিষ্ট্রেটের প্রতি অর্পিত ফৌজদারী মোকদ্দমার বিষয়ে যে সকল বিধি বর্ত্তে, সেই সকল বিধিমতে পূর্ব্বোক্ত গতিকে তদ্রূপ প্রত্যেক আসিষ্টান্ট সাহেব কি ডেপুটী মাজিষ্ট্রেট, মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পিত সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

[আসিষ্টান্টের প্রতি মোকদ্দমা অর্পণ হইলে তাঁহারা যে ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন অর্পিত না হইলেও সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতাদান করিবার কথা। ও বর্জ্জনীয় কথা।]

৬৯ ধারা। মাজিষ্ট্রেট সাহেব আসিষ্টান্ট সাহেবের কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেটের প্রতি কোন মোকদ্দমা অর্পণ করিলে তাঁহারা এই আইনক্রমে যে ক্ষমতামতে কার্য্য করিতে পারেন, মাজিষ্ট্রেট সাহেব অর্পণ না করিলেও স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাদিগকে সেই ক্ষমতানুসারে কর্ম্ম করিবার সাধারণ শক্তি দিতে পারিবেন। তদ্রূপ স্থলে ঐ আসিষ্টান্ট সাহেব কি ডেপুটী মাজিষ্ট্রেট কোন দোষ নির্ণয় করিলে পর এক মাসের মধ্যে সেই দোষ নির্ণয়ের উপর মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপীল হইতে পারিবে। পরন্তু মাজিষ্ট্রেট সাহেবের

Assistants, or from any Deputy Magistrate subordinate to him any case pending before such Assistant or Deputy Magistrate.

[Fines how to be recovered.]

LXX. All fines imposed under the authority of this Act for offences punishable by fine only by any Justice of the Peace, Magistrate, Joint-Magistrate, or person lawfully exercising the powers of a Magistrate, or by any Assistant to a Magistrate or Deputy Magistrate, may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods and chattels of the offender by warrant under the hand of any of the above-named Officers. In case any such fine shall not be forthwith paid, any such Officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless the offender shall give security to the satisfaction of such Officer for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress, and such Officer may take such security by way of recognizance or otherwise. If upon the return of such warrant it shall appear that no sufficient distress can be had whereon to levy such fine, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of the said Officer, by the confession of the offender or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such fine or sum of money could be levied if a warrant of distress were issued, any such Officer may, by warrant under his hand, commit the offender to prison, there to be imprisoned only, or to be imprisoned and kept to hard labour, according to the discretion of such Officer, for any term not exceeding two calendar months when the amount of the fine shall not exceed fifty Rupees, and for any term not exceeding four calendar months when the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six calendar months in any other case, the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Jurisdiction in the Madras and Bombay Presidencies.]

LXXI. The heads of District Police and Ameens of Police in the Presidency of Madras, and District or joint Police Officers in the Presidency of Bombay, may punish, to the extent of the powers conferred upon them respectively in petty offences, any offence hereby made punishable by fine not exceeding twenty Rupees.

অধীন আসিষ্টান্টদের মধ্যে কোন ব্যক্তির কিম্বা কোন ডেপুটী মাজিষ্ট্রেটের সম্মুখে যে মোকদ্দমা উপস্থিত থাকে মাজিষ্ট্রেট সাহেব কোন সময়ে তন্মধ্যে কোন মোকদ্দমা তলব করিতে পারিবেন ইতি।

[অর্থদণ্ড যে প্রকারে আদায় হইবে তাহার কথা।]

৭০ ধারা। যে অপরাধের কেবল অর্থদণ্ড হইতে পারে তন্নিমিত্তে শান্তিরক্ষার্থ কোন জষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জাইণ্ট মাজিষ্ট্রেট কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্যকারি কোন ব্যক্তি কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের কোন আসিষ্টান্ট কি ডেপুটী মাজিষ্ট্রেট এই আইনের বলে যে সকল অর্থদণ্ড করেন তাহা না দেওয়া গেলে, পূর্ব্বোক্ত কোন কার্য্যকারকের স্বাক্ষরিত ওয়ারণ্টক্রমে অপরাধির দ্রব্য ও সামগ্রী ধৃত ও বিক্রয় করিয়া ঐ অর্থদণ্ড আদায় হইতে পারিবে। এবং যদি তদ্রূপ অর্থদণ্ড তৎক্ষণাৎ না দেওয়া যায়, তবে সেই কার্য্যকারক ঐ অপরাধিকে ধৃত করিয়া দ্রব্য ধৃত করিবার সেই ওয়ারণ্ট সুবিধামতে যত কাল ফিরিয়া না আইসে তত কাল পর্য্যন্ত তাহাকে নির্ব্বিঘ্নে আসেধ করিতে আজ্ঞা করিবেন। কিন্তু যদি অপরাধী ঐ কার্য্যকারকের হৃদ্বোধমতে দ্রব্য ধৃত করণের ঐ ওয়ারাণ্ট ফিরিয়া দেওনের নিরূপিত সময়ে ও স্থানে উপস্থিত হইবার প্রতিভূ দেন, তবে সেই কার্য্যকারক অর্থ দিবার প্রতিজ্ঞাপত্র কি প্রকারান্তরে ঐ প্রতিভূ গ্রহণ করিতে পারিবেন। এবং সেই ওয়ারণ্ট ফিরিয়া আইলে যদি দৃষ্ট হয় যে ঐ অর্থদণ্ড আদায় করণার্থে ধৃত করিবার প্রচুর কোন দ্রব্য পাওয়া যায় না, এবং ঐ অর্থদণ্ড তৎক্ষণাৎ না দেওয়া যায়, অথবা যদ্যপি ঐ অপরাধির স্বীকারক্রমে কিম্বা প্রকারান্তরে ঐ কার্য্যকারকের হৃদ্বোধমতে দৃষ্ট হয় যে, দ্রব্য ধৃত করিবার ওয়ারণ্ট প্রচার হইলেও ঐ অর্থদণ্ড কি টাকা যাহাতে আদায় হইতে পারে ঐ ব্যক্তির উপযুক্ত এমত দ্রব্য কি সামগ্রী নাই, তবে সেই কার্য্যকারক আপনার স্বাক্ষরিত ওয়ারণ্টক্রমে অপরাধিকে কারাগারে অর্পণ করিতে পারিবেন, যদি ৫০৲ টাকার অনধিক অর্থদণ্ডের আজ্ঞা হয়, তবে ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামতে দুই মাসের অনধিক কাল, কিম্বা এক শত টাকার অনধিক দণ্ড হয়, তবে ইংলণ্ডীয় পঞ্জিকামত চারি মাসের অনধিক কাল এবং অন্য কোন গতিকে ছয় মাসের অনধিক কাল, পর্য্যন্ত ঐ কার্য্যকারকের বিবেচনামতে সেই অপরাধির কেবল কারাদণ্ড কিম্বা কারাদণ্ড ও কঠিন পরিশ্রম হইতে পারিবে। পূর্ব্বোক্ত কোন স্থলে অর্থদণ্ড দেওয়া গেলেই কারাদণ্ড রহিত হইবে ইতি।

[মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীতে বিচারাধিপত্যের কথা।]

৭১ ধারা। মান্দ্রাজ রাজধানীতে জিলার পোলীসের প্রধান কার্য্যকারকেরা ও পোলীসের আমীনেরা, এবং বোম্বাই রাজধানীতে জিলার কি পোলীসের জাইণ্ট কর্ম্মকারকেরা ক্ষুদ্র২ অপরাধ সম্পর্কে যে পর্য্যন্ত ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন তদনুসারে এই আইনক্রমে বিশ টাকার অনধিক অর্থদণ্ডনীয় কোন অপরাধের দণ্ড করিতে পারিবেন ইতি।

PART VIII.

Miscellaneous.

[Company to regulate the use of the Railway.]

LXXII. It shall be lawful for any such Company, from time to time, subject to the provisions of this Act, to make regulations for the following purposes: (that is to say)—

For regulating the mode by which, and the speed at which, carriages using the Railway are to be moved or propelled;

For regulating the times of the arrival and departure of any such carriages;

For regulating the lighting, loading, or unloading of such carriages, and the number of passengers or the weights which such carriages are respectively to carry;

For regulating the receipt and delivery of goods and other things which are to be conveyed upon such carriages;

And, generally, for regulating the travelling upon, or using and working of, the Railway;

But no such regulation shall authorize the closing of the Railway, or prevent the passage of engines or carriages on the Railway at reasonable times, except at any time when, in consequence of any of the works being out of repair, or from any other sufficient cause, it shall be necessary to close the Railway, or any part thereof.

[Power to make regulations by bye-laws.]

LXXIII. For better enforcing the observance of all or any of such regulations, it shall be lawful for the Company to make bye-laws, and from time to time to repeal or alter such bye-laws, and make others, provided that such bye-laws be not repugnant to the laws of British India, or to the provisions of this Act and be confirmed or allowed by the Local Government; and such bye-laws shall be reduced into writing, and shall have affixed thereto the common seal of the Company; and any person offending against any such bye-law shall be liable for every such offence to a fine not exceeding fifty Rupees, to be imposed by the Company in such bye-laws as a penalty for any such offence, and if the infraction or non-observance of any such bye-law or other such regulation as aforesaid, be attended with danger or annoyance to the public, or hindrance to the Company in the lawful use of the Railway, it shall be lawful for the Company summarily to interfere to obviate or remove such danger, annoyance or hindrance, and that without prejudice to any penalty incurred by the infraction of any such bye-law.

[Publication of such bye-laws.]

LXXIV. The substance of such last mentioned bye-laws, when confirmed or allowed by the

অষ্টম খণ্ড।

বিবিধ বিধি।

[রেল পথের ব্যবহার সম্পর্কে কোম্পানির বিধান করিবার কথা।]

৭২ ধারা। তদ্রূপ কোন কোম্পানি এই আইনের বিধান প্রতিপালন করিয়া সময়েং পশ্চাৎ লিখিত কার্য্যের বিধান করিতে পারিবেন বিশেষতঃ

রেল পথে যে গাড়ির ব্যবহার হয় তাহা যে প্রকারে ও যত বেগে চালিত কি আকৃষ্ট হইবে তাহার বিধি।

তদ্রূপ কোন গাড়ির গমনাগমনের সময়ের বিধি।

তদ্রূপ গাড়িতে আলো দিবার ও মাল তুলিবার কি নামাইবার বিধি, এবং প্রত্যেক গাড়িতে যত জন চড়িতে পারিবে কি যত ওজনের দ্রব্য দেওয়া যাইবে তাহার বিধি।

সেই গাড়িতে যে দ্রব্যাদি চালিত হইবে তাহার গ্রহণের ও সমর্পণের বিধি।

এবং সাধারণমতে ঐ রেল পথের উপর গমনের কি তদ্ব্যবহারের ও তৎকার্য্য প্রচলনের বিধি।

কিন্তু যে সময়ে রেল পথ সম্পর্কীয় কোন বিষয়ের সংস্কার প্রযুক্ত কি উপযুক্ত অন্য কারণে ঐ রেল পথ কি তাহার কোন অংশ বন্ধ করা আবশ্যক হয় তদ্ভিন্ন যুক্তিমত কোন সময়ে পূর্ব্বোক্ত বিধানক্রমে রেল পথ বন্ধ হইবার কিম্বা রেল পথে কলের কি গাড়ির গমন নিবারণ করিবার অনুমতি হইবে না ইতি।

[উপবিধি দ্বারা বিধান করিবার ক্ষমতার কথা।]

৭৩ ধারা। পূর্ব্বোক্ত সকল কি কোন বিধানের প্রতিপালন প্রবল করণার্থে কোম্পানি উপবিধি করিতে এবং সময়েং সেই উপবিধি রহিত কি পরিবর্ত্ত করিয়া অন্য উপবিধি করিতে সক্ষম হইবেন। কিন্তু সেই উপবিধি ব্রিটনীয় ভারতবর্ষের আইনের এবং এই আইনের বিধানের অসঙ্গত না হয়, ও স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক দৃঢ়ীভূত কি অনুমোদিত হয়। এবং সেই উপবিধি লিপিবদ্ধ হইবে ও তাহাতে কোম্পানির সাধারণ মোহর দেওয়া যাইবে। যদি কোন ব্যক্তি তদ্রূপ কোন উপবিধির বিরুদ্ধ অপরাধ করে, তবে কোম্পানি উপবিধিমতে সেই অপরাধের জন্যে ৫০ টাকার অনধিক যে দণ্ডের আজ্ঞা করেন ঐ অপরাধির সেই দণ্ড হইতে পারিবে। এবং সেই উপবিধি কিম্বা পূর্ব্বোক্ত অন্য বিধান লঙ্ঘন কিঅপ্রতিপালন দ্বারা যদি সাধারণ লোকদের আপদ কি ক্লেশ জন্মে কিম্বা রেল পথের উপযুক্ত ব্যবহার সম্পর্কে কোম্পানির বাধা জন্মে, তবে সেই কোম্পানি ঐ আপদ কি ক্লেশ কি বাধা নিবারণ কি স্থানান্তর করণার্থে অকস্মাৎ হস্তক্ষেপ করিতে পারিবেন। তাহা করিলেও সেই উপবিধি লঙ্ঘন হেতুক যে কোন দণ্ড বর্ত্তে তাহা হইবার বাধা হইবে না ইতি।

[সেই উপবিধি প্রকাশ হইবার কথা।]

৭৪ ধারা। শেষোক্ত প্রকার উপবিধির মর্ম্ম স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক দৃঢ়ীভূত কি অনুমোদিত হইলে তাহা

Local Government shall be painted on boards or printed on paper in English and the vernacular language of the District, and pasted on boards and hung up and affixed and continued on the front or other conspicuous part of every Station belonging to the Company, according to the nature or subject-matter of such bye-laws respectively, and so as to give public notice thereof to the parties interested therein or affected thereby, and such boards shall from time to time be renewed as often as the bye-laws thereon or any part thereof shall be obliterated or destroyed. No fine imposed by any such bye-laws shall be recoverable, unless the same shall have been published and kept published in manner aforesaid.

[Such bye-laws to be binding on all parties.]

LXXV. Such bye-laws when so confirmed, published, and affixed, shall be binding upon, and be observed by, all parties, and shall be sufficient to justify all persons acting under the same; and for proof of the publication of any such bye-laws, it shall be sufficient to prove that a printed paper or printed board, containing a copy of such bye-laws, was affixed and continued in manner by this Act directed, and in case of its being afterwards displaced or damaged, then that such paper or board was re-placed as soon as conveniently might be.

[Copy and translation of Act to be shown at Railway Stations.]

LXXVI. A copy of this Act, and of the General Regulations, Time Tables, and Tariff of charges, which shall from time to time be published by any Railway Company with the sanction of the Local Government, shall be exhibited in some conspicuous place at each Station of every Railway, so that they may be easily seen and read, and all such documents shall be so exhibited in English and in the vernacular language of the District in which the Station is situate, and in such other language, if any, as shall be required by order of the Local Government.

[All Indian Railways to be within the Act.]

LXXVII. Every Railway within India used for the public conveyance of passengers or goods shall, until the contrary be proved, be presumed to be a Railway within the meaning of this Act; and every Company to whom any such Railway shall belong shall, until the contrary be proved, be presumed to be a Railway Company within the meaning of this Act.

STATEMENT OF OBJECTS AND REASONS.

The object of this Bill is to consolidate and amend the law relating to Railways in India.

[*Government Gazette, 27th February* 1866.]

ইংলণ্ডীয় এবং প্রদেশের প্রচলিত ভাষায় রংদিয়া তক্তায় লিখিত হইয়া কিম্বা কাগজে মুদ্রিত হইয়া তক্তায় লাগাইয়া, কোম্পানির প্রত্যেক ষ্টেশনের সম্মুখ ভাগে কি অন্য প্রকাশ স্থানে লটকান যাইবে ও সংলগ্ন করা যাইবে। এবং উপবিধির ভাব কি মর্ম্মানুসারে এবং সেই২ বিধিতে যে ব্যক্তিদের স্বার্থ কি সম্পর্ক সম্ভাবনা ইাঁহারা যাহাতে তদ্বিষয়ের প্রকাশিত সংবাদ প্রাপ্ত হন এই মতে সংলগ্ন থাকিবে, এবং সেই তক্তার লিখিত উপবিধি কি তাহার কোন অংশের অক্ষর যত বার অস্পষ্ট কি নষ্ট হয় তত বার তাহা নূতন করিতে হইবে। উক্ত প্রকারের কোন বিধি যদি পূর্ব্বোক্ত প্রকারে প্রকাশিত না হয় ও প্রকাশিত ভাবে না রাখা যায়, তবে সেই উপবিধির অবধারিত কোন অর্থদণ্ড আদায় হইতে পারিবে না ইতি।

[উক্ত উপবিধিক্রমে সকল ব্যক্তির বদ্ধ হইবার কথা।]

৭৫ ধারা। সেই প্রকারের উপবিধি পূর্ব্বোক্তমতে দৃঢ়ীভূত ও প্রকাশিত হইলে ও লটকাইয়া দেওয়া গেলে সকল ব্যক্তি তাহাতে বদ্ধ হইয়া তাহা পালন করিবেন। তদনুসারে যে সকল ব্যক্তি কর্ম্ম করেন তাঁহারা সেই উপবিধিক্রমে যথেষ্টনির্দ্দোষী হইবেন এবং তদ্রূপ উপবিধির প্রতিলিপি যাহাতে থাকে এমত মুদ্রিত কাগজ কি মুদ্রিত তক্তা এই আইনের নির্দ্ধারিত মতে লটকান গিয়াছিল ও লটকাইয়া রাখা হইয়াছিল ইহার প্রমাণ হইলেই, এবং তৎপরে সেই তক্তার স্থানান্তর কি অপকার হইলে তৎপরিবর্ত্তে সুবিধামতে ত্বরায় সেই কাগজ কি তক্তা পুনরায় ঐ স্থানে দেওয়া গেল ইহার প্রমাণ হইলে ঐ উপবিধি প্রকাশের যথেষ্ট প্রমাণ হইবে ইতি।

[রেলওয়ে ষ্টেশনে আইনের প্রতিলিপি ও অনুবাদ দেখাইবার কথা।]

৭৬ ধারা। এই আইনের প্রতিলিপি এবং কোন রেলওয়ে কোম্পানি সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে যে সকল সাধারণ বিধি ও টাইম টেবিল ও ভাড়া প্রভৃতির ফর্দ্দ করেন তাহা প্রত্যেক রেলওয়ের প্রত্যেক ষ্টেশনের কোন প্রকাশ্য স্থানে এমন দর্শান যাইবে যে তাহা অনায়াসে দৃষ্টি ও পাঠ করা যাইতে পারে। ও তদ্রূপ সকল পত্রাদি ইংরেজী ভাষায়, ও ষ্টেশন যে প্রদেশে থাকে সেই প্রদেশের চলিত ভাষায় এবং স্থানীয় গবর্ণমেণ্ট অন্য ভাষার আজ্ঞা করিলে সেই ভাষায় মুদ্রিত হইয়া প্রকাশ হইবে ইতি।

[এই আইনের মধ্যে ভারতবর্ষীয় সকল রেলওয়ে গণ্য করিবার কথা।]

৭৭ ধারা। গমনেচ্ছুক ব্যক্তিদের কি দ্রব্যের প্রকাশ্যরূপে প্রেরণ করিবার জন্যে ভারতবর্ষের মধ্যে যে প্রত্যেক রেল পথের ব্যবহার হয়, বিপক্ষ প্রমাণ না হওয়া পর্য্যন্ত তাহা এই আইনের অর্ন্তগত রেল পথ জ্ঞান হইবে। এবং তদ্রূপ কোন রেল পথ যে কোম্পানির হয় বিপক্ষ প্রমাণ না হওয়া পর্য্যন্ত ঐ কোম্পানি এই আইনের অর্ন্তগত রেলওয়ে কোম্পানি জ্ঞান হইবেন ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ভারতবর্ষস্থ রেল পথ সম্পর্কীয় আইন সংশোধন ও সংগ্রহ করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। ১৮৫৪ সালের

It repeals and re-enacts, with the necessary alterations and additions, Act No. XVIII of 1854 with the amending Act No. LII of 1860.

The principal alterations are the following :—

Act XVIII of 1854 only applies to the Railways working under the superintendence of Government. The present Bill applies to all Indian Railways, and Tramways, whether under the superintendence of Government or not, and whether opened or not for traffic.

The Act only applies to the Territories in the possession and under the Government of the Company. The Bill applies not only to the Territories vested in Her Majesty under 21 & 22 Vic., Cap. 106, but also (so far as regards British subjects) to the dominions of allied Princes and States in the East Indies.

The chief additions are as follows :—

Opium has been added to the list of articles mentioned in Section 10 of the Act, for the loss of which the Company is not liable in the absence of a special contract.

The Local Government, like the Board of Trade under 5 & 6 Vic., Cap. 55, Section 14, is empowered to authorize Railway Companies to enter upon adjoining lands to repair accidents. The Local Government is also to appoint a proper Officer to inspect any Railway, and a penalty is imposed on persons obstructing such Inspector. These provisions are taken from the Statute 3 & 4 Vic., Cap. 97, Sections 5 and 6. Before opening any Railway for passenger traffic, a month's notice in writing is to be given by the Company to the Local Government. The Local Government is empowered to postpone the opening. Here again English statutory provisions have been adopted. When a line has been opened and becomes unsafe in any part the Local Government is empowered to close such part until it may be re-opened with safety.

Provision is made to compel the Companies to erect and maintain the gates mentioned in Section 19 of the Act, and to employ proper persons to open and shut them. Dangerous quarries and ballast-pits are to be fenced or filled up.

The Companies are required to make arrangements for receiving and forwarding traffic without unreasonable delay and without partiality, and persons complaining that reasonable facilities for forwarding traffic, &c., are withheld, may apply to the High Court. The provisions on this

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ২৭ ফেব্রুআরি।]

১৮ আইনের এবং তৎসংশোধক ১৮৬০ সালের ৫২ আইনের প্রয়োজনমতে সংশোধন ও তন্মধ্যে অতিরিক্ত কথা সংযোগ পূর্ব্বক সেই আইন এই পাণ্ডুলিপিতে রহিত হইয়া পুনশ্চ প্রচলিত করা যাইবে।

সংশোধনের মধ্যে প্রধান বিষয় এই২।

গবর্ণমেণ্টের তত্ত্বাবধারণে যে সকল রেলওয়ের কর্ম্ম চলে কেবল সেই রেলওয়ের প্রতি ১৮৫৪ সালের ১৮ আইন বর্ত্তে। কিন্তু এই পাণ্ডুলিপি গবর্ণমেণ্টের তত্ত্বাধীন হউক কি না হউক ও বাণিজ্যের নিমিত্তে খোলা গেলে কি না গেলেও ভারতবর্ষের সমস্ত রেলওয়ের ও ট্রামওয়ের প্রতি বর্ত্তিবে।

উক্ত আইন কেবল কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশের প্রতি বর্ত্তে। এই পাণ্ডুলিপি মহারাজ্ঞী বিকুটোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ক্রমে শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর প্রতি অর্পিত সমস্ত দেশের বিষয়ে যদ্রূপে বর্ত্তে, ব্রিটনীয় প্রজাগণের সম্পর্কে ভারতবর্ষস্থ সন্ধিবদ্ধ রাজাদের অধিকারের প্রতিও তদ্রূপে বর্ত্তে।

অতিরিক্ত কথার মধ্যে প্রধান এই২।

বিশেষ চুক্তি না থাকিলে যে২ দ্রব্যের ক্ষতি হইলেও কোম্পানি দায়ী না হন আইনের ১০ ধারার লিখিত সেই২ দ্রব্যের নামাবলীতে আফীমও দেওয়া গেল।

মহারাজ্ঞী বিকুটোরিয়ার ৫ ও ৬ বৎসরের আইনের ৫৫ অধ্যায়ের ১৪ ধারাক্রমে বোর্ড ট্রেডের যে ক্ষমতা আছে দুর্ঘটনার সংস্কার করণার্থে নিকট ভূমিতে প্রবেশ করিতে রেলওয়ে কোম্পানিদিগকে তদ্রূপ ক্ষমতা প্রদানার্থে স্থানীয় গবর্ণমেণ্টকে শক্তি দেওয়া গেল। আরো স্থানীয় গবর্ণমেণ্ট কোন রেলপথ পরিদর্শনার্থে উপযুক্ত কর্ম্মকারককে নিযুক্ত করিবেন। কোন ব্যক্তিরা সেই পরিদর্শকের কর্ম্মে বাধা করিলে তাঁহার দণ্ডের আজ্ঞা হইয়াছে। এই২ বিধান মহারাজ্ঞী বিকুটোরিয়ার ৩ ও ৪ বৎসরের আইনের ৯৭ অধ্যায়ের ৫ ও ৬ ধারাহইতে গৃহীত হইল। লোকদের গমনাগমনার্থে কোন রেলপথ মুক্ত করিবার পূর্ব্বে এক মাস থাকিতে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট কোম্পানির সেই বিষয়ের সংবাদ লিখিয়া দিতে হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট সেই পথ খুলিবার সময় বিলম্ব করাইতে ক্ষমতাপন্ন আছেন। এই স্থলেও ইংলণ্ডীয় আইনযুক্ত বিধান গৃহীত হইল। কোন পথ খোলা হইলে পর যদি তাহার কোন অংশ ভয়যুক্ত হয়, তবে যত কাল তাহা নির্ব্বিঘ্নে পুনশ্চ খোলা যাইতে না পারে তত কাল পর্য্যন্ত স্থানীয় গবর্ণমেণ্ট সেই অংশ বন্ধ রাখিতে ক্ষমতাপন্ন হইলেন।

আইনের ১৯ ধারাতে যে দ্বারের কথা উল্লেখ হইয়াছে কোম্পানিদিগকে সেই২ দ্বার প্রস্তুত ও রক্ষা করাইবার ও তাহা খুলিতে ও বন্ধ করিতে উপযুক্ত ব্যক্তিদিগকে নিযুক্ত করাইবার বিধান হইল। শঙ্কাজনক খনি ও কাঁকরাদির গর্ত্ত বেড়া দিয়া ঘেরাইবার কি বুজাইয়া দিবার বিধান হইয়াছে।

অযুক্তিমতে বিলম্ব ও পক্ষপাত বিনা বাণিজ্য দ্রব্য গ্রহণ করিবার ও চালাইবার নিয়ম করিতে কোম্পানিদের প্রতি আজ্ঞা হইল। এবং বাণিজ্য দ্রব্যাদি চালাইবার যুক্তিমত সদুপায় হয় নাই এই বিষয়ের অভিযোক্তারা হাই কোর্টে প্রার্থনা করিতে পারিবেন। এই বিষয়ের সকল বিধান মহারাজ্ঞী বিকুটোরিয়ার

head are taken, with the necessary modifications, from the English Statute 17 & 18 Vic., Cap. 31.

The Companies are required, within forty-eight hours, to give notice to the Local Government and the Consulting Engineer, of any death or serious accident upon the Railway. They will also have to make Returns of such accidents and of the aggregate traffic in passengers, cattle and goods. Tables of tolls are also to be made and delivered to Government. Such traffic returns and tables are required in England by Statute 3 & 4, Vic. Cap. 97.

As to Railway servants, the Bill provides that they are to be deemed "public servants" within the meaning of Sections 161-165 of the Indian Penal Code. This, it is hoped, will discourage the practice of accepting bribes to forward goods, which is said to prevail to a serious extent. The Bill also contains provisions requiring Station Masters to give notice of accidents to the Police, and imposes penalties on Railway Officers making false Returns. As to fines and convictions, the principal additions are a power to Government to set-off fines on a Company against money payable to the Company by the Secretary of State for India. This, of course, is not to apply to guaranteed interest on the paid-up capital of the Company. The Bill also contains provisions as to the liability of a Railway Company's servant when a fine is imposed on the Company in consequence of his neglect; as to the prosecution of such servants for offences under the Bill: as to the apportionment of fines between them where an offence has been jointly committed and; as to the levy or set-off by the Company of the amount of fine payable by any such servant.

Lastly, the Bill empowers the Companies to make bye-laws to regulate the use of the Railways and provides for the publication and enforcement of such bye-laws.

With these additions to the Railway law and with the provisions as to fines necessary to give them effect, the Bill has become so lengthy as to render it desirable to divide it into parts with titles. Part I contains some preliminary provisions. Part II, regulations as to passegers, their fares, and luggage. Part III, regulations as to goods Part IV, the regulations for the protection of the Officers, servants, and property of Railway Companies. Part V, the regulations binding on the Companies; Part VI, the regulations binding on Railway Officers and servants. Part VII relates to fines and convictions under the Act; and Part VIII contains some miscellaneous enactments, including the provisions as to bye-laws.

১৭ ও ১৮ বৎসরের ইংলণ্ডীয় আইনের ৩১ অধ্যায়হইতে গৃহীত হইয়া আবশ্যকমতে মতান্তরিত হইয়াছে।

কোম্পানিদিগকে আরো আদেশ হইল যে রেলপথের উপর কোন ব্যক্তির মৃত্যু কি কোন গুরুতর দুর্ঘটনার পর তাঁহারা ৪৮ ঘণ্টার মধ্যে স্থানীয় গবর্ণমেণ্টের ও কনসলটিং ইঞ্জিনিয়র সাহেবের নিকটে সংবাদ দেন। আরো তাঁহাদিগকে তদ্রূপ দুর্ঘটনার রিটর্ণ এবং যে লোকেরা গমনাগমন করেন ও যে সকল পশু ও দ্রব্যাদি প্রেরণ হয় তাহার মোট সংখ্যার রিটর্ণ দিতে হইবে। ভাড়ার টেবিলও প্রস্তুত হইয়া গবর্ণমেণ্টকে দিতে হইবে। ইংলণ্ডে মহারাজ্ঞী বিক্টোরিয়ার ৩ ও ৪ বৎসরের আইনের ৯৭ ধারাতে বাণিজ্যের তদ্রূপ রিটর্ণ ও টেবিল দিবার নিয়ম আছে।

পাণ্ডুলিপিতে রেলওয়ে সম্পর্কীয় কার্য্যকারকদের বিষয়ে এই বিধান হইল, তাঁহারা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬১ অবধি ১৬৫ পর্য্যন্ত ধারার অর্থগত রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন। কথিত আছে যে তাঁহারা মাল চালাইবার নিমিত্তে অতি বিস্তৃতরূপে উৎকোচ গ্রহণ করিয়া থাকেন। উক্ত বিধানে সেই রীতি রহিত হইবার আশা হইল। ঐ পাণ্ডুলিপিতে আরো এই বিধান হইল যে ষ্টেশন মাষ্টরেরা পোলীসের নিকটে দুর্ঘটনার সংবাদ দেন এবং রেলওয়ের কার্য্যকারকেরা মিথ্যা সংবাদ দিলে তাঁহাদের দণ্ডের বিধান হইল। অর্থদণ্ড ও দোষনির্ণয় সম্পর্কে অতিরিক্ত এই২ প্রধান বিধি হইল কোম্পানির অর্থদণ্ড হইলে ভারতবর্ষের পক্ষ ষ্টেট সেক্রেটারী সাহেবের স্থানে ঐ কোম্পানির যে টাকা পাওনা থাকে তাহাহইতে গবর্ণমেণ্ট সেই অর্থদণ্ড বাদ দিতে পারিবেন, কিন্তু কোম্পানির যে মূলধন দেওয়া গেল তাহার উপর প্রতিভাব্য বদ্ধ সুদের প্রতি বর্ত্তে না। রেলওয়ে কোম্পানির চাকরের অনবধানতা হেতুক কোম্পানির অর্থদণ্ড হইলে, সেই চাকরের দায়ের বিধান, এবং পাণ্ডুলিপির লিখিত অপরাধ হইলে ঐ চাকরের নামে অভিযোগের বিধান, এবং কএক জন একত্র হইয়া অপরাধ করিলে তাঁহাদের অর্থদণ্ড অংশাংশে দিবার বিধান, এবং তদ্রূপ কোন চাকরের অর্থদণ্ডের টাকা কোম্পানির আদায় করিবার কি বাদ দিবার বিধান ঐ পাণ্ডুলিপিতে হইয়াছে।

উপসংহারকালে এই পাণ্ডুলিপিতে রেল পথের ব্যবহারের বিধান করণার্থে কোম্পানিদিগের প্রতি উপবিধি করিবার ক্ষমতা এবং সেই উপবিধি প্রকাশ ও প্রবল করণের বিধান হইয়াছে।

এই প্রকারে রেলওয়ের আইন বৃদ্ধি করাতে এবং সেই আইন প্রবল করণার্থ প্রয়োজনীয় অর্থদণ্ডের বিধান হওয়াতে, এই পাণ্ডুলিপি অতি দীর্ঘ হইয়াছে। এপ্রযুক্ত তাহা শিরোনামযুক্ত ভিন্ন২ খণ্ডে বিভাগ করা শ্রেয়ো বোধ হইল। প্রথমখণ্ডে পারিভাষিক বিধান আছে। দ্বিতীয় খণ্ডে গমনার্থ ব্যক্তিদের ও তাহাদের ভাড়ার ও দ্রব্যের বিধি। তৃতীয়খণ্ডে মালের বিধি। চতুর্থখণ্ডে রেলওয়ে কোম্পানিদিগের কার্য্যকারক ও চাকর ও সম্পত্তি রক্ষা করণের বিধি। পঞ্চম খণ্ডে কোম্পানিদিগের প্রতিপাল্য বিধি। ষষ্ঠখণ্ডে রেলওয়ের কার্য্যকারক ও চাকরদিগের প্রতিপাল্য বিধি। সপ্তমখণ্ডে আইনঅনুযায়ি অর্থদণ্ড ও দোষ নির্ণয় সম্পর্কীয় বিধি। অষ্টমখণ্ডে কএক বিবিধ বিধি, তন্মধ্যে উপবিধির বিধান।

INDIAN RAILWAYS BILL.

ARRANGEMENT OF SECTIONS.

PART I.

Preliminary.

PART II.

Regulations as to Passengers, their Fares and Luggage.

PART III.

Regulations as to Goods.

PART IV.

Regulations for the protection of the Officers, Servants, and Property of the Company.

ভারতবর্ষের রেলওয়েসম্পর্কীয় আইনের পাণ্ডুলিপি।

ধারার নির্ঘণ্ট।

প্রথম খণ্ড।

পরিভাষা।

দ্বিতীয় খণ্ড।

চড়নদারদের ও ভাড়ার ও সামগ্রীর বিধি।

তৃতীয় খণ্ড।

দ্রব্যাদির বিধি।

চতুর্থ খণ্ড।

কোম্পানির কার্য্যকারক ও চাকর এবং সম্পত্তিরক্ষা করণার্থ বিধি।

English	Bengali
20. Penalty for trespass.	২০। অনধিকার প্রবেশ করণের দণ্ডের কথা।
21. Penalty for driving an animal upon or across Railway.	২১। কোন পশুকে রেলওয়ের উপর কি আড়-ভাবে চালাইবার দণ্ডের কথা।
22. Liability of owner of animal trespassing on Railway.	২২। পশু অনধিকার প্রবেশ করিলে তৎ-স্বামির দণ্ডের কথা।
23. Penalty for injury to carriage, &c.	২৩। গাড়ি প্রভৃতির হানি করণের দণ্ডের কথা।
24. Penalty for opening or not properly shutting accommodation gates.	২৪। উপকারার্থ দ্বারাখুলিবার কি উপযুক্ত-মতে বন্ধ না করিবার দণ্ডের কথা।
25. Apprehension of offenders by Company's servants.	২৫। অপরাধিকে কোম্পানির চাকরদিগের ধরিতে পারিবার কথা।
26. Power for Railway Companies to enter upon adjoining lands to repair accidents.	২৬। দুর্ঘটনা জন্য ক্ষতি সংস্কারের নিমিত্তে রেলওয়ে কোম্পানির নিকটবর্ত্তি ভুমিতে প্রবেশ করিবার ক্ষমতার কথা।

PART V. / পঞ্চম খণ্ড।

Regulations binding on the Company. / কোম্পানির প্রতিপাল্য বিধান।

English	Bengali
27. Local Governmennt may appoint persons to inspect Railways.	২৭। রেলওয়ে পরিদর্শনার্থে স্থানীয় গবর্ণ-মেন্টের লোক নিযুক্ত করিবার কথা।
28. Penalty on persons obstructing Inspector.	২৮। পরিদর্শকের কর্ম্মের বাধা করিলে দণ্ডের কথা।
29. Notices to be given before opening Railway for passenger traffic.	২৯। লোকদের গমনার্থে রেলরোড খুলিবার পূর্ব্বে সংবাদ দিবার কথা। না দিলে দণ্ডের কথা
30. Local Government empowered to postpone the opening.	৩০। রেলওয়ে খুলিবার সময় বিলম্ব করাইতে স্থানবিশেষের গবর্ণমেন্টের ক্ষমতার কথা।
31. Local Government empowered to close dangerous part of opened line.	৩১। খোলা পথের যে অংশে আশঙ্কা সম্ভা-বনা, স্থানীয় গবর্ণমেন্টের তাহা বন্ধ করিবার ক্ষমতার কথা।
32. Power to make crossings over Railways.	৩২। রেলওয়ের উপর পথ করিবার ক্ষমতার কথা।
33. Company to erect and maintain gates.	৩৩। কোম্পানির দ্বার স্থাপন ও রক্ষা করিবার কথা।
34. Fine for not erecting or maintaining gates.	৩৪। দ্বার স্থাপন কি রক্ষা না করণের অর্থ-দণ্ডের কথা।
35. Power to compel erection or maintenance of gates.	৩৫। দ্বার স্থাপন কি রক্ষা করাইবার ক্ষমতার কথা।
36. Fine for continued neglect to comply with provisions of Sections 33 and 34.	৩৬। ৩৩ ও ৩৪ ধারার বিধান মতে কার্য্য করিতে নিয়ত উপেক্ষা হইলে দণ্ডের কথা।
37. Service of summons under Sections 34, 35 or 36.	৩৭। ৩৪ কি ৩৫ কি ৩৬ ধারামত আহ্বানপত্র পর্য্যার্পণের কথা।
38. Railway to be fenced. Quarries and ballast-pits to be fenced or filled in. Penalty for not fencing or filling in.	৩৮। রেলরোডের বেড়া দিবার কথা ও খনির কিম্বা প্রস্তরাদির গর্ত্তে বেড়া দিবার কি বুজাইয়া ফেলিবার কথা ও বেড়া না দি-বার কি বুজাইয়া না ফেলিবার দণ্ডের কথা।
39. Duty of Railway Companies to make arrangements for receiving and forwarding traffic without unreasonable delay and without partiality.	৩৯। অনাবশ্যকমতে বিলম্ব না করিয়া ও পক্ষ-পাতী না হইয়া বাণিজ্য দ্রব্য গ্রহণ ও চালান করিবার নিয়ম করিতে রেল-ওয়ে কোম্পানির কর্ত্তব্যের কথা।
40. Parties complaining that reasonable facilities for forwarding traffic, &c., are withheld may apply to the High Court.	৪০। বাণিজ্য দ্রব্যাদি চালাইবার যুক্তিমত সদু-পায় না হইবার অভিযোক্তারদের হাই কোর্টে প্রার্থনা করিবার কথা।
41. Notice of death or accident to be given to Government.	৪১। গবর্ণমেন্টকে মৃত্যুর কি দুর্ঘটনার সংবাদ দিবার কথা।

[*Government Gazette*, 27*th February* 1860.]

English	বাঙ্গালা
42. Fine for not giving notice.	৪২। সংবাদ না দিলে অর্থদণ্ডের কথা।
43. Return of accidents to be delivered to Government.	৪৩। গবর্ণমেন্টকে দুর্ঘটনার রিটর্ণ দিবার কথা।
44. Returns of Traffic and Tolls to be made by Railway Companies.	৪৪। রেলওয়ে কোম্পানির বাণিজ্যের ও ভাড়ার রিটর্ণ দিবার কথা।
45. Fine for non-delivery of Return.	৪৫। রিপোর্ট না দিলে অর্থদণ্ডের কথা।
46. Penalty for continued neglect to give notice or deliver Returns.	৪৬। সংবাদ দিবার কি রিটর্ণ সমর্পণ করিবার নিরন্ত উপেক্ষা হইলে দণ্ডের কথা।
47. Service of summons under Sections 42, 45 or 46.	৪৭। ৪২ কি ৪৫ কি ৪৬ ধারাক্রমে আহ্বানপত্র পর্য্যর্পণের কথা।
PART VI.	**ষষ্ঠ খণ্ড।**
Regulations binding on the Officers and Servants of the Company.	কোম্পানির কার্য্যকারকদের ও চাকরদের প্রতিপাল্য বিধান।
48. Penalty for wilful act or omission endangering a passenger.	৪৮। ইচ্ছাপূর্ব্বক যে কর্ম্ম করণ কি অনমুষ্ঠান দ্বারা চড়নদারের প্রাণাশঙ্কা হয় তাহার দণ্ডের কথা।
10. In a large part of the Dacca and Chittagong Divisions there has been no failure. Mymensingh, Sylhet, and North Dacca are said to be suffering to some extent from drought, and Tipperah has suffered to some extent from overmuch rain; but, upon the whole, a fair average crop may, except, perhaps, in the Northern parts of the Dacca Division, be expected from the Eastern Districts. When it is remembered that these Districts are perhaps, the *chief* rice-producing country, this will be regarded as a cause for great thankfulness.

11. But, except in those Divisions, the failure of the late rice crops appears to have been universal throughout the Lower Provinces, as well as in the Benares Division to the West, in Nepaul to the North, and along the Eastern coast of the whole of the Madras Presidency. Even the great rice Districts of Dinagepore and Rungpore have in no way escaped; indeed, the Reports from those Districts and from Purneah are peculiarly discouraging. The Board think that, under these circumstances, it is quite useless to offer to the Government any detailed report of the state of each District, especially as they have already published each Divisional or District Report as they received it.

12. One Collector expects a three-quarter crop; another a half crop; others as little as a quarter, or even an eighth crop. But these expectations are, avowedly, quite hypothetical, and. not unfrequently, the Commissioner differs in his estimate from the Collector, or a Collector differs from a neighbouring Collector. The Board are not inclined to attach to these estimates any greater importance than is claimed for them by their authors: they are merely the opinions of intelligent gentlemen, framed upon such information as they could collect, upon a subject with which they are more or less familiar.

13. It is a gratifying fact that as the season has advanced, the expectation of the out-turn of the crop has everywhere *improved*. So that now it is doubtful whether, in any District, there will be a less out-turn than one-half the average crop.

৯। এই সময়ে বোর্ডের সাহেবেরা প্রত্যেক কমিসানর সাহেবের স্থানে. ঐ গুরুতর ফসলের বর্ত্তমান ও সম্ভাবিত অবস্থাবিষয়ে ন্যূনাধিক বিস্তৃত বৃত্তান্ত পাইয়াছেন। কোন২ প্রদেশে শস্য কাটিবার কার্য্য আরম্ভ হইয়াছে, ও সমস্ত জিলায় অতি ত্বরায় হইবে। আমন ধান্যের অবস্থা বিষয়ে স্থানীয় পরিদর্শি ব্যক্তিদিগের পরামর্শ ও সাধারণ লোকদিগের অভিমতানুসারে ব্যুৎপন্ন কর্ম্মকারকদের অনুমান মান্য জ্ঞান হইলে বোর্ডের সাহেবেরা সেই অনুমিত কথা গবর্ণমেণ্টের গোচর করিতে সক্ষম আছেন।

১০। ঢাকা ও চট্টগ্রামখণ্ডের অধিকাংশে হানি হয় নাই। কথিত আছে যে, ময়মুনসিংহে ও শ্রীহট্টে ও ঢাকার উত্তর অংশে অনাবৃষ্টি প্রযুক্ত এবং ত্রিপুরাতে অতি বৃষ্টিদ্বারা অনেক ক্লেশ হইয়াছে। কিন্তু ঢাকা খণ্ডের উত্তরাংশ ভিন্ন, পূর্ব্ব প্রদেশে গড়ে যত উৎপন্ন হইয়া থাকে, ততই হইবার সম্ভাবনা। দেশের মধ্যে ঐ২ প্রদেশ ধান্য উৎপন্নের প্রধান স্থান, অতএব উক্ত বিষয় পরমেশ্বরের নিকটে কৃতজ্ঞতা স্বীকারের গুরুতর কারণ কহিতে হইবে।

১১। কিন্তু উক্ত দুই খণ্ডভিন্ন বঙ্গপ্রভৃতিদেশের সমস্ত স্থানে ও পশ্চিমদিগে বানারস খণ্ডে ও উত্তরদিগে নেপাল দেশে ও মান্দ্রাজ রাজধানীর পূর্ব্বাঞ্চলে আমন ধান্যের হানি হইয়াছে। দিনাজপুর ও রংপুর অধিক শস্যোৎপাদক প্রদেশ, তাহাও কোন মতে রক্ষা পায় নাই। বরং সেই২ প্রদেশের ও পূরণিয়া প্রদেশের রিপোর্ট অত্যন্ত নিরাশকর। এই সকল গতিক বিবেচনায়, বিশেষতঃ বোর্ডের সাহেবেরা খণ্ডের কি প্রদেশ সকলের রিপোর্ট পাইবামাত্রে প্রকাশ করিয়াছেন, এই হেতুক বোধ করেন যে প্রত্যেক প্রদেশের অবস্থার বিস্তারিত রিপোর্ট গবর্ণমেণ্টের সম্মুখে অর্পণ করা বৃথা।

১২। কোন কালেক্টর সাহেব চারিঅংশের তিনঅংশ ফসল উৎপন্ন হইবার আশা করেন, অন্য সাহেব অর্দ্ধেকের আশা করেন, অপর সাহেব কেবল চতুর্থাংশ, অন্যেরা অষ্টমাংশ পাইবার আশা রাখেন। কিন্তু তাঁহাদের নিজ কথামতে সেই আশা সকল কল্পিত। অনেক স্থলে কালেক্টরের এক মত, কমিসানরের অন্য মত। ও কোন স্থানে নিকট২ বাসি দুই জন কালেক্টরের ভিন্ন২ মত। সেই অনুমান সংখ্যা যাঁহারা করিয়াছেন তাঁহারা আপনারাই আপনারদের কথা যে পর্য্যন্ত প্রামাণ্য জ্ঞান করেন, বোর্ডের সাহেবেরা তাহা অধিক প্রামাণ্য জ্ঞান করিতে চাহেন না। বিশেষতঃ বুদ্ধিমান মহাশয়েরা যে বিষয় ন্যূনাধিক পরিজ্ঞাত আছেন তদ্বিষয়ে সাধ্যমত সংবাদ সংগ্রহপূর্ব্বক যে অভিমত প্রকাশ করিয়াছেন ঐ রিপোর্ট সেই অভিমত মাত্র।

১৩। কালের গতিক্রমে যত ফসল সংগ্রহের আশা ছিল তাহ ক্রমশঃ সর্ব্বত্র বৃদ্ধি হইতেছে, এহটী তুষ্টিকর বিষয়। তাহাতে এই সময়ে কোন প্রদেশে অর্দ্ধেকের ন্যূন হইবার সম্ভাবনা নাই।

14. The Districts which have suffered most are, undoubtedly, the Cuttack Division (especially Pooree) and Midnapore to the South, and Gya, Shahbad, and Chumparun to the West. At Gya, the cheapest rice procurable was selling, at one time, at 7 seers for the Rupee, and the residents raised a large subscription to feed the helpless poor. But things are improved even there, and the latest estimate of the rice crop, arrived at by an Officer evidently not inclined to be sanguine, is that it will be half the average. The same out-turn is estimated for Cuttack by the Commissioner, but perhaps he, on the other hand, is rather too hopeful. It must be borne in mind that the Province of Behar suffered much from drought last year, and that some of the most productive parts of Midnapore were devastated by the Cyclone of the 5th October.

15. Upon the whole, the Board of Revenue are of opinion that, throughout the tract of country spoken of, *i. e.*, in all the Divisions of Bengal, except Dacca and Chittagong, the out-turn of the late rice crop will be at least half the average crop. In Dacca and Chittagong it will not be much under the average.

16. Instead of recapitulating the estimates made by the local Officers in regard to the crops of each District the Board prefer to lay before the Government the accompanying Table,* which shows the retail prices of the usual articles of food in each District according to the latest accounts, compared with the ordinary prices at this season of the year. This Table may, the Board think, be relied upon as a far safer test, both of the deficiency of the present crop and of the stores of grain in stock, than any estimates founded upon mere opinion.

17. Speaking generally, this Table shows that the prices of food are, throughout the country, *double* the ordinary rates. It is interesting and satisfactory to observe that prices have risen very nearly as much in proportion in the Eastern Districts as in the Western: a token this, that the supplies, which those Districts are well able to furnish, will be husbanded, and, yet, that they are being poured into those Districts that need them. In accordance with this indication the Board hear everywhere of grain being in movement, and they have no doubt that the laws of demand and supply are everywhere in full and active operation.

18. Having thus laid before the Government, briefly, but they trust, with sufficient accuracy,

* The Table is not printed; it will be found in the *Calcutta Gazette*.

১৪। অন্যং প্রদেশাপেক্ষা দক্ষিণাংশে কটক খণ্ড বিশেষতঃ পুরী ও মেদিনীপুর এবং পশ্চিমাংশে গয়া ও শাহাবাদ ও চাম্পারণ এই সকল প্রদেশের অধিক ক্ষতি হইয়াছে। গয়াতে অতি সুমূল্য চাউল এক কালে টাকাতে /৭ সের বিক্রয় হইত। তন্নিবাসি লোকেরা নিঃস্ব দরিদ্রদিগের আহার প্রদানার্থে অর্থ সংগ্রহ করিলেন। সেই স্থানেও উন্নত ভাব দৃষ্ট হইতেছে, ফলতঃ যিনি স্পষ্টই তাদৃশ দৃঢ় প্রত্যাশী নহেন এমত কোন কর্ম্মকারকও অনুমান করিয়াছেন যে সেই স্থানে গড়ে যত শস্য হইয়া থাকে তাহার অর্দ্ধেক পর্য্যন্ত হইবে। কটকের কমিস্যনর সাহেবও সেই স্থানের তদ্রূপ ফসলের প্রতীক্ষা করিয়াছেন, কিন্তু তিনি কিঞ্চিৎ অতিরিক্ত প্রত্যাশী। গত বৎসরের অনাবৃষ্টিতে বেহার দেশের অত্যন্ত ক্ষতি হইয়াছিল, এবং ৫ অক্টোবর তারিখের মহা ঝড়েতে মেদিনীপুরের শস্যসালী অধিক দেশ বিনষ্ট হইয়াছিল, এই কথাও মনে রাখা কর্ত্তব্য।

১৫। সর্ব্ববিষয় বিবেচনা করিলে, রেবিনিউ বোর্ডের সাহেবেরদের এই মত। ঢাকা ও চট্টগ্রাম ভিন্ন বঙ্গদেশের সমস্ত খণ্ডে আমন ধান্য গড়ে যত হইয়া থাকে তাহার অর্দ্ধেকের ন্যূন হইবে না। ঢাকাতে ও চট্টগ্রামে গড়ে যেমন হইয়া থাকে প্রায় তেমনিই হইবে।

১৬। স্থানবিশেষের কার্য্যকারক প্রত্যেক প্রদেশের ধান্য বিষয়ের যাহা অনুমান করিয়াছেন তাহার পুনরুক্তি না করিয়া বোর্ডের সাহেবেরা গবর্ণমেন্টের গোচরে এক পাঠ* সমর্পণ করিলেন। প্রত্যেক প্রদেশে খুজরা বিক্রয়ক্রমে লোকেরদের নিত্য আহারীয় দ্রব্যের যে মূল্য, শেষাবগতি অনুসারে আধুনিক সেই মূল্যের সঙ্গে অন্যং বৎসরের বর্ত্তমান কালীন সাধারণ মূল্যের তুলনা করিয়া ঐ পাঠ প্রস্তুত হইয়াছে। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে, বর্ত্তমান ফসলের ন্যূনতা ও ভিন্নং ব্যক্তিরদের গোলাজাৎ ধান্য বিষয়ে লোকদিগের অভিমত মূলক কোন অনুমানাপেক্ষা ঐ পাঠ যথার্থ কষ্টিস্বরূপে বিশ্বাসযোগ্য হইবে।

১৭। সাধারণমতে এই পাঠে দৃষ্ট হইবে যে, সমুদয় দেশে আহারীয় দ্রব্যের মূল্য সাধারণ মূল্যের দ্বিগুণ হইয়াছে। পশ্চিম প্রদেশে দ্রব্যের মূল্য যেরূপ বৃদ্ধি হইয়াছে পূর্ব্বপ্রদেশেও তদ্রূপ দেখিয়া মনে সন্তোষ ও হর্ষ জন্মে, কেননা পূর্ব্বদেশহইতে যে শস্য অনায়াসে দেওয়া যাইতে পারে তাহা সাবধানে রক্ষা হইয়া যেং প্রদেশে প্রয়োজন হয় সেইং প্রদেশে প্রেরণ হইতেছে, ঐ মূল্যের সমতাই ইহার লক্ষণ। তদনুসারে বোর্ডের সাহেবেরা শস্য স্থানেং প্রেরণের ও গ্রহণের সম্বাদও পাইতেছেন, অতএব দানাদানের বিধি সর্ব্বত্রে সম্পূর্ণ বলবৎরূপে প্রচলিত হইতেছে সন্দেহ নাই।

১৮। বোর্ডের সাহেবেরা গবর্ণমেন্টের গোচরে যদিও সংক্ষেপরূপে তথাপি আপনারদের জ্ঞানে

* সেই পাঠ মুদ্রিত হয় নাই, কলিকাতা গেজেটে দেওয়া গেল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৭ ফেব্রুআরি।]

the present state of the case, the Board proceed to consider the prospects of the country until next harvest.

19. It is quite impossible to form any estimate of the stock of grain now in hand from last harvest. Various motives combine to induce holders to conceal their stocks, and any attempt at enquiry is met, in Eastern fashion, by evident evasion or barefaced falsehood. It may, however, be assumed, from the high prices that have ruled of late years, that the stock of grain held in the country is *not* very large.

20. Even if this be so, the Board see no reason to doubt that the present crop will suffice to provide food for the actual necessities of the people. This is a very important point, for, if this opinion can be relied on there will be no *famine*. The Board fully believe that it can, and they have some hopes that prices will not be very materially more unfavorable throughout the year than they now are.

21. The bulk of the population, being agriculturists, will obtain such high prices for their short produce that, as a rule, they will not, it is expected, suffer very materially. Still, there are, undoubtedly, multitudes who will not be in a position to profit by that compensation; and, for them, *suffering*, though, the Board humbly trust, not generally, *famine*, is in store this year.

22. To mitigate this evil, the Board of Revenue have already arranged for the early and regular publication of the retail prices current in each District. This will ensure such remedy being applied to the case of each place as the ordinary laws of Political Economy can supply. The Board presume that it is quite unnecessary for them to discuss any suggestions or projects that are not entirely in accordance with those laws. They have already said, and they desire to repeat it that, in a case of wide-spread scarcity such as the present, those laws alone can supply any real relief, and all that the Government can do is to encourage and facilitate their operation. There can be no doubt that it is altogether beyond the power of Government to mend matters by any extraordinary operations in contravention of these laws. Even if it be true, as has been often asserted (though the Board are by no means prepared to admit that it is certainly the fact) that the operation of these natural laws is, in this country, slow and uncertain, it follows only that it is the more clearly the duty of Government to do nothing that can clog or impede their working, and that it must direct its efforts to the removal of obstacles and to the promotion of confidence among grain dealers.

[*Government Gazette*, 27*th February* 1866.]

প্রচুরমতে দেশের বর্ত্তমান অবস্থার যথার্থ বর্ণনা এই পর্য্যন্ত ব্যক্ত করিয়াছেন। অতঃপরে আগামি শস্য কাটিবার কাল পর্য্যন্ত দেশের যে অবস্থার সম্ভাবনা হয় তাহা লিখিতব্য।

১৯। গত ফসলের কত শস্য এইক্ষণে গোলাজাত আছে তাহা নিরূপণ করা অসাধ্য। যাহারদের নিকটে শস্য আছে তাঁহারা নানা কারণে তাহা গোপনে রাখিতে সচেষ্ট। যদি সন্ধান লইবার উদ্যোগ হয় তবে দেশের আচারমতে প্রত্যক্ষ ছলনা করেন কি স্পষ্টই মিথ্যা কহেন। কিন্তু ভূতপূর্ব্ব কএক বৎসরাবধি চাউলের মূল্য যত্রূপ বৃদ্ধি হইয়াছে, তদ্দারা বোধ হয় দেশের মধ্যে বহু ধান্য গোলাজাত নাই।

২০। না হইলেও, এইক্ষণে যে শস্য আছে লোকদের প্রয়োজনীয় আহারের নিমিত্তে সেই শস্য কুলাইতে পারে, এই বিষয়ে বোর্ডের সন্দেহ নাই। এই কথা গুরুতম। কেননা তাহা সত্য হইলে, দুর্ভিক্ষ হইবে না। চাউল এইক্ষণে যে দরে বিক্রয় হয়, সংবৎসর তাহার অধিক বৃদ্ধি হইবে না, বোর্ডের এই আশা।

২১। দেশের অধিকাংশ লোক কৃষক। তাহারা আপনাদের অল্প শস্যে অধিক মূল্য পাইবে, অতএব তাহাদের তাদৃশ দুঃখ হইবে না। কিন্তু কৃষকভিন্ন বহু বহু লোক ক্ষতির তদ্রূপ প্রতিকার পাইবেন না। এই বৎসরে তাঁহাদের কষ্ট হওয়া সম্ভাবনা। কিন্তু সাধারণমতে আহার বিরহ না হয় বোর্ডের এই আশা।

২২। এই বিপদের লাঘব করণার্থে প্রত্যেক প্রদেশে যে মূল্যে দ্রব্যের খুচরা বিক্রয় হয় তাহা রেবিনিউ বোর্ডের সাহেবেরা অগৌণে ও নিয়মিতরূপে প্রকাশ হইবার নিয়ম করিয়াছেন। হইতে প্রত্যেক স্থানে রাজনীতির সাধারণ বিধিমতে বিপদের যে প্রতিকার হইতে পারে তাহার বিধান হইবে। যে কোন পরামর্শ কি অভিপ্রায় ঐ বিধির সম্পূর্ণ সঙ্গত না হয় তদ্বিষয়ের তর্ক বিতর্ক করা বোর্ডের সাহেবদের বিবেচনায় সম্পূর্ণ অনাবশ্যক। তাঁহারা পূর্ব্বে লিখিয়াছেন ও পুনশ্চ লিখিতেছেন যে বর্ত্তমান বহুব্যাপক দুর্ভিক্ষ কালে কেবল সেই বিধিমতে যথার্থ প্রতিকার হইতে পারে। এবং সেই বিধির অভিপ্রায় সফল করণার্থে উৎসাহ দান ও সদুপায় করণ ভিন্ন গবর্ণমেন্ট আর কিছু করিতে পারেন না। ঐ বিধি উল্লঙ্ঘনপূর্ব্বক কোন অসাধারণ কার্য্যদ্বারা দুর্গতির সংশোধন করা গবর্ণমেন্টের সাধ্যাতিরিক্ত, এ বিষয়ের সন্দেহ নাই। এতদ্দেশে ঐ নৈসর্গিক বিধির কার্য্য অতি বিলম্বিত ও অনিশ্চিত, এই কথা বারংবার কথিত হইয়াছে, কিন্তু বোর্ডের সাহেবেরা সেই কথা সত্য বলিয়া কোন মতে গ্রাহ্য করিতে পারেন না। পরন্তু যদ্যপি সত্য হয় তথাপি যাহাতে সেই কার্য্যের বাধা কি অবরোধ হয় গবর্ণমেন্টের এমত কর্ম্ম করা স্পষ্টই অকর্ত্তব্য, এবং সেই বাধা দূর করণ ও শস্যবণিকদের মধ্যে পরস্পর বিশ্বাস বৃদ্ধি করণার্থে গবর্ণমেন্টের যত্ন করিতে হইবে।

23. All that the Government can really do—certainly, all that it is necessary for it to do at present—is to encourage and assist in, the employment of the labouring classes, especially in those Districts where the distress is greatest. At present it may be said that the Districts named in my 14th paragraph have, in this respect, the first claim to attention. The wants of the Southern Districts will probably be met by the operations of the Irrigation Company, who will, no doubt, gladly take the opportunity of a favorable state of the labor market, to prosecute their operations with more than ordinary energy. The Board are glad to learn that they have already been able to supply some water for the present need from the Kendrapara Canal, the only one of the Irrigation works that has progressed towards completion. This will doubtless encourage them to push on their works with earnestness.

24. The Company should be carefully consulted before the Government undertake any extraordinary local public works of their own to meet the present distress.

25. In Gya, the road between Patna and Gya, which has been for so many years a standing reproach to the Government and the Public Works Department, furnishes a sphere for the employment of any number of labourers, and, either on that work, or on some other local work, it seems desirable that as much money as possible should be spent this year. It will probably be also a favourable time for pushing on the construction of the chord line of Railway from Raneegunge to Lukhisaraie, which will employ labour very largely.

26. As to the other Districts named, the Board are not in a position to suggest any particular work but they think it desirable that the Government should make preparations to proceed with local public works there without delay, in case the distress should appear to be becoming aggravated. If relief is given at all, in such cases, in any shape, it is of the utmost consequence that it should be given promptly.

27. Independently, altogether, of this action in regard to public works, (which, if it be judiciously managed, need involve little more than the expenditure *now*, of money that must otherwise be spent, less economically, hereafter, when there is not the same command of the labour market,) the Government has certainly other obligations. In almost every District it either owns Estates or has (as in the case of Wards', Attached, and such Estates) all the responsibilities and obligations of ownership upon it.

28. The Board think that, in such a season as this, the Government in its capacity of land-

২৩। কায়িকশ্রমিলোকদিগকে বিশেষতঃ যে প্রদেশে গুরুতর বিপদ হইয়াছে সেই প্রদেশস্থ ঐ শ্রেণীর লোকদিগকে কর্ম্ম করিবার উৎসাহ দান ও তাহাতে তাহাদের সাহায্য করণ ভিন্ন গবর্ণমেণ্ট ফলিতার্থে আর কিছুই করিতে পারেন না, এক্ষণে আর কিছু করাও আবশ্যক নহে। এই পত্রের ১৪ প্রকরণে যেং প্রদেশের নামোল্লেখ হইয়াছে ইদানীং সেইং প্রদেশের প্রতি প্রথমে মনোযোগ করা প্রয়োজন। ইরিগেশন কোম্পানির কার্য্যদ্বারা দক্ষিণ প্রদেশস্থ লোকদের উপকার হইবার সম্ভাবনা, যেহেতুক তাঁহারা অল্পবেতনে কায়িকশ্রমিলোক পাইবার এই সুযোগে অতিরিক্ত উৎসাহপূর্ব্বক আপনাদের কার্য্য চালাইবেন ইহাতে সন্দেহ নাই। জলসেচনের কার্য্যের মধ্যে কেবল কেন্দ্রপাড়ার খালের সমাপ্তির লক্ষণ হইয়াছে, এবং তথাহইতে তাঁহারা বর্ত্তমান প্রয়োজনানুসারে কিছু জলও যোগাইতে পারিয়াছেন বোর্ডের সাহেবেরা ইহা অবগত হইয়া সন্তুষ্ট হইলেন। এক্ষণে তাঁহারা ব্যগ্রতাপূর্ব্বক আপনাদের ঐ কর্ম্ম চালাইবার উৎসাহ পাইবেন ইহার সন্দেহ নাই!

২৪। উপস্থিত বিপদ নিবারণার্থে কোন স্থানে গবর্ণমেণ্টের অতিরিক্ত রাজকীয় কর্ম্মে প্রবর্ত্ত হওনের পূর্ব্বে ঐ কোম্পানির সঙ্গে মনোযোগপূর্ব্বক পরামর্শ করা কর্ত্তব্য।

২৫। গয়ার অন্তর্গত পাটনার ও গয়ার মধ্যবর্ত্তি পথ বহু বৎসর অবধি গবর্ণমেণ্টের ও পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের চিরনিন্দাস্বরূপ। কায়িকশ্রমি যত লোক হউক সেই স্থানে সকলেরই কর্ম্ম হইতে পারিবে। এবং এই বৎসরে সেই কর্ম্মে কিম্বা স্থানীয় অন্য কোন কর্ম্মে সাধ্যমতে অধিক টাকা ব্যয় করা বাঞ্ছনীয় বোধ হয়। আরো এই সময় রাণীগঞ্জ অবধি লক্ষীসরাই পর্য্যন্ত রেলপথ প্রস্তুত করণের সুযোগ। সেই কর্ম্মেতেও অনেক লোক নিযুক্ত হইতে পারিবে।

২৬। অন্য যেং প্রদেশের নাম উল্লেখ হইয়াছে বোর্ডের সাহেবেরা তাহাতে কোন বিশেষ কার্য্য চালাইবার পরামর্শ দিতে ক্ষমতাপন্ন নহেন। কিন্তু সেইং স্থানে সেই বিপদ পাছে গুরুতর হইয়া উঠে এই হেতুক রাজকীয় কার্য্য চালাইবার নিমিত্তে গবর্ণমেণ্টের অবিলম্বে উদ্যোগ করা কর্ত্তব্য। এই অবস্থায় যদি কোন প্রকারের উপকার দান করা হয়, তবে ত্বরায় করা অত্যাবশ্যক।

২৭। পবলিক ওর্কস চালান আবশ্যক। এইক্ষণে না করিলে পরে করিতেই হইবে। যদি সুবিবেচনামতে করা যায়, তবে এইক্ষণে যত টাকা ব্যয় হইবার সম্ভাবনা, ইহার পরে শ্রমের মূল্য বৃদ্ধি হইলে তাদৃশ স্বল্পব্যয়ে সাধন হইতে পারিবে না। পরন্তু গবর্ণমেণ্টের পূর্ব্বোক্ত কর্ম্ম ভিন্ন তাঁহাদের প্রতি আবশ্যক অন্যং কর্ম্মের-ভার বর্ত্তে। প্রায় প্রত্যেক প্রদেশে তাঁহাদের নিজের কএক মহাল আছে। কিম্বা অপ্রাপ্ত ব্যবহার বালকদিগের কি ক্রোক করা প্রভৃতি মহাল সম্পর্কে তাঁহাদের প্রতি স্বামিতুল্য দায় ও বাধ্যতা বর্ত্তে।

২৮। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে এতাদৃশকালে এদেশীয় সকল মহৎং ভূম্যধিকারির

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ ফেব্রুআরি।]

owner, should be prepared to set, in such cases, a liberal example to all the great land-owners of this country, who will undoubtedly watch to see what the Government is doing. Their interests are indeed closely involved in the prosperity of their ryots; but that alone would not perhaps always suffice to induce them to act with sufficient public spirit. This is a matter of great importance; the Board have already stated that it was the hope of their feeling bound to assist, and interested in assisting the agricultural population at such a time as this, that was one considerable motive with the Government of 1793, for the creation of these powerful land-owners. It must always be an important object of public policy in Bengal to encourage and, by every moral force, compel these gentlemen, who make, many of them, enormous profits, in ordinary years, to assume, when occasion arises, the obligations and responsibilities that undoubtedly lie upon them.

29. Wherever, therefore, the Government is itself land-owner, it behoves it to act with the liberal public spirit that it would like to see in private land-owners. In this view the Board have already informed the Collector of Tirhoot that he is at liberty to propose any measures for the relief of the tenantry of the immense estate of Durbhanga (in the way of useful public works for the benefit of the estate, &c.,) that he would himself think incumbent, under the circumstances, upon a liberal landlord. The Board would be glad to be assured that the Government would approve of such measures being taken, in case of need, in all estates in which the Government has upon it the obligations of proprietor, especially in Government estates, and estates managed directly on account of the recusancy of the proprietors. There are many such in Midnapore, and the people there must be ill-prepared to meet the present pressure recurring so soon after the calamitous cyclone of last year.

30. The Collector of Tirhoot has reported, demi-officially, that he does not think any thing necessary for the present, and probably other Collectors would report in the same manner; but it is well to be prepared.

31. At present the Board do not think any further measures called for; and if their hopes are realized, nothing more will be called for. It is of the utmost consequence to wean the people of the country from the habit of relying upon Government for help, in circumstances in which no one but themselves can really materially help them. In this view, it is important that the Government should leave no expectation outstanding that it will be prepared to make an attempt at general

সাক্ষাতে ভূম্যধিকারিস্বরূপে গবর্ণমেণ্টের ঔদার্য্যরূপ আদর্শ দর্শাইবার উদ্যোগ করা কর্ত্তব্য। গবর্ণমেণ্ট কি করিবেন ইহা ঐ ভূম্যধিকারিরা অবশ্য প্রতীক্ষা করিতে থাকিবেন। প্রজাদের উন্নতি হইলে তাঁহাদেরও স্বার্থ বৃদ্ধি হয়, তথাপি যথোচিত পরোপকারপ্রকৃতি-ক্রমে কার্য্য করণার্থে কেবল সেই বিবেচনা সর্ব্বদাই তাদৃশ প্রবৃত্তিজনক হইবে না। এই বিষয় অতিগুরুতর, যেহেতুক এবম্বিধ দুঃসময়ে ভূম্যধিকারিরা কৃষকদিগের সাহায্য করিতে আপনদিগকে বাধিত জ্ঞান করিবেন, ও তাঁহাদের উপকার করা আপনাদেরই লভ্যজনক জানিবেন, ১৭৯৩ সালে ভূম্যধিকারিদিগকে প্রচুর ক্ষমতা প্রদানে গবর্ণমেণ্টের অন্যান্য অভিপ্রায়মধ্যে এই গুরুতর অভিপ্রায়। যথানিয়মিত বৎসরে উক্ত মহোদয়গণের মধ্যে অনেকেই অত্যধিক লভ্য প্রাপ্ত হইয়া থাকেন, অতএব তাঁহাদের উপর যে ভার ও দায় অবশ্যই বর্ত্তে তাহা সাবকাশে উপযুক্তমতে স্বীকারপূর্ব্বক গ্রহণ করিবার উৎসাহ দেওয়া এবং নীতিবলক্রমে তাঁহাদিগকে সেই ভার গ্রহণ করাণ সর্ব্বদাই বঙ্গদেশের রাজনীতির গুরুতর অভিপ্রায়ের মধ্যে গণ্য।

২৯। অতএব যে স্থলে গবর্ণমেণ্ট স্বয়ং ভূম্যধিকারী সেই স্থলে সাধারণ ভূম্যধিকারিদের যদ্রূপ পরোপকারপ্রকৃতি দর্শনে সন্তুষ্ট হন, তত্তুল্য স্বভাবানুসারে তাঁহাদের নিজে কর্ম্ম করা কর্ত্তব্য। এই কারণে বোর্ডের সাহেবেরা ত্রিহুতের কালেক্টর সাহেবকে এই মর্ম্মের উপদেশ দিয়াছেন যে, তোমার বিবেচনাতে বর্ত্তমান অবস্থায় উদার ভূম্যধিকারির যাদৃশ আচার কর্ত্তব্য, তদনুসারে তুমিও দারভঙ্গার বৃহৎ মহালের প্রজাদিগের উপকারার্থে মহালপ্রভৃতির উন্নতিজন্য যে রাজকীয় কর্ম্ম ফলোপধায়ক জ্ঞান কর তাহা সম্পাদনের প্রস্তাব কর। যে সকল মহালে গবর্ণমেণ্টের স্বামিত্ব-দায় থাকে, বিশেষতঃ গবর্ণমেণ্টের মহালে এবং অধিকারিদের অসম্মতিপ্রযুক্ত গবর্ণমেণ্ট আপনি যে সকল মহালের কর্ম্ম সম্পাদন করেন, প্রয়োজনানুসারে সেই সকল মহালে গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত প্রস্তাবের অনুমোদন করেন, ইহা অবগত হইলে বোর্ডের সাহেবদের আহ্লাদ হইবে। মেদিনীপুরে তদ্রূপ অনেক মহাল আছে। এবং গত বৎসরের বিষম ক্ষতিকর প্রবল ঝড়ের অল্পান্তরে বর্ত্তমান যে আকাল হইয়াছে তত্রত্য লোকেরা তাহা সহ্য করিতে প্রস্তুত নহেন।

৩০। ত্রিহুতের কালেক্টর সাহেব রিপোর্ট করিয়াছেন, যে তাঁহার বিবেচনায় ইদানীং তদ্রূপ কোন কার্য্য করা আবশ্যক নাই। অন্যান্য কালেক্টর সাহেবেরাও তদ্রূপ রিপোর্ট করিতে পারিবেন। তথাপি সতর্ক থাকাই ভাল।

৩১। বোর্ডের সাহেবেরা বোধ করেন এইক্ষণে অধিক কার্য্যের আবশ্যক নাই। এবং তাঁহাদের আশা পূর্ণ হইলে অধিকের আবশ্যক হইবেও না। ফলতঃ এদেশীয় লোকেরা যে অবস্থায় সর্ব্বাপেক্ষা কৃতার্থমতে স্বদেশীয়েরদের উপকার করিতে পারেন, এতদবস্থায় গবর্ণমেণ্টের প্রতি তাঁহাদের সাহায্য প্রাপণার্থে নির্ভর করণের যে রীতি, তাহাহইতে তাঁহাদিগকে বিমুখ করা অত্যন্ত প্রয়োজন। এই প্রযুক্ত সর্ব্বসাধারণের সাহায্য করণার্থে গবর্ণমেণ্ট যত্ন করিতে প্রস্তুত আছেন, লোকদের এই আশা পুষ্টি করা উচিত নয়। ফলতঃ

assistance, which, in the present case, it could certainly not render to any good purpose.

32. Even where famine actually supervenes, the chief, if not the only, reliance must be upon the efforts of local private liberality.

GOVERNMENT TO BOARD.

No. 4204.

I am directed to acknowledge the receipt of your letters Nos. 372A and 373A, dated respectively the 23rd and 25th ultimo, and in reply to convey to the Board the thanks of the Government for the very complete report which they have submitted on the present state and prospects of the crops in the Lower Provinces of Bengal. His Honor quite approves of what the Board have done, and concurs generally in the opinions they have expressed.

2. A copy of your second letter will be forwarded to the Public Works Department of this Government, for consideration as to what may be done in the way of economically extending useful expenditure on the public works in the Cuttack and Behar Divisions, with reference to the remarks in paragraphs 23 to 26. It is to be hoped, the Lieutenant-Governor observes, that, in the latter Division, the advances on account of the opium cultivation, and, in the former, the operations of the Irrigation Company, will tend materially to diminish the prevailing distress.

3. The measures proposed by the Board in paragraphs 27 to 29 are entirely approved. Where circumstances requite it, the Collectors may be authorized, with the sanction of the Commissioner, to expend in Khas Mehals, and in Wards' and Attached Estates, a moderate sum, in proportion to the rental, for the relief of the helpless poor on the estate, and in providing useful employment on subsistence wages for those who are able and willing to work, but cannot otherwise obtain it. This may be done, according to circumstances, either by directly expending the money on the estate itself, or by contributing to any general relief fund that may be formed in the district. But, in any case, care should be taken that money or provisions are distributed in a systematic way, and that none are relieved but those who are proper objects of charity.

4. Every endeavour should be made to induce the landholders and other wealthy residents to adopt a similar course, and unite in averting distress from the people on whose labor they depend. The formation of relief committees under the direction of the Collector, in every district where distress prevails, should be encouraged. This appears to have been done in several districts, and the exam-

এই বিষয়ে গবর্ণমেণ্ট কৃতকার্য্যরূপে তাদৃশ উপকার করিতেও অক্ষম।

৩২। যদ্যপি দুর্ভিক্ষও হয়, তথাপি স্থানীয় সাধারণ লোকেরদের উদারতারূপ বদান্যতাই প্রতি সমূলক নির্ভর না হইলেও অবশ্য প্রধানাংশে হইবে।

বোর্ডের নিকটে গবর্ণমেণ্টের পত্র।

৪২০৪ নম্বর।

তোমার গত মাসের ২৩ তারিখের ৩৭২ A নম্বর ও ২৫ তারিখের ৩৭৩ A নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে এই কথা তোমাকে জ্ঞাত করিয়া এই উত্তর লিখিতে আদেশ পাইয়াছি। বোর্ডের সাহেবেরা বঙ্গদেশের অন্তঃপ্রভৃতিদেশের ফসলের বর্ত্তমান ও সম্ভাবিত অবস্থার যে অতি পূর্ণ রিপোর্ট সমর্পণ করিয়াছেন, তজ্জন্য গবর্ণমেণ্ট তাঁহাদের নিকটে কৃতজ্ঞতা স্বীকার করিতেছেন। বোর্ডের সাহেবেরা যাহা করিয়াছেন, মান্যবর সাহেবও তাহাই অনুমোদন করিয়াছেন, এবং তাঁহারা যে মত প্রকাশ করিয়াছেন তাহার অধিক অংশে সম্মতও হইয়াছেন।

২। তোমার পত্রের ২৩ অবধি ২৬ পর্য্যন্ত প্রকরণের উপলক্ষে কটক ও বেহার প্রদেশস্থ রাজকীয় কর্ম্মে অধিকতর টাকা ফলোপযোগী ভাবে পরিমিতরূপে ব্যয় করণার্থে যাহা কর্ত্তব্য তাহার বিবেচনা করিবার জন্যে তোমার দ্বিতীয় পত্রের প্রতিলিপি এই গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে প্রেরণ করা যাইবে। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কহেন যে, বেহার প্রদেশে আফীমের কৃষিকার্য্যের নিমিত্তে যে টাকা আগাম দেওয়া গেল তদ্দ্বারা, এবং কটক প্রদেশে ইরিগেশন কোম্পানির কার্য্য দ্বারা বর্ত্তমান দুঃখের অনেকাংশে লাঘব হইবে।

৩। বোর্ডের সাহেবেরা ২৭ অবধি ২৯ পর্য্যন্ত প্রকরণে যে কর্ম্মের প্রস্তাব করিয়াছেন, তাহা সম্পূর্ণরূপে গ্রাহ্য। গতিক বিবেচনায় প্রযোজন হইলে, কালেক্টর সাহেবেরা কমিস্যনরদিগের সম্মতিক্রমে, খাসমহালের এবং অপ্রাপ্ত ব্যবহার ভূম্যধিকারিদের এবং ক্রোক করা মহালের করানুসারে সেই মহাল নিবাসি দীন দরিদ্রদিগের উপকারার্থে কএক টাকা ব্যয় করিতে ও যে ব্যক্তিরা কর্ম্ম করিতে সক্ষম ও ইচ্ছুক হইয়াও কর্ম্ম পাইতে না পারে তাহারদিগকে ভরণপোষণের উপযুক্ত বেতনে উপকারজনক কর্ম্ম দিতে ক্ষমতাপন্ন হইবেন। গতিক বিবেচনায় মহালের জন্যে টাকা ব্যয় করণ দ্বারা, অথবা প্রদেশের মধ্যে সাধারণের উপকারার্থে কোন অর্থ সংগ্রহ হইলে তাহাতে দান দ্বারা, পূর্ব্বোক্ত কার্য্য করা যাইতে পারিবে। কিন্তু যে রূপে হউক মুদ্রা ও আহারীয় দ্রব্য অবধারিত নিয়মানুসারে বিলি কর', এবং যাহারা ভিক্ষা প্রাপণের যোগ্য তদ্ভিন্ন কাহাকে মুদ্রা না দেওয়া যায়, এই বিষয়ে অবধান করিতে হইবে।

৪। ভূম্যধিকারিদিগকে ও প্রদেশ নিবাসি অন্য ধনাঢ্য মহোদয়দিগকে তদনুযায়ি কর্ম্ম করিবার এবং যে ব্যক্তিরদের পরিশ্রমের উপর তাঁহারদের নির্ভর থাকে তাহারদিগের দুঃখ নিবারণ জন্যে একবাক্য হইবার প্রবৃত্তি দেওনার্থে, সাধ্যমতে উদ্যোগ করা কর্ত্তব্য। যেং প্রদেশে প্রবল বিপত্তি আছে তথায় কালেক্টর সাহেবের তত্ত্বাবধানে উপকারার্থ কমিটি সংস্থাপনের উৎসাহ দেওয়া কর্ত্তব্য। দৃষ্ট হইল যে অনেক প্রদেশে

ple should, the Lieutenant-Governor thinks, be followed in others. It is upon the exercise of private liberality, His Honor believes, that, in an emergency of this kind, the chief dependence must be placed.

5. The original papers received with your first letter under acknowledgment are herewith returned as requested.

No. 13.

The foot notes in the "Law of Landlord and Tenant," to the Sections of Act X. of 1859 noted below,* were inserted by the Board of Revenue, because they were of opinion that the "Execution of a Decree" could not be considered to be part of the suit or case out of which it arose, within the meaning of the *first general exemption, Article 10, Schedule B, Act X of* 1862. They therefore thought that the exemption from stamp duty of "petitions or applications presented to a Collector or Deputy Collector in relation to any suit or case tried under Act X of 1859, of an amount or value less than fifty Rupees," did not benefit petitions or applications, for, or in relation to, "Executions of Decrees."

2. It was recently brought to the notice of the Board of Revenue that the practice which, upon this interpretation of the law, they had enjoined, did not accord with the practice of the Civil Courts.

3. The Board of Revenue, upon a reference to the High Court, learn that the Court is not inclined to alter the present practice of the Civil Courts in this respect. It is desirable above all things that, in such matters, the practice of the Civil and Revenue Courts should be uniform. The Board are therefore pleased to order the Revenue Courts to adopt, for the future, the practice of the Civil Courts. The words "for proper stamp" must accordingly be substituted for "on an 8 anna stamp," in the foot notes referred to in the first paragraph; and the words "or case" inserted after "suit" in the fifth line of Rent Law Rule IV 3, a foot note being added to this Rule as follows:

"The High Court consider, and the Board of Revenue have acquiesced in the Ruling, that these words include "*Executions of Decrees.*"

---

* LXXXVII, LXXXIX, C, CV, CVI, CIX, CXI.

[Government Gazette 27th February 1866.]

তদ্রূপ কার্য্য হইয়াছে। এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বোধ করেন, অন্যান্য প্রদেশেও তদনুযায়ি কার্য্য করা বিহিত। ফলতঃ শ্রীযুতের এই বিবেচনা যে, এবম্বিধ অতি কষ্টকর কালে সাধারণ লোকেরদের উদারতা প্রতি বিশেষমতে নির্ভর করিতে হইবে।

৫। তোমার প্রথম যে পত্রপ্রাপ্তি স্বীকার করিলাম তৎসঙ্গে প্রেরিত আদ্যপত্রাদি তোমার আদেশমতে ফিরিয়া পাঠান গেল।

---

১৩ নম্বর।

ভূম্যধিকার ও প্রজাসম্পর্কীয় ১৮৫৯ সালের ১০ আইনের নিম্ন* লিখিত ধারার তলভাগে যে নোট দেওয়া গিয়াছিল, তাহা রেবিনিউ বোর্ডের সাহেবেরা দিয়াছিলেন। কারণ তাঁহারা বোধ করিলেন যে ১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ১০ প্রকরণের বর্জনীয় প্রথম সাধারণ কথার অর্থানুসারে ডিক্রীর সম্পাদন কার্য্য মোকদ্দমার একাংশের মধ্যে কিম্বা যাহাহইতে মোকদ্দমা উত্থাপিত হইয়াছে এমত গতিকের মধ্যে গণ্য হইতে পারে না। এই হেতুক তাঁহারা বোধ করিলেন যে "১৮৫৯ সালের ১০ আইন মতে পঞ্চাশ টাকার কি তাহার ন্যূন মূল্যের কোন মোকদ্দমাসম্পর্কে কালেক্টর সাহেবের কি ডেপুটী কালেক্টরের নিকটে যে দরখাস্ত কি প্রার্থনাপত্র উপস্থিত করা যায়" তাহার ইষ্টাম্প না লাগিবার যে বিধান আছে তদ্দারা ডিক্রী সম্পাদন করণার্থে কি তৎসম্পর্কীয় দরখাস্তের কি প্রার্থনাপত্রের পক্ষে কিছু লাভ হইতে পারিবে না।

২। রেবিনিউ বোর্ডের সাহেবেরা আইনের এবম্বিধ অর্থ করণদ্বারা যে ব্যবহারের আজ্ঞা করিলেন তাহা দেওয়ানী আদালতের ব্যবহারের সহিত সঙ্গত নয়, সম্প্রতি বোর্ডের নিকটে এই কথা জ্ঞাত করা গিয়াছে।

৩। রেবিনিউ বোর্ডের সাহেবেরা হাই কোর্টে প্রশ্ন করিয়া জানিতে পাইলেন যে, উক্ত বিষয়ে দেওয়ানী আদালতের বর্ত্তমান যে ব্যবহার আছে তাহা ঐ কোর্ট পরিবর্ত্তন করিতে ইচ্ছুক নহেন। তদ্রূপ বিষয়ে, দেওয়ানী আদালতের এবং রেবিনিউ বোর্ডের তুল্য প্রকারের ব্যবহার হওয়া সর্ব্বাপেক্ষা বাঞ্ছনীয়। এই হেতুক বোর্ডের সাহেবেরা আজ্ঞা করিতেছেন যে, অদ্যাবধি রাজস্ব সম্পর্কীয় আদালতে দেওয়ানী আদালতের ব্যবহারানুসারে কার্য্য হয়। অতএব এই পত্রের প্রথম প্রকরণে তলভাগের যে নোটের উল্লেখ হইয়াছে, তাহাতে "।।০ আট আনা" ইষ্টাম্প এই কথা উঠাইয়া "উপযুক্ত ইষ্টাম্প" দিতে হইবে। এবং করদারের আইন সম্পর্কীয় বিধির ৪ ধারার ৩ প্রকরণের পঞ্চম পংক্তিতে "মোকদ্দমা" এই শব্দের পরে "কিম্বা বিবাদস্থলে" এই কথা দিতে হইবে। এবং সেই বিধির তলভাগে এই মর্ম্মের নোট দিতে হইবে, যথা,

এই শব্দের মধ্যে ডিক্রী সাধনের কার্য্যও গণ্য, হাই কোর্টের সাহেবেরা ইহা বোধ করেন ও রেবিনিউ বোর্ডের সাহেবেরা তাঁহাদের বিধানে সম্মত আছেন।"

---

* ৮৭, ৮৯, ১০০, ১০৫, ১০৬, ১০৯, ১১১।

No. 14.

1. A case has recently occurred in which a serious embezzlement was attributed (amongst other causes) to a combination amongst the ministerial officers of the sub-division at which it took place.

2. The Commissioner has given his opinion that the embezzlement could not have occurred had the officers in question known that they were liable, any one of them, to be transferred to other offices, their places being filled by new men; and advised the issue of a Rule, prohibiting the retention of any ministerial officer (excepting officers in charge of Departments, such as the Record Keeper, the Towjih Navis, the Accountant, &c.) at one station or sub-division for more than three years, except under special circumstances.

3. To this the Board of Revenue and the Government, have assented.

The following Rules are therefore to be added to Miscellaneous Rule XLV:

4A. The Collector has full power to transfer any ministerial officer from one office, be it head-quarters or sub-divisional, to another, within the district, as he may think expedient for the public service; and the Commissioner has full power, in the same way, to transfer an officer from, and to, any office within the division.

4B. The Government, and the Board of Revenue, are of opinion that no ministerial officer (except such officers as Recork Keepers, Towjih Navises, &c., whose local experience is impertant) should, as a rule, be allowed to remain at one station for more than three years.

4C. The Commissioner should annually enquire (upon his visit to the District, if he goes there, otherwise by special letter) how far the Collector of each District of the Division has attended to this Rule, and whether it is necessary for him to transfer any officer from the District to another District. He should mention the subject in his annual report.

Add also to Miscellaneous Rule XII *Fourteenthly.* He should ascertain that the Rules for the periodical transfer of ministerial officers have been attended to, and whether any action on his part is necessary (*See Rule XLV, 4A—4C.*)

And to the Periodical Return Rules.

43A. The Collector will also give an account of how far the orders (*contained in Miscellaneous Rule XLV, 4A, 4C.*) for the transfer of ministerial officers have been attended to, and the

১৪ নম্বর।

১। সম্প্রতি কোন শাখাখণ্ডে গুরুতর তহবীলতাজন দোষ হইয়াছিল। তাহার যেং কারণ ব্যক্ত হইয়াছে তন্মধ্যে এক এই যে, ঐ স্থানের আমলাগণের মধ্যে যোগ।

২। কমিস্যনর সাহেব আপনার এই মত ব্যক্ত করিয়াছেন যে, ঐ আমলাগণ অন্য স্থানে প্রেরিত হইয়া তাহাদের পদে নূতন লোক নিযুক্ত হইতে পারেন, এই কথা যদি তাঁহারা জানিতেন, তবে ঐ তহবীল ভাঙ্গন দোষ হইতে পারিত না। অতএব তিনি এই পরামর্শ দিয়াছেন যে, মহাফেজ ও তৌজী নবীস ও হিসাবীপ্রভৃতি যে কর্ম্মকারকেরদের তত্ত্বাবধানে সিরিশতা আছে, তাঁহাদেরভিন্ন কোন আমলাকে বিশেষ গতিক ছাড়া তিন বৎসরের অধিক কাল কোন স্থানে কি শাখাখণ্ডে রাখিবার নিষেধসূচক এক বিধি প্রচারিত হউক।

৩। রেবিনিউ বোর্ডের সাহেবেরা এবং গবর্ণমেন্ট সেই পরামর্শে সম্মত হইয়াছেন।

এহেতু বিবিধ বিধির ৪৫ ধারাতে পশ্চাৎ লিখিত বিধি সংযোগ করা কর্ত্তব্য।

৪ A।, কালেক্টর সাহেব রাজকীয় কর্ম্মের লভ্যার্থে যেমন উচিত বোধ করেন, তেমনি কোন আমলাকে সদর স্থানের কি শাখাখণ্ডের একি প্রদেশান্তর্গত এক কার্য্যালয়হইতে স্থানান্তর করিয়া অন্য কার্য্যালয়ে প্রেরণ করিতে সম্পূর্ণ ক্ষমতাপন্ন আছেন। কমিস্যনর সাহেবও তদ্রূপে একি খণ্ডের অন্তর্গত এক কার্য্যালয়হইতে অন্য কার্য্যালয়ে আমলাকে স্থানান্তর করিতে পারিবেন।

৪ B। গবর্ণমেন্ট ও রেবিনিউ বোর্ডের সাহেবেরা বোধ করেন যে, মহাফেজ ও তৌজীনবীসপ্রভৃতি যে কর্ম্মকারকদিগের স্থানীয় পরিজ্ঞানদ্বারা উপকার সম্ভাবনা তদ্ভিন্ন কোন আমলাকে সাধারণমতে তিন বৎসরের অধিককাল একি স্থানে রাখা উচিত নহে।

৪ C। কমিস্যনর সাহেব প্রতি বৎসর যখন আপন খণ্ডের কোন জিলায় গমন করেন তখন কালেক্টর সাহেব ঐ বিধিমতে যে পর্য্যন্ত কর্ম্ম করেন, এবং কোন আমলাকে কমিস্যনর সাহেবের এক জিলাহইতে অন্য জিলায় স্থানান্তর করা আবশ্যক, এইং বিষয়ের সন্ধান লইবেন। যদি আপনি না যান, তবে পত্রদ্বারা সেই সন্ধান লইবেন। ও বার্ষিক রিপোর্টে তাঁহার সেই কথা উল্লেখ করিতে হইবে।

আরো বিবিধ বিধির ১২ ধারাতে এই কথা দিতে হইবে—যথা

১৪। আমলাদিগকে নিয়মিত সময়ে স্থানান্তর করিবার. বিধি প্রতিপালন হইয়াছে, ও তদ্বিষয়ে কমিস্যনর সাহেবের কোন কর্ম্ম করা আবশ্যক কি না তাঁহার এই বিষয়ের সন্ধান লওয়া কর্ত্তব্য (বিধির ৪৫ ধারার ৪A. ৪B. ৪C. প্রকরণ দেখ।)

নিয়মিত সময়ের রিটর্ণের বিধিতে এই বিধি দিতে হইবে।

৪৩A। আমলাদিগকে স্থানান্তর করিবার আজ্ঞা (বিবিধ বিধির ৪৫ ধারার ৪A ৪C প্রকরণ) যে পর্য্যন্ত প্রতিপালন হইয়াছে কালেক্টর সাহেব ইহার বিবরণ লিখিবেন। এবং কমিস্যনর সাহেব জিলার রিপোর্টের

Commissioner should abstract this portion of the District reports, giving also a statement of his own action under the Rules.

EXCISE.

No. 15.

It has been brought to the notice of the Board of Revenue that Hydrometers are subject to a somewhat rapid deterioration from the action of the acid contained in country spirits, upon the metal of the instruments. This deterioration may be greatly retarded, if not altogether prevented, by washing the instrument thoroughly in water and, then, carefully drying it, every time that it is used. When once an Hydrometer is thrown out of adjustment by the action of acids, it is useless and must be rejected.

2. In order to test whether Hydrometers in use at the Central Distilleries in the interior are in correct adjustment, the Deputy Collector who manages the Department under the Collector should be provided with a standard instrument which should be used only in his own presence, and for the one purpose of ascertaining the correctness of the other instruments in daily use. Thus seldom used, and if carefully washed and dried as herein directed, the standard instrument will remain in adjustment for years.

3. Add now to the Excise Rules:—

95E. Hydrometers are liable to be thrown out of adjustment by the action of the acids in the spirit upon the metal of which the instruments are made. In order to retard this deterioration to the utmost, the distillery officers are to be instructed to wash their Hydrometers thoroughly in pure water, and then dry them carefully, every time that they are used.

95F. A Hydrometer once thoroughly out of adjustment, is useless, and should be rejected summarily: its continued employment can only cause a loss of revenue. In order to test the correctness of the instruments in constant use, the Deputy Collector who manages the Department under the Collector, is to be provided with a standard Hydrometer, which he must be very careful to preserve in adjustment, by using it only when necessary, and by never using it without carefully washing and drying it.

No. 16.

The Government orders published in the Revenue Department with Circular Order No. 11, of January 1865, (for which Government orders the Board of Revenue were, in a great measure, responsible,) were issued without sufficient

সেই অংশের সারগ্রহণপূর্ব্বক আপনি সেই বিধিমতে যাহা করিয়াছেন ইহাও ব্যক্ত করিবেন।

আবকারী।

১৫ নম্বর।

রেবিনিউ বোর্ডের সাহেবদিগকে অবগত করা গিয়াছে যে দেশীয় মদিরাতে যে অম্লাংশ থাকে তাহা জল পরিমাপক যন্ত্রের ধাতুতে লাগিলে সেই যন্ত্র কিছু শীঘ্র ক্ষয় হইয়া যায়। কিন্তু তাহার ব্যবহার হইলে পর প্রত্যেক সময়ে জলে উত্তমরূপে ধুইয়া পরে সাবধানে শুষ্ক করিলে, যন্ত্রের সেই ক্ষয়ের যদিও একেবারে নিবৃত্তি না হয় তথাপি অনেক বিলম্ব হইতে পারে। অম্লরসে জল পরিমাপক যন্ত্রের একবার অপারিপাট্য হইলে তাহা অকর্ম্মণ্য ও ত্যাজ্য হয়।

২। মফঃসলের সদর মদ্য সন্ধানি স্থানে যে জল পরিমাপক যন্ত্রের ব্যবহার হইতেছে তাহা পরিপাটী কি না ইহা নির্ণয় করণার্থে কালেক্টর সাহেবের অধীন যে ডেপুটী কালেক্টর ঐ স্থানের কর্ম্মের অধ্যক্ষতা করিতেছেন, তাঁহাকে কষ্টিস্বরূপ এক যন্ত্র দেওয়া উচিত। অন্যান্য যে যন্ত্রের প্রতিদিন ব্যবহার হয় তাহার নির্দ্দোষিতা নিরূপণ একি অভিপ্রায়ে কেবল তাঁহারই সাক্ষাতে সেই কষ্টি যন্ত্রের ব্যবহার করিতে হইবে। এতদ্রূপে অল্প ব্যবহার হইলে ও পূর্ব্বলিখিত মতে ধৌত হইয়া পরিষ্কার করা গেলে কষ্টিস্বরূপ সেই যন্ত্র অনেক বৎসর পর্য্যন্ত পরিপাটী রূপে থাকিতে পারিবে।

৩। আবকারীর বিধির সঙ্গে এই বিধি দিতে হইবে।

৯৫ E। জলপরিমাপক যন্ত্র যে ধাতুনির্ম্মিত হয় সেই ধাতুতে অম্লরসের বলে সেই যন্ত্রের অপারিপাট্য হইবার সম্ভাবনা। এই হেতুক তদ্রূপ ক্ষয় হইবার সাধ্যমতে বিলম্ব হওনার্থে মদ্য সন্ধানি কার্য্যকারকদিগকে এই উপদেশ দিতে হইবে যে তাঁহারা সেই জলপরিমাপক যন্ত্রের ব্যবহার করিলে পর প্রত্যেকবার তাহা পরিষ্কার জলে উত্তমরূপে ধুইয়া সাবধানে শুষ্ক করিয়া রাখেন।

৯৫ F। জল পরিমাপক যন্ত্র একবার সম্পূর্ণরূপে অপরিপাটী হইলে তাহা অকর্ম্মণ্য হয় ও একেবারে ত্যাগ করিতে হইবে। তাহা লইয়া কর্ম্ম করিলে কেবল রাজস্বের ক্ষতি হয়। অতএব যে২ যন্ত্রের নিত্য ব্যবহার হইয়া থাকে, তাহার নির্দ্দোষিতার পরীক্ষা করণার্থে কালেক্টর সাহেবের অধীন যে ডেপুটী কালেক্টর ঐ কর্ম্মের অধ্যক্ষতা করেন তাঁহাকে কষ্টিস্বরূপ জল পরিমাপক যন্ত্র দেওয়া যাইবে। তিনি সেই যন্ত্র কেবল আবশ্যক স্থলে ব্যবহার করিবেন, করিলে পর সর্ব্বদাই মনোযোগপূর্ব্বক ধুয়াইয়া শুষ্ক করাওনের দ্বারা সেই যন্ত্র পরিপাটী ভাবে রক্ষা করিতে অত্যন্ত মনোযোগী হইবেন।

১৬ নম্বর।

আবকারী ও আফীমের আইন লঙ্ঘনক্রমে ১৮৫৬ সালের ২১ আইনের ৭৬ ধারার এবং ১৮৫৭ সালের ১৩ আইনের ৩০ ধারার নির্দ্দিষ্ট অপরাধ হেতুক যে ব্যক্তিদের নামে অভিযোগ হয় মাজিষ্ট্রেট সাহেব তাঁহাদের দণ্ডের আজ্ঞা করিলে আপীল হইয়া সেই

advertence to the liability to modification in appeal, of the orders of a Magistrate adjudging penalties against persons charged with the offence against the Excise and Opium Laws described in Sections 76 of Act XXI of 1856 and 30 of Act XIII of 1857.

2. The Government have now been pleased to modify their orders upon the subject to the extent indicated in the following Rules, which are to be added to Excise Rule 173A:—

4. Sums awarded on account of confiscated Opium, under Acts XXI of 1856, or XIII of 1857, are to be paid *at once*, whatever the amount.

5. Fines and forfeitures realized and awarded under Section 76, Act XXI of 1856, and Section 30, Act XIII of 1857, are to be disbursed *at once*, provided the amount do not exceed Rupees 100. When the award exceeds that amount, Rupees 100 only should be disbursed at once, the balance being kept till the sanction of the Board of Revenue can be obtained after the period for appeal has passed, or after the appeal has been rejected. (*Vide Government Order to Board No. 3935, dated 20th November 1865.*)

আজ্ঞা পরিবর্ত্তন হইতে পারে। এই বিষয়ে উপযুক্তমতে মনোযোগ না করিয়া ১৮৬৫ সালের জানুআরি মাসের ১১ নম্বরের সরক্যুলর অর্ডরের সঙ্গে রাজস্বসম্পর্কীয় ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের আজ্ঞা প্রকাশ হইয়াছিল। গবর্ণমেণ্টের সেই আজ্ঞার নিমিত্তে রেবিনিউ বোর্ডের সাহেবেরা অধিকাংশে দায়ী।

২। এক্ষণে গবর্ণমেণ্ট পশ্চাৎ লিখিত বিধির নির্দ্দিষ্ট পরিমাণ পর্য্যন্ত আপনাদের ঐ আজ্ঞা মতান্তর করিয়াছেন। সেই বিধি আবকারি বিধির ১৭৩A ধারাতে সংযোগ করিতে হইবে।

৪। রাজ্যাক্রান্ত আফীমের জন্যে ১৮৫৬ সালের ২১ আইন কিম্বা ১৮৫৭ সালের ১৩ আইন দ্বারা যে পুরস্কার দিবার আদেশ হয়, তাহা যতই হউক একেবারে দিতে হইবে।

৫। ১৮৫৬ সালের ২১ আইনের ৭৬ ধারামতে ও ১৮৫৭ সালের ১৩ আইনের ৩০ ধারামতে যে সকল দণ্ডের ও অর্থদণ্ডের টাকা আদায় হইয়া বণ্টন করিবার আদেশ হয়, তাহা এক শত টাকার অধিক না হইলে একেবারেই বণ্টন করিতে হইবে। যদি ততোধিক টাকা বিলি করিবার আবশ্যক হয়, তবে এক শত টাকা সেই সময়েই বণ্টন করা যাইবে, এবং আপীলের সময় অতীত হওয়ার কিম্বা আপীল অগ্রাহ্য হইবার পরে রেবিনিউ বোর্ডের অনুমতি না প্রাপণ পর্য্যন্ত অবশিষ্ট টাকা রাখিতে হইবে। (বোর্ডের নিকটে গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের ২০ নবেম্বর তারিখের ৩৯৩৫ নম্বরের আজ্ঞা দেখ।)

INCOME TAX.

No. 17.

Referring to Circular Order 12 of August, the Board desire again to impress upon the heads of districts in which any Income Tax balance is still outstanding, the imperative necessity for its immediate collection and adjustment.

2. The law must be put in force vigorously for the recovery of the portion of those balances that is recoverable, and the remainder reported for remission without delay.

3. From many districts the final report has been already received.

ইনকম টাক্স।

১৭ নম্বর।

যে২ জিলার কোন ইনকম টাক্স এখন বক্রী পাওনা থাকে বোর্ডের সাহেবেরা আগষ্ট মাসের ১২ নম্বরের সরক্যুলর অর্ডরের উপলক্ষে সেই২ জিলার প্রধান কার্য্যকারকদিগকে পুনরায় জ্ঞাত করিতেছেন যে সেই টাকা অগৌণে আদায় করিয়া নিষ্পত্তি করা নিতান্ত আবশ্যক।

২। যে সকল টাকা পাওনা থাকে তাহা আদায় করিবার জন্যে দৃঢ়মতে আইন প্রবল করা আবশ্যক এবং অবশিষ্ট টাকা ক্ষমা করিবার জন্যে তাহার অগৌণে রিপোর্ট করিতে হইবে।

৩। অনেক জিলাহইতে চরম রিপোর্ট পাওয়া গিয়াছে।

STAMPS.

No. 18.

In column 3 of the Annual Return of Irrecoverable Balances, (No. XXXIV) the names of those parties only are to be given from whom the amounts are due, and not the names of both the parties in the suits, as has been done in some instances.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ ফেব্রুআরি।]

ষ্টাম্প।

১৮ নম্বর।

যে ব্যক্তিদের স্থানে টাকা প্রাপ্য হয় অনাদেয় বক্রী টাকার ৩৪ নম্বরের বার্ষিক রিটর্ণের ৩ ঘরে কেবল সেই ব্যক্তিদেরই নাম দিতে হইবে। কোন২ স্থলে মোকদ্দমার উভয় পক্ষীয় ব্যক্তিদের নাম দেওয়া গিয়াছে। কিন্তু তাহার প্রয়োজন নাই।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT GOVERNOR OF BENGAL.

No. 1261.

APPOINTMENTS.

The 12th February 1866.

The following gentlemen to be Members of the Board of Examiners, *viz.*:—

Lieutenant-Colonel J. R. Pughe, Officiating Inspector-General of Police, Lower Provinces, ex-officio.

Mr. G. F. Cockburn.

„ W. P. Davis.

The 13th February 1866.

Mr. J. Geoghegan to officiate as Junior Secretary to the Government of Bengal, during the absence, on leave, of Mr. S. C. Bayley, or until further orders.

Mr. A. Mackenzie to officiate as Under-Secretary to the Government of Bengal.

Mr. V. T. Taylor to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs.

Baboo Rashbehary Bose, Deputy Magistrate and Deputy Collector of Khoolnah, is temporarily transferred to the 24-Pergunnahs, to be employed under the Commissioner of the Soonderbuns, and is vested with the powers of a Magistrate in that District.

Mr. H. W. Mackenzie to be a Deputy Registrar of Assurances of the Sub-District of Gowhatty, having its Head-Quarters at the Sudder Station of the District of Kamroop.

The 14th February 1866.

Baboo Issur Chunder Mitter, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Jehanabad, and to exercise the powers of a Magistrate in the Districts of Hooghly and Burdwan.

Baboo Calicadoss Dutt, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Cutwa, and to exercise the powers of a Magistrate in the District of Burdwan.

The following gentlemen to be Members of the Dispensary Committee at Bhaugulpore:—

Lieutenant-Colonel F. P. Layard, or Superintending Engineer of the Circle for the time being.

Revd. M. C. Mills, or the Officiating Minister for the time being.

Baboo Norottum Mullick, or the Principal Sudder Ameen for the time being.

Mr. John Fitzpatrick.

Baboo Soorj Narain Sing.

„ Hurgouree Persaud.

[*Government Gazette, 27th February* 1866.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১২৬১ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১২ ফেব্রুআরি।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা পরীক্ষক বোর্ডের মেম্বর হইবেন, অর্থাৎ—

বঙ্গ প্রভৃতি দেশের পোলীসের একটিং ইনিস্পেক্টর জেনরল লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত জে আর পিউ সাহেব স্বীয় পদোপলক্ষে।

শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব।

„ ডবলিউ পি ডেবিস্ সাহেব।

১৮৬৬ সাল ১৩ ফেব্রুআরি।

শ্রীযুত এস সি বেলী সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে গিওগান সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ মাকেঞ্জি সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত বি টি টেলর সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

খুলনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু রাসবেহারি বসু সুন্দরবনের কমিসানর সাহেবের অধীনে নিযুক্ত হইবার জন্যে কিয়ৎকালের নিমিত্ত ২৪ পরগনায় নিযুক্ত হইয়াছেন। এবং ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এচ ডবলিউ মাকেঞ্জি সাহেব গৌহাটী সবডিষ্ট্রিকুটের নিদর্শন পত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিকুটের সদর স্থান কামরূপ জিলার সদর মোকামে হইবে।

১৮৬৬ সাল ১৪ ফেব্রুআরি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্র জাহানাবাদ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং হুগলী ও বর্দ্ধমান জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু কালিকাদাস দত্ত কাটওয়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং বর্দ্ধমান জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা ভাগলপুরের দাতব্য ঔষধালয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত এফ পি লেয়ার্ড সাহেব, কিম্বা যিনি যে সময়ে উক্ত চক্রের সুপারিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র হন।

পাদরী শ্রীযুত এম সি মিলস সাহেব, কিম্বা যিনি যে সময়ে একটিং ধর্ম্মোপদেশক হন।

শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক, কিম্বা যিনি যে সময়ে প্রধান সদর আমীন হন।

শ্রীযুত জান ফিটস্‌পাট্রিক সাহেব।

„ বাবু সূর্য্যনারায়ণ সিংহ।

„ বাবু হরগৌরী প্রসাদ।

Moulvie Wahedoodeen.
Abdool Kader Khan.

The 15th February 1866.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Noakhally :—

Mr. J. Birkmyre.
,, H. W. Barber.

Mr. W. P. Davis, Officiating Deputy Commissioner of Police, Calcutta, is vested with the powers of Magistrate in the 24-Pergunnahs.

Dr. K. Macleod to officiate as Civil Assistant Surgeon of Jessore.

The 16th February 1866.

Mr. C. Jennins to officiate, until further orders, as District Superintendent of Police of Rajshahye.

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে লিখিত নিয়মের অধীনে থাকিবেন ও সন ১২৭২ সালের প্রথম হইতে তাঁহাদের স্বত্ব বর্ত্তিবেক।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম	যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্যকরা রাজস্ব।	রাস্তার টাকুস।	মোট।		
২৭	৪১২	সানপুখরিয়া ওগয়রহ পঃ মাগুরা …	এঃ রুঃ পঃ ২৫১।১।২৭	৫৮৯॥৶১০	২৩৶৪	৬১২॥/২	১১৭৯।/৮	

A. J. R. Bainbridge,
Collector.

২৫ জানুআরি ১৮৬৬।

জিলা হুগলী।

বিজ্ঞাপন কাছারি কালেক্টরি জিলা হুগলী।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে এই কালেক্টরির নিম্ন লিখিত খাস মহালে গবর্ণমেন্টের যে মালিকি স্বত্ব আছে তাহা ১৮৬৬ সালের ৮ ই মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭২ সালের ২৬ সে ফাল্গুন বৃহস্পতিবার হুগলীর কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

রাজকীয় মহালের টৌজি-মতের নম্বর।	জিলার বহিতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ (এঃ রুঃ পঃ)	সদর জমা। যত টাকা জমা ধার্য্যকরাছে।	সদর জমা। রাস্তার টাকস	সদর জমা। মোট	নীলামের প্রথম ডাক	মন্তব্য।
৯২ নং	২৬০৩নং	দীঘকুইয়ের সামিল মাজিপুর পং ভুরসিট	২ ০ ৮ ৬৷৷৩৷০ বিঘা	২৷৷০	৫ পাই	২৷৷৫	৫৭ টাকা	এই মহালে গবর্ণমেন্টের মালিকি যে স্বত্ব আছে তাহাই নীলাম হইবেক এই মহাল ১২৭২ সালের জন্য ইজারা বিলি আছে অতএব ১২৭৩ সাল অথবা ১৮৬৬ সালের ১ মে হইতে খরিদারের স্বত্ব বর্ত্তিবেক এবং খরিদারকে প্রতি সন উপযুক্ত ঘরের লিখিত মং ২৷৷৫ টাকা গবর্ণমেন্টে রাজস্ব দিতে হইবেক ইতি।

G. S. PARK,
Depy. Collector in charge.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MARCH 6, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৬ মার্চ।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনাইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপম্যান,
সেক্রেটারী।

নীলামের ইশ্তিহার।

নিলামী ইশ্তিহার জেলা ফরিদপুর।

ইশ্তিহারনামা কাছারী কালেক্টরী জেলা ফরিদপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৬ সনের মার্চ মাসের ৬ তারিখে মোতাবেক সন ১২৭২ সনের ফাল্গুণ মাসের ২৫ তারিখে মঙ্গলবার জিলা ফরিদপুরের কালেক্টরের কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৬ তারিখ ১৭ জানুয়ারি মোতাবেক ১২৭২ সন তারিখ ৫ মাঘ।

তৌজীর মহালের টৌজী-মতের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম	যত একর পরিমাণ।	সদর জমা।			মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার চাঁদা	মোট।	
			এ: রু: প:				
২০	২১৪	চর লাক্ষিরপুরের মধ্যগত পরগণে জালালপুরের অন্তঃপাতী চর জালালপুর মুন্সির আজগর আলী ...	৫৭৯২।০।১৪	৪১৪৫৵৯	৫১।৶	১৮৫॥৵০	রেবিনিউ বোর্ডের বিশেষ আদেশে এই কয়েক মহল উচ্চ ডাকনিয়াকে বিক্রী করা যাইবেক।
২২	২১৬	ঐ চরের মধ্যগত পরগণে বৈকণ্ঠপুরের অন্তঃপাতী চর জাহানাবাদ ...	১৯৫০।০।৫৯	১৬২৩৸০	১৬।০	১৬৫০৲	ঐ
২৫	২১৯	উক্ত চরের মধ্যগত পরগণে বন্দরখোলার অন্তঃপাতী চর বন্দরখোলা মুঃ রামরত্ন বসু ...	১৫৮৫।১।৩৩	১০৫৭।৶০	১০॥৶০	১০৬৮৲	ঐ
২৩৮	৮০৪	পরগণে বৈকণ্ঠপুরের অন্তঃপাতী সরকারি ডিক্রীর মহাল অজিরা চর ফিকতপুরের তৃতীয়খণ্ড ...	২২৭৮।৩।১২	১৫৮৭।৶০	১৫০৸	১৫৯২৶০	ঐ

জেলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ভাগলপুর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র কালেক্টরি স্থিত নিম্নের ইষ্টেটমেন্টের লিখিত খাস মহালে গবর্ণমেন্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৬ সালের ২৮ মার্চ মোতাবেক ফসলি ১২৭৩ সালের ২৭ চৈত্র বুধবার ভাগলপুর জেলার কালেক্টরিতে বিক্রয় হইবেক ইতি।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহাদের এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের অধীনে থাকিতে হইবেক।

তৌজীর মহালের তৌজিভুক্তের নম্বর।	জেলার বহিতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	পরিমাণ যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাকুস।	মোট।		
২০৪ ১৮৫৯	৯২	জাগীর সাহের তওজেল থানা উধয়ানালা পরগনে কঁকজোল ...	এ: র: প. ০। ৩। ৩৭ ৩ বিঘা	১৷০	৩	১৩	২৷৷০	

জেলা ভাগলপুর কাছারি কালেক্টরি তারিখ ১১ জানুয়ারি ১৮৬৬ সাল।

R. L. MANGLES,
Collector.

জিলা হুগলী।

বিজ্ঞাপন কাছারি কালেক্টরি জিলা হুগলী।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে এই কালেক্টরির নিম্ন লিখিত খাস মহালে গবর্ণমেন্টের যে মালিকি স্বত্ব আছে তাহা ১৮৬৬ সালের ৮ ই মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭২ সালের ২৬ সে ফাল্গুন বৃহস্পতিবার হুগলীর কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

তৌজীর মহালের তৌজি-ভুক্তের নম্বর।	জিলার বহিতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক	মন্তব্য।
			এ: ক: পা:	যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাকুস	মোট		
৯২ নং	২৬০৩নং	দীঘকইয়ের সামিল মাজিপুর পং ভুরসিট	২ ০ ৮ ৬।৩।০ বিঘা	২৷৷০	[illegible]	২।১	৲টাকা	এই মহালে গবর্ণমেন্টের মালিকি যে স্বত্ব আছে তাহাই নীলাম হইবেক এই মহাল ১২৭২ সালের জমা ইজারা বিলি আছে অতএব ১২৭৩ সাল অথবা ১৮৬৬ সালের ১ মে হইতে খরিদারের স্বত্ব বর্ত্তিবেক এবং খরিদারকে প্রতি সন উপযুক্ত বরের লিখিত মত ৩৷৷০ টাকা গবর্ণমেন্টের রাজস্ব দিতে হইবেক ইতি।

G. [illegible] PARK.
Depy. Collector in charge.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত জামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

2. It will be noticed that papers of Class A are, in future, to be left unstamped. Complaints have been made of original documents having been injured by the stamping process, and the papers of this class will be quite sufficiently distinguished by bearing no stamp.

3. District Officers will be good enough, at once to call in and destroy the A stamps heretofore furnished to Departmental Mohurirs, and to report having done so.

4. Alter also the second line of Record Rule XV. on p. 608, Hume, as follows :—
Strike out "A" and after "paper" insert "not to be permanently kept."

5. It is the desire of the Board that measures be at once generally, adopted, for clearing the record-rooms of all old records liable to be destroyed under the classification now circulated, and of preparing those not liable to *immediately* destruction, for destruction when the proper time comes.

6. After careful consideration, and after consulting Commissioners, the Board have arrived at the conclusion, that it will not be safe to dispense with lists of the papers thus destroyed. Such lists must, therefore, be kept; each list being signed by the Record-keeper.

7. Notwithstanding this, the Board of Revenue expect that, as a general rule, the duty of assorting and destroying the old records will be performed by the District Record-room Establishments, without extraordinary assistance. If this is found really impossible within any reasonable time, proposals may be submitted for assistance.

8. Commissioners are requested now to obtain from each District Officer a complete account of the work that will have to be done under these orders with an estimate of the time that it will take to do it. They must also require Quarterly District Statements of progress, and must enquire specially, upon their annual visits, how the work is proceeding. The subject must be annually reported upon to the Board, till the work is completed.

9. It is not intended that any attempt should be made to re-classify, by the table now circulated, papers already classified under the table superseded.

No. 2.

With reference to Circular Order No. 4 of May 1865, security to the amount of Rupees 100 is hereafter to be demanded from Sub-divisional Nazirs.

২। দৃষ্ট হইবে যে অদ্যাবধি A শ্রেণীর পত্রে অক্ষর মুদ্রিত না করিয়া রাখিতে হইবে। অক্ষর মুদ্রাঙ্কন দ্বারা কএক মূল নিদর্শনপত্রের ক্ষতি হইল এমত নিবেদন হইয়াছে। অক্ষর না থাকাই ঐ শ্রেণীর পত্রের যথোপযুক্ত চিহ্ন হইবে।

৩। শিরিশ্‌তার মুহুরিরদিগকে A অক্ষরের যে ইস্টাম্পা দেওয়া যাইত, জিলার কর্ম্মকারকেরা সেই সকল ইস্টাম্পা নিকট আনাইয়া অবিলম্বে নষ্ট করিবেন, এবং তাহা করিবার রিপোর্ট করিবেন।

৪। হিউম সাহেবের পুস্তকের ৬০৮ পৃষ্ঠার কাগজপত্র বিষয়ক বিধির ১৫ ধারার দ্বিতীয় পংক্তির এইরূপ পরিবর্ত্তন করিতে হইবে। A অক্ষর উঠাইয়া দেও। "কাগজপত্র" এই শব্দের পর "চিরকাল রাখিতে হইবে না" এই কথা লেখ।

৫। শ্রেণীবদ্ধ যে নামাবলি এই পত্র সহিত প্রেরিত হইল তদনুসারে যে সকল পুরাতন কাগজপত্র নষ্ট হইতে পারিবে তাহা মহাফেজখানাহইতে বাহির করিয়া দিবার, এবং যাহা এইক্ষণে নষ্ট হইবার যোগ্য নয় তাহা উপযুক্ত সময়ে নষ্ট করণার্থে প্রস্তুত করিবার উপায় সাধারণমতে অগৌণে করা যায়, বোর্ডের সাহেবেরদের এই ইচ্ছা।

৬। তদ্রূপে যে পত্রাদি নষ্ট করা যায় তাহার নামাবলি রক্ষা না করা শ্রেয় নহে বোর্ডের সাহেবেরা অবধানপূর্ব্বক বিবেচনা করিয়া এবং কমিস্যনর সাহেবদিগের সঙ্গে পরামর্শ করিয়া ইহা স্থির করিয়াছেন। অতএব তদ্রূপ আবলি রাখিতে হইবে। প্রত্যেক আবলিতে মহাফেজ স্বাক্ষর করিবেন।

৭। এতদ্রূপ হইলেও বোর্ডের সাহেবেরা প্রতীক্ষা করেন যে, জিলার মহাফেজখানার আমলাগণ অতিরিক্ত সাহায্য প্রার্থনা না করিয়া ঐ পুরাতন কাগজপত্র সাজাইবার ও নষ্ট করিবার কর্ম্ম করিবেন। এই বিধি সাধারণ, কিন্তু যদি যুক্তিসিদ্ধ কোন কালের মধ্যে ইহা নিতান্ত অসাধ্য দৃষ্ট হয়, তবে সাহায্য পাইবার প্রস্তাব হইতে পারিবে।

৮। কমিস্যনর সাহেবদিগের প্রতি এইক্ষণে এই আদেশ হইতেছে যে, এই আজ্ঞানুসারে যে কর্ম্ম করিতে হইবে ও তাহা করিতে অনুমান যত কাল লাগিবে ইহার সম্পূর্ণ বিবরণ জিলার প্রত্যেক কার্য্যকারকের স্থানে গ্রহণ করেন। আরো সেই কর্ম্ম যেরূপে চলিতেছে প্রত্যেক জিলাহইতে তিন২ মাসান্তর ইহার বিবরণ পাঠাইবার আদেশ করিবেন, এবং বৎসরান্তে যখন জিলায়২ গমন করেন তখন ঐ কর্ম্ম কিরূপে চলিতেছে ইহার সন্ধান লইবেন। ঐ কার্য্যের সমাপ্তি না হওন পর্য্যন্ত বৎসরে২ বোর্ডের নিকটে তাহার রিপোর্ট করিতে হইবে।

৯। যে টেবিল রহিত করা গেল, তাহাতে যে সকল পত্র শ্রেণীবদ্ধ হইয়াছিল, ইদানীং প্রেরিত টেবিল অনুসারে তাহা পুনশ্চ শ্রেণীবদ্ধ করিবার যত্ন হয়, এমত অভিপ্রায় নাই।

---

২ নম্বর।

১৮৬৫ সালের মে মাসের ৪ নম্বরের সরক্যুলর অর্ডর উপলক্ষে অদ্যাবধি সবডিবিজনের নাজিরদিগের স্থানে ১০০ টাকা প্রতিভূ লইতে হইবে।

Add, therefore, to Miscellaneous Rule LXVII after Nazirs.

Sub-divisional Nazirs, Rupees 100.

অতএব বিবিধ বিধির ৬৭ ধারাতে নাজির এই শব্দের পরে "শাখাখণ্ডের নাজির ১০০ টাকা।" এই কথা দিতে হইবে।

No. 3.

The Board of Revenue are pleased to dispense with the submission of the Annual Return No. XXXIII. (Irrecoverable Balances of Land Revenue). It should be scored through in the Board's List of Revenue Returns.

2. Any pending balances of this character must be so explained in the next Return No. X, as to enable the Commissioner to recommend, and the Board to sanction their remission upon that Return.

3. All balances that can be satisfactorily shown to be irrecoverable, in future, will, in like manner, be at once remitted by the Board in their orders upon Return No. X.

৩ নম্বর।

রেবিনিউ বোর্ডের সাহেবেরা (ভূমির রাজস্বের অনাদেয় বাকী টাকা) বলিয়া ৩৩ নম্বরের বার্ষিক রিটর্ণ পাঠাইতে নিষেধ করিয়াছেন। ঐ রিটর্ণ বোর্ডের রাজস্ব সম্পর্কীয় রিটর্ণের আবলিহইতে কলম দিয়া কাটিয়া দিতে হইবে।

২। উক্ত প্রকারের যে টাকা বাকী থাকে তাহার বিষয়ে ১০ নম্বরের রিটর্ণে এমন ব্যাখ্যা করিতে হইবে যে সেই রিটর্ণানুসারে কমিস্যনর সাহেবেরা ঐ বাকী টাকা ক্ষমা হইবার পরামর্শ দিতে এবং বোর্ডের সাহেবেরা অনুমতিও দিতে পারেন।

৩। ইহার পরে যে সকল টাকার আদায় হইতে না পারা সুবোধগম্যতে প্রকাশ হয়, বোর্ডের সাহেবেরা ১০ নম্বরের রিটর্ণ বিষয়ে আপনারদের আজ্ঞা লিখিবার সময়ে তাহা একেবারে ক্ষমা করিবেন।

No. 4.

Under instructions from the Government of India in the Financial Department, No. 3558, dated 30th December 1865, the following addition is to be made to Pension Rule No. 6A:—

"Copies of the narrative are to be, at the same time, forwarded to these Officers; and the Officer in charge of the Treasury from which the pension has hitherto been paid, is to be instructed to return the counterpart which he holds of the "Permanent payable Order," to the Accountant-General, who will, thereupon, take steps for the issue of a fresh parmanent order upon the Treasury from which the pension will, in future, be paid.

৪ নম্বর।

ফিনান্সিয়াল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ৩০ ডিসেম্বর তারিখের ৩৫৫৮ নম্বরের যে আজ্ঞা করিলেন তদনুসারে পেনশ্যান বিধির ৬A ধারাতে এই কথা সংযোগ করিতে হইবে।

তৎকালেও সেই কার্য্যকারকদিগের নিকটে বিবরণের প্রতিলিপি প্রেরণ করিতে হইবে। এবং তৎকালপর্য্যন্ত পেনশ্যান যে অর্থকোষহইতে দেওয়া যাইত সেই অর্থকোষের কর্মকারকের নিকটে "চিরকালীন দেয় আজ্ঞাপত্রের" যে প্রতিলিপি আছে, তাহা তাঁহাকে আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে প্রেরণ করিবার আদেশ হইবে। পরে ঐ পেনশ্যান যে অর্থকোষহইতে ভবিষ্যতে দিতে হইবে সেই অর্থকোষে আকৌণ্টেণ্ট জেনরল সাহেব স্থায়ি নূতন আজ্ঞাপত্র প্রেরণ করিবার উপায় করিবেন।

No. 5.

With reference to the provisions of Section 13, Act XVI of 1864, the following Rule is to be added to the "Registration Rules."

IXA. The Collector must, however, in mutation proceedings, carefully abstain from, in any way, recognizing or "acting on" any deed of gift of land, dated later than the 31st December 1864, or any deed so dated "which purports or operates to create, declare, transfer, or extinguish any right, title, or interest, of the value of one hundred Rupees or upwards, in land, unless the same shall have been registered in the manner, and within the time, prescribed by Act XVI of 1864."

৫ নম্বর।

১৮৬৪ সালের ১৬ আইনের ১৩ ধারার বিধানের উপলক্ষে রেজিষ্ট্রী করণ সম্পর্কীয় বিধির সঙ্গে এই বিধি সংযোগ করিতে হইবে।

৯A. পরন্তু খারিজদাখিল সম্পর্কীয় কোন কার্য্য করণ কালে, ভূমির যে দানপত্রে ১৮৬৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের পশ্চাৎ কোন তারিখ থাকে, তাহা কিম্বা তদ্রূপ তারিখযুক্ত যে কোন পত্রের মর্ম্মানুসারে কি সত্ত্বরূপে ভূমিসম্পর্কে একশত টাকার কি তাহার অধিক মূল্যের কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্ট কি প্রকাশ কি হস্তান্তর কি লোপ করা যায় তাহা যদি ১৮৬৪ সালের ১৬ আইনের নির্দ্দিষ্টমতে ও নির্দ্ধারিত সময়ের মধ্যে রেজিষ্টর না হয়, তবে কালেক্টর সাহেব সতর্ক হইয়া তাহা কোন প্রকারে স্বীকার করিতে কিম্বা তদনুযায়ি কার্য্য করিতে নিরস্ত থাকিবেন।

District Officers in Assam, Cachar, Sylhet, and Chittagong are requested to notice, with reference to Waste Land Rule 24, that this Rule applies to transfers of Waste Lands.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৬ মার্চ।]

পতিত ভূমিবিষয়ক বিধির ২৪ ধারার উপলক্ষে আসাম ও কাছাড় ও শ্রীহট্ট ও চট্টগ্রামস্থ জিলার কর্ম্মকারকদিগকে জ্ঞাত করা যাইতেছে, যে, এই বিধি পতিত ভূমির হস্তান্তর কার্য্যের প্রতি বর্ত্তে।

No 6.

It has been decided by the Governor General in Council,* that "Clauses 2 and 3 of Section 8 of Regulation XIX of 1793 lay down Rules for calculating the revenue to be fixed on resumed zemindaree lakhiraj tenures, and provide that, if the proprietor agree to the amount so fixed, he and his heirs and successors shall hold the land, at such fixed revenue, for ever. There is no power to make any reservation on account of any particular sort of profit, or any one or more of the resources of the land, and no power to reserve a right of future increase on any account whatever. The jumma must be assessed, once and for ever, as the whole demand of the State as its share of the profits and resources of the land, of whatsoever description. The only way in which any enhancement above the first year's revenue is allowable, is by the fixing of a progressively increasing jumma, which is allowable only when part of the land is uncultivated, and must be definitely fixed, at the time of settlement, under certain reasonable restrictions."

2. In accordance with this construction of the law on the subject, the Governor General in Council has deliberately declared that "the proprietor of a resumed lakhiraj estate, in a permanently-settled district, is entitled to a permanent settlement thereof, based on the assets as existing at the time of resumption."

3. His Excellency in Council has further resolved that these principles shall be applied immediately to the case of all resumed revenue-free estates which, under any different interpretation of the law, are now settl d for a term of years only, instead of being settled permanently.

4. The orders of the Governor General in Council are "that all existing settlements of resumed revenue-free estates shall be upheld as permanent settlements, except when it shall appear that a settlement was avowedly made at lower rates than those at which it would have been made if the Revenue Authorities had intended a permanent settlement, and when, in any such case, the settlement papers themselves may give the means of estimating the full assets of the estate, including capabilities."

5. Collectors are directed immediately to carry out these orders carefully, in the case of any resumed revenue-free estate of which the current settlement is not permanent.

---

* Order to Government of Bengal, No. 441, dated 13th January 1866.

[*Government Gazette, 6th March* 1866.]

৬ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত* শ্রীযুক্ত গবর্নর জেনরল সাহেব নির্দ্ধার্য্য করিয়াছেন যে, "বাজেয়াপ্ত লাখেরাজ জমিদারীর উপর যে রাজস্ব ধার্য্য হইবে তাহা নিরূপণের বিধি ১৭৯৩ সালের ১৯ আইনের ৮ ধারার ২ ও ৩ প্রকরণে আছে। সেই ভূম্যধিকারী যদি ঐ নির্দ্ধারিত রাজস্ব স্বীকার করেন, তবে সেই ভূমি সেই রাজস্ব জমায় তাহার এবং তাহার উত্তরাধিকারি আদিক্রমে ভোগদখলে মোকররী মতে রহিবে এই বিধি হইয়াছে। কোন বিশেষ প্রকারের প্রাপ্তি হেতুক কিম্বা ভূমির কোন এক কি অধিক দ্রব্য উৎপাদনের শক্তি হেতুক জমা রাজস্ব অবধারণের ক্ষমতা নাই, এবং ভাবিকালে কোন কারণেই রাজস্ব বৃদ্ধি করিবার স্বত্বের ক্ষমতা নাই। ভূমির যে কোন প্রকারের উপস্বত্ব ও উৎপাদন শক্তি হউক তাহার যে অংশের উপর রাজার দাওয়া থাকে সেই সম্পূর্ণ দাওয়া স্বরূপ ঐ জমা একবারেই অবধার্য্য করিতে হইবে। প্রথম বৎসরে যে রাজস্ব ধার্য্য হইল তাহার অধিক গ্রহণ করিবার জন্যে, ক্রমে বৃদ্ধি করণের নিয়মে জমা ধার্য্য করণ ভিন্ন, উপায় নাই। যদি ভূমির কোন অংশ পতিত থাকে, তবে ক্রমে বৃদ্ধি হইবার অনুমত্যনুসারে জমা নিরূপণ হইতে পারে, নতুবা নয়। তাহাও বন্দোবস্ত করণ কালে বিশেষ কোন যুক্তিসিদ্ধ সীমানুক্রমে নির্দ্ধারিত মতে স্থির করিতে হইবে।"

২। তদ্বিষয়ক আইনের উক্ত অর্থানুসারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব সুবিবেচনা পূর্ব্বক কহিয়াছেন যে, "চিরকালীন বন্দোবস্ত হওয়া প্রদেশের অন্তর্গত বাজেয়াপ্ত লাখেরাজ মহালের বাজেয়াপ্ত করণ সময়ে ঐ ভূমির উৎপন্ন মূলক যে রাজস্বের চিরকালীন বন্দোবস্ত হইয়াছিল, ঐ মহালের অধিকারী সেই চিরকালীন বন্দোবস্ত ক্রমে ভূমি ভোগ করিবার স্বত্ববান হন।"

৩। মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর আরো নির্দ্ধার্য্য করিয়াছেন যে বাজেয়াপ্ত যে সকল লাখেরাজ মহালের চিরকালীনরূপে বন্দোবস্ত না হইয়া আইনের ভিন্ন অর্থ করণ দ্বারা এইক্ষণে কেবল কএক বৎসর মিয়াদের বন্দোবস্ত হইয়া থাকে, সেই২ ভূমির প্রতি পূর্ব্বোক্ত বিধি অচিরাৎ বর্ত্তিবে যায়।

৪। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই আজ্ঞা যে, রাজস্বের কার্য্যকারকেরা কোন ভূমির যে রাজস্ব ধার্য্য করিয়াছেন, চিরকালীন বন্দোবস্ত করিবার অভিপ্রায় থাকিলে তাঁহারা অবশ্য অধিক ধার্য্য করিতেন, ইহা যদি ব্যক্ত হয়, এবং সেই স্থলে যদি বন্দোবস্তের কাগজ দ্বারা উৎপাদন শক্তিযুক্ত মহালের সম্পূর্ণ উপস্বত্ব নিরূপণের উপায় থাকে, তবে তদ্রূপ স্থল ভিন্ন, বাজেয়াপ্ত লাখেরাজ মহালের বর্ত্তমান সকল বন্দোবস্ত চিরকালীন বন্দোবস্তস্বরূপে দৃঢ়তর হইবে।

৫। কোন বাজেয়াপ্ত লাখেরাজ মহালের বর্ত্তমান বন্দোবস্ত যদি চিরকালীন না হয়, তবে কালেক্টর সাহেবদিগের প্রতি আজ্ঞা হইতেছে যে তাঁহারা তদ্রূপ স্থলে উক্ত আজ্ঞানুসারে মনোযোগ করিয়া অচিরাৎ কর্ম্ম করেন।

---

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের নিকটে ১৮৬৬ সালের ১৩ জানুআরি তারিখের ৪৪১ নম্বরের আজ্ঞাপত্র।

6. In all such cases, it will be only necessary to ascertain that the settlement was not made "*avowedly*, at lower rates than those at which it would have been made if the Revenue Authorities had intended a permanent settlement." Except in that contingency, all existing temporary settlements of resumed revenue-free lands are to be at once declared permanent, revised engagements being exchanged with the proprietors.

7. Even in the excepted cases, the current settlement is only to be revised so far as "the settlement papers themselves may give the means of estimating the full assets and capabilities of the estate" at the time the settlement was made.

8. Each Commissioner is to take steps for ascertaining that these orders are carried out intelligently in every District of his Division, with as little delay as possible.

9. When the measure is completed in any Division, a report to that effect should be made to the Board of Revenue.

No. 7.

The Board of Revenue regret to learn that there has been a very general failure on the part of the Assistant and Deputy Collectors to pass the late examination in the Revenue Department.

2. The Board have had an opportunity of seeing the questions which these Officers have proved unable to answer, and they are of opinion that they are such as it might reasonably have been expected that they would have been able to answer without difficulty. This is especially the case with the questions by the Lower Standard, the answers to which are stated to have been especially discreditable.

3. The Government and the Board of Revenue have, repeatedly, directly and indirectly, impressed upon Commissioners and Collectors that they are responsible that they are young subordinates prepare themselves for these examinations dilligently and intelligently.

4. The subjects in which proficiency is expected are now well defined, and the needful laws and orders are all conveniently classified, for the most part, in a single volume (*Hume's Manual.*) The Board cannot but consider that if District Officers had paid due attention to this part of their duties, the discreditable result of the late examination could not have occurred.

5. The following Rule is now to be added to the Miscellaneous Rules:—

XXIXA. EXAMINATION.—It is the special duty of a District Officer to take care that the junior Officers subordinate to him, both Covenanted and Uncovenanted, prepare themselves, deligently and intelligently, for the examinations that

৬। পূর্ব্বোক্ত গতিকে, কোন ভূমির যে রাজস্ব ধার্য্য হইয়াছে, রাজস্বের কার্য্যকারকদের চিরকালীন বন্দোবস্ত করিবার অভিপ্রায় থাকিলে অবশ্য অধিক ধার্য্য হইত, সেই বন্দোবস্ত কালে ইহা ব্যক্ত হয় নাই, এই মাত্র নির্দ্ধার্য্য করা আবশ্যক। তদ্রূপ স্থল ভিন্ন বাজেয়াপ্ত লাখেরাজ ভূমির বর্ত্তমান মেয়াদী সকল বন্দোবস্ত একেবারে চিরকালীন প্রকাশ করিতে হইবে, এবং ভূম্যধিকারিদিগকে সংশোধিত বন্দোবস্তপত্র প্রদান করিয়া অন্য পত্র ফিরিয়া লইতে হইবে।

৭। বর্জ্জিত স্থলেরও এই বিধি, বন্দোবস্ত করণ কালে ভূমির উৎপাদনশক্তি ও সম্পূর্ণ উপস্বত্ব ঐ বন্দোবস্তের পত্র দ্বারা যে পর্য্যন্ত নিরূপণ হইতে পারে কেবল সেই পর্য্যন্ত বর্ত্তমান বন্দোবস্তের সংশোধন করিতে হইবে।

৮। প্রত্যেক কমিস্যনর সাহেবের খণ্ডের অন্তর্গত প্রত্যেক জিলাতে এই আজ্ঞা স্বল্প বিলম্বে বুদ্ধিকৌশলে নিষ্পাদন করা যায়, তিনি ইহা নিশ্চয়মতে জানিবার উপায় করিবেন।

৯। কোন খণ্ডের মধ্যে সেই কার্য্য সমাপ্ত হইলে, রেবিনিউ বোর্ডে সেই মর্ম্মের রিপোর্ট করিতে হইবে।

---

৭ নম্বর।

অনেক আসিস্টান্ট ও ডেপুটী কালেক্টর রাজস্বসম্পর্কীয় ডিপার্টমেন্টের ভূতপূর্ব্ব পরীক্ষাতে উত্তীর্ণ হইতে পারিলেন না। ইহা অবগত হইয়া রেবিনিউ বোর্ডের অত্যন্ত আক্ষেপ হইয়াছে।

২। ঐ কার্য্যকারকেরা যে২ প্রশ্নের উত্তর করিতে অক্ষম হইলেন, বোর্ডের সাহেবেরা তাহাও দেখিয়া বোধ করিলেন যে তাঁহারা সেই প্রকারের পত্রের উত্তর অনায়াসে দিতে পারিতেন এইরূপ আশা যুক্তিসিদ্ধ। অধঃ শ্রেণীর পরীক্ষা সম্বন্ধীয় প্রশ্নের তদ্রূপ আশা বিশেষমতে হইতে পারিত, কিন্তু কথিত আছে যে সেই২ প্রশ্নের উত্তর বিশেষরূপে অপ্রশংসনীয়।

৩। কমিস্যনর ও কালেক্টর সাহেবেরদের অধীন নব্য কর্ম্মকারকেরা পরিশ্রমপূর্ব্বক ও বুদ্ধিকৌশলে ঐ২ পরীক্ষার জন্যে প্রস্তুত হন, এই বিষয়ে তাঁহারাই দায়ী, এই কথা গবর্ণমেণ্ট এবং রেবিনিউ বোর্ডের সাহেবেরা বারম্বার স্পষ্টরূপে ও চক্রান্তে উক্ত সাহেবদের হৃদয়ঙ্গম করিতে চেষ্টা করিয়াছেন।

৪। যে২ বিষয়ে ব্যুৎপত্তির অপেক্ষা তাহা উত্তমরূপে নির্দ্দিষ্ট হইয়াছে, এবং প্রয়োজনীয় সমস্ত আইন ও আজ্ঞার অধিকাংশ এক পুস্তকে (হিউমের মানুয়েলে) সুবিধামতে শ্রেণীবদ্ধ হইয়াছে। বোর্ডের সাহেবেরা নিশ্চিতরূপে বোধ করেন যে, জিলার কর্ম্মকারকেরা যদি আপনারদের কর্ত্তব্য কর্ম্মের এই অংশে উপযুক্তমতে মনোযোগ করিতেন, তবে ভূতপূর্ব্ব পরীক্ষার এই লজ্জাজনক ফল হইত না।

৫। বিবিধ বিধিতে এইক্ষণে এই বিধির সংযোগ করিতে হইবে।

২৯A পরীক্ষা।

জিলার কর্ম্মকারকের অধীন চিহ্নিত ও অচিহ্নিত নব্য কর্ম্মকারকেরদের যে পরীক্ষা দিতে হইবে, তজ্জন্যে তাঁহারা পরিশ্রমপূর্ব্বক ও বুদ্ধিকৌশলে প্রস্তুত হন, এই বিষয়ে মনোযোগ করা ঐ কর্ম্মকারকের

they have to pass. The superintendence and assistance of their superiors cannot but materially aid them in ascertaining particularly to what subjects their chief attention should be given, *e. g.*, the constitutional portions of the Code of 1793,—the Rent Laws and Rules,—the Excise Laws and Rules,—the Laws and Rules concerning Wards, Settlements, Partitions, Acquisition of Land, &c.

2. This is especially important in the case of young Officers preparing for their first examination, particularly of Covenanted assistants, who can exercise scarcely any legal powers in the Revenue Department. The District Officer ought, frequently, to make over to such young Officers cases for preparation or report; he should insist upon their making themselves practically acquainted with the internal economy of the Treasury and Account Departments of the Office,—with the arrangement of the Revenue Roll,—and with the working of the Excise Department, especially of the Central Distilleries; and he should, at stated periods, subject them to definite and careful examination, in order to ascertain that they are using their time rightly and sensibly.

3. Commissioners should take every opportunity of enforcing attention to this part of their duty on the part of District Officers, and should immediately check any neglect of it that may come to their knowledge, either upon an examination of the Quarterly Business Statements or otherwise. Any District Officer, who is especially successful in preparing his young subordinates, for examination, should be brought to favorable notice in the Annual Report.

No. 8.

The forms of the Annual Returns, No. XXXII (*Abstracts of Wards, &c., Management Returns*) and No. XL (*Ganja Returns*), have been revised in order to introduce sundry amendments which the experience of the past year has shown to be desirable, with a view to saving trouble to the returning and supervising Officers.

The Superintendent of Stationery has been desired to distribute supplies of the revised forms to all District Officers without indent. District Officers must be careful, in their Returns for 1865-66, to use the revised and not the original forms.

The original forms, Nos. XXXII and XL, in stock should be all destroyed on receipt of this order.

[*Government Gazette, 6th March* 1866.]

বিশেষমতে কর্ত্তব্য। ১৭৯৩ সালের আইন সংগ্রহের অন্তর্গত রাজ্যস্থিতির বিধি, এবং করসম্পর্কীয় আইন ও বিধি, এবং আবকারী আইন ও বিধি এবং রাজরক্ষিত ভূম্যধিকারিদিগের ও বন্দোবস্তের ও বণ্টনের ও ভূমি গ্রহণের বিধি প্রভৃতি যে২ বিষয়ে নব্য কর্ম্মকারকদের বিশেষ মনোযোগ করিতে হয়, উপরিস্থ কার্য্যকারকদের তত্ত্বাবধান ও সহায়তা দ্বারা তাঁহাদের সেই২ বিষয় নিশ্চিতমতে জানিবার অবশ্য গুরুতর সাহায্য হইবে।

২। নব্য যে কর্ম্মকারকেরা প্রথমবার পরীক্ষা দিতে প্রস্তুত হইতেছেন, বিশেষতঃ চিহ্নিত যে আসিস্টান্টেরা রাজস্বসম্পর্কীয় ডিপার্টমেন্টে ব্যবহারঘটিত কোন ক্ষমতাক্রমে প্রায় কার্য্য করিতে পারেন না, তাঁহাদের পক্ষে ঐ বিধি বিশেষমতে গুরুতর। জিলার কর্ম্মকারকের কর্ত্তব্য যে মোকদ্দমা প্রস্তুত করণার্থে ও তাহার রিপোর্ট করিবার জন্যে ঐ নব্য কর্ম্মকারকদিগের প্রতি অনেকবার মোকদ্দমা অর্পণ করেন। এবং তাঁহারা কার্য্যালয়ের অর্থকোষ ও হিসাব সম্পর্কীয় কর্ম্মবিভাগের সমস্ত কর্ম্মের অন্তস্থ নিয়ম এবং তৌজীর নিয়ম ও আবকারী ডিপার্টমেন্টের, বিশেষতঃ সদর মদ্য সঞ্চানি স্থানের কর্ম্মের নিয়ম কার্য্যপক্ষে অবগত হন, এই২ বিষয়ে জিলার কর্ম্মকারকের দৃঢ় আজ্ঞা করা উচিত। এবং তাঁহারা উপযুক্তমতে ও বিচক্ষণরূপে সময় হরণ করিতেছেন ইহা নির্ণয়ার্থে নিরূপিত নানা সময়ে তাঁহারদের নিশ্চিতরূপে ও মনোযোগে পরীক্ষা করা কর্ত্তব্য।

৩। কমিসনরেরা সাবকাশে জিলার কর্ম্মকারকদিগকে আপনারদের সেই কর্ত্তব্য বিষয়ে সচেতন করিবেন, এবং ত্রৈমাসিক কর্ম্ম বিবরণ পত্র দৃষ্টে কি প্রকারান্তরে সেই কর্ম্মের কোন প্রকার শৈথিল্য তাঁহারদের জ্ঞান গোচর হইলে তাহা তৎক্ষণাৎ নিবৃত্ত করিবেন। যদি কোন জিলার কর্ম্মকারক অধীন নব্যদিগকে পরীক্ষার জন্যে প্রস্তুত করিতে বিশেষরূপে কৃতার্থ হন, তবে বার্ষিক রিপোর্টে প্রশংসাসহ তদ্বিষয়ক সম্বাদ লিখিবেন।

---

৮ নম্বর।

গত বৎসরে কার্য্যকরণক্রমে দৃষ্ট হইল যে (রাজরক্ষিত ভূম্যধিকারিদিগের কার্য্যাধ্যক্ষতার) ৩২ নম্বরের এবং (গাঞ্জার) ৪০ নম্বরের বার্ষিক রিটর্ণের নানা অংশ সংশোধন করা শ্রেয়। অতএব সেই সংশোধিত কথা সংযোগ করণার্থে এবং যে কর্ম্মকারকগণ রিটর্ণ লেখেন ও তত্ত্বাবধান করেন তাঁহাদের ক্লেশ নিবারণাভিপ্রায়ে রিটর্ণের পাঠ সংশোধিত হইয়াছে।

ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি আদেশ হইয়াছে যে জিলার কর্ম্মকারকদিগের প্রার্থনাপত্র না পাইলেও তিনি উপযুক্ত সংখ্যায় ঐ সংশোধিত পাঠ দিতে করেন। জিলার কর্ম্মকারকেরা ১৮৬৫। ৬৬ সালের রিটর্ণ লিখন সময়ে আদ্যপাঠ ব্যবহার না করিয়া সেই সংশোধিত পাঠের ব্যবহার করিতে মনোযোগী করিবেন।

৩২ ও ৪০ নম্বরের আদ্য যত পাঠ হাতে আছে তাহা এই আজ্ঞা প্রাপ্ত হইলেই নষ্ট করা উচিত।

No. 9.

An Index to the Circular Orders for 1864 and 1865 is in the press, and will be issued immediately; it is to be substituted for the Index for 1864, furnished last year.

৯ নম্বর।

১৮৬৪ ও ১৮৬৫ সালের সরকুলার অর্ডরের সূচিপত্র এইক্ষণে মুদ্রিত হইতেছে। তাহা ত্বরায় প্রেরণ করা যাইবে। ১৮৬৪ সালের যে সূচিপত্র গত বৎসরে দেওয়া গিয়াছিল তৎপরিবর্ত্তে এই সূচিপত্র ব্যবহার্য্য।

No. 10.

With reference to Circular Order No. 4 of December, Officers are requested to see that the Privy Council Decision circulated as a supplement to the Selections for May 1864, is bound up as an Appendix at the *end* of Volume II.

১০ নম্বর।

ডিসেম্বর মাসের ৪ নম্বরের সরকুলার অর্ডরের উপলক্ষে কর্ম্মকারকদিগের প্রতি আদেশ হইতেছে যে, প্রিবি কৌন্সেলের যে নিষ্পত্তি ১৮৬৪ সালের মে মাসের সংগৃহীত নিষ্পত্তির পরিশিষ্টস্বরূপ প্রকাশ হইয়াছিল তাহা ২ বালমের শেষে ক্রোড়পত্রস্বরূপ বাঁধা হয়, ঐ কার্য্যকারকেরা ইহাতে মনোযোগ করিবেন।

The following is the Classification of Collectors' Records referred to in Rule XXII.

Class A. (to be left unmarked.)

TO BE KEPT FOR EVER.

I.—The following REGISTERS PRESCRIBED BY LAW lettered A to L inclusive:—

The GENERAL, PERGUNNAH, REVENUE-FREE, and MUTATION Registers—the COMMON and SPECIAL Registers of the Sale Law—and the Register of CONFIRMED PARTITIONS.

II.—OF THE REGISTERS PRESCRIBED by AUTHORITY *(not by Law).*

(*a.*) *The following not connected with cases or proceedings:—*

No. 26.	Lands used for public purposes.
35, 36, and 37.	Separate Accounts Opened, and Deposits Registered, under the Sale Law.
41, 42.	Waste Lands available and reserved.
54.	General Powers of Attorney.
55.	Pensions.
56.	Estates Managed directly by Collector for recusancy.
57.	Dependent tenures in Government Estates.
58.	Estates under the Court of Wards.
59.	Attached Estates.
60.	Redemption of Petty Estates.
64.	New Estates.
65.	Alterations of Assessment.
66, 67.	General and Survey Records.
71.	Lands, &c., owned by Ministerial Officers.
72-75.	Leave Registers.

বিধির ২২ ধারাতে কালেক্টর সাহেবদিগের কাগজপত্র যে শ্রেণীবদ্ধ করণের কথা আছে তাহা এই।

A শ্রেণী। (ইহাতে অক্ষর মুদ্রিত হইবে না) যাহা চিরকাল রাখিতে হইবে।

১।— A অবধি L পর্য্যন্ত সকল অক্ষরে অঙ্কিত ও নিম্ন লিখিত যে সকল রেজিষ্টর আইনক্রমে নির্দ্ধারিত হয়।—

সাধারণ, পরগনা, লাখেরাজ ও খারিজদাখিলী রেজিষ্টর— নীলামের আইনের সাধারণ ও বিশেষ রেজিষ্টর এবং স্থিরীকৃত বণ্টনের রেজিষ্টর।

২।— যে রেজিষ্টর (আইনক্রমে নয়,) উপযুক্ত ক্ষমতাপন্ন কার্য্যকারকের আজ্ঞাক্রমে নির্দ্ধারিত হয়।

(*a*) এইং রেজিষ্টর মোকদ্দমা কি রুবকারী সংক্রান্ত নয়।

২৬ নং।	রাজকীয় কর্ম্মে যে ভূমির ব্যবহার হয়, তাহার।
৩৫, ৩৬, ৩৭ নং।	নীলামের আইনমতে যে সতন্ত্র হিসাব করা যায় ও যে আমানৎ রেজিষ্টর হয় তাহার।
৪১, ৪২ নং।	যে পতিত ভূমি অন্যকে দেওয়া যাইতে পারে, ও যাহা রাখিতে হইবে তাহার।
৫৪।	আমমোক্তার নামার।
৫৫।	পেন্সনের।
৫৬।	অসম্মতি হেতুক কালেক্টর সাহেবদ্বারা যে মহালের অধ্যক্ষতা হয় তাহার।
৫৭।	সরকারী খাস মহালে মফঃসলী জমীর।
৫৮।	কোর্ট ওয়ার্ডসের অধীন মহালের।
৫৯।	ক্রোক করা মহালের।
৬০।	ক্ষুদ্রং মহালের রাজস্ব ক্রয়ের।
৬৪।	নুতনং মহালের।
৬৫।	নির্দ্ধারিত কর পরিবর্ত্তনের।
৬৬,৬৭।	সাধারণ ও সরবে রেকার্ড।
৭১।	আমলাদিগের অধিকৃত ভূম্যাদির।
৭২—৭৫।	ছুটির রেজিষ্টর।

76-77. Standing Order Book, and Books of orders from Commissioner, &c.

80. Revenue Roll.

(b.) The Registers of Cases or Proceedings enumerated under Head III. below, as follows:—

Nos. 1 to 20 inclusive, Nos. 30, 34, 38, 39, 44, 47.

III.—All PETITIONS, PLAINTS and PLEADINGS,—all unreturned EXHIBITS,—all MEASUREMENT, ALLOTMENT, or ASSESSMENT PAPERS,—all MAPS, the final JUDGMENT, and DECISION or ORDER,—and the FLY LEAF—in the following Cases and Proceedings, or in Appeals connected therewith:—

SETTLEMENTS—PARTITIONS—All PROCEEDINGS UNDER THE RENT-LAWS *(excepting Notices of Deposit,)* RESUMPTIONS—MUTATIONS — GOVERNMENT Suits.	APPLICATIONS for SEPARATE ACCOUNTS,—TO MAKE DEPOSITS,—or for COMMON or SPECIAL REGISTRY under the SALE LAWS.—SALES of ALL KINDS.

IV.—The following RETURNS:—

No. XXXI. Accounts of WARDS and ATTACHED ESTATES.

No. XLI-XLIII. The ANNUAL ADMINISTRATION RETURNS in the LAND REVENUE, EXCISE, and INCOME TAX Departments.

V.—The following MISCELLANEOUS PAPERS:—

(a.) REPORTS of the DESTRUCTION of RECORDS, and LISTS of PAPERS DESTROYED.

(b.) ASSESSMENT PAPERS, KABULYATS, &c., of all Estates managed by the Collector, whether belonging to Government or to private individuals.

(c.) GENERAL POWERS of ATTORNEY.

Class B. (to be stamped with the letter B.)

TO BE KEPT IN THE RECORD ROOM FOR TWELVE YEARS, AND THEN DESTROYED.

I.—Of the REGISTERS PRESCRIBED by AUTHORITY.

(a.) *The following not connected with Cases, &c.* No. 53, PRECEPTS. Nos. 85 to 87, Letters sent and received.

(b.) *And the Registers of Cases or Proceedings enumerated in Heading II below, as follows:—*

Nos. 21, 25, 31, 32, 33, 40, 49.

II.—The papers enumerated in Heading III, Class A, in the following cases:—

NOTICES of DEPOSIT under the Rent-Laws.

CLAIMS to COMPENSATION for lands taken for public purposes.

EXECUTION of GOVERNMENT DECREES.

RECOVERY of STAMPS in PAUPER SUITS.

[*Government Gazette 6th March 1866.*]

৭৬—৭৭। জারি আজ্ঞার পুস্তক ও কমিশনর প্রভৃতি হইতে প্রাপ্ত আজ্ঞার পুস্তক।

৮০। তৌজীর।

(b.) নিম্ন লিখিত ৩ দফাতে মোকদ্দমার কি রুবকারির যে২ রেজিষ্টর বর্ণিত হইয়াছে তাহা। যথা

১ অবধি ২০ পর্য্যন্ত সমস্ত নম্বর এবং ৩০,৩৪,৩৮, ৩৯,৪৪,৪৭ নং।

৩। পশ্চাৎ লিখিত মোকদ্দমা কি রুবকারী কি তৎসংক্রান্ত আপীল সম্পর্কীয় সকল দরখাস্ত ও নালিশপত্র ও সওয়াল জওয়াব, যে সকল নিদর্শনপত্র ফিরিয়া দেওয়া যায় নাই, পরিমাপণের ও বিলি করণের কি জমাধার্য্য করণের কাগজপত্র, সকল ম্যাপ, শেষ বিচার এবং নিষ্পত্তি কি আজ্ঞা, এবং শূন্যপত্র

বন্দোবস্ত — বণ্টন — (টাকা গচ্ছিত হওয়ার জ্ঞাপনপত্র ভিন্ন) খাজানার আইনক্রমে যে সকল রুবকারী হয় তাহা —বাজেয়াপ্ত — খারিজদাখিল — গবর্ণমেণ্টের মোকদ্দমা।	স্বতন্ত্র হিসাব রাখিবার —টাকা আমানৎ করিবার —কিম্বা নীলামের নানা আইনমতে সামান্যরূপে কি বিশেষমতে রেজিষ্টরী করিবার সকল প্রার্থনাপত্র —সকল প্রকারের বিক্রয়।

৪।—পশ্চাৎ লিখিত রিটর্ণ।

৩১ নং। ওয়ার্ডসের ও ক্রোক করা মহালের হিসাব।

৪১—৪৩ নং। ভূমির রাজস্ব ও আবকারী ও ইনকমটাক্স ডিপার্টমেণ্টে কার্য্য নির্ব্বাহ সম্পর্কীয় বিবরণের বার্ষিক রিটর্ণ।

৫।—নিম্ন লিখিত বিবিধ কাগজপত্র।

(a) কাগজপত্র নষ্ট করিবার রিপোর্ট এবং নষ্ট করা কাগজপত্রের নামাবলি।

(b) কালেক্টর সাহেব গবর্ণমেণ্টের কি সাধারণ ব্যক্তির যে সকল মহালের অধ্যক্ষতা কার্য্য করেন তাহার জমা ধার্য্য করণ পত্র ও কবুলিয়ৎ প্রভৃতি।

(c) আমমোক্তার নামা।

B শ্রেণী। B অক্ষরে অঙ্কিত।

দ্বাদশ বৎসর মহাফেজখানায় রাখিলে পর নষ্ট করিতে হইবে।

১।—উপযুক্ত ক্ষমতাপন্ন কার্য্যকারক দ্বারা যে রেজিষ্টর নিদ্ধারিত হয় তাহা।

(a) মোকদ্দমা প্রভৃতি সংক্রান্ত নয়, এমত এই২ রেজিষ্টর। ৫৩ নং হিমেন্টী। ৮৫ অবধি ৮৭ পর্য্যন্ত নং প্রেরিত ও প্রাপ্ত পত্র।

(b) এবং নিম্নলিখিত ২ দফাতে মোকদ্দমার কি রুবকারির যে রেজিষ্টর বর্ণিত হইয়াছে, যথা,

২১, ২৫, ৩১, ৩২, ৩৩, ৪০, ৪৯ নং

২।—পশ্চাৎ লিখিত মোকদ্দমায় A শ্রেণীর তিন দফাতে যে কাগজপত্র বর্ণিত হইয়াছে,

খাজানার আইনমতে টাকা আমানৎ করিবার জ্ঞাপনপত্র।

রাজকার্য্য কর্ম্মের নিমিত্তে গৃহীত ভূমির ক্ষতি পূরণের দাবীপত্র।

গবর্ণমেণ্টের ডিক্রী জারীর প্রার্থনা।

মোহতাজের মোকদ্দমায় ইষ্টাম্প ফিরিয়া পাইবার প্রার্থনা।

APPLICATIONS for WASTE LANDS.
CLAIMS to MONEY in DEPOSIT.

III.—All BOOKS of ACCOUNT kept by the Treasurer, Accountant, &c.

Class C (to be stamped with the letter C.)

All papers of every description not enumerated above, whether REGISTERS—RETURNS—CASES—or PARTS of CASES—or MISCELLANEOUS—are to be kept for three years in the record room, and then destroyed.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1476.

APPOINTMENTS.

The 17th February 1866.

Mr. F. J. Alexander, on special duty for taking up land for the Chord Line of Railway between Raneegunge and Lukheesarai, is vested with the powers of a Commissioner under Rule 20 of the Rules for the acquisition of land for public purposes.

The following gentlemen to be Members of the Local Committee of the Charitable Dispensary at Amrita Bazaar, in the District of Jessore, *viz.* :—

Baboo Debnarain Ghose.
„ Chundernarain Ghose.
„ Bussunto Coomar Ghose.
„ Omesh Chunder Mozoomdar.

Subject to the sanction of the Government of India, the following gentlemen are appointed to the Sixth Grade of the Subordinate Executive Service, and to be Special Deputy Registrars of Assurances under Act XVI. of 1864 in the Districts noted opposite to their names. They are also appointed to be Deputy Magistrates, under Act XV. of 1843, and Deputy Collectors, under Regulation IX. of 1833, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in their respective Districts :—

Baboo Barodacant Mozoomdar ... Midnapore.
„ Denobundhoo Sandyal ... Monghyr.
„ Umachurn Gangolee ... Noakhally.
„ Lolitmohun Chatterjee ... Burrisaul.
„ Bhooban Mohun Sing ... Dacca.

The 19th February 1866.

Mr. W. Heysham to officiate temporarily as an Extra Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, and to be employed under the Board of Revenue on the duty of taking up lands between

পতিত ভূমি পাইবার প্রার্থনা।
গচ্ছিত টাকার দাবীপত্র।

৩। খাজাঞ্চী, হিসাবী প্রভৃতি যে সকল খাতাবহী রাখেন তাহা।

C শ্রেণী। C অক্ষরে অঙ্কিত হইবে।

রেজিষ্টর—কি রিটর্ণ—কি মোকদ্দমা—কি মোকদ্দমার অংশ—কি বিবিধ—যে কোন প্রকারের কাগজপত্র উপরে বর্ণিত হয় নাই তাহা তিন বৎসর মহাফেজখানায় রাখিলে পর নষ্ট করিতে হইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৪৭৬ নম্বর

নিয়োগ।

১৮৬৬ সাল ১৭ ফেব্রুআরি।

রাণীগঞ্জ অবধি লক্ষীসরাই পর্য্যন্ত রেল পথ প্রস্তুত করণের বিশেষ কার্য্যে নিযুক্ত শ্রীযুত এফ জে আলেকজাণ্ডর সাহেব রাজকীয় কার্য্যার্থে ভূমি গ্রহণ বিষয়ক বিধির ২০ ধারামতে কমিসনরের ক্ষমতা পাইয়াছেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা যশোহর জিলার অন্তর্গত অমৃত বাজারের দাতব্য ঔষধালয়ের কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত বাবু দেবনারায়ণ ঘোষ।
„ বাবু চন্দ্রনারায়ণ ঘোষ।
„ বাবু বসন্তকুমার ঘোষ।
„ বাবু উমেশচন্দ্র মজুমদার।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে পশ্চাৎ লিখিত মহাশয়েরা অধঃস্থ কার্য্যসাধনার্থ কর্ম্মকারকদের ষষ্ঠ শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন, এবং আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৬৪ সালের ১৬ আইনমতে নিদর্শনপত্রাদির বিশেষ ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। আরও তাঁহারা ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইবেন, ও ঐ২ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণী মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন, অর্থাৎ—

শ্রীযুত বাবু বরদাকান্ত মজুমদার ... মেদিনীপুরে।
„ দীনবন্ধু সন্ন্যাল ... মুঙ্গেরে
„ বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায় ... নওয়াখালীতে।
„ বাবু ললিতমোহন চট্টোপাধ্যায় ... বরিশালে।
„ বাবু ভুবনমোহন সিংহ ... ঢাকাতে।

১৮৬৬ সাল ১৯ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ হেশ্যাম সাহেব কিয়ৎকালের নিমিত্তে ১৮৪৩ সালের ১৫ আইনমতে অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। এবং ইষ্টইণ্ডিয়া রেলওয়ের রাণীগঞ্জ অবধি লক্ষীসরাই পর্য্যন্ত রেলপথের

the Raneegunge and Lukheesrai Stations of the East Indian Railway.

Lieutenant C. Hayter, Assistant Commissioner of Kamroop, is transferred to Luckimpore, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Mr. A. T. Maclean to officiate as Magistrate and Collector of Moorshedabad, during the absence, on leave, of Mr. C. J. Mackenzie, or until further orders. This cancels Mr. Maclean's appointment to act as Magistrate and Collector of Noakhally, notified in the *Calcutta Gazette* of the 14th instant.

The 20th February 1866.

Mr G. Graham to act as Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Kishnaghur, during the absence, on leave, of Dr. Earle.

Mr. H. W. Mackenzie, Extra Assistant Commissioner of Kamroop, is vested with the powers of a Magistrate in that District.

Baboo Rada Kanth Boroon, Sudder Ameen of Nowgong, is vested temporarily with the powers of a Principal Sudder Ameen in that District.

The 22nd February 1866.

Mr. W. P. Davis to be District Superintendent of Police, Maldah, but to continue to officiate, until further orders, as Deputy Commissioner of Police, Calcutta.

Lieutenant H. M. Ramsay to officiate as District Superintendent of Police, Maldah.

The following District Superintendents of Police are transferred, *viz.*:—

Captain Q. D. Parsons, from Moorshedabad to the 24-Pergunnahs.

Lieutenant W. L. Knyvett, from Maldah to Moorshedabad.

Major D. Osborn, on leave, from Burdwan to Gowalparah.

Lieutenant W. B. Birch, from Gowalparah to Burdwan.

Mr. A. H. Giles, from Dinagepore to Nuddea.

Captain C. T. Hitchens to officiate as District Superintendent of Police, Dinagepore.

The following Assistant Superintendents of Police are transferred, *viz.*:—

Mr. W. D. Pratt, from Tipperah to Shahabad.

Mr. C. G. Campbell, from Howrah to Tipperah.

Lieutenant G. B. Johnston to be Personal Assistant to the Inspector-General of Police, Lower Provinces.

নিমিত্তে ভূমি গ্রহণের কার্য্যে রেবিনিউ বোর্ডের অধীনে নিযুক্ত হইবেন।

কামরূপের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেন্ট শ্রীযুত সি, হেটর সাহেব, লক্ষ্মীপুরে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ টি মাকলীন সাহেব মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

নওয়াখালীর মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করণার্থ শ্রীযুত মাকলীন সাহেবের নিয়োগের যে কথা এই মাসের ২০ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

১৮৬৬ সাল ২০ ফেব্রুআরি।

ডাক্তর শ্রীযুত অরল্ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে শ্রীযুত জি গ্রেহাম সাহেব কৃষ্ণনগরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতির কর্ম্ম করিবেন।

কামরূপের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত এচ ডবলিউ মাকেঞ্জি সাহেব ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নৌগাঁয়ের সদর আমীন শ্রীযুত বাবু রাধাকান্ত বড়ুয়া কিয়ৎকালের নিমিত্তে ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ২২ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ পি ডেবিস্ সাহেব মালদহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কলিকাতার পোলীসের ডেপুটী কমিসানরেরকর্ম্ম করিতে থাকিবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত এচ এম রামসে সাহেব মালদহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ

কাপ্তান শ্রীযুত কিউ, ডি, পার্সন্স সাহেব মুরশিদাবাদহইতে ২৪ পরগনায়।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ এল, নিবেট সাহেব মালদহহইতে মুরশিদাবাদে।

মেজর শ্রীযুত ডি, অসবর্ণ সাহেব বর্দ্ধমানহইতে গোয়ালপাড়ায়, তিনি এইক্ষণে ছুটী লইয়াছেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ বি বর্চ সাহেব গোয়ালপাড়াহইতে বর্দ্ধমানে।

শ্রীযুত এ এচ জাইলস্ সাহেব দিনাজপুরহইতে নদীয়ায়।

কাপ্তান শ্রীযুত সি টি হিচিন্স সাহেব দিনাজপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ—

শ্রীযুত ডবলিউ ডি প্রাট সাহেব ত্রিপুরাহইতে শাহাবাদে।

শ্রীযুত সি জি কাম্বেল সাহেব হাবড়াহইতে ত্রিপুরায়।

লেপ্টেনেন্ট শ্রীযুত জি বি জনষ্টন সাহেব বঙ্গ প্রভৃতি দেশের পোলীসের ইন্সিপেক্টর জেনরল সাহেবের নিজের আসিষ্টাণ্ট হইবেন।

The following Assistant Superintendents of Police are promoted from the Third to the Second Grade, with effect from the 29th ultimo, *viz.* :—

Mr. G Ridsdale.
„ W. J. Kilby.

Baboo Gonabhiram Surma, Extra Assistant Commissioner, Gowalparah, is transferred to Nowgong, and is vested with the powers of a Magistrate and of a Sudder Ameen in that District.

Baboo Poornanund Buroouh, Extra Assistant Commissioner, Nowgong, is transferred to Gowalparah, and is vested with the powers of a Subordinate Magistrate of the First Class and of a Moonsiff in that District.

Mr. H. L. Harrison to be Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Burdwan.

The following gentlemen to be Members of the Municipal Committee at Balusore:—

Mr. A. Manson.
„ A. C. Woodward.

The 23rd February 1866.

Mr T. H. H. Shortt, Assistant Magistrate, Bhuddruck, is vested with the powers of a Magistrate under Act VII. (B. C.) of 1864.

Baboo Rajchunder Sandyal to be a Member of the Local Committee of Public Instruction at Dinagepore.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Mymensing:—

Mr. T. F. W. Smith.
„ A. D. Dunne.
„ G. S. Andrew.

The 24th February 1866.

Mr. W. P. Davis, Officiating Deputy Commissioner of Police, Calcutta, to be a Visitor of the Bhowanipore Lunatic Asylum, under Section II., Act XXXVI. of 1858.

Sub-Assistant Surgeon Denonath Doss to have charge of the Charitable Dispensary at Chittagong.

The 26th February 1866.

Ensign T. B. Michell to officiate as an Assistant Commissioner in Assam, during the absence, on deputation, of Captain A. E. Campbell, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 19th February 1866.

Mr. G. G. Balfour, Judge of Chittagong, for fifteen months, on Medical Certificate, under Section 11 of the Covenanted Service Absentee Rules, together with three days' preparatory leave, in extension of that notified in the *Calcutta Gazette* of the 17th ultimo.

পশ্চাৎ লিখিত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবেরা গত মাসের ২৯ তারিখ অবধি তৃতীয় হইতে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত জি রীডস্‌ডেল্ সাহেব।
„ ডবলিউ জে কিল্‌বি সাহেব।

গোয়ালপাড়ার অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত বাবু গণাভিরাম শর্ম্মা নৌগাঁয়ে নিযুক্ত হইয়াছেন এবং সেই জিলাতে মাজিষ্ট্রেটের ও সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

নৌগাঁয়ের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত বাবু পূর্ণানন্দ বড়ুয়া গোয়ালপাড়ায় নিযুক্ত হইয়াছেন এবং সেই জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এচ এল হারিসন্ সাহেব বর্দ্ধমান শহরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা বালেশ্বরের মুনিসিপল কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত এ মান্‌সন সাহেব।
„ এ সি উড্‌ওয়াড সাহেব।

১৮৬৬ সাল ২৩ ফেব্রুআরি।

ভদ্রকের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত টি এচ এচ শর্ট সাহেব বঙ্গদেশের ১৮৬৪ সালের ৭ আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু রাজচন্দ্র সান্যাল দিনাজপুরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা ময়মনসিংহের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত টি এফ ডবলিউ স্মিথ সাহেব।
„ এ ডি ডন্ সাহেব।
„ জি এস আন্‌ড্রু সাহেব।

১৮৬৬ সাল ২৪ ফেব্রুআরি।

কলিকাতার পোলীসের একটিং ডেপুটী কমিস্যনর শ্রীযুত ডবলিউ পি ডেবিস সাহেব ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারামতে ভবানীপুরের ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর এক জন তত্ত্বাবধারক হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দীননাথ দাস চট্টগ্রামের দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভার পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৬ ফেব্রুআরি।

কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেবের রাজকীয় কর্ম্মোপলক্ষে গমন জন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত এন্‌সাইন্ শ্রীযুত টি বি মিচেল সাহেব আসামে আসিষ্টাণ্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ১৯ ফেব্রুআরি।

চট্টগ্রামের জজ শ্রীযুত জি জি বালফর সাহেবের যে ছুটীর কথা গত মাসের ২২ তারিখের বাঙ্গালা গেজেটে প্রকাশ হয় তদতিরিক্ত তিনি চিকিৎসকের সর্টিফিকটক্রমে চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে তিন দিনের ছুটী পাইয়াছেন।

Mr. C. J. Mackenzie, Magistrate and Collector of Moorshedabad, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 12th proximo, or any subsequent date on which he may avail himself of the leave.

The 21st February 1866.

Baboo Greesh Chunder Ghose, First Principal Sudder Ameen of the 24-Pergunnahs, for one month, from the 7th instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules. Baboo Koilas Chunder Deb, the Second Principal Sudder Ameen of the District, will remain in charge of the office of the First Principal Sudder Ameen, during Baboo Greesh Chunder Ghose's absence.

The 22nd February 1866.

Mr. J. B. Birch, Assistant Superintendent of Police, Maunbhoom, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

The 23rd February 1866.

Mr. A. A. Swinton, Judge of Tipperah, for twenty-eight days, preparatory to proceeding to Europe on Furlough.

Baboo Goopeenauth Bose, Sudder Ameen of Nuddea, for six months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Baboo Jogomohun Roy, Deputy Magistrate and Deputy Collector, Balasore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Baboo Kooldeepnarain Sing, Deputy Magistrate and Deputy Collector of Gya, for two months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

The 20th February 1866.

The Lord Bishop of Calcutta has granted one month's privilege leave of absence to the Reverend H. Moule, Chaplain of Hazareebaugh.

Mr. S. C. Bayley, Junior Secretary to the Government of Bengal, made over charge of his office to Mr. J. Geoghegan on the afternoon of the 22nd instant.

The appointments of Messrs. W. Cornell, T. F. Bignold, and E. G. Glazier, notified in the *Calcutta Gazette* of the 21st instant, will have effect from the 10th idem.

The 19th February 1866.

The following gentlemen are appointed to be Members of the Committee constituted for the purpose of carrying out the provisions of Act

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব আগামি মাসের ১২ তারিখ অবধি অথবা তৎপরের যে কোন তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২১ ফেব্রুআরি।

২৪ পরগনার প্রথম প্রধান সদরআমীন শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ৭ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কালে ঐ জিলার দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দেবের প্রতি প্রথম প্রধান সদর আমীনের কার্য্যালয়ের কর্ম্মের ভার থাকিবে।

১৮৬৬ সাল ২২ ফেব্রুআরি।

মানভুমের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে বি বর্চ সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সালে ২৩ ফেব্রুআরি।

ত্রিপুরার জজ শ্রীযুত এ এ সুইন্টন সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে আটাইস দিনের ছুটী পাইয়াছেন।

নদীয়ার সদর আমীন শ্রীযুত বাবু গোপীনাথ বসু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগন্মোহন রায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কুলদীপ নারায়ণ সিংহ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২০ ফেব্রুআরি।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব হাজারীবাগের পুরোহিত শ্রীযুত এচ মৌল সাহেবকে এক মাস অনুগ্রহের ছুটী দিয়াছেন।

বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত এস সি বেলি সাহেব এই মাসের ২২ তারিখের অপরাহ্নে আপন কার্য্যালয়ের কর্ম্মের ভার শ্রীযুত জে গিওগান সাহেবের প্রতি অর্পণ করিলেন।

শ্রীযুত ডবলিউ কর্ণেল সাহেবের ও শ্রীযুত টি এফ বিগনল্ড সাহেবের ও শ্রীযুত ই জি গ্লেজিয়র সাহেবের নিয়োগের যে কথা এই মাসের ২৭ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা এই মাসের ১০ তারিখ অবধি প্রবল হইবে।

১৮৬৬ সাল ১৯ ফেব্রুআরি।

বঙ্গদেশের ১৮৬৫ সালের ৬ আইনের (অর্থাৎ কলিকাতানগরে বাজাবাইনর ও তৎসংযুক্ত গ্রাইম যুবরা সকলের নিয়মিত কালান্ত সমালোকন করণার্থ

VI. (B. C.) of 1864, (an Act to provide for the periodical inspection of Steam-boilers and Prime Movers attached thereto in the Town and Suburbs of Calcutta,) and are authorized, under Section 6, to revoke certificates granted under the Act:—

The Commissioner of Police, Calcutta.

Lieutenant-Colonel J. A. Ballard, C. B., R. E., Officiating Mint Master.

H. Knowles, Esq.

The 24th February 1866.

The services of Third Grade Sub-Assistant Surgeon Kally Prosonno Ghosaul, attached to the Charitable Dispensary at Chittagong, are placed at the disposal of the Government of the North-Western Provinces, from the date on which he may be relieved by his successor, Sub-Assistant Surgeon Denonath Doss.

NOTIFICATION.

The 17th February 1866.

With the sanction of the Government of India the Lieutenant-Governor has authorized the following alterations in the Schedule of fees for the Registration of Assurances, published in the *Calcutta Gazette* of the 28th December 1864:—

To be substituted for Clause I. (A) ii.

"For any lease of immoveable property for any period, without payment of any sum of money by way of fine or premium, when the rent calculated for a whole year does not exceed Rupees 24 ... 4 Annas.

When it exceeds Rs. 24, but does not exceed Rs 50 ... 8 „

When it exceeds Rs. 50, but does not exceed Rs. 100 ... 1 Rupee.

When it exceeds Rs. 100, but does not exceed Rs. 1,000 ... 2 Rupees.

When it exceeds Rs. 1,000, but does not exceed Rs. 5,000 ... 3 „

And for every further Rs. 5,000, or part thereof ... 1 Rupee.

Provided that when pottahs and kuboolyuts are brought for registration at the same time, the fees chargeable in respect of the two documents shall not be greater than the fee which would have been charged upon the pottah alone."

To be substituted after the words "to be calculated" in Clause VIII.

"At the rate of 8 annas a mile for Registrars, or 4 annas a mile for other persons, for all distances exceeding one mile from the Registry Office."

To be substituted for Clause IX.

"The fees for serving summonses under the provisions of Sections 31-34 shall be regulated

আইনের) বিধান সকল করণাভিপ্রায়ে যে কমিটী হই-য়াছে পশ্চাৎ লিখিত মহাশয়েরা তাহার মেম্বর হইবেন, এবং উক্ত আইনমতে দত্ত সর্টিফিকট রহিত করিতে ঐ আইনের ৬ ধারামতে ক্ষমতাপন্ন হইলেন।

কলিকাতার পোলীসের কমিস্যনর সাহেব।

একটিং মিন্ট মাষ্টর লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত জে এ বালাড সাহেব সি, বি, আর, ই,

শ্রীযুত এচ নোল্‌স সাহেব।

১৮৬৬ সাল ২৪ ফেব্রুআরি।

চট্টগ্রামের দাতব্য ঔষধালয়ে নিযুক্ত তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত কালী প্রসন্ন ঘোষাল যে তারিখে তাঁহার পদগ্রাহি সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত দেবনাথ দাসের দ্বারা অবকাশ প্রাপ্ত হন সেই তারিখ অবধি তিনি উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৭ ফেব্রুআরি।

১৮৬৫ সালের জানুআরি মাসের ৩ তারিখের বাঙ্গলা গেজেটে নিদর্শনপত্রাদি রেজিষ্টরী করণের যে ফীর তফসীল প্রকাশ হয় ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পশ্চাৎ লিখিত মতে তাহার পরিবর্ত্তন করিতে ক্ষমতাপন্ন হইলেন।

১ ধারার (১) প্রকরণের (খ) দফার পরিবর্ত্তে পশ্চাৎ লিখিত সকল কথা পাঠ করিতে হইবে, অর্থাৎ—

সালামী কি দস্তরীস্বরূপে টাকা দেওন ব্যতিরেকে কোন কালের জন্যে কোন স্থাবর সম্পত্তির পাট্টা হইলে যদি সম্পূর্ণ এক বৎসরের খাজানা কি ভাড়া ২৪৲ টাকার অধিক না হয় তবে তাহার ... ।০

২৪৲ টাকার অধিক ও ৫০ টাকার অনধিক হইলে ।।০

৫০৲ ঐ ১০০৲ ঐ ১৲

১০০৲ ঐ ১০০০৲ ঐ ২৲

১০০০৲ ঐ ৫০০০৲ ঐ ৩৲

অতিরিক্ত পাঁচ সহস্র টাকাপ্রতি কি তাহার অংশ প্রতি ... ... ১৲

পরন্তু পাট্টা ও কবুলিয়ৎ একি কালে রেজিষ্টরী করিবার জন্যে উপস্থিত করা গেলে কেবল পাট্টা রেজিষ্টরী করিবার যে ফী লাগিত ঐ উভয়ে তাহার অধিক ফী লওয়া যাইবে না।

৮ প্রকরণে "হিসাব করিতে হইবে" এই কথার পরিবর্ত্তে পশ্চাৎ লিখিত কথা পাঠ করিতে হইবে।

রেজিষ্টরীকার্য্যালয় হইতে এক মাইলের অধিক গমন করিতে হইলে রেজিষ্ট্রারেরা মাইল প্রতি ।।০ ও অন্যান্য ২ ব্যক্তিরা ।০ আনা হিসাবে"

৯ প্রকরণের পরিবর্ত্তে পশ্চাৎ লিখিত কথা দুষ্টব্য।

একি ডিষ্ট্রিক্ট কি সব-ডিষ্ট্রিক্টের মধ্যে রাজস্ব সম্পর্কীয় আদালতের সমন জারী করিবার ফী কে হাতে

according to the scale in force in the Revenue Courts in the same district or sub-district."

NOTIFICATION.

The 20th February 1866.

Official information having been received from the Commissioner of the Cuttack Division that cholera is prevalent in Pooree in an epidemic form, and that it is due, probably to scarcity of food, which will greatly be aggravated by the presence of large bodies of pilgrims in the Town of Pooree and along the lines of road, people are hereby cautioned of the risk they incur by undertaking pilgrimage to the Juggernauth Temple this season.

All Magistrates and Railway Authorities are requested to make this Notification as widely known as possible without any delay, and to post copies of it at all Police Stations and Railway Stations for general information.

NOTIFICATION.

The 22nd February 1866.

With reference to the Notification dated the 15th instant, extending the provisions of Act XX. of 1856 to the Town of Chuttra, in the district of Hazareebaugh, it is hereby notified that the provisions of Section 34 of Act V. of 1861, (for the regulation of Police,) have been brought into operation in the said Town, the limits of which are described in that Notification from the date therein specified.

The following Orders issued by the Government of India, in the Home Department, are re-published for information :—

No. 1604.

The 17th February 1866.

NOTIFICATIONS.

Messrs. W. J. Money and J. Browne, of the Bengal Civil Service, reported their departure from India per Steamer *Mooltan*, which vessel was left at sea by the Pilot on the 10th instant.

No. 1627.

The 19th February 1866.

The Governor General in Council is pleased to permit Mr. Joseph David Ouseley to resign the Civil Service from the 12th of December last.

No. 1814.

The 23rd February 1866.

The following " Supplemental Rules" relating to Emigration from the Port of Calcutta have been made by the Governor General in Council under the provisions of Section

দিতে হয় ৩১ অবধি ৩৪ পর্য্যন্ত ধারার বিধানমতে সেই হারে ফী গ্রহণের বিধান হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২০ ফেব্রুআরি।

কটক খণ্ডের কমিসনর সাহেবের স্থানে অবগত হওয়া গেল যে পুরীতে ওলাউঠা রোগের অত্যন্ত প্রাদুর্ভাব হইয়াছে, বোধ হয় ইহা আকালেরই ফল, কিন্তু পুরী নগরে ও তথায় গমনের পথে বহু যাত্রি গেলে সেই রোগ অত্যন্ত বৃদ্ধি হইবার সম্ভাবনা, এই প্রযুক্ত সকল লোককে সতর্ক করা যাইতেছে যে এই সময়ে জগন্নাথ ক্ষেত্রে গমন করিলে সেই রোগে তাঁহাদের মারা পড়িবার সম্ভাবনা।

সকল মাজিষ্ট্রেট সাহেবকে ও রেলওয়ে সম্পর্কীয় কর্ম্মকারককে আদেশ হইতেছে যে তাঁহারা বিলম্ব না করিয়া এই জ্ঞাপনপত্র সাধ্যমতে বিস্তারিতরূপে প্রকাশ করেন, এবং সকল লোকের জানিবার জন্যে এই জ্ঞাপনপত্রের নকল সকল পোলীস থানায় ও রেলওয়ে ষ্টেশনে লট্কাইয়া রাখেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২২ ফেব্রুআরি।

এই মাসের ১৫ তারিখের যে বিজ্ঞাপনক্রমে হাজারিবাগ জিলার অন্তর্গত ছত্র শহরে ১৮৫৬ সালের ২০ আইনের বিধান প্রবল হয় তদুপলক্ষে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত জ্ঞাপনপত্রে যে তারিখ নির্দ্দিষ্ট হইয়াছে সেই তারিখ অবধি ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের) ৩৪ ধারার বিধান উক্ত শহরে প্রবল করা গেল। উক্ত বিজ্ঞাপনে তাহার সীমা বর্ণিত হইয়াছে।

হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের পশ্চাৎ লিখিত যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশকরা গেল।

১৬০৪ নম্বর।

১৮৬৬ সাল ১৭ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের সিবিল কার্য্য সম্পর্কীয় শ্রীযুত ডবলিউ জে মনি সাহেব ও জে ব্রৌণসাহেব মুলতান নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন, সেই জাহাজ এই মাসের ১০ তারিখে আড়কাটী সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৬২৭ নম্বর।

১৮৬৬ সাল ১৯ ফেব্রুআরি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব শ্রীযুত জোসেফ ডেবিড উস্লী সাহেবকে গত ডিসেম্বর মাসের ১২ তারিখ অবধি সিবিল সম্পর্কীয় কার্য্যত্যাগ করিতে অনুমতি দিয়াছেন।

১৮১৪ নম্বর।

১৮৬৬ সাল ২৩ ফেব্রুআরি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৪ সালের ১৩ আইনের ৩৬ ধারার বিধানমতে কলিকাতা বন্দরহইতে বিদেশগামি মজুরদের সম্পর্কীয় পশ্চাৎ

63 of Act XIII. of 1864, and are published for general information :—

Supplemental Rules.

1. Immediately after the embarkation of Emigrants, it shall be the duty of the Protector of Emigrants and of the Colonial Emigration Agent to muster the crew of the vessel with a view to ascertain their efficiency.

2. At the time of such muster the Protector of Emigrants shall obtain from the Commander of the ship a certificate of the health of his Officers and crew.

3. The Protector of Emigrants shall satisfy himself, by personal inspection, that the life-buoys on board of every ship engaged for the conveyance of Emigrants are made of proper materials, are of approved manufacture, and are in thoroughly serviceable condition.

4. The survey report which is to be submitted to Government under Section 5 of the "Rules for the guidance of the Protector, Medical Inspector, and Colonial Emigration Agents," shall include a special report on the state of the boats of every ship engaged for the conveyance of Emigrants.

5. The Protector of Emigrants shall not allow any Emigrant Ship to proceed to sea until all the conditions prescribed in these rules shall have been fulfilled.

Memorandum.

This "Memorandum" has reference to the Memo. appended to Scale No. 1 of "provisions, &c., for ships conveying Emigrants to British and Foreign Colonies," contained in the original rules as published at pages 510 to 517 of the *Gazette of India*, dated 1st April 1865.

In the Memorandum of the additional articles required for each ship, to the words "life-buoys" and "Cork (Europe)."

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

লিখিত পরিশিষ্ট বিধি প্রণয়ন করিয়াছেন, অতএব তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

পরিশিষ্ট বিধি।

১। বিদেশগামিরা জাহাজে গেলেই, ভিন্ন দেশগামিদের রক্ষকের ও ভিন্নদেশগমন সম্পর্কে উপনিবেশ হইতে নিযুক্ত কর্ম্মকারকের কর্ত্তব্য যে, জাহাজের সকল নাবিকপ্রভৃতির কর্ম্মক্ষমতা নিরূপণ করণাভিপ্রায়ে সম্মুখে আনাইয়া দৃষ্টি করেন।

২। সম্মুখে আনয়ন কালে ভিন্ন দেশগামিদের রক্ষক জাহাজের অধ্যক্ষের স্থানে ঐ জাহাজের মালিম ও নাবিকদিগের স্বাস্থ্যের সংশিতপত্র লইবেন।

৩। ভিন্ন দেশগামিদিগকে দেশান্তরে লইয়া যাইবার কর্ম্মে নিয়োজিত প্রত্যেক জাহাজে বয়া (অর্থাৎ ডুবিয়া মরিবার আশঙ্কা স্থলে প্রাণ রক্ষার জন্যে সোলা নির্ম্মিত মণ্ডলাকৃতি দ্রব্য) উপযুক্ত দ্রব্য নির্ম্মিত সুধাগামতে প্রস্তুত এবং সর্ব্বতোভাবে কর্ম্মের উপযুক্ত আছে এই বিষয় ভিন্নদেশগামিদের রক্ষক স্বয়ং দৃষ্টি করিয়া হৃদ্বোধমতে জানিতে চেষ্টা করিবেন।

৪। ভিন্ন দেশগামিদের রক্ষকের ও চিকিৎসকের ও উপনিবেশহইতে নিযুক্ত এজেন্টদিগের কার্য্য প্রণালীর বিধির ৫ ধারামতে পরিদর্শনের যে রিপোর্ট গবর্ণমেণ্টের প্রতি অর্পণ করিতে হইবে, তন্মধ্যে ভিন্ন দেশগামিদিগকে দেশান্তরে লইয়া যাইবার জন্যে যে প্রত্যেক জাহাজ নিযোজিত হয় সেই২ জাহাজের নৌকার অবস্থার বিশেষ রিপোর্ট লিখিতে হইবে।

৫। এই বিধির নির্দ্দিষ্ট সকল নিয়মানুযায়ি কার্য্য সম্পাদন না হইলে ভিন্ন দেশগামিদের রক্ষক ভিন্ন দেশগামিদের কোন জাহাজ সমুদ্রে যাইতে দিবেন না।

সংক্ষেপোক্তি।

ব্রিটনীয় এবং ভিন্নাধিকারি উপনিবেশগামিদিগকে লইয়া যাইবার জন্যে যে জাহাজ নিয়োজিত হয়, তাহাতে আহারীয় যত দ্রব্য লইতে হইবে তাহার ১ নং যে ফর্দ্দ ১৮৬৫ সালের ৩০ মে তারিখের অতিরিক্ত বাঙ্গলা গেজেটের ১৭ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছে তাহার সঙ্গে যে সংক্ষেপ লিপি প্রকাশ হইয়াছিল, এই সংক্ষেপ লিপি তৎসম্পর্কীয়।

প্রত্যেক জাহাজে অতিরিক্ত যে বিষয় রাখিবার প্রয়োজন সেই বিষয়ের সংক্ষেপ লিপিতে, লাইফ বয়া (ইউরোপ ও কার্ক) এই কথা।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৬ মার্চ।]

PUBLIC WORKS RAILWAY DEPARTMENT,—BENGAL.

Fort William, the 21st February 1866.

NOTIFICATION.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the purpose of widening the Bansloi River, it is hereby declared that, for the above purpose, a plot of land measuring biggah one, cottahs seventeen, and three three-fourth gunda, more or less, in the district of Moorshedabad, is required. The said land is situated in Village Ratanpore, Turuf Ratanpore, Dihee Saboipoora, Pergunnah Rajshahee. It is bounded on the North, the East and West by the Khamar Garden land of the Putneedars of the Village, Bepro Churn Doss and Prosanno Coomar Doss, and on the South by the River Bansloi.

2. The Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

F. S. TAYLOR, *Captain, R. E.*,
Joint-Secy. to the Govt. of Bengal.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENT.

The 21st February 1866.

Baboo Koylash Chunder Mookerjee, B. A. & B. L., to officiate as Moonsiff of Kusba, Zillah Purneah.

LEAVE OF ABSENCE.

The 16th February 1866.

Baboo Modoosoodhun Banerjee, Moonsiff of Ghosegong, Zillah Mymensing, for three weeks, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, in extension of the leave granted on the 29th ultimo.

The 21st February 1866.

Moulvie Mahomed Noorul Hossein, Moonsiff of Kusba, Zillah Purneah, for three months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, in extension of the month's leave granted on the 24th ultimo.

The 22nd February 1866.

Moulvie Toffail Ahmed, Moonsiff of Ghattal, Zillah Hooghly, for three weeks, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

G. G. MORRIS,
Offg. Registrar.

[*Government Gazette*, 6*th March* 1866.]

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম। ১৮৬৬ সাল ২১ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বাঁশলই নদী প্রশস্ত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মুরশিদাবাদ জিলার মধ্যে ন্যূনাধিক /১৭২৩৷০ গণ্ডা ভূমির প্রয়োজন। উক্ত ভূমি রাজশাহী পরগনার সাবইপুরা ডিহীর তরফ রতনপুরের রতনপুর গ্রামে স্থিত। ইহার উত্তর পূর্ব্ব ও পশ্চিম সীমা উক্ত গ্রামের পত্তনীদার বিপ্রচরণ দাসের ও প্রসন্নকুমার দাসের খামার বাগান ভূমি ও দক্ষিণ সীমা বাঁশলই নদী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর কাপ্তান আর ই,
বঙ্গদেশর গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু কৈলাশচন্দ্র মুখোপাধ্যায় B. A. ও B. L. পূরণিয়া জিলার কসবার মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ১৬ ফেব্রুআরি।

ময়মনসিংহ জিলার ঘোষগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু মধুসূদন বন্দ্যোপাধ্যায় গত মাসের ২৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২১ ফেব্রুআরি।

পূরণিয়া জিলার কসবার মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ নুরুল হুসেন গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২২ ফেব্রুআরি।

হুগলী জিলার ঘাটালের মুনসেফ শ্রীযুত মৌলবী তফায়েল মহম্মদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জি জি মরিস,
একটিং রেজিষ্ট্রার।

LEAVE OF ABSENCE.

The 27th February 1866.

Baboo Kishen Proshaud Chowdry, Moonsiff of Chatna, in Maunbhoom, for three months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, in extension of the leave granted on the 28th November last.

Moulvie Abdool Khallick, Moonsiff of Juggernath Diggy, Zillah Tipperah, for two weeks, from 12th instant, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP,
Registrar.

ছুটী।

১৮৬৬ সাল ২৭ ফেব্রুআরি।

মানভূমের অন্তর্গত চাতনার মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণপ্রসাদ চৌধুরী গত নবেম্বর মাসের ২৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরা জিলার জগন্নাথদীঘির মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল খালিক অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ১২ তারিখ অবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

নং ১৫৭।

নিমকের ইস্তেহার।

১ দফা। গবর্ণমেণ্টের হুকুমানুসারে ইস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সালের ১ ডিসেম্বর তারিখে বাঙ্গালা ও উড়িষ্যা প্রদেশে ভিন্ন২ প্রকার সরকারি নিমক যাহা অবিক্রী থাকিবেক তাহার দর মাশুল ছাড়া ঐ তারিখহইতে নিম্ন লিখিতরূপে ন্যূন করা যাইবেক।

মোকামহায়।

প্রেসিডেন্সির শালিখা ও যুষড়িতে ...	পাঙ্গা নেমক		৯৬৲ টাকাহইতে		৭৭৲ টাকা পর্য্যন্ত	ন্যূন হইবেক।
	মাদরাজ করকচ		৭১৲	ঐ	৪০৲	ঐ
	চিলকা	ঐ	৬১৲	ঐ	৩৫৲	ঐ
	সিন্ধু	ঐ	৯৩৲	ঐ	৫০৲	ঐ
হিজলি ...	... পাঙ্গা নেমক		৭৪৲	ঐ	৬০৲	ঐ
তমলুক (নারায়ণপুর)	... ঐ		৮৩৲	ঐ	৭০৲	ঐ
পুরী ...	... পাঙ্গা নেমক		৭৪৲	ঐ	৬০৲	ঐ
	করকচ	ঐ	৩১৲	ঐ	১৫৲	ঐ

২ দফা। এই সকল দর সর্ব্বাপেক্ষা ন্যূন দর বলিয়া স্থির করা হইল ইহার অপেক্ষা পরে আর দর কমানো হইবেক না। কিন্তু সরকার বাহাদুরের ক্ষমতা রহিল যে সুযোগ হইলে দস্তুরমত সংবাদ দিয়া তাঁহারা রাজস্বের জন্য উক্ত দর সকল বৃদ্ধি করিতে পারিবেন।

৩ দফা। প্রকাশ্য নীলামের দ্বারা নিমক বিক্রয় করা বন্দ হইল।

বিঃ হুকুম সাহেবান আলিশান বোর্ড অফ রেবিনিউ সন ১৮৬৬ সাল তারিখ ১৭ ফিব্রুআরি।

টি ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৬ মার্চ্চ।]

Paris Universal Exhibition of Agriculture, Industry, and Art of 1867.

NOTIFICATION.

WITH reference to the orders of Government, No. 6736, dated the 2nd November 1865, and published in the *Calcutta Gazette* of the 15th idem, parties desirous of sending Articles to the Paris Exhibition are invited to communicate their intentions either to the Central Committee for Bengal, or to any of the Commissioners of the Divisions named below,* and to forward an accurate description of the Articles intended to be sent.

2. A description of all Articles must first be submitted for the approval of the Central Committee, in order that it may be determined whether the same or such as, with reference to the objects of the Exhibition and other circumstances, the Government can undertake to transmit to Paris at the Public expense.

3. All Articles tendered for contribution by private individuals after being approved of by the Central Committee will be taken charge of and forwarded to Paris at the expense of Government, and after the close of the Exhibition they will be disposed of in such manner as may be agreed upon between the Central Committee and the respective contributors.

4. The nature and description of Articles admissible into the Exhibition may be learnt on application to the Central Committee, or to any of the Commissioners of Divisions, and it is particularly intimated that Articles tendered for contribution should be limited to works of Industry and Art locally produced.

5. Parties wishing to become contributors to the Paris Exhibition must signify their intentions within three months from this date, after which no application can be received.

By Order of the Central Committee,

A. M. DOWLEANS,
Secretary.

CALCUTTA,
The 10th January 1866.

* Patna, Bhaugulpore, Rajshahye, Dacca, Nuddea, Chittagong, Burdwan, Cuttack, Chota Nagpore, Assam, Cooch Behar.

১৮৬৭ সালে পারিস নগরে কৃষি ও অধ্যবসায়জনিত ও শিল্পঘটিত কার্য্যের যে মহা প্রদর্শন হইবে তদ্বিষয়ক বিজ্ঞাপন।

১৮৬৫ সালের নবেম্বর মাসের ২ তারিখের ৬৭৩৬ নম্বরের গবর্ণমেণ্টের যে আজ্ঞা ঐ মাসের ২১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদনুসারে জানান যাইতেছে যে, পারিস নগরের প্রদর্শনে যাঁহারা দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছুক আছেন তাঁহারা যেং দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাহার প্রকৃত বৃত্তান্ত বঙ্গদেশের সদর কমিটীতে কিম্বা পশ্চাৎ লিখিত খণ্ডের* কোন কমিস্যনর সাহেবের নিকটে লিখিয়া পাঠাইবেন।

২। সদর কমিটীর সম্মতি পাইবার জন্যে প্রথমে সকল দ্রব্যের বৃত্তান্ত লিখিয়া পাঠাইতে হইবে, কেননা প্রদর্শনের উদ্দেশ্য বিবেচনায় সেই সকল দ্রব্য মনোনীত হইতে পারে কি না এবং বিষয়ান্তরে রাজকীয় ব্যয়ে গবর্ণমেণ্ট তাহা পারিস নগরে পাঠাইতে পারেন কি না ইহা স্থির করা আবশ্যক।

৩। সদর কমিটীর সম্মতি পাইলে পর ব্যক্তি বিশেষ কর্ত্তৃক যে সকল দ্রব্য দিবার প্রস্তাব হয় তাহা জিম্মায় লইয়া রাজকীয় ব্যয়ে পারিস নগরে পাঠান যাইবে, ও প্রদর্শন হইয়া গেলে পর সেই সকল দ্রব্য লইয়া সদর কমিটীর ও যাঁহারা সেই দ্রব্য দিয়াছেন তাঁহাদের পরস্পরের যদ্রূপে সম্মতি হইয়াছে তদ্রূপে কার্য্য হইবে।

৪। যেং ভাবের ও প্রকারের দ্রব্য প্রদর্শনে গ্রাহ্য হইবে তাহা সদর কমিটীর নিকটে কিম্বা খণ্ডের কোন কমিস্যনর সাহেবের নিকটে আবেদন করিলে জানা যাইতে পারিবে। আরো ইহা বিশেষমতে জানান যাইতেছে যে, অধ্যবসায়জনিত কি শিল্পঘটিত যে দ্রব্য স্থানবিশেষে উৎপন্ন হইয়াছে তদ্ভিন্ন কোন দ্রব্য পাঠাইবার প্রস্তাব না হয়।

৫। যাঁহারা পারিস নগরের প্রদর্শনে দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাঁহারা এই বিজ্ঞাপনের তারিখ অবধি তিন মাসের মধ্যে আপনাদের মনস্থ জ্ঞাত করিবেন, তিন মাসের পর তাঁহাদের আবেদন গ্রাহ্য হইবে না।

সদর কমিটীর আজ্ঞাক্রমে,

এ এম ডৌলিন্স,
সেক্রেটারী।

কলিকাতা,
১৮৬৬ সাল ১০ জানুআরি।

* পাটনা। ভাগলপুর। রাজশাহী। ঢাকা। নদীয়া। চট্টগ্রাম। বর্দ্ধমান। কটক। ছোট নাগপুর। আসাম। কচবেহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মেদিনীপুর।

ইশ্‌তাহার

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯। ১১ আইনের ৬ ছয় দফামতে সন ১৮৫৯ সালের ১০ আইন সুরত ৪৮৪ নং ডিক্রীজারির মোকদ্দমায় যাহাতে রাখালদাস মুখোপাধ্যায় ডিক্রীদার জানকী দেই দেনির জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নের লিখিত মহালের মধ্যে দেনির অংশের তস্কীম মঃ ১৬০৩৶৫ পাই অত্র জেলার কালেকটরীতে সন ১৮৬৬ সালের ২৮ মার্চ আমলি সন ১২৭৩ সালের ১৭ চৈত্র তারিখে নীলাম হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ১৯ ফেব্রুআরি।

ইষ্টেড বাডগেড নং তৌজী ১৫৯। পং সাহাপুর সদর জমা ৩২১৩৷৶২
মালিক শ্রীমতী জানকী দেই ওগেরহ

T. GRANT,
Covd. Dy. Collr. in charge of office for Collector.

জিলা যশোহর।

এস্তাহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমত লাটবন্দী হইয়া সরকারি বাকী রাজস্ব দাখিলের শেষ দিবস গত ১২ জানুআরি অবধারিত হইয়াছিল তাহাতে বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান সন ১৮৬৬ সালের ১৪ মার্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৭২ সালের ২ চৈত্র রোজ বুধবার নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহাল মজকুরান জেলা যশহরের শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ২২ ফেব্রুআরি।

তৌজির নম্বর।	প্রথম শ্রেণীর চির কালের বন্দবস্ত হওয়া মহাল।
১৪১ নং।	পরগনে মাহাম্মদসাহি তরফ কুলচারা তালুক মির বাখেরালি চৌধুরী ও মির খোরসেদালি ও রামকুমার ও রামশঙ্কর ও মাধবচন্দ্র ও যাদবচন্দ্র ও মহিমাচন্দ্র ও মুরারিধর ও গোবিন্দচন্দ্র ও নয়ানচন্দ্র ও গীরিশচন্দ্র মজুমদার ও গঙ্গাপ্রসাদ চক্রবর্ত্তী ও গদাধর ঘোষ সদর জমা ৯৮৪।৯
২৪২ নং।	পরগনে ঐ তরফ রাজাপুর তালুক রাণী গোলোকসুন্দরী দেব্যা সদর জমা ৬৬১৷৶৬

J. MONRO,
Offg. Collector.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

হাইকোর্টের বিজ্ঞাপন।

রিসীবর আফিস।

মৃত রাজা রাজকৃষ্ণ বাহাদুরের ইষ্টেটের জমীদারি দিগর ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ৬ মার্চ মঙ্গলবার বেলা দুইপ্রহর দুই ঘন্টার সময় হাই কোর্টের রিসীবর শ্রীযুত চারলস সুইন্টন হাগ সাহেব তাহার আফিসে উপরোক্ত ইষ্টেটের নীচের লিখিত জমিদারি দিগর ৫ পঞ্চ খণ্ড করিয়া ইজারা ডাক লইবেন যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

১ প্রথম খণ্ড।

জিলা ত্রিপুরা পরগনে গঙ্গামণ্ডল ওগায়রহ।

২ দ্বিতীয় খণ্ড।

জিলা ২৪ পরগনা পরগনে মুড়াগাছা ও পরগনে হাতিয়াঘর দিগর মায় পাবা ও রঘুনাথপুরের মাখেরাজ

ভূমি ইস্তক বেহালা নাগাইদ কুলপীর রাস্তার ২ দুই ধারের মহাত্রান জমি মায় জলকর ও মৌজা পানিহাটী আগড়পাড়া ভবানীপুর ও নাটাগড ও নাটাগড়ের বাগান ও আগড়পাড়ার হাট।

৩ তৃতীয় খণ্ড।

আগড়পাড়ার পুষ্করিণী ও ফলকর বৃক্ষ।

চতুর্থ খণ্ড।

জিলা চব্বিশ পরগনার কিসমত বারাকপুর দিগর মায় গুদীমহল ও কিসমত বাজে শ্রীরামপুর ও জিলা হুগলির সামিল কিসমত বাশাই সর্ণপাড়া মহেন্দ্রপুর ও কিসমত বেনিপুর।

৫ পঞ্চম খণ্ড।

সহর কলিকাতার তালুক সুতানুটি ও বাজার সুতানুটি মায় রাইয়তি ভূমি ও চারলষ বাজার ও শ্যাম বাজারের জায়গা ও বাগবাজারের জায়গা ও কুলিমহল ও ধর্ম্মতলার ফিচেলওয়ালা জায়গা ও চাঁদনির জায়গা ও জোড়া সাকর জায়গা ও শোভাবাজারের বৈঠকখানা মহলের জমি ও মনোহর মুখোপাধ্যায়ের মহলের বাটি ও জমি ও মাতা গোস্বামির জমি ও কালীশঙ্কর নেউগীর জমি ও রাধাবাজারের গুদম ও জায়গা ও তুলা বাজারের বালিওয়ালা বাটী ও জোড়া বাগানের জমি ও হোগলকুড়িয়ার পোপী বাগান দিগরের জমি মায় জলকর ও ইটালির ও সিন্দুরিয়া পটির জায়গা দিগর ও জেলা ২৪ চব্বিশ পরগনার বরাহনগরের ও দক্ষিণেশ্বরের বাগান মায় রাইয়তি মৌজা সিতি ও মৌজা জয়পুর ও সাতগাছির ও দক্ষিণ বাড়ির জায়গা ও জেলা কৃষ্ণনগরের কাচরা পাড়ার সন্নিকটস্থ মল্লিকা বাগ নামক জমি আর২ বৃত্তান্ত রিসীবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা।

হাই কোর্ট রিসীবর আফিস
৫ নং ইষ্ট্রাণ্ড তারিখ ১৫ ফেব্রুআরি
সন ১৮৬৬ সাল।

[G vernment Gazette, 6th March 1866.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 13, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১৩ মার্চ।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

The following Act of the Governor-General of India in Council received the assent of His Excellency the Governor-General on the 2nd March 1866, and is hereby promulgated for general information :—

ACT No. VI. OF 1866.

An Act to continue Act No. XXXI of 1860 (relating to the manufacture, importation and sale of arms and ammunition, and for regulating the right to keep and use the same, and to give power of disarming in certain cases) and for other purposes.

[Preamble.]

Whereas Act No. XXXI of 1860 as continued by Act No. VI of 1865 will expire on the first day of October 1866 ; and whereas it is expedient to continue the said Act No. XXXI of 1860 with such modifications as are hereinafter mentioned; and whereas it is desirable to render the license mentioned in the 26th and other Sections of the same Act grantable upon conditions, and to enable the local Governments to exempt classes of persons, Districts and parts of Districts from the

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের পশ্চাৎ লিখিত আইনেতে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ২ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, অতএব তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ৬ আইন।

১৮৬০ সালের ৩১ আইন (অর্থাৎ অস্ত্রশস্ত্র ও বারুদাদি তৈয়ার ও আমদানী ও বিক্রয় করিবার ও তাহা রাখিবার ও ব্যবহার করিবার বিধান করিবার ও কোনং ব্যক্তিকে অস্ত্রাদি হরণ করিবার ক্ষমতা দেওনের আইন) প্রবল রাখিবার ও অন্যং বিষয়ের বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৬৫ সালের ৬ আইনক্রমে ১৮৬০ সালের ৩১ আইন অধিক যত কালের নিমিত্তে প্রবল করা গিয়াছিল, সেই কাল ১৮৬৬ সালের অক্টোবর মাসের ১ তারিখে অতীত হইবে। কিন্তু ১৮৬০ সালের সেই ৩১ আইন পশ্চাৎ লিখিতমতে সংশোধন করিয়া অধিককাল বলবৎ রাখা বিহিত। এবং ঐ আইনের ২৬ ও অন্যং ধারাতে যে অনুমতিপত্রের কথা ব্যক্ত হইয়াছে, সেই অনুমতিপত্র নিয়মাধীনে দান করা, ও স্থান বিশেষের গবর্ণমেণ্টদিগের প্রতি কোনং লোক শ্রেণীকে ও জিলা ও জিলার কোনং অংশ ঐ আইনের ২৫ ও ২৬ ধারার

operation of Sections 25 and 26 of the same Act; It is enacted as follows:—

[Repeal of Act No. VI. of 1865 and of part of Section 55 of Act No. XXXI of 1860. Rest of Act No. XXXI of 1660 continued.]

I. Act No. VI of 1865 and the second Clause of Section 55 of Act No. XXXI. of 1860 are hereby repealed; but the rest of the Act last hereinbefore mentioned shall, subject to the modifications hereinafter mentioned, continue in force from the passing of this Act until the Governor-General of India in Council shall by an order published in the Gazette of India declare otherwise.

[Licenses to bear arms may be granted on conditions.]

II. The license mentioned in Sections 26, 28, 29 and 30 of the said Act No. XXXI of 1860 may be granted by the Magistrate or other person specially authorized to grant the same, subject to such condition or conditions, if any, as such Magistrate or other person shall think fit; and on breach of any such condition, or failure to comply therewith, such license shall thereupon be be null and void.

[Amendment of Section 27 of Act No. XXXI of 1860.

III. For the last Clause of Section 27 of the same Act, the following words shall be substituted (that is to say), "Such other persons, classes of persons, Districts or parts of Districts as the Local Government may by notification in the Official Gazette from time to time exempt from such provisions."

[Short Title.]

IV. This Act may be cited as "The Arms' Act Continuance Act, 1866."

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

The following Act of the Governor-General of India in Council received the assent of His Excellency the Governor-General on the 2nd March 1866, and is hereby promulgated for general information:—

ACT No. VIII OF 1866.

An Act further to amend the Schedule annexed to the Code of Criminal Procedure.

[Preamble.]

Whereas it is expedient further to amend the Schedule annexed to the Code of Cri-

কার্য্যহইতে মুক্ত করিবার ক্ষমতা অর্পণ করা শ্রেয়, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

[১৮৬৫ সালের ৬ আইন এবং ১৮৬০ সালের ৩১ আইনের ৫৫ ধারার একাংশ রহিত হওনের ও ১৮৬০ সালের ৩১ আইনের অবশিষ্টাংশ প্রবল রাখিবার কথা।]

১ ধারা। এই ধারাক্রমে ১৮৬৫ সালের ৬ আইন এবং ১৮৬০ সালের ৩১ আইনের ৫৫ ধারার ২ প্রকরণ রহিত করা গেল। কিন্তু এই আইন প্রচলিত হওনের কালাবধি যত কাল মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে আজ্ঞা প্রকাশ করণপূর্ব্বক প্রকারান্তরের নির্দ্ধারণ না করেন, তত কাল শেষোক্ত আইনের অন্য সকল অংশ পশ্চাৎ লিখিতমতে মতান্তরিত হইয়া প্রবল থাকিবে ইতি।

[অস্ত্রবহনের অনুমতিপত্র নিয়মাধীনে প্রদান হইবার কথা।]

২ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অনুমতিপত্র দিবার বিশেষ ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি যে নিয়ম কি যেং নিয়ম অবধারণ করা উচিত বোধ করেন তদ্রূপ এক কি অধিক নিয়মাধীনে ১৮৬০ সালের উক্ত ৩১ আইনের ২৬ ও ২৮ ও ২৯ ও ৩০ ধারার লিখিত অনুমতিপত্র দিতে পারিবেন। তদ্রূপ কোন নিয়ম ভঙ্গ হইলে, কিম্বা তদনুসারে কার্য্য হইবার ত্রুটি হইলে, সেই অনুমতিপত্র তৎক্ষণাৎ ব্যর্থ ও অসিদ্ধ হইবে ইতি।

[১৮৬০ সালের ৩১ আইনের ২৭ ধারা সংশোধন করিবার কথা।]

৩ ধারা। উক্ত আইনের ২৭ ধারার শেষ প্রকরণের পরিবর্ত্তে পশ্চাৎ লিখিত কথা দিতে হইবে, (অর্থাৎ) স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া সময়েং অন্য যে ব্যক্তিদিগকে কি লোক শ্রেণীকে কিম্বা যে জিলা কি জিলার যে কোন অংশ উক্ত আইনের বিধানহইতে মুক্ত করেন তাহাদের উপর ইতি।

[সংক্ষেপ নাম।]

৪ ধারা। এই আইন "অস্ত্রশস্ত্রের আইন প্রবল রাখিবার ১৮৬৬ সালের আইন" নামে উল্লিখিত হইতে পারিবে ইতি।

উইটলি ষ্টোক্স,
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের পশ্চাৎ লিখিত আইনেতে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ২ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, অতএব তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ৮ আইন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের তফসীলের অধিকতর সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে সংশ্লিষ্ট তফসীলের অধিকতর সংশোধন করা

minal Procedure ; It is enacted as follows :—

[Amendment of Schedule as regards Sections 172, 174, 271, 277, 278, 279, 285, 286, 289, 290, 325, 380, 448 and 451 of the Indian Penal Code.]

I. In lieu of the words in the parts of column 7 of the said Schedule respectively referring to Sections 172, 174, 271, 277, 278, 279, 285, 286, 289, 290, 325, 380, 448 and 451 of the Indian Penal Code, there shall be read the words " Any Magistrate."

[Amendment of Schedule as regards Sections 392 and 393 of the Indian Penal Code.]

II. In lieu of the words in the parts of the said column respectively referring to Sections 392 and 393 of the Indian Penal Code, there shall be read the words " Court of Session or or Magistrate of the District."

[Nothing in this Act to alter effect of the rest of the Schedule.]

III. Nothing herein contained shall be taken to alter the effect which any other part of the said Schedule had immediately before the passing of this Act.

[This Act to be read with the Code of Criminal Procedure.]

IV. This Act shall be read with and taken as part of the Code of Criminal Procedure.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

The following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 26th January 1866, and was referred to a Select Committee, with instructions to make their report thereon in six weeks.—

No. 3 OF 1866.

A Bill to amend Act No. XVI of 1864 (to provide for the Registration of Assurances.)

[Preamble.]

Whereas it is expedient to consolidate and amend the laws relating to the Registration of Assurances; It is enacted as follows :—

PART I.

Preliminary.

[Short Title.]

I. This Act shall be called "The Indian Registration Act, 1866."

[*Government Gazette*, 13*th March* 1866.]

বিহিত। এই হেতুক পশ্চাৎ লিখিত. বিধান করা গেল।

[ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭২, ১৭৪, ২৭১, ২৭৭, ২৭৮, ২৭৯, ২৮৫, ২৮৬, ২৮৯, ২৯০, ৩২৫, ৩৮০, ৪৪৮, ও ৪৫১, ধারা সম্পর্কে তফসীল সংশোধন করিবার কথা।]

১ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭২, ১৭৪, ২৭১, ২৭৭, ২৭৮, ২৭৯, ২৮৫, ২৮৬, ২৮৯, ২৯০, ৩২৫, ৩৮০, ৪৪৮, ও ৪৫১ ধারা সম্পর্কে উক্ত তফসীলের ৭ ঘরে যে শব্দ আছে, তৎপরিবর্ত্তে "কোন মাজিষ্ট্রেট" এই কথা পাঠ করিতে হইবে ইতি।

[ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৯২ ও ৩৯৩ ধারা সম্পর্কে ঐ তফসীল সংশোধন করিবার কথা।]

২ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৯২, ও ৩৯৩ ধারা সম্পর্কে তফসীলের ৭ ঘরে যেং কথা আছে তৎপরিবর্ত্তে "সেশন আদালত কিম্বা জিলার মাজিষ্ট্রেট" এই কথা পাঠ করিতে হইবে ইতি।

[এই আইনের কথাতে ঐ তফসীলের অন্য অংশের ফলের ব্যতিক্রম না হইবার কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হওনের অব্যবহিত পূর্ব্বে ঐ তফসীলের অন্য কোন অংশের যে ফল ছিল তাহা নিবর্ত্ত হইল এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না ইতি।

[এই আইন ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের সঙ্গে পাঠ করিবার কথা।]

৪ ধারা। এই আইন ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের সঙ্গে পাঠ হইয়া তাহার অংশ জ্ঞান হইবে ইতি।

উইটলি ষ্টোক্স,
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ২৬ জানুআরি তারিখে আইন ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা গেলে তাহা সিলেক্ট কমিটীর প্রতি অর্পিত হইল, ও ছয় সপ্তাহের মধ্যে রিপোর্ট করিতে তাঁহাদের প্রতি হইয়াছে।

১৮৬৬ সালের ৩ নম্বর।

১৮৬৪ সালের ১৬ আইন (অর্থাৎ নিদর্শনপত্র রেজিস্টরী করণের বিধান করিবার আইন) সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

নিদর্শনপত্র রেজিস্টরী করণের আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা যাইতেছে।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন ভারতবর্ষীয় রেজিস্টরী করণের ১৮৬৬ সালের আইন নামে খ্যাত হইবে ইতি।

[Interpretation clause.]

II. In this Act—unless there be something repugnant in the subject or context—

["British India."]

"British India" denotes the Territories which are or may become vested in Her Majesty or Her successors by the Statute 21 and 22 Vic., cap. 106, entitled "An Act for the better Government of India," except the Settlement of Prince of Wales' Island, Singapore and Malacca :

["Year" and "Month."]

"Year" and "Month" denote a year or month respectively by the British Calendar.

["Section."]

"Section" denotes a Section of this Act :

["Lease."]

"Lease" includes a counterpart, a kabuliyat, an undertaking to cultivate or occupy, and an agreement to lease.

["Will."]

"Will" includes a codicil and every writing making a voluntary posthumous disposition of property.

["Instrument."]

"Instrument" does not include a Will nor an authority to adopt.

["Immoveable Property."]

"Immoveable Property" includes land, rights to ways, lights, fisheries or any other benefit to arise out of land, and things attached to the earth or permanently fastened to any thing which attached to the earth ; but not standing timber, growing crops nor grass.

["Moveable Property."]

"Moveable Property" includes standing timber, growing crops, grass, fruit upon trees, and property of every other description, except immoveable property.

["Book."]

"Book" includes a portion of a Book and also any number of sheets connected together with a view of forming a Book or portion of a Book.

["Endorsement." "Endorsed."]

"Endorsement" and "Endorsed" include and apply to an entry in writing by a Registering Officer on a rider or covering-slip to any document tendered for registration under this Act.

["Representative."]

"Representative" includes the Committee of a lunatic and the manager of his estate.

["Oath."]

"Oath" includes a solemn affirmation.

[অর্থ করণের ধারা।]

২ ধারা। এই আইনের লিখিত বিষয়ের কি পূর্ব্বাপর কথার সঙ্গে অসঙ্গত না হইলে,

["ব্রিটনীয় ভারতবর্ষ।"]

পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা উপনিবেশ ভিন্ন ভারতবর্ষ সুশাসন করিবার আইন নামে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরীয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়মতে যে সমস্ত দেশ শ্রীশ্রীমতী মহারাণীর কি তৎপশ্চাৎ তাঁহার উত্তরাধিকারিদের প্রতি বর্ত্তিয়াছে কি বর্ত্তিবে "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে সেই সমুদয় দেশ বুঝাইবে।

["বৎসর" ও "মাস।"]

"বৎসর" ও "মাস" শব্দে ব্রিটনীয় পঞ্জিকামত বৎসর ও মাস বুঝাইবে।

["ধারা।"]

"ধারা" শব্দে, এই আইনের কোন ধারা বুঝাইবে।

["পাট্টা।"]

"পাট্টা" শব্দের মধ্যে অনুলিপি, ও কবুলিয়ৎ ও চাষ কি দখল করিবার অঙ্গীকারপত্র, এবং পাট্টা করিয়া লইবার সম্বিৎপত্র ধরিতে হইবে।

["উইল।"]

"উইল" শব্দে চরমপত্রের ক্রোড়পত্র এবং স্বামী স্বেচ্ছাক্রমে স্বীয় সম্পত্তির যে বিধান করিয়া মরেন সেই বিধানপত্র ধরিতে হইবে।

["লেখ্য"]

"লেখ্য" এই কথার মধ্যে চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র ধর্ত্তব্য নহে।

["স্থাবর সম্পত্তি।"]

"স্থাবর সম্পত্তি" এই কথার মধ্যে ভূমি ও পথের ও আলোর ও মৎস্য ধরিবার স্বত্ব ও ভূমিহইতে উৎপন্ন অন্য কোন প্রাপ্তি, ও মৃত্তিকা সংলগ্ন দ্রব্য, ও মৃত্তিকা সংলগ্ন দ্রব্যেতে চিরকালার্থে দৃঢ়মতে বদ্ধ দ্রব্য ধরা যাইবে। কিন্তু দণ্ডায়মান শালাদিবৃক্ষ কি ক্ষেত্রস্থ শস্য কি ঘাস ধরিতে হইবে না।

["অস্থাবর সম্পত্তি।"]

"অস্থাবর সম্পত্তি" এই কথাতে দণ্ডায়মান শালাদি বৃক্ষ ও ক্ষেত্রস্থ শস্য ও ঘাস ও বৃক্ষস্থ ফল এবং স্থাবর সম্পত্তি ভিন্ন অন্য যাবদীয় প্রকারের সম্পত্তি ধরিতে হইবে।

["পুস্তক।"]

"পুস্তক" শব্দে পুস্তকের কোন অংশ কিম্বা পুস্তক কি পুস্তকের এক অংশ করণাভিপ্রায়ে সম্বদ্ধ অনেক খণ্ড কাগজ বুঝাইবে।

["পৃষ্ঠলিপি ও পৃষ্ঠলিখিত।"]

এই আইনমতে রেজিস্টরী করণার্থে আনীত কোন দলীলের মলাটে কি উপরিস্থ কাগজখণ্ডে রেজিস্টরী-কর্ম্মকারক যে কথা লেখেন পৃষ্ঠলিপি ও পৃষ্ঠলিখিত এই দুই শব্দে তাহাও বুঝাইবে ও তাহার প্রতি বর্ত্তিবে।

["স্থলাভিষিক্ত।"]

"স্থলাভিষিক্ত" শব্দের মধ্যে ক্ষিপ্ত ব্যক্তির কমিটী ও তাহার সম্পত্তির কার্য্যাধ্যক্ষকে ধরিতে হইবে।

["শপথ।"]

"শপথ" শব্দের মধ্যে সত্য প্রতিজ্ঞা ধরিতে হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১৩ মার্চ।]

["Person."]

"Person" includes any Company or association or body of persons whether incorporated or not.

[Number. Gender.]

Words in the singular number include the plural; words in the plural number include the singular, and words importing the masculine gender include females;

["Local Government." "High Court." "District Court." "Civil Court."]

And in any part of British India in which this Act operates, "Local Government" denotes the person or persons authorized by law to administer the Executive Government in such part: "High Court" denotes the highest Civil Court of appeal therein: "District Court" means the principal Civil Court of original jurisdiction in a District, and includes the High Court in its ordinary original Civil jurisdiction; and "Civil Court" includes a Revenue Court, but not a Court for the relief of insolvent debtors.

[" District." "Sub-District."]

"District" and "Sub-District" respectively mean a District and Sub-District formed under this Act.

[Laws repealed.]

III. Acts No. XVI of 1864 and No. IX of 1865 are hereby repealed, except in so far as the former Act rescinds other Acts or Regulations, and except as regards things duly done and penalties incurred under the Acts hereby repealed or either of them. And all things duly done under the same Act or either of them shall be considered as having been done under this Act.

[Repeal of rules relating to the Registration of Assurances in certain Territories.]

IV. From the date on which this Act shall be extended as hereinafter provided to any part of British India in which the Acts hereinbefore mentioned are not in force, all Rules and Regulations relating to the Registration of Assurances in force in such part of British India shall cease to have effect, except as regards documents duly registered under any of such Rules or Regulations.

[Power to invest Head Executive Officer of Territories under immediate administration of Government of India with authority vested by this Act in local Governments.]

V. It shall be lawful for the Governor-General of India in Council, by an order to be published

["ব্যক্তি"।]

"ব্যক্তি" শব্দের মধ্যে চার্টর প্রাপ্ত কি অপ্রাপ্ত কোন কোম্পানি কি সংস্থষ্ট ব্যক্তি কি লোক সমাজকেও ধরিতে হইবে।

[বচন ও লিঙ্গ।]

এক বচনের শব্দে সেই অর্থের বহু বচনান্ত শব্দ, ও বহু বচনের শব্দে সেই অর্থের এক বচনান্ত শব্দ, এবং পুংলিঙ্গ বোধক শব্দে স্ত্রীলোককেও বুঝাইবে।

["স্থানীয় গবর্ণমেন্ট" ও "হাই কোর্ট" ও "জিলার আদালত" ও "দেওয়ানী আদালত"।]

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশে চলে, সেই অংশে যে ব্যক্তি কি ব্যক্তিরা আইনঅনুসারে কর্তৃত্ব কার্য্য সম্পাদনে ক্ষমতাপন্ন হন, "স্থানীয় গবর্ণমেন্ট" শব্দে তৎস্থানীয় ঐ ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে বুঝাইবে। ও হাই কোর্ট শব্দে তত্রত্য আপীল গ্রহণের উচ্চতম দেওয়ানী আদালতকে বুঝাইবে। ও "জিলার আদালত" এই শব্দে কোন জিলার মধ্যে মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন প্রধান দেওয়ানী আদালত জানিতে হইবে, ও তন্মধ্যে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা সম্পর্কে হাই কোর্টকেও বুঝাইবে। এবং "দেওয়ানী আদালত" এই শব্দের মধ্যে রাজস্বসম্পর্কীয় আদালত ধরিতে হইবে, কিন্তু যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত ধর্ত্তব্য নহে।

[ডিষ্ট্রিক্‌ট ও সব-ডিষ্ট্রিক্‌ট।]

"ডিষ্ট্রিক্‌ট" ও সবডিষ্ট্রিক্‌ট এই দুই শব্দে এই আইনের স্থাপিত প্রদেশ কি উপপ্রদেশ জানিতে হইবে ইতি।

[যে২ আইন রহিত হইল তাহার কথা।]

৩ ধারা। ১৮৬৪ সালের ১৬ আইন ও ১৮৬৫ সালের ৯ আইন ইহাতে রহিত হইল। কিন্তু প্রথমোক্ত আইনদ্বারা অন্য যে কোন আক্‌ট কি আইন রহিত হইয়াছে কিম্বা এতদ্দ্বারা রহিত পূর্ব্বোক্ত দুই কি একতর আইন অনুসারে যে ক্রিয়া উপযুক্তমতে করা গিয়াছে ও যে সকল অর্থদণ্ড বর্ত্তিয়াছে তৎসম্পর্কে ঐ২ আইন রহিত হইবে না। এবং উক্ত দুই কি একতর আইনক্রমে যে সকল কার্য্য নিয়মিতমতে করা গিয়াছে তাহা এই আইনমতে কৃত হওনের ন্যায় জ্ঞান হইবে ইতি।

[কোন২ প্রদেশে নিদর্শনপত্র রেজিষ্টরী করণের বিধি রহিত করিবার কথা।]

৪ ধারা। ইহার পূর্ব্বে লিখিত দুই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশে প্রবল নহে সেই অংশে এই আইন পশ্চাৎ লিখিত বিধানমতে যে তারিখে প্রচলিত হইবে সেই তারিখঅবধি ব্রিটনীয় ভারতবর্ষের সেই অংশে নিদর্শনপত্র রেজিষ্টরকরণ সম্পর্কীয় যে সকল বিধি ও বিধান প্রবল আছে তাহা রহিত হইবে। কিন্তু উক্ত কোন বিধি কি বিধানমতে যে কোন নিদর্শনপত্র নিয়মিতরূপে রেজিষ্টর হইয়াছে তৎসম্পর্কে সেই বিধি ও বিধান প্রবল থাকিবে ইতি।

[স্থানীয় গবর্ণমেন্টের প্রতি এই আইনমতে যে ক্ষমতা অর্পিত হইয়াছে ভারতবর্ষের গবর্ণমেন্টের অব্যবহিতরূপে শাসিত কোন দেশের প্রধান কার্য্যকারক সাহেবের প্রতি সেই ক্ষমতাদানের কথা।]

৫ ধারা। ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া

in the *Gazette of India*, to declare that in any Territory under the immediate administration of the Government of India, the Head Executive Officer of such Territory shall exercise all or any of the powers vested by this Act in the local Governments; and thereupon such Officer shall for the purposes of this Act, be the local Government of such Territory.

আদেশ করিতে পারিবেন যে, ভারতবর্ষের গবর্ণমেণ্টের অব্যবহিতরূপে শাসিত কোন দেশে, যিনি কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক প্রধান কার্য্যকারক হন, তিনি সেই দেশের স্থানবিশেষের গবর্ণমেণ্টের প্রতি এই আইনের অর্পিত ক্ষমতানুসারে কার্য্য করেন। তাহা হইলে সেই কার্য্যকারক এই আইনের কার্য্য সকল করণার্থে সেই দেশের স্থানীয় গবর্ণমেণ্ট হইবেন ইতি।

PART II.

Of the Registration Establishment.

[General Registry Office. Branch General Registry Office.]

VI. The local Government shall establish within the Territories subject to such Government, at such place as it shall think fit, an Office to be called the General Registry Office, and shall appoint an Officer to the charge of such Office, who shall be the Registrar General of the Territories for which he is appointed. The local Government may also, with the previous sanction of the Governor-General of India in Council, establish a Branch General Registry Office and appoint a Branch Registrar General; and every act done by or before any Branch Registrar General so appointed shall have the same effect as if done by or before a Registrar General. Provided that such Branch Registrar General shall not exercise the power to frame rules conferred on the Registrar General by Section 76 of this Act. Any Registrar General or Branch Registrar General may hold simultaneously any other office under Government.

দ্বিতীয় খণ্ড।

রেজিষ্টরী করণের কার্য্যালয়াদির বিধি।

[সাধারণ রেজিস্টরী কার্য্যালয় ও শাখা সাধারণ রেজিষ্টরী কার্য্যালয়ের কথা।]

৬ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্ট ঐ গবর্ণমেণ্টের অধীন দেশের অন্তর্গত যে স্থান উপযুক্ত জ্ঞান করেন, সেই স্থানে "জেনরল রেজিষ্টরী আফিস" নামে এক কার্য্যালয় করিবেন। ও সেই কার্য্যালয়ের তত্ত্বাবধারণ করিবার জন্যে এক জন কর্ম্মকারককে নিযুক্ত করিবেন। তিনি যে দেশে নিযুক্ত হন সেই দেশের রেজিষ্ট্রার জেনরল হইবেন। আরও স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক শাখা জেনরল রেজিষ্টরী আফিস স্থাপন করিতে ও শাখা জেনরল রেজিষ্ট্রারকে নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপে নিযুক্ত কোন শাখা জেনরল রেজিষ্ট্রারের দ্বারা কিম্বা তাঁহার সম্মুখে যে প্রত্যেক ক্রিয়া করা যায় তাহা রেজিষ্ট্রার জেনরল দ্বারা কি তাঁহার সম্মুখে কৃত হওনের তুল্য হইবে। কিন্তু এই আইনের ৭৬ ধারামতে রেজিষ্ট্রার জেনরলের প্রতি বিধি প্রণয়ন করিবার যে ক্ষমতা অর্পিত হইয়াছে. শাখার রেজিষ্ট্রার জেনরল সেই ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন না। কোন রেজিষ্ট্রার জেনরল কিম্বা শাখা রেজিষ্ট্রার জেনরল আপনারদের সেই পদ ধারণ কালে গবর্ণমেণ্টের অধীন অন্য কোন পদও ধারণ করিতে পারিবেন ইতি।

[Formation and alteration of Districts and Sub-Districts.]

VII. For the purposes of this Act the local Government shall form Districts and Sub-Districts, and shall prescribe and from time to time may alter the limits of such Districts and Sub-Districts. A Sub-District may be conterminous with a District, or may be situate partly in one District and partly in another.

[দেশের ভাগ ও বিভাগ করিবার ও তাহা পরিবর্ত্তন করিবার কথা।]

৭ ধারা। স্থান-বিশেষের গবর্ণমেণ্ট এই আইনের অভিপ্রায় সফলকরণার্থে ডিষ্ট্রিক্ট ও সব-ডিষ্ট্রিক্ট করিবেন। এবং ডিসষ্ট্রিক্টের ও সব-ডিষ্ট্রিক্টের সীমা নির্দ্ধার্য্য করিবেন ও সময়েং পরিবর্ত্তন করিতে পারিবেন। সব-ডিষ্ট্রিক্টের সীমা কোন ডিষ্ট্রিক্টের সীমার সমান হইতে পারিবে, কিম্বা সব-ডিষ্ট্রিক্টের এক অংশ এক ডিষ্ট্রিক্টে অন্য অংশ অন্য ডিষ্ট্রিক্টে থাকিতে পারিবে।

Each of the Presidency Towns of Calcutta, Madras and Bombay shall for the purposes of this Act be formed into a District.

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগর প্রত্যেকে এই আইনের কার্য্যসম্পর্কে ডিষ্ট্রিক্ট হইবে।

The Districts and Sub-Districts formed under this Section, together with the limits thereof, and every alteration of such limits shall be notified by the local Government in the Official Gazette immediately after every such formation or alteration. Every such alteration shall take effect immediately after such notification.

স্থানীয় গবর্ণমেণ্ট এই ধারামতে যে সকল ডিষ্ট্রিক্ট ও সব-ডিষ্ট্রিক্ট নিরূপণ করেন তাহা নিরূপণ করিবার অব্যবহিত পরে তাহার নাম ও তৎসীমার জ্ঞাপনপত্র রাজকীয় গেজেটে প্রকাশ করিবেন, এবং ঐ সীমার কোন অংশ পরিবর্ত্তন করিলে পর সেই পরিবর্ত্তনেরও সংবাদ ঐ গেজেটে প্রকাশ করিবেন। তদ্রূপে প্রকাশ হইলে পর সেই পরিবর্ত্তন সফল হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৩ মার্চ।]

[Establishment of Registry and Sub-Registry Offices.]

VIII. The Local Government shall establish in every District an Office to be styled the Registry Office, and in every Sub-District an Office to be styled the Sub-Registry Office.

[Appointment of Registrars and Sub-Registrars.]

IX. The Local Government may appoint such persons, whether Public Officers or not, as it may think proper, to be Registrars of the several Districts, and to be Sub-Registrars of the several Sub-Districts formed as aforesaid respectively.

[Registrar of a Presidency Town may act as Sub-Registrar.]

X. In each of the Presidency Towns the Registrar may perform all the duties of a Sub-Registrar under this Act.

[Appointment of Deputy Registrar General to perform duties of Registrar General under Sections 32, 73 and 74 of this Act during his absence on duty.]

XI. During the absence on duty of the Registrar General from the place where the General Registry Office is established, it shall be lawful for him to appoint the Registrar of such place, or, with the previous sanction of the local Government, such other person as he shall think fit, to perform the duties of the Registrar General under Sections 32, 73 and 74 of this Act. A Registrar so appointed shall perform such duties in addition to his own duties as Registrar. During such absence the Registrar or other person so appointed as aforesaid shall be styled the Deputy Registrar General, and may use the Seal of the Registrar General.

[Provision for cases of absence of Registrars, or vacancy in the Office.]

XII. In case of the absence of any Registrar other than the Registrar of a Presidency Town, or of a vacancy occurring in the Office of any such Registrar, any person whom the Registrar General shall appoint in this behalf, or, in default of such appointment, the Judge of the District Court shall, during such absence or vacancy, be the Registrar. In case of the absence of the Registrar of a Presidency Town, or of a vacancy occurring in the Office of any such Registrar, it shall be lawful for the Registrar General to appoint any person whom he may think proper to conduct the duties of the Office of such Registrar.

[Provision for cases of absence of Sub-Registrars, or vacancy in the Office.]

XIII. In case of the absence of any Sub-Registrar, or of a vacancy occurring in the Office of any

[রেজিষ্টরী ও সব-রেজিষ্টরী আফিস স্থাপনের কথা।]

২৯৮ ও ২৯৯ ধারাতে উল্লিখিত আসেসরদিগকে নিযুক্ত করিবার ক্ষমতা স্পষ্টাক্ষরে আদালতকে দিয়াছি, এবং আসেসরদিগের মত সর্ব্বদা কেবল বাক্যক্রমে প্রকাশিত হইবে, এমত আদেশ করা অবিহিত জ্ঞান করিয়াছি।

আমরা আদালতকে এই ক্ষমতা দিয়াছি যে; পক্ষ ব্যক্তিরা সম্মত হইলে, আদালত তাঁহাদের কোন এক জনকে কি অন্য কোন ব্যক্তিকে শপথ কি ধর্ম্মভাবের প্রতিজ্ঞা করাইয়া এমত প্রামাণ্য সংযুক্ত সাক্ষ্যানুসারে মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন।

যে সকল মোকদ্দমাতে নিয়মিত আপীল হইতে পারে না, এমত মোকদ্দমার নিষ্পত্তি ইংরাজী ভাষাতে লিখিত হইলে, যদি কোন পক্ষ ব্যক্তি তাহার অনুবাদের প্রার্থনা না করেন, তবে তাহার অনুবাদ করা অনাবশ্যক এমত বিধানও আমরা করিয়াছি। এবং আপীল আদালতের নিষ্পত্তির অনুবাদ যদি কোন পক্ষ ব্যক্তি না চাহেন, তবে তাহাও করিবার প্রয়োজন হইবে না।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কোন নির্দ্ধারণের যে হেতু ছিল, তাহা নিষ্পত্তিতে লিখিবার প্রয়োজন হইবে না।

৩২৭ ধারামতে যে হস্তান্তরীকরণের পত্র কি পৃষ্ঠলিপি সমর্পণ করিতে হয়, তাহা প্রস্তুত করিয়া তাহাতে স্বাক্ষর করণ অথবা আবশ্যক হইলে তাহা অন্যথা করণবিষয়ক বিধান আমরা করিয়াছি। এবং বিচারকর্ত্তা যে স্থলে ডিক্রীর নিয়মাতিক্রামক হস্তান্তরীকরণের পত্রে

of the decree, or refusing to agree to a conveyance in conformity with those terms.

A warrant for arrest of the defendant will direct the serving officer to bring him before the Court.

In Sections 369 and 400 we have authorized the immediate sale of perishable commodities.

Where there is a mortgage or lien on the attached property, we have provided that the attachment shall continue subject to the claim of the mortgagee or person entitled to the lien.

If the decree-holder purchase at an execution sale, we have provided that the amount of his decree may be taken in payment, in whole or in part, as the case may be.

As regards the enforcement of registered Bonds, we have provided that the obligee of a bond payable by instalments may sue before all the instalments shall have become due. We have also provided that the representative of a deceased obligor may plead that he never received any assets, or that they have been paid away, or that they are insufficient.

In Section 512 we have added to the grounds of setting aside an award—either party having fraudulently concealed any matter which he ought to have disclosed, or having wilfully misled or deceived the arbitrators or umpire. The Section as it stood provided for setting aside an award on the ground of misconduct, only when a charge of such misconduct was established against the arbitrators or umpire. As observed by the Madras Government, this renders such charges more frequent than they would otherwise be, and the probability of being exposed to them makes respectable men unwilling to arbitrate.

We have given a regular appeal in respect of costs alone, provided that it shall appear upon the face of the decree or order that the Court below proceeded upon a mistake or misapprehension.

We propose that on appeal the Courts should be required, of their own motion, to take cognizance of defences founded on lapse of time, breach of the Stamp laws, or want of jurisdiction.

A respondent taking objection to the original decree from which he may have preferred no cross-appeal, will have to give seven days' notice in writing of such objection.

We have added to the grounds of special appeal failure by a subordinate Court to determine an

সম্মত হন কিম্বা উক্ত নিয়মানুযায়ি হস্তান্তরীকরণের পত্রে সম্মত হইতে অস্বীকার করেন, এমত স্থলের বিধানও আমরা করিয়াছি।

প্রতিবাদিকে আসেধ করিবার ওয়ারেন্টে তৎসমর্পণকারি কর্ম্মচারির প্রতি সেই ব্যক্তিকে আদালতের সম্মুখে উপস্থিত করিবার আদেশ থাকিবে।

৩৬৯ ও ৪০০ ধারাতে আমরা আশুনশ্বর দ্রব্য একেবারে বিক্রয় করিবার অনুমতি দিয়াছি।

যে সম্পত্তি বন্ধকের কি অগ্রগণ্য দাওয়ার অধীন, তাহা ক্রোক হইলে সেই ক্রোক ঐ বন্ধকের কি অগ্রগণ্য দাওয়ার অধিকারি ব্যক্তির দাওয়ার অধীন থাকিবে, এমত বিধান করিয়াছি।

ডিক্রী প্রবল করণক্রমে যে বিক্রয় হয় তাহাতে যদি ডিক্রীদার কিছু ক্রয় করেন, তবে তাঁহার ডিক্রীর মূল্য সমুদয় টাকা অথবা কতক টাকা বলিয়া পরিশোধরূপে গ্রাহ্য হইবে, এমত বিধান করিয়াছি।

রেজিষ্টরী হওয়া খত প্রবল করণের সম্বন্ধে আমরা এই বিধান করিয়াছি যে, যে খতের টাকা কিস্তি২ করিয়া পাওয়া যাইবে, এমত খতের সকল কিস্তি যে সময়ে পাওনা হইবে তাহার পূর্ব্বেও খতঘটিত উত্তমর্ণ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। এবং খতঘটিত মৃত অধমর্ণের প্রতিনিধি যে কোন সংস্থান পান নাই, কি যাহা পাইয়াছিলেন তাহা পরিশোধ হইয়াছে কি অপ্রচুর ছিল, এমত সমর্থন করিতে পারিবেন, এই মর্ম্মের বিধানও করিয়াছি।

৫১২ ধারাতে সালিসীর নির্ণয় অসিদ্ধ করিবার আর এক হেতু যোগ করিয়াছি, তাহা এই অর্থাৎ, যাহা জ্ঞাত করা অন্যতর পক্ষ ব্যক্তির উচিত ছিল, প্রতারণাভাবে তাহা সে গুপ্ত রাখিলে, কিম্বা ইচ্ছাপূর্ব্বক সালীসদের কি নির্ণেতার ভ্রান্তি জন্মাইলে কি প্রবঞ্চনা করিলে নির্ণয় অসিদ্ধ হইতে পারিবে। ধারার যে রচনা ছিল তাহাতেও দুষ্ক্রিয়াপ্রযুক্ত নির্ণয় অসিদ্ধ হইবার বিধান ছিল বটে, কিন্তু সেই দুষ্ক্রিয়া সালীসদিগের কি নির্ণেতার হইলে অর্থাৎ তাঁহাদের বিপক্ষে তদ্রূপ দুষ্ক্রিয়ার প্রমাণ হইলে নির্ণয় অসিদ্ধ হইতে পারিত। এ বিষয়ে মান্দ্রাজের গবর্ণমেন্ট এই সত্য কথা কহিয়াছেন যে তদ্রূপ বিধান না থাকিলে উক্ত দুষ্ক্রিয়ার নালিশ বড় হইত না, কিন্তু থাকাতে নালীশ হইয়া থাকে, সুতরাং নালীশের ভয়ে ভদ্র লোকেরা সালিসীর কর্ম্ম করিতে অনিচ্ছুক হন।

সুদ্ধ খরচার বিষয়েও নিয়মিত আপীল করিবার অনুমতি দিয়াছি, কিন্তু ইহাতে আবশ্যক যে ডিক্রী কি আজ্ঞা দেখিলেই ইহা স্পষ্ট প্রকাশ পায় যে নিম্নতর আদালত কোন ভ্রান্তি কি অমূলক সংস্কারক্রমে কার্য্য করিয়াছেন।

আমরা এই প্রস্তাব করিয়াছি যে আদালতের প্রতি এই মর্ম্মের আদেশ করিতে হইবে, যে আপীল হইলে তামাদীর কি ইষ্টাম্প আইনের লঙ্ঘন কি বিচারাধিপত্যের অভাব এই কএক বিষয় ধরিয়া যে প্রতিবাদ হয়, আদালতের নিজ প্রবৃত্তিক্রমে তাহার বিচার করিতে হইবে।

যে রেস্পাণ্ডেন্ট আসল ডিক্রীর উপর ব্যত্যস্ত আপীল করেন নাই, তিনি যদি পশ্চাৎ সেই আসল ডিক্রীর প্রতি আপত্তি করেন, তবে তাঁহাকে সেই আপত্তিবিষয়ক সাত দিনের লিখিত সংবাদ দিতে হইবে।

আমরা বিশেষ আপীল করিবার নূতন এক হেতু যোগ করিয়াছি, অর্থাৎ ব্যবস্থা কিম্বা ব্যবস্থার ব[illegible]-

issue of law or usage having the force of law, and error in the opinion given by the District Court on a question of religious law or established usage or custom.

The Advocate's certificate endorsed on the application for a special appeal or for a review of judgment will be required to specify by their numbers which of the grounds he considers well founded and sufficient.

We have given the High Court power to call for the record of any case decided by a Court of Small Causes, or, on appeal by any subordinate Court, in which no appeal shall lie to the High Court, in such Small Cause Court, or such subordinate Court, on hearing the appeal, shall appear to have exercised a jurisdiction not vested in it by law.

We have omitted the Section empowering the Courts to return the stamp duty paid on an application for review.

In the Chapter on High Courts we have omitted the provision contained in Section 629 as to suits against the representative of a deceased person on a cause of action which accrued against the deceased in his life-time. We have also omitted Section 632 as unnecessary.

In a Division Court, if the Judges shall be equally divided, the opinion of the Senior Judge will prevail.

We have extended the power of reference given by Section 640, so as to enable the matter to be investigated by the Registrar or other proper Officer of the High Court, and we have declared that any act not of a judicial nature which the Code requires to be done by a Judge, may be done by the Registrar or such other Officer as the Court may direct.

We have declared that in suits coming before the High Courts in the exercise of their ordinary Original jurisdiction Attornies may obtain and serve Summonses.

We have provided that nothing in the eighth Section shall debar High Court or any Judge of the High Court from rescinding or modyfying any interlocutory order passed by it or him in the course of a suit.

We have, for reasons already given, exempted the High Court from the operation of Sections 26, 27, 28, 29 and 34.

Lastly, we have empowered the Governor General in Council to invest the chief Executive Officer of any part of British India under the immediate

বিশিষ্ট কোন দেশাচার বিষয়ক ইস্যুর নিষ্পত্তি নিম্নতর আদালতের দ্বারা না হইলে কিম্বা ধর্ম্ম সম্বন্ধীয় ব্যবস্থা কি চলিত দেশাচার কি রীতিবিষয়ক প্রশ্নে জিলার আদালত যে মত দেন, তাহাতে ভুল থাকিলে বিশেষ আপীল হইতে পারিবে।

বিশেষ আপীল কি বিচারের পুনরালোচনার জন্যে প্রার্থনা করা গেলে আড্‌বোকেট তাহার যেং হেতু প্রকৃত ও পর্য্যাপ্ত জ্ঞান করেন, তাহা প্রার্থনাপত্রের পৃষ্ঠে আপনার লিখিতব্য সর্টিফিকেটে জানাইয়া প্রত্যেক হেতুর নম্বর লিখিয়া দিবেন।

ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালত কিম্বা আপীল শ্রবণ কালে নিম্নতর শ্রেণীর কোন আদালত ব্যবস্থানুসারে যে বিচারাধিপত্য প্রাপ্ত নন এমত বিচারাধিপত্য প্রয়োগ করিয়াছেন, ইহা যদি প্রতীয়মান হয়, তবে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নিষ্পন্ন, কিম্বা যে স্থলে হাই কোর্টে আপীল নাই এমত স্থলের আপীলক্রমে নিম্নতর কোন আদালতের নিষ্পন্ন মোকদ্দমার কাগজপত্র তলব করিবার ক্ষমতা আমরা হাই কোর্টকে দিয়াছি।

পুনরালোচনার জন্য প্রার্থনা করণক্রমে যে ইষ্টাম্প মাসুল দেওয়া গিয়াছিল, তাহা ফিরিয়া দিবার ক্ষমতা যে ধারাতে আদালতকে দত্ত হইয়াছিল তাহা আমরা ছাড়িয়াছি।

হাই কোর্টবিষয়ক অধ্যায়ে আমরা ৬২৯ ধারার এক বিধান অর্থাৎ কোন মৃত ব্যক্তির জীবনকালে উৎপন্ন বিবাদের হেতু বিষয়ক মোকদ্দমা সেই মৃত ব্যক্তির প্রতিনিধির বিপক্ষে উপস্থিত করিবার বিধান ছাড়িয়াছি। এবং অনাবশ্যক বলিয়া ৬৩২ ধারাও ছাড়িয়াছি।

এলাকার আদালতে যত জন জজের এক প্রকার মত তত জন জজের অন্য প্রকার মত যদি হয়, তবে যিনি নিয়োগের কাল ধরিয়া প্রধান জজ হন তাঁহার মত প্রবল হইবে।

৬৪০ ধারাতে বিচার সমর্পণ করিবার যে ক্ষমতা দত্ত হয়, আমরা তাহার বলবত্তা বাড়াইয়া হাই কোর্টের রেজিষ্ট্রার কি অন্য উপযুক্ত কার্য্যকারকদ্বারা বিষয়ের অনুসন্ধান হইবার উপায় করিয়াছি, এবং এই নিয়মও করিয়াছি যে বিচারকার্য্য ভিন্ন অন্য যে কোন কার্য্য আইনের আদেশানুসারে জজ সাহেবের করা উচিত, তাহা রেজিষ্ট্রারের দ্বারা কি আদালতের নির্দ্দিষ্ট অন্য কার্য্যকারকের দ্বারা হইতে পারিবে।

হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীয় বিচারাধিপত্যের প্রয়োগক্রমে যে মোকদ্দমা তাঁহার সম্মুখে উপস্থিত হয়, এমত মোকদ্দমাক্রমে টর্ণিরা সমন পাইতে ও সমর্পণ করিতে পারিবেন, এমত আদেশ করিয়াছি।

হাই কোর্ট কি তৎসংক্রান্ত কোন জজ কোন মোকদ্দমাক্রমে কিয়ৎকালার্থ যে আজ্ঞা জারী করেন তাহা রহিত কি অন্যথা করিবার বাধা তাঁহার পক্ষে অষ্টম ধারার কোন কথাতে জন্মিবে না, এমত বিধান আমরা করিয়াছি।

পূর্ব্বোল্লিখিত কারণ বশতঃ আমরা ২৬ ও ২৭ ও ২৮ ও ২৯ ও ৩৪ ধারার প্রবলতাহইতে হাই কোর্টকে মুক্ত করিয়াছি।

উপসংহারকালে ইহা বলিতে হয় যে এই আইনে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে ক্ষমতা বর্ত্তে, তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের অব্যবহিত কর্ত্তৃত্বাধীন ভার

administration of the Government of India, with the powers vested by the Code in a Local Government.

We recommend that this Report and the Bill as amended be published in the Official Gazette.

H. B. HARINGTON.
H. L. ANDERSON.
J. N. BULLEN.
G. N. TAYLOR.
RAJA SAHIB DYAL BAHADUR.
W. MUIR.
R. N. CUST.

7th 10th April 1865.

From Chief Secy. to Govt., Fort St. George, No. 904, dated 10th June 1863.
From Registrar, High Court, Madras, No. 14, dated 16th January 1863.
Remarks of Sir Colley Harman Scotland, Chief Justice.
From Secy. to Chief Commr., Oude, No. 2775, dated 4th December 1863.
Observations by Sir Colley Harman Scotland and Sir Adam Bittleston.
Minute by Mr. Justice Norman, Officiating Chief Justice.
From Secy. to Chief Commr., Central Provinces, No. 3754, dated 9th August 1864.
From Judicial Commr., Central Provinces, No. 2030, dated 29th July 1864.
From Secy. to Govt. of India, Foreign Dept., No. 282, dated 5th September 1864.
From R. G. Keene, Esq., No. 41, dated 3rd September 1864.
From Ditto Ditto, No. 42, dated 3rd September 1864.
Remarks by J. W. Mirfield, Esq., Solicitor, Calcutta, dated 21st October 1864.
Constructions of the late Sudder Court and Appellate branch of the High Court, Madras, from the date on which the Code came into operation to the 31st December 1862.
Supplemental statement of decisions of the High Court at Madras, Original side, from the 16th August to the 31st December 1862.
Rulings of the High Court, Madras, both in its Original and Appellate jurisdiction, during the year 1863.
Rulings of the Sadr Diwáni Adálat, N. W. P., from the passing of the Act to the close of the year 1862.

বর্ষের কোন অংশের রাজকার্য্যনির্ব্বাহক প্রধান কার্য্যকারকে দিবার অধিকার বর্ত্তিসভাধিপতি শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে দিয়াছি।

আমারদের প্রস্তাব এই যে এই রিপোর্ট আর যথা এই সংশোধিত বিল রাজকীয় গেজেটে প্রকাশিত হয়।

এচ বি হারিংটন।
এচ এল আণ্ডরসন।
জে এন বুলেন।
জি এন টেলর।
রাজা সাহেব দয়াল বাহাদুর।
ডবলিউ মিউর।
আর এন কষ্ট।

১৮৬৫ সাল ১০ আপ্রিল।

মান্দ্রাজের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটারী সাহেবের ১৮৬৩ সালের ১০ জুন তারিখের ৯০৪ নং পত্র।
মান্দ্রাজের হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের ১৮৬৩ সালের ১৬ জানুআরি তারিখের ১৪ নং পত্র।
চিফ জুষ্টিস শ্রীযুত সর্ কলী হারমান স্কটলণ্ড সাহেবের মন্তব্য কথা।
অযোধ্যার চিফ কমিস্যনর সাহেবের সেক্রেটারী সাহেবের ১৮৬৩ সালের ৪ ডিসেম্বর তারিখের ২৭৭৫ নং পত্র।
শ্রীযুত সর্ কলী হারমান স্কটলণ্ড ও সর্ আদম বিটলষ্টন সাহেবের মন্তব্য।
একটিং চিফ জুষ্টিস শ্রীযুত জুষ্টিস নরমান সাহেবের মন্তব্য।
মধ্য প্রদেশের চিফ কমিস্যনর সাহেবের সেক্রেটারী সাহেবের ১৮৬৪ সালের ৯ আগষ্ট তারিখের ৩৭৫৪ নং পত্র।
মধ্য প্রদেশের জুডিসিয়ল কমিস্যনর সাহেবের ১৮৬৪ সালের ২৯ জুলাই তারিখের ২০৩০ নং পত্র।
ফরেন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৪ সালের ৫ ডিসেম্বর তারিখের ২৮২ নং পত্র।
শ্রীযুত আর জি কীন সাহেবের ১৮৬৪ সালের সেপ্টেম্বর তারিখের ৪১ নং পত্র।
ঐ ঐ ঐ ঐ তারিখের ৪২ নং পত্র।
কলিকাতাস্থ সলিসিটর শ্রীযুত জে ডবলিউ মার্ফিল্ড সাহেবের ১৮৬৪ সালের ২১ অক্টোবর তারিখের মন্তব্য কথা।
যে তারিখে এই আইন চলিত হইয়াছে তদবধি ১৮৬২ সালের ৩১ ডিসেম্বর পর্য্যন্ত মান্দ্রাজের পূর্ব্বতন সদর আদালত ও হাই কোর্টের আপীলী ব্রাঞ্চের কনষ্ট্রক্সন সকল।
মান্দ্রাজের হাই কোর্টের সরেজমিন পক্ষীয় ১৮৬২ সালের ১৬ আগষ্ট অবধি ৩১ ডিসেম্বর পর্য্যন্ত নিষ্পত্তির ক্রোড়পত্র সম্বন্ধীয় কৈফিয়ৎ।
মান্দ্রাজ হাই কোর্টের সরেজমিন ও আপীলী উভয় এলাকার ১৮৬৩ সালের বিচারাজ্ঞা সমূহ।
এই আইন জারী হওনাবধি ১৮৬২ সালের শেষপর্য্যন্ত উত্তর পশ্চিম প্রদেশের সদর দেওয়ানী আদালতের বিচারাজ্ঞা সমূহ।

Rulings of the Sadr Díwání Adálat, N. W. P., from the passing of the Act VIII. of 1859 to the end of the year 1862.
১৮৫৯ সালের ৮ আইন বিধিবদ্ধ হওনাবধি ১৮৬২ সালের শেষপর্য্যন্ত ঐ প্রদেশের ঐ আদালতের বিচারাজ্ঞা সমূহ।

Rulings of ditto ditto in cases in which there was a difference of opinion among the Judges of the Court.
আদালতের জজ সাহেবদিগের মতের ভিন্নতা হওন স্থলে ঐ প্রদেশের ঐ আদালতের বিচারাজ্ঞা সমূহ।

Rulings of ditto ditto consequent on doubts in regard to the construction of particular Sections entertained by subordinate Courts.
ধারা বিশেষের অর্থ করণোপলক্ষে অধীন আদালতের সন্দেহ ক্রমে ঐ প্রদেশের ঐ আদালতের বিচারাজ্ঞা সমূহ।

Rulings of the Court of Nizámat Adálat, N. W. P., in cases in which the construction put by the lower Court on any point is set aside by the Sadr Court.
যে স্থলে অধঃস্থ আদালত কোন বিষয়ের অর্থ করিবার পর সদর আদালত তাহা রহিত করিয়াছেন এমত স্থলে উত্তর পশ্চিম প্রদেশের নিজামৎ আদালতের বিচারাজ্ঞা সমূহ।

Rulings of the Court of Sadr Díwání Adálat, N. W. P., during the months of July to December 1863.
১৮৬৩ সালের জুলাই অবধি ডিসেম্বর মাসপর্য্যন্ত উত্তর পশ্চিম প্রদেশের সদর দেওয়ানী আদালতের বিচারাজ্ঞা সমূহ।

Rulings of ditto ditto during the second-half of 1863.
ঐ প্রদেশের ঐ কোর্টের ১৮৬৩ সালের শেষ ষণ্মাসের বিচারাজ্ঞা সমূহ।

Rulings of ditto ditto in cases in which there was a difference of opinion among the Judges of the Court on points of construction.
আইনের অর্থ করণ বিষয়ে ঐ আদালতের জজ সাহেবদিগের মধ্যে মতের ভিন্নতা হওন স্থলে ঐ প্রদেশের ঐ আদালতের বিচারাজ্ঞা সমূহ।

Minute by Mr. Justice Seton-Karr, dated 24th August 1864.
শ্রীযুত যুষ্টিস সিটন-কার সাহেবের ১৮৬৪ সালের ২৪ আগষ্ট তারিখের মন্তব্য।

Minute by Mr. Justice Campbell, dated 10th September 1864.
শ্রীযুত যুষ্টিস কাম্বেল সাহেবের ১৮৬৪ সালের ১০ সেপ্টেম্বর তারিখের মন্তব্য।

Extract paragraphs 13 to 27 from the Annual Report of the Civil Judge of Lucknow for the year 1861.
লক্ষ্মণৌর সিবিল জজের ১৮৬১ সালের বার্ষিক রিপোর্ট ১৩ অবধি ২৭ দফাহইতে উদ্ধৃত।

Rules for trial by Jury in the City of Lucknow.
লক্ষ্মণৌ নগরে জুরীদ্বারা বিচারের নিয়ম।

From Judicial Commr., Oude, No. 96, dated 5th July 1861.
অযোধ্যার জুডিসিয়ল কমিস্যনরের ১৮৬১ সালের ৫ জুলাই তারিখের ৯৬ নং পত্র।

From ditto ditto, Oude, No. 121, dated 14th February 1861.
অযোধ্যার জুডিসিয়ল কমিস্যনরের ১৮৬১ সালের ১৪ ফেব্রুআরি তারিখের ১২১ নং পত্র।

From Civil Judge of Lucknow, No. 87, dated 21st March 1861.
লক্ষ্মণৌর সিবিল জজ সাহেবের ১৮৬১ সালের ২১ মার্চ তারিখের ৮৭ নং পত্র।

From Judicial Commissioner, Oude, No. 294, dated 23rd April 1861.
অযোধ্যার যুডিসিয়ল কমিস্যনর সাহেবের ১৮৬১ সালের ২৩ আপ্রিল তারিখের ২৯৪ নং পত্র।

Extract from the Report on the administration of justice in Oude in 1861.
অযোধ্যার সন ১৮৬১ সালের বিচারকার্য্য নির্ব্বাহের রিপোর্টের সারাংশ।

Minute by Mr. Justice Levinge, dated 21st September 1864.
শ্রীযুত জুষ্টিস লিভিঞ্জ সাহেবের ১৮৬৪ সালের ২১ সেপ্টেম্বর তারিখের মন্তব্য।

Memorandum by Mr. Justice Glover, dated 15th August 1864.
শ্রীযুত জুষ্টিস গ্লোভর সাহেবের ১৮৬৪ সালের ১৫ আগষ্ট তারিখের স্মারক লিপি।

From Officiating Under-Secy. to Govt., N. W. P., No. 197A, dated 26th June 1863.
উত্তর পশ্চিম প্রদেশের গবর্ণমেন্টের একটিং অণ্ডর-সেক্রেটারী সাহেবের ১৮৬৩ সালের ২৬ জুন তারিখের ১৯৭A নং পত্র।

From Registrar, Sadr Court, N. W. P., No. 947 A., dated 31st May 1863.
উত্তর পশ্চিম প্রদেশের সদর আদালতের রেজিষ্টরের ১৮৬৩ সালের ৩১ মে তারিখের ৯৪৭A নং পত্র।

From Officiating Secy. to Chief Commr., Oude, No. 2721, dated 27th October 1864.
অযোধ্যার চিফ কমিস্যনরের একটিং সেক্রেটারীর ১৮৬৪ সালের ২৭ অক্টোবর তারিখর ২৭২১ নং পত্র।

From Settlement Commr., Oude, No. 3789, dated 11th August 1864.
অযোধ্যার বন্দোবস্তী কমিস্যনরের ১৮৬৪ সালের ১১ আগষ্ট তারিখের ৩৭৮৯ নং পত্র।

Memorandum by the Supt. of Excise and Stamps, Oude, on Sections 193 to 196, dated 15th August 1864.
অযোধ্যার আবকারী ও ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টের ১৯৩ অবধি ১৯৬ ধারার উপর ১৮৬৪ সালের ১৫ আগষ্ট তারিখের স্মারক লিপি।

From Officiating Judicial Commr., Oude, No. 516, dated 21st October 1864.
অযোধ্যার একটিং জুডিসিয়ল কমিস্যনরের ১৮৬৪ সালের ২১ অক্টোবর তারিখের ৫১৬ নং পত্র।

Minute by the Assistant Civil Judge, Lucknow, dated 11th October 1864.	লক্ষ্মণৌর সহকারী সিবিল জজের ১৮৬৪ সালের ১১ অক্টোবর তারিখের মন্তব্য।
Memorandum by Extra Assistant Commr., Oude, dated 22nd July 1864.	অযোধ্যার অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনরের ১৮৬৪ সালের ২২ জুলাই তারিখের স্মারক লিপি.
From Officiating Deputy Commr., Fyzabad Division, No. 280, dated 29th July 1864.	ফয়জাবাদ বিভাগের একটিং ডেপুটী কমিস্যনরের ১৮৬৪ সালের ২৯ জুলাই তারিখের ২৮০ নং পত্র।
Memorandum by W. Oldham, Esq., Officiating Deputy Commr., Fyzabad, dated 12th August 1864.	ফয়জাবাদের একটিং ডেপুটী কমিস্যনর শ্রীযুত ডবলিউ ওল্ডহাম সাহেবের ১৮৬৪ সালের ১২ আগষ্ট তারিখের স্মারক লিপি।
Report by Lieut. A. H. Eckford, Assistant Commr., dated 30th August 1864.	সহকারী কমিস্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত এ এচ একফোর্ড সাহেবের ১৮৬৪ সালের ৩০ আগষ্ট তারিখের রিপোর্ট।
Notes by E. G. Fraser, Esq., Civil Judge of Lucknow, dated 23rd September 1864.	লক্ষ্মণৌর সিবিল জজ শ্রীযুত ই জি ফ্রেজর সাহেবের ১৮৬৪ সালের ২৩ সেপ্টেম্বর তারিখের টীকা।
Minute by Mr. Justice Bayley, dated 1st November 1864.	শ্রীযুত জুষ্টিস বেলি সাহেবের ১৮৬৪ সালের ১ নবেম্বর তারিখের মন্তব্য।
Note by Mr. Justice Phear,	শ্রীযুত জুষ্টিস ফিয়ার সাহেবের মন্তব্য।
Remarks and suggestions of the Sadr Court, N. W. P., dated 15th November 1864.	উত্তর পশ্চিম প্রদেশের সদর আদালতের ১৮৬৪ সালের ১৫ নবেম্বর তারিখের মন্তব্য ও প্রস্তাব।
Additional supplemental Note by Mr. Justice Levinge, dated 19th November 1864.	শ্রীযুত জুষ্টিস লিভিঞ্জ সাহেবের ১৮৬৪ সালের ১৯ নবেম্বর তারিখের অতিরিক্ত মন্তব্য সম্বলিত ক্রোড়পত্র।
Additional Note by Mr. Justice Levinge, dated 6th December.	ঐ ঐ ১৮৬৪ সালের ৬ ডিসেম্বর তারিখের অতিরিক্ত মন্তব্য।
From Commr. of Lucknow, No. 1167, dated 26th October 1864.	লক্ষ্মণৌর কমিস্যনরের ১৮৬৪ সালের ২৬ অক্টোবর তারিখের ১১৬৭ নং পত্র।
Memorandum by Officiating Deputy Commr., Lucknow, No. 515, dated 27th October 1864.	লক্ষ্মণৌর একটিং ডেপুটী কমিস্যনরের ১৮৬৪ সালের ২৭ অক্টোবর তারিখের ৫১৫ নং স্মারক লিপি।
Notes by F. L. Beaufort, Esq., Judge of the 24-Pergunnahs, dated 22nd November 1864.	২৪ পরগনার জজ শ্রীযুত এফ এল বোফর্ট সাহেবের ১৮৬৪ সালের ২২ নবেম্বর তারিখের টীকা।
Notes by Principal Sadr Amín, 24-Pergunnahs.	২৪ পরগনার প্রধান সদর আমীনের টীকা।
Remarks by Officiating Deputy Commr. of Durreabad, dated 20th November 1864.	দরিয়াবাদের একটিং ডেপুটী কমিস্যনরের ১৮৬৪ সালের ২০ নবেম্বর তারিখের মন্তব্য কথা।
Extract of letter from Commr., Khyrabad Division, No. 185, dated 21st November 1864.	খৈরাবাদ বিভাগের কমিস্যনরের ১৮৬৪ সালের ২১ নবেম্বর তারিখের ১৮৫ নং পত্রের সারাংশ।
Notes by Settlement Officer, Durreabad, dated 22nd November 1864.	দরিয়াবাদের বন্দোবস্তের কার্য্যকারকের ১৮৬৪ সালের ২২ নবেম্বর তারিখের টীকা।
Memorandum by Extra Assistant Commr., Oude, dated 28th November 1864.	অযোধ্যার অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনরের ১৮৬৪ সালের ২৮ নবেম্বর তারিখের স্মারক লিপি।
... remarks by Vishvanath Narayan Mandlik, Pleader, High Court, Bombay, dated 13th October 1864.	বোম্বাইস্থ হাই কোর্টের উকীল বিশ্বনাথ নারায়ণ মাণ্ডলিকের ১৮৬৪ সালের ১৩ অক্টোবর তারিখের সংক্ষেপ মন্তব্য কথা।
From Judge of Tippearah, No. 380, dated 10th November 1864.	ত্রিপুরার জজ সাহেবের ১৮৬৪ সালের ১০ নবেম্বর তারিখের ৩৮০ নং পত্র।
From 1st Principal Sadr Amín, 24-Pergunnahs, dated 17th October 1864.	২৪ পরগনার প্রথম প্রধান সদর আমীনের ১৮৬৪ সালের ১৭ অক্টোবর তারিখের পত্র।
From Principal Sadr Amín, Burdwan, dated 10th November 1864.	বর্দ্ধমানের প্রধান সদর আমীনের ১৮৬৪ সালের ১০ নবেম্বর তারিখের পত্র।
From Principal Sadr Amín, Behar, dated 11th November 1864.	বেহারের প্রধান সদর আমীনের ১৮৬৭ সালের ১১ নবেম্বর তারিখের পত্র।
From Sadr Amín of Moorshedabad, dated 27th October 1864.	মুরশিদাবাদের প্রধান সদর আমীনের ১৮৬৪ সালের ২৭ অক্টোবর তারিখের পত্র।
... Judge of the Small Cause Court, Hooghly, No. 28, dated 29th October 1864.	হুগলীর ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ১৮৬৪ সালের ২৯ অক্টোবর তারিখের ২৮ নং পত্র।
... Principal Sadr Amín, Chittagong, dated 17th November 1864.	চট্টগ্রামের প্রধান সদর আমীনের ১৮৬৪ সালের ১৭ নবেম্বর তারিখের পত্র।

From Officiating Judge of Bhaugulpore, No. 255, dated 16th November 1864.
ভাগলপুরের একটিং জজের ১৮৬৪ সালের ১৬ নবেম্বর তারিখের ২৫৫ নং পত্র।

From Sadr Amín of Bhaugulpore, dated 16th November 1864.
ভাগলপুরের সদর আমীনের ১৮৬৪ সালের ১৬ নবেম্বর তারিখের পত্র।

From Secretary to Govt., N. W. P., No. 268 A., dated 5th December 1864.
উত্তর পশ্চিম প্রদেশের গবর্ণমেন্টের সেক্রেটারীর ১৮৬৪ সালের ৫ ডিসেম্বর তারিখের ২৬৮ A নং পত্র।

From Registrar, Sudder Díwání Adálat, N. W. P., No. 2057, dated 15th November 1864.
উত্তর পশ্চিম প্রদেশের সদর দেওয়ানী আদালতের রেজিষ্টরের ১৮৬৪ সালের ১৫ নবেম্বর তারিখের ২০৫৭ নং পত্র।

Abstract of replies to N. W. P. Court's Circular letter No. 15, dated 28th July 1864.
উত্তর পশ্চিম প্রদেশের আদালত সকলের ১৮৬৪ সালের ২৮ জুলাই তারিখের ১৫ নং সরকুলার পত্রের প্রত্যুত্তরের সার।

Remarks by the Chief Commissioner, British Burmah, dated 3rd December 1864.
ব্রিটনীয় ব্রহ্মদেশের চিফ কমিস্যনেরের ১৮৬৪ সালের ৩ ডিসেম্বর তারিখের মন্তব্য কথা।

From Chief Commissioner, British Burmah, dated 6th December 1864.
ব্রিটনীয় ব্রহ্মদেশের চিফ কমিস্যনরের ১৮৬৪ সালের ৬ ডিসেম্বর তারিখের পত্র।

From Commissioner, Tenasserim Division, No. 689, dated 3rd December 1864.
টেনাসেরিম বিভাগের কমিস্যনরের ১৮৬৪ সালের ৩ ডিসেম্বর তারিখের ৬৮৯ নং পত্র।

From Assistant Commissioner, Moulmein, dated 28th July 1864.
মৌলমিনের সহকারী কমিস্যনরের ১৮৬৪ সালের ২৮ জুলাই তারিখের পত্র।

From Assistant Commissioner, Konkara Sub-Division, dated 16th August 1864.
কঙ্কারা সব-ডিবিজনের সহকারী কমিস্যনরের ১৮৬৪ সালের ১৬ আগষ্ট তারিখের পত্র।

Comments by the Deputy Commissioner of Tavoy, dated 27th August 1864.
টাভয়ের ডেপুটী কমিস্যনরের ১৮৬৪ সালের ২৭ আগষ্ট তারিখের টীকা।

Remarks and suggestions by the Deputy Commissioner of Mergui, dated 22nd October 1864.
মরগুইর ডেপুটী কমিস্যনরের ১৮৬৪ সালের ২২ অক্টোবর তারিখের মন্তব্য ও প্রস্তাব।

From Secretary to Govt., Punjab, No. 986, dated 5th December 1864.
পঞ্জাব গবর্ণমেন্টের সেক্রেটারীর ১৮৬৪ সালের ডিসেম্বর তারিখের ৯৮৬ নং পত্র।

Opinion of the Munsif of Syedpoor, Zillah Ghazepoor.
জিলা গাজিপুরের অন্তর্গত সায়েদপুরের মুনসেফে অভিমত।

From Munsif of Moteeharee, dated 28th November 1864.
মতিহারীর মুনসেফের ১৮৬৪ সালের ২৮ নবেম্বর তারিখের পত্র।

From Munsif of Kishengunge, dated 29th November 1864.
কৃষ্ণগঞ্জের মুনসেফের ১৮৬৪ সালের ২৯ নবেম্বর তারিখের পত্র।

From Judicial Commr., Chota Nagpore, No. 41, dated 29th November 1864.
ছোট নাগপুরের জুডিসিয়ল কমিস্যনরের ১৮৬৪ সালের ২৯ নবেম্বর তারিখের ৪১ নং পত্র।

From Sadr Amín of Midnapore, dated 1st December 1864.
মেদিনীপুরের সদর আমীনের ১৮৬৪ সালের ১ ডিসেম্বর তারিখের পত্র।

From Pundit Sri Kishen Munserim, Roy Bareilly.
রায় বেরেলীর মুনসরিম পণ্ডিত শ্রীকৃষ্ণের পত্র।

From Assistant Commr., Roy Bareilly, dated 25th August 1864.
রায় বেরেলীর সহকারী কমিস্যনরের ১৮৬৪ সালের ২৫ আগষ্ট তারিখের পত্র।

Remarks by Officiating Deputy Commr., Roy Bareilly, dated 8th December 1864.
রায় বেরেলীর একটিং ডেপুটী কমিস্যনরের ১৮৬৪ সালের ৮ ডিসেম্বর তারিখের মন্তব্য কথা।

Opinion of the Advocate-General, Madras.
মান্দ্রাজের আডবোকেট জেনরলের অভিমত।

From Secy. to Govt. of Punjab and its Dependencies, No. 980, dated 5th December 1864.
পঞ্জাব ও তাহার অধীনস্থ দেশের গবর্ণমেন্টের সেক্রেটারীর ১৮৬৪ সালের ৫ ডিসেম্বর তারিখের নং পত্র।

General remarks by P. S. Melvill, Esq., Commr. of Umritsur.
অমৃত সরসে কমিস্যনর শ্রীযুক্ত পি এস মেল সাহেবের সাধারণ মন্তব্য কথা।

General remarks by Colonel Lake, Commr., Jullunder.
জলন্দরের কমিস্যনর কর্ণেল লেক সাহেবের সা মন্তব্য কথা।

From Secretary to Board of Revenue, No. 5669, dated 1st September 1864.
রেবিনিউ বোর্ডের সেক্রেটারীর ১৮৬৪ সালের সেপ্টেম্বর তারিখের ৫৬৬৯ নং পত্র।

From Acting Registrar, High Court, No. 66, dated 15th November 1864.
হাই কোর্টের একটিং রেজিষ্ট্রারের ১৮৬৪ সালের নবেম্বর তারিখের ৬৬ নং পত্র।

English	Bengali
Further Observations in addition to those of the Chief Justice, Madras, and Sir Adam Bittleston, previously forwarded.	মান্দ্রাজের চিফ জুষ্টিসের ও সর আডম বিটলষ্টন সাহেবের পূর্ব্বপ্রেরিত টীকা ব্যতীত আরং টীকা।
From Acting Civil Judge of Madura, No. 206, dated 29th July 1864.	মাতুরার একটিং সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ২৯ জুলাই তারিখের ২০৬ নং পত্র।
From Judge of the Court of Small Causes, Negapatam, No. 139, dated 2nd August 1864.	নিগাপট্টমের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ সাহেবের ১৮৬৪ সালের ২ আগষ্ট তারিখের ১৩৯ নং পত্র।
From Civil Judge of Ootacamund, No. 154, dated 13th August 1864.	উটকামুণ্ডের সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ১৩ আগষ্ট তারিখের ১৫৪ নং পত্র।
From Judge of the Court of Small Causes, Madura, No. 59, dated 3rd September 1864.	মাতুরার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ সাহেবের ১৮৬৪ সালের ৩ সেপ্টেম্বর তারিখের ৫৯ নং পত্র।
From Acting Judge of the Small Cause Court of Tanjore, No. 214, dated 22nd September 1864.	টানজোরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের একটিং জজ সাহেবের ১৮৬৪ সালের ২২ সেপ্টেম্বর তারিখের ২১৪ নং পত্র।
From Civil Judge, Salem, No. 13, dated 29th September 1864.	সালেমের সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ২৯ সেপ্টেম্বর তারিখের ১৩ নং পত্র।
Remarks and suggestions of the District Munsif of Tripatúr.	ত্রিপাতুরের জিলা মুনসেফের মন্তব্য কথা ও প্রস্তাব।
From Civil Judge, Calicut, No. 402, dated 11th November 1864.	কালিকটের সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ১১ নবেম্বর তারিখের ৪০২ নং পত্র।
Remarks and suggestions of Principal Sadr Amín of Calicut.	কালিকটের প্রধান সদর আমীনের মন্তব্য কথা ও প্রস্তাব।
From Civil Judge of Tanjore, No. 1144, dated 12th November 1864.	টানজোরের সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ১২ নবেম্বর তারিখের ১১৪৪ নং পত্র।
Remarks by the Judge of Tanjore.	টানজোরের জজের মন্তব্য কথা।
Remarks and suggestions of the Principal Sadr Amín of Tanjore, dated 10th September 1864.	টানজোরের প্রধান সদর আমীনের ১৮৬৪ সালের ১০ সেপ্টেম্বর তারিখের মন্তব্য কথা ও প্রস্তাব।
Notes by the Officiating Additional Principal Sadr Amín, Tanjore, dated 20th September 1864.	টানজোরের একটিং অতিরিক্ত প্রধান সদর আমীনের ১৮৬৪ সালের ২০ সেপ্টেম্বরের পত্র।
From District Munsif of Munargudi, No. 107, dated 14th September 1864.	মুনারগুদীর জিলার মুনসেফের ১৮৬৪ সালের ১৪ সেপ্টেম্বর তারিখের ১০৭ নং পত্র।
From Civil Judge of Nellore, No. 61, dated 14th November 1864.	নেলোরের সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ১৪ নবেম্বর তারিখের ৬১ নং পত্র।
From Acting Principal Sadr Amín of Salem, No. 27, dated 19th November 1864.	সালেমের একটিং প্রধান সদর আমীনের ১৮৬৪ সালের ১৯ নবেম্বর তারিখের ২৭ নং পত্র।
From Acting Civil Judge of Rajahmundry, No. 357, dated 18th November 1864.	রাজমাহেন্দ্রীর একটিং সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ১৮ নবেম্বর তারিখের ৩৫৭ নং পত্র।
Remarks by Acting Civil Judge of Rajahmundry, dated 18th November 1864.	রাজমাহেন্দ্রীর একটিং সিবিল জজের ১৮৬৪ সালের ১৮ নবেম্বরের মন্তব্য কথা।
From Civil and Sessions Judge of Mangalore, No. M. D., dated 22nd November 1864.	মাঙ্গালুরের সিবিল ও সেশন জজ সাহেবের ১৮৬৪ সালের ২২ নবেম্বর তারিখের M. D. নং পত্র।
Memorandum by District Munsif of Teekally, Ganjam, dated November 1864.	গাঞ্জামের অন্তঃপাতি টিকলী জিলার মুনসেফের ১৮৬৪ সালের নবেম্বর মাসের স্মারক লিপি।
Memorandum by District Munsif of Aska, dated 18th October 1864.	আস্কা জিলার মুনসেফের ১৮৬৪ সালের ১৮ অক্টোবর তারিখের স্মারক লিপি।
From Acting Civil Judge, Chicacole, No. 453, dated 24th November 1864.	চিকাকোলের একটিং সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ২৪ নবেম্বর তারিখের ৪৫৩ নং পত্র।
Opinion of District Munsif of Berhampur, dated 21st November 1864.	বহরমপুর জিলার মুনসেফের ১৮৬৪ সালের ২১ নবেম্বর তারিখের মত।
From Judge of the Court of Small Causes, Masulipatam, No. 339, dated 29th November 1864.	মছলীপত্তনের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ১৮৬৪ সালের ২৯ নবেম্বর তারিখের ৩৩৯ নং পত্র।
From Civil Judge of Chingleput, No. 172, dated 30th November 1864.	চিঙ্গলপটের সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ৩০ নবেম্বর তারিখের ১৭২ নং পত্র।

From District Munsif of Canchi, dated 11th November 1864.	কঞ্চি জিলার মুনসেফের ১৮৬৪ সালের ১১ নবেম্বর তারিখের পত্র।
Observations of the District Munsif of Tripasoor, dated 8th November 1864.	ত্রিপাসুর জিলার মুনসেফের ১৮৬৪ সালের ৮ নবেম্বর তারিখের টীকা।
From Acting Civil Judge of Chicacole, No. 473, dated 6th December 1864.	চিকাকোলের একটিং সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ৬ ডিসেম্বর তারিখের ৪৭৩ নং পত্র।
Opinion of the District Munsif of Chicacole, dated 5th December 1864.	চিকাকোল জিলার মুনসেফের ১৮৬৪ সালের ৫ ডিসেম্বর তারিখের মত।
Additional Memorandum by the Munsif of Buxar, dated 7th November 1864.	বক্সরের মুনসেফের ১৮৬৪ সালের ৭ নবেম্বর তারিখের অতিরিক্ত স্মারক লিপি।
From Principal Sadr Amín of Bhaugulpoor, No. 28, dated 14th December 1864.	ভাগলপুরের প্রধান সদর আমীনের ১৮৬৪ সালের ১৪ ডিসেম্বর তারিখের ২৮ নং পত্র।
From Registrar, High Court, No. 3606, dated 21st December 1864.	হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের ১৮৬৪ সালের ২১ ডিসেম্বর তারিখের ৩৬০৬ নং পত্র।
Minute by Mr. Justice Norman.	শ্রীযুত জষ্টিস নরমান সাহেবের মন্তব্য।
Resolution of the High Court, Calcutta, dated 3rd December 1864.	কলিকাতাস্থ হাই কোর্টের ১৮৬৪ সালের ৩ ডিসেম্বর তারিখের নির্দ্ধারণ।
Minute by Mr. Justice Morgan, dated 2nd December 1864.	শ্রীযুত জষ্টিস মরগান সাহেবের ১৮৬৪ সালের ২ ডিসেম্বর তারিখের মন্তব্য।
From Deputy Commr., Mohumdee, No. 402, dated 19th December 1864.	মহমদীর ডেপুটী কমিসনর সাহেবের ১৮৬৪ সালের ১৯ ডিসেম্বর তারিখের ৪০২ নং পত্র।
From Sir Joseph Arnould, Judge of High Court, Bombay, No. 27, dated 13th August 1864.	বোম্বাইয়ের হাই কোর্টের জজ শ্রীযুত সর জোসেফ আরনল্ড সাহেবের ১৮৬৪ সালের ১৩ আগষ্ট তারিখের ২৭ নং পত্র।
From Mr. Justice Newton, High Court, Bombay, dated 13th December 1864.	বোম্বাইয়ের হাই কোর্টের শ্রীযুত জষ্টিস নিউটন সাহেবের ১৮৬৪ সালের ১৩ ডিসেম্বর তারিখের পত্র।
Memorandum by Commr. of Sind, dated 17th August 1864.	সিন্ধুর কমিসনর সাহেবের ১৮৬৪ সালের ১৭ আগষ্ট তারিখের স্মারক লিপি।
From Acting Judge, Canara, No 1123, dated 30th August 1864.	কানারার একটিং জজ সাহেবের ১৮৬৪ সালের ৩০ আগষ্ট তারিখের ১১২৩ নং পত্র।
From Principal Sadr Amín of Sircy, dated 22nd August 1864.	সরসির প্রধান সদর আমীনের ১৮৬৪ সালের ২২ আগষ্ট তারিখের পত্র।
From Munsif of Yellapoor, dated 17th August 1864.	ইয়েলাপুরের মুনসেফের ১৮৬৪ সালের ১৭ আগষ্ট তারিখের পত্র।
From Acting Judge, Sholapoor, No. 1807, dated 16th November 1864.	শোলাপুরের একটিং জজ সাহেবের ১৮৬৪ সালের ১৬ নবেম্বর তারিখের ১৩০৭ নং পত্র।
From Munsif of Sholapore, dated 6th September 1864.	শোলাপুরের মুনসেফের ১৮৬৪ সালের ৬ সেপ্টেম্বর তারিখের পত্র।
From Civil Judge, Vizagapatam, No. 337, dated 20th December 1864.	বিজাগাপট্টনের সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ২০ ডিসেম্বর তারিখের ৩৩৭ নং পত্র।
From Acting Judge of Chittor Court of Small Causes at Vellore, No. 223, dated 23rd December 1864.	বেলোরস্থ চিটুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের একটিং জজের ১৮৬৪ সালের ২৩ ডিসেম্বর তারিখের ২২৩ নং পত্র।
From Civil Judge of Vizagapatam, dated 26th December 1864.	বিজাগাপট্টনের সিবিল জজ সাহেবের ১৮৬৪ সালের ২৬ ডিসেম্বর তারিখের পত্র।
Remarks by District Munsif of Vizagapatam.	বিজাগাপট্টন জিলার মুনসেফের মন্তব্য কথা।
Report by the Judges of the High Court, Madras.	মান্দ্রাজস্থ হাই কোর্টের জজ সাহেবদিগের রিপোর্ট।
From Secy. to Govt., Punjab, No. 55, dated 11th January 1865.	পঞ্জাব গবর্ণমেণ্টের সেক্রেটারি সাহেবের ১৮৬৫ সালের ১১ জানুআরি তারিখের ৫৫ নং পত্র।
From Judicial Commr., Punjab, No. 373, dated 8th August 1863.	পঞ্জাবের জুডিসিয়ল কমিসনর সাহেবের ১৮৬৩ সালের ৮ আগষ্ট তারিখের ৩৭৩ নং পত্র।
Rulings of the Court of Sadr Díwáni Adálat, N. W. P., during the first six months of 1864.	উত্তর পশ্চিম প্রদেশের সদর দেওয়ানী আদালত কোর্টের ১৮৬৪ সালের প্রথম ষণ্মাসের বিচারাজ্ঞা-সমূহ।
Rulings of ditto ditto during the first six months of 1864.	ঐ ঐ ঐ ঐ ঐ

From Sadr Amin of 24-Pergunnahs, dated 5th December 1864.	২৪ পরগনার সদর আমীনের ১৮৬৪ সালের ৫ ডিসেম্বর তারিখের পত্র।
Remarks by Acting Civil Judge of Bellary, dated 27th January 1865.	বেলারির একটিং সিবিল জজের ১৮৬৫ সালের ২৭ জানুআরি তারিখের মন্তব্য কথা।
Remarks and suggestions by District Munsif of Purghee in the Zillah of Bellary, dated 11th August 1864.	বেলারি জিলার পরঘীর মুনসেফের ১৮৬৪ সালের ১১ আগষ্ট তারিখের মন্তব্য কথা ও প্রস্তাব।
Notes by District Munsif of Bimlipatam, dated 25th January 1865.	বিমলীপট্টম জিলার মুনসেফের ১৮৬৫ সালের ২৫ জানুআরি তারিখের টীকা।
From Under-Secy. to Govt., Bombay, No. 211, dated 26th January 1865.	বোম্বাইয়ের গবর্ণমেণ্টের অণ্ডর সেক্রেটারির ১৮৬৫ সালের ২৬ জানুআরি তারিখের ২১১ নং পত্র।
From Registrar, High Court, Bombay, No. 1350, dated 15th December 1864.	বোম্বাইয়ের হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের ১৮৬৪ সালের ১৫ ডিসেম্বর তারিখের ১৩৫০ নং পত্র।
From Judge of Dharwar, No. 1504, dated 3rd December 1864.	ধারওয়ারের জজ সাহেবের ১৮৬৪ সালের ৩ ডিসেম্বর তারিখের ১৫০৪ নং পত্র।

AMENDED BILL.

A Bill for consolidating and amending the Laws relating to the Procedure of the Courts of Civil Judicature in British India.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the laws relating to the Procedure of the Courts of Civil Judicature in British India; It is enacted as follows:—

CHAPTER I.

PRELIMINARY.

[Short title.]

I. This Act shall be cited as "The Code of Civil Procedure."

[Interpretation Clause.]

II. In this Code, unless there be something repugnant in the subject or context—

[Number.]

Words importing the singular number include the plural, and words importing the plural number include the singular.

[Gender.]

Words importing the masculine gender include females.

["Person."]

"Person" includes any Company or Association or body of persons, whether incorporated or not.

["Chapter" and "Section."]

"Chapter" and "Section" respectively mean a Chapter and Section of this Code.

["Law."]

"Law" means any law or rule having the force of law for the time being in operation.

["British India."]

"British India" denotes the Territories which are or may become vested in Her Majesty or her successors by the Statute 21 and 22 Vic., cap. 106, entitled "An Act for the better government of India."

["Court."]

"Court" denotes any Judge acting judicially alone, and any body of Judges acting judicially as a body, lawfully exercising jurisdiction in Civil cases.

["District." "District Court."]

"District" means the local limits of the jurisdiction of a Principal Civil Court of original

সংশোধিত পাণ্ডুলিপি।

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে দেওয়ানী বিচারকার্য্য নির্ব্বাহক আদালতের কার্য্যপ্রণালীর ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে দেওয়ানী বিচারকার্য্য নির্ব্বাহক আদালতের কার্য্যপ্রণালীর ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান প্রচার করা যাইতেছে।

১ প্রথম অধ্যায়।

পরিভাষা।

[সংক্ষেপ নামের কথা।]

১ ধারা। এই আইন "দেওয়ানী বিচারকার্য্যপ্রণালীর আইন" নামে খ্যাত হইবে ও সেই নামে তাহার উল্লেখ হইতে পারিবে ইতি।

[অর্থ করিবার ধারা।]

২ ধারা। বিষয় কি পূর্ব্বাপর কথা বুঝিয়া অসঙ্গত বোধ না হইলে এই আইনে—

[বচনের কথা।]

একবচনান্ত শব্দে বহুবচনান্ত সেই শব্দ, ও বহুবচনান্ত শব্দে একবচনান্ত সেই শব্দ বুঝাইবে।

[লিঙ্গের কথা।]

পুংলিঙ্গবোধক শব্দে স্ত্রীলোককেও বুঝাইবে।

["ব্যক্তি।"]

"ব্যক্তি" শব্দে চার্টর প্রাপ্ত কি অপ্রাপ্ত কোন সমাজ কি সভা কি সম্প্রদায়ও বুঝাইবে।

["অধ্যায়" ও "ধারা"।]

"অধ্যায়" কি "ধারা" শব্দে এই আইনের অধ্যায় কি ধারা বুঝাইবে।

["আইন" বা "ব্যবস্থা।"]

"আইন" বা "ব্যবস্থা" শব্দে সময়ক্রমে প্রবল কোন আইন কিম্বা ব্যবস্থাবৎ বলবিশিষ্ট কোন বিধি বুঝাইবে।

["ব্রিটনীয় ভারতবর্ষ।"]

ভারতবর্ষের পূর্ব্বাপেক্ষা সুশাসন করিবার আইন নামে মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ব্যবস্থার ১০৬ অধ্যায়ক্রমে যে সকল দেশ শ্রীশ্রীমতীর কি তাঁহার উত্তরাধিকারিদিগের প্রতি অর্শে কি অর্শিবে, "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে সেই সকল দেশ বুঝাইবে।

["আদালত।"]

একাকী বিচারকার্য্যকারি যে কোন বিচারকর্ত্তা কিম্বা সভাস্বরূপে বিচারকার্য্যকারি যে কোন বিচারকর্তৃসভা দেওয়ানী মোকদ্দমাতে ব্যবস্থাসিদ্ধ বিচারাধিপত্য প্রয়োগ করেন, "আদালত" শব্দে তাঁহাকে বুঝাইবে।

["জিলা" ও "জিলার আদালত।"]

প্রথমস্কন্ধীয় বিচারাধিপত্যবিশিষ্ট প্রধান দেওয়ানী আদালতের বিচারাধিপত্যের যে স্থানীয় সীমা

jurisdiction and [illegible] local limits of the ordinary original Civil jurisdiction of a High Court.

["Subordinate Court."]

"Subordinate Court" means any Court subordinate to a High Court.

["District Court."]

"District Court" means the Principal Civil Court of original jurisdiction in a District.

["Judge."]

"Judge" denotes the presiding Judicial Officer in a Court of Civil Judicature, and includes an acting Judge.

["Collector."]

"Collector" denotes every Officer performing the duties of Collector of Land Revenue.

["Advocate."]

"Advocate" includes every person having by law the right to appear and plead, or appear, plead and act in any suit, appeal, or miscellaneous proceeding.

["Proper Officer."]

"Proper Officer" means the person whose duty it is by law or any rule made by a High Court to attend to the particular matter indicated.

["Defendant."]

"Defendant" includes every person against whom a decree or order is passed or who is liable under a decree or order.

["Process."]

"Process" includes all summonses, notices, proclamations, warrants, writs, and letters issued or sent under any of the provisions of this Code.]

["Suit."]

"Suit" means a suit instituted by a plaint under Section 53, up to and including the decree of the Court of first instance.

["Miscellaneous case."]

"Miscellaneous case" means any Civil case or proceeding not being a suit, and includes the proceeding in the execution of a decree.

["Regular Appeal."]

"Regular Appeal" means an appeal from a decree passed in a suit, or from an order in a suit from which a regular appeal is allowed.

["Special Appeal."]

"Special Appeal" means an appeal from a decree passed or made in regular appeal.

"জিলা" শব্দে তাহাই বুঝাইবে, বিশেষতঃ তাহাতে হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমাও বুঝাইবে।

["অধীন বা নিম্নতর আদালত।"]

"অধীন আদালত" বা "নিম্নতর আদালত" শব্দে হাই কোর্টের অধীন কোন আদালত বুঝাইবে।

["জিলার আদালত।"]

"জিলার আদালত" শব্দে জিলার মধ্যে প্রথমস্থলীয় বিচারাধিকারতা বিশিষ্ট প্রধান দেওয়ানী আদালত বুঝাইবে।

["জজ" কি "বিচারকর্ত্তা।"]

যে বিচারকর্ত্তা দেওয়ানী বিচারকার্য্য নির্ব্বাহক আদালতের সভাপতি, "জজ" কি "বিচারকর্ত্তা" শব্দে তাঁহাকে বুঝাইবে, বিশেষতঃ একটিং জজকেও বুঝাইবে।

["কালেক্টর।"]

যে কোন কার্য্যকারক ভূমির রাজস্ব আদায়ের কার্য্য নির্ব্বাহ করেন, "কালেক্টর" শব্দে তাঁহাকে বুঝাইবে।

["আডবোকেট" বা "উকীল।"]

কোন মোকদ্দমা কি আপীল কি বিবিধ মামলাক্রমে উপস্থিত হইয়া সমর্থন করিবার কিম্বা উপস্থিত হইয়া সমর্থন ও কার্য্য করিবার ব্যবস্থাসিদ্ধ অধিকার যে কোন ব্যক্তির আছে, "আডবোকেট" শব্দে তাঁহাকে বুঝাইবে।

["উপযুক্ত কার্য্যকারক।"]

ব্যবস্থার বলে কিম্বা হাই কোর্টের প্রণীত কোন বিধির বলে লক্ষিত কার্য্য বিশেষ নির্ব্বাহ করা যে ব্যক্তির উচিত, "উপযুক্ত কার্য্যকারক" শব্দে তাঁহাকে বুঝাইবে।

["প্রতিবাদী।"]

যে কোন ব্যক্তির বিপক্ষে ডিক্রী কি আজ্ঞা জারী হয়, কিম্বা যে কোন ব্যক্তি কোন ডিক্রীর কি আজ্ঞার বলে দায়ী হয়, "প্রতিবাদী" শব্দে তাহাকেও বুঝাইবে।

["হুকুমনামা।"]

এই আইনের কোন বিধানক্রমে যে সমস্ত কি সংবাদ কি ঘোষণাপত্র কি ওয়ারণ্ট কি পরওয়ানা কি পত্র জারী হয় কি প্রেরিত হয়, "হুকুমনামা" শব্দে তৎসমুদয় বুঝাইবে।

["মোকদ্দমা।"]

যে মোকদ্দমা ৫৩ ধারামতে নালিশপত্রদ্বারা উপস্থিত করা যায়, "মোকদ্দমা" শব্দে প্রথমস্থলীয় আদালতের ডিক্রী পর্য্যন্ত অর্থাৎ তৎসুদ্ধ তাহাই বুঝাইবে।

["বিবিধ বা মুতফরক্কা মামলা।"]

মোকদ্দমা ভিন্ন অন্য যে কোন দেওয়ানী মামলা কি বিচারকার্য্য হয়, "বিবিধ বা মুতফরক্কা মামলা" শব্দে তাহা বুঝাইবে, বিশেষতঃ ডিক্রী সাধনার্থ বিচারকার্য্যও বুঝাইবে।

["নিয়মিত আপীল।"]

মোকদ্দমাঘটিত ডিক্রীর উপর যে আপীল হয়, অথবা মোকদ্দমাঘটিত যে আজ্ঞার উপর নিয়মিত আপীল করা অনিষিদ্ধ এমত আজ্ঞার উপর যে আপীল হয়, "নিয়মিত বা আবেতামতের আপীল" শব্দে তাহা বুঝাইবে।

["বিশেষ বা খাস আপীল।"]

নিয়মিত আপীলক্রমে যে নিষ্পত্তি কি ডিক্রী করা যায়, তাহার উপর যে আপীল, "বিশেষ আপীল" শব্দে তাহা বুঝাইবে।

["Appeal."]

"Appeal" means an appeal from an order passed in a suit from which an appeal is allowed, or from an order passed in a miscellaneous case.

["Judgment."]

"Judgment" denotes the grounds on which an order or decision is founded.

["Decree."]

"Decree" means the order or decision by which a suit or regular or special appeal is determined so far as concerns the Court which passes the order or decision, and includes the judgment upon which the order or decision is founded. An order on regular or special appeal, remanding a suit for retrial, is not within this definition.

["Costs."]

"Costs" denotes the costs of all regular and necessary proceedings of either party in the suit, and includes such incidental cost as are or are directed to be costs in suit. The costs of all interlocutory proceedings, unless the Court otherwise direct, are costs in the suit within this definition.

["Immovable Property."]

"Immovable Property" includes land, incorporeal tenements, and things attached to the earth or permanently fastened to any thing which is attached to the earth.

["Movable Property."]

"Movable Property" means property of every description except immovable property.

["Bond."]

"Bond" includes any written obligation for the payment of money.

["Document."]

"Document" denotes any matter expressed or described upon any substance by means of letters, figures or marks more than one of those means, intended to be used, or which may be used, in evidence of that matter.

["Jail."]

"Jail" means the Civil Jail of the District, or any place appointed by the Local Government for the confinement of persons under Civil process.

["Year." "Month."]

"Year" and "Month" respectively denote a year and month reckoned according to the British Calendar.

["Government."]

In any part of British India in which this Code operates, "Government" includes the Govern-

["আপীল ।"]

মোকদ্দমাঘটিত যে আজ্ঞার উপর আপীল করা অনিষিদ্ধ এমত আজ্ঞার উপর যে আপীল হয়, কিম্বা বিবিধ মামলাক্রমে প্রচারিত আজ্ঞার উপর যে আপীল হয়, "আপীল" শব্দে তাহা বুঝাইবে।

["নিষ্পত্তি ।"]

আজ্ঞা কি নিদ্ধারণ যেই হেতুর উপর নির্ভর করে "নিষ্পত্তি" শব্দে তাহা বুঝাইবে।

["ডিক্রী ।"]

"ডিক্রী" শব্দে আদালতের আজ্ঞা কি নির্ণয় বুঝাইবে, অর্থাৎ যে আদালত সেই আজ্ঞা কি নির্ণয় প্রচার করেন সেই আদালতের সম্পর্কে কোন মোকদ্দমা অথবা নিয়মিত কি বিশেষ কোন আপীল যদ্দ্বারা সমাপ্ত হয়, সেই আজ্ঞা কি নির্ণয় বুঝাইবে, এবং তাহা যে নিষ্পত্তির উপর নির্ভর করে তাহাও বুঝাইবে। কিন্তু নিয়মিত কি বিশেষ আপীলক্রমে পুনর্বিচারের নিমিত্তে কোন মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার যে আজ্ঞা তাহা এই বর্ণনার মধ্যে পরিগৃহীত নয়।

["খরচা ।"]

"খরচা" শব্দে মোকদ্দমার উভয় পক্ষের নিয়মিত ও আবশ্যক ক্রিয়াঘটিত যাবদীয় ব্যয় বুঝাইবে, বিশেষতঃ যেং নৈমিত্তিক ব্যয় বাস্তবিক মোকদ্দমাঘটিত ব্যয়, কি আদেশক্রমে তাহার মধ্যে গণ্য তাহাও বুঝাইবে। আদালত প্রকারান্তরের আদেশ না করিলে উত্তরপ্রত্যুত্তরঘটিত সকল ক্রিয়ার ব্যয়ও এই বর্ণনানুসারে মোকদ্দমাঘটিত খরচার মধ্যে গণ্য।

["স্থাবর সম্পত্তি" ।]

"স্থাবর সম্পত্তি" এই শব্দে ভূমি ও নিরবয়ব অধিকার ও ভূমিতে সংলগ্ন বস্তু কি ভূমিতে সংলগ্ন বস্তুর সহিত চিরকালের জন্যে বদ্ধ বস্তু বুঝাইবে।

["অস্থাবর সম্পত্তি ।"]

"অস্থাবর সম্পত্তি" এই শব্দে স্থাবর সম্পত্তি ভিন্ন অন্য যাবদীয় প্রকারের সম্পত্তি বুঝাইবে।

["খৎ ।"]

"খৎ" শব্দে টাকা দিবার কোন প্রকারের নিবন্ধনপত্র বুঝাইবে।

["নিদর্শনপত্র বা লিপি ।"]

বিষয়বিশেষের প্রমাণস্বরূপে ব্যবহার্য্য হইবার জন্যে কি ব্যবহার্য্য হইবার যোগ্যমতে অক্ষর কি অঙ্ক কি চিহ্নদ্বারা কিম্বা ইহার মধ্যে দুইয়ের কি তিনের দ্বারা কোন দ্রব্যের উপরে প্রকাশিত কি বর্ণিত যে কোন বিষয়, "নিদর্শনপত্র" কি "লিপি" শব্দে তাহাই বুঝাইবে।

["কারাগার ।"]

"কারাগার" শব্দে জিলার দেওয়ানী কারাগার বুঝাইবে, কিম্বা দেওয়ানী হুকুমনামার বলে লোকদিগকে বদ্ধ করণার্থে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক যে কোন স্থান নিরূপিত হয় তাহা বুঝাইবে।

["সাল" কি "বৎসর" ও "মাস" ।]

"সাল" কি "বৎসর" ও "মাস" শব্দে ব্রিটনীয় পঞ্জিকামতে নিরূপিত সাল কি বৎসর ও মাস বুঝাইবে।

["গবর্ণমেণ্ট ।"]

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশের প্রতি বর্ত্তে, "গবর্ণমেণ্ট" শব্দে তথাকার স্থানীয় গবর্ণ-

ment of India as well as the Local Government of such part.

["Local Government."]

"Local Government" means the person authorized to administer the executive government in such part, or the chief executive Officer of such part when it is under the immediate administration of the Governor General of India in Council, and when such Officer shall be authorized to exercise the powers vested by this Code in a Local Government.

["High Court."]

"High Court" denotes the highest Civil Court of Appeal in such part. (S. C. C. & R. C.)

[Sections of the Code extending to Small Cause Courts. Sections of Code extending to Revenue Courts.]

III. The Sections having the letters S. C. C. affixed to them in a parenthesis, extend (so far as they apply or are applicable) to Courts of Small Causes. The other Sections do not extend to such Courts. The Sections having the letters "R. C." affixed to them in a parenthesis, extend (so far as they apply or are applicable) to Revenue Courts required by any law to regulate their proceedings by this Code. The other Sections do not extend to such Courts.

[Enactments and rules repealed.]

IV. The enactments described in Schedule A. annexed to this Code, and all rules relating to Civil Procedure and having the force of law in any part of British India to which this Code extends, are hereby repealed, except so far as they repeal any other enactment or rule. (S. C. C. & R. C.)

CHAPTER II.

OF THE JURISDICTION OF THE COURTS.

[Courts to try all Civil suits unless specially barred.]

V. The Courts shall try all suits of a Civil nature, excepting suits of which their cognizance is barred by law. (S. C. C. & R. C.)

[Court not to try suit in which matter at issue has been heard and determined between same parties.]

VI. The Courts shall not try any suit in which the matter in issue shall have been heard and determined by a Court of competent jurisdiction in a former suit between the same parties, or

মেণ্ট ও ভারতবর্ষের গবর্ণমেণ্ট এই উভয়কে বুঝাইবে।

["স্থানীয় গবর্ণমেণ্ট।"]

"স্থানীয় গবর্ণমেণ্ট" এই কথাতে সেই অংশে রাজকার্য্যনির্ব্বাহ করিবার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে বুঝাইবে, অথবা সেই অংশ মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের নিযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অব্যবহিত কর্ত্তৃত্বের অধীন হইলে যদি তথাকার রাজকার্য্য নির্ব্বাহক প্রধান কার্য্যকারক এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টকে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করিবার অনুমতি পাইয়া থাকেন, তবে সেই রাজকার্য্যনির্ব্বাহক প্রধান কার্য্যকারককেও বুঝাইবে।

["হাই কোর্ট।"]

"হাই কোর্ট" এই কথাতে উক্ত অংশের অন্তর্গত উচ্চতম দেওয়ানী আপীল আদালত বুঝাইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[এই আইনের যেং ধারা ক্ষুদ্র মোকদ্দমার আদালতে খাটে ও যেং ধারা রাজস্বসম্পর্কীয় আদালতে খাটে তাহার কথা।]

৩ ধারা। যেং ধারার শেষে দুই হেলেকের মধ্যে "ক্ষু মো আ" এই কএক অক্ষর দেওয়া গেল, তাহা ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে পর্য্যন্ত বর্ত্তে কি বর্ত্তাইতে পারা যায় সেই পর্য্যন্ত বর্ত্তিবে। অন্য সকল ধারা উক্ত প্রকারের আদালতে বর্ত্তিবে না। এবং যেং ধারার শেষে দুই হেলেকের মধ্যে "রা আ" এই দুই অক্ষর দেওয়া গেল, তাহা রাজস্ব বিষয়ক আদালতে বর্ত্তিবে, অর্থাৎ আপনং বিচারকার্য্যে এই আইনের নির্দ্দিষ্ট নিয়ম মানিতে তদ্রূপ যেং আদালত কোন ব্যবস্থাদ্বারা বাধিত, তাঁহার প্রতি যে পর্য্যন্ত বর্ত্তে কি বর্ত্তাইতে পারা যায় সেই পর্য্যন্ত বর্ত্তিবে। অন্য সকল ধারা তদ্রূপ আদালতের প্রতি বর্ত্তিবে না ইতি।

[রহিত করা আইনের ও বিধির কথা।]

৪ ধারা। এই আইনের শেষে সংযুক্ত A চিহ্নিত তফসীলে নির্দ্দিষ্ট সকল আইন, এবং ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশে এই আইন বর্ত্তে তথাকার ব্যবস্থাবৎ বলবিশিষ্ট দেওয়ানী বিচারকার্য্যের প্রণালীর সকল বিধি ইহাদ্বারা রহিত করা গেল। তথাপি তাহার দ্বারা যে পর্য্যন্ত অন্য কোন আইন কি বিধি রহিত হইয়াছে সেই পর্য্যন্ত তাহা রহিত হইবে না ইতি। (ক্ষু মো আ ও রা আ)

দ্বিতীয় অধ্যায়।

আদালতের বিচারাধিপত্যের কথা।

[বিশেষমতে নিষিদ্ধ না হইলে দেওয়ানী সকল মোকদ্দমা আদালতের বিচার্য্য হইবার কথা।]

৫ ধারা। ব্যবস্থাদ্বারা যে মোকদ্দমার বিচার করা নিষেধ হয় তদ্ভিন্ন অন্য সকল দেওয়ানী মোকদ্দমা আদালত সকলের বিচার্য্য হইবে ইতি। (ক্ষু মো আ ও রা আ)

[সেই পক্ষদ্বয়ের যে মোকদ্দমার বিষয় পূর্ব্বে শ্রুত হইয়া নিষ্পন্ন হইয়াছে তাহা আদালতের বিচার্য্য না হইবার কথা।]

৬ ধারা। সেই দুই পক্ষের, কিম্বা যাঁহাদের দ্বারা তাঁহাদের উভয়ে কি একে দাওয়া করেন এমত দুই পক্ষের মোকদ্দমাক্রমে পূর্ব্বে উপযুক্ত বিচারাধিপত্যবিশিষ্ট কোন আদালতদ্বারা যে বিবাদের বিষয় শ্রুত

between parties under whom they or any of them claim; nor any suit in which such matter is also in issue in another suit between the same parties, or between parties under whom they or any of them claim, pending in the same or any other Court. (S. C. C. & R. C.)

[Appeals, revisions and new trials to be according to rules of Code.]

VII. The decrees and orders of the Courts shall not be open to appeal or revision, nor shall a new trial be granted, otherwise than under the rules contained in this Code or any other law. (S. C. C. & R. C.)

[No person exempt from jurisdiction by reason of descent or place of birth.]

VIII. No person shall, by reason of his descent or place of birth, be in any Civil proceeding exempted from the jurisdiction of any of the Courts. (S. C. C. & R. C.)

[Persons entitled to sue.]

IX. Every person shall be entitled to sue, except persons expressly prohibited from suing by any law. An Executor or Administrator, a trustee of an express trust, a guardian or next friend of an infant, or the next friend of a lunatic or idiot, may, with the permission of the Court, sue without joining with him the person for whose benefit the suit is brought. (S. C. C. & R. C.)

[Jurisdiction of Courts.]

১৩৯ ধারা। কোন চুক্তিভঙ্গ কি অন্য ক্ষতি করণহইতে প্রতিবাদিকে নিবারণার্থে মোকদ্দমা হইলে, সেই মোকদ্দমাতে ক্ষতিপূরণের কোন দাওয়া হউক কি না হউক, মোকদ্দমার আরম্ভ হইবার পর কোন সময়ে ও নিষ্পত্তি হইবার পূর্ব্বে কি পরে বাদী আদালতের নিকটে এমত নিষেধাজ্ঞার প্রার্থনা করিতে পারিবেন, যদ্দ্বারা প্রতিবাদির যে চুক্তিভঙ্গ কি অন্যায়কর্ম্মের বিষয়ে নালিশ হইল, তাহা পুনরায় করণ কি করিতে থাকনহইতে কিম্বা সেই চুক্তিঘটিত কি সেই সম্পত্তি বা স্বত্ব সম্পর্কীয় কোন চুক্তিভঙ্গ কি তাদৃশ ক্ষতিজনক কর্ম্ম করণহইতে তিনি নিবারিত হন। আর ঐ নিষেধাজ্ঞার প্রবল থাকিবার কাল ও হিসাব

right. Such injunction may be granted by the Court on such terms as to the duration of the injunction, keeping an account, giving security, or otherwise, as to the Court shall seem proper. In case of disobedience, an injunction granted under this Section or Section 135 may be enforced by the imprisonment of the defendant or the attachment of his movable property or both.

রাখন ও প্রতিভূ দেওন কি না দেওন বিষয়ক যে নিয়ম সেই আদালতের ন্যায্য বোধ হয় আদালত সেই নিয়মানুসারে ঐ নিষেধাজ্ঞা করিতে পারিবেন। যদি সেই নিষেধাজ্ঞার লঙ্ঘন হয়, তবে এই ধারার কি ১৩৫ ধারার বলে নিষেধাজ্ঞা দত্ত হইলে প্রতিবাদির কারাদণ্ড কি তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক করণদ্বারা কি এতদুভয়দ্বারা তাহা প্রবল করা যাইতে পারিবে ইতি।

[Order for injunction may be discharged, varied or set aside.]

[নিষেধাজ্ঞা রহিত কি অন্যথা কি স্থগিত করিতে পারিবার কথা।]

CXL. Any order for an injunction may be discharged or varied or set aside by the Court, on application made thereto by any party dissatisfied with such order.

১৪০ ধারা। নিষেধের কোন আজ্ঞাতে অসন্তুষ্ট কোন পক্ষ-ব্যক্তির প্রার্থনাক্রমে আদালত তাহা রহিত কি অন্যথা কি স্থগিত করিতে পারিবেন ইতি।

[Compensation to defendant for issue of injunction or institution of suit on insufficient grounds. Proviso.]

[নিষেধাজ্ঞার প্রার্থনা কি মোকদ্দমার আরম্ভ অনুপযুক্ত কারণে হইলে প্রতিবাদির প্রতিকারের কথা ও উপনিয়ম।]

CXLI. If it shall appear to the Court that the injunction was applied for on insufficient grounds, or if after the issue of the injunction, the claim of the plaintiff is dismissed or judgment is given against him by default or otherwise, and it shall appear to the Court that there was no probable ground for instituting the suit, the Court may, on the application of the defendant, award against the plaintiff in its decree such sum, not exceeding one thousand rupees, as it may deem a reasonable compensation to the defendant for the expense or injury occasioned to him by the issue of the injunction: Provided that the Court shall not award a larger amount of compensation under this Section than it is competent to such Court to decree in an action for damages. An award of compensation under this Section shall bar any suit for damages in respect of the issue of the injunction.

১৪১ ধারা। নিষেধাজ্ঞা করণের প্রার্থনা অনুপযুক্ত কারণে হইয়াছিল ইহা যদি আদালত জানিতে পান, কিম্বা নিষেধাজ্ঞা জারী হইলে পর বাদির দাওয়া ডিস্‌মিস হইলে কিম্বা তাঁহার অনুপস্থানক্রমে কি প্রকারান্তরে তাঁহার বিপক্ষ নিষ্পত্তি হইলে, মোকদ্দমা উপস্থিত করিবার অনুমানসিদ্ধ কোন কারণ ছিল না, ইহা যদি আদালত জানিতে পান, তবে প্রতিবাদির প্রার্থনাক্রমে আদালত ঐ নিষেধাজ্ঞা জারী করণহইতে প্রতিবাদির উৎপন্ন ব্যয় কি ক্ষতির যুক্তিসিদ্ধ প্রতিকারার্থে এক সহস্রের অনধিক যত টাকা উপযুক্ত জ্ঞান করেন, বাদির বিপক্ষে তত টাকা দিবার আদেশ আপনার ডিক্রীতে করিতে পারিবেন। কিন্তু ক্ষতিপূরণ বিষয়ক মোকদ্দমাতে সেই আদালত যত টাকার ডিক্রী করিতে ক্ষমতাপন্ন তাহার অধিক টাকা পরিমিত প্রতিকারের ডিক্রী এই ধারার বলে করিবেন না। এবং এই ধারাক্রমে প্রতিকারের ডিক্রী হইলে উক্ত নিষেধাজ্ঞা জারী করণ সম্পর্কীয় ক্ষতিপূরণ বিষয়ক মোকদ্দমা আর হইতে পারিবে না ইতি।

[Execution of award of compensation.]

[প্রতিকারের আজ্ঞা সাধনের কথা।]

CXLII. An award of compensation under Section 119, Section 129, or Section 141, shall be executed in the manner hereinafter provided for the execution of decrees for money.

১৪২ ধারা। ১১৯ কি ১২৯ কি ১৪১ ধারামতে প্রতিকারের আজ্ঞা যদি হয়, তবে এই আইনের উত্তরভাগে টাকার ডিক্রী সাধনের যে প্রণালীর বিধান আছে সেই প্রণালী অনুসারে তাহা সাধন করিতে হইবে ইতি।

OF THE WITHDRAWAL AND ADJUSTMENT OF SUITS.

মোকদ্দমা উঠাইয়া দিবার ও রফা করিবার বিধি।

[Court may allow plaintiff to withdraw from a suit, with liberty to bring a fresh suit.]

[বাদিকে মোকদ্দমা উঠাইয়া লইয়া নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দিতে আদালতের ক্ষমতার কথা।]

CXLIII. If the plaintiff, at any time before judgment, satisfy the Court that there are sufficient grounds for permitting him to withdraw from the suit with liberty to bring a fresh suit for the same matter, the Court may grant such permission on such terms as to costs or otherwise as it may deem proper. If the plaintiff withdraw from the suit without such permission, he shall be liable for such costs as the Court shall award,

১৪৩ ধারা। মোকদ্দমাহইতে নিবৃত্ত হইবার অনুমতি এবং সেই বিষয়ে নূতন মোকদ্দমা উপস্থিত করিবার ক্ষমতা বাদিকে দিবার উপযুক্ত কারণ আছে, ইহা যদি তিনি নিষ্পত্তির পূর্ব্বে কোন সময়ে আদালতের হৃদ্বোধমতে দেখান, তবে আদালত খরচা দিবার কি না দিবার যে নিয়ম ভাল বুঝেন সেই নিয়মের অধীনে উক্ত অনুমতি দিতে পারিবেন। বাদী যদি এমত অনুমতি না লইয়া মোকদ্দমাহইতে নিবৃত্ত হন, তবে তাঁহার প্রতি আদালতের অবধারণীয় খরচার দায় বর্ত্তিবে, ও

and shall be precluded from bringing a fresh suit for the same matter. (S. C. C. & R. C.)

[Law as to limitation of actions not affected by the first suit.]

CXLIV. In any fresh suit instituted on permission granted under the last preceding Section, the plaintiff shall be bound by the law of limitations in the same manner as if the first suit had not been brought. (S. C. C. & R. C.)

[Compromise of suits.]

CXLV. If a suit shall be adjusted by mutual agreement or compromise, or if the defendant satisfy the plaintiff in respect to the matter of the suit, such agreement, compromise or satisfaction shall be recorded, and the suit shall be disposed of in accordance therewith. (S. C. C. & R. C.)

[Court may grant certificate for refund of half stamp duty on plaint, if suit be adjusted. Proviso.]

CXLVI. On the application of the plaintiff reciting the substance of such agreement, compromise or satisfaction, if such application shall have been presented before the suit is called of for the settlement of issues, or, in a suit in which the summons to the defendant shall be for the final disposal of the suit, if such application shall have been presented before the hearing of the suit has commenced, the Court, if satisfied that such agreement, compromise or satisfaction has been actually entered into or made, shall grant a certificate to the plaintiff authorizing him to receive back from the Collector a moiety of the stamp-duty, if any, paid on the plaint and the Collector shall pay the same: Provided that no such certificate shall be granted if the arrangement between the parties be such as to require the Court in disposing of the suit to pass a decree on which process of execution can be taken out. (S. C. C. & R. C.)

THE DEATH, MARRIAGE, AND BANKRUPTCY OR INSOLVENCY OF PARTIES.

[No abatement by party's death if cause of action survive.]

CXLVII. The death of a plaintiff or defendant shall not cause the suit to abate if the cause of action survive. (S. C. C. & R. C.)

[Proceeding in case of death of one of several plaintiffs or defendants, if cause of action survive.]

CXLVIII. If there be more plaintiffs or defendants than one, and any of them die, and if the cause of action survive to the surviving plaintiff or plaintiffs alone, or against the surviv-

তিনি সেই বিষয়ের নূতন মোকদ্দমা করিতে পারিবেন না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রথম মোকদ্দমাদ্বারা তামাদির আইনের বলের হ্রাস না হইবার কথা।]

১৪৪ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারানুসারে অনুমতি দত্ত হইলে যদি নূতন মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে প্রথম মোকদ্দমা উপস্থিত না হইবার মত বাদী তামাদির আইনে বদ্ধ থাকিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[স্বত্বের অংশ ত্যাগ ইত্যাদিদ্বারা মোকদ্দমা রফা হইবার কথা।]

১৪৫ ধারা। যদি উভয় পক্ষের সমাধান কি স্বত্বের অংশ ত্যাগ করণদ্বারা মোকদ্দমার রফা হয়, কিম্বা যে বিষয়ের মোকদ্দমা হয় সেই বিষয়ে যদি প্রতিবাদী বাদিকে সন্তুষ্ট করেন, তবে সেই সমাধানের কি স্বত্ব-ত্যাগের কি সন্তুষ্ট করণের কথা রিকার্ড করিতে, ও তদনুসারে সেই মোকদ্দমা বিষয়ক চূড়ান্ত আজ্ঞা করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[মোকদ্দমা রফা হইলে নালিশপত্রের উপর অর্দ্ধেক ইষ্টাম্পের মাসুল প্রত্যর্পণার্থ সর্টিফিকট দিতে আদালতের ক্ষমতার কথা, ও উপনিয়ম।]

১৪৬ ধারা। বাদী যদি সেই সমাধানের কি স্বত্ব-ত্যাগের কি সন্তুষ্ট করণের সারকথা সম্বলিত প্রার্থনা-পত্র সমর্পণ করেন, ও ইস্যু নিরূপণার্থে মোকদ্দমা আহ্বানের পূর্ব্বে সেই প্রার্থনাপত্র দাখিল করা যায়, অথবা যে মোকদ্দমাতে প্রতিবাদির উপর মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির জন্যে সমন জারী হয়, এমন মোক-দ্দমা হইলে যদি মোকদ্দমা শ্রবণের আরম্ভ হইবার পূর্ব্বে সেই প্রার্থনাপত্র দাখিল করা যায়, তবে সেই সমাধান কি স্বত্বত্যাগ কি সন্তুষ্ট করণ বাস্তবিক হইয়াছে ইহা যদি আদালত হৃদ্বোধমতে জানিতে পান, তবে নালিশ-পত্রের উপরে ইষ্টাম্পের মাসুল দত্ত হইলে তাহার অর্দ্ধেক কালেক্টর সাহেবের নিকটে ফিরিয়া পাইবার ক্ষমতাদায়ক এক খান সর্টিফিকট বাদিকে দিবেন, এবং কালেক্টর সাহেব তাহা ফিরিয়া দিবেন। কিন্তু পক্ষ-দের মধ্যে যে রফা হয় তৎক্রমে যদি মোকদ্দমাবিষয়ক চূড়ান্ত আজ্ঞা করণকালে আদালতের এমত ডিক্রী জারী করিতে হয়, যাহার বলে জারনার্থ হুকুমনামা বাহির করা যাইতে পারে, তবে এমত কোন সর্টিফিকট দিতে হইবে না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

অন্যতর পক্ষের মৃত্যুর কি বিবাহ কিম্বা দেউলিয়া কি যোত্রহীন হইবার কথা।

[বিবাদের হেতু অলুপ্ত থাকিলে মরণ প্রযুক্ত মোক-দ্দমার অবসান না হইবার কথা।]

১৪৭ ধারা। বিবাদের হেতু অলুপ্ত থাকিলে বাদির কি প্রতিবাদির মৃত্যু প্রযুক্ত মোকদ্দমার অবসান হইবে না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[বিবাদের হেতু অলুপ্ত থাকিলে অনেক জন বাদির কি প্রতিবাদির মধ্যে এক জন মরিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৪৮ ধারা। একের অধিক জন বাদির কি প্রতি-বাদির মধ্যে এক জন মরিলে যদি কেবল উত্তরজীবি প্রতিবাদির কি প্রতিবাদিগণের বিপক্ষে বিবাদের হেতু অলুপ্ত থাকে, তবে সেই উত্তরজীবি বাদির কি বাদ-

ing defendant or defendants alone, the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs, or against the surviving defendant or defendants. (S. C. C. & R. C.)

[Proceeding in case of death of one of several plaintiffs, where cause of action survives to the survivors and representative of deceased.]

CXLIX. If there be more plaintiffs than one, and any of them die, and if the cause of action shall not survive to the surviving plaintiff or plaintiffs alone, but shall survive to him or them and the legal repesentative of the deceased plaintiff jointly, the Court may, on the application of the legal representative of the deceased plaintiff, enter the name of such representative in the Register of the suit in the place of such deceased plaintiff, and the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs and such legal representative of the deceased plaintiff. (S. C. C. & R. C.)

[Procedure where no application made by representative of deceased plaintiff.]

CL. If no application shall be made to the Court within a reasonable time by any person claiming to be the legal representative of the deceased plaintiff, the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs; and the legal representative of the deceased plaintiff shall be interested in and shall be bound by the decree passed in the suit, in the same manner as if the suit had proceeded at his instance conjointly with the surviving plaintiff or plaintiffs. (S. C. C. & R. C.)

[Proceeding in case of death of sole, or sole surviving plaintiff.]

CLI. In case of the death of a sole plaintiff or sole surviving plaintiff, the Court may, on the application of the legal representative of the deceased plaintiff, enter the name of such representative in the place of such plaintiff in the Register of the suit and the suit shall thereupon proceed. (S. C. C. & R. C.)

[Abatement where no application by representative of deceased plaintiff.]

CLII. If no such application shall be made to the Court, within a reasonable time, by any person claiming to be the legal representative of any such deceased plaintiff as aforesaid, the Court may pass an order that the suit shall abate, and award to the defendant the costs which he may have incurred in defending the suit, to be recovered from the estate of such deceased plaintiff as aforesaid; or the Court may, if it think proper, on the application of the defendant, and upon such terms as to costs or otherwise as it may think fit, pass such other order for bringing in the

গণের যত্নক্রমে কিম্বা সেই উত্তরজীবি প্রতিবাদির কি প্রতিবাদিগণের বিপক্ষে মোকদ্দমা চলিবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[অনেক জন বাদির মধ্যে এক জন মরিলে যদি তদুত্তরজীবি বাদিদের পক্ষে ও মৃত ব্যক্তির প্রতিনিধির পক্ষে বিবাদের হেতু অলুপ্ত থাকে, তবে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৪৯ ধারা। একের অধিক জন বাদির মধ্যে এক জন মরিলে যদি কেবল তদুত্তরজীবি বাদির কি বাদিগণের পক্ষে নয়, কিন্তু সেই এক কি অধিক জনের সহিত ঐ মৃত বাদির আইনসিদ্ধ প্রতিনিধির পক্ষেও বিবাদের হেতু অলুপ্ত থাকে, তবে সেই মৃত বাদির আইনসিদ্ধ প্রতিনিধির প্রার্থনাক্রমে আদালত সেই মৃত বাদির নামের পরিবর্ত্তে তাঁহার ঐ প্রতিনিধির নাম মোকদ্দমার রেজিস্টরে লিখিতে পারিবেন। তাহা করিলে উত্তরজীবি বাদির কি বাদিগণের এবং মৃত বাদির সেই আইনসিদ্ধ প্রতিনিধির যত্নক্রমে মোকদ্দমা চলিবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[মৃত বাদির প্রতিনিধিকর্ত্তৃক প্রার্থনার অভাবে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৫০ ধারা। মৃত বাদির আইনসিদ্ধ প্রতিনিধিস্বরূপে কোন ব্যক্তি যুক্তিযুক্ত সময়ের মধ্যে আদালতের নিকটে প্রার্থনা না করিলে তদুত্তরজীবি বাদির কি বাদিগণের যত্নক্রমে মোকদ্দমা চলিবে, এবং উত্তরজীবি বাদির কি বাদিগণের সহিত প্রতিনিধিরও যত্নক্রমে মোকদ্দমা চলিবার ন্যায় মোকদ্দমাঘটিত ডিক্রীতে ঐ মৃত বাদির আইনসিদ্ধ প্রতিনিধির সম্পর্ক থাকিবে ও তদ্দ্বারা তিনি বদ্ধ হইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[যিনি একমাত্র বাদী কি একমাত্র উত্তরজীবি বাদী তিনি মরিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৫১ ধারা। যিনি একমাত্র বাদী কি একমাত্র উত্তরজীবি বাদী ছিলেন সেই ব্যক্তির মৃত্যু হইলে সেই মৃত বাদির আইনসিদ্ধ প্রতিনিধির প্রার্থনাক্রমে আদালত উক্ত বাদির নামের পরিবর্ত্তে উক্ত প্রতিনিধির নাম মোকদ্দমার রেজিস্টরে লিখিতে পারিবেন, তাহা করিলে মোকদ্দমা চলিবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[মৃত বাদির প্রতিনিধিকর্ত্তৃক প্রার্থনার অভাবে মোকদ্দমা অবসান হইবার কথা।]

১৫২ ধারা। উক্ত প্রকারের মৃত বাদির আইনসিদ্ধ প্রতিনিধিস্বরূপে কোন ব্যক্তি যদি যুক্তিযুক্ত সময়ের মধ্যে আদালতের নিকটে উক্ত প্রকারের প্রার্থনা না করেন, তবে মোকদ্দমা অবসান হইবে, আদালত এমত আজ্ঞা করিতে পারিবেন, এবং মোকদ্দমার উত্তর দেওনে প্রতিবাদির যে ব্যয় হইয়াছে তৎপোষণার্থক খরচার ডিক্রী তাঁহাকে দিতে পারিবেন, তাহাতে পূর্ব্বোক্ত প্রকারের মৃত বাদির সম্পত্তি হইতে সেই টাকা আদায় হইতে পারিবে। অথবা উপযুক্ত জ্ঞান হইলে আদালত বিষয়বিশেষ বুঝিয়া অন্য যেরূপ আজ্ঞা করা ন্যায্য ও উপযুক্ত বোধ করেন, প্রতিবাদির প্রার্থনাক্রমে ও খরচা দিবার কি প্রকারান্তরের যে

legal representative of such deceased plaintiff as aforesaid, and for proceeding with the suit in order to a final determination of the matter in dispute, as may appear just and proper. (S. C. C. & R. C.)

[Procedure in case of dispute as to representation of deceased plaintiff.]

CLIII. If any dispute arise as to who is the legal representative of a deceased plaintiff, the Court may either stay the suit until the fact has been determined in another suit, or decide at or before the hearing of the suit who shall be admitted to be such legal representative for the purpose of prosecuting the suit. (S. C. C. & R. C.)

[Procedure in case of death of one of several defendants, or of sole or sole surviving defendant.]

CLIV. If there be more defendants than one and any of them die, and the cause of action shall not survive against the surviving defendant or defendants alone, and also in case of the death of a sole defendant or sole surviving defendant, where the action survives, the plaintiff may make an application to the Court, specifying the name, description, and place of the abode of any person whom the plaintiff alleges to be the legal representative of the deceased defendant, and whom he desires to be made the defendant in his stead; and the Court shall thereupon enter the name of such representative in the Register of the suit in the place of such defendant, and shall issue a summons to such representative to appear on a day to be therein mentioned to defend the suit; and the case shall thereupon proceed in the same manner as if such representative had originally been made a defendant and had been a party to the former proceedings in the suit: Provided that the person so made defendant shall be at liberty to make any defence appropriate to his character as such representative. (S. C. C. & R. C.)

[Suit not abated by marriage of female party.]

CLV. The marriage of a female plaintiff or defendant shall not cause the suit to abate, but the suit may notwithstanding be proceeded with to judgment, and the decree thereupon may be executed against the wife alone. If the case is one in which the husband is by law liable for the debts of his wife, the decree may, with the permission of the Court, be executed against the husband also; and in case of judgment for the wife, execution of the decree may with such permission be issued upon the application of the

নিয়ম উপযুক্ত বোধ হয় সেই নিয়মের অধীনে পূর্ব্বোক্ত প্রকারের মৃত বাদির আইনসিদ্ধ প্রতিনিধিকে মোকদ্দমার পক্ষ করিবার এবং বিবাদস্থলের চূড়ান্ত নিষ্পত্তি লক্ষ্য করিয়া মোকদ্দমাতে অগ্রসর হইবার অভিপ্রায়ে সেইরূপ আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[মৃত বাদির আইনসিদ্ধ প্রতিনিধি কে, এই বিষয়ের বিবাদ হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৫৩ ধারা। কোন মৃত বাদির আইনসিদ্ধ প্রতিনিধিরূপে কে গণ্য এই বিষয়ে যদি বিবাদ হয়, তবে যাবৎ অন্য মোকদ্দমাতে সেই বিষয় নিষ্পন্ন না হয় তাবৎ এই মোকদ্দমা স্থগিত রাখিতে, অথবা মোকদ্দমা চালাইবার অভিপ্রায়ে এমত আইনসিদ্ধ প্রতিনিধিরূপে কে গ্রাহ্য হইবে তাহা মোকদ্দমা শ্রবণকালে কি তৎপূর্ব্বে নিশ্চয় করিতে আদালত ক্ষমতাপন্ন হইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[অনেক প্রতিবাদির মধ্যে এক জনের কিম্বা একমাত্র প্রতিবাদির কি একমাত্র উত্তরজীবি প্রতিবাদির মৃত্যু হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৫৪ ধারা। অনেক জন প্রতিবাদির মধ্যে এক জন মরিলে যদি কেবল উত্তরজীবি প্রতিবাদির কি প্রতিবাদিগণের বিপক্ষে বিবাদের হেতু অলুপ্ত না থাকে, কিম্বা যে ব্যক্তি একমাত্র প্রতিবাদী কি একমাত্র উত্তরজীবি প্রতিবাদী ছিলেন তিনি মরিলে যদি বিবাদ অলুপ্ত থাকে, তবে বাদী মৃত প্রতিবাদির আইনসিদ্ধ প্রতিনিধি উনি আছেন বলিয়া যাঁহাকে মৃত ব্যক্তির পরিবর্ত্তে প্রতিবাদিরূপে নিযুক্ত দেখিতে চাহেন, তাঁহার নাম ও পদাদির বৃত্তান্ত ও বাসস্থানের বিশেষ কথা উল্লেখ করিয়া আদালতের নিকটে তদর্থে প্রার্থনা করিতে পারিবেন, তাহা হইলে আদালত ঐ প্রতিবাদির নামের পরিবর্ত্তে সেই প্রতিনিধির নাম মোকদ্দমার রেজিষ্টরে লিখিয়া দিয়া সমনে নিরূপিত দিনে মোকদ্দমার উত্তর দিবার জন্যে উপস্থিত হইবার সমন সেই প্রতিনিধির উপর জারী করিবেন, তাহাতে সেই প্রতিনিধি প্রথমাবধি প্রতিবাদিরূপে নিযুক্ত হইয়া মোকদ্দমার ভূতপূর্ব্ব কার্য্যের পক্ষ হইলে মোকদ্দমা যে প্রকারে চলিত সেই প্রকারে চলিবে। পরন্তু যে ব্যক্তি উক্ত মতে প্রতিবাদিরূপে নিযুক্ত হন, তিনি উক্ত প্রকারের প্রতিনিধি বলিয়া প্রতিনিধির উপযুক্ত উত্তর দিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[পক্ষ ব্যক্তি স্ত্রীলোক হইলে তাঁহার বিবাহদ্বারা মোকদ্দমার অবসান না হইবার কথা।]

১৫৫ ধারা। বাদী কি প্রতিবাদী স্ত্রীলোক হইলে তাঁহার বিবাহ হওন প্রযুক্ত মোকদ্দমার অবসান হইবে না, বরং নিষ্পত্তি হওন পর্য্যন্ত মোকদ্দমা চলিতে পারিবে ও তদ্ঘটিত ডিক্রী কেবল সেই পত্নীর বিপক্ষে প্রবল করা যাইতে পারিবে। যদি সেই মোকদ্দমাতে আইন অনুসারে পত্নীর ঋণের দায় পতির প্রতি বর্ত্তে, তবে আদালতের অনুমতি হইলে পতির বিপক্ষেও ডিক্রীর সাধন হইতে পারিবে, ও পত্নীর পক্ষে নিষ্পত্তি হইলে যে বিষয়ের ডিক্রী হয় তাহার অধিকার যদি আইন অনুসারে পতির প্রতি বর্ত্তে, তবে আদালত অনুমতি দিলে পতির প্রার্থনাক্রমে ডিক্রী সাধনের

husband, where the husband is by law entitled to the subject-matter of the decree. (S. C. C. & R. C.)

[Plaintiff's bankruptcy or insolvency not to abate suit unless Assignee refuses to proceed and give security for costs.]

CLVI. The bankruptcy or insolvency of a plaintiff in any suit which his Assignee might maintain for the benefit of his creditors shall not abate the suit unless such Assignee shall decline to continue the suit and to give security for the costs thereof within such time as the Court may order. If the Assignee neglect or refuse to continue the suit and to give such security within the time limited by the order, the defendant may within eight days after such neglect or refusal apply for the abatement of the suit on the ground of the plaintiff's bankruptcy or insolvency, and the Court may award to the defendant the costs which he may have incurred in defending the suit, to be recovered from the plaintiff's estate. (S. C. C. & R. C.)

OF NOTICES TO PRODUCE, AND HOW THEY ARE TO BE SERVED.

[Notice to produce documents. When served, may have force of summons.]

CLVII. When a party to a suit desires that any document, writing, or other thing which he believes to be in the possession or power of any other party to the suit and the production of which shall not have been previously acquired under the provisions of Sections 71 and 79, shall be produced at any hearing of the suit, such party shall at the earliest opportunity deliver to the Court two notices in writing to the party in whose possession or power he believes the document, writing, or other thing to be calling upon him to produce the same. One of such notices shall be filed in Court and the other shall be delivered by the Court to the proper Officer, to be served upon such party; and if the Court shall so order, such notice, when served, shall have the force of a summons. (S. C. C. & R. C.)

OF THE APPEARANCE OF THE PARTIES AND CONSEQUENCE OF NON-APPEARANCE.

[Parties to appear on day fixed in summons for defendant to appear and answer.]

CLVIII. On the day fixed in the summons for the defendant to appear and answer, the par-

আজ্ঞা জারী হইতে পারিবে ইতি। (ক্ষু. মো আ, ও রা আ)

[আসৈনী মোকদ্দমা চালাইতে ও খরচার প্রতিভূ দিতে অসম্মত না হইলে বাদির দেউলিয়া কি যোত্রহীন হওয়া প্রযুক্ত মোকদ্দমার অবসান না হইবার কথা।]

১৫৬ ধারা। কোন বাদী দেউলিয়া কি যোত্রহীন হইলে তাঁহার উত্তমর্ণদের উপকারার্থে তাঁহার আসৈনী যে মোকদ্দমা চালাইতে পারেন, ঐ আসৈনী যদি তাহা চালাইতে ও আদালতের নিরূপিত কালের মধ্যে তদ্ঘটিত খরচার প্রতিভূ দিতে অস্বীকার না করেন, তবে বাদী দেউলিয়া কি যোত্রহীন হওয়াতে এমত মোকদ্দমা অবসান হইবে না। ঐ আসৈনী যদি মোকদ্দমা চালাইতে এবং আজ্ঞাতে নির্দ্দিষ্ট কালের মধ্যে উক্ত প্রতিভূ দিতে ত্রুটি কি অস্বীকার করেন, তবে সেই ত্রুটি কি অস্বীকার করণানন্তর আট দিনের মধ্যে প্রতিবাদী এই আবেদন করিতে পারিবেন যে বাদী দেউলিয়া কি যোত্রহীন হওয়াতে মোকদ্দমা অবসান হওয়া উপযুক্ত, এবং মোকদ্দমার উত্তর দেওনে প্রতিবাদির যে ব্যয় হইয়াছে, আদালত তৎপোষণার্থক ডিক্রী তাঁহাকে দিতে পারিবেন, তাহাতে বাদির সম্পত্তি হইতে সেই টাকা আদায় হইতে পারিবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

পত্রাদি উপস্থিত করিবার সংবাদের ও তাহা সমর্পণ করিবার প্রণালীর কথা।

[পত্রাদি উপস্থিত করিবার সংবাদের কথা সমর্পিত হইলে তাহা সমনের ন্যায় বলবৎ হইতে পারিবে ইহার কথা।]

১৫৭ ধারা। মোকদ্দমার পক্ষ কোন ব্যক্তির অনুমানানুসারে সেই মোকদ্দমার পক্ষ অন্য কোন ব্যক্তির হস্তে কি ক্ষমতাতে যে কোন নিদর্শনপত্র কি লিপি কি অন্য বস্তু থাকে তাহা যেন মোকদ্দমা শ্রবণের কোন সময়ে উপস্থিত করা যায়, ইহা যদি সেই প্রথম ব্যক্তি চাহেন, এবং সেই পত্র কি লিপি কি অন্য বস্তু উপস্থিত করিবার আদেশ যদি পূর্ব্বে ৭১ ও ৭৯ ধারার বিধানানুসারে না হইয়া থাকে, তবে সেই ব্যক্তির অনুমানানুসারে ঐ পত্র কি লিপি কি অন্য বস্তু যাঁহার হস্তে কি ক্ষমতাতে আছে, তাঁহার প্রতি ঐ প্রথম ব্যক্তি তাহা উপস্থিত করিবার আদেশ সম্বলিত দুইখান সংবাদপত্র লিখিয়া অতি শীঘ্র আদালতে দাখিল করিবেন। তাহার মধ্যে একখানি সংবাদপত্র নথীর সহিত আদালতে থাকিবে, অপর খানি সেই ব্যক্তির প্রতি সমর্পিত হইবার নিমিত্তে আদালতকর্তৃক উপযুক্ত কার্য্যকারককে দত্ত হইবে। এবং আদালত যদি সেই মর্ম্মের আজ্ঞা করেন, তবে সমর্পিত হইলে ঐ সংবাদপত্র সমনের ন্যায় বলবৎ হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

পক্ষ ব্যক্তিদিগের উপস্থানের কথা ও অনুপস্থানের ফলের কথা।

[প্রতিবাদির উপস্থিত হইয়া উত্তর দিবার যে দিন সমনে নির্দ্দিষ্ট হয়, সেই দিনে পক্ষ ব্যক্তিদের উপস্থিত হওয়া উচিত ইহার কথা।]

১৫৮ ধারা। প্রতিবাদির উপস্থিত হইয়া উত্তর করিবার যে দিন সমনে নির্দ্দিষ্ট থাকে, সেই দিনে মোক-

ties shall be in attendance at the Court house, and the suit shall then be heard, unless the hearing be adjourned to a future day which shall be fixed by the Court. (S. C. C. & R. C.)

[Dismissal of suit where summons not served in consequence of plaintiff's failure to deposit costs of issuing it. Proviso.]

CLIX. If on the day fixed for the defendant to appear and answer, it shall be found that the summons has not been served upon him in consequence of the failure of the plaintiff to deposit, within the time allowed, the sum required to defray the cost of issuing such summons, the Court may order that the suit be dismissed: Provided that no such order shall be passed, although the summons shall not have been served upon the defendant, if, on the day fixed for him to appear and answer, he shall have entered an appearance by an Advocate or by a duly authorized agent, when he is allowed to appear by Agent, or shall be in attendance in person. (S. C. C. & R. C.)

[If neither party appear, suit to be dismissed.]

CLX. If on the day fixed for the defendant to appear and answer, or on any other subsequent day to which the hearing of the suit may be adjourned, neither party shall appear when called upon by the Court, the suit shall be dismissed. (S. C. C. & R. C.)

[In such case plaintiff may bring fresh suit. Or Court may issue fresh summons.]

CLXI. Whenever a suit is dismissed under either of the last two preceding Sections, the plaintiff shall be at liberty to bring a fresh suit unless precluded by the law of limitations; or if he shall within the period of thirty days from the date of the order dismissing the suit, satisfy the Court that there was a sufficient excuse for his not making the deposit required within the time allowed or for his non-appearance, as the case may be, the Court may issue a fresh summons upon the plaint already filed. (S. C. C. & R. C.)

[Procedure if plaintiff only appear.]

CLXII. If the plaintiff shall appear and the defendant shall not appear, and the Court shall be satisfied that the summons was duly served, the Court may proceed to hear the suit *ex parte* or adjourn it, whether the summons was for the final disposal of the suit or for the settlement of issues only. If the summons shall have been issued for the final disposal of the suit, the Court, if satisfied

দ্দমার পক্ষ ব্যক্তিদিগকে আদালতের গৃহে উপস্থিত হইতে হইবে, ও তখন মোকদ্দমা শুনা যাইবে। যদি কোন ক্রমে তখন মোকদ্দমা স্থগিত করা যায়, তবে আদালতকে তাহা শুনিবার জন্যে অন্য দিন নিরূপণ করিতে হইবে ইতি। (স্মু মো আ, ও রা আ)

[সমন সমর্পণের খরচার টাকা আমানৎ না করাতে যদি সমন সমর্পিত না হয়, তবে মোকদ্দমা ডিস্মিস্ হইতে পারিবে ইহার কথা ও উপনিয়ম।]

১৫৯ ধারা। প্রতিবাদির উপস্থিত হইয়া উত্তর করিবার জন্যে যে দিন নিরূপিত ছিল, সেই দিনে যদি ইহা জানা যায়, যে সমন সমর্পণে প্রয়োজনীয় খরচের যোগানার্থ টাকা নিরূপিত সময়ের মধ্যে আমানৎ করিতে বাদির ত্রুটি করণ প্রযুক্ত প্রতিবাদির প্রতি সমন সমর্পিত হয় নাই, তবে আদালত ঐ মোকদ্দমা ডিস্মিস হইবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু প্রতিবাদির প্রতি সমন সমর্পিত না হইলেও যদি তাঁহার উপস্থিত হইয়া উত্তর করিবার নিরূপিত দিনে প্রতিবাদী আড্বোকেটদ্বারা, অথবা যে স্থলে তাঁহাকে এজেন্টদ্বারা উপস্থিত হইবার অনুমতি দেওয়া যায় এমত স্থলে উচিত মতে ক্ষমতাপন্ন কোন এজেন্টের দ্বারা উপস্থান জানান, কিম্বা আপনি উপস্থিত হন, তবে সেই প্রকারের আজ্ঞা করিতে হইবে না ইতি। (স্মু মো আ, ও রা আ)

[উভয় পক্ষ অনুপস্থিত থাকিলে মোকদ্দমা ডিস্মিস্ হইবার কথা।]

১৬০ ধারা। প্রতিবাদির উপস্থিত হইয়া উত্তর করিবার জন্যে নিরূপিত দিনে, কিম্বা মোকদ্দমা স্থগিত রাখা গেলে তাহা শুনিবার জন্যে পশ্চাতের যে দিন নিরূপিত হইল সেই অন্য দিনে আদালতকর্ত্তৃক আহূত হওন সময়ে উভয় পক্ষ অনুপস্থিত থাকিলে মোকদ্দমা ডিস্মিস্ হইবে ইতি। (স্মু মো আ, ও রা আ)

[এমত স্থলে বাদী নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, কিম্বা আদালত নূতন সমন জারী করিতে পারিবেন ইহার কথা।]

১৬১ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারার মধ্যে অন্যতর ধারামতে কোন মোকদ্দমা ডিস্মিস্ হইলে যদি তামাদির আইনমতে বাধা না হয়, তবে বাদী নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, অথবা আদালতের আজ্ঞানুসারে নিরূপিত সময়ের মধ্যে আমানৎ না করিবার অথবা অনুপস্থিত থাকিবার উপযুক্ত কোন হেতু ছিল, বাদী যদি ইহার সন্তোষজনক প্রমাণ মোকদ্দমা ডিস্মিস্ হইবার আজ্ঞার তারিখের পরে ত্রিশ দিনের মধ্যে আদালতকে দেখান, তবে পূর্ব্বে যে নালিশপত্র দাখিল হইয়াছিল, আদালত তাহার পরে নূতন সমন জারী করিতে পারিবেন ইতি। (স্মু মো আ, ও রা আ)

[কেবল বাদী উপস্থিত হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৬২ ধারা। বাদী উপস্থিত হইলে যদি প্রতিবাদী অনুপস্থিত থাকেন, আর মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির জন্যে সমন হউক, কি কেবল তর্ক নিরূপণের জন্যে সমন হউক, উচিতমতে সমন সমর্পিত হইয়াছে আদালত যদি ইহার সন্তোষজনক প্রমাণ পান, তবে আদালত একতরফা প্রমাণেতে মোকদ্দমা শ্রবণ করিতে বা অন্য কোন দিন পর্য্যন্ত তাহা স্থগিত রাখিতে পারিবেন। যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির জন্যে সমন জারী

of the justice of the plaintiff's claim, may proceed to pass a decree *ex parte* in his favour. (S. C. C. & R. C.)

[If defendant appear on day of adjourned hearing and assign good cause for previous non-appearance, he may be heard.]

CLXIII. If the defendant, on any subsequent day to which the hearing of the suit *ex parte* shall have been adjourned, shall appear and assign good cause for his previous non-appearance, he may upon such terms as the Court may direct as to costs or otherwise, be heard in answer to the suit, in like manner as if he had appeared on the day fixed for his appearance. (S. C. C. & R. C.)

[If plaintiff only appear, and due service of summons be not proved, Court may order issue of second summons.]

CLXIV. If the plaintiff shall appear and the defendant shall not appear, and it shall not be proved to the satisfaction of the Court that the summons was duly served in any of the modes of service hereinbefore provided, the Court may direct a second summons to the defendant to be issued in any of the said modes. (S. C. C. & R. C.)

[If plaintiff only appear, and it be proved that summons was served, but not in due time, Court may adjourn hearing and direct notice to be given to defendant.]

CLXV. If the plaintiff shall appear and the defendant shall not appear, and it shall be proved to the satisfaction of the Court that the summons was served on the defendant, but not in sufficient time to enable him to appear and answer on the day fixed in the summons, the Court shall postpone the hearing of the suit to a future day to be fixed by the Court, and may direct notice of such day to be given to the defendant. (S. C. C. & R. C.)

[If defendant only appear, Court to make decree by default against plaintiff, unless defendant admit claim.]

CLXVI. If the defendant shall appear and the plaintiff shall not appear, the Court shall pass a decree against the plaintiff by default, unless the defendant admit the claim, in which case the Court shall pass a decree against the defendant upon such admission. (S. C. C. & R. C.)

হইয়া থাকে, তবে আদালত বাদির দাওয়া যে ন্যায্য ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে তাঁহার পক্ষে একতরফা ডিক্রী করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদী যদি মোকদ্দমা শুনিবার জন্যে নিরূপিত অন্য দিবসে উপস্থিত হইয়া পূর্ব্ব অনুপস্থানের যোগ্য কারণ দেখান, তবে তাঁহার উত্তর শুনিতে যোগ্য হইবার কথা।]

১৬৩ ধারা। মোকদ্দমা স্থগিত রাখা গেলে পশ্চাতের যে কোন দিন তৎশ্রবণার্থে নিরূপিত হয়, প্রতিবাদী সেই দিনে উপস্থিত হইয়া যদি পূর্ব্ব অনুপস্থানের যোগ্য কারণ দেখান, তবে খরচা দিবার কি প্রকারান্তরের যে নিয়ম আদালত নির্দ্দিষ্ট করিবেন সেই নিয়মের অধীনে মোকদ্দমার উত্তররূপে তাঁহার কথা শুনিতে পারা যাইবে, অর্থাৎ উপস্থানার্থে নিরূপিত দিনে উপস্থিত হইলে যেমন তাহা শুনা যাইত তেমনি শুনিতে পারা যাইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[কেবল বাদী উপস্থিত হইলে সমন যে উচিত মতে সমর্পিত হইয়াছে এমত প্রমাণ যদি না পাওয়া যায়, তবে আদালত দ্বিতীয় সমন জারী হইবার আজ্ঞা করিতে পারিবেন ইহার কথা।]

১৬৪ ধারা। বাদী উপস্থিত হইলে যদি প্রতিবাদী অনুপস্থিত থাকেন, এবং এই আইনের পূর্ব্বভাগে নির্দ্দিষ্ট কোন প্রণালী অনুসারে উচিতমতে সমন সমর্পিত হইয়াছে ইহার হৃদ্বোধজনক প্রমাণ যদি আদালত না পান, তবে আদালত উক্ত কোন প্রণালী অনুসারে প্রতিবাদির উপর দ্বিতীয় সমন জারী হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[কেবল বাদী উপস্থিত হইলে সমন সমর্পিত হইয়া উপযুক্ত সময়ের মধ্যে সমর্পিত হয় নাই এমত প্রমাণ যদি হয়, তবে আদালত মোকদ্দমা শ্রবণের অন্য দিন নিরূপণ করিয়া প্রতিবাদিকে সংবাদ দিবার আজ্ঞা করিতে পারিবেন, ইহার কথা।]

১৬৫ ধারা। বাদী উপস্থিত হইলে যদি প্রতিবাদী অনুপস্থিত থাকেন, এবং প্রতিবাদির প্রতি সমন সমর্পিত হইয়াছে বটে, কিন্তু সমনে নিরূপিত দিনে উপস্থিত হইয়া উত্তর করিবার জন্যে প্রতিবাদিকে প্রয়োজনীয় অবকাশ দিবার মত উপযুক্ত সময়ে সমর্পিত হয় নাই, ইহার হৃদ্বোধজনক প্রমাণ যদি আদালত প্রাপ্ত হন, তবে আদালত মোকদ্দমা স্থগিত রাখিয়া তাহা শুনিবার নিমিত্তে পশ্চাতের কোন দিন নিযুক্ত করিবেন এবং সেই দিনের সংবাদ প্রতিবাদিকে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[যদি কেবল প্রতিবাদী উপস্থিত হন, তবে তিনি দাওয়া স্বীকার না করিলে বাদির বিপক্ষে ক্রটিজন্য ডিক্রী করা আদালতের কর্ত্তব্য ইহার কথা।]

১৬৬ ধারা। কেবল প্রতিবাদী উপস্থিত হইলে যদি বাদী অনুপস্থিত থাকেন, তবে আদালত বাদির বিপক্ষে ক্রটিজন্য ডিক্রী করিবেন, কিন্তু প্রতিবাদী দাওয়া স্বীকার করিলে আদালত সেই স্বীকারক্রমে প্রতিবাদির বিপক্ষ ডিক্রী করিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[Bar of fresh suit by decree against plaintiff by default.]

CLXVII. When a decree is passed against a plaintiff by default, he shall be precluded from bringing a fresh suit in respect of the same cause of action. (S. C. C. & R. C.)

[ক্রটিজন্য বাদির বিপক্ষে ডিক্রী হইলে নূতন মোকদ্দমা হইতে না পারিবার কথা।]

১৬৭ ধারা। বাদির বিপক্ষে ক্রটিজন্য ডিক্রী হইলে পর, তিনি বিবাদের সেই হেতু বিষয়ক নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Procedure in case of non-attendance of one or more of several plaintiffs.]

CLXVIII. If there are more plaintiffs than one, and one or more of them shall appear in person or by an Advocate or by a co-plaintiff duly authorized, and the other or others of them shall not appear in person nor by an Advocate nor by a co-plaintiff duly authorized, the Court may proceed with the suit at the instance of the plaintiff or plaintiffs who shall have appeared, in the same way as if all the plaintiffs had appeared, and pass such order as may seem just. (S. C. C. & R. C.)

[অনেক বাদির মধ্যে এক কি অধিক জন অনুপস্থিত থাকিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৬৮ ধারা। অনেক জন বাদী থাকিলে যদি তাঁহাদের মধ্যে এক কি অধিক জন স্বয়ং কি উকীলের দ্বারা কি উচিত মতে ক্ষমতাপন্ন সহবাদিদ্বারা উপস্থিত হন, কিন্তু অন্য এক কি অধিক জন না স্বয়ং, না উকীলের দ্বারা, না উচিত মতে ক্ষমতাপন্ন সহবাদিদ্বারা উপস্থিত হন, তবে যাবতীয় বাদী উপস্থিত হইবার মত আদালত ঐ উপস্থিত এক কি অধিক জন বাদির যত্নক্রমে মোকদ্দমার কার্য্যসম্পাদনে প্রবর্ত্ত হইয়া যে আজ্ঞা ন্যায্য বোধ হয় এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Procedure in case of non-attendance of one or more of several defendants.

CLXIX If there are more defendants than one, and one or more of them shall appear in person or by an Advocate or by a co-defendant duly authorized, andthe others of them shall not appear in person or by an Advocate or by a co-defendant duly authorized, the Court shall proceed with the suit, and shall at the time of passing judgment make such order with respect to the defendant or defendants who shall not have appeared as shall seem just. (S. C. C. & R. C.)

[অনেক জন প্রতিবাদির মধ্যে এক কি অধিক জন অনুপস্থিত হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৬৯ ধারা। অনেক জন প্রতিবাদী থাকিলে যদি তাঁহাদের মধ্যে এক কি অধিক জন স্বয়ং কি উকীলের দ্বারা কি উচিত মতে ক্ষমতাপন্ন সহপ্রতিবাদিদ্বারা উপস্থিত হন, কিন্তু অন্য এক কি অধিক জন না স্বয়ং, না উকীলের দ্বারা, না উচিত মতে ক্ষমতাপন্ন সহপ্রতিবাদিদ্বারা উপস্থিত হন, তবে আদালত মোকদ্দমার কার্য্যসম্পাদনে প্রবর্ত্ত হইয়া নিষ্পত্তি করণ কালে ঐ অনুপস্থিত এক কি অধিক জন প্রতিবাদির পক্ষে যেরূপ আজ্ঞা ন্যায্য বোধ হয় তদ্রূপ আজ্ঞা করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Consequence of non-attendance, without sufficient cause shown, of party ordered to appear in person.]

CLXX. If a plaintiff or defendant who shall have been ordered to appear in person under the provisions of Section 73 or Section 74 shall not appear in person, or show sufficient cause to the satisfaction of the Court for failing so to appear, such plaintiff or defendant shall be subject to all the provisions of the foregoing Sections applicable to plaintiffs and defendants, respectively, who do not appear. (S. C. C. & R. C.)

[কোন ব্যক্তির স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা হইলে, তিনি উপযুক্ত কারণ না দেখাইয়া অনুপস্থিত থাকিলে তাহার ফলের কথা।]

১৭০ ধারা। ৭৩ ধারার কি ৭৪ ধারার বিধানানুসারে কোন বাদির কি প্রতিবাদির প্রতি স্বয়ং উপস্থিত হইবার আদেশ হইলে, যদি তিনি স্বয়ং উপস্থিত না হন কি অনুপস্থিত থাকিবার উপযুক্ত কারণ আদালতের সন্তোষমতে না দেখান, তবে অনুপস্থিত বাদি কি প্রতিবাদিগণবিষয়ক যে সকল বিধান ইহার পূর্ব্বের কএক ধারাতে আছে, উক্ত বাদী কি প্রতিবাদী তাহার অধীন হইবেন ইতি। (ক্ষু. মো. আ, ও রা. আ.)

[Court to receive written declaration in support of cause shown for failure to appear.]

CLXXI. In support of the cause shown by a plaintiff or defendant for failing to appear in person, the Court shall receive any declaration in writing on paper, which shall bear the stamp required for petitions to the Court where a stamp is required for petitions, signed by such plaintiff or defendant and verified in the manner hereinbefore provided for the verification of plaints. (S. C. C. & R. C.)

[অনুপস্থিতির কারণের প্রতিপোষকপত্র আদালতের গ্রাহ্য করিবার কথা।]

১৭১ ধারা। কোন বাদী কি প্রতিবাদী স্বয়ং উপস্থিত না হইবার যে কারণ দেখান আদালত তৎপ্রতিপোষক লিখিত প্রতিজ্ঞা গ্রাহ্য করিবেন। ঐ বাদী কি প্রতিবাদী তাহাতে স্বাক্ষর করিয়া অভিযোগপত্র সত্য করণের যে বিধান এই আইনের পূর্ব্বভাগে লিখিত আছে তন্নির্দ্দিষ্টমতে তাহা সত্য করিবেন, ও যদি সেই আদালতে প্রার্থনাপত্রের উপর ষ্টাম্প লাগে তবে প্রার্থনাপত্রের জন্যে নির্দ্ধারিত মূল্যের ষ্টাম্প ঐ পত্রে দিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Setting aside decree *ex parte* against defendant.]

CLXXII. In any case in which a decree shall be passed *ex parte* against a defendant under Section 162, he may within a reasonable time not exceeding thirty days after any process for enforcing the decree has been executed apply to the Court by which the decree was made for an order to set it aside; and if it shall be proved to the satisfaction of the Court that the summons was not duly served, or that the defendant was prevented by any sufficient cause from appearing when the suit was called on for hearing, and, if in a suit involving a claim to money, the amount with costs be paid into Court, the Court shall pass an order to set aside the decree upon such terms as to costs or otherwise as it shall think fit, and shall appoint a day for proceeding with the suit. (S. C. C. & R. C.)

[Setting aside judgment by default against plaintiff.]

CLXXIII. In any case in which a decree is passed against a plaintiff by default under Section 166, he may within thirty days from the date of the decree apply for an order to set it aside, and if it shall be proved to the satisfaction of the Court that the plaintiff was prevented by any sufficient cause from appearing when the suit was called on for hearing, the Court shall pass an order to set aside the decree upon such terms as to costs or otherwise as it shall think fit, and shall appoint a day for proceeding with the suit. (S. C. C. & R. C.)

[No judgment to be set aside, without notice to opposite party.]

CLXXIV. No decree shall be set aside on any such application as aforesaid, unless notice thereof shall have been served on the opposite party. (S. C. C. & R. C.)

[Order for setting aside judgment to be final.]

CLXXV. In every case in which the Court shall pass an order under Section 172 or Section 173, for setting aside a decree, the order shall be final. (S. C. C. & R. C.)

Of Payment into Court.

[Deposit by defendant of amount considered by him to be in full satisfaction of claim, with costs up to date. Notice of deposit. Interest on sum deposited not allowed to plaintiff after receipt of notice.]

CLXXVI. The defendant in any suit involving a claim to money, may at any stage of the suit deposit in Court such sum of money as he

[প্রতিবাদির বিপরীতে একতরফা ডিক্রী হইলে তাহা অন্যথা করিবার কথা।]

১৭২ ধারা। কোন মোকদ্দমায় প্রতিবাদির বিপরীতে ১৬২ ধারানুসারে একতরফা ডিক্রী হইলে, তিনি সেই ডিক্রী প্রবল করণের কোন আজ্ঞাপত্র সাধন হওনানন্তর ত্রিশ দিনের অনধিক যুক্তিসিদ্ধ কালের মধ্যে ডিক্রী-কারক আদালতের নিকটে ডিক্রী অন্যথা করিবার প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে আহ্বানপত্র নিয়ম-মতে দেওয়া যায় নাই কিম্বা শ্রবণার্থে মোকদ্দমা উপ-স্থিত করিবার সময়ে প্রতিবাদি উপযুক্ত কারণ বশতঃ উপস্থিত হইতে পারিলেন না যদি আদালত ইহার হৃদ্বোধজনক প্রমাণ পান, এবং টাকার দাওয়া সম্বলিত মোকদ্দমা হইলে যদি ব্যয় সুদ্ধ সেই টাকা আদালতে অর্পণ করা যায়, তবে আদালত ব্যয় দিবার কি না দিবার যেরূপ নিয়ম উপযুক্ত জ্ঞান করেন তদ্রূপ নিয়ম করিয়া ঐ ডিক্রী অন্যথা করণের আজ্ঞা প্রচার করিয়া মোকদ্দমার কার্য্য চলিবার কোন দিন নিরূপণ করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[বাদির ত্রুটি হইলে তাহার বিপক্ষ ডিক্রী অন্যথা করিবার কথা।]

১৭৩ ধারা। কোন মোকদ্দমায় ১৬৬ ধারানুসারে বাদির বিপক্ষে ত্রুটিপ্রযুক্ত ডিক্রীহইলে তিনি ডিক্রীর তারিখের পরে ত্রিশ দিনের মধ্যে তাহার অন্যথা হওনার্থে প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে শ্রবণার্থে মোকদ্দমা উপস্থিত করিবার সময়ে বাদী উপযুক্ত কারণ বশতঃ উপস্থিত হইতে পারিলেন না আদালত ইহার হৃদ্বোধজনক প্রমাণ পাইলে ব্যয় দিবার কি না দিবার যে নিয়ম উপযুক্ত জ্ঞান করিবেন, তদনু-সারে ঐ ডিক্রী অন্যথা হওনের আজ্ঞা করিয়া মোক-দ্দমার কার্য্য সম্পাদনের কোন দিন নিরূপণ করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.

[বিপক্ষ পক্ষকে সংবাদ না দিলে নির্ণয়পাদ অন্যথা করিতে না হইবার কথা।]

১৭৪ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের প্রার্থনার সংবাদ বিপক্ষ পক্ষকে অগ্রে না দিলে, সেই প্রার্থনাক্রমে কোন ডিক্রী অন্যথা করিতে হইবে না ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[নির্ণয়পাদ অন্যথা হইবার আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।]

১৭৫ ধারা। কোন মোকদ্দমায় আদালত ১৭২ কি ১৭৩ ধারানুসারে ডিক্রী অন্যথা হইবার আজ্ঞা করিলে সেই আজ্ঞা চূড়ান্ত হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

আদালতে টাকা সমর্পণ করিবার কথা।

[দাওয়ার পূর্ণ পরিশোধার্থে প্রতিবাদী যত টাকা প্রচুর জ্ঞান করেন তাহা, ও উপস্থিত তারিখ পর্য্যন্ত ব্যয় অর্পণ করিবার কথা ও তাহার সংবাদ দিবার কথা ও সংবাদ পাইলে পর সেই অর্পিত টাকার উপর বাদির সুদ পাইতে না পারিবার কথা।]

১৭৬ ধারা। টাকার দাওয়া সম্বলিত মোকদ্দমা সম্পাদনের কোন সময়ে প্রতিবাদী যত টাকা বাদির দাওয়ার পূর্ণ পরিশোধ জ্ঞান করেন, তত টাকা

considers a satisfaction in full of the claim including the costs incurred by the plaintiff, up to the time of such deposit. Notice of the deposit shall be given to the plaintiff, and the amount of the deposit shall be paid to him on his application. No interest shall be allowed to the plaintiff on any sum deposited by the defendant from the date of the receipt of such notice, whether the sum deposited be in full of the claim or fall short thereof. (S. C. C. & R. C.)

[Plaintiff may proceed for sum claimed in excess of amount deposited by defendant.]

CLXXVII. Nothing in the last preceding Section shall be held to bar the plaintiff in any suit, in which the defendant shall deposit less than the amount claimed by the plaintiff from proceeding in the suit for the recovery of the balance. (S. C. C. & R. C.)

Of Written Statements.

[Written statements.]

CLXXVIII. The parties at the first hearing of the suit, may tender written statements of their respective cases, and the Court shall receive and record such statements.

[Written statements to be on stamp paper.]

CLXXIX. Written statements shall be on the stamp paper prescribed for petitions to the Court, where a stamp is required for petitions.

[Particulars of set-off to be given in a written statement.]

CLXXX. If in a suit for a debt the defendant desire to set-off against the claim of the plaintiff the amount of any debt due to him from the plaintiff, and a suit for the recovery of the amount of such debt is not barred by the law of limitations, the defendant shall, at the first hearing of the suit, but not afterwards unless permitted by the Court, tender a written statement containing the particulars of his demand, and the Court shall thereupon enquire into the same.

Explanation.—The debts mentioned in this Section include not only pecuniary debts, but claim for specific articles of the same nature. (S. C. C. & R. C.)

[No written statement to be received after first hearing unless called for by Court. Court may at any time call for written statement.]

CLXXXI. Except as provided in the last preceding Section, no written statement shall be received after the first hearing of the suit unless called for by the Court. The Court may, at any

আদালতে অর্পণ করিতে পারিবেন। এবং তাহা অর্পণ করিবার সময় পর্য্যন্ত বাদির যে ব্যয় হইয়াছে তাহাও অর্পণ করিবেন। টাকা অর্পিত হইবার সংবাদ বাদিকে দেওয়া যাইবে, ও তাঁহার প্রার্থনাক্রমে সেই অর্পিত টাকা তাঁহাকে দত্ত হইবে। সেই অর্পিত টাকাতে বাদির দাওয়ার সম্পূর্ণ শোধ হউক কি না হউক, বাদী যে তারিখে টাকা অর্পিত হইবার সংবাদ পান, সেই তারিখ অবধি প্রতিবাদিকর্ত্তৃক অর্পিত ঐ টাকার উপর বাদিকে কোন সুদ দেওয়া যাইবে না ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[অর্পিত টাকার অতিরিক্ত যত টাকার দাওয়া করেন তাহা পাইবার জন্যে বাদির মোকদ্দমা সম্পাদনের কথা।]

১৭৭ ধারা। প্রতিবাদী যে টাকা অর্পণ করেন তাহা যদি বাদির দাওয়ার ন্যূন হয়, তবে বাদির ঐ বাকী টাকা আদায়ার্থে ইহার অব্যবহিত পূর্ব্বধারার কোন কথাক্রমে তাঁহার সেই মোকদ্দমার কার্য্য চালাইবার প্রতিবন্ধক হইবে না ইতি। (স্মু. মো. আ, ও রা. আ.)

বর্ণনাপত্রের কথা।

[বর্ণনাপত্রের কথা।]

১৭৮ ধারা। মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে উভয় পক্ষ আপন২ বিবাদের বর্ণনাপত্র অর্পণ করিতে পারিবেন, এবং আদালত তাহা গ্রাহ্য করিয়া কাগজপত্রের সহিত রাখিবেন ইতি।

[বর্ণনাপত্র ষ্টাম্পকাগজে লিখিতে হইবার কথা।]

১৭৯ ধারা। সেই আদালতে যদি প্রার্থনাপত্রের উপর ইষ্টাম্প লাগে তবে প্রার্থনাপত্রের নির্দ্ধারিত মূল্যের ইষ্টাম্প কাগজে সেই বর্ণনা লিখিতে হইবে ইতি।

[দাওয়াহইতে যাহা বাদ দিতে হয় তাহা ঐ বর্ণনাপত্রে সবিশেষে লিখিবার কথা।]

১৮০ ধারা। ঋণ বিষয়ক মোকদ্দমা হইলে যদি প্রতিবাদী বাদির নিকটে আপনার প্রাপ্য টাকা বাদির দাওয়াহইতে বাদ দেওয়াইতে চাহেন, অথচ মোকদ্দমা করিবার সময়ের সীমা নিরূপণের আইনক্রমে সেই টাকা আদায়ের বাধা না হয়, তবে মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে প্রতিবাদী আপনার সেই দাওয়ার বৃত্তান্ত সম্বলিত বর্ণনাপত্র সমর্পণ করিতে পারিবেন, কিন্তু আদালতের বিশেষ অনুমতি বিনা পশ্চাৎ অর্পণ করিতে পারিবেন না। বর্ণনাপত্র সমর্পিত হইলে আদালত তাহার অনুসন্ধান করিবেন।

ব্যাখ্যা।—এই ধারাতে যে ঋণের উল্লেখ করা গেল তন্মধ্যে টাকার ঋণ যেমন গণ্য তেমনি তুল্য প্রকারের বস্তুবিশেষের দাওয়াও গণ্য ইতি। (স্মু. মো. আ, ও রা. আ.)

[প্রথম বার মোকদ্দমা শ্রবণের পরে আদালতের বিশেষ আজ্ঞা বিনা বর্ণনাপত্রের অগ্রাহ্য হইবার কথা, ও কোন সময়ে বর্ণনাপত্র উপস্থিত করিবার আজ্ঞা দিতে আদালতের ক্ষমতার কথা।]

১৮১ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্বধারার উল্লিখিত স্থলভিন্ন, কোন স্থলে মোকদ্দমা প্রথম বার শ্রবণের পরে আদালতের বিশেষ আজ্ঞা বিনা কোন বর্ণনাপত্র গ্রাহ্য হইবে না। আদালত কোন সময়ে মোকদ্দমার

time call for a written statement, or an additionall written statement, from any of the parties, and fix a time for the filing of the same. When such statements are called for by the Court, they may be received on plain paper.

[Frame of written statements.]

CLXXXII. Written statements shall be as brief as the nature of the case will admit, and shall not be argumentative, nor by way of answer one to the other; but shall be confined as much as possible to a simple narrative of the facts which the party by whom or on whose behalf the written statement is made believes to be material to the case, and which he believes he will be able to prove.

[Written statements to be subscribed and verified.]

CLXXXIII. Written statements shall be subscribed and verified in the manner hereinbefore provided for subscribing and verifying plaints and no written statement shall be received unless it be so subscribed and verified.

[Procedure when party fails to present written statement called for by Court.]

CLXXXIV. If any party from whom a written statement shall have been called for under Section 181 shall fail to present the same within the time fixed by the Court, the Court may pass a decree against him, or make such other order in relation to the suit as it may deem proper.

[Court may reject written statement which is argumentative, prolix or irrelevant.]

CLXXXV. If it shall appear to the Court that any written statement, whether it shall have been called for by the Court, or spontaneously tendered, is argumentative or prolix, or that it contains matter irrelevant to the suit, the Court may strike out any part of the statement, or, by an order to be endorsed thereon reject the same, and return it to the party by whom it was made, imposing such terms as to costs and otherwise as to the Court shall seem fit. It shall not be competent to such party to present another written statement, unless it shall be expressly called for or allowed by the Court. (S. C. C. & R. C.)

Of the Examination of the Parties at the First Hearing.

[Oral examination of party, or companion of himself or his Advocate. Substance of examination to be written.]

CLXXXVI. At the first hearing of the suit or at any subsequent hearing, any party who

কোন পক্ষকে কোন বিশেষ বর্ণনাপত্র কি অতিরিক্ত বর্ণনাপত্র লিখিয়া আনিবার আজ্ঞা করিতে ও তাহা অর্পণ করিবার সময় নিরূপণ করিতে পারিবেন। আদালত তদ্রূপ যে বর্ণনাপত্র উপস্থিত করিবার আজ্ঞা করেন, তাহা বিনা ইষ্টাম্প কাগজে গ্রাহ্য হইবে ইতি।

[বর্ণনাপত্রের রচনার কথা।]

১৮২ ধারা। বিবাদের ভাববিবেচনায় বর্ণনাপত্র যথাসাধ্য সংক্ষেপে লিখিতে হইবে, আর তর্ক বিতর্কের নিয়মানুসারে কিম্বা বিপক্ষ বর্ণনাপত্রের উত্তরস্বরূপে তাহা লিখিতে হইবে না। বর্ণনাপত্র যে ব্যক্তির হয় কিম্বা যে ব্যক্তির পক্ষে হয়, সেই ব্যক্তির বিবেচনানুসারে যেং ঘটনা মোকদ্দমা সম্পর্কে গুরুতর, ও যাহার প্রমাণ দেওয়া তাঁহার সাধ্য বোধ হয়, সাধ্যমতে কেবল সেইং ঘটনার সরল বৃত্তান্ত সেই ব্যক্তির বর্ণনাপত্রে লেখা যাইবে ইতি।

[বর্ণনাপত্রে স্বাক্ষর করিবার ও তাহা সত্য করিবার কথা।]

১৮৩ ধারা। অভিযোগপত্রে স্বাক্ষর করিবার ও তাহা সত্য করিবার যে প্রণালী এই আইনের পূর্ব্বভাগে লিখিত হইয়াছে সেই প্রণালীতে বর্ণনাপত্রে স্বাক্ষর করিয়া তাহা সত্য করিতে হইবে, এবং উক্ত মতে স্বাক্ষরিত ও সত্যকৃত না হইলে কোন বর্ণনাপত্র গ্রাহ্য হইবে না ইতি।

[কোন পক্ষ আদালতের আদেশমতে বর্ণনাপত্র না দিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৮৪ ধারা। মোকদ্দমার কোন পক্ষের প্রতি ১৮১ ধারামতে বর্ণনাপত্র দিবার আদেশ হইলে যদি তিনি আদালতের নিরূপিত সময়ের মধ্যে তাহা উপস্থিত না করেন, তবে আদালত তাঁহার বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন, অথবা মোকদ্দমার সম্পর্কে অন্য যে আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন তাহা করিতে পারিবেন ইতি।

[তার্কিক কি অতি দীর্ঘ কি অপ্রাসঙ্গিক বর্ণনাপত্র অগ্রাহ্য করিতে আদালতের ক্ষমতার কথা।]

১৮৫ ধারা। কোন ব্যক্তি আদালতের বিশেষ আজ্ঞাক্রমে কি নিজ ইচ্ছাক্রমে যে বর্ণনাপত্র সমর্পণ করেন, তাহা তর্ক বিতর্কের নিয়মানুসারে লিখিত, কি প্রয়োজনাতিরিক্ত দীর্ঘ, কি মোকদ্দমার বিষয়ের সহিত অসম্বন্ধ কথা সম্বলিত, যদি আদালতের এমত বোধ হয়, তবে আদালত তাহার কোন অংশ কাটিতে পারিবেন, কিম্বা পৃষ্ঠে লিখিত আজ্ঞাদ্বারা তাহা অগ্রাহ্য করিয়া যে ব্যক্তি তাহা করিয়াছিলেন তাঁহাকে তাহা ফিরিয়া দিতে পারিবেন, এবং ব্যয় দিবার কি না দিবার যেরূপ নিয়ম উপযুক্ত জ্ঞান করেন তাহা করিতে পারিবেন। কোন ব্যক্তি আদালতের বিশেষ আজ্ঞা কি স্পষ্ট অনুমতি বিনা অন্য বর্ণনাপত্র সমর্পণ করিতে পারিবেন না ইতি। (ক্ষু. মো. আ. ও র. আ.)

প্রথম শ্রবণ কালে উভয় পক্ষকে জিজ্ঞাসাবাদ করিবার বিধি।

A fee of Rupees 16 shall be paid for every license granted under Section 8 of Act III. (B. C.) of 1865 for the storage of inflammable oils.

Rules for grant of License for removal of inflammable oils.

Application for licenses for removal of inflammable oils in quantities exceeding twenty gallons shall specify the description and quantity of oil to be removed and the places from and to which, and the route by which, the oil is to be removed, and shall describe the receptacle in which the oil is contained.

The license shall state the description and quantity of oil to be removed, the place to and from which, and the route by which, and the receptacle in which, it is to be removed, and the time for which it is granted.

All oils thus removed shall be conveyed in covered carts between the hours of 6 A. M. and 6 P. M.

A fee of 1 Rupee shall be charged for the grant of each license.

DECLARATION UNDER SECTION II., ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the Calcutta Municipal Conservancy Railway, it is hereby declared that, for the above purpose, a plot of land measuring 1 cottah and 5 chittacks, more or less, situated in the Talook of Sootanutty, near Shoba Bazaar, in the Town of Calcutta, being portions of Premises Nos. 109, 110, Upper Circular Road, is required.

The land is a narrow slip along the public drain, and is bounded on the West by Circular Road, and on the North, South, and East by the respective properties of Gobindomoney Dassee, Tincowree Dassee, and Ramdhone Dutt.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৬ । ২৭ মার্চ ।]

সেই ঘরের মধ্যে আশুজ্বলনশীল তৈলের কোন পিপা কি অন্য আধার খোলা না যায় কি তৈল বাহির করা না হয় ।

সেই ঘরের মধ্যে কোন সময়ে প্রজ্বলিত কোন বাতি কি প্রদীপ কি কোন প্রকারের আগুণ লইয়া যাইতে হইবে না ।

অনুমতিপত্রদায়ি কার্য্যকারক কিম্বা তদ্দ্বারা নিযুক্ত কোন কার্য্যকারক ঐ গৃহ পরিদর্শনার্থে পূর্ব্বাহ্নের ৮ ঘন্টা ও অপরাহ্নের ৪ ঘন্টার মধ্য কোন সময়ে সেই২ গৃহে প্রবেশ করিতে পারিবেন ।

যাঁহাকে অনুমতিপত্র দেওয়া গিয়াছে তিনি অনুমতিপত্রদায়ি কার্য্যকারকের স্থানে ঐ ঘরের জীর্ণ সংস্কার করিতে আজ্ঞা প্রাপ্ত হইলে পর সপ্তাহের মধ্যে যদি তাহা না করেন, তবে সেই অনুমতিপত্র রহিত হইতে পারিবে ।

১৮৬৫ সালের বঙ্গদেশীয় ৩ আইনের ৮ ধারামতে আশুজ্বলনশীল তৈল সঞ্চিত করিবার যে অনুমতিপত্র দেওয়া যায় তাহার প্রত্যেকের জন্যে ১৬ টাকা শুল্ক দেওয়া যাইবে ।

আশুজ্বলনশীল তৈল স্থানান্তর করিবার অনুমতিপত্র দানের বিধি ।

আশুজ্বলনশীল তৈলের বিশ গালনের অধিক স্থানান্তর করিবার অনুমতিপত্রের নিমিত্তে প্রার্থনা হইলে যত ও যে প্রকারের তৈল যে স্থান হইতে যে পথ দিয়া যে স্থানে লইয়া যাইবার কল্পনা হয় ও সেই তৈল যে প্রকারের আধারে থাকে এই সকল কথা ঐ প্রার্থনা পত্রে নির্দ্দিষ্ট করিতে হইবে ।

যে প্রকারের ও যত তৈল যে স্থান হইতে যে পথ দিয়া যে স্থানে ও যে আধারে লইয়া যাইতে হইবে এই সকল কথা এবং অনুমতিপত্র যত দিনের নিমিত্তে দেওয়া যায় তাহাও অনুমতিপত্রে ব্যক্ত থাকিবে ।

যে সকল তৈল সেই প্রকারে লইয়া যাইতে হইবে তাহা পূর্ব্বাহ্নের ৬ ঘন্টা ও অপরাহ্নের ৬ ঘন্টার মধ্য কোন সময়ে আবৃত গাড়ীতে লইয়া যাইতে হইবে ।

প্রত্যেক অনুমতিপত্র দানের এক টাকা শুল্ক লাগিবে ।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা মুনিসিপল কন্সার্ব্বেন্সী রেলওয়ের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের অন্তর্গত শোভাবাজারের নিকট সূতানুটী তালুকের মধ্যে ন্যূনাধিক /১।/ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন । উক্ত ভূমি উত্তর সরকুলর পথের ১০৯ ও ১১০ নং বাটীর অংশ ।

উক্ত ভূমি, রাজকীয় নর্দ্দমার সঙ্গে২ একখণ্ড ফালি ভূমি, ইহার পশ্চিম সীমা সরকুলর রোড, এবং উত্তর দক্ষিণ ও পূর্ব্ব সীমা, গোবিন্দ মণি দাসীর ও তিনকৌড়ি দাসীর ও রামধন দত্তের সম্পত্তি ।

NOTIFICATION.

The 20th March 1866.

Information having been received of cholera having broken out among labourers recruited under Act III. (B. C.) of 1863 in the Districts of the Chota Nagpore Division on their way to the Presidency through Raneegunge, the Lieutenant-Governor is pleased to notify that instructions have been issued to magisterial officers in the said Districts prohibiting all recruiting operations for the next three months, or until further orders.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২০ মার্চ।

ছোট নাগপুর খণ্ডের সকল জিলাতে যে সকল মজুর দল বঙ্গদেশের ১৮৬৩ সালের ৩ আইনমতে সংগৃহীত হইয়া রাণীগঞ্জ দিয়া রাজধানী আসিতে-ছিল তাহাদের মধ্যে পথে ওলাউঠা রোগের প্রাদুর্ভাব হইয়াছে এমত সংবাদ প্রাপ্ত হওয়াতে শ্রীযুত লেপ্টে-লেন্ট গবর্ণর সাহেব জ্ঞাত করিতেছেন যে, আগামি তিন মাস পর্য্যন্ত কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ২ জিলাতে মজুর সংগ্রহের কার্য্য স্থগিত হয়, এই মর্ম্মের উপদেশ ঐ২ জিলার মাজিষ্ট্রেটী কার্য্যকারক-দিগকে দেওয়া গিয়াছে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

No. 60.

LOCAL.

Declaration under Section II. of Act VI. of 1857.

The 19th March 1866.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the site of the existing Dâk Bungalow at Jehanabad, Pergunnah Chynepore, in the District of Shahabad, it is hereby notified that, for the above purpose, a piece of land measuring, more or less, 1 beegah and 10 cottahs, and bounded on the North by the Grand Trunk Road, on the East and West by the waste lands of Choonee Sahoo, and on the South by the cultivated lands of the said Choonee Sahoo, is required.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lieut.-Col., R. E.,*
Offg. Secy. to the Govt. of Bengal,
in the Public Works Department.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

৬০ নম্বর।

স্থানীয়।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৯ মার্চ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেলেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শাহাবাদ জি-লার অন্তর্গত চাইনপুর পরগনার জাহানাবাদে এখন যে ডাক বাঙ্গলা আছে তাহার ভূমিক্রয় করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১৷৷০ বিঘা ভূমির প্রয়োজন, উক্ত ভূমির উত্তর সীমা উত্তর পশ্চিম গমনের পথ, পূর্ব্ব ও পশ্চিম সীমা চুনি সাহার পতিত ভূমি, দক্ষিণ সীমা উক্ত চুনি সাহার কর্ষিত ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে ই টী নিকল্‌স লেপ্টেনেণ্ট কর্ণেল, আ, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS (RAILWAY) DEPARTMENT,—BENGAL.

Fort William, the 20th March 1866.

NOTIFICATION.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at a public expense, for a public purpose, *viz.*, for a line of Railway between Jagotee and Goalundo, it is hereby declared that, for the above purpose, a strip of land is required between the Village Jagotee, in the District of

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম, ১৮৬৬ সাল ২০ মার্চ।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ জাগতী ও গোয়ালন্দ এই দুই স্থানের মধ্যে রেলপথ প্রস্তুত কর-ণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে, নদীয়া জিলার অন্তর্গত জাগতী ও নদীয়া জিলার অন্তর্গত গোয়ালন্দ এই দুই

Nuddea, and Goalundo in the District of Nuddea, being, more or less, forty-five miles long and 350 feet broad.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

F. S. TAYLOR, *Captain, R. E.,*
Joint-Secy. to the Govt. of Bengal.

গ্রামের মধ্যে ন্যূনাধিক পঁয়তাল্লিশ মাইল দীর্ঘ ও ৩৫০ ফুট প্রশস্ত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর, কাপ্তান, আর ই.
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইন্ট সেক্রেটারী।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

APPOINTMENTS.

The 19th March 1866.

Baboo Romesh Chunder Bose, Moonsiff of Amduhrah, Zillah Beerbhoom, to be Moonsiff of Okhrah, Zillah Beerbhoom.

Baboo Gooroo Churn Doss, Moonsiff of Okhrah, Zillah Beerbhoom, to be Moonsiff of Amduhrah, Zillah Beerbhoom.

নিয়োগ।

১৮৬৬ সাল ১৯ মার্চ।

জিলা বীরভূমের অন্তর্গত আমদহরার মুনসেফ শ্রীযুত বাবু রমেশচন্দ্র বসু জিলা বীরভূমে উখড়ার মুনসেফ হইবেন।

জিলা বীরভূমের অন্তর্গত উখড়ার মুনসেফ শ্রীযুত বাবু গুরুচরণ দাস জিলা বীরভূমে আমদহরার মুনসেফ হইবেন।

LEAVE OF ABSENCE.

The 17th March 1866.

Baboo Mudhoosudun Dutt, Moonsiff of Jhenidah, Zillah Jessore, for one month, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

Baboo Bissessur Sein, Moonsiff of Selimabad, Zillah East Burdwan, for one month and nine days, without pay, under Financial Resolution dated 11th June 1864.

ছুটী।

১৮৬৬ সাল ১৭ মার্চ।

জিলা যশোহরের অন্তর্গত ঝিনিদহের মুনসেফ শ্রীযুত বাবু মধুসূদন দত্ত অচিহ্নিত কার্য্যকারকদিগের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ববর্দ্ধমানের অন্তর্গত সেলিমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বেশ্বর সেন ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৪ সালের ১১ জুন তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে এক মাস নয় দিনের ছুটী পাইয়াছেন।

The 19th March 1866.

Moonshee Dubeerooddeen, Moonsiff of Nattore, Zillah Rajshahye, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

১৮৬৬ সাল ১৯ মার্চ।

জিলা রাজশাহীর অন্তর্গত নাটোরের মুনসেফ শ্রীযুত মুন্সী দবিরুদ্দীন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

The 21st March 1866.

Moulvie Mahomed Mamood, Moonsiff of Nusseernugger, Zillah Tipperah, for eleven days, from the 1st instant, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

১৮৬৬ সাল ২১ মার্চ।

জিলা ত্রিপুরার অন্তর্গত নসিরনগরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মামুদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি এগারো দিনের ছুটী পাইয়াছেন।

H. T. PRINSEP,
Registrar.

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ মার্চ।]

৯৬ নং।

আফিমের ইশ্তেহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সাল তারিখ ৯ আপ্রিল সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন আফিমের চতুর্থ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩,৩৩০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ২,০০০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১,৩৩০

জুমলা সিন্দুক ৩,৩৩০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশতেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৫ সালের ২৬ অকুটোর তারিখের লিখিত ইশ্তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৬ সালের ১৪ এবং ২৪ আপ্রিল এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগন যে সকল প্রমিস্সরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৬ সালের ১৪ আপ্রিল শনিবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৬ সালের ২৪ আপ্রিল মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

						বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৬ সাল	তারিখ	১১	মে	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১১	জুন	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯	জুলাই	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯	আগস্ট	বৃহস্পতিবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৪	আকুটোবর	বৃহস্পতিবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯	নবেম্বর	শুক্রবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৫	ডিসেম্বর	বুধবার	ঐ	২,০০০	১,৩৭০	৩,৩৭০
					একুন	১৬,০০০	১০,৬৮০	২৬,৬৮০

টি ক্রপ লেন
ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উইলিয়ম সন ১৮৬৬ সাল তারিখ ১৯ মার্চ।

Paris Universal Exhibition of Agriculture, Industry, and Art of 1867.

NOTIFICATION.

WITH reference to the orders of Government, No. 6736, dated the 2nd November 1865, and published in the *Calcutta Gazette* of the 15th idem, parties desirous of sending Articles to the Paris Exhibition are invited to communicate their intentions either to the Central Committee for Bengal, or to any of the Commissioners of the Divisions named below,* and to forward an accurate description of the Articles intended to be sent.

2. A description of all Articles must first be submitted for the approval of the Central Committee, in order that it may be determined whether the same or such as, with reference to the objects of the Exhibition and other circumstances, the Government can undertake to transmit to Paris at the Public expense.

3. All Articles tendered for contribution by private individuals after being approved of by the Central Committee will be taken charge of and forwarded to Paris at the expense of Government, and after the close of the Exhibition they will be disposed of in such manner as may be agreed upon between the Central Committee and the respective contributors.

4. The nature and description of Articles admissible into the Exhibition may be learnt on application to the Central Committee, or to any of the Commissioners of Divisions, and it is particularly intimated that Articles tendered for contribution should be limited to works of Industry and Art locally produced.

5. Parties wishing to become contributors to the Paris Exhibition must signify their intentions within three months from this date, after which no application can be received.

By Order of the Central Committee,

A. M. DOWLEANS,
Secretary.

CALCUTTA,
The 10th January 1866.

---

* Patna, Bhaugulpore, Rajshahye, Dacca, Nuddea, Chittagong, Burdwan, Cuttack, Chota Nagpore, Assam, Cooch Behar.

১৮৬৭ সালে পারিস নগরে কৃষি ও অধ্যবসায়জনিত ও শিল্পঘটিত কার্য্যের যে মহা প্রদর্শন হইবে তদ্বিষয়ক বিজ্ঞাপন।

১৮৬৫ সালের নবেম্বর মাসের ২ তারিখের ৬৭৩৬ নম্বরের গবর্ণমেণ্টের যে আজ্ঞা ঐ মাসের ২১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদুপলক্ষে জানান যাইতেছে যে, পারিস নগরের প্রদর্শনে যাঁহারা দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছুক আছেন তাঁহারা যে২ দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাহার প্রকৃত বৃত্তান্ত বঙ্গদেশের সদর কমিটীতে কিম্বা পশ্চাৎ লিখিত খণ্ডের* কোন কমিসানর সাহেবের নিকটে লিখিয়া পাঠাইবেন।

২। সদর কমিটীর সম্মতি পাইবার জন্যে প্রথমে সকল দ্রব্যের বৃত্তান্ত লিখিয়া পাঠাইতে হইবে, কেননা প্রদর্শনের উদ্দেশ্য বিবেচনায় সেই সকল দ্রব্য মনোনীত হইতে পারে কি না এবং বিষয়ান্তরে রাজকীয় ব্যয়ে গবর্ণমেণ্ট তাহা পারিস নগরে পাঠাইতে পারেন কি না ইহা স্থির করা আবশ্যক।

৩। সদর কমিটীর সম্মতি পাইলে পর ব্যক্তি বিশেষ কর্ত্তৃক যে সকল দ্রব্য দিবার প্রস্তাব হয় তাহা জিম্মায় লইয়া রাজকীয় ব্যয়ে পারিস নগরে পাঠান যাইবে, ও প্রদর্শন হইয়া গেলে পর সেই সকল দ্রব্য লইয়া সদর কমিটীর ও যাঁহারা সেই দ্রব্য দিয়াছেন তাঁহাদের পরস্পরের যদ্রূপে সম্মতি হইয়াছে তদ্রূপে কার্য্য হইবে।

৪। যে২ ভাবের ও প্রকারের দ্রব্য প্রদর্শনে গ্রাহ্য হইবে তাহা সদর কমিটীর নিকটে কিম্বা খণ্ডের কোন কমিসানর সাহেবের নিকটে আবেদন করিলে জানা যাইতে পারিবে। আরো ইহা বিশেষমতে জানান যাইতেছে যে, অধ্যবসায়জনিত কি শিল্পঘটিত যে দ্রব্য স্থানবিশেষে উৎপন্ন হইয়াছে তদ্ভিন্ন কোন দ্রব্য পাঠাইবার প্রস্তাব না হয়।

৫। যাঁহারা পারিস নগরের প্রদর্শনে দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাঁহারা এই বিজ্ঞাপনের তারিখ অবধি তিন মাসের মধ্যে আপনাদের মনস্থ জ্ঞাত করিবেন, তিন মাসের পর তাঁহাদের আবেদন গ্রাহ্য হইবে না।

সদর কমিটীর আজ্ঞাক্রমে,

এ এম ডৌলিন্স,
সেক্রেটারী।

কলিকাতা,
১৮৬৬ সাল ১০ জানুআরি।

---

* পাটনা। ভাগলপুর। রাজশাহী। ঢাকা। নদীয়া চট্টগ্রাম। বর্দ্ধমান। কটক। ছোট নাগপুর। আসাম। কচবেহার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ মার্চ।]

NOTICE.

Any persons holding the Left-half of the Government Currency Note $\frac{A}{9}$36005, for Rupees 20, dated 11th July 1861, or the Right-half of the Government Currency Note $\frac{A}{9}$79853, for Rupees 20, dated 11th July 1861, are requested to communicate with the undersigned.

W. WAVELL,

Offg. Joint-Magistrate of Rungpore.

বিজ্ঞাপন।

১৮৬১ সালের ১১ জুলাই তারিখের $\frac{A}{৯}$৩৬০০৫ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের প্রথমার্দ্ধ কিম্বা ১৮৬১ সালের ১১ জুলাই তারিখের $\frac{A}{৯}$৭৯৮৫৩ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের দ্বিতীয়ার্দ্ধ যাঁহার কাছে থাকে তিনি নিম্নে স্বাক্ষরকারিকে সংবাদ দিবেন।

ডবলিউ ওয়েবেল।

রঙ্গপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মেদিনীপুর।

ইশ্‌তাহার

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯। ১১ আইনের ৬ ছয় দফামতে সন ১৮৫৯ সালের ১০ আইন সুরত ৪৮৪ নং ডিক্রীজারির মোকদ্দমায় যাহাতে রাখালদাস মুখোপাধ্যায় ডিক্রীদার জানকী দেই দেনির জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নের লিখিত মহালের মধ্যে দেনির অংশের তস্কীষ মঃ ১৬০৩৵৫ পাই অত্র জেলার কালেক্টরীতে সন ১৮৬৬ সালের ২৮ মার্চ আমলি সন ১২৭৩ সালের ১৭ চৈত্র তারিখে নীলাম হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ১৯ ফেব্রুআরি।

ইষ্টেড বাডগেড নং তৌজী ১৫৯। পঃ সাহাপুর সদর জমা ৩২১৩।৵২

মালিক শ্রীমতী জানকী দেই ওগেরহ

T. GRANT,

Covd. Dy. Collr. in charge of office for Collector.

জেলা নদীয়া

ইস্তেহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সাং ১১ আইনের বিধানমতে লাটবন্দী হইয়া সরকারি রাজস্ব বাকীর জন্য দাখিলের শেষ দিবস গত ১২ জানুআরি অবধারিত হইয়াছিল ঐ তারিখে সরকারি বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান ১৮৬৬ সাং ২৯ মার্চ মোং ১২৭২ সাং ১৭ চৈত্র বৃহস্পতি বার নীলামের দিন অবধারিত হইল উক্ত তারিখে প্রস্তাবিত মহাল জেলা নদীয়ার শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনা ওজরে নীলামে চড়া যাইবেক সন ১৮৬৬ সাল তারিখ ১০ মার্চ।

নং তৌজী ২১৭৬ পঃ রাজপুর বিল মাদারা মালিক ৺ শ্রীশ্রীধর ঠাকুর সেবাইত মথুরানাথ আচার্য্য সদর জমা ৯১৭৸৵১

H. ULICK BROWNE,

Collector.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা যাইতেছে আমার নীলাম খরিদা জিলে ত্রিপুরার মোতালক পরগনে বরদাখাত হিস্যে ।।৶১৩। — ক্রান্ত সরকার বাহাদুরের খাস মহাল জমিদারিসংক্রান্ত নীচের তফসিলের লিখিত মহালাত জরিপ ও হাশীল জমির জমাবন্দি অনুসারিয় জমাহইতে শতকরা ১০৲ দশ টাকা তহসীল আখেরাজাত বাদে বাকী জমায় ১২৭৩ সনের প্রথমহইতে ৫ পাঁচ সন ম্যাদি ইজারা অথবা ঐ জমার পাঁচগুণ সেলামিতে দাইমী পত্তনী বন্দবস্ত হইবেক অতএব যে কেহ ঐ প্রকার ইজারা অথবা পত্তনী বন্দবস্ত করার ইচ্ছুক তিনি বর্ত্তমান বর্ষের চৈত্র মাস মধ্যে আমার নিকট উপস্থিত হইয়া প্রার্থীত হইলে রীতিমতে জমানত দাখিলে

ইজারা অথবা পত্তনী গ্রাহক ব্যক্তিগণ সেলামি দাখিল করিলে পত্তনী বন্দবস্ত করিয়া লইতে পারিবেন মহালাতের জমিজমার বন্দবস্তের নিয়ম সিরিস্তা ভদন্তে বিশেষরূপ জ্ঞাত হইতে পারিবেন ও ইহাও ব্যক্ত করা যাইতেছে যদি এক মহালের বন্দবস্ত গ্রাহক দুই তিন ব্যক্তি উপস্থিত হএন তবে যে কেহ ঊর্দ্ধ জমা ও সেলামী দিতে সম্মত হইবেন তাহাদের সহিত বন্দবস্ত করা যাইবেক ইতি।

নাম মহাল			হাশীল জমির জমা	বাদ তহসীলা আখেরাজাত	বাকী জমা
করিমপুর, রছুলপুর	...	...	৯৬০০৸৶	৯৬০/৬	৮৬৪০৸/৬
সুর্য্যপুর, কুটুম্বপুর	...	...	৮৪৪৯।/	৮৪৪৸৵	৭৬০৪।৶
পাহারপুর	...	...	৬৩৩৭৸৵	৬৩৩৸/	৫৭০৪/
টৈভশের কোট	...	...	১৯০৬২৵	১৯০৬।।৵	১৭১৫৯।।০
আমপাল	...	...	৪৮২২৸০	৪৮২।/	৪৩৪০।৶
মিরবহরি	...	...	১৩৫।৶	১৩।।/	১২২৸৵
দেবীদ্বার হিস্যে ৵ আনী	...	...	৫৬২।।/	৫৬।০	৫০৬।/
ধামঘর	...	...	৪০৬২৸০	৪০৬।/	৩৬৫৬।৶
ভুবনঘর	...	...	২০৩২৵	২০৩৶/৬	১৮২৮৸৵/৬
সুরেশ্বরদি	...	...	৩৭২০/	৩৭২৲	৩৩৪৮/
কামাল্লা	...	...	৬১৬৯৲	৬১৬৸৶	৫৫৫২/
পালাস্থতা	...	...	২৬০৩/	২৬০।/	২৩৪২৸০
শ্রীরামপুর	...	...	৯৪৩৫৲	৯৪৩।।০	৮৪৯১।০
লহরি	...	...	৫৭৭২।।৵	৫৭৭।০	৫১৯৫।৵
রূপশদী	...	...	৪২৫৩৮।।৶	৪২৫৩৸/	৩৮২৮৪৸৵
হোসনাবাদ	...	...	১২৪০৯।।০	১২৪০৸৶	১১১৬৮।।/
পারিয়াকান্দী	...	...	১৮৭০৪/	১৮৭০।৵	১৬৮৩৩।৶
বাথরাবাদ, রামচন্দ্রপুর	...	...	৬৬৮৭।।৵	৬৬৮৸০	৬০১৮৸৵
বার বাথরাবাদ	...	...	১০৭২৯৸৵	১০৭২৸৶	৯৬৫৬৸৶
সুরপুর	...	...	৭৮১১।।৶	৭৮১।/	৭০৩০৵
পাঁচপুখরিয়া	...	...	৩৬২৩৸/	৩৬২।৵	৩২৬১।৶
শুরানন্দি	...	...	২৭৪১৸/	২৭৪৵	২৪৬৭।।৶
বাশকাইট	...	...	১৬৩৯।৵৬	১৬৩৸৶	১৪৭৫।৶/৬
উরিশ্বর	...	...	১৮৭০৶/৬	১৮৭৲	১৬৮৩৶/৬
পোলবা	...	...	১৭৬১৲	১৭৬।০	১৫৮৪৸০
ফতেয়াবাদ	...	...	৭৩৪৭৸৶	৭৩৪।।৶	৬৬১৩।০
আলিয়াবাদ	...	...	১৩৯৪।।৬	১৩৯।৵	১২৫৫৵৬
জারেরা	...	...	৩১৫৫।৵	৩১৫।।/	২৮৪০/০
এছলামপুর	...	...	২০৮১/০	২০৮/০	১৮৭৩৲
কালঘরা	...	...	২৪২৭৲	২৪২।।৶	২১৮৪।/
উত্তর বাঙ্গরা, হিস্যে ।।০ আনী		...	১৬০৫।।৵৬	১৬০।।/	১৪৪৫/৬
			২১১২৯৮৸৵	২১১২৯৸/	১৯০১৬৯/

মোতালকে ভর্পে পাঁচ ভাগ।

ধৈলাব	...	...	৬৮৭৫৲	৮৮৭।।০	৫৯৮৭।।০
আছাদ নগর	...	...	১৭৫০৲	১৭৫৲	১৫৭৫৲
ভাত্তেরদী, হিস্যে ।৵ আনী	...	...	১৫০০৲	১৫০৲	১৩৫০৲
			১০১২৫৲	১২১২।।০	৮৯১২।।০
			২২১৪২৩৸৵	২২৩৪২।/	১৯৯০৮১।।/

শ্রী খাজে আসানউল্লা।

ঢাকা কুমারটুলী দপ্তরখানা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৭ মার্চ।]

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসীবর আপীস।

জমিদারিদিগর ইজারা।

আশুতোষ দেদিগর বাদী।
রাজকুমারী দাসীদিগর প্রতিবাদী।
ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ১০ এপ্রেল মঙ্গলবার বেলা দুইপ্রহর এক ঘন্টার সময় হাই কোর্টের রিসীবর শ্রীযুত চার্লস সুইটেন হগ সাহেব তাঁহার আপীসে মৃত কৃষ্ণানন্দ বিশ্বাসের ইষ্টেটের দরুন নীচের লিখিত জমিদারিদিগের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হয়েন উপরোক্ত সময়ে উক্ত আপীসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনার অন্তঃপাতি মোং বারাসতের

মাজিষ্ট্রেটের অধীন।

১৪৬ নম্বর পরগনে আনরপুর রকম ।৶০ আনার মধ্যে নীচের লিখিত ডিহি ও মৌজা ও কিসমতদিগর।

জায়।

ডিহি বিশ্বনাথপুর ডিহি সোনাইভাঙ্গা ডিহি বেলুড়িয়া ডিহি কতলসাহী ডিহি কৃষ্ণপুর ডিহি কালিকাপুর ডিহি বকুণ্ড ডিহি বাশুদেবপুর ডিহি বোদাই ডিহি চোরখাড়া ডিহি বেড়ুগা ডিহি সাবেড়া ও মৌজে তালবাড়িয়া মৌজে পানিহাড়া মৌজে বেহারী ও মৌজে বনমালিপুর মায় কাছারিবাটী ও হাট ও বাজার ও পুষ্করিণী ও বাগান ও দোকানদিগর মুতল্লক হকুক সেওয়ায় মধুসুরারীর নিলকুঠীর নওয়াজিমা জিনিসদিগর।

১১৭৮ নম্বর কিসমত মাধবপুরদিগর দেবোত্তর বাজেআপ্তী বন্দবস্তী মহাল মায় কাছারিবাটী হাটইত্যাদি উপরের লিখিত মত।

ঐ জেলার অন্তঃপাতি ২৪ পরগনার মাজিষ্ট্রেটের অধীন ১৪৫ নম্বর মহাল মদরছা রকম ।।০ আট আনার মধ্যে নীচের লিখিত তরফ ও মৌজা কিসমতহায়।

জায়।

তরফ জঙ্গিড়া ও তরফ পাচুড়িয়া ও তরফ হালতু ও তরফ কোদালিয়া তরফ হাটগাছা ও মৌজে বনহুগলী ও কিসমত খড়দহ মায় কাছারিবাটী ও হাট বাজার পুষ্করিণী বাগান দোকানইত্যাদি উপরের লিখিত মত।

১৪৭ নম্বর পরগনে কলিকাতার অন্তঃপাতি তরফ বৈঁওতা যাহাকে সচারাচার শ্রীবাটী বলে তাহার রকম ।।০ আনার মধ্যে নীচের লিখিত তরফ ও মৌজে ও কিসমত হায়।

জায়।

তরফ বৈরামপুর তরফ মৌশল ও তরফ রঘুনাথপুর মৌজে দুর্গাবাটী ও কিসমত খড়দহ মায় কাছারিবাটী ও হাট বাজার ইত্যাদি উপরের লিখিত মত।

১২৯ নম্বর তরফ হাতিয়াড়া নীচের লিখিত তরফ ও মৌজা ও কিসমত হায়।

জায়।

তরফ নিজ হাতিয়াড়া তরফ খচম্বা ও মৌজে বরাখোলা আহম্মদপুর ও মৌজে গাতি ও বাইগাছিদিগর ও কিসমত সাইতগাছি ও দোনার আটী ও চাপরা মায় কাছারিবাটী ও হাট বাজার বাগান ইত্যাদি উপরের লিখিত মত।

১১৭ নম্বর কিসমত খড়দহর মধ্যে ৺ গোকুলচন্দ্র গোস্বামির নামিত তালুক /৫ এক আনা এক পাইয়ের মধ্যে রকম এক পাই মায় কাছারিবাটী ইত্যাদি উপরের লিখিত মত।

পরগনে কলিকাতা মহাল মদরছার অন্তঃপাতি তরফ দাদীয়ার মৌজে নিজ দাদীয়া ও মৌজে খেয়াদা।

ঐ পরগনার মহল শ্রীবাটীর অন্তঃপাতি মৌজে কুমার পুখুরিয়া।

আরং বৃত্তান্ত রিসীবর আপীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কলিকাতা হাই কোর্ট রিসীবর আপীস ৫ নম্বর ষ্ট্রাণ্ড রোড সন ১৮৬৬ সাল তারিখ ১৬ মার্চ।

বিজ্ঞাপন।

আপিলেন্ট ঠাকুরাণী দাসীর জমারদ্ধির মোকদ্দমায় হাইকোর্টের এজলাস কামালের নিষ্পত্তির বাঙ্গালা মূল্য ২৲ টাকা। কলিকাতা বহুবাজারস্থ ১৭২ সংখ্যক ষ্ট্যানহোপ প্রেসে পাওয়া যায়।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট মুদ্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MARCH 27, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৭ মার্চ।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে, ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয়-রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ভাগলপুর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র কালেক্টরি স্থিত নিম্নের ইষ্টেটমেন্টের লিখিত খাস মহালে গবর্ণমেন্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৬ সালের ২৮ মার্চ মোতাবেক ফসলি ১২৭৩ সালের ২৭ চৈত্র বুধবার ভাগলপুর জেলার কালেক্টরিতে বিক্রয় হইবেক ইতি।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহাদের এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের অধীনে থাকিতে হইবেক।

রাজকীয় মহালের তৌজিহিসাবের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	পরিমাণ যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাক্স।	মোট।		
২০৪ ১৮৫৯	৯৫	জাগীর নাছের তওেল থানা উধয়ানালা পরগনে কাঁকজোল ...	এঃ রুঃ পঃ ০।৩।৩৭ ৩ বিঘা	১।০	৩	১।৩	২৷৷০	

জেলা ভাগলপুর কাছারি কালেক্টরি তারিখ ১১ জানুআরি ১৮৬৬ সাল।

R. L. Mangles,
Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুক্ত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

such wages or of any incumbrance thereon. No assignment or sale of such wages, or of salvage made prior to the accruing thereof, shall bind the party making the same. No power of attorney or authority for the receipt of any such wages or salvage shall be irrevocable.

[No debt exceeding three rupees to be recoverable till end of voyage.]

CLXXXVIII. No debt exceeding in amount three rupees, incurred by any seaman after he has engaged to serve, shall be recoverable until the service agreed for is concluded.

[Penalty for overcharges by lodging-house-keepers.]

CLXXXIX. If any person demands or receives from any seaman or apprentice payment in respect of his board or lodging in the house of such person for a longer period than such seaman or apprentice has actually resided or boarded therein, he shall incur a penalty not exceeding one hundred rupees.

[Penalty for detaining seamen's effects.]

CXC. If any person receives or takes into his possession or under his control any monies, documents or effects of any seaman or apprentice, and does not return the same or pay the value thereof when required by such seaman or apprentice, subject to such deduction as may be justly due to him from such seaman or apprentice in respect of board or lodging or otherwise, or absconds therewith, he shall incur a penalty not exceeding one hundred rupees. Any Magistrate may, besides inflicting such penalty by summary order, direct the amount or value of such monies, documents or effects, subject to such deduction as aforesaid, to be forthwith paid to such seaman or apprentice.

[Persons not to go on board before final arrival of ship without permission.]

CXCI. Every person who not being in the service of Her Majesty, and not being duly authorized by law for the purpose, goes on board any ship about to arrive at the place of her destination before her actual arrival at the place of her discharge, without the permission of the master, shall for every such offence incur a penalty not exceeding two hundred rupees. The master or person in charge of such ship may take any such person so going on board as aforesaid into custody, and deliver him up forthwith to any Police officer, to be by him taken before a Magistrate to be dealt with according to the provisions of this Act.

তাহার বরাত হইয়া থাকে, কি তাহার উপর কোন দায় থাকে, তথাপি সিদ্ধ হইবে। ও সেই বেতন পাওনা হইবার পূর্ব্বে কিম্বা জাহাজ ভাঙ্গিলে তাহার কোন মালপ্রভৃতি রক্ষা করিবার পুরস্কার পাওনা হইবার পূর্ব্বে, যদি ঐ টাকার কোন বরাত হয় কি ঐ বেতনাদি বিক্রয় করা যায়, তবে যে ব্যক্তি বরাত কি বিক্রয় করিল সেই ব্যক্তি তাহাতে বদ্ধ হইবে না ও সেই বেতন কি পুরস্কার লইবার কোন মোক্তারনামা কি ক্ষমতাপত্র অটলরূপে স্থিরতর থাকিবে না ইতি।

[যাত্রার শেষ না হওয়াপর্য্যন্ত তিন টাকার অধিক ঋণ আদায় হইতে না পারিবার কথা।]

১৮৮ ধারা। কোন নাবিক কর্ম্ম করিতে নিয়ম করিলে পর সেই কর্ম্ম সাঙ্গ না হইলে তাহার স্থানে তিন টাকার অধিক ঋণ আদায় হইতে পারিবে না ইতি।

[যাহারা বাসা ভাড়া ঘর রাখে তাহাদের অতিরিক্ত লইবার দণ্ডের কথা।]

১৮৯ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী যে ব্যক্তির ঘরে নিশ্চয় যত দিন বাসা করে, কি আহারাদি পায়, যদি সে ব্যক্তি ঐ নাবিক কি শিক্ষার্থির স্থানে অধিক দিনের বাসার কি আহারাদির খরচ দাওয়া করে কি গ্রহণ করে, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।]

[নাবিকের দ্রব্য সামগ্রী আটকিয়া রাখিবার দণ্ডের কথা।]

১৯০ ধারা। যদি কোন লোক কোন নাবিকের কি শিক্ষার্থির টাকা কি কাগজপত্র কি দ্রব্যসামগ্রী গ্রহণ করে, কি আপনার অধিকারে কি রক্ষণে লয়, ও সেই নাবিক কি শিক্ষার্থী তাহা চাহিলে, সেই লোক ঐ নাবিকের কি শিক্ষার্থির আহার কি বাসাপ্রভৃতির নিমিত্তে ন্যায্যমতে যাহা পাইতে পারে তাহা বাদদিয়া যদি সেই টাকাপ্রভৃতি ফিরিয়া না দেয়, কিম্বা তাহার মূল্য না দেয়, অথবা যদি তাহা লইয়া পলায়ন করে, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। ও কোন মাজিষ্ট্রেট সাহেব সরাসরী আজ্ঞাক্রমে সেই অর্থদণ্ড ভিন্ন, সেই লোককে পূর্ব্বোক্ত খরচের টাকা বাদ দিয়া, তৎক্ষণাৎ ঐ নাবিকের কি শিক্ষার্থির হাতে অবশিষ্ট টাকা ও কাগজপত্র ও দ্রব্যসামগ্রী কিম্বা তাহার মূল্য দিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[লক্ষিত স্থানে জাহাজের পঁহুছিবার অগ্রে অনুমতিবিনা কোন লোকের জাহাজে না যাইবার কথা।]

১৯১ ধারা। কোন জাহাজ লক্ষিত স্থানে প্রায় পঁহুছে, কিন্তু যে স্থানে থাকিয়া মাল উত্তরাণ যাইবে সেই স্থানেই না পঁহুছিলে, শ্রীশ্রীমতী মহারাণীর অধীন কোন কর্ম্মচারী ও আইনমতে জাহাজে যাইতে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিভিন্ন, যদি কোন ব্যক্তি অধ্যক্ষের অনুমতি না পাইয়া জাহাজে উঠে, তবে তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। ও অধ্যক্ষ কিম্বা অন্য যাঁহার রক্ষণে জাহাজ থাকে তিনি, জাহাজেগমনশীল সেই লোককে আটক রাখিয়া, এই আইনের বিধানমতে কার্য্য হইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে লইয়া যাইবার নিমিত্তে তাঁহাকে তৎক্ষণাৎ পোলীসের কোন কর্ম্মকারকের হাতে সমর্পণ করিতে পারিবেন ইতি।

[Penalty for solicitations by lodging-house-keepers.]

CXCII. If, within twenty-four hours after the arrival of any ship at any port in British India, any person then being on board such ship solicits any seaman to become a lodger at the house of any person letting lodgings for hire, or takes out of such ship any effects of any seaman except under his personal direction and with the permission of the master, he shall for every such offence incur a penalty not exceeding fifty rupees.

Chapter IX.

Of Discipline.

[Penalty for misconduct, endangering ship, or life or limb.]

CXCIII. Any master of or any seaman or apprentice belonging to any ship registered at, trading with, or being at any port or place in British India, who by wilful breach of duty, or by neglect of duty, or by reason of drunkenness, does any act tending to the immediate loss, destruction, or serious damage of such ship or tending immediately to endanger the life or limb of any person belonging to or on board of such ship, or who by wilful breach of duty, or by neglect of duty, or by reason of drunkenness, refuses or omits to do any lawful act proper and requisite to be done by him for preserving such ship from immediate loss, destruction or serious damage, or for preserving any person belonging to or on board of such ship from immediate danger to life or limb shall for every such offence, be liable to simple or rigorous imprisonment for a term not exceeding two years.

Explanation.—To sustain a charge under this Section, it is not necessary that the act done or omitted should be followed by actual loss, destruction, or damage of the ship.

[Admiralty Court in British India may in certain cases remove master and appoint a new master.]

CXCIV. Any Court having Admiralty jurisdiction in British India may, upon application by the owner of any ship being within the jurisdiction of such Court, or by the part owner or consignee, or by the agent of the owner, or by any certificated mate, or by one-third or more of the crew of such ship, and upon proof on oath to the satisfaction of such Court that the removal of the master of such ship is necessary, remove him accordingly; and may also, with the consent of the owner or his agent, or the consignee of the ship, or if there is no owner or agent of the

[যাহারা বাসাঘর রাখে এমত লোক নাবিকদিগকে ফুসলাইয়া লইতে চাহিলে তাহাদের দণ্ডের কথা।]

১৯২ ধারা। কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে পঁহুছিলে পর যদি কোন লোক চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ জাহাজে উঠিয়া, যাঁহারা ভাড়া লইয়া বাসা করিবার স্থান দেয় কোন নাবিককে এমত কোন লোকের ঘরে গিয়া বাসা করিতে ফুসলাইয়া লয় কিম্বা নাবিকের নিজ মত ভিন্ন ও কাপ্তানের অনুমতি বিনা নাবিকের কিছু দ্রব্যসামগ্রী জাহাজহইতে নামাইয়া লয়, তবে তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

---

৯ অধ্যায়।

শাসনের বিধি।

[যাহাতে জাহাজের কি প্রাণনাশের কি অঙ্গাঘাতের সঙ্কট হয় এমত দোষ করিবার দণ্ডের কথা।]

১৯৩ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে জাহাজ রেজিষ্টরী হইলে কি বাণিজ্যব্যবসায় করিলে কি থাকিলে যদি অধ্যক্ষ কি কোন নাবিক কি শিক্ষার্থী আপন ইচ্ছাপূর্ব্বক কর্ত্তব্য কর্ম্ম লঙ্ঘন করিয়া, কিম্বা কর্ম্ম না করিয়া, কিম্বা মাতাল হইয়া, এমন কর্ম্ম করে যে তদ্দ্বারা ঐ জাহাজ অবিলম্বে মারা পড়ে কি নষ্ট হয় কিম্বা জাহাজের গুরুতর ক্ষতি হয় কিম্বা জাহাজের কি জাহাজস্থ কোন লোকের আশু প্রাণনাশের কি অঙ্গাঘাতের আশঙ্কা হয়, কিম্বা জাহাজের অবিলম্বে মারা না পড়িবার কিম্বা নষ্ট কি গুরুতর ক্ষতি না হইবার কিম্বা ঐ জাহাজের কি জাহাজস্থ কোন লোকের তৎকালে প্রাণনাশ কি অঙ্গাঘাত না হইবার জন্যে যে কর্ম্ম আপনার ন্যায্যমত কর্ত্তব্য ও উপযুক্ত ও আবশ্যক হয় যদি ইচ্ছাপূর্ব্বক তাহা লঙ্ঘন করিয়া কি কর্ত্তব্য কর্ম্ম না করিয়া কিম্বা মাতাল হইয়া, ঐ কর্ম্ম করিতে স্বীকার না করে কি ত্রুটি করে, তবে তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে দুই বৎসরপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তদ্ভিন্ন কারাদণ্ড হইতে পারিবে ইতি।

ব্যাখ্যা। যে ক্রিয়া করা যায়, কি যাহা করিবার ত্রুটি হয়, তদ্দ্বারা জাহাজের মগ্ন কি বিনাশ কি হানি না হইলেও এই ধারামতে অভিযোগের পুষ্টি হইতে পারে।

[কোন২ স্থলে অধ্যক্ষকে পদচ্যুত করিয়া নূতন অধ্যক্ষকে নিযুক্ত করিতে ব্রিটনীয় ভারতবর্ষের আডমিরালটি কোর্টের ক্ষমতার কথা।]

১৯৪ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষেতে যে আদালতের জাহাজসংক্রান্ত বিচারাধিপত্য আছে, এমত কোন আদালতের আধিপত্যের মধ্যে যে জাহাজ থাকে, সেই জাহাজের স্বামী, কিম্বা স্বামিত্বের অংশী কিম্বা কানসাইনী, কিম্বা স্বামির মোক্তার, কিম্বা সর্টিফিকট প্রাপ্ত কোন মালিম, কিম্বা ঐ জাহাজের নাবিকদের তিন ভাগের এক ভাগ কি তাহার অধিক লোক ঐ কোর্টে প্রার্থনা করিলে, ও ঐ জাহাজের অধ্যক্ষকে পদচ্যুত করা আবশ্যক, এই কথা শপথক্রমে ঐ আদালতের হৃদ্বোধমতে প্রমাণ করিলে ঐ আদালত সেই অধ্যক্ষকে পদচ্যুত করিবেন, ও জাহাজের স্বামির কি তাঁহার মোক্তারের কি কানসাইনীর সম্মতি লইয়া, নূতন

owner or consignee of the ship within the jurisdiction of the Court, then without such consent, appoint a new master in his stead, and may also make such order and may require such security in respect of costs in the matter as it thinks fit.

অধ্যক্ষকে নিযুক্ত করিতে পারিবেন, কিম্বা জাহাজের স্বামী কি তাহার মোক্তার কিম্বা কামসাইনী আদালতের আধিপত্যের মধ্যে না থাকিলে, সেইরূপ সম্মতি না লইয়া নিযুক্ত করিবেন, ও সেই বিষয়ে যাহা উচিত বুঝেন খরচার এমত আজ্ঞা করিবেন ও তাহার প্রতিভূ গ্রহণ করিবেন ইতি।

[Court authorized to make enquiry into charges against masters, mates, and engineers, and to report to Local Government. Proviso.]

[অধ্যক্ষের ও মালিমের ও ইঞ্জিনিয়রদের নামে অভিযোগ হইলে আদালতের তদ্বিষয়ের অনুসন্ধান লইয়া স্থানবিশেষের গবর্ণমেণ্টে রিপোর্ট করিতে হইবার কথা ও উপবিধি।]

CXCV. Every Court having Admiralty jurisdiction in British India, and the principal Court of ordinary Criminal Jurisdiction at every port in British India where there is no Court having Admiralty jurisdiction, may, upon application by the Advocate General of the Presidency in which such Court is situate, or by any of the applicants mentioned in Section 194, or by the Magistrate of the District as defined in the Code of Criminal Procedure, or by the master (when the charges is against a mate or engineer) investigate and try charges of incompetency or misconduct on the part of any master, mate, or engineer of any ship, who shall have obtained his certificate from the Board of Trade or from any Local Government, and make enquiry as to shipwreck or other casualties affecting ships wherever such wreck or casualties may have occurred. If on such investigation it shall appear to any such Court as aforesaid that the loss or abandonment of or any serious damage to any ship, or loss of life, has been caused by the wrongful act or default of any such master, mate or engineer, or that any such master, mate or engineer, has been guilty of any gross act of misconduct, drunkenness, or tyranny, such Court may suspend, for such period as it shall think fit, or may cancel such certificate, whether of competency or service, of such master, mate or engineer, and the Court shall report the same to the Local Government within whose limits such Court is situated: Provided that no certificate shall be cancelled or suspended, unless a copy of the report, or a statement of the case upon which the investigation is made shall have been furnished to the owner of the certificate before the commencement of the investigation.

১৯৫ ধারা। কোন জাহাজের যে অধ্যক্ষ কি মালিম কি ইঞ্জিনিয়র ট্রেড বোর্ডের কিম্বা স্থানীয় কোন গবর্ণমেণ্টের স্থানে সর্টিফিকট প্রাপ্ত হন, তাঁহার নামে কর্ম্মের অযোগ্যতার কি অহিতাচারের অভিযোগ হইলে, ব্রিটনীয় ভারতবর্ষে জাহাজসংক্রান্ত দোষের বিচারাধিপত্যপ্রাপ্ত আদালত, এবং ব্রিটনীয় ভারতবর্ষের যে বন্দরে ঐ অধিপত্যপ্রাপ্ত আদালত না থাকে তন্মধ্যে ফৌজদারী মোকদ্দমার বিচার করণে সাধারণ ক্ষমতাপন্ন প্রধান আদালত যে রাজধানীতে থাকে সেই রাজধানীর আডবোকেট জেনরল সাহেবের, কিম্বা ১৯৪ ধারার নির্দ্দিষ্ট কোন প্রার্থকের কিম্বা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের নির্দ্দিষ্ট জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা (মালিম কি ইঞ্জিনিয়রের নামে অভিযোগ হইলে) অধ্যক্ষের প্রার্থনামতে সেই অভিযোগের অনুসন্ধান লইতে ও বিচার করিতে, এবং জাহাজ ভঙ্গের কিম্বা জাহাজসম্পর্কীয় অন্য দুর্ঘটনার অনুসন্ধান লইতে ক্ষমতাপন্ন আছেন। সেই সন্ধানক্রমে যদি পূর্ব্বোক্ত কোন আদালত দেখিতে পান যে, উক্ত কোন অধ্যক্ষের কি মালিমের কি ইঞ্জিনিয়রের অন্যায্য ক্রিয়া কি ত্রুটিদ্বারা কোন জাহাজ নষ্ট কি পরিত্যক্ত হইয়াছে, কিম্বা জাহাজের কোন গুরুতর ক্ষতি কিম্বা কোন ব্যক্তির প্রাণ নাশ হইয়াছে, কিম্বা তদ্রূপ কোন অধ্যক্ষ কি মালিম কি ইঞ্জিনিয়র কোন গুরুতর অহিতাচার কি উন্মত্ততা কি নিষ্ঠুরতার অপরাধী হইয়াছে, তবে সেই আদালত যত কাল উচিত বোধ করেন তত কাল ঐ অধ্যক্ষের কি মালিমের কি ইঞ্জিনিয়রের কর্ম্মযোগ্যতার কিম্বা কর্ম্মের সর্টিফিকট স্থগিত করিতে, কিম্বা ব্যর্থ করিতে পারিবেন, ও সেই আদালত স্থানবিশেষের যে গবর্ণমেণ্টের আধিপত্যের অন্তর্গত থাকেন সেই গবর্ণমেণ্টের নিকটে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন। কিন্তু উক্ত অপরাধের যে রিপোর্ট কি বর্ণনাক্রমে অনুসন্ধানের কার্য্য হয়, সেই অনুসন্ধানের কার্য্যের পূর্ব্বে সর্টিফিকটের স্বামিকে তাহার প্রতিলিপি না দেওয়া গেলে সেই সর্টিফিকট ব্যর্থ কি স্থগিত হইতে পারিবে না ইতি।

[Procedure of Court.]

[উক্ত আদালতের কার্য্যপ্রণালির কথা।]

CXCVI. Every Court by which any investigation or trial is held under Section 195, shall at the conclusion of the case or as soon afterwards as possible, state in open Court the decision to which they may have come with respect to cancelling or suspending certificates, and shall, whether the certificate has been granted by the Board of Trade or by a Local Government, send a full report upon the case with the evidence to the Local Go-

১৯৬ ধারা। ১৯৫ ধারামতে যে আদালতের দ্বারা কোন অনুসন্ধান কি বিচার কার্য্য করা যায়, সেই আদালত সর্টিফিকট স্থগিত কি ব্যর্থ করণ বিষয়ে যাহা নিষ্পত্তি করেন তাহা ঐ মোকদ্দমার বিচার কার্য্য সমাপ্ত করিলেই, কিম্বা তৎপরে সাধ্যমতে ত্বরায় মুক্তদ্বার আদালতে প্রকাশ করিবেন। যে স্থলে উক্ত সর্টিফিকট ট্রেড বোর্ড কি স্থানীয় গবর্ণমেণ্টহইতে পাওয়া যায় সেই স্থলে সেই মোকদ্দমার সম্পূর্ণ রিপোর্ট প্রমাণসহিত স্থানীয় যে গবর্ণমেণ্টের অধীনে

vernment within whose limits the Court is situate; and shall also, if they determine to cancel or suspend any such certificate, forward the same to such Local Government with their report. The Local Government shall thereupon, in cases where the certificate has been granted by the Board of Trade transmit the report and the evidence to such Board, and in cases where the certificate has been granted by another Local Government, transmit the report and the evidence to such Government; and, if the Court has determined to cancel or suspend the certificate, shall also forward the certificate to the Board of Trade or the other Local Government as the case may be.

[Local Government may direct investigation in cases of incompetency and misconduct.]

CXCVII. If the Local Government, on the information of any Superintendent of a Mercantile Marine Office or on any other ground, has reason to believe that any master, mate or engineer, who has obtained a certificate of competency or service from such Government or from any other Local Government is, from incompetency or misconduct, unfit to discharge his duties, it may direct any Board or officer at or near to the place at which it may be convenient for the parties and witnesses to attend, to institute an investigation; and thereupon such Board or officer shall conduct the investigation into such charge of incompetency or misconduct, and shall, on the conclusion of the investigation, make a report upon the case to the Local Government which ordered the investigation.

[Powers of Court, &c., in making enquiries.]

CXCVIII. For the purpose of any investigation under Section 195 or Section 197, the Court, Board or officer may summon the master, mate or engineer, as the case may be, to appear, and shall give him full opportunity of making a defence, either in person or otherwise, and may summon and examine witnesses, and may make such order with respect to the costs of such investigation, and may require such security for costs, as such Court, Board or officer may deem just. Every order in respect of costs under this Section may be enforced in like manner as a fine may be enforced by a Magistrate in the Port where such investigation is held.

[Local Government may cancel or suspend certificates in certain cases.]

CXCIX. The Local Government may suspend or cancel the certificate (whether of competency or service) granted by such Government or by any other Local Government under Act No. I of

ঐ আদালত আছে সেই গবর্ণমেণ্টে পাঠাইবেন, এবং যদি কোন সর্টিফিকট স্থগিত কি ব্যর্থ করিতে স্থির করেন, তবে স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্টসহিত সেই সর্টিফিকট পাঠাইবেন। ট্রেড বোর্ডহইতে সর্টিফিকট পাওয়া গেলে স্থানীয় গবর্ণমেণ্ট প্রমাণসহিত সম্পূর্ণ রিপোর্ট ট্রেড বোর্ডে এবং যদি সেই সর্টিফিকট স্থানীয় অন্য গবর্ণমেণ্টহইতে পাওয়া যায়, তবে ঐ স্থানীয় গবর্ণমেণ্টে প্রমাণসহিত সম্পূর্ণ রিপোর্ট প্রেরণ করিবেন ও যদি তদ্রূপ কোন সর্টিফিকট স্থগিত কি ব্যর্থ করিতে স্থির করেন, তবে রিপোর্টসহিত সেই সর্টিফিকটও বোর্ড ত্রেডে কিম্বা ঐ স্থানীয় গবর্ণমেণ্টে প্রেরণ করিবেন ইতি।

[কর্ম্মের অযোগ্যতার ও অহিতাচারের মোকদ্দমার অনুসন্ধান করিবার বিষয়ে স্থানবিশেষের গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।]

১৯৭ ধারা। যদি স্থানবিশেষের গবর্ণমেণ্ট কোন মরকাণ্টাইল মারীন আফিসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্থানে সম্বাদ প্রাপ্ত হওয়াতে, কি অন্য কোন হেতুতে বোধ করেন যে, সেই কি স্থানবিশেষের অন্য গবর্ণমেণ্টহইতে যে অধ্যক্ষ কি মালিম কি ইঞ্জিনিয়র কর্ম্মযোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট পাইয়াছেন, তিনি কর্ম্মের অযোগ্যতা কিম্বা অহিতাচারপ্রযুক্ত আপন কর্ম্ম করিবার অনুপযুক্ত হইয়াছেন, তবে যে স্থানে উভয় পক্ষ ও তাঁহাদের সাক্ষিরা সুবিধামতে উপস্থিত হইতে পারেন স্থানীয় গবর্ণমেণ্ট তৎস্থানের কি তন্নিকটস্থ কোন বোর্ডকে কি কার্য্যকারককে তদ্বিষয়ের অনুসন্ধান করিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে সেই বোর্ড কি কার্য্যকারক সেই কর্ম্মযোগ্যতার কি অহিতাচারের অভিযোগের অনুসন্ধান লইয়া, সেই অনুসন্ধান সমাপ্ত হইলেই স্থানবিশেষের যে গবর্ণমেণ্ট অনুসন্ধানের আজ্ঞা করিলেন তাঁহার নিকটে মোকদ্দমার রিপোর্ট করিবেন ইতি।

[অনুসন্ধানের কার্য্যে আদালতপ্রভৃতির ক্ষমতার কথা।]

১৯৮ ধারা। আদালত, কি বোর্ড, কি কার্য্যকারক সাহেব ১৯৫ কি ১৯৭ ধারামতের কোন অনুসন্ধান লওনাভিপ্রায়ে, অধ্যক্ষকে কি বিষয়বিশেষে মালিমকে, কি ইঞ্জিনিয়রকে উপস্থিত হইতে আহ্বান করিতে পারিবেন। এবং তাঁহাকে স্বয়ং কি প্রকারান্তরে অভিযোগের উত্তর দিবার সম্পূর্ণ সুযোগ করিয়া দিবেন, ও সাক্ষিদিগকে আহ্বান করিয়া তাহাদের সাক্ষ্য লইতে পারিবেন। এবং সেই অনুসন্ধান লওনের খরচা ও সেই খরচার প্রতিভূ বিষয়ে সেই আদালতের কি বোর্ডের কি কার্য্যকারক সাহেবের বিবেচনায় যে আজ্ঞা ন্যায্য হয় তাহা করিতে পারিবেন। ঐ অনুসন্ধান যে বন্দরে লওয়া যায় সেই বন্দরের কোন মাজিষ্ট্রেট সাহেব অর্থদণ্ডের টাকা যেরূপে আদায় করিতে পারেন, সেইরূপে এই ধারামতের খরচার আজ্ঞা প্রবল করিতে পারিবেন ইতি।

[স্থলবিশেষে স্থানবিশেষের গবর্ণমেণ্টের দ্বারা সর্টিফিকট স্থগিত কি রহিত হইবার কথা।]

১৯৯ ধারা। স্থানবিশেষের কোন গবর্ণমেণ্ট ১৮৫৯ সালের ১ আইন কিম্বা এই আইনমতে কোন অধ্যক্ষকে কি মালিমকে কি ইঞ্জিনিয়রকে কর্ম্মযোগ্যতার কি কর্ম্মের যে সর্টিফিকট দেন, সেই কি স্থানবিশেষের

1859 or this Act, to any master, mate or engineer, in the following cases; (that is to say):—

[Loss, abandonment, or serious damage by default of master, mate or engineer.]

(1). If upon any investigation conducted under the provisions of Sections 255, 257 and 258, it is reported that the loss or abandonment of or serious damage to any ship, or loss of life, has been caused by his wrongful act or default:

[Conviction of any offence.]

(2.) If he is shown to have been convicted of any offence.

[Master, mate or engineer, to deliver up his certificate. Penalty for not delivering it. Report to other Local Governments.]

CC. Every master, mate or engineer, whose certificate is cancelled or suspended under the provisions of this Act, shall deliver it to the Superintendent of a Mercantile Marine Office, or to such other person as the Court or the Local Government which cancelled or suspended the certificate shall direct; and in default shall for each offence incur a penalty not exceeding five hundred rupees: Provided that, if the Local Government which cancels or suspends a certificate of a master, mate, or engineer, is not the Local Government that granted the same, the Local Government which so cancels or suspends the certificate shall report the proceedings and the fact of cancelment or suspension to the Local Government which granted such certificate: Provided also, that it shall be competent to any Local Government at any subsequent time to grant to any person whose certificate has been cancelled, a new certificate of the same or of any lower grade.

[Saving of powers vested in certain Admiralty Courts. Same powers may be exercised by Chief Criminal Court in British Indian Port, where there is no Admiralty Court.]

CCI. Nothing contained in Sections 195 to 200 both inclusive, shall be held to affect the powers of removal vested by Section 240 of the Merchant Shipping Act of 1854, or Section 194 of this Act, in Courts having Admiralty jurisdiction in British India. The said powers may be exercised by the principal Court of ordinary Criminal jurisdiction at any port in British India where there is no Court having Admiralty jurisdiction, if the master or mate shall have received his certificate from any Local Government.

অন্য গবর্ণমেন্ট পশ্চাৎলিখিত কোন গতিকে সেই সর্টিফিকট স্থগিত কি রহিত করিতে পারিবেন।—অর্থাৎ

[অধ্যক্ষের কি মালিমের কি ইঞ্জিনিয়রের দোষেতে জাহাজের নাশ কি পরিত্যাগ কি গুরুতর হানি হইলে।]

১ প্রকরণ।—২৫৫ ও ২৫৭ ও ২৫৮ ধারার বিধানমতে কোন অনুসন্ধানের কার্য্য হইয়া যদি এই রিপোর্ট হয় যে, তাঁহার অন্যায্য ক্রিয়া কি দোষদ্বারা জাহাজ নষ্ট কি পরিত্যক্ত হইয়াছে কিম্বা গুরুতর হানি কি প্রাণের হানি হইয়াছে।

[কোন অপরাধের প্রমাণ হইলে।]

২ প্রকরণ।—তাহার কোন অপরাধের প্রমাণ হইয়াছে যদি দর্শান যায় ইতি।

[অধ্যক্ষের কি মালিমের কি ইঞ্জিনিয়রের সর্টিফিকট ত্যাগ করিতে হইবার কথা ও না করিলে দণ্ডের কথা ও স্থানবিশেষের অন্য গবর্ণমেন্টের নিকটে রিপোর্ট করিবার কথা।]

২০০ ধারা। কোন অধ্যক্ষের, কি মালিমের, কি ইঞ্জিনিয়রের সর্টিফিকট এই আইনের বিধানমতে স্থগিত কি ব্যর্থ হইলে তিনি মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেন্টকে কিম্বা যে আদালত কি স্থানবিশেষের যে গবর্ণমেন্ট ঐ সর্টিফিকট ব্যর্থ কি স্থগিত করেন, তাঁহার নিরূপিত অন্য ব্যক্তিকে সেই সর্টিফিকট দিবেন। না দিলে তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে। কিন্তু স্থানীয় যে গবর্ণমেন্ট ঐ অধ্যক্ষের কি মালিমের কি ইঞ্জিনিয়রের সর্টিফিকট দিয়াছিলেন তদ্ভিন্ন যদি অন্য গবর্ণমেন্ট সেই সর্টিফিকট ব্যর্থ কি রহিত করেন, তবে যে গবর্ণমেন্ট তাহা ব্যর্থ কি রহিত করেন, সেই গবর্ণমেন্ট, অন্য যে গবর্ণমেন্ট সেই সর্টিফিকট দিলেন, তাঁহার নিকটে ঐ সর্টিফিকট ব্যর্থ কি স্থগিত হইবার কথা ও তৎসম্পর্কীয় কার্য্যের রিপোর্ট করিবেন। কিন্তু যে ব্যক্তির সর্টিফিকট রহিত হইয়াছে স্থানবিশেষের কোন গবর্ণমেন্ট পশ্চাৎ কোন সময়ে তাঁহাকে আপনার পূর্ব্ব শ্রেণীর তুল্য কি অধঃস্থ কোন শ্রেণীর নূতন সর্টিফিকট দিতে পারিবেন ইতি।

[আডমিরালটি কোন২ আদালতের প্রতি অর্পিত ক্ষমতা রক্ষার, ও ব্রিটনীয় ভারতবর্ষীয় যে বন্দরে আডমিরালটি আদালত নাই তাহাতে প্রধান ফৌজদারী আদালতের সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবার কথা।]

২০১ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষস্থ যে২ আদালতের জাহাজ সংক্রান্ত অপরাধের বিচারাধিপত্য থাকে, সেই২ আদালতের প্রতি বাণিজ্য জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ২৪০ ধারাক্রমে কিম্বা এই আইনের ১৯৪ ধারাক্রমে অবসর করিবার যে ক্ষমতাপ্রদত্ত হইয়াছে, তাহা ১৯৫ অবধি ২০০ পর্য্যন্ত কোন ধারার কথাক্রমে খর্ব্ব হইল এমত জ্ঞান করিতে হইবে না। যদি অধ্যক্ষ কি মালিম স্থানবিশেষের কোন গবর্ণমেন্টহইতে সর্টিফিকট প্রাপ্ত হইয়া থাকেন, তবে ব্রিটনীয় ভারতবর্ষস্থ যে বন্দরে উক্ত বিচারাধিপত্যবিশিষ্ট কোন আদালত না থাকে, সে বন্দরে ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার সাধারণ ক্ষমতাপন্ন প্রধান আদালত সেই ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন ইতি।

[Offences of seamen and apprentices, and their punishments.]

CCII. Whenever any seaman who has been lawfully engaged or any apprentice to the sea-service commits any of the following offences, he shall be liable to be punished summarily by any person exercisng the full powers of a Magistrate, or (in the case of an European British subject) by a Justice of the Peace in manner following ; (that is to say) :—

[Desertion.]

৩৩২ ধারা। যদি হস্তান্তর করণপত্রে কিম্বা ক্রয়-বিক্রয়ের যোগ্য নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবার ডিক্রী হয়, তবে যে ব্যক্তির প্রতি সেই হস্তান্তর করণপত্রে, কি সেই ক্রয়বিক্রয়ের যোগ্য নিদ-র্শনপত্রের পৃষ্ঠলিপিতে, স্বাক্ষর করিবার আদেশ হইল, তিনি সেই আদেশানুসারে কার্য্য না করিলে কি করিতে সম্মত না হইলে, যে ব্যক্তির পক্ষে ডিক্রী হয় তিনি ডিক্রীর নিয়মানুসারে হস্তান্তর করণপত্রের কিম্বা নিদর্শনপত্রের পৃষ্ঠলিপির পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া স্বাক্ষর কি পৃষ্ঠলিপি করিতে যাঁহার প্রতি আজ্ঞা হইয়াছে তাঁহাকে ঐ পাণ্ডুলিপির প্রতিলিপি দিবেন, এবং যদি আইনমতে কোন ষ্টাম্পের প্রয়োজন হয়, তবে ঐ পাণ্ডুলিপির অন্য একখান প্রতিলিপি ইষ্টাম্প কাগজে লেখাইয়া স্বাক্ষর করিবার জন্যে আদালতে অর্পণ করিবেন। তাহা হইলে পর আদালত সেই হস্তান্তর করণপত্রের কি পৃষ্ঠলিপির পাণ্ডুলিপিতে স্বাক্ষর করিবেন, ও যদি উপযুক্ত বোধ করেন, তবে ডিক্রীর নিয়মানুসারে তাহা পরিবর্ত্তন করিবেন, ও তদ্রূপ পরিবর্ত্তিত হস্তান্তরকরণপত্রে কি পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবেন। পরন্তু যদি কোন পক্ষ পূর্ব্বোক্ত মতে অর্পিত পাণ্ডুলিপিতে আপত্তি করেন, তবে পূর্ব্বোক্তমতে সমর্পণের পর আট দিনের মধ্যে তাঁহার সেই আপত্তি লিপিবদ্ধ হইয়া আদালতের সম্মুখে তা-হার বাদানুবাদ হইবে। তাহা হইলে আদালত যে আজ্ঞা উচিত বোধ করেন তাহা করিয়া তদনুসারে ঐ পাণ্ডুলিপিতে স্বাক্ষর করিবেন, কিম্বা তাহা পরিবর্ত্তন করিয়া স্বাক্ষর করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালতকর্ত্তৃক হস্তান্তর করণপত্রে স্বাক্ষর করণের পাঠ ও ফলের কথা।]

৩৩৩ ধারা। আদালত ইহার পূর্ব্ব ধারামতে হস্তান্তর করণপত্রে কিম্বা ক্রয়বিক্রয়যোগ্য নিদর্শনপত্রের পৃষ্ঠ-লিপিতে যখন স্বাক্ষর করেন, তখন এই পাঠ করিবেন, যথা, " ক খর নামে গ ঘর মোকদ্দমায় ঙ খর পক্ষে অমুক স্থানের আদালতের জজ চ ছ।" ও যাঁহার প্রতি ঐ হস্তান্তর করণপত্রে কি নিদর্শনপত্রের পৃষ্ঠ-লিপিতে স্বাক্ষর করিবার আজ্ঞা হইয়াছিল তাঁহার

conveyance or endorsement of the instrument by the party ordered to execute or endorse the same. (S. C. C. & R. C.)

[If decree be against Government or Officer on behalf of Government.]

CCCXXXIV. If the decree be against Government or against an Officer acting on behalf of Government, and the Officer against whom execution is applied for neglect or refuse to satisfy the decree, the Court, if it be a subordinate Court, shall report the case through the High Court for the orders of the Local Government. If any such decree be passed by the High Court on its original side, the High Court shall in case of such neglect or refusal report the case for the orders of the Local Government. Execution shall not issue on the decree unless the decree shall remain unsatisfied for the period of three months calculated from the date of such report. (S. C. C.)

[Decree against representative of deceased person for money to be paid out of deceased's property.]

CCCXXXV. If the decree be against a party as the representative of a deceased person, and the decree be for money to be paid out of the property of the deceased person, it may be executed by the attachment and sale of any such property, or if no such property can be found and the defendant fail to satisfy the Court that he has duly applied for such property of the deceased as shall be proved to have come into his possession, the decree may be executed against the defendant to the extent of the property not duly applied by him, in the same manner as if the decree had been against him personally. (S. C. C. & R. C.)

[Decree against surety.]

CCCXXXVI. Whenever a person has become liable as surety for the performance of a decree or of any part thereof, the decree may be executed against such person to the extent to which he has rendered himself liable, in the same manner as a decree may be executed against a defendant. (S. C. C. & R. C.)

[Property liable to attachment and sale in execution of decree.]

CCCXXXVII. The following property is liable to attachment and sale in execution of a decree, namely, lands, houses or other buildings, goods, money, bank-notes, cheques, bills of exchange, promissory notes, Government securities, bonds or other securities for money, debts, shares in the capital or joint-stock of any Railway, Banking or other Public Company or Corporation, and all other property whatsoever,

স্বাক্ষরের যে ফল হইত, বিচারকর্ত্তা স্বাক্ষর করিলে সেই ফল হইবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[গবর্ণমেন্টের বিপরীত কি গবর্ণমেন্টের পক্ষ কোন কার্য্যকারকের বিপরীত ডিক্রীর কথা।]

৩৩৪ ধারা। যদি গবর্ণমেন্টের বিপক্ষ কিম্বা যিনি গবর্ণমেন্টের পক্ষে কর্ম্ম করেন, এমত কোন কার্য্যকারকের বিপক্ষ ডিক্রী হয়, এবং যে কার্য্যকারকের বিপক্ষে তাহা সাধন করণের প্রার্থনা হয়. তিনি যদি ডিক্রী অনুসারে কার্য্য না করেন কি করিতে অসম্মত হন, তবে নিম্ন শ্রেণীর আদালত হইলে ঐ আদালত স্থানীয় গবর্ণমেন্টের আজ্ঞা অবগত হওনের অভিপ্রায়ে হাই কোর্টদ্বারা তদ্বিষয়ক রিপোর্ট করিবেন। যদি আদৌ মোকদ্দমা শুনিবার ক্ষমতাপন্ন হাই কোর্টকর্ত্তৃক সেই ডিক্রী করা যায়, তবে তদ্রূপ ত্রুটি কি অসম্মতি হইলে হাই কোর্ট স্থানীয় গবর্ণমেন্টের আজ্ঞা প্রাপণের জন্যে সেই ব্যাপারের রিপোর্ট করিবেন। সেই রিপোর্টের তারিখ অবধি সম্পূর্ণ তিন মাস পর্য্যন্ত ডিক্রী অনুসারে কার্য্য করণের ত্রুটি না হইলে তাহা প্রবল করণের আজ্ঞা প্রচারিত হইবে না ইতি। (স্মু. মো. আ.)

[মৃত ব্যক্তির সম্পত্তিহইতে টাকা আদায় করণার্থে সেই মৃত ব্যক্তির স্থলাভিষিক্তের বিপক্ষ ডিক্রীর কথা।]

৩৩৫ ধারা। কোন মৃত ব্যক্তির স্থলাভিষিক্তস্বরূপ কাহারো বিপক্ষে ডিক্রী হইলে, যদি সেই মৃত ব্যক্তির সম্পত্তিহইতে টাকা আদায় করিবার ডিক্রী হয়, তবে তদ্রূপ কোন সম্পত্তি আটক ও বিক্রয় করণদ্বারা সেই ডিক্রী প্রবল করা যাইতে পারিবে, কিম্বা যদি তদ্রূপ কোন সম্পত্তি না পাওয়া যায় এবং মৃত ব্যক্তির যে সম্পত্তি সপ্রমাণরূপে প্রতিবাদির হস্তগত হইয়াছিল তাহা তিনি উপযুক্তমতে প্রয়োগ করিয়াছেন প্রতিবাদী যদি আদালতের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিতে না পারেন, তবে নিজ প্রতিবাদির বিপক্ষ ডিক্রী হইলে যে প্রকারে প্রবল করা যাইত সেই প্রকারে, ও তিনি যে পরিমাণে ঐ সম্পত্তির উপযুক্তমত প্রয়োগ করেন নাই, সেই পরিমাণে ঐ প্রতিবাদির বিপক্ষে ডিক্রী প্রবল করা যাইতে পারিবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[প্রতিভূর বিপক্ষ ডিক্রীর কথা।]

৩৩৬ ধারা। যখন কোন ব্যক্তি কোন ডিক্রী কিম্বা তাহার কোন অংশ সাধনের প্রতিভূস্বরূপ দায়ী হন, তখন প্রতিবাদির বিপক্ষে ডিক্রী যে প্রকারে বলবৎ করা যাইতে পারে, সেই প্রকারে ঐ ব্যক্তি আপনাকে যত দূর দায়ী করিয়াছেন, তত দূর তাঁহার বিপক্ষে প্রবল করা যাইতে পারিবে ইতি। স্মু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রী সাধনক্রমে যেং সম্পত্তি আটক ও বিক্রয় হইতে পারে তাহার কথা।]

৩৩৭ ধারা। ডিক্রী সাধনক্রমে এইং সম্পত্তি আটক ও বিক্রয় হইতে পারিবে, অর্থাৎ ভূমি ও কোটা কি অন্যঘর ও মাল ও মুদ্রা ও ব্যাঙ্ক নোট ও চ্যাক ও হুণ্ডী ও প্রমিসরি নোট ও গবর্ণমেন্ট সিক্যুরিটি ও খৎ কি টাকা পরিশোধের অন্য প্রতিভূপত্র ও ঋণ ও রেলওয়ে কি ব্যাঙ্ক কি অন্য সাধারণ কোম্পানির কি সমাবেত সমাজের মূলধনের কি জাইন্ট ষ্টাকের শ্যারইত্যাদি প্রতিবাদির স্থাবর কি অস্থাবর সর্ব্বপ্রকারের যে সম্পত্তি তাহার নিজ নামে থাকে কিম্বা তাঁহার নিমিত্তে কি

movable or immovable, belonging to the defendant, and whether the same be held in the name of the defendant or by another person in trust for him, or on his behalf: Provided that nothing contained in this Section shall be held to give any Court of Small Causes power to attach and sell in execution of a decree passed by such Court any property which Courts of Small Causes are prohibited by law from attaching and selling in execution of their decrees. (S. C. C. & R. C.)

[Payment of monies under decree to be made into Court.]

CCCXXXVIII. All monies payable under a decree shall be paid into the Court whose duty it is to execute the decree, unless such Court or the Court which passed the decree shall otherwise direct. (S. C. C. & R. C.)

[Adjustment of decree to be made through Court.]

CCCXXXIX. Except as provided in the last preceding Section, no adjustment of a decree in part or in whole shall be recognized by the Court unless such adjustment be made through the Court, or be certified to the Court by the person in whose favour the decree was passed or to whom it may have been transferred. (S. C. C. & R. C.)

APPLICATION FOR EXECUTION.

[Application for Execution.]

CCCXL. When a party in whose favour a decree has been passed is desirous of enforcing it, he shall apply to the Court which passed the decree, or to the Court whose duty it is under this Code or any other law to execute the decree, to execute the same. (S. C. C. & R. C.)

[Any one of several decree-holders may apply.]

CCCXLI. If a decree shall have been passed in favour of more persons than one, any one of such persons may apply for the execution of the decree, and if the Court shall see sufficient cause for allowing the decree to be executed on an application so made, it shall pass such order as it may deem necessary for protecting the interests of the persons who shall not have joined in the application. (S. C. C. & R. C.)

[Application by transferree of decree.]

CCCXLII. If a decree be transferred by assignment or by operation of law from the party in whose favour it was passed to any other person, application for execution may be made by the person to whom the decree shall have been so transferred, and if the Court shall think proper to grant the application, the decree may be executed in the same manner and subject to the

তাঁহার পক্ষে অন্য কোন ব্যক্তির তত্ত্বাবধারণে কি রক্ষণে থাকে। কিন্তু ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ডিক্রী সাধনক্রমে যে দ্রব্য আইনমতে ঐ আদালতের আটক ও বিক্রয় করণের প্রতিষেধ হইয়াছে, এই ধারার কোন কথাক্রমে ঐ আদালত ডিক্রী সাধন করিয়া তদ্রূপ কোন দ্রব্য আটক ও বিক্রয় করিতে পারেন এমত জ্ঞান করিতে হইবে না ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রীর বলে টাকা আদালতে দিবার কথা।]

৩৩৮ ধারা। যে ডিক্রী সাধন করা যে আদালতের কর্ত্তব্য হয়, সেই ডিক্রীমতে দাতব্য টাকা সেই আদালতে দিতে হইবে। কিন্তু সেই আদালত কিম্বা ডিক্রীকারি আদালত অন্য আদেশ করিলে সেই আদেশ মানিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালতদ্বারা ডিক্রীর সামঞ্জস্য হইবার কথা।]

৩৩৯ ধারা। ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন যদি সমুদয় ডিক্রীর কি তাহার কোন অংশের সামঞ্জস্য আদালতদ্বারা না হইয়া থাকে, কিম্বা ডিক্রী যে ব্যক্তির পক্ষে হইয়াছিল কি হস্তান্তর হইয়া যাঁহার প্রতি সমর্পিত হইল, সেই ব্যক্তি যদি আদালতকে সামঞ্জস্যের কথা না জানাইয়া থাকেন, তবে আদালত সেই সামঞ্জস্য স্বীকার করিবেন না ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

ডিক্রী সাধন করিবার প্রার্থনার বিধি।

[ডিক্রী সাধন করণার্থ প্রার্থনার কথা।]

৩৪০ ধারা। যাঁহার পক্ষে ডিক্রী হইয়াছে তিনি তাহা প্রবল করিতে বাঞ্ছা করিলে যে আদালত ডিক্রী করিলেন, কিম্বা এই আইন কি অন্য কোন আইনমতে সেই ডিক্রী সাধন করা যে আদালতের কর্ত্তব্য সেই আদালতের নিকটে তাহাকে প্রার্থনা করিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[অনেক ডিক্রীদারের মধ্যে কোন এক জনের প্রার্থনা করিতে ক্ষমতার কথা।]

৩৪১ ধারা। অনেক জনের পক্ষে ডিক্রী হইলে তাহাদের মধ্যে যে কোন ব্যক্তি সেই ডিক্রী সাধন করিবার প্রার্থনা করিতে পারিবেন। তাহাতে উক্ত প্রকারের প্রার্থনাক্রমে ডিক্রী সাধন করিবার অনুমতি দেওনের উপযুক্ত কারণ আছে ইহা যদি আদালতের জ্ঞানগোচর হয়, তবে যে সকল ব্যক্তিরা ঐ প্রার্থনা করণে সাহায্য করেন নাই, আদালত তাঁহাদের স্বার্থ রক্ষার্থে যেরূপ আজ্ঞা প্রয়োজনীয় জ্ঞান করেন, সেইরূপ আজ্ঞা করিবেন ইতি। (ক্ষু. মো. আ.)

[ডিক্রী হস্তান্তরীকৃত হইলে তৎপ্রাপ্ত ব্যক্তির প্রার্থনা করিতে হইবার কথা।]

৩৪২ ধারা। ডিক্রী যাঁহার পক্ষে হইয়াছিল তাঁহার হস্ত হইতে যদি সমর্পণক্রমে কি আইনঘটিত কার্য্যক্রমে হস্তান্তরিত হইয়া অন্য ব্যক্তির হস্তগত হয়, তবে যাঁহার হস্তগত হইল সেই ব্যক্তি ঐ ডিক্রী প্রবল হইবার প্রার্থনা করিতে পারিবেন। আদালত যদি সেই প্রার্থনাক্রমে কার্য্য করা বিহিত বুঝেন, তবে যাঁহার পক্ষে ডিক্রী হইয়াছিল তিনিই প্রার্থনা করিলে যে প্রকারে ও যে নিয়মাধীনে ডিক্রী সাধন করা যাইত

same conditions, as if the application were made by the party in whose favour the decree was passed. (S. C. C. & R. C.)

[Cross-decrees.]

CCCXLIII. If cross-decrees between two parties for the payment of money be produced to the Court, and whether or not either of such parties be the original holder or an assignee of the decree, execution shall be taken out only by the party who shall hold a decree for the larger sum, and for so much only as shall remain after deducting the smaller sum, and satisfaction for the smaller sum shall be entered on the decree for the larger sum as well as satisfaction on the decree for the smaller sum. If the two sums be equal, satisfaction shall be entered upon both decrees. (S. C. C. & R. C.)

[Stay of execution pending suit between decree-holder and judgment-debtor.]

CCCXLIV. If a suit or appeal be pending in any Court against the holder of a decree of such Court, on the part of the person against whom the decree was passed, the Court may stay execution on the decree either absolutely or on such terms as it may think just, until the pending suit or appeal has been decided. (S. C. C. & R. C.)

[If person against whom decree made die before execution, application may be made against his representative or estate.]

CCCXLV. If any person against whom a decree has been passed shall die before it has been passed fully executed, application may be made for its execution against the representative or the estate of the deceased. (S. C. C. & R. C.)

[Notice of application to be given to representative.]

CCCXLVI. Notice of an application under the last preceding Section shall be given to the person named therein as the representative of the deceased or as the person in charge of his estate, and if the Court after hearing such representative or other person against the application, shall think proper to grant the same, the execution may be proceeded with against such representative or estate. (S. C. C. & R. C)

[Execution of decree against representative.]

CCCXLVII. If a decree be ordered to be executed against the representative of the party against whom the decree was made, it shall be executed in the manner provided in Section 335

সেই প্রকারে ও সেই নিয়মাধীনে সাধন করা যাইতে পারিবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[পরস্পর বিপক্ষ ডিক্রীর কথা।]

৩৪৩ ধারা। যদি দুই পক্ষের টাকা দিবার পরস্পর বিপক্ষ ডিক্রী আদালতে উপস্থিত করা যায়, তবে সেই উভয় পক্ষের কোন পক্ষ আদৌ ডিক্রীদার হউন কি হস্তান্তরক্রমে ডিক্রী প্রাপ্ত ব্যক্তি হউন যাঁহার অধিক টাকার ডিক্রী কেবল তিনিই ডিক্রী সাধনের পত্র লইতে পারিবেন, তিনিও সমস্ত টাকার জন্যে নহে, কিন্তু অন্য ডিক্রীর অল্পতর টাকা বাদ দিয়া অবশিষ্ট টাকার নিমিত্তে ডিক্রী সাধন হইবার প্রার্থনা করিবেন, এবং অল্পতর টাকার ডিক্রী সাধন হইয়াছে এই কথা অধিকতর টাকার এবং ঐ অল্পতর টাকার ডিক্রীর উপর লিপিবদ্ধ হইবে। যদি সমান টাকার দুই ডিক্রী হয়, তবে উভয় ডিক্রীর উপর সেই২ ডিক্রী সাধনের কথা লেখা যাইবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রীদারের ও ডিক্রীমত উত্তমর্ণের মধ্যে উপস্থিত মোকদ্দমার নিষ্পত্তি পর্য্যন্ত ডিক্রী প্রবল করণ স্থগিত রাখিবার কথা।]

৩৪৪ ধারা। কোন আদালতে যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী হইল, ডিক্রীদারের নামে সেই ব্যক্তির মোকদ্দমা কি আপীল সেই আদালতে উপস্থিত আছে এমন স্থলে আদালত সেই অনিষ্পন্ন মোকদ্দমার কি আপীলের নিষ্পত্তি যেপর্য্যন্ত না হয় সেই পর্য্যন্ত ঐ ডিক্রীর সাধন সম্যকরূপে কি বিশেষ নিয়মের অধীনে স্থগিত রাখিতে পারিবেন ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[যাঁহার বিপক্ষে ডিক্রী হয় ডিক্রী সাধন না হইতে তাঁহার মৃত্যু হইলে স্থলাভিষিক্তের কি সম্পদের উপর ডিক্রী সাধনার্থ প্রার্থনার কথা।]

৩৪৫ ধারা। যে ডিক্রী যে কোন ব্যক্তির বিপক্ষে হইয়াছে সেই ডিক্রী সম্পূর্ণরূপে সাধন না হইলেও যদি সেই ব্যক্তি মরেন, তবে তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তির কি সম্পদের বিপক্ষে ডিক্রী সাধন করিবার প্রার্থনা হইতে পারিবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[স্থলাভিষিক্তকে প্রার্থনার সংবাদ দিবার কথা।]

৩৪৬ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্বধারামতে প্রার্থনা হইলে সেই প্রার্থনাতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত কি তদীয় সম্পদের ভারপ্রাপ্ত বলিয়া যে ব্যক্তির নাম নির্দ্দিষ্ট হয়, তাঁহাকে তদ্বিষয়ক সংবাদ দেওয়া যাইবে, এবং আদালত সেই প্রার্থনার বিপক্ষে সেই স্থলাভিষিক্ত কি অন্য ব্যক্তির প্রতিবাদ শুনিলে পর, যদি ঐ প্রার্থনানুযায়ি কার্য্য করা বিহিত জ্ঞান করেন, তবে সেই স্থলাভিষিক্ত ব্যক্তির কি সম্পদের বিপক্ষে ডিক্রী সাধনের কার্য্য চলিতে পারিবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[স্থলাভিষিক্তের বিপক্ষে ডিক্রী সাধন করিবার কথা।]

৩৪৭ ধারা। ডিক্রী যাঁহার বিপরীতে হইয়াছিল যদি তাঁহার স্থলাভিষিক্তের বিপক্ষে তাহা সাধন করিবার আজ্ঞা হয়, তবে ৩৩৫ ধারার বিধানে কোন মৃত ব্যক্তির সম্পদ হইতে টাকার ডিক্রী সাধন করিবার

for the execution of a decree for money to be paid out of the property of a deceased person. (S. C. C. & R. C.)

যে প্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে সেই প্রণালীতে ঐ ডিক্রী সাধন করা যাইবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[Form of application for execution of decree.]

CCCXLVIII. The application for the execution of a decree shall be in writing, and shall contain in a tabular form the following particulars, namely, the number of the suit; the names of the parties; the date of the decree; whether any appeal has been preferred from the decree, and whether any and what adjustment of the matter in dispute has been made between the parties subsequently to the decree; the amount of the debt or damage with the interest, if any, due upon the decree, or other relief granted by the decree; the amount of costs, if any were awarded; the name of the person against whom the enforcement of the decree is sought, and the mode in which the assistance of the Court is required, whether by the delivery of property specifically decreed, by the arrest and imprisonment of the person named in the application, or by the attachment of his property or otherwise. (S. C. C. & R. C.)

[ডিক্রী সাধন করিবার প্রার্থনার পাঠ।]

৩৪৮ ধারা। ডিক্রী সাধন করিবার প্রার্থনা লিখিয়া দিতে হইবে, ও তাহাতে টেবিলের পাঠানুসারে মোকদ্দমার নম্বর, ও উভয় পক্ষের নাম, ও ডিক্রীর তারিখ, ও ডিক্রীর উপর আপীল হইয়াছে কি না, ও ডিক্রীর পরে পক্ষদ্বয়ের মধ্যে বিবাদাস্পদের সামঞ্জস্য হইয়াছে কি না, হইলে সে কিরূপ, ও ডিক্রীক্রমে ঋণ কি ক্ষতিপূরণস্বরূপ কত টাকা, ও সুদের আজ্ঞা হইলে সুদসুদ্ধ কত টাকা প্রাপ্য হয়, কিম্বা ডিক্রীক্রমে অন্য যে উপকার প্রদত্ত হয়, ও খরচার আজ্ঞা হইলে তাহা কত ও যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী প্রবল করণার্থ প্রার্থনা হয় তাঁহার নাম, এবং ডিক্রীর নির্দ্দিষ্ট বিশেষ সম্পত্তি সমর্পণ, কি প্রার্থনাতে উল্লিখিত ব্যক্তির আসেধ ও কারাদণ্ড, কি তাঁহার সম্পত্তি ক্রোক করণের জন্যে কি অন্য যে প্রকারে আদালতের সাহায্য প্রার্থনা হয় এই২ কথা ব্যক্ত হইবে, ইতি। (স্মু. মো. আ. ও রা. আ)

[Further particulars when application is for attachment of immovable property.]

CCCXLIX. If the application be for the attachment of any immovable property belonging to the defendant, the application shall contain at the foot such a description of the property as may be sufficient to identify it, and also a specification of the share or interest of the defendant therein to the best of the belief of the applicant and so far as he has been able to ascertain the same.

[স্থাবর সম্পত্তি ক্রোক করণার্থ প্রার্থনা হইলে অধিকতর কথা।]

৩৪৯ ধারা। যদি প্রতিবাদির কোন স্থাবর সম্পত্তি ক্রোক করণের প্রার্থনা হয়, তবে ঐ সম্পত্তি যাহাতে চেনা যাইতে পারে এমত উপযুক্ত বৃত্তান্ত, ও প্রার্থকের প্রত্যয়মতে ও অনুসন্ধান দ্বারা লব্ধ জ্ঞানমতে সেই সম্পত্তিতে প্রতিবাদির যে অংশ কি স্বার্থ থাকে তাহার বিশেষ বর্ণন ঐ প্রার্থনাপত্রের তলভাগে লিখিত হইবে ইতি।

[In certain cases application to be accompanied by extract from Collector's Register.]

CCCL. If the property be land which, whether it pays revenue to Government or not, is registered in the Collector's Office, the application for attachment shall be accompanied by an authenticated extract from the register of such Office, specifying the persons registered as proprietors of, or as possessing any transferable interest in, the land or its revenue, and (where registered) the shares of the registered proprietors.

[কোন২ স্থলে প্রার্থনাপত্রের সহিত কালেক্টরের রেজিষ্টরহইতে উদ্ধৃত লিপি সমর্পণের কথা।]

৩৫০ ধারা। সেই সম্পত্তি ভূমি হইয়া গবর্ণমেণ্টের রাজস্ব দায়ী হইলে কি না হইলেও যদি কালেক্টর সাহেবের কার্য্যালয়ে রেজিষ্টর হইয়া থাকে, তবে তাঁহার কার্য্যালয়ের রেজিষ্টরহইতে উদ্ধৃত ও তাঁহার স্বাক্ষর দ্বারা সত্যাকৃত একখান লিপিও ক্রোক করণার্থ প্রার্থনাপত্রের সহিত দিতে হইবে, সেই লিপিতে ভূম্যধিকারিস্বরূপ কিম্বা ভূমিতে কি তাহার রাজস্বে যে স্বত্ব হস্তান্তর হইতে পারে তাহার ভোগিস্বরূপ যাঁহাদের নাম রেজিষ্টর হইয়াছে তাঁহারা ও রেজিষ্টরী ভূম্যধিকারিদের অংশ রেজিষ্টর হইলে সেই অংশও নির্দ্দিষ্ট থাকিবে ইতি।

[Application for attachment of movable property may be general, or may be accompanied with inventory of property to be attached.]

CCCLI. An application for an attachment of the movable property of the defendant or any part thereof, may be accompanied with an inventory or list of the property to be attached, containing a reasonably accurate description of the same; or the decree-holder may apply for a general attachment of the movable property of the defen-

[অস্থাবর সম্পত্তি ক্রোক করণের প্রার্থনা সাধারণ হইবার, কিম্বা ক্রোকের যোগ্য সম্পত্তির নির্ঘণ্ট সহিত দিবার কথা।]

৩৫১ ধারা। যদি প্রতিবাদির অস্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ ক্রোক করিবার প্রার্থনা হয়, তবে ক্রোক হইবার যোগ্য সম্পত্তির যুক্তিসিদ্ধমতে যথার্থ বর্ণনাসূচক আবলি কি সংখ্যাপত্র ঐ প্রার্থনাপত্রের সহিত দেওয়া যাইতে পারিবে। কিম্বা ডিক্রীর মূল্য ও খরচা যাহাতে পরিশোধ হয় প্রতিবাদির এমত অস্থাবর সম্পত্তি যে স্থানে পাওয়া যায় ডিক্রীদার

dant wheresoever the same can be found, to the amount of the decree and costs. (S. C. C. & R. C.)

[Procedure on receiving application for execution of decree.]

CCCLII. The Court, on receiving an application for the execution of a decree containing the particulars mentioned in Section 348, or such of them as may be applicable to the case, shall enter in the register of the suit a note of the application and the date on which it was made. (S. C. C. & R. C.)

[Procedure if particulars do not correspond with decree.]

CCCLIII. If the particulars do not correspond with the decree, the Court shall either return the application for correction to the person making it, or shall, with his consent, cause the necessary correction to be made. (S. C. C. & R. C.)

[If application admitted, execution ordered.]

CCCLIV. If the application be admitted, the Court shall order execution of the decree according to the nature of the application. (S. C. C. & R. C.)

MEASURES REQUIRED IN CERTAIN CASES PRELIMINARY TO THE ISSUE OF THE WARRANT.

[When notice to show cause why decree should not be executed shall be issued. Proviso.]

CCCLV. If more than one year shall have elapsed between the date of the decree and the application for its execution, or if the enforcement of the decree be applied for against the representative of a party to the suit in which the decree was made, the Court shall issue a notice to the party against whom execution is applied for, requiring him to show cause, within a period to be fixed by the Court, why the decree should not be executed against him: Provided that no such notice shall be necessary in consequence of more than one year having elapsed between the date of the decree and the application for execution, if the application be made within one year from the date of the last order passed on any previous application for execution: Provided also that no such notice shall be necessary in consequence of the application be against the representative of the party against whom the decree was made, if upon a previous application for execution against the same person, the Court shall have ordered execution to issue against him. (S. C. C. & R. C.)

তাহা সাধারণমতে ক্রোক করিবার প্রার্থনা করিতে পারিবেন ইতি। (স্কু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রী প্রবল করণার্থ প্রার্থনা গ্রাহ্য হইলে পর যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩৫২ ধারা। ৩৪৮ ধারার নির্দ্দিষ্ট সকল কথা কিম্বা তাহার মধ্যে যাহা ঐ মোকদ্দমাতে বর্ত্তে সেই সকল কথা যে প্রার্থনাপত্রে উল্লিখিত আছে, আদালত ডিক্রী সাধন করণার্থ এমত কোন প্রার্থনাপত্র প্রাপ্ত হইলে তৎপ্রাপ্তির কথা ও যে তারিখে প্রার্থনা হইল সেই তারিখ মোকদ্দমার রেজিষ্টরে লিখিয়া দিবেন ইতি। (স্কু. মো. আ. ও রা. আ.)

[প্রার্থনাপত্র লিখিত বৃত্তান্ত ডিক্রীর সহিত না মিলিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩৫৩ ধারা। উক্ত বিশেষ কথার বৃত্তান্ত যদি ডিক্রীর সহিত না মিলে, তবে আদালত সেই প্রার্থনাপত্র সংশোধনার্থে প্রার্থককে ফিরিয়া দিবেন, কিম্বা সেই ব্যক্তির সম্মতি লইয়া আপনি প্রয়োজনমতে সংশোধন করাইবেন ইতি। স্কু. মো. আ. ও রা. আ.)

[প্রার্থনা গ্রাহ্য হইলে ডিক্রী সাধনের আজ্ঞা করিবার কথা।]

৩৫৪ ধারা। যদি প্রার্থনা গ্রাহ্য হয়, তবে আদালত সেই প্রার্থনার ভাবানুসারে ডিক্রী সাধন করিবার আজ্ঞা করিবেন ইতি। (স্কু. মো. আ. ও রা. আ.)

ওয়ারেণ্ট দিবার পূর্ব্বে কোনং স্থলের প্রয়োজনীয় কার্য্যের বিধি।

[যে স্থলে ডিক্রী সাধন না হওনের কারণ দেখাইবার সংবাদ দিতে হয় তাহার কথা ও উপনিয়ম।]

৩৫৫ ধারা। ডিক্রী হইবার তারিখ অবধি তাহা সাধন করিবার প্রার্থনা হওন পর্য্যন্ত যদি এক বৎসরের অধিক কাল অতীত হইয়া থাকে, কিম্বা যে মোকদ্দমাক্রমে ডিক্রী হইয়াছিল যদি সেই মোকদ্দমার পক্ষীয় কোন ব্যক্তির স্থলাভিষিক্তের উপর ডিক্রী সাধন করিবার প্রার্থনা হয়, তবে যাঁহার উপর ডিক্রী সাধন করিবার প্রার্থনা হয় আদালত সেই ব্যক্তিকে তদ্বিষয়ক সংবাদ দিয়া আদেশ করিবেন যে তাঁহার বিপক্ষে ঐ ডিক্রী সাধনীয় না হইবার কারণ আদালতের নিরূপিত সময়ের মধ্যে দর্শান: কিন্তু যদি ডিক্রী সাধন করিবার প্রার্থনা তৎপূর্ব্বে হইয়া থাকে, তবে সেই প্রার্থনাক্রমে শেষবার যে আজ্ঞা হইয়াছিল, সেই আজ্ঞার তারিখের পর এক বৎসরের মধ্যে যদি ঐ প্রার্থনা হয়, তবে ডিক্রীর তারিখ অবধি তাহা সাধন করিবার এই নূতন প্রার্থনা পর্য্যন্ত এক বৎসরের অধিক কাল অতীত হওয়াপ্রযুক্ত পূর্ব্বোক্ত প্রকারের সংবাদ দেওয়া আবশ্যক হইবে না। আরো ডিক্রী মোকদ্দমার যে পক্ষের বিপরীত হয় তাঁহার স্থলাভিষিক্তের উপর ডিক্রী সাধন করিবার প্রার্থনাক্রমে যদি আদালত পূর্ব্বে একবার তাঁহার উপর ডিক্রী সাধন করিবার আজ্ঞা করিয়া থাকেন, তবে সেই স্থলাভিষিক্তের বিপক্ষে পুনরায় প্রার্থনা হইলেও পূর্ব্বোক্ত প্রকারে সংবাদ দেওয়া আবশ্যক হইবে না ইতি। (স্কু. মো. আ ও রা. আ.)

on the first day of July 1866 in the Presidencies of Bengal, Madras, and Bombay. This Act may be extended to any other part of British India by an order of the local Government, to be notified in the Official Gazette; and no instrument of the descriptions mentioned in Sections 17 and 18 of this Act, which shall have been executed in any such part before the date on which this Act shall come into operation therein, shall be accepted for registration, unless it be presented for registration within twelve months from such date

রাজধানীতে ১৮৬৬ সালের জুলাই মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে আজ্ঞা প্রকাশ করণের দ্বারা ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন স্থানে এই আইন প্রচলিত করিতে পারিবেন। এবং এই আইন সেই স্থানে প্রচলিত হইবার তারিখের পূর্ব্বে এই আইনের ১৭ ও ১৮ ধারার লিখিত প্রকারের যে কোন লেখ্য সম্পাদন হইয়াছে, তাহা ঐ তারিখ অবধি দ্বাদশ মাসের মধ্যে রেজিষ্টর করিবার জন্যে আনীত না হইলে, রেজিষ্টরী হইবার জন্যে গ্রাহ্য হইবে না ইতি।

Statement of Objects and Reasons.

This Bill repeals and re-enacts the law relating to the Registration of Assurances contained in Act XVI of 1864 and Act IX of 1865, with such alterations and additions as a year's experience has shewn to be absolutely necessary or highly desirable, in order to clear up the doubts and remove the difficulties which have been felt in working the existing law.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

রেজিষ্টর করণ বিষয়ক বর্ত্তমান আইনমতে কার্য্য সম্পাদন কালে অনেক সংশয় জন্মিয়াছে ও কষ্ট হইয়াছে, তাহা ভঞ্জন ও নিবারণ করা কর্ত্তব্য। এবং গত দ্বাদশ মাসাবধি ঐ আইনানুসারে কার্য্য সম্পাদন করত আইনের কোনং অংশ পরিবর্ত্তন কি বৃদ্ধি করা অত্যাবশ্যক অথবা অত্যন্ত শ্রেয় বোধ হইয়াছে। এই হেতুক ১৮৬৪ সালের ১৬ আইনে ও ১৮৬৫ সালের ৯ আইনেতে নিদর্শনপত্র রেজিষ্টর করণ বিষয়ক যে ব্যবস্থা প্রণয়ন হইয়াছে তাহা রহিত হইয়া পুনশ্চ বিধিবদ্ধ হইল।

The more important of these alterations and additions will be conveniently mentioned under the different Titles into which the law has been distributed.

এই বিধি নানা খণ্ডে বিভক্ত হইয়াছে, অতএব যেং বিধির পরিবর্ত্তন কি বৃদ্ধি করা গেল তাহা সেইং খণ্ড ক্রমে উল্লেখ করিলে সুবিধা হইবে।

In Part I, *Preliminary*, several definitions have been added. "Lease," for instance, is defined as including a counter-part, a kabuliyat, an agreement to lease: this will prevent any doubt as to the registrability of such documents. "Representative" is defined to include the committee of a lunatic and the manager of his estate: this will meet the difficulty which has arisen in the case, where a person has become a lunatic between the date of executing an instrument and that of presenting it for registration. Lastly, "Civil Court" is defined as including Revenue Court, but as excluding a Court for the relief of insolvent debtors. The object of this exclusion is to relieve an insolvent Court on making a vesting order from the necessity of sending a memorandum of it to an office the situation of which cannot in general be then determined.

প্রথমখণ্ড। পরিভাষা।—এই খণ্ডে পূর্ব্বাপেক্ষা অধিক শব্দের অর্থ করা গিয়াছে। যথা "পাট্টা" শব্দের যে অর্থ হইয়াছে তন্মধ্যে অনুলিপি ও কবুলিয়ৎ ও পাট্টার সম্মতিপত্রও ধরা যায়। ইহাতে সেইং লেখ্য রেজিষ্টর করণ যোগ্য কি না এই বিষয়ের সন্দেহ থাকিলে তাহা ঘুচিবে। "স্থলাভিষিক্ত" এই শব্দের যে অর্থ হইয়াছে তন্মধ্যে ক্ষিপ্ত ব্যক্তি রক্ষার্থ কমিটী ও তাহার সম্পত্তির অধ্যক্ষকে ধরা যাইবে। ফলতঃ কোন স্থলে কোন ব্যক্তি লেখ্য সম্পাদন করিলে পর তাহা রেজিষ্টর করিবার জন্যে উপস্থিত করণের পূর্ব্বে ক্ষিপ্ত হন, এমন স্থলে যে কষ্ট হয় তাহা উক্ত বিধিতে নিরস্ত হইয়াছে। "দেওয়ানী আদালত" এই শব্দের অর্থকরণে তন্মধ্যে রাজস্ব সম্পর্কীয় আদালত ধরিবার বিধি হইয়াছে। কিন্তু দেউলিয়া ঋণিদের উপকারার্থ আদালত ধর্ত্তব্য নয়। ফলতঃ ঐ আদালত যে সময়ে কোন সম্পত্তি বর্ত্তাইবার আজ্ঞা করেন সেই সময়ে রেজিষ্টরী কার্য্যালয় কোথায় আছে তাহা সর্ব্বদা বলিতে পারেন না, অতএব এমন কার্য্যালয়ে সেই আজ্ঞার মর্ম্মাত্মক লিপি প্রেরণের আবশ্যক না হয়, এই কারণে ঐ আদালত বর্জ্জিত হইয়াছে।

Part II.—*Of the Registration Establishment.*—The principal addition made to the law on this head consists in empowering the Local Government, with the previous sanction of the Governor General of India, to establish a Branch General Registry Office. The head of such Office is to have all the powers of a Registrar-General, excepting his power to frame rules.

দ্বিতীয় খণ্ড। রেজিষ্টরী করণের কার্য্যকারকাদির বিধি।—এই খণ্ডে ব্যবস্থা বন্ধনপূর্ব্বক এই মুখ্য বিধি হইয়াছে, যে স্থানীয় গবর্ণমেণ্ট ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে শাখা জেনরল রেজিষ্টরী আফিস স্থাপন করিতে পারিবেন। সেই কার্য্যালয়ের প্রধান কার্য্যকারক বিধি প্রণয়ন করিবার ক্ষমতাভিন্ন রেজিষ্ট্রার জেনরলের সমস্ত ক্ষমতা প্রাপ্ত হইবেন।

[*Government Gazette, 27th March* 1866.]

PART III.—*Of registrable Documents.*—Endorsements upon, and transfers of, debentures issued by Land Companies have, like shares in such Companies, been exempted from compulsory registration, and awards relating to immovable property have been expressly added to those of which the registration is optional. Words have also been added providing, practically, for the optional registration of every document likely to be met with in Indian practice. Much difficulty has arisen from the frequent imperfection of the descriptions of parcels in instruments relating to immovable property. The Bill accordingly provides that no such instrument shall be accepted for registration unless it contains a description of the property sufficient, in the opinion of the Registering Officer, to identify the same. The Bill also gives directions for the framing of such descriptions. As to documents in languages not understood by the Registering Officer, the provisions of the Act have been somewhat modified. Under the Bill the Registering Officer may refuse to register the instrument unless it be accompanied by a copy and a translation into the language commonly used in the District. The copy will be filed and the translation registered; and for the purpose of making the copies and abstracts required by the other parts of the Bill, the translation will be treated as if it were the original.

তৃতীয় খণ্ড। রেজিষ্টর করিবার যোগ্য লেখ্যের বিধি।—ভূমি সম্পর্কীয় কোম্পানির ঋণশোধনের প্রতিজ্ঞাপত্রের পৃষ্ঠলিপি ও হস্তান্তর করণপত্র, ঐ কোম্পানির অংশের ন্যায় রেজিষ্টরী করণের আবশ্যকতাহইতে মুক্ত হইয়াছে। ও যেং লেখ্যের রেজিষ্টর করা স্বেচ্ছাধীন, তন্মধ্যে স্থাবর সম্পত্তি সম্পর্কীয় জয়পত্র স্পষ্ট ধরা গিয়াছে। ভারতবর্ষীয় ব্যবহারেতে যত প্রকারের লেখ্য হওয়া সম্ভাবনা তাহা স্বেচ্ছাধীনে রেজিষ্টর করিবার বিধায়ক কথাও সংযোগ হইয়াছে। স্থাবর সম্পত্তির লেখ্যেতে অনেকবার খণ্ডং ভূমির অশুদ্ধ বর্ণনা হওয়াতে অধিক ক্লেশ হইয়াছে। অতএব পাণ্ডুলিপির এই বিধি যে, তদ্রূপ লেখ্যেতে সম্পত্তির যে বর্ণনা আছে তাহা যদি রেজিষ্টরী কার্য্যকারকের বিবেচনায় ঐ সম্পত্তি নিরূপণার্থে প্রচুর না হয়, তবে তিনি তাহা রেজিষ্টর করিবার জন্যে গ্রাহ্য করিবেন না। এই পাণ্ডুলিপিতে সেই বর্ণনা লিখিবার ধারারও উপদেশ আছে। রেজিষ্টরী কার্য্যকারকের অজ্ঞাত ভাষায় যে লেখ্য লেখা হয় তৎসম্পর্কে আইনের বিধান কিঞ্চিৎ মতান্তরিত হইয়াছে। বিশেষতঃ এই পাণ্ডুলিপিমতে তদ্রূপ লেখ্যের প্রতিলিপি এবং প্রদেশের চলিত ভাষায় তাহার অনুবাদ ঐ লেখ্য সহিত আনীত না হইলে, রেজিষ্টরী কার্য্যকারক তাহা রেজিষ্টর করিতে অস্বীকার করিতে পারিবেন। প্রতিলিপি কার্য্যালয়ে গোচান যাইবে ও অনুবাদের রেজিষ্টরী হইবে। এবং এই পাণ্ডুলিপির অন্যং অংশে যেং প্রতিলিপি ও চুম্বক করিবার আদেশ হইয়াছে তাহা করণার্থে ঐ অনুবাদ মুখ্যপত্রস্বরূপ জ্ঞান হইবে।

PART IV.—*Of the time of Registration.*—The Bill provides for the case, left unnoticed in the present enactments, of an instrument being executed by several persons at different times, and, in cases where delay in presentation is unavoidable, enables the acceptance of the document. The Registrar, who will generally be the Collector or Judge, or some Officer of experience, may accept the document on payment of a penalty, provided the delay does not exceed six months. This will enable him to mitigate the hardships which now occasionally result from non-registration owing to such unavoidable accidents as sudden departure to England from sickness. Provision is also made where the last day of the period fixed for registration falls on a holiday. And a Section has been introduced saving the time prescribed by Statute for the registration of the certificate of a creditor's assignee and other documents.

চতুর্থ খণ্ড। রেজিষ্টর করিবার সময়ের বিধি।—ভিন্নং সময়ে ভিন্নং ব্যক্তিকর্ত্তৃক যে লেখ্য সম্পাদনীয়, বর্ত্তমান আইনেতে তাহার কোন কথা নাই। এই পাণ্ডুলিপিতে তাহার বিধান হইয়াছে। এবং তাহা উপাস্থিত করিবার অগত্যা বিলম্ব হইলেও সেই লেখ্য গ্রাহ্য করিবার অনুমতি হইয়াছে। বিশেষতঃ যদি ছয় মাসের অধিক বিলম্ব না হয়, তবে রেজিষ্ট্রার দণ্ডের টাকা গ্রহণ পূর্ব্বক ঐ লেখ্য গ্রাহ্য করিবেন। সাধারণ্যে কালেক্টর সাহেব কি জজ সাহেব কিম্বা প্রবীণ কোন কর্ম্মকারক সেই রেজিষ্টরী পদে নিযুক্ত হইবেন। কোনং সময়ে পীড়াপ্রযুক্ত হঠাৎ ইংলণ্ডে গমনাদি অনিবার্য্য ঘটনা হেতুক লেখ্য রেজিষ্টর করা অসাধ্য হওয়াতে অনেক ক্লেশ হয়, এইক্ষণে রেজিষ্ট্রার তাহা অনেকাংশে লঘু করিতে পারিবেন। রেজিষ্টরী করিবার অবধারিত কালের শেষ দিন ছুটীর দিন হইলে তাহারও বিধান হইল। এবং উত্তমর্ণের আসৈনীর সংশিতপত্র ও অন্যং লেখ্য রেজিষ্টর করিবার যে সময় ইংলণ্ডীয় আইনেতে অবধারিত হইয়াছে সেই সময় রক্ষা করিবারও বিধান হইল।

PART V.—*Of the place of Registration.*—A discretionary power is here given to a Registrar (as the District Registrar is called in the Bill) to receive and register instruments relating to im-

পঞ্চম খণ্ড। রেজিষ্টর করিবার স্থানের বিধি—কোন সব-রেজিষ্ট্রার রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে স্থাবর সম্পত্তি বিষয়ক যে লেখ্য রেজিষ্টর করিতে পারেন, এই পাণ্ডুলিপিতে রেজিষ্ট্রারের প্রতি সেই লেখ্য স্বেচ্ছাক্রমে গ্রাহ্য ও রেজিষ্টর করিবার ক্ষমতা অর্পিত হইয়াছে। বর্ত্তমান পাণ্ডুলিপিতে ডিষ্ট্রিক্ট রেজি-

movables, which might be registered by any Sub-Registrar (the Deputy Registrar) in his district.

PART VI.—*Of the presentation of Instruments for registry*, and PART VII.—*Of the enforcement of attendance of executants and witnesses.*—Every document to be registered is to be presented by some person executing *or claiming* under it, or by his representative, assign, or agent; but all the persons executing the instrument, or their representatives, assigns, or duly authorized agents, are, as at present, to appear before the Registering Officer and admit execution. The Registering Officer may examine any one then present in his Office, and such examination may, if he pleases, be upon oath. Any person presenting (not "any party to") an instrument is enabled to procure the attendance of any other person required to attend on presentation, or whose testimony is necessary for the registration of the instrument. The power of attorney required to authorize a person to present a document for a principal residing out of British India is to be executed before, and authenticated by, a Notary Public, or any Court, Judge, Consul or Magistrate; and every power of attorney authorizing a person to present a document may, as in the Civil Courts, be proved by its production when it purports on its face to have been duly executed and authenticated.

PART VIII.—*Of the registration of Memoranda of decrees and orders affecting immovable property and sent by the Court to the Office.*—These memoranda are to be sent to every Registrar within whose district any part of the property is situate; and the costs of their registration are to be costs in the cause.

PART IX relates to the registration of Wills and authorities to adopt. As to the persons entitled to register such instruments the Bill provides that the testator, or any person claiming as executor or otherwise under a Will, may register the Will, and that the donor or donee of any authority to adopt or the adoptive son may register any such authority. The depositor of sealed covers containing Wills or authorities to adopt may withdraw them on applying to the Registrar in whose Office they may have been deposited, and need no longer incur the expense and delay of presenting a petition to the District Court.

PART X.—*Of the fees for registration, searches, and Copies.*—The table of fees mentioned in the

[*Government Gazette, 27th March* 1866.]

ষ্ট্রার রেজিষ্ট্রার নামে, ও ডেপুটী রেজিষ্ট্রার সব-রেজিষ্ট্রার নামে ব্যক্ত হইয়াছেন।

ষষ্ঠ খণ্ড। রেজিষ্টর করণার্থে লেখ্য উপস্থিত করিবার বিধি ও সপ্তম খণ্ড,।—স্বাক্ষরকারিদিগকে ও সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার বিধি।—যেং লেখ্য রেজিষ্টর করা যাইবে তাহা যে ব্যক্তি সম্পাদন করেন কিম্বা তাহার বলে দাওয়া করেন তিনি কিম্বা তাঁহার স্থলাভিষিক্ত কি আসৈনি কি এজেন্ট কি মোক্তার ঐ লেখ্য উপস্থিত করিবেন। কিন্তু যে সকল ব্যক্তি কোন লেখ্য সম্পাদন করেন তাঁহাদের সকলের কিম্বা তাঁহাদের স্থলাভিষিক্ত কি আসৈনিগণের কিম্বা নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারদের রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হইয়া লেখ্য সম্পাদন স্বীকার করিবার যে বিধি আছে তাহা প্রবল থাকিল। তৎকালে রেজিষ্টরী কার্য্যকারক আপনার কার্য্যালয়ে বর্ত্তমান কোন ব্যক্তির পরীক্ষা লইতে পারিবেন এবং যদি চাহেন, তবে শপথক্রমেও পরীক্ষা লইতে পারিবেন। কোন লেখ্য উপস্থিত করণকালে অপর যে ব্যক্তির বর্ত্তমান থাকা প্রয়োজন, কিম্বা লেখ্য রেজিষ্টর করণার্থে যাঁহার সাক্ষ্য আবশ্যক, এমত কোন ব্যক্তিকে পূর্ব্ববৎ ঐ লেখ্যের এক পক্ষীয় কোন লোক উপস্থিত করাইতে পারিবেন না কিন্তু যে ব্যক্তি ঐ লেখ্য আনেন তিনি উপস্থিত করাইতে পারিবেন। লেখ্যের মুখ্য ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করিলে অন্য ব্যক্তি যে মোক্তারনামাক্রমে সেই লেখ্য আনিবার ক্ষমতাপন্ন হইতে পারেন সেই মোক্তারনামা নোটেরি পবলিকের কিম্বা কোন আদালতের কি বিচারকর্ত্তার কি কন্‌সলের কি মাজিষ্ট্রেটের সম্মুখে সম্পাদিত হওয়া ও তৎকর্ত্তৃক সত্যাকৃত হওয়া আবশ্যক এবং কোন মোক্তারনামার অভিমুখেই যদি তাহা নিয়মিতরূপে সম্পাদিত ও সত্যাকৃত হওয়ার মত দর্শায়, তবে দেওয়ানী আদালতে যেমন হইয়া থাকে তেমনি তাহা উপস্থিত করণই তাহার প্রমাণ হইবে।

অষ্টম খণ্ড। স্থাবর সম্পত্তি বিষয়ক ডিক্রীর ও আজ্ঞার যে মর্ম্মাত্মক লিপি আদালত কর্ত্তৃক রেজিষ্টরী কার্য্যালয়ে প্রেরিত হয় তাহা রেজিষ্টর করিবার বিধি।—সম্পত্তির কোন অংশ যেং রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে সেইং ডিষ্ট্রিক্টের প্রত্যেক রেজিষ্ট্রারের নিকটে ঐ মর্ম্মাত্মকলিপি পাঠাইতে হইবে এবং রেজিষ্টরী করণের খরচ মোকদ্দমার খরচার মধ্যে ধরা যাইবে।

নবম খণ্ড। চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র রেজিষ্টর করিবার বিধি।—ঐং লেখ্য রেজিষ্টর করিবার ক্ষমতাপন্ন ব্যক্তিদের বিষয়ে পাণ্ডুলিপির বিধি এই। চরমপত্রকারক কিম্বা চরমদান সাধকস্বরূপে কি প্রকারান্তরে যে কোন ব্যক্তি চরমপত্রক্রমে স্বত্বপ্রকাশ করেন তিনি চরমপত্র রেজিষ্টর করিতে পারিবেন এবং দত্তকগ্রহণের অনুমতিপত্রদাতা কি গ্রহীতা কিম্বা দত্তকপুত্র তদ্রূপ কোন অনুমতিপত্র রেজিষ্টর করিতে পারিবেন। যে ব্যক্তি মোহরাঙ্কিত খামেবদ্ধ চরমপত্র কি দত্তকগ্রহণের অনুমতিপত্র গচ্ছিত করেন তিনি যাঁহার কার্য্যালয়ে তাহা গচ্ছিত করেন সেই রেজিষ্ট্রারের নিকটে প্রার্থনা করিয়া ঐং পত্র ফিরিয়া লইতে পারিবেন এবং জিলার আদালতে দরখাস্ত করিতে যে ব্যয় ও বিলম্ব হয় তাহা এক্ষণে আর হওয়ার প্রয়োজন নাই।

দশম খণ্ড। রেজিষ্টর ও অনুসন্ধান ও প্রতিলিপি করিবার শুল্কের বিধি।—প্রচলিত আইনেতে যে শুল্ক-

present Act is to include the extra or additional fees payable for discretionary registration by a Registrar-General or a Registrar, for special registration of obligations for payment of money, for the issue of commissions, for filing translations of documents in languages not understood by the Registering Officer, and for attendance at private residences.

PART XI.—*Of the effect of registration and non-registration.*—This Part, with a few verbal changes, contains little but Section 67, the Clause as to the effect of non-registration comprised in Section 12, Section 68, and Section 51 of Act XVI of 1864. The Bill, however, imports a Section from the Limitation Act which, there is reason to believe, has been generally overlooked, and which provides that registration doubles the period of limitation in suits under a written contract for money lent, or interest or breach of contract.

PART XII.—*Of the duties and powers of Registering Officers*—Brings together the provisions on this head which are scattered throughout the various Sections of Act XVI of 1864. This Part is sub-divided into six heads, (*a*) as to the Registry books, (*b*) as to procedure on admitting to registration, (*c*) as to the special duties of the Sub-Registrars, (*d*) as to the special duties of the Registrars, (*e*) of the Registrar-General, and (*f*) of the controlling powers of Registrars and Registrars-General. Experience has suggested some changes in the number and nature of the Books. The Bill provides that in all Registry Offices four Books shall be kept, (1) a Register of instruments affecting immovable propety; (2) Register of decrees and orders of Court affecting immovable property; (3) Register of deposits of Wills and Adoption-Instruments, and (4) Register of Wills and Adoption-Instruments. Registrars and Sub-Registrars will further keep (5) Register of obligations for payment of money specially registered; (6) a Miscellaneous Register; (7) a record of powers of attorney, and (8) a record of reasons for refusing to register. The Registrar-General and all Registrars will, lastly, keep a Book (9) entitled "Register of Abstracts," in which the Registrar will enter abstracts of instruments relating to immovable property situate in several districts, of which copies shall have been forwarded to him by a Sub-Registrar, or by the Registrar-General, and the Registrar-General will enter abstracts of entries made in any register and forwarded to him. The indexes to be kept under the Bill will, in addition to the particulars shewn by the indexes under the Act, contain the names (if any) and descriptions of all persons claiming under a registered document.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ মার্চ।]

পত্র দেওয়া গিয়াছে তন্মধ্যে এইং কার্য্যের অতিরিক্ত কি অধিক শুল্ক ধরা যাইবে বিশেষতঃ রেজিষ্ট্রার জেনরলের কিম্বা রেজিষ্ট্রারের স্বেচ্ছাধীনে যে লেখ্য রেজিষ্টর হইতে পারে তাহা রেজিষ্টর করণার্থে ও ঋণ শোধনের প্রতিজ্ঞাপত্রের বিশেষ রেজিষ্টর করণার্থে ও কমিসন প্রদানার্থে ও রেজিষ্টরী কার্য্যকারকের অজ্ঞাত ভাষা লিখিত লেখ্যের অনুবাদ অর্পণার্থে ও সাধারণ ব্যক্তিদের বাটীতে গমনার্থে শুল্ক।

একাদশ অধ্যায়। রেজিষ্টর করিবার ও না করিবার ফলের কথা।—এক শব্দমাত্র পরিবর্ত্তনপূর্ব্বক ১৮৬৪ সালের ১৬ আইনের ৬৭ ধারার কথা এবং ১২ ধারাতে রেজিষ্টর না করিবার ফলের প্রকরণ ও ৬৮ ধারা ও ৫১ ধারার কথা হইতে এই খণ্ড সংগৃহীত হইয়াছে, কিন্তু প্রায় অনেক লোক মোকদ্দমা করিবার মিয়াদের আইনের যে এক ধারা ভ্রান্তিক্রমে উপেক্ষা করিয়া থাকেন সেই ধারা এই পাণ্ডুলিপিতে গৃহীত হইয়াছে, বিধান এই যে, ঋণের কি সুদের লিখিত চুক্তিক্রমে, কিম্বা ঐ চুক্তি ভঙ্গহেতুক, মোকদ্দমা করিবার যে মিয়াদ আছে ঐ চুক্তি রেজিষ্টর করিলে মিয়াদ দ্বিগুণ হইবে।

দ্বাদশ খণ্ড। রেজিষ্টরী কার্য্যকারকদের কর্ত্তব্য কর্ম্মের ও ক্ষমতার বিধি।—এতদ্বিষয়ের যে সকল বিধান ১৮৬৪ সালের ১৬ আইনের নানা ধারার মধ্যে বিকীর্ণ আছে তাহা সমুদয় এই খণ্ডে সংগ্রহ করা গিয়াছে। এই খণ্ডের ছয় অধ্যায়। যথা (*a*) রেজিষ্টরী বহীর কথা। (*b*) রেজিষ্টর হওনার্থে গ্রাহ্য হইলে ইতিকর্ত্তব্যতার কথা। (*c*) সব-রেজিষ্ট্রারদের বিশেষ কর্ত্তব্য কর্ম্মের কথা। (*d*) রেজিষ্ট্রারদের বিশেষ কর্ত্তব্য কর্ম্মের কথা। (*e*) রেজিষ্ট্রার জেনরলের ঐ। (*f*) রেজিষ্ট্রার ও রেজিষ্ট্রার জেনরলদিগের তত্ত্বাবধানের ক্ষমতার কথা। কর্ম্মানুশীলনে পুস্তকের সংখ্যা ও ভাব পরিবর্ত্তন করা পরামর্শ্য বোধ হইয়াছে। পাণ্ডুলিপির বিধান এই, সকল রেজিষ্টরী কার্য্যালয়ে চারিখান পুস্তক থাকিবে (১) স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্যের রেজিষ্টর (২) স্থাবর সম্পত্তি বিষয়ক আদালতের ডিক্রীর ও আজ্ঞার রেজিষ্টর (৩) গচ্ছিত চরমপত্রের ও দত্তক গ্রহণের অনুমতিপত্রের রেজিষ্টর (৪) চরমপত্রের ও দত্তক গ্রহণের অনুমতিপত্রের রেজিষ্টর। রেজিষ্ট্রার ও সব-রেজিষ্ট্রারেরা তদতিরিক্ত এইং পুস্তক রাখিবেন (৫) বিশেষমতে রেজিষ্টর করা ঋণ শোধনের প্রতিজ্ঞাপত্রের রেজিষ্টর (৬) বিবিধ রেজিষ্টর (৭) মোক্তারনামার লিপির, ও (৮) রেজিষ্টর করিতে অস্বীকার করিবার হেতু লিপির রেজিষ্টর। রেজিষ্ট্রার জেনরল ও সকল রেজিষ্ট্রার (৯) চুম্বকের রেজিষ্টর নামে এক বহী রাখিবেন। [illegible] জিলার অন্তর্গত স্থাবর সম্পত্তিবিষয়ক যে লেখ্যের প্রতিলিপি সব-রেজিষ্ট্রার কিম্বা রেজিষ্ট্রার জেনরল কর্ত্তৃক তাঁহাদের নিকটে প্রেরিত হয় রেজিষ্ট্রার সেই বহীতে ঐ প্রতিলিপির চুম্বক লিখিবেন, এবং কোন রেজিষ্টরে লিখিত যে কথা রেজিষ্ট্রার জেনরলের নিকটে প্রেরিত হয় তিনিও সেই কথার চুম্বক ঐ বহীতে লিখিবেন। আইন অনুসারে যে সূচীপত্র রাখিতে হয় তন্মধ্যে যেং বিবরণ লিখিত হইয়া থাকে তদতিরিক্ত পাণ্ডুলিপির অনুযায়ি সূচীপত্রেতে রেজিষ্টরী লেখ্যক্রমে যে সকল ব্যক্তি দাওয়া করেন তাঁহাদের নাম ও বাসাদি বর্ণনা লিখিতে হইবে।

Copies of entries in Registry Books Nos. 3, 5, and 6 will be given to any person executing or claiming under the documents to which the entries respectively refer, but the requisite search for such entries will be made only by the Registering Officer.

On admitting to registration, the Registering Officer, when the statements made before him are conflicting, is empowered to record a note of the substance of the statement made by every person whom he may have examined.

The endorsement on every document admitted to registration is to state, not only any payment of money or delivery of goods, but also any admission of receipt of consideration made in the presence of the Registering Officer in reference to the execution of the document.

Registrations *bonâ fide* made by any Registering Officer are not to be deemed invalid merely by reason of defect or irregularity in the appointment of, or in the procedure followed by, such Officer.

Every Registering Officer may at his discretion administer an oath (which is defined to include a solemn affirmation) to any person examined by him.

The Registrar-General is empowered to make rules, not only relating to the subjects mentioned in Section 64 of Act XVI of 1864, but also as to the languages in which, and the materials on, in, and with which documents presented for registration are to be written or printed, the size of such documents, and the extent of blank space to be left thereon, and as to the holidays to be observed in the Registry Offices.

PART XIII.—*Of refusal to register.*—When a Registrar or Sub-Registrar refuses to register a document, he is to endorse thereon "registration refused," and no Registering Officer is to accept for registration a document so endorsed unless and until an appeal shall have been presented and decided in favor of the appellant. The procedure where a Registrar refuses to register a document relating to immovable property is somewhat altered. If a Registrar refuse to register any document relating to immovable property, or if he shall on appeal refuse to direct registration, any person claiming thereunder may institute a regular suit, to which the Registrar may be a party. But nothing contained in the proposed Act is to be considered as rendering a Registering Officer liable for any thing *bonâ fide* done or refused in his official capacity. In practice it has been found that the Civil Courts have sometimes directed registration to take place in cases where the requirements of the law have not been

৩ ও ৫ ও ৬ নম্বরের রেজিষ্টরী বহীতে যেং লেখ্যের প্রতিলিপি প্রভৃতি লিখিত হইয়াছে সেইং লেখ্য সম্পাদক কি তদনুসারে দাওয়া দার কোন ব্যক্তিকে ঐ কথার প্রতিলিপি দেওয়াযাইবে। কিন্তু সেই কথার যে অন্বেষণ করা প্রয়োজন তাহা কেবল রেজিষ্টরী কার্য্যকারক দ্বারা হইতে পারিবে।

যখন রেজিষ্টরী কার্য্যকারক কোন লেখ্য রেজিষ্টর করিবার জন্যে গ্রাহ্য করেন। তখন তাঁহার সম্মুখে যদি পরস্পর বিপরীত উক্তি করা যায়, তবে তিনি যেং ব্যক্তির পরীক্ষা গ্রহণ করেন তাঁহাদের প্রত্যেক ব্যক্তির উক্তির মর্ম্মাত্মক কথা লিপিবদ্ধ করিতে ক্ষমতাপন্ন হন।

যেং লিপি রেজিষ্টর হইবার জন্যে গ্রাহ্য হয় তাহার পৃষ্ঠে টাকা দিবার কিম্বা সামগ্রী সমর্পণ করিবার কথা লিখিতে হইবে ও ততোধিক সেই লেখ্য সম্পাদন সম্পর্কে পারিতোষিক গ্রহণের যে কোন কথা রেজিষ্টরী কার্য্যকারকের সাক্ষাতে স্বীকার হইল তাহাও লিখিতে হইবে।

কোন রেজিষ্টরীকার্য্যকারক সরলভাবে যে রেজিষ্টরী কার্য্য করেন তাহা সেই কার্য্যকারকের নিযুক্ত হওনের কি তাঁহার কার্য্যপ্রণালীর কোন ত্রুটি কি অনিয়মমাত্র হেতুক অসিদ্ধ জ্ঞান হইবে না।

রেজিষ্টরীকার্য্যকারক যে কোন ব্যক্তির পরীক্ষা লন তাঁহাকে স্বীয় বিবেচনামতে শপথ করাইতে পারিবেন। শপথের মধ্যে ধর্ম্মতঃ প্রতিজ্ঞাও গণ্য।

১৮৬৪ সালের ১৬ আইনের ৬৪ ধারাতে যেং বিষয়ের উল্লেখ হইয়াছে রেজিষ্ট্রার জেনরল সেইং বিষয়ের বিধি করিতে যেমন ক্ষমতাপন্ন হন তদ্রূপে রেজিষ্টর করিবার জন্যে যেং লেখ্য আনীত হয় তাহা যে ভাষায় এবং যে দ্রব্যের উপর কি যে দ্রব্যেতে কি যে দ্রব্য সহিত লিখিতে কি মুদ্রিত করিতে হয় ও সেইং লেখ্যের যে পরিমাণ ও তাহাতে যত কাগজ ফাঁক থাকিবে ও রেজিষ্টরীকার্য্যালয়ে যেং দিন ছুটী হইবে এই সকল বিষয়ের বিধি করিতেও সক্ষম হইবেন।

ত্রয়োদশ খণ্ড। রেজিষ্টর করিতে অস্বীকার করিবার বিধি।—যখন রেজিষ্ট্রার কি সব-রেজিষ্ট্রার কোন লেখ্য রেজিষ্টর করিতে অস্বীকার করেন তখন "রেজিষ্টর করিতে অসম্মত" এই কথা ঐ লেখ্যের পৃষ্ঠে লিখিবেন। এবং যে লেখ্যের পৃষ্ঠে তদ্রূপ লিপি থাকে ও যত কাল সেই লেখ্যের উপর আপীল উপস্থিত না করা যায় ও আপেলান্টের পক্ষে নিষ্পত্তি না হয়, তত কাল কোন রেজিষ্টরী কার্য্যকারক ঐ লেখ্য রেজিষ্টর করিবার জন্যে গ্রাহ্য করিতে পারিবেন না। রেজিষ্ট্রার যে স্থলে স্থাবর সম্পত্তিবিষয়ক লেখ্য রেজিষ্টর করিতে অস্বীকার করেন সেই স্থলের কার্য্যপ্রণালীর কিঞ্চিৎ পরিবর্ত্তন হইয়াছে। যদি রেজিষ্ট্রার স্থাবর সম্পত্তি বিষয়ের কোন লেখ্য রেজিষ্টর করিতে অস্বীকার করেন, কিম্বা আপীল হইলে যদি রেজিষ্টর হইবার আজ্ঞা করিতে অস্বীকার করেন, তবে সেই লেখ্যক্রমে যে কোন ব্যক্তি দাওয়া করেন তিনি নিয়মমতে মোকদ্দমা উপস্থিত করিয়া রেজিষ্ট্রারকে মোকদ্দমার এক পক্ষ করিতে পারিবেন। কিন্তু রেজিষ্টরী কার্য্যকারক স্বীয় পদের কর্ম্মোপলক্ষে সরলভাবে যে কোন কর্ম্ম করেন কি করিতে অস্বীকার করেন তজ্জন্যে দায়ী হন প্রস্তাবিত আইনের কোন কথায় এমত ভাব

fulfilled. The reason of this, doubtless, is that it was no one's interest or duty to bring to the notice of the Court the precise manner in which the law had been disobeyed. By making the Registrar a party to the suit he will be in a position to substantiate the grounds on which his refusal was based, while at the same time he is protected from damages so long as his acts are shewn to have been done in good faith.

Part XIV.—*Miscellaneous.*—The Administrators-General, the Official Trustees, the Receivers and Registrars of the High Courts are, like Officers of Government under Section 69 of Act XVI of 1864, exempted from appearing on presentation of instruments which they may have executed in their official capacity. Penalties are provided for incorrectly copying or translating, abstracting or registering documents with intent to cause "injury" as defined in the Indian Penal Code. All Registry Books kept under Act No. XVI of 1864, or any enactment repealed thereby, will be transferred to the Registrar of the District in which they are now preserved, and the rules as to extracts, searches, fees, &c., contained in, or made pursant to, this Act will apply to the Books so transferred.

THE INDIAN REGISTRATION ACT, 1866.

ARRANGEMENT OF SECTIONS.

Part I.

Preliminary.

Section.

1. Short Title.
2. Interpretation Clause.
3. Laws repealed.
4. Repeal of rules relating to the Registration of Assurances in certain Territories.
5. Power to invest Head Executive Officer of Territories under immediate administration of Government of India with authority vested by this Act in Local Governments.

Part II.

Of the Registration Establishment.

6. General Registry Office.
Branch General Registry Office.

জ্ঞাত করিতে হইবে না। কর্ম্মানুশীলনক্রমে দৃষ্ট হইয়াছে যে কোন২ স্থলে আইনের লিখিত সমস্ত আদেশ যদিও সম্পাদন হয় নাই তথাপি দেওয়ানী আদালত লেখ্য রেজিষ্টর করিবার আজ্ঞা করিয়াছেন। তাহার এই হেতু বোধ হইল যে, আইনের যে বিশেষ অংশ লঙ্ঘন হইয়াছে তাহা আদালতকে জ্ঞাত করা কোন ব্যক্তিরই স্বার্থ কি কর্ত্তব্য জ্ঞান হইল না। কিন্তু যখন রেজিষ্ট্রারকে মোকদ্দমার একপক্ষ করা গেল তখন তিনি যে হেতুতে অস্বীকার করিলেন তাহা সপ্রমাণ করিতে পারিবেন, অথচ তাঁহার যে সকল কর্ম্ম সরলভাবাপন্ন প্রকাশ পায় সেই কর্ম্ম হেতু তাঁহার ক্ষতি হইতে সম্পূর্ণরূপে মুক্তি হয়।

চতুর্দ্দশ খণ্ড। বিবিধ বিধি।—১৮৬৪ সালের ১৬ আইনের ৬৯ ধারানুযায়ী গবর্ণমেণ্টের কার্য্যকারকদের ন্যায় এডমিনিষ্ট্রেটর জেনরল ও রাজকীয় ট্রষ্টীগণ ও হাই কোর্টের রিসীবর ও রেজিষ্ট্রারগণ আপন২ পদের কর্ম্মোপলক্ষে যে২ লেখ্য সম্পাদন করেন তাহা উপস্থিত করণকালে তাঁহারা স্বয়ং উপস্থিত হওন হইতে মুক্ত হইলেন। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনেতে হানি শব্দের যে অর্থ হইয়াছে সেই অর্থানুসারে হানি করণাভিপ্রায়ে কোন লেখ্যের অশুদ্ধ প্রতিলিপি কি অনুবাদ কি চুম্বক কি রেজিষ্টরী কার্য্য হইলে তাহার দণ্ডের বিধি হইয়াছে। ১৮৬৪ সালের ১৬ আইন অনুসারে কিম্বা অন্য যে কোন আইন সেই আইনক্রমে রহিত করা গেল তদনুসারে যে সকল রেজিষ্টরী বহী যে ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে সেই ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রারের নিকটে অর্পণ করা যাইবে, এবং উদ্ধৃত কথা ও অন্বেষণ ও শুল্ক প্রভৃতির যে২ বিধি এই আইনেতে নির্দ্দিষ্ট [illegible]য়াছে কি এই আইনমতে প্রণীত হয় তাহা তদ্রূপ অর্পিত পুস্তকের প্রতিও বর্ত্তিবে।

ভারতবর্ষীয় রেজিষ্টরী করণের ১৮৬৬ সালের আইন।

ধারার নির্ঘণ্ট।

প্রথম খণ্ড।

পরিভাষা।

ধারা।

১। সংক্ষেপ নাম।
২। অর্থ করণের ধারা।
৩। যে২ আইন রহিত হইল তাহার কথা।
৪। কোন২ প্রদেশে নিদর্শনপত্র রেজিষ্টরী করণের বিধি রহিত করিবার কথা।
৫। স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি এই আইনমতে যে ক্ষমতা অর্পিত হইয়াছে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অব্যবহিতরূপে শাসিত কোন দেশের প্রধান কার্য্যকারক সাহেবের প্রতি এই ক্ষমতাদানের কথা।

দ্বিতীয় খণ্ড।

রেজিষ্টরীকরণের কার্য্যালয়াদির বিধি।

৬। সাধারণ রেজিষ্টরী কার্য্যালয় ও শাখা সাধারণ রেজিষ্টরী কার্য্যালয়ের কথা।

7. Formation and alteration of Districts and Sub-Districts.
8. Establishment of Registry and Sub-Registry Offices.
9. Appointment of Registrars and Sub-Registrars.
10. Registrar of a Presidency Town may act as Sub-Registrar.
11. Appointment of Deputy Registrar-General to perform duties of Registrar-General under Sections 32 73 and 74 of this Act during his absence on duty.
12. Provision for cases of absence of Registrars or vacancy in the office.
13. Provision for cases of absence of Sub-Registrars or vacancy in the office.
14. Remuneration and Establishments of Registry Officers.
15. Seals of Registering Officers.
16. Registry Books.
Forms.
Fire-proof boxes.

PART III.

Of registrable Documents.

17. Instruments of which the registration is compulsory.
Proviso as to leases in Madras.
And as to shares and debentures.
18. Documents of which the registration is optional.
19. Documents containing interlineations, erasures, or alterations.
20. Description of parcels in Instruments relating to immovables.
21. Documents in language not understood by Registering Officer.

PART IV.

Of the time of Registration.

22. Time for registering instruments of which the registration is compulsory.
23. Time for registering documents of which the registration is optional.
24. Provision where delay in registering is unavoidable.
25. Provision for last day of period for registration falling on a holiday.
26. Wills or authorities to adopt may be registered at any time.
27. Alteration of Act No. XIV of 1859, Section 1, Clause 10.

[*Government Gazette, 27th March* 1866.]

৭। দেশের ভাগ ও বিভাগ করিবার ও তাহা পরিবর্ত্তন করিবার কথা।
৮। রেজিষ্টরী ও সব-রেজিষ্টরী আফিস স্থাপনের কথা।
৯। রেজিষ্ট্রার ও সব-রেজিষ্ট্রারদিগকে নিযুক্ত করিবার কথা।
১০। সব-রেজিষ্ট্রারের কর্ম্ম রাজধানীর রেজিষ্ট্রারের করিতে পারিবার কথা।
১১। রেজিষ্ট্রার জেনরল কর্ম্মোপলক্ষে স্থানান্তরে গমন করিলে এই আইনের ৩২ ও ৭৩ ও ৭৪ ধারামতে তাঁহার কর্ম্ম সম্পাদনার্থে ডেপুটী রেজিষ্ট্রার জেনরলকে নিযুক্ত করিবার কথা।
১২। রেজিষ্ট্রারের অনুপস্থানে কি পদ শূন্য হইলে তদ্বিষয়ের বিধান।
১৩। সব-রেজিষ্ট্রারের অনুপস্থানকালে কিম্বা তাঁহার পদ শূন্য হইলে তাহার বিধান।
১৪। রেজিষ্টরী কর্ম্মকারকদিগের বেতনের ও আমলাগণের কথা।
১৫। রেজিষ্টরী কর্ম্মকারকদিগের মোহরের কথা।
১৬। রেজিষ্টরী বহী ও পাঠ ও অদহনীয় বাক্সের কথা।

তৃতীয় খণ্ড।

রেজিষ্টরী করিবার যোগ্য পত্রাদির বিধি।

১৭। যেহ লেখ্য অবশ্য রেজিষ্টরী করিতে হইবে তাহার কথা।
মান্দ্রাজে কৃত পাট্টাসম্পর্কে এবং অংশ ও ঋণশোধন প্রতিজ্ঞাপত্র সম্পর্কে বর্জ্জিত বিধি।
১৮। যেহ প্রকারের নিদর্শনপত্র স্বেচ্ছামতে রেজিষ্টর হইতে পারে তাহার কথা।
১৯। কোন শব্দ চাঁচা কি দুই পংক্তির মধ্যে লেখা গেলে কি পরিবর্ত্তন হইলে তাহার কথা।
২০। স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্যতে খণ্ড নির্ণয়ের কথা।
২১। রেজিষ্টরী কার্য্যকারকের অজ্ঞাত ভাষায় লেখ্য লিখিত হইলে তাহার কথা।

চতুর্থ খণ্ড।

রেজিষ্টরী করিবার সময়ের বিধি।

২২। যেহ লেখ্য রেজিষ্টর করা অবশ্য কর্ত্তব্য তাহা রেজিষ্টর করিবার সময়ের কথা।
২৩। যেহ লেখ্যের রেজিষ্টর করা ইচ্ছাধীন তাহা রেজিষ্টর করিবার সময়ের কথা।
২৪। রেজিষ্টর করিতে অগত্যা বিলম্ব স্থলে তাহার উপবিধি।
২৫। রেজিষ্টর করিবার শেষ দিন ছুটী হইলে তাহার উপবিধি।
২৬। চরমপত্র কিম্বা দত্তক গ্রহণের অনুমতিপত্র যে কোন সময়ে রেজিষ্টর হইতে পারিবার কথা।
২৭। ১৮৫৯ সালের ১৪ আইনের ১ ধারার ১০ প্রকরণের পরিবর্ত্তনের কথা।

28. Saving of time prescribed by Statute for registration of instruments.

PART V.

Of the place of Registration.

29. Place for registering instruments relating to immovables.
30. Place for registering other instruments.
31. Place for registering instruments affecting immovable property situate in one or more than one district.
32. Registration by Registrar-General of instruments referred to in Section 29.
33. Discretionary registration by Registrar.
34. Registration or acceptance for deposit at private residence.
Exception.

PART VI.

Of the presentation of Instruments for Registry.

35. Presentation of instruments for registration.
36. Powers of attorney recognizable for purposes of Section 35.
Proviso as to persons exempt from appearing in Court.
37. Enquiry before registration by the Registering Officer.

PART VII.

Of the enforcement of Attendance of Executants and Witnesses.

38. Where attendance of necessary presenter or witness is desired.
39. Where such person is not within the district or sub-district.
40. Law as to summonses, Commissions, and witnesses in Civil suits to apply to summonses, Commissions, and witnesses under this Act.

PART VIII.

Of the Registration of Memoranda of Decrees and Orders affecting Immovable Property and sent by the Court to a Registry Office.

41. Memorandum of decree affecting registered instrument relating to immovable property to be sent to the Office in which such instrument shall have been registered.

২৮। রেজিষ্টর করণের ব্যবস্থাক্রমে অবধারিত সময়।

পঞ্চম খণ্ড।

রেজিষ্টর করিবার স্থানের বিধি।

২৯। স্থাবর সম্পত্তি সম্পর্কীয় লেখ্য রেজিষ্টর করিবার স্থানের কথা।
৩০। অন্য লেখ্য রেজিষ্টর করিবার স্থানের কথা।
৩১। স্থাবর সম্পত্তি দুই কি অধিক ডিষ্ট্রিক্টের অন্তর্গত থাকিলে রেজিষ্টর করিবার স্থানের কথা।
৩২। ২৯ ধারার উদ্দিষ্ট লেখ্য রেজিষ্ট্রার জেনরল রেজিষ্টর হইবার কথা।
৩৩। রেজিষ্ট্রার কর্ত্তৃক স্বেচ্ছাধীনে রেজিষ্টর করণের কথা।
৩৪। সাধারণ ব্যক্তির বাটীতে রেজিষ্টর করণের কি গচ্ছিত করণার্থে গ্রাহ্য করণের কথা। ও বর্জ্জিত কথা।

ষষ্ঠ খণ্ড।

রেজিষ্টর করণার্থে লেখ্য উপস্থিত করিবার বিধি।

৩৫। রেজিষ্টর করণার্থে লেখ্য উপস্থিত করিবার কথা।
৩৬। ৩৫ ধারার কার্য্যোপলক্ষে মোক্তারনামা গ্রাহ্য হইবার কথা।
যাঁহারা আদালতে প্রবেশনহইতে মুক্ত তাঁহাদের পক্ষে উপবিধি।
৩৭। রেজিষ্টর করিবার পূর্ব্বে রেজিষ্টরী কার্য্যকারকদ্বারা সন্ধান লইবার কথা।

সপ্তম খণ্ড।

স্বাক্ষরকারিদিগকে ও সাক্ষিদিগকে বল পূর্ব্বক উপস্থিত করিবার বিধি।

৩৮। লেখ্য আনয়নকারির কি সাক্ষির উপস্থান যে স্থলে আবশ্যক সে স্থলের কথা।
৩৯। সেই ব্যক্তি ডিষ্ট্রিক্ট ও সব-ডিষ্টিক্টের মধ্যে না থাকিলে তদ্বিষয়ের কথা।
৪০। দেওয়ানী মোকদ্দমায় আহ্বানপত্রের ও কমিস্যনের ও সাক্ষিদের যে বিধি আছে এই আইনমত আহ্বানপত্রাদির সেই বিধি বর্ত্তিবার কথা।

অষ্টম খণ্ড।

স্থাবর সম্পত্তি বিষয়ক ডিক্রীর ও আজ্ঞার যে মর্ম্মাত্মকলিপি আদালতকর্ত্তৃক রেজিষ্টরী কার্য্যালয়ে প্রেরিত হয় তাহা রেজিষ্টরী করিবার বিধি।

৪১। স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্য যে কার্য্যালয়ে রেজিষ্টরী করা উচিত সেই সম্পত্তির রেজিষ্টরী করা লেখ্য সম্বন্ধীয় ডিক্রীর মর্ম্মাত্মকপত্র সেই কার্য্যালয়ে প্রেরণীয় হইবার কথা।

42. Memorandum of decree affecting immovable property to be sent to Registrar.

43. Costs of registration of memorandum of decrees and orders.

Part IX.

Of the Registration of Wills and Authorities to adopt.

44. Persons entitled to register Wills and Authorities to adopt.
Presentation or delivery of Wills and Authorities to adopt.

45. Withdrawal of sealed cover deposited under Section 44.

46. Proceedings on death of depositor.
Re-deposit.

Part X.

Of the Fees for Registration, Searches, and Copies.

47. Fees for registration, searches, and copies to be fixed by local Government.
Table of Fees.

48. Fees and penalties to be credited to Government.

Part XI.

Of the Effects of Registration and Non-registration.

49. Time from which registered document operates.

50. Effect of non-registration of documents required to be registered.

51. Priority of certain registered instruments.

52. Registration doubles period of limitation in suits under a written contract for money lent or interest or breach of contract.

Special Registration of Obligations for Payment of Money.

53. Enforcement of obligation registered with agreement recorded, that amount secured may be recovered summarily.

Part XII.

Of the Duties and Powers of Registering Officers.

(A) As to the Registry Books.

54. Registry Books to be kept in the several Offices.

৪২। স্থাবর সম্পত্তি বিষয়ক ডিক্রীর মর্ম্মাত্মকপত্র রেজিষ্ট্রারের নিকটে প্রেরণের কথা।

৪৩। ডিক্রীর ও আজ্ঞার মর্ম্মাত্মকপত্র রেজিষ্টর করণের ব্যয়ের কথা।

নবম খণ্ড।

চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র রেজিষ্টর করিবার বিধি।

৪৪। চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র যাঁহারা রেজিষ্টর করিতে স্বত্ববান তাঁহাদের কথা ও চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র উপস্থিত কি সমর্পণ করিবার কথা।

৪৫। ৪৪ ধারামতে যে মোহরাঙ্কিত থাম গচ্ছিত করা যায় তাহা ফিরিয়া লইবার কথা।

৪৬। গচ্ছিতকারি ব্যক্তির মৃত্যু হইলে ইতিকর্ত্তব্যতার কথা এবং পুনশ্চ গচ্ছিত করিবার কথা।

দশম খণ্ড।

রেজিষ্টর ও অনুসন্ধান ও প্রতিলিপি করিবার শুল্কের বিধি।

৪৭। রেজিষ্টর ও অনুসন্ধান ও প্রতিলিপি করিবার শুল্ক স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক অবধারিত হইবার কথা।

৪৮। শুল্ক ও দণ্ডের টাকা গবর্ণমেণ্টের নামে জমা করিবার কথা।

একাদশ খণ্ড।

রেজিষ্টরী করিবার ও না করিবার ফলের কথা।

৪৯। রেজিষ্টরী লেখ্য যে সময় অবধি প্রবল হইবে তাহার কথা।

৫০। যে লেখ্য অবশ্য রেজিষ্টর করিতে হয় তাহা রেজিষ্টর না হইলে ফলের কথা।

৫১। রেজিষ্টরী করা কোন২ লেখ্যের অগ্রগণ্যতার কথা।

৫২। ঋণের কি সুদের লিখিত চুক্তি রেজিষ্টরী হইলে তাহার কি ঐ চুক্তিভঙ্গের মোকদ্দমার মিয়াদ দ্বিগুণ হইবার কথা।

ঋণ শোধনের প্রতিজ্ঞাপত্রের বিশেষ রেজিষ্টর করিবার বিধি।

৫৩। প্রতিজ্ঞাপত্রের লিখিত টাকা সরাসরী মতে আদায় হইতে পারিবে এই মর্ম্মের সম্বিৎপত্রের সহিত ঐ প্রতিজ্ঞাপত্র রেজিষ্টর হইলে তাহা প্রবল করিবার কথা।

দ্বাদশ খণ্ড।

রেজিষ্টরী কার্য্যকারকদিগের কর্ত্তব্য কর্ম্মের ও ক্ষমতার বিধি।

(A) রেজিষ্টরী বহীসম্পর্কীয় বিধি।

৫৪। নানা কার্য্যালয়ে যেং রেজিষ্টরী বহী রাখিতে হইবে তাহার কথা।]

55. Entries to be numbered consecutively.

56. Indexes to be kept.

57. Registered documents to be copied according to order of admission.

58. Registering Officers to allow inspection of certain Registry Books and to give certified copies of entries.

(B.) As to the Procedure on admitting to Registration.

59. Entries to be made as to persons examined.
Record of conflicting statements.

60. Particulars to be endorsed on instruments admitted to registration.

61. Such endorsement to be signed and authenticated.

62. And returned with a certificate shewing number and page of book in which document has been registered.

63. Power to administer oaths.
Provision as to evidence.

(C.) Special Duties of Sub-Registrar.

64. Sub-Registrar to forward in duplicate abstracts of instruments affecting immovable property and registered in his Office.

65. Procedure on Sub-Registrar's registration of instrument relating to immovable property situate in one district, but in more than one sub-district.

66. Procedure on Sub-Registrar's registration of instrument referring to immovable property situate in several districts.

(D.) Special Duties of Registrar.

67. Registrar to forward to General Registry Office abstracts of instruments affecting immovable property and registered in his Office.

68. Filing in Registrar's Office of abstracts made by Sub-Registrar.

69. Procedure on registering instruments under Section 33.

70. Procedure on receipt of memorandum under Section 41.
Procedure on receipt of memorandum under Section 42.

71. Procedure on deposit of Wills or Authorities to adopt.

৫৫। বহীর লিখিত ভিন্নং সকল কথার ক্রমশঃ অঙ্ক দিতে হইবার কথা।

৫৬। সূচীপত্র রাখিবার কথা।

৫৭। লেখ্য যে ক্রমে গ্রাহ্য হয় তদনুসারে রেজিষ্টর করিবার কথা।

৫৮। কোনং রেজিষ্টরী বহীতে দৃষ্টি করিতে রেজিষ্টরী কর্ম্মকারকদের অনুমতি দিবার এবং তল্লিখিত কথার সংশিত প্রতিলিপি দিবার কথা।

(B) রেজিষ্টর করণার্থে গ্রাহ্য হইলে কার্য্য প্রণালীর বিধি।

৫৯। যাহাদের পরীক্ষা লওয়া যায় তাহাদের বিষয় লিখিবার ও পরস্পর বিরুদ্ধ উক্তি লিপিবদ্ধ করিবার কথা।

৬০। রেজিষ্টর করিবার জন্যে যে লেখ্য গ্রাহ্য হয় তাহার পৃষ্ঠে লিখিতব্য কথা।

৬১। পৃষ্ঠলিপির সেই কথায় স্বাক্ষর ও তাহা সত্যাকরণের কথা।

৬২। ঐ লেখ্যের প্রতিলিপি যে বহীর যে অঙ্কক্রমে যে পৃষ্ঠায় লেখা যায় তাহার সংশিতপত্র সহিত ঐ পত্র প্রতিদান করিবার কথা।

৬৩। শপথ করাইবার ক্ষমতার কথা ও সাক্ষ্য সম্পর্কীয় বিধান।

(C) সব-রেজিষ্ট্রারের বিশেষ কর্ত্তব্যকর্ম্মের বিধি।

৬৪। স্থাবর সম্পত্তি বিষয়ে যে লেখ্য সব-রেজিষ্ট্রারের কার্য্যালয়ে রেজিষ্টর করা যায় তাহার দোকর চুম্বক প্রেরণ করিতে হইবার কথা।

৬৫। যে স্থাবর সম্পত্তি একি ডিষ্ট্রিক্টের কিন্তু একের অধিক সব-ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে তদ্বিষয়ের লেখ্য সব-রেজিষ্ট্রার রেজিষ্টর করিলে ইতিকর্ত্তব্যতার কথা।

৬৬। যে স্থাবর সম্পত্তি অনেক জিলার অন্তর্গত তৎসম্পর্কীয় লেখ্য রেজিষ্টর করিলে সব-রেজিষ্ট্রারের কর্ত্তব্যতার কথা।

(D) রেজিষ্ট্রারের বিশেষ কর্ত্তব্যতার কথা।

৬৭। স্থাবর সম্পত্তি বিষয়ক যে লেখ্য রেজিষ্ট্রারের কার্য্যালয়ে রেজিষ্টর করা যায় তাহার চুম্বক জেনরল রেজিষ্টরী কার্য্যালয়ে পাঠাইবার কথা।

৬৮। সব-রেজিষ্ট্রারের দ্বারা যে চুম্বক লেখা যায় তাহা রেজিষ্ট্রারের কার্য্যালয়ে গোচাইয়া রাখিবার কথা।

৬৯। ৩৩ ধারামতে লেখ্য রেজিষ্টর করিলে ইতিকর্ত্তব্যতার কথা।

৭০। ৪১ ও ৪২ ধারামতে মর্ম্মাত্মকপত্র গ্রহণ হইলে ইতিকর্ত্তব্যতার কথা।

৭১। চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র গচ্ছিত করিলে ইতিকর্ত্তব্যতার কথা।

(E.) Of the Registrar-General.

72. Mode of registration by Registrar-General.
73. Procedure on registration by Registrar-General.
74. Filing in General Registry Office of abstracts of entries.

(F.) Of the Controlling Powers of Registrars and Registrars-General.

75. Registrar to superintend and control Sub-Registrars.
76. Powers of Registrar-General. Power to frame rules.
77. No appeal from order admitting to registration.

PART XIII.

Of Refusal to register.

78. Reasons for refusal to register to be recorded by Registrar or Sub-Registrar.
79. Registrar may alter or revise orders of Sub-Registrar refusing registration.
80. Procedure where Registrar refuses to register documents falling under Section 17 or Section 18, Clause 1, 2, or 3.
81. Registering Officer not to be liable for any thing *bonâ fide* done or refused in his official capacity.

PART XIV.

Miscellaneous.

82. Registry of instruments executed by Government Officers or certain public functionaries.
83. Penalty for incorrectly copying, translating, abstracting or registering documents with intent to injure.
84. Penalty for making false statements before Registering Officer.
85. Registers kept under former enactments to be transferred to Registrar of the District.
86. References to Act No. XVI of 1864 to be read as if made to this Act.

(E) রেজিষ্ট্রার জেনরল সম্পর্কীয় বিধি।

৭২। রেজিষ্ট্রার জেনরলের দ্বারা রেজিষ্টরী করণের নিয়মের কথা।

৭৩। রেজিষ্ট্রার জেনরলের দ্বারা রেজিষ্টর হইলে পর ইতিকর্ত্তব্যতার কথা।

৭৪। বহীর লিখিত কথার চুম্বক জেনরল রেজিষ্টরী আফিসে গোটাইবার কথা।

(F) রেজিষ্ট্রারদিগের ও রেজিষ্ট্রার জেনরল দিগের তত্ত্বাবধারণের ক্ষমতার বিধি।

৭৫। রেজিষ্ট্রারকর্ত্তৃক সব-রেজিষ্ট্রারদিগের তত্ত্বাবধান ও কর্ত্তৃত্ব হইবার কথা।

৭৬। রেজিষ্ট্রার জেনরলের ক্ষমতার কথা ও বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৭৭। রেজিষ্টর করণার্থ গ্রাহ্য করিবার আজ্ঞার উপর আপীল না হইবার কথা।

ত্রয়োদশ খণ্ড।

রেজিষ্টর করিতে অসম্মতির বিধি।

৭৮। রেজিষ্টর না করিবার হেতু রেজিষ্ট্রারের কি সব-রেজিষ্ট্রারের লিপিবদ্ধ করিতে হইবার কথা।

৭৯। সব-রেজিষ্ট্রার রেজিষ্টর করিতে সম্মত না হইলে রেজিষ্ট্রারকর্ত্তৃক সেই আজ্ঞা পরিবর্ত্ত কি পুনর্দৃষ্টি হইতে পারিবার কথা।

৮০। রেজিষ্ট্রার ১৭ কি ১৮ ধারার ১, ২, কি ৩ প্রকরণানুযায়ি লেখ্য রেজিষ্টর করিতে সম্মত না হইলে ইতিকর্ত্তব্যতার কথা।

৮১। রেজিষ্টরী কার্য্যকারক স্বীয় পদোপলক্ষে সরলভাবে যে কোন কার্য্য করেন কি করিতে অসম্মত হন, তজ্জন্যে দায়ী না হইবার কথা।

চতুর্দ্দশ খণ্ড।

বিবিধ বিধি।

৮২। গবর্ণমেণ্টের কার্য্যকারকদিগের কি রাজকীয় কার্য্যকারকদিগের সম্পাদিত লেখ্য রেজিষ্টর করিবার কথা।

৮৩। হানি করণাভিপ্রায়ে লেখ্যের প্রতিলিপি কি অনুবাদ কি চুম্বক কি রেজিষ্টরী অশুদ্ধরূপে করিবার দণ্ডের কথা।

৮৪। রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে মিথ্যা উক্তি করিবার দণ্ডের কথা।

৮৫। ভূতপূর্ব্ব আইনমতে যে সকল রেজিষ্টর করা গিয়াছে তাহাও ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের প্রতি অর্পণ করিবার কথা।

৮৬। ১৮৬৪ সালের ১৬ আইনের উল্লেখ এই আইনের উল্লেখের ন্যায় পাঠ্য হইবার কথা।

[*Government Gazette, 27th March* 1866.]

87. Commencement of Act in Bengal, Madras, and Bombay.
Power to extend Act to other Territories.
Time for registering instruments executed in such Territories before extension.

S. St. J. Gordon.

The 20th January 1866.

Whitley Stokes,
Asst. Secy. to the Govt. of India, Home Dept. (Legislative.)

৮৭। বঙ্গ ও মান্দ্রাজ ও বোম্বাই দেশে এই আইনের প্রারম্ভের কথা ও অন্যান্য প্রদেশে এই আইন বর্ত্তাইবার ক্ষমতার কথা, ও সেইং দেশে বর্ত্তাইবার পূর্ব্বে যে লেখা সম্পাদন হইয়াছে তাহা রেজিষ্টর করিবার সময়ের কথা।

এস সেণ্ট জে গর্ডন।

১৮৬৬ সাল ২০ জানুআরি।

উইটলি ষ্টোক্‌স,
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 5.

From G. G. Morris, Esq., Officiating Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Civil Judges,—(dated Calcutta, the 28th February 1866.)

In continuation of the Circulars as below,* and with reference to Government Order No. 1584, dated 14th March 1865, which requires that the salaries of the Nazirs of all the Civil and Revenue Courts in the Lower Provinces should be charged to the Peons' Fee Fund constituted under Act V. (Bengal Code) of 1863, the Court direct that the salaries of such Nazirs be exhibited in the 2nd column of the Quarterly Returns submitted to them in the Form B. appended to Circular Order No. 10 A., dated 26th April 1864.

2. The words "Nazirs and" should be inserted before the word "Peons" in the heading of the said Form B., which would change the present heading to that exhibited below.†

By Order of the High Court,

(Signed) G. G. Morris,
Officiating Registrar.

* C. O. No. 10 A., dated 26th April 1864.
„ „ 4, dated 31st March 1865.

† "Disbursement on account of the salaries of Nazirs and Peons of each Court during past quarter."

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

৫ নম্বর।

সকল সিবিল জজ সাহেবের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত জি জি মরিস সাহেবের পত্র। কলিকাতা ১৮৬৬ সাল ২৮ ফেব্রুআরি।

গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের ১৪ মার্চ্চ তারিখের ১৫৮৪ নম্বরের আজ্ঞাপত্রে আদেশ হইয়াছিল যে, বঙ্গপ্রভৃতি দেশের অন্তর্গত সকল দেওয়ানী ও রাজস্বের আদালতের নাজিরদের বেতন ১৮৬৩ সালের (বঙ্গদেশীয়) ৫ আইনমতে সংস্থাপিত পেয়াদাদের ফী ফণ্ডের হিসাবে খরচ লেখা যায়। সেই আজ্ঞাপত্রের এবং নিম্ন* লিখিত সরক্যুলর অর্ডরের উপলক্ষে আদালত আদেশ করিতেছেন যে, তাঁহাদের নিকটে ১৮৬৪ সালের ২৬ আপ্রিল তারিখের ১০A নম্বরের সরক্যুলর অর্ডরের সংযুক্ত B চিহ্নিত পাঠে যে ত্রৈমাসিক রিটর্ন অর্পিত হয়, তাহার দ্বিতীয় ঘরে ঐ প্রকারের নাজিরদিগের বেতন লেখা যায়।

২। উক্ত B চিহ্নিত পাঠের শিরোভাগে "পেয়াদাদের" এই শব্দের পূর্ব্বে "নাজিরদের ও" এইং শব্দ দিতে হইবে। তাহা হইলে শিরোভাগের এই কথা হইবে,

"গত তিন মাসে প্রত্যেক আদালতের নাজিরদের ও পেয়াদাদের বেতনে যত টাকা খরচ হইল।"

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
জি জি মরিস,
একটিং রেজিষ্ট্রার।
John Robinson, *Bengalee Translator.*

* ১৮৬৪ সালের ২৬ আপ্রিলের ১০A নং এবং ১৮৬৫ সালের ৩১ মার্চের ৪ নং সরক্যুলর অর্ডর।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 274.

APPOINTMENTS.

The 13th March 1866.

The Revd. M. R. Burge to be Chaplain of the Garrison of Fort William and the Military Hospital.

Mr. W. O'Reilly, Deputy Magistrate and Deputy Collector of Sarun, is transferred to Balasore, and vested with the powers of a Magistrate in that District.

Sub-Assistant Surgeon Money Loll Dutt to have temporary charge of the Sukeas Street Dispensary, Calcutta.

Mr. G. G. Morris to officiate as Additional Judge of Jessore.

The 14th March 1866.

The following gentlemen to be Probationary Assistant Superintendents of Police in the Districts mentioned against their names, *viz.* :—

Mr. M. F. Beamish	..	Midnapore.
„ F. C. Charles	..	Jessore.
„ G. Raban	...	Hooghly.
„ H. Harris	...	Sarun.
„ W. Mackenzie	..	Monghyr.
„ R. A. D. Bignell	...	Beerbhoom.

The 15th March 1866.

Baboo Russick Loll Bose to be Principal Sudder Ameen of Chittagong, but to continue to officiate as Principal Sudder Ameen of Rungpore, until the return, from leave, of Mr. S. DaCosta, or until further orders.

Mr. W. DaCosta to be Principal Sudder Ameen of Purneah.

Baboo Gobind Chunder Sandyal to be Sudder Ameen of Bhaugulpore, and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Denonath Chatterjee to officiate as Principal Sudder Ameen of Hooghly, during the absence, on leave, of Mr. A. Davidson, or until further orders.

Baboo Juddonath Mullick to officiate as Sudder Ameen of Midnapore, and Moonsiff of the Sudder Station of that District.

Mr. E. S. Moseley to officiate as Joint-Magistrate and Deputy Collector of Purneah, during the absence, on leave, of Mr. N. S. Alexander, or until further orders.

The following gentlemen to be Members of the Municipal Committee at Serajgunge, *viz.* :—

Mr. A. W. Murdock.
„ J. Tawse.
„ J. Ogilvie.
„ S. Gowan.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২৭৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৩ মার্চ।

পাদরী শ্রীযুত এম আর বর্জ সাহেব ফোর্ট উলিয়ম দুর্গের ও মিলিটারী হাসপাতালের পুরোহিত হইবেন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত ডবলিউ ও'রাইলী সাহেব বালেশ্বরে নিযুক্ত হইয়াছেন, ও ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত মণিলাল দত্ত কিয়ৎকালের নিমিত্তে কলিকাতার সুকিয়াষ্ট্রীট ঔষধালয়ের কর্ম্মের ভার পাইয়াছেন।

শ্রীযুত জি জি মরিস্ সাহেব যশোহরের আডিসনল জজের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৪ মার্চ।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে পোলীসের প্রবেশনরী আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন, অর্থাৎ—

শ্রীযুত এম এফ বীমিশ সাহেব	...	মেদিনীপুরে।
,, এফ সি চার্লস সাহেব	...	যশোহরে।
,, জি রেবান সাহেব	...	হুগলীতে।
,, এচ হারিস সাহেব	...	সারণে।
,, ডবলিউ মাকেঞ্জি সাহেব	...	মুঙ্গেরে।
,, আর এ ডি বিগনেল সাহেব		বীরভূমে।

১৮৬৬ সাল ১৫ মার্চ।

শ্রীযুত বাবু রসিকলাল বসু চট্টগ্রামের প্রধান সদর আমীন হইবেন, কিন্তু শ্রীযুত এস ডাকষ্টা সাহেবের ছুটী হইতে প্রত্যাগমন না করণ কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রঙ্গপুরের প্রধান সদর আমীনের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ ডাকষ্টা সাহেব পুরণীয়ার প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সান্যাল ভাগলপুরের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুন্সেফ হইবেন।

শ্রীযুত এ ডেবিডসন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু দীননাথ চট্টোপাধ্যায় হুগলীর প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু যদুনাথ মল্লিক মেদিনীপুরের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই এস মোসলী সাহেব পুরণীয়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা শেরাজগঞ্জের মুনিসিপাল কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত এ ডবলিউ মর্ডক সাহেব।
,, জে টস্ সাহেব।
,, জে অগিল্‌বি সাহেব।
,, এস্ গৌয়ান সাহেব।

Baboo Sharut Chunder Roy.
" Ummer Nath Pundit.
" Kallee Prosonno Mitter.

The 16th March 1866.

Mr. R. F. Hennessy to be a Deputy Magistrate under Act XV. of 1843, and a Deputy Collector under Regulation IX. of 1833, in the Patna Division, to be posted to Tirhoot, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

Baboo Otool Churn Mullick, M. A. and B. L., to be a Deputy Magistrate under Act XV. of 1843, and a Deputy Collector under Regulation IX. of 1833, in the Rajshahye Division, to be posted to Dinagepore, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

Baboo Krishna Chunder Dutt to be a Deputy Magistrate under Act XV. of 1843, and a Deputy Collector under Regulation IX. of 1833, in the Dacca Division, to be posted to Mymensing, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

Mr. W. Scott, Deputy Magistrate and Deputy Collector of Rajshahye, to have charge of the Terai Sub-Division, Darjeeling, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class.

Moulvy Hameeooddeen Ahmed, Deputy Magistrate and Deputy Collector of the Terai Sub-Division, Darjeeling, is transferred to Purneah, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in that District.

In supersession of the orders of the 5th instant, Mr. J. A. Ricketts, Deputy Magistrate and Deputy Collector of Howrah, is transferred to Midnapore, and vested with the powers of a Magistrate in that District.

The 17th March 1866.

The Revd. A. W. Wallis to be Chaplain of Berhampore.

Mr. H. Balfour, Deputy Collector of Howrah, is appointed, under Section 3, Act VI. of 1857, to take order for the acquisition of the land required for a carriage road proposed to be constructed from the Bishop's College Avenue Road to the Government Botanic Gardens.

Mr. W. B. Oldham to be an Assistant to the Magistrate and Collector of Beerbhoom, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

The 20th March 1866.

Commander P. W. Mitchison, of the late Indian Navy, to officiate as Collector of Customs and Port Master of Chittagong, during the ab-

শ্রীযুত বাবু শরচ্চন্দ্র রায়।
" বাবু অমরনাথ পণ্ডিত।
" বাবু কালীপ্রসন্ন মিত্র।

১৮৬৬ সাল ১৬ মার্চ।

শ্রীযুত আর এফ হেন্নেসী সাহেব পাটনা খণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইয়া ত্রিহুতে অবস্থিতি করিবেন, এবং উক্ত খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা-ক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু অতুলচরণ মল্লিক এম, এ, ও বি এল রাজশাহীখণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইয়া দিনাজপুরে অবস্থিতি করিবেন, এবং উক্ত খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দত্ত ঢাকাখণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইয়া ময়মনসিংহে অবস্থিতি করিবেন, এবং উক্ত খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা-ক্রমে কর্ম্ম করিবেন।

রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ স্কট সাহেব দার্জ্জিলিঙ্গের অন্তর্গত তেরাই শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

দার্জ্জিলিঙ্গের অন্তর্গত তেরাই শাখাখণ্ডের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হামিদুদ্দীন আহম্মদ পুরণিয়ায় নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

এই মাসের ৫ তারিখের আজ্ঞার পরিবর্ত্তে হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ রিকেটস সাহেব, মেদিনীপুরে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৭ মার্চ।

পাদরী শ্রীযুত এ ডবলিউ ওয়ালিস সাহেব বহরমপুরের পুরোহিত হইবেন।

বিশপস্ কালেজের সারিগাছা রাস্তাঅবধি কোম্পানির বাগান পর্য্যন্ত গাড়ির পথ প্রস্তুত করিবার যে প্রস্তাব হইয়াছে তজ্জন্যে ভূমি গ্রহণার্থে হাবড়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ বালফর সাহেব, ১৮৫৭ সালের ৬ আইনের ৩ ধারামতে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ বি ওলডহাম সাহেব বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২০ মার্চ।

শ্রীযুত এচ জে বাম্বর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পূর্ব্বতন ভারতবর্ষীয় যুদ্ধ জাহাজের অধ্যক্ষ শ্রীযুত পি ডবলিউ

sence, on leave, of Mr. H. J. Bamber, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 13th March 1866.

Mr. C. N. Banerjee, Officiating Deputy Magistrate and Deputy Collector of Jessore, is allowed privilege leave, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of it to the close of the current month.

Mr. H. J. Bamber, Collector of Customs and Port Master of Chittagong, for twelve months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, together with eleven days for preparation.

Sub-Assistant Surgeon Purmanund Sett, attached to the Sukeas Street Dispensary, for twelve months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 15th March 1866.

Mr. N. S. Alexander, Officiating Joint-Magistrate and Deputy Collector of Purneah, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Mr. A. Davidson, Principal Sudder Ameen of Hooghly, for six months, on urgent private affairs, from the 16th instant, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules.

The 17th March 1866.

Lieutenant R. C. Money, Deputy Commissioner of Maunbhoom, for two weeks, on urgent private affairs, under the Financial Notification, dated 8th September 1859, in extension of the leave granted to him under orders of the 10th ultimo.

The 19th March 1866.

Mr. E. S. Pearson, Civil and Sessions Judge of Tirhoot, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from any date on which he may avail himself of the leave, making over charge of his office to the Additional Judge of the District.

NOTIFICATIONS.

The 15th March 1866.

Baboo Grish Chunder Ghose, Principal Sudder Ameen of the 24-Pergunnahs, having resumed his duties on the 6th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 21st ultimo is cancelled.

Lieutenant W. B. Birch, District Superintendent of Police, Burdwan, having returned to his duties on the 1st instant, the unexpired portion of the leave granted to him on the 28th ultimo is cancelled.

[*Government Gazette*, *27th March* 1866.]

মিচিশান সাহেব চট্টগ্রামের কষ্টমের কালেক্টরের ও বন্দরাধ্যক্ষের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ১৩ মার্চ।

যশোহরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এন, বন্দ্যোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের শেষ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের কষ্টমের কালেক্টর ও বন্দরাধ্যক্ষ শ্রীযুত এচ জে বাম্বর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বার মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে এগারো দিনের ছুটী পাইয়াছেন।

সুকিয়াস ষ্ট্রীট ঔষধালয়ে নিযুক্ত সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত পরমানন্দ সেট অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বার মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৫ মার্চ।

পূরণিয়ার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর প্রধান সদর আমীন শ্রীযুত এ ডেবিডসন সাহেব নিজের বিশেষ প্রয়োজনের নিমিত্তে অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে এই মাসের ১৬ তারিখঅবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৭ মার্চ।

মানভূমের ডেপুটী কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত আর সি মনি সাহেব গত মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত নিজের বিশেষ প্রয়োজনের নিমিত্তে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৯ সালের ৮ সেপ্টেম্বর তারিখের বিজ্ঞাপনমতে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৯ মার্চ।

ত্রিহুতের সিবিল ও সেশনস্ জজ শ্রীযুত ই এস পিয়রসন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন, তিনি আপন কার্য্যালয়ের কর্ম্মের ভার ঐ জিলার আডিস্যনল জজের প্রতি অর্পণ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৫ মার্চ।

২৪ পরগনার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ এই মাসের ৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে গত মাসের ২১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

বর্দ্ধমানের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ বি বর্চ সাহেব এই মাসের ১ তারিখে আপন কার্য্যে প্রত্যাগমন করাতে গত মাসের ২৮ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

Dr. H. M. Davis, Medical Officer of Noacolly, reported his departure on leave to Europe per Steamer *Simla*, which was left by the Pilot at sea on the 24th ultimo.

The Revd. H. Smith, Chaplain of Cuttack, reported his departure on leave to Europe per Steamer *Meinam*, which was left by the Pilot at sea on the 4th instant.

The 17th March 1866.

The leave granted to Baboo Poorno Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector of Moorshedabad, under orders of the 15th November last, will have effect from any date on which he may avail himself of it.

NOTIFICATION.

The 8th March 1866.

Under Section 2 of Act XX. of 1856, it is hereby notified that the provisions of the said Act are extended to the Civil Station of Poorulia and in the Towns of Jhaldah, and Manbazaar. Under Section 4 of the Act it is also notified that the boundaries of the said towns are the following:—

(1.) Boundaries of Poorulia. On the North it is bounded by a line drawn east and west from a drain bridge on the road leading to Raneegunge; on the West by the boundaries of Village Mangoora; on the South by the boundaries of Village of Nowdeeha, and on the East by a line drawn north and south from outside the distillery building.

(2.) Boundaries of Jhaldah. It is bounded on the North by Kopilla Hill; on the West by Dwiuk Hill; on the South by Shan River, and on the East by Shorisina River.

(3.) Boundaries of Manbazaar. It is bounded on the East by the east side of Radhoor Band, Oorar Shole, and Bunbadha; on the West by the Heer land of Bowree Majee and Jeetoo Laya; on the North by Domsole land and the side of Ghagra Jore, and on the South by Moha Dana Ghoota and the side of the Mouzah Barkooree.

Under Section 10 of the Act it is also further notified that the tax to be levied upon the inhabitants will be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same.

It is hereby notified that the provisions of Section 34, Act V. of 1861, (for the regulation of Police,) are extended to the said towns, the limits of which are described above.

NOTIFICATION.

The 15th March 1866.

Under the authority vested in him by Section 8, Act III (B. C.) of 1865, (an Act to make better provision for the prevention of injury from

নওয়াখালীর চিকিৎসক ডাক্তর শ্রীযুত এচ এ ডেবিস সাহেব ছুটীক্রমে সিমলা নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব সেই জাহাজ গত মাসের ২৪ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

কটকের পুরোহিত শ্রীযুত এচ স্মিথ সাহেব ছুটীক্রমে মৈনাম নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব সেই জাহাজ এই মাসের ৪ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৬৬ সাল ১৭ মার্চ।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র ঘোষ গত নবেম্বর মাসের ১৫ তারিখের আজ্ঞানুসারে যে ছুটী পান তাহা তিনি যে তারিখঅবধি গ্রহণ করিবেন সেই তারিখঅবধি প্রবল হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৮ মার্চ।

১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের বিধান পুরুলিয়ার সিবিল ষ্টেশনে এবং ঝালদহ ও মানবাজার নগরে প্রচলিত হইবে। আরো উক্ত আইনের ৪ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত নগরের পশ্চাৎ লিখিত সীমা হইবে, অর্থাৎ

(১) পুরুলিয়ার সীমা এই২। উত্তর, রাণীগঞ্জে যে পথ যায় তাহার নরদমার সাঁকোর উপর অবধি পূর্ব্ব পশ্চিম যে রেখা টানা যায় তাহা, পশ্চিম, মানগুরা গ্রামের সীমা, দক্ষিণ, নৌডিহা গ্রামের সীমা, পূর্ব্ব, ভাটিখানা ঘরের বাহির হইতে উত্তর দক্ষিণ যে রেখা টানা যায় তাহা।

(২) ঝালদহের সীমা এই২। উত্তর, কপিলপর্ব্বত, পশ্চিম, দ্বারক পর্ব্বত; দক্ষিণ শান নদী, ও পূর্ব্ব, নদী সরিশা।

(৩) মান বাজারের সীমা এই২। পূর্ব্ব, রাধুর বান্ধের ও উরার শোলের ও বনবাধার পূর্ব্বদিক্, পশ্চিম, বাউরি মাঝির ও জিতু লাহার হীড় ভুমি উত্তর, ডোমসোল ভুমি ও ঘাগরা জোরের দিক্, দক্ষিণ, মহাধন গুপ্ত ও মৌজা বারুরির দিক্।

উক্ত আইনের ১০ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে তন্নিবাসিদের স্থানে যে টাকস আদায় করিতে হইবে তাহা টাকস দিবার যোগ্য ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্ত্যনুসারে ধার্য্য হইবে।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের) ৩৪ ধারার বিধান উক্ত নগরে প্রচলিত করা গেল উক্ত নগরের সীমাও উপরে বর্ণীত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৫ মার্চ।

বঙ্গদেশের ১৮৬৫ সালের ৩ আইনের (অর্থাৎ বন্দরে অগ্নিজন্য হানি নিবারণের আরো উপযুক্ত নিয়ম করণার্থ এবং আশুজ্বলনশীল তৈলাদি নিরাপদে রাখি-

fire in ports and to provide for the safe keeping of inflammable oils, &c.,) the Lieutenant-Governor is pleased to publish, for general information, the following rules under clauses 1 and 2 of that Section :—

Rules under Clauses 1 and 2 of Section 8, Act III. (B. C.) of 1865.

1st.—When a vessel has more than forty gallons of inflammable oil on board, a certificate to that effect shall be signed by the Preventive Officer on board and forwarded to the Master Attendant before such vessel can be moved beyond the Metea Brooj Ghaut at Garden Reach.

2nd.—The Master Attendant, on receiving such certificate, may, if he see sufficient reason for so doing, direct that the vessel shall not proceed beyond a certain part of the port until such oil is discharged.

3rd.—Inflammable oil may be landed in any covered cargo boat, but no fire shall be lighted in any such boat during the time that such oil is on board.

2. In continuation of the Notification of this Government, dated the 20th April 1865, published in the *Calcutta Gazette* of the 3rd May 1865, appointing the Commissioner of Police of Calcutta to be the officer for licensing buildings, &c., under Sections 5 and 7 of the same Act, the Lieutenant-Governor is also pleased to publish, for general information, the following rules under Section 8, Clause 3 :—

Rules for Application for License of any building and locality for storing inflammable oils.

Every application for the license of any building for the purpose of storing therein inflammable oils shall specify the locality in which the building is situated and the description of the building.

The Licensing Officer shall cause the locality to be visited, and the building to be inspected by a competent person, and, if satisfied with the report of such person, shall grant a license subject to the following conditions :—

Inflammable oils in quantities exceeding forty gallons shall not be located within the Town of Calcutta or in any place not approved by the Licensing Officer.

Every such building shall be constructed of masonry with arched or terraced roofs and with tiled, or paved or earthen floors.

Every such building shall be separated by a clear space of 20 feet on every side from any other building.

No merchandise or goods of any combustible materials shall be stored in any such building.

বাস বিধান করণার্থ আইনের ৮ ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি পশ্চাৎ লিখিত সকল বিধি উক্ত ধারার ১ ও ২ প্রকরণমতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করিতেছেন।

বঙ্গদেশের ১৮৬৫ সালের ৩ আইনের ৮ ধারার ১ ও ২ প্রকরণমতের বিধি।

প্রথম। কোন জাহাজে চল্লিশ গালনের অধিক আশুজ্বলনশীল তৈল থাকিলে সেই জাহাজে যে প্রিবেন্টিব আফিসর থাকেন তিনি সেই মর্ম্মের সংশিতপত্রে স্বাক্ষর করিয়া মাষ্টর আটেণ্ডেন্ট সাহেবের নিকটে প্রেরণ না করিলে সেই জাহাজ মুচিখোলার মেটিয়া বুরুজের ঘাটের এদিগে আসিতে পাইবে না।

দ্বিতীয়। মাষ্টর আটেণ্ডেন্ট সাহেব ঐ সংশিতপত্র প্রাপ্ত হইলে পর উপযুক্ত কারণ দৃষ্টি করিয়া আজ্ঞা করিতে পারিবেন যে সেই তৈল স্থলে নামাইয়া না দেওয়া গেলে ঐ জাহাজ বন্দরের কোন বিশেষ ভাগের এদিগে আসিতে না পায়।

তৃতীয়। আশুজ্বলনশীল তৈল আবৃত বোঝাই নৌকা করিয়া ঘাটে নামাইয়া দেওয়া যাইতে পারিবে, কিন্তু সেই তৈল যৎকালে নৌকায় থাকে তৎকালে সেই নৌকায় অগ্নি জ্বালিতে হইবে না।

২। গবর্ণমেন্টের ১৮৬৫ সালের ২০ আপ্রেল তারিখের যে জ্ঞাপনপত্র ১৮৬৫ সালের ৩ মে তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হয় তাহাতে কলিকাতার পোলীসের কমিসানর সাহেব সেই আইনের ৫ ও ৭ ধারামতে গৃহাদির অনুমতিপত্র দানের কার্য্যকারক-স্বরূপ নিযুক্ত হইলেন, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সেই জ্ঞাপনপত্রের অধিক সর্ব্বসাধারণের জ্ঞানার্থে ৮ ধারার ৩ প্রকরণ অনুযায়ি পশ্চাৎ লিখিত বিধি প্রকাশ করিতেছেন।

আশুজ্বলনশীল তৈল সঞ্চিত রাখিবার কোন ঘরের ও স্থানের অনুমতিপত্র প্রার্থনার বিধি।

আশুজ্বলনশীল তৈল সঞ্চিত করিয়া রাখিবার ঘরের নিমিত্তে অনুমতিপত্রের যে প্রার্থনা হয় সেই প্রার্থনাপত্রে ঐ ঘর যে স্থানে ও যে প্রকারের আছে তাহাও নির্ণয় করিতে হইবে।

অনুমতিপত্রদায়ি কার্য্যকারক সেই স্থান দৃষ্টি করিতে ও সেই গৃহ পরিদর্শন করিবার জন্যে উপযুক্ত ব্যক্তিকে প্রেরণ করিবেন, এবং যদি সেই ব্যক্তির রিপোর্টে সন্তুষ্ট হন, তবে নিম্নলিখিত এই২ নিয়মে অনুমতিপত্র দান করিবেন। যথা—

কলিকাতা নগরের মধ্যে কিম্বা অনুমতিপত্রদায়ি কার্য্যকারক যে স্থানের অনুমোদন না করেন এমন স্থানের চল্লিশ গালনের অধিক আশুজ্বলনশীল তৈল রাখিতে হইবে না।

তদ্রূপ প্রত্যেক গৃহ ইষ্টক নির্ম্মিত এবং খিলান কি সমান ছাদযুক্ত হইবে এবং টালি কি ইট পাতা কি মৃত্তিকার মাজা থাকিবে।

তদ্রূপ প্রত্যেক ঘরের চতুর্দ্দিগে বিশ ফুট ফাঁক থাকিবে ইহার মধ্যে অন্য ঘর না থাকে।

সেই ঘরের মধ্যে কোন বাণিজ্য দ্রব্য কি দহনীয় দ্রব্য নির্ম্মিত কোন সামগ্রী না থাকে।

No cask or other receptacle containing inflammable oils shall be opened, or the oil drawn off within such building.

No lighted candle, lamp or fire in any form shall be permitted at any time within such building.

The Licensing Officer or any Officer appointed by him shall be allowed to enter all such buildings for the purpose of inspection between the hours of 8 A. M. and 4 P. M.

The license may be cancelled if within one week of the receipt of a notice from the Licensing Officer calling on the holder to repair such building he shall fail to do so.

A fee of Rupees 16 shall be paid for every license granted under Section 8 of Act III. (B. C.) of 1865 for the storage of inflammable oils.

Rules for grant of License for removal of inflammable oils.

Application for licenses for removal of inflammable oils in quantities exceeding twenty gallons shall specify the description and quantity of oil to be removed and the places from and to which, and the route by which, the oil is to be removed, and shall describe the receptacle in which the oil is contained.

The license shall state the description and quantity of oil to be removed, the place to and from which, and the route by which, and the receptacle in which, it is to be removed, and the time for which it is granted.

All oils thus removed shall be conveyed in covered carts between the hours of 6 A. M. and 6 P. M.

A fee of 1 Rupee shall be charged for the grant of each license.

DECLARATION UNDER SECTION II., ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the Calcutta Municipal Conservancy Railway, it is hereby declared that, for the above purpose, a plot of land measuring 1 cottah and 5 chittacks, more or less, situated in the Talook of Sootanutty, near Shoba Bazaar, in the Town of Calcutta, being portions of Premises Nos. 109, 110, Upper Circular Road, is required.

The land is a narrow slip along the public drain, and is bounded on the West by Circular Road, and on the North, South, and East by the respective properties of Gobindomoney Dassee, Tincowree Dassee, and Ramdhone Dutt.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ মার্চ।]

সেই ঘরের মধ্যে আশুজ্বলনশীল তৈলের কোন পিপা কি অন্য আধার খোলা না যায় কি তৈল বাহির করা না হয়।

সেই ঘরের মধ্যে কোন সময়ে প্রজ্বলিত কোন বাতি কি প্রদীপ কি কোন প্রকারের আগুণ লইয়া যাইতে হইবে না।

অনুমতিপত্রদায়ি কার্য্যকারক কিম্বা তদ্দ্বারা নিযুক্ত কোন কার্য্যকারক ঐ গৃহ পরিদর্শনার্থে পূর্ব্বাহ্নের ৮ ঘণ্টা ও অপরাহ্নের ৪ ঘণ্টার মধ্য কোন সময়ে সেই২ গৃহে প্রবেশ করিতে পারিবেন।

যাঁহাকে অনুমতিপত্র দেওয়া গিয়াছে তিনি অনুমতিপত্রদায়ি কার্য্যকারকের স্থানে ঐ ঘরের জীর্ণ সংস্কার করিতে আজ্ঞা প্রাপ্ত হইলে পর সপ্তাহের মধ্যে যদি তাহা না করেন, তবে সেই অনুমতিপত্র রহিত হইতে পারিবে।

১৮৬৫ সালের বঙ্গদেশীয় ৩ আইনের ৮ ধারামতে আশুজ্বলনশীল তৈল সঞ্চিত করিবার যে অনুমতিপত্র দেওয়া যায় তাহার প্রত্যেকের জন্যে ১৬ টাকা শুল্ক দেওয়া যাইবে।

আশুজ্বলনশীল তৈল স্থানান্তর করিবার
অনুমতিপত্র দানের বিধি।

আশুজ্বলনশীল তৈলের বিশ গালনের অধিক স্থানান্তর করিবার অনুমতিপত্রের নিমিত্তে প্রার্থনা হইলে যত ও যে প্রকারের তৈল যে স্থান হইতে যে পথ দিয়া যে স্থানে লইয়া যাইবার কল্পনা হয় ও সেই তৈল যে প্রকারের আধারে থাকে এই সকল কথা ঐ প্রার্থনা পত্রে নির্দ্দিষ্ট করিতে হইবে।

যে প্রকারের ও যত তৈল যে স্থান হইতে যে পথ দিয়া যে স্থানে ও যে আধারে লইয়া যাইতে হইবে এই সকল কথা এবং অনুমতিপত্র যত দিনের নিমিত্তে দেওয়া যায় তাহাও অনুমতিপত্রে ব্যক্ত থাকিবে।

যে সকল তৈল সেই প্রকারে লইয়া যাইতে হইবে তাহা পূর্ব্বাহ্নের ৬ ঘণ্টা ও অপরাহ্নের ৬ ঘণ্টার মধ্য কোন সময়ে আবৃত গাড়ীতে লইয়া যাইতে হইবে।

প্রত্যেক অনুমতিপত্র দানের এক টাকা শুল্ক লাগিবে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা মুনিসিপল কন্সার্ব্বেন্সী রেলওয়ের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের অন্তর্গত শোভাবাজারের নিকট সূতানুটী তালুকের মধ্যে ন্যূনাধিক /১।/ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি উত্তর সরকুলর পথের ১০৯ ও ১১০ নং বাটীর অংশ।

উক্ত ভূমি, রাজকীয় নর্দ্দমার সঙ্গে২ একখণ্ড ফালি ভূমি, ইহার পশ্চিম সীমা সরকুলর রোড, এবং উত্তর দক্ষিণ ও পূর্ব্ব সীমা, গোবিন্দ মণি দাসীর ও তিনকৌড়ি দাসীর ও রামধন দত্তের সম্পত্তি।

NOTIFICATION.

The 20th March 1866.

Information having been received of cholera having broken out among labourers recruited under Act III. (B. C.) of 1863 in the Districts of the Chota Nagpore Division on their way to the Presidency through Raneegunge, the Lieutenant-Governor is pleased to notify that instructions have been issued to magisterial officers in the said Districts prohibiting all recruiting operations for the next three months, or until further orders.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২০ মার্চ।

ছোট নাগপুর খণ্ডের সকল জিলাতে যে সকল মজুর দল বঙ্গদেশের ১৮৬৩ সালের ৩ আইনমতে সংগৃহীত হইয়া রাণীগঞ্জ দিয়া রাজধানী আসিতেছিল তাহাদের মধ্যে পথে ওলাউঠা রোগের প্রাদুর্ভাব হইয়াছে এমত সংবাদ প্রাপ্ত হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জ্ঞাত করিতেছেন যে, আগামি তিন মাস পর্য্যন্ত কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ২ জিলাতে মজুর সংগ্রহের কার্য্য স্থগিত হয়, এই মর্ম্মের উপদেশ ঐ২ জিলার মাজিষ্ট্রেটী কার্য্যকারকদিগকে দেওয়া গিয়াছে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

No. 60.

LOCAL.

Declaration under Section II. of Act VI. of 1857.

The 19th March 1866.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the site of the existing Dâk Bungalow at Jehanabad, Pergunnah Chynepore, in the District of Shahabad, it is hereby notified that, for the above purpose, a piece of land measuring, more or less, 1 beegah and 10 cottahs, and bounded on the North by the Grand Trunk Road, on the East and West by the waste lands of Chonee Sahoo, and on the South by the cultivated lands of the said Choonee Sahoo, is required.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lieut.-Col., R. E.,*
Offg. Secy. to the Govt. of Bengal,
in the Public Works Department.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

৬০ নম্বর।

স্থানীয়।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৯ মার্চ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শাহাবাদ জিলার অন্তর্গত চাইনপুর পরগনার জাহানাবাদে এখন যে ডাক বাঙ্গলা আছে তাহার ভূমিক্রয় করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১৷৷০ বিঘা ভূমির প্রয়োজন, উক্ত ভূমির উত্তর সীমা উত্তর পশ্চিম গমনের পথ, পূর্ব্ব ও পশ্চিম সীমা চুনি সাহার পতিত ভূমি, দক্ষিণ সীমা উক্ত চুনি সাহার কর্ষিত ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে ই টী নিকলস লেপ্টেনেণ্ট কর্ণেল, আ, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS (RAILWAY) DEPARTMENT,—BENGAL.

Fort William, the 20th March 1866.

NOTIFICATION.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at a public expense, for a public purpose, *viz.*, for a line of Railway between Jagotee and Goalundo, it is hereby declared that, for the above purpose, a strip of land is required between the Village Jagotee, in the District of

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম, ১৮৬৬ সাল ২০ মার্চ।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ জাগতী ও গোয়ালন্দ এই দুই স্থানের মধ্যে রেলপথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে, নদীয়া জিলার অন্তর্গত জাগতী ও নদীয়া জিলার অন্তর্গত গোয়ালন্দ এই দুই

Nuddea, and Goalundo in the District of Nuddea, being, more or less, forty-five miles long and 350 feet broad.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

F. S. TAYLOR, *Captain, R. E.,*
Joint-Secy. to the Govt. of Bengal.

গ্রামের মধ্যে ন্যূনাধিক পঁয়তাল্লিশ মাইল দীর্ঘ ও ৩৫০ ফুট প্রশস্ত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর, কাপ্তান, আর ই,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

APPOINTMENTS.

The 19th March 1866.

Baboo Romesh Chunder Bose, Moonsiff of Amduhrah, Zillah Beerbhoom, to be Moonsiff of Okhrah, Zillah Beerbhoom.

Baboo Gooroo Churn Doss, Moonsiff of Okhrah, Zillah Beerbhoom, to be Moonsiff of Amduhrah, Zillah Beerbhoom.

নিয়োগ।

১৮৬৬ সাল ১৯ মার্চ।

জিলা বীরভূমের অন্তর্গত আমদহরার মুনসেফ শ্রীযুত বাবু রমেশচন্দ্র বসু জিলা বীরভূমের উখড়ার মুনসেফ হইবেন।

জিলা বীরভূমের অন্তর্গত উখড়ার মুনসেফ শ্রীযুত বাবু গুরুচরণ দাস জিলা বীরভূমে আমদহরার মুনসেফ হইবেন।

LEAVE OF ABSENCE.

The 17th March 1866.

Baboo Mudhoosudun Dutt, Moonsiff of Jhenidah, Zillah Jessore, for one month, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

Baboo Bissessur Sein, Moonsiff of Selimabad, Zillah East Burdwan, for one month and nine days, without pay, under Financial Resolution dated 11th June 1864.

The 19th March 1866.

Moonshee Dubeerooddeen, Moonsiff of Nattore, Zillah Rajshahye, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

The 21st March 1866.

Moulvie Mahomed Mamood, Moonsiff of Nusseernugger, Zillah Tipperah, for eleven days, from the 1st instant, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP,
Registrar.

ছুটী।

১৮৬৬ সাল ১৭ মার্চ।

জিলা যশোহরের অন্তর্গত ঝিনিদহের মুনসেফ শ্রীযুত বাবু মধুসূদন দত্ত অচিহ্নিত কার্য্যকারকদিগের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ববর্দ্ধমানের অন্তর্গত সেলিমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বেশ্বর সেন ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৪ সালের ১১ জুন তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে এক মাস নয় দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৯ মার্চ।

জিলা রাজশাহীর অন্তর্গত নাটোরের মুনসেফ শ্রীযুত মুন্শী দবিরুদ্দীন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২১ মার্চ।

জিলা ত্রিপুরার অন্তর্গত নসিরনগরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মামুদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি এগারো দিনের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ মার্চ।]

৯৬ নং।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সাল তারিখ ৯ আপ্রিল সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন আফিমের চতুর্থ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩,৩৩০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ২,০০০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১,৩৩০

জুমলা সিন্দুক ৩,৩৩০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৫ সালের ২৬ অকুটোর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়ারেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৬ সালের ১৪ এবং ২৪ আপ্রিল এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৬ সালের ১৪ আপ্রিল শনিবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিম্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৬ সালের ২৪ আপ্রিল মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদি দৈবাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৬ সাল	তারিখ	১১ মে	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১১ জুন	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ জুলাই	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ আগস্ট	বৃহস্পতিবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১০ সেপ্টেম্বর	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৪ আকুটোবর	বৃহস্পতিবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ নবেম্বর	শুক্রবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৫ ডিসেম্বর	বুধবার	ঐ	২,০০০	১,৩৭০	৩,৩৭০
				একুন	১৬,০০০	১০,৬৮০	২৬,৬৮০

টি ক্রুপ লেন
ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
কোর্ট উইলিয়ম সন ১৮৬৬ সাল তারিখ ১৯ মার্চ।

Paris Universal Exhibition of Agriculture, Industry, and Art of 1867.

NOTIFICATION.

WITH reference to the orders of Government, No. 6736, dated the 2nd November 1865, and published in the *Calcutta Gazette* of the 15th idem, parties desirous of sending Articles to the Paris Exhibition are invited to communicate their intentions either to the Central Committee for Bengal, or to any of the Commissioners of the Divisions named below,* and to forward an accurate description of the Articles intended to be sent.

2. A description of all Articles must first be submitted for the approval of the Central Committee, in order that it may be determined whether the same or such as, with reference to the objects of the Exhibition and other circumstances, the Government can undertake to transmit to Paris at the Public expense.

3. All Articles tendered for contribution by private individuals after being approved of by the Central Committee will be taken charge of and forwarded to Paris at the expense of Government, and after the close of the Exhibition they will be disposed of in such manner as may be agreed upon between the Central Committee and the respective contributors.

4. The nature and description of Articles admissible into the Exhibition may be learnt on application to the Central Committee, or to any of the Commissioners of Divisions, and it is particularly intimated that Articles tendered for contribution should be limited to works of Industry and Art locally produced.

5. Parties wishing to become contributors to the Paris Exhibition must signify their intentions within three months from this date, after which no application can be received.

By Order of the Central Committee,

A. M. DOWLEANS,
Secretary.

CALCUTTA,
The 10th January 1866.

* Patna, Bhaugulpore, Rajshahye, Dacca, Nuddea, Chittagong, Burdwan, Cuttack, Chota Nagpore, Assam, Cooch Behar.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ মার্চ।]

১৮৬৭ সালে পারিস নগরে কৃষি ও অধ্য-বসায়জনিত ও শিল্পঘটিত কার্য্যের যে মহা প্রদর্শন হইবে তদ্বিষয়ক বিজ্ঞাপন।

১৮৬৫ সালের নবেম্বর মাসের ২ তারিখের ৬৭৩৬ নম্বরের গবর্ণমেণ্টের যে আজ্ঞা ঐ মাসের ২১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদুপলক্ষে জানান যাইতেছে যে, পারিস নগরের প্রদর্শনে যাঁহারা দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছুক আছেন তাঁহারা যেং দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাহার প্রকৃত বৃত্তান্ত বঙ্গদেশের সদর কমিটীতে কিম্বা পশ্চাৎ লিখিত খণ্ডের* কোন কমিস্যনর সাহেবের নিকটে লিখিয়া পাঠাইবেন।

২। সদর কমিটীর সম্মতি পাইবার জন্যে প্রথমে সকল দ্রব্যের বৃত্তান্ত লিখিয়া পাঠাইতে হইবে, কেননা প্রদর্শনের উদ্দেশ্য বিবেচনায় সেই সকল দ্রব্য মনোনীত হইতে পারে কি না এবং বিষয়ান্তরে রাজকীয় ব্যয়ে গবর্ণমেণ্ট তাহা পারিস নগরে পাঠাইতে পারেন কি না ইহা স্থির করা আবশ্যক।

৩। সদর কমিটীর সম্মতি পাইলে পর ব্যক্তি বিশেষ কর্ত্তৃক যে সকল দ্রব্য দিবার প্রস্তাব হয় তাহা জিম্মায় লইয়া রাজকীয় ব্যয়ে পারিস নগরে পাঠান যাইবে, ও প্রদর্শন হইয়া গেলে পর সেই সকল দ্রব্য লইয়া সদর কমিটীর ও যাঁহারা সেই দ্রব্য দিয়াছেন তাঁহাদের পরস্পারের যদ্রূপে সম্মতি হইয়াছে তদ্রূপে কার্য্য হইবে।

৪। যেং ভাবের ও প্রকারের দ্রব্য প্রদর্শনে গ্রাহ্য হইবে তাহা সদর কমিটীর নিকটে কিম্বা খণ্ডের কোন কমিস্যনর সাহেবের নিকটে আবেদন করিলে জানা যাইতে পারিবে। আরো ইহা বিশেষমতে জানান যাইতেছে যে, অধ্যবসায়জনিত কি শিল্পঘটিত যে দ্রব্য স্থানবিশেষে উৎপন্ন হইয়াছে তদ্ভিন্ন কোন দ্রব্য পাঠাইবার প্রস্তাব না হয়।

৫। যাঁহারা পারিস নগরের প্রদর্শনে দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাঁহারা এই বিজ্ঞাপনের তারিখ অবধি তিন মাসের মধ্যে আপনাদের মনস্থ জ্ঞাত করিবেন, তিন মাসের পর তাঁহাদের আবেদন গ্রাহ্য হইবে না।

সদর কমিটীর আজ্ঞাক্রমে,

এ এম ডৌলিন্স,
সেক্রেটারী।

কলিকাতা,
১৮৬৬ সাল ১০ জানুআরি।

* পাটনা। ভাগলপুর। রাজশাহী। ঢাকা। নদীয়া চট্টগ্রাম। বর্দ্ধমান। কটক। ছোট নাগপুর। আসাম। কচবেহার।

NOTICE.

Any persons holding the Left-half of the Government Currency Note $\frac{A}{9}$ 36005, for Rupees 20, dated 11th July 1861, or the Right-half of the Government Currency Note $\frac{A}{9}$ 79853, for Rupees 20, dated 11th July 1861, are requested to communicate with the undersigned.

W. WAVELL,

Offg. Joint-Magistrate of Rungpore.

বিজ্ঞাপন।

১৮৬১ সালের ১১ জুলাই তারিখের $\frac{A}{৯}$৩৬০০৫ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের প্রথমার্দ্ধ কিম্বা ১৮৬১ সালের ১১ জুলাই তারিখের $\frac{A}{৯}$৭৯৮৫৩ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের দ্বিতীয়ার্দ্ধ যাঁহার কাছে থাকে তিনি নিম্নে স্বাক্ষরকারিকে সংবাদ দিবেন।

ডবলিউ ওয়েবেল।

রঙ্গপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মেদিনীপুর।

ইশ্‌তাহার

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯। ১১ আইনের ৬ ছয় দফামতে সন ১৮৫৯ সালের ১০ আইন মুরত ৪৮৪ নং ডিক্রীজারির মোকদ্দমায় যাহাতে রাখালদাস মুখোপাধ্যায় ডিক্রীদার জানকী দেই দেনির জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নের লিখিত মহালের মধ্যে দেনির অংশের তস্কীষ মঃ ১৬০৩।/৫ পাই অত্র জেলার কালেক্টরীতে সন ১৮৬৬ সালের ২৮ মার্চ আমলি সন ১২৭৩ সালের ১৭ চৈত্র তারিখে নীলাম হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ১৯ ফেব্রুআরি।

ইষ্টেড বাড়গেড নং তৌজী ১৫৯। পং সাহাপুর সদর জমা ৩২১৩।/২
মালিক শ্রীমতী জানকী দেই ওগেরহ

T. GRANT,

Covd. Dy. Collr. in charge of office for Collector.

জেলা নদীয়া

ইস্তেহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সাং ১১ আইনের বিধানমতে লাটবন্দী হইয়া সরকারি রাজস্ব বাকীর জন্য দাখিলের শেষ দিবস গত ১২ জানুআরি অবধারিত হইয়াছিল ঐ তারিখে সরকারি বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান ১৮৬৬ সাং ২৯ মার্চ মোং ১২৭২ সাং ১৭ চৈত্র বৃহস্পতি বার নীলামের দিন অবধারিত হইল উক্ত তারিখে প্রস্তাবিত মহাল জেলা নদীয়ার শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক সন ১৮৬৬ সাল তারিখ ১০ মার্চ।

নং তৌজী ২১৭৬ পং রাজপুর বিল মাদায়া মালিক ৺ শ্রীশ্রীধর ঠাকুর সেবাইত মথুরানাথ আচায্য সদর জমা ৯১৭৸/১

H. ULICK BROWNE,

Collector.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা যাইতেছে আমার নীলাম খরিদা জিলে ত্রিপুরার মোতালক পরগনে বরদাখাত হিস্যে ।৶১৩। — ক্রান্ত সরকার বাহাদুরের খাস মহাল জমিদারিসংক্রান্ত নীচের তফসিলের লিখিত মহালাত জরিপ ও হাশীল জমির জমাবন্দি অনুসারিয় জমাহইতে শতকরা ১০৲ দশ টাকা তহসীল খাখেরাজাত বাদে বাকী জমায় ১২৭৩ সনের প্রথমহইতে ৫ পাঁচ সন ম্যাদি ইজারা অথবা ঐ জমার পাঁচগুণ সেলামিতে দাইমী পত্তনী বন্দবস্ত হইবেক অতএব যে কেহ ঐ প্রকার ইজারা অথবা পত্তনী বন্দবস্ত করার ইচ্ছুক তিনি বর্ত্তমান বর্ষের চৈত্র মাস মধ্যে আমার নিকট উপস্থিত হইয়া প্রার্থীত হইলে রীতিমতে জমানত দাখিলে

ইজারা অথবা পত্তনী গ্রাহক ব্যক্তিগণ সেলামি দাখিল করিলে পত্তনী বন্দবস্ত করিয়া লইতে পারিবেন মহালাতের জমিজমার বন্দবস্তের নিয়ম সিরিস্তা তদন্তে বিশেষরূপ জ্ঞাত হইতে পারিবেন ও ইহাও ব্যক্ত করা যাইতেছে যদি একি মহালের বন্দবস্ত গ্রাহক দুই তিন ব্যক্তি উপস্থিত হএন তবে যে কেহ ঊর্দ্ধ জমা ও সেলামী দিতে সম্মত হইবেন তাহাদের সহিত বন্দবস্ত করা যাইবেক ইতি।

নাম মহাল			হাশীল্ জমির জমা	বাদ তহসীলা আখেরাজাত	বাকী জমা
করিমপুর, রছুলপুর	...	...	৯৬০০৸৶	৯৬০/৬	৮৬৪০৸/৬
সূর্য্যপুর, কুটুম্বপুর	...	...	৮৪৪৯।/	৮৪৪৸৶	৭৬০৪।৶
পাহারপুর	...	...	৬৩৩৭৸৶	৬৩৩৸/	৫৭০৪/
ভৈশের কোট	...	...	১৯০৬১৶	১৯০৬॥৶	১৭১৫৫॥০
আমপাল	...	...	৪৮২২৸০	৪৮২।/	৪৩৪০।৶
মিরবহরি	...	...	১৩৫।৶	১৩।/	১২১৸৶
দেবীদ্বার হিস্যে ৶ আনী	...	...	৫৬২॥/	৫৬।০	৫০৬।/
ধামঘর	...	...	৪০৬২৸০	৪০৬।/	৩৬৫৬।৶
ভুবনঘর	...	...	২০৩২৶	২০৩৶৬	১৮২৮৸৶৬
সুরেশ্বরদি	...	...	৩৭২০/	৩৭২৲	৩৩৪৮/
কামাল্লা	...	...	৬১৬৯৲	৬১৬৸৶	৫৫৫২/
পালাস্থতা	...	...	২৬০৩/	২৬০।/	২৩৪২৸০
শ্রীরামপুর	...	...	৯৪৩৫৲	৯৪৩॥০	৮৪৯১॥০
লহরি	...	...	৫৭৭২॥৶	৫৭৭।০	৫১৯৫।৶
কপশদী	...	...	৪২৫৩৮॥৶	৪২৫৩৸/	৩৮২৮৫৸৶
হোসনাবাদ	...	...	১২৪০৯॥০	১২৪০৸৶	১১১৬৮॥/
পারিয়াকান্দী	...	...	১৮৭০৪/	১৮৭০।৶	১৬৮৩৩॥৶
বাখরাবাদ, রামচন্দ্রপুর	...	...	৬৬৮৭॥৶	৬৬৮৸০	৬০১৮৸৶
বার বাখরাবাদ	...	...	১০৭২৯৸৶	১০৭২৸৶	৯৬৫৬৸৶
সুরপুর	...	...	৭৮১১॥৶	৭৮১।/	৭০৩০৶
পাঁচপুখরিয়া	...	...	৩৬২৩৸/	৩৬২।৶	৩২৬১।৶
শুরানন্দি	...	...	২৭৪১৸/	২৭৪৶	২৪৬৭॥৶
বাশকাইট	...	...	১৬৩৯।৶৬	১৬৩৸৶	১৪৭৫।৶৬
উরিশ্বর	...	...	১৮৭০৶৬	১৮৭৲	১৬৮৩৶৬
পোলবা	...	...	১৭৬১৲	১৭৬।০	১৫৮৪৸০
ফতেয়াবাদ	...	...	৭৩৫৭৸৶	৭৩৫॥৶	৬৬১৩।০
আলিয়াবাদ	...	...	১৩৯৪॥৬	১৩৯।৶	১২৫৫৶৬
জারেরা	...	...	৩১৫৫।৶	৩১৫॥/	২৮৪০/০
এছলামপুর	...	...	২০৮১/০	২০৮/০	১৮৭৩৲
কালঘরা	...	...	২৪২৭৲	২৪২॥৶	২১৮৪।/
উত্তর বাঙ্গরা, হিস্যে ৷৷০ আনী		...	১৬০৫॥৶৬	১৬০॥/	১৪৪৫/৬
			২১১২৯৮৸৶	২১১২৯৸/	১৯০১৬৯/

মোতালকে তর্পে পাঁচ ভাগ।

ধৈলাব	...	...	৬৮৭৫৲	৬৮৭॥০	৬১৮৭॥০
আহ্লাদ নগর	...	...	১৭৫০৲	১৭৫৲	১৫৭৫৲
তাতেরদী, হিস্যে ।৶ আনী	...	...	১৫০০৲	১৫০৲	১৩৫০৲
			১০১২৫৲	১২১২॥০	৮৯১২॥০
			২২১৪২৩৸৶	২২৩৪২।/	[illegible]

ঢাকা কুমারটুলী দপ্তরখানা।

শ্রী খাজে আসা[illegible]

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৭ মার্চ।]

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসীবর আপীস।

জমিদারিদিগর ইজারা।

আশুতোষ দেদিগর বাদী।
রাজকুমারী দাসীদিগর প্রতিবাদী।
ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ১০ এপ্রেল মঙ্গলবার বেলা তুইপ্রহর এক ঘণ্টার সময় হাই কোর্টের রিসীবর শ্রীযুত চার্লস সুইন্টন হাগ সাহেব তাঁহার আপীসে মৃত কৃষ্ণানন্দ বিশ্বাসের ইস্টেটের দরুন নীচের লিখিত জমিদারিদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হয়েন উপরোক্ত সময়ে উক্ত আপীসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনার অন্তঃপাতি মোং বারাসতের

মাজিষ্ট্রেটের অধীন।

১৪৬ নম্বর পরগনে আনরপুর রকম ।।০ আনার মধ্যে নীচের লিখিত ডিহি ও মৌজা ও কিসমতদিগর।

জায়।

ডিহি বিশ্বনাথপুর ডিহি সোহাইভাঙ্গা ডিহি বেলুড়িয়া ডিহি কতলসাহী ডিহি কৃষ্ণপুর ডিহি কালিকাপুর ডিহি বকুণ্ড ডিহি বাশুদেবপুর ডিহি বোদাই ডিহি চোরথাড়া ডিহি বেড়ুয়া ডিহি সাহেড়া ও মৌজে তালথাতিয়া মৌজে পানিহাড়া মৌজে বেহারী ও মৌজে বনমালিপুর মায কাছারিবাটী ও হাট ও বাজার ও পুষ্করিণী ও বাগান ও দোকানদিগর মুচল্লম হকুক সেওয়ায় মধুমুরারীর নিলকুঠীর নওয়াজিমা জিনিসদিগর।

১১৭৮ নম্বর কিসমত মাধবপুরদিগর দেবোত্তর বাজেআপ্তী বন্দবস্তী মহাল মায় কাছারিবাটী হাটইত্যাদি উপরের লিখিত মত।

ঐ জেলার অন্তঃপাতি ২৪ পরগনার মাজিষ্ট্রেটের অধীন ১৪৫ নম্বর মহাল মদরছা রকম ।।০ আট আনার মধ্যে নীচের লিখিত তরফ ও মৌজা কিসমতহায়।

জায়।

তরফ জজিড়া ও তরফ পাচুড়িয়া ও তরফ হালতু ও তরফ কোদালিয়া তরফ হাটগাছা ও মৌজে বনহুগলী ও কিসমত খড়দহ মায় কাছারিবাটী ও হাট বাজার পুষ্করিণী বাগান দোকানইত্যাদি উপরের লিখিত মত।

১৫৭ নম্বর পরগনে কলিকাতার অন্তঃপাতি তরফ বেঁওতা যাহাকে সচারাচার শ্রীবাটী বলে তাহার রকম ।।০ আনার মধ্যে নীচের লিখিত তরফ ও মৌজে ও কিসমত হায়।

জায়।

তরফ বৈরামপুর তরফ মৌশল ও তরফ রঘুনাথপুর মৌজে দুর্গাবাটী ও কিসমত খড়দহা মায় কাছারিবাটী ও হাট বাজার ইত্যাদি উপরের লিখিত মত।

১৫৯ নম্বর তরফ হাতিযাড়া নীচের লিখিত তরফ ও মৌজা ও কিসমত হায়।

জায়।

তরফ নিজ হাতিয়াড়া তরফ থচম্বা ও মৌজে বরাখোলা আহমামপুর ও মৌজে গাতি ও বাইগাছিদিগর ও কিসমত সাইতগাছি ও দোনার আটী ও চাপরা মায় কাছারিবাটী ও হাট বাজার বাগান ইত্যাদি উপরের লিখিত মত।

২১৭ নম্বর কিসমত খড়দহর মধ্যে ৺ গোকুলচন্দ্র গোস্বামির নামিত তালুক /৫ এক আনা এক পাইয়ের মধ্যে রকম এক পাই মায় কাছারিবাটী ইত্যাদি উপরের লিখিত মত।

পরগনে কলিকাতা মহাল মদরছার অন্তঃপাতি তরফ হাদোয়ার মৌজে নিজ হাদোয়া ও মৌজে খেয়াদা।

ঐ পরগনার মহল শ্রীবাটীর অন্তঃপাতি মৌজে কুমার পুখুরিয়া।

আরং বৃত্তান্ত রিসীবর আপীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কলিকাতা হাই কোর্ট রিসীবর আপীস ৫ নম্বর ইষ্ট্রাণ্ড রোড সন ১৮৬৬ সাল তারিখ ১৬ মার্চ।

বিজ্ঞাপন।

আপিলেণ্ট ঠাকুরাণী দাসীর জমাবৃদ্ধির মোকদ্দমায় হাইকোর্টের এজলাস কামালের নিষ্পত্তির বাঙ্গালা মূল্য ২৲ টাকা। কলিকাতা বহুবাজারস্থ ১৭২ সংখ্যক ষ্ট্যানহোপ প্রেসে পাওয়া যায়।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত ভামস জোন্স সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MARCH 27, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৭ মার্চ।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ভাগলপুর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র কালেক্টরি স্থিত নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৬ সালের ২৮ মার্চ মোতাবেক ফসলি ১২৭৩ সালের ২৭ চৈত্র বুধবার ভাগলপুর জেলার কালেক্টরিতে বিক্রয় হইবেক ইতি।

১। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহাদের এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের অধীনে থাকিতে হইবেক।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	পরিমাণ যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাক্স।	মোট।		
২০৪ ১৮৫৯	৯৪	জাগীর নাচের তগেল থানা উধয়ানালা পরগনে কাঁকজোল ...	এঃ রূঃ পঃ ০।৩।৩৭ ৩ বিঘা	১।০	৩	১।৩	২॥০	

জেলা ভাগলপুর কাছারি কালেক্টরি তারিখ ১১ জানুআরি ১৮৬৬ সাল।

R. L. Mangles,
Collector.

বাঙ্গলা সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত জামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 3, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৩ আপ্রিল।

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 1st March 1866, and having been assented to by His Excellency the Governor General on the 14th idem, is hereby promulgated for general information :—

Act No. II of 1866.

An Act to provide for the better regulation of the Police within the Suburbs of the Town of Calcutta.

[Preamble.]

Whereas it is expedient to exclude the Suburbs of the Town of Calcutta from the General Police District of Bengal, and to make provision for the better regulation of the Police within the limits so excluded; It is enacted as follows :—

[The Suburbs may be excluded from the general Police District.]

I. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal to exclude the Suburbs of the Town of Calcutta, or any portion thereof, from the general Police District of the Provinces subject to his control, and the limits of the tract of country so excluded shall be defined in a Notification to be published in the Calcutta Gazette, and the

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মাসাবর ১৮৬৬ সালের ১ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ঐ মাসের ১৪ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ২ আইন।

কলিকাতার শাখা নগরে পোলীসের সুবিধান করিবার আইন।

[হেতুবাদ।]

কলিকাতার শাখানগর বঙ্গদেশীয় পোলীসের সাধারণ নিয়মের বহির্ভূত করা, এবং সেই বহির্ভূত সীমার মধ্যে পোলীসের সুনিয়মের বিধান করা বিহিত। এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।—

[পোলীসের সাধারণ নিয়মহইতে শাখা নগর বহির্ভূত হইতে পারিবার কথা।]

১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, আপনার কর্তৃত্বাধীন প্রদেশের পোলীসের সাধারণ নিয়মহইতে কলিকাতার শাখা নগর কিম্বা তাহার কোন অংশ বহির্ভূত করিতে সক্ষম হইবেন। এবং তদ্রূপ বহির্ভূত প্রদেশের সীমা কলিকাতা গেজেটে প্রকাশ্য জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইবে ও কেবল সেই সীমান্তর্গত স্থানে এই আইন প্রচলিত হইবে,

operation of this Act shall be confined to such limits. Provided that it shall be lawful for the said Lieutenant-Governor from time to time to alter such limits by such Notification as aforesaid.

[A Police Force to be constituted for the Suburbs.]

II. For the Suburbs of the Town of Calcutta so defined as aforesaid there shall be a Police Force, which shall consist of such number of Officers and men, and shall be otherwise constituted in such manner, as shall be from time to time ordered by the Lieutenant-Governor of Bengal

[The Police Force to be under the control of the Commissioner of Police for Calcutta.]

III. The Police Force of the Suburbs of the Town of Calcutta shall be under the exclusive direction and control of the Commissioner of Police for the Town of Calcutta, who may from time to time, subject to the approbation of the said Lieutenant-Governor, frame such orders and regulations as he shall deem expedient relative to the general government of the Force, the places of residence, the classification, rank, distribution, and and particular service of the several members thereof, their inspection, and the description of arms, accoutrements, and other necessaries to be furnished to them; and all such other orders and and regulations relative to the said Police Force as the said Commissioner shall, from time to time, deem expedient for preventing neglect or abuse, and for rendering such Force efficient in the discharge of all its duties.

[Appointment, &c., of the Force to rest with the Commissioner.]

IV. The appointment of the members of the Police Force shall rest with the Commissioner of Police, and he may, at any time, suspend or dismiss any member of the Force whom he shall think remiss or negligent in the discharge of his duty, or otherwise unfit for the same.

[Commissioner may fine for lesser breaches of discipline.]

V. For any lesser breach of discipline, or other misconduct not requiring the suspension or dismissal of the offender, a member of the Police Force may be fined by the Commissioner in any sum not exceeding one-half of his mothly pay.

[Additional penalties for neglect of duty, &c.]

VI. For neglect or violation of duty in his office, and for any breach of the orders and regulations framed as aforesaid, every member of the Police Force, besides being suspended or dismissed from his employment, at the discretion of the Commissioner, shall be liable, on conviction

পরন্তু উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং পূর্ব্বোক্তমতের জ্ঞাপনপত্রদ্বারা ঐ সীমার পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[শাখানগরের জন্যে পোলীসের দল সংস্থাপন করিবার কথা।]

২ ধারা। কলিকাতার শাখানগরের যে সীমা পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট হইবে, তাহার নিমিত্তে পোলীসের দল নিযুক্ত হইবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং যে আজ্ঞা করেন, তাহাতে যত সেনাপতি ও সেনা অবধারণ করেন এবং প্রকারান্তরের যেং বিধান করেন তদনুসারে ঐ দল বদ্ধ হইবে ইতি।

[কলিকাতার পোলীসের কমিসানর সাহেবের কর্ত্তৃত্বাধীনে পোলীসের দল থাকার কথা।]

৩ ধারা। কলিকাতার শাখানগরীয় পোলীসের দল কলিকাতা নগরের পোলীসের কমিসানর সাহেবের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবে, অন্য কাহারো নয়। সেই দলের সাধারণমত শাসনের ও দলগত কর্ম্মকারকদিগের বাসস্থানের এবং বর্গের ও শ্রেণীর যে প্রতিবিধান, এবং তাহাদের স্থান বিলি ও কর্ত্তব্যকর্ম্ম ও তত্ত্বাবধান, ও তাহাদিগের যে প্রকারের অস্ত্রশস্ত্র ও সজ্জা ও আবশ্যক অন্যং দ্রব্য দেওয়া যাইবেক, এই সকল বিষয়ের তিনি যেং আজ্ঞা ও বিধান বিহিত বোধ করেন, তাহা সময়েং করিতে পারিবেন। আরো শৈথিল্য ও অত্যাচার নিবারণার্থে, ও সেই কর্ম্মকারকদিগের কর্ত্তব্য সকল কর্ম্মেতে তাহাদিগকে ফলোপযোগী করণার্থে, উক্ত কমিসানর সাহেব ঐ পোলীসের কর্ম্মকারকদিগের বিষয়ে যে সকল আজ্ঞা ও বিধান বিহিত বোধ করেন, তাহা সময়েং করিতে পারিবেন। এই সকল বিষয়ে উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতির অপেক্ষা ইতি।

[কর্ম্মকারকদিগের নিয়োগাদি কার্য্যের ভার কমিসানর সাহেবের প্রতি থাকিবার কথা।]

৪ ধারা। পোলীসের দলগত ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার ভার পোলীসের কমিসানর সাহেবের প্রতি বর্ত্তিবে। তিনি ঐ দলভুক্ত কোন ব্যক্তিকে আপন কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করণে শিথিল কি অমনোযোগী, কিম্বা কারণান্তরে ঐ কর্ম্মের অযোগ্য জ্ঞান করিলে, তাহাকে কোন সময়ে কিয়ৎকালের নিমিত্তে কি এককালে পদচ্যুত করিতে পারিবেন ইতি।

[ক্ষুদ্রতর দোষহেতুক কমিসানর সাহেবকর্ত্তৃক অর্থদণ্ডের কথা।]

৫ ধারা। ক্ষুদ্রতররূপে নিয়মভঙ্গের দোষহেতুক, কি যে অসদাচরণপ্রযুক্ত অপরাধিকে কিয়ৎকাল কি এককালে পদচ্যুত করা অপ্রয়োজন এমত অন্য অসদাচরণহেতুক কমিসানর সাহেব পোলীসের দলভুক্ত কোন ব্যক্তির অর্দ্ধ মাসিক বেতনের অনধিক অর্থদণ্ড করিতে পারেন ইতি।

[কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্যাদি হেতুক অধিক দণ্ডের কথা।]

৬ ধারা। পোলীসের দলভুক্ত কোন ব্যক্তি আপন পদসম্পর্কীয় কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্য করিলে কি সেই কর্ম্ম অতিক্রম করিলে, এবং কোন ব্যক্তি পূর্ব্বোক্তরূপে নিবদ্ধ আজ্ঞা ও বিধান কোন প্রকারে লঙ্ঘন করিলে, যদি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার অপরাধের প্রমাণ হয়, তবে কমিসানর সাহেবের বিবেচনা-

before a Magistrate, to a fine not exceeding one hundred Rupees, (which may be deducted from any salary then due to such offender,) or to imprisonment, simple or rigorous, for any term not exceeding three months.

[Police Officers not to resign without notice.]

VII. No member of the Police Force to be enrolled under this Act shall be at liberty to resign his office, or to withdraw himself from the duties thereof, unless expressly allowed so to do in writing by the Commissioner, or unless he shall have given to the Commissioner six months' notice of his intention if a member of the Mounted Branch of the said Force, and two months' notice if a member of any other Branch; and every member of the said Force who shall so resign or withdraw himself without such leave or notice shall be liable, on the order of the Commissioner, to forfeit all arrears of pay then due to him; and, on the sentence of a Magistrate, to pay a fine not exceeding fifty Rupees, or to undergo imprisonment of either description for any term not exceeding two months.

[On enrolment, Police Officer to receive a Certificate.]

VIII. Every member of the Police Force shall receive on his enrolment a Certificate in the form hereunto annexed under the signature of the Commissioner of Police, by virtue of which he shall be vested with the powers, functions, and privileges of a Police Officer. Such Certificate shall cease to have effect whenever the person named in it is suspended or dismissed, or otherwise removed from employment in the Force.

[Penalty for dismissed members not delivering up clothing, &c.]

IX. Every member of the Police Force who shall be dismissed from or shall cease to hold and and exercise his office, and who shall not forthwith deliver up his Certificate and all the clothing, accoutrements, and appointments, and other necessaries which may have been supplied to him for the execution of his duty, to the Commissioner or to such person and at such time and place as shall be directed by the said Commissioner, shall be liable, on conviction before a Magistrate, to imprisonment of either description for any term not exceeding one month. And it shall be lawful for the Commissioner, or for any Magistrate, to issue his warrant to search for and seize all the clothing, accoutrements, appointments, and other necessaries which shall not be so delivered over wherever the same may be found.

[*Government Gazette*, 3rd *April* 1866.]

মতে সেই ব্যক্তির ঐ অপরাধ হেতুক কিয়ৎকাল কি এককালেই পদচ্যুত হওনের অতিরিক্ত এক শত টাকার অনধিক অর্থদণ্ড অথবা তিন মাসের অনধিক কোন কালের নিমিত্তে বিনা পরিশ্রমে কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইতে পারিবে। অর্থদণ্ড হইলে অপরাধির তৎকালে যে বেতন পাওনা হয় তাহাহইতে ঐ টাকা কাটিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

[সম্বাদ না দিয়া পোলীসের কর্ম্মকারকদিগের কর্ম্ম না ছাড়িবার কথা।]

৭ ধারা। এই আইনঅনুযায়ি নামাবলিতে পোলীসের দলস্থ যে কোন ব্যক্তির নাম লেখা যায়, সেই ব্যক্তি কমিসানর সাহেবের লিখনক্রমে স্পষ্ট অনুমতি না পাইলে, কিম্বা উক্ত দলের অশ্বারোহি শাখার অন্তর্গত লোক হইয়া কমিসানর সাহেবকে ছয় মাস অগ্রে সম্বাদ না দিলে, এবং অন্য কোন শাখার অন্তর্গত লোক হইয়া দুই মাস অগ্রে সম্বাদ না দিলে, আপনার পদ ত্যাগ করিতে কিম্বা পদের কর্ম্মহইতে অপসর হইতে পারিবে না। যদি উক্ত দলভুক্ত কোন ব্যক্তি তদ্রূপ অনুমতি না পাইয়া কি সম্বাদ না দিয়া কর্ম্মত্যাগ করে কি অপসর হয়, তবে কমিসানর সাহেবের আজ্ঞাক্রমে তাহার তৎকালীন প্রাপ্য সকল বেতন দণ্ড হইতে পারিবে, এবং মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা দুই মাসের অনধিক কোন কালের নিমিত্তে একতর প্রকারে কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[নামাবলিতে নাম লেখা গেলে পোলীসের কর্ম্মকারকদিগের সংশিতপত্র পাইবার কথা।]

৮ ধারা। পোলীসের দলভুক্ত প্রত্যেক ব্যক্তির নাম নামাবলিতে লেখা গেলে, তাহাকে পশ্চাৎ লিখিত পাঠে পোলীসের কমিসানর সাহেবের স্বাক্ষরিত এক সংশিতপত্র দেওয়া যাইবে। সেই পত্রের বলে সেই ব্যক্তি পোলীসের কর্ম্মকারকের শক্তি ও কর্ম্ম ও অধিকার প্রাপ্ত হইবে। ঐ সংশিতপত্রে যে ব্যক্তির নাম লিখিত হয়, সেই ব্যক্তি কিয়ৎকাল কি এককালে পদচ্যুত কিম্বা প্রকারান্তরে দলগত কর্ম্মচ্যুত হইলে তাহার ঐ সংশিতপত্র তৎক্ষণেই বলহীন হইবে ইতি।

[কর্ম্মচ্যুত ব্যক্তিরা বস্ত্রাদি ফিরিয়া না দিলে তাহাদের দণ্ডের কথা।]

৯ ধারা। পোলীসের দলভুক্ত যে কোন ব্যক্তি কর্ম্মচ্যুত হয়, কিম্বা পদধারণে ও তৎসম্পর্কীয় কার্য্য করণে স্থগিত হয়, সে আপনার ঐ সংশিতপত্র, এবং কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনের জন্যে তাহাকে যে সকল বস্ত্র ও সজ্জা ও অস্ত্রশস্ত্র ও আবশ্যক অন্যং বিষয় দেওয়া গিয়াছিল, তাহা কমিসানর সাহেবকে, কিম্বা কমিসানর সাহেব অন্য যে ব্যক্তিকে যে সময়ে ও যে স্থানে দিতে আজ্ঞা করেন তাঁহাকে সেই সময়ে ও স্থানে দিবে। যদি তৎক্ষণাৎ না দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে, তাহার এক মাসের অনধিক কোন কালের নিমিত্তে একতর প্রকারে কারাদণ্ড হইতে পারিবে। এবং কমিসানর সাহেব কিম্বা কোন মাজিষ্ট্রেট তাহার ফিরিয়া না দেওয়া সকল বস্ত্র ও সজ্জা ও অস্ত্রশস্ত্র এবং আবশ্যক অন্যং বিষয়ের অন্বেষণ করিয়া যে স্থানে পাওয়া যায় সেই স্থানহইতে আনিবার আজ্ঞাপত্র দিতে পারিবেন ইতি।

[Superannuation Fund. Proviso.]

X. There shall be deducted from the pay of every member of the Police Force of a class not entitled to the benefit of the Uncovenanted Service Pension Rules a sum after such rate as the said Lieutenant-Governor shall direct, not exceeding one anna in the Rupee, which sum so deducted shall from time to time be invested in such manner, and in such securities, as the said Lieutenant-Governor may in writing direct, and the said sum so invested, together with the interest and dividends thereof, shall form a Fund, to be called "The Police Superannuation Fund," and shall be applied from time to time to payment of such Superannuation or retiring allowances or gratuities as may be ordered by the said Lieutenant-Governor at any time to any of the aforesaid members of the Police Force. Provided that any Police Officer may be dismissed or removed without a superannuation allowance, and that no Police Officer shall be entitled as of right to any allowance from the said Fund, or shall retain any right to a refund of any deduction made from his pay while he shall have been a Police Officer.

[Disposal of the proceeds of certain fines, &c.]

XI. The moneys accruing from stoppages from members of the Police Force during absence from sickness or other cause, and from fines imposed on members thereof for misconduct, and from fines imposed by Magistrates upon drunken persons, or for assaults upon Police Officers, and all moneys from the sale of worn or cast-off clothing, or other articles supplied for the use of the Police, shall be applied in aid of any fund applicable to Police purposes.

[Appointment of Special Police Officers.]

XII. The Commissioner of Police may, of his own authority, appoint Special Police Officers to assist on any temporary emergency.

[Powers of Special Police Officers.]

XIII. Every Special Police Officer so appointshall have the same powers, privileges, and protection, and shall be liable to perform the same duties, and shall be amenable to the same penalties, and be subordinate to the same authorities, as the ordinary Officers of Police.

[Penalty for Special Police Officer neglecting or refusing to serve, &c.]

XIV. If any person, being appointed a Special Police Officer as aforesaid, shall, without sufficient excuse, neglect or refuse to serve as such, or to

[বার্দ্ধক্যকালীন পেনস্যন ফণ্ডের কথা।]

১০ ধারা। পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারকেরা অচিহ্নিত কার্য্যকারকদের পেনস্যনের বিধিমতে সাহায্য পাইতে না পারে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে হার আজ্ঞা করেন সেই হারমতে তাহাদের প্রত্যেক জনের বেতনহইতে টাকা প্রতি এক আনার অনধিক বাদ দেওয়া যাইবে। ঐ টাকা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব লিখনক্রমে যে প্রকারে ও যেরূপ নিদর্শনগ্রহণে গচ্ছিত করিতে আজ্ঞা করেন সেই প্রকারে ও সেই রূপ নিদর্শনগ্রহণে সময়ে২ গচ্ছিত করা যাইবে। এবং গচ্ছিত সেই টাকা ও তাহার সুদ ও ডিবিডেণ্ড, সঙ্কলিত হইয়া ফণ্ড হইবে। ঐ ফণ্ড পোলীসের বার্দ্ধক্যকালীন পেনস্যন ফণ্ড নামে খ্যাত হইবে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পোলীসদলের পূর্ব্বোক্ত কোন ব্যক্তিকে বার্দ্ধক্য কালে কিম্বা কর্ম্ম ত্যাগ করণ কালে কোন সময়ে যে পেনসান কি পারিতোষিক দিতে আজ্ঞা করেন তাহা সেই ফণ্ডহইতে পশ্চাৎ লিখিত বিধানমতে সময়ে২ দেওয়া যাইবে। পরন্তু পোলীসের কোন কর্ম্মকারক বার্দ্ধক্যকালীন বৃত্তি বিনা কর্ম্মচ্যুত কি অপস্থৃত হইতে পারিবেন। এবং পোলীসের কোন কর্ম্মকারক উক্ত ফণ্ডহইতে কোন বৃত্তি পাইবার স্বত্ববান বলিয়া তাহার দাওয়া করিতে পারিবেন না। এবং পোলীসের কর্ম্মকারকের পদে থাকিতে তাঁহার বেতনহইতে যাহা বাদ দেওয়া গিয়াছিল তাহার কোন অংশ তাঁহার ফিরিয়া পাইবার স্বত্ব থাকিবে না ইতি।

[কোন২ অর্থদণ্ড প্রভৃতি লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

১১ ধারা। পোলীসের কোন কর্ম্মকারকেরা পীড়াপ্রযুক্ত কি অন্য কারণে অনুপস্থিত থাকিলে তাহাদের বেতন কর্ত্তন হইয়া যে সকল টাকা সঞ্চয় হয়, ও ঐ কর্ম্মকারকদের দোষপ্রযুক্ত যে অর্থদণ্ড হয়, এবং মাজিষ্ট্রেটেরা মত্ত ব্যক্তিদের যে অর্থদণ্ড ও পোলীসের কর্ম্মকারকদের উপর আক্রমণের জন্যে যে অর্থদণ্ডের আজ্ঞা করেন, ও পোলীসের কর্ম্মকারকদের ব্যবহারার্থ পরিচ্ছদ কি অন্য দ্রব্য জীর্ণ কি ত্যাজ্য হইলে তাহা বিক্রয় করিয়া যে সকল টাকা উৎপন্ন হয় ঐ সমস্ত টাকা পোলীসের কার্য্য সম্পর্কীয় কোন ফণ্ডের বর্দ্ধনার্থে দেওয়া যাইবে ইতি।

[পোলীসের বিশেষ কর্ম্মকারকদিগের নিযুক্ত হইতে পারিবার কথা।]

১২ ধারা। অত্যাবশ্যক স্থলে কিঞ্চিৎকালের জন্যে পোলীসের কমিস্যনর সাহেব পোলীস দলের সাহায্যের নিমিত্তে নিজ ক্ষমতামতে বিশেষ কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[পোলীসের বিশেষ কর্ম্মকারকদিগের ক্ষমতার কথা।]

১৩ ধারা। পোলীসের যে২ বিশেষ কর্ম্মকারক তদ্রূপে নিযুক্ত হন, তাঁহারা পোলীসের সাধারণ কর্ম্মকারকদিগের তুল্য অধিকার ও ক্ষমতা ও রক্ষা প্রাপ্ত হইবেন, ও তত্তুল্য কর্ম্ম করিতে দায়ী হইবেন, ও তাহাদের ন্যায় দণ্ডের যোগ্য ও উপরিস্থ কার্য্যকারকদিগের অধীন হইবেন ইতি।

[পোলীসের বিশেষ কর্ম্মকারক কর্ম্মে শৈথিল্য করিলে কি কর্ম্ম করিতে অস্বীকার প্রভৃতি করিলে তাঁহার দণ্ডের কথা।]

১৪ ধারা। কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে পোলীসের বিশেষ কর্ম্মকারকস্বরূপে নিযুক্ত হইয়া যদি উপযুক্ত হেতু বিনা তদ্রূপে কর্ম্ম করিতে শৈথিল্য কি অস্বীকার

obey such lawful order or direction as may be given to him for the perfomance of his duties, he shall be liable, upon conviction before a Magistrate, to a fine not exceeding fifty Rupes for every such neglect, refusal, or disobedience.

[Appointment of additional Police Officers on the application of private individuals.]

XV. The Commissioner of Police may also, if he shall think fit, on the application of any person shewing the necessity of it, appoint any additional number of Police Officers to keep the peace at any place within the limits of the operation of this Act, at the charge of the person applying, but subject to the orders of the said Commissioners and for such time as he shall think fit, and every such Police Officer shall receive a Certificate, by virtue of which he shall be vested with all the powers, privileges, and duties of the Police Officers belonging to the ordinary Force. Provided that the person upon whose application such appointment shall have been made may, upon giving one month's notice in writing to the Commissioner of Police, require that the Police Officers so appointed at his expense shall be discontinued, and thereupon the said Commissioner shall discontinue such additional Police Officers, and all moneys received by the Commissioner for the payment of any such additional Police Officers shall be accounted for by him.

[Apprehension and punishment of reputed thieves, &c.]

XVI. A Police Officer may arrest without a warrant any person found, between sun-set and sun-rise, armed with any dangerous or offensive instrument whatsoever, with intent to commit any offence against the person or property of another; any reputed thief found, between sun-set and sun-rise, on board any vessel or boat, or lying or loitering in any bazaar, street, road, yard, thoroughfare, or other place, who shall not give a satisfactory account of himself; any person found, between sun-set and sun-rise, having his face covered or otherwise disguised with intent to commit any such offence as aforesaid; any person found, between sun-set and sun-rise, in any dwelling-house or other building whatsoever without being able satisfactorily to account for his presence therein; and any person having in his possession, without lawful excuse, (the proof of which excuse shall be on such person,) any implement of house-breaking; and such person shall be liable to imprisonment, with or without hard labour, for a term not exceeding three months.

করে, কিম্বা কর্ম্ম সম্পাদন বিষয়ে আইনঅনুযায়ি যে আজ্ঞা কি আদেশ করা যায়, তাহা মানিতে যদি শৈথিল্য কি অস্বীকার করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে, তাহার শৈথিল্য কি অস্বীকার কি অমান্য এই প্রত্যেক দোষের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[বিশেষ ব্যক্তিদের প্রার্থনামতে পোলীসের অতিরিক্ত কর্ম্মকারকদিগকে নিযুক্ত করণের কথা।]

১৫ ধারা। আরো এই আইন যে স্থানে প্রচলিত হয় সেই স্থানের সীমার মধ্যে শান্তিরক্ষার জন্যে পোলীসের অধিক কর্ম্মকারকের নিযুক্ত হওয়া আবশ্যক, কোন ব্যক্তি প্রার্থনা করিয়া ইহা দর্শাইলে, যদি কমিসানর সাহেব উচিত বোধ করেন, তবে শান্তিরক্ষার জন্যে অধিক পোলীসের যত জন কর্ম্মকারককে চাহেন নিযুক্ত করিতে পারিবেন। তাহাদের ব্যয় ঐ প্রার্থনাকারির দিতে হইবে। কিন্তু তাহারা উক্ত কমিসানর সাহেবের আজ্ঞার অধীন থাকিবে, ও তিনি যত কাল উচিত বোধ করেন তত কাল তাহারা নিযুক্ত থাকিবে। ও পোলীসের সেইরূপ প্রত্যেক কার্য্যকারক একং সংশিতপত্র পাইবে, তাহার বলে সাধারণ পোলীসের দলভুক্ত কর্ম্মকারকদের সকল শক্তি ও অধিকার ও কর্ত্তব্য কর্ম্ম তাহার প্রতি অর্পিত হইবেক। পরন্তু যে ব্যক্তির প্রার্থনামতে তাহাদিগকে নিযুক্ত করা যায় তিনি পোলীসের কমিসানর সাহেবের নিকটে এক মাস থাকিতে সংবাদ লিখিয়া এই প্রার্থনা করিতে পারিবেন যে তাঁহার ব্যয়ে নিযুক্ত সেই প্রকারের কর্ম্মকারকদিগকে বিদায় করা যায়। তাহাতে উক্ত কমিসানর সাহেব পোলীসের সেই অতিরিক্ত কর্ম্মকারকদিগকে বিদায় করিবেন। কমিসানর সাহেব পোলীসের ঐ অতিরিক্ত কর্ম্মকারকদিগের বেতনের নিমিত্তে যত টাকা পান তাহার হিসাব তাঁহার দিতে হইবে ইতি।

[প্রসিদ্ধ চোর প্রভৃতিকে ধৃত ও দণ্ড করণের কথা।]

১৬ ধারা। অন্য ব্যক্তির কি সম্পত্তির উপর কোন অপরাধ করিবার অভিপ্রায়ে সূর্য্যের অস্ত ও উদয় হওনের মধ্য কোন কালে আশঙ্কা কি আঘাতজনক কোন অস্ত্রশস্ত্রেতে সজ্জিত যে কোন ব্যক্তিকে পাওয়া যায়, ও প্রসিদ্ধ যে কোন চোরকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কোন কালে কোন জাহাজ কি নৌকাতে পাওয়া যায় কিম্বা কোন বাজারে কি রাস্তায় কি পথে কি প্রাঙ্গণে কি সর্ব্বাতিরোধ পথে কি অন্য স্থানে শুইয়া থাকিতে কি অকারণে বেড়াইতে দেখা যায় ও সে আপনার বৃত্তান্ত সন্তোষমতে কহিতে না পারে তাহাকে, ও পূর্ব্বোক্ত কোন অপরাধ করিবার অভিপ্রায়ে মুখ আচ্ছাদন কি অন্য প্রকারে বিবর্ণ করিয়া রহিয়াছে এমত যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কোন কালে পাওয়া যায় তাহাকে, ও যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কোন কালে বসতি বাটীতে কিম্বা অন্য কোন প্রকারের ঘরে পাওয়া যায়, যদি সেই ব্যক্তি আপনার সেই ঘরে থাকিবার কারণ সন্তোষমতে জানাইতে না পারে, তবে সেই ব্যক্তিকে, ও আইনসিদ্ধ হেতু না থাকিলেও যাহার নিকটে পরগৃহ প্রবেশের কোন যন্ত্র পাওয়া যায়, (ও সেই হেতুর প্রমাণ করিবার ভার সেই ব্যক্তির প্রতি থাকিবেক) সেই ব্যক্তিকে পোলীসের কোন কর্ম্মকারক আজ্ঞাপত্র বিনা ধৃত করিতে পারিবে ও সেই ব্যক্তি কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা তিন মাসের অনধিককাল কারাবদ্ধ হইবার যোগ্য হইবেক ইতি।

[Brothels.]

XVII. On proof to the satisfaction of the Commissioner of Police, or of a Magistrate, that a house is used as a common brothel, or lodging-house for prostitutes or disorderly persons of any description, such Commissioner or Magistrate may summon the owner or tenant of the house to answer the complaint, and on being satisfied that the house is so used, and is a source of annoyance and offence to the neighbours, may order the owner or tenant to discontinue such use of it, and if he shall fail to comply with such order within five days, may impose upon him a fine to the extent of twenty-five Rupees for every day thereafter that the house shall be so used.

[Penalty for keeping a hotel, &c., without a license.]

XVIII. Whoever has or keeps any hotel, tavern, punch-house, ale-house, arrack or toddy shop, or place for the sale or consumption of gunja, chundoo, or other preparation of opium, hemp, or other intoxicating drug, plant, or substances, or has or keeps any coffee-house, boarding-house, eating-house, lodging-house, or other place of public resort and entertainment wherein provisions, liquors, or refreshments are sold or consumed (whether the same be kept or retailed therein or procured elsewhere) without a license to be obtained in the manner hereinafter mentioned, shall be liable to a fine not exceeding fifty Rupes for every day that the said house or place of entertainment is kept open, or the sale of provisions, liquors, or refreshments is continued without the necessary license. Provided that nothing in this Act shall apply to the sale, in reasonable quantities, of any drug, plant, or substance in any chemist's or druggist's shop for medicinal purposes only.

[Excise license not to be granted without Certificate of Commissioner of Police.]

XIX. No license shall be granted under the provisions of Act XXI of 1856 *(to consolidate and amend the Law relating to the Abkaree Revenue in the Presidency of Fort William in Bengal,)* unless the person applying for such license shall produce a Certificate from the Commissioner of Police, stating that a license may be granted to him for the sale of spirituous liquors or intoxicating drugs, as the case may be, without risk or detriment to the preservation of peace and good order, and containing a full statement of such conditions as may have been imposed and shall have remained in force under the provisions

[বেশ্যালয়ের কথা।]

১৭ ধারা। কোন ঘর সামান্য বেশ্যালয় কিম্বা বেশ্যাদের কি অনিয়মিতাচারি কোন প্রকার লোকদের বাসা স্বরূপ ব্যবহার হয়, পোলীসের কমিস্যনর সাহেবের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে ইহার প্রমাণ হইলে, সেই কমিস্যনর কি মাজিষ্ট্রেট সাহেব ঐ ঘরের স্বামিকে কি অধিকারিকে সেই অভিযোগের উত্তর দিতে আহ্বান করিতে পারিবেন, ও সেই ঘরের সেই প্রকারে ব্যবহার হয় ও তৎপ্রযুক্ত প্রতিবাসিদের অত্যন্ত ক্লেশ ও অনিষ্ট জন্মে ইহা হৃদ্বোধমতে জানিলে তিনি ঐ স্বামিকে কি অধিকারিকে ঐ ঘরের তদ্রূপ ব্যবহার নিবৃত্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই লোক পাঁচ দিনের মধ্যে সেই আজ্ঞামতে কার্য্য না করে, তবে তাহার পরে যত দিন ঐ ঘরের সেইরূপ ব্যবহার হইতে থাকে তাহার দিন প্রতি তাহার পঁচিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড করিতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র বিনা হোটেল প্রভৃতি রাখিবার দণ্ডের কথা।]

১৮ ধারা। কোন উত্তরণ গৃহ কি গঞ্জা কি পঞ্চঘর কি এলঘর কি আরকের কি তাড়ির দোকান কিম্বা গাঁজা কি চণ্ডু কি আফীমে প্রস্তুত অন্য দ্রব্য কি সিদ্ধি কিম্বা মাদক অন্য কোন দ্রব্য কি পত্রাদি কি বিষয় বিক্রয়ের কি সেবনের স্থান কিম্বা কোন কাফী হৌস কি বোর্ডিং হৌস কি আহারার্থ ঘর কি লজিং হৌস কিম্বা সর্ব্বসাধারণের গমনাগমন ও আহার বিলাসাদি করিবার জন্য যে স্থানে আহারীয় দ্রব্য কি মদ্য কি মিষ্টান্ন প্রভৃতি বিক্রয় কি আহারপানাদি হয় (সেই দ্রব্য সেই স্থানে রাখা গিয়া থাকুক কি তথায় খুজরা বিক্রয় হউক কি অন্য স্থানহইতে আনা যাউক) যদি কোন ব্যক্তি পশ্চাৎ লিখিতমতে অনুমতিপত্র না পাইয়া এমত কোন স্থান রাখে কিম্বা অনুমতিপত্র বিনা যদি কোন ব্যক্তির তদ্রূপ স্থান থাকে, তবে তদ্রূপের ঘর কি অন্য স্থান যত দিন প্রয়োজনীয় অনুমতিপত্র বিনা খোলা রাখা যায় কিম্বা সেই আহারীয় দ্রব্য কি মদ্য কি মিষ্টান্ন প্রভৃতি যত দিন বিক্রয় হইতে থাকে, তাহার দিন প্রতি সেই ব্যক্তির ৫০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু কোন ড্রগিষ্ট কি কেমিষ্টের দোকানে অর্থাৎ ঔষধালয়ে যে কোন মাদক দ্রব্য কি পত্রাদি কি বিষয় কেবল ঔষধ স্বরূপে যুক্তিসিদ্ধ পরিমাণে বিক্রয় হয় তাহার প্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেবের সংশিতপত্র বিনা মদ্য বিক্রয়ের অনুমতিপত্র না দিবার কথা।]

১৯ ধারা। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে অনুমতিপত্র প্রার্থনা করেন, তবে শান্তি ও সুধারা রক্ষা করিবার আশঙ্কা কি আপদ বিনা সেই ব্যক্তির মদ্য কিম্বা বিষয় বিশেষে মাদক দ্রব্য বিক্রয় করিবার অনুমতিপত্র দেওয়া যাইতে পারিবে, পোলীসের কমিস্যনর সাহেবের সেই মর্ম্মের সংশিতপত্র না দেখাইলে তাঁহাকে ১৮৫৬ সালের ২১ আইনের (অর্থাৎ বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে আবকারীর রাজস্বের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনের) বিধানমতে অনুমতিপত্র দেওয়া যাইবে না, আরো যে নিয়ম পূর্ব্বে অবধারিত হইয়া পশ্চাৎ লিখিত বিধানানুসারে সেই অনুমতিপত্র প্রদানের তারিখ পর্য্যন্ত বলবৎ রহিয়াছে তাহার সম্পূর্ণ বিবরণ ঐ সংশিতপত্রে

hereinafter contained at the date when such license shall be granted. No license so granted shall be renewable without a fresh Certificate as aforesaid, previously obtained from the Commissioner of Police, subject to the order and control of the said Lieutenant-Governor.

[Duration and conditions of license.]

XX. It shall be competent to the Commissioner of Police, subject to the direction and control of the said Lieutenant-Governor, to limit, in such Certificate as aforesaid, the period for which the license may be granted, and also to fix such conditions as he may deem necessary for securing the good behaviour of the keepers of the house and places of entertainment as aforesaid, and for the prevention of drunkenness and disorder among the persons frequenting the same, and from time to time to vary such conditions, subject to such direction and control as aforesaid; and no license granted under the said Act XXI of 1856 shall be valid unless it shall contain such conditions as shall have been imposed and shall remain in force for the time being under this Section.

[Penalty for keeping up a sign-board or notice after expiry of license.]

XXI. Whenever any license granted as aforesaid shall have ceased to have effect, it shall be lawful for the Commisioner of Police to order the person to whom such license shall have been granted to remove or cause to be removed any sign-board or other notice which such person might have been theretofore bound, under the terms of his said license, to keep affixed on or near the house or place of public resort or entertainment for which such license had been granted; and any person who shall fail to obey any such order forthwith shall be liable, on conviction, to a fine of ten Rupees for every day thereafter during which he shall so fail.

[Commissioner of Police may grant licenses for places for which no licenses are required under Act XXI of 1856.]

XXII. The Commissioner of Police may, at his discretion, from time to time, grant licenses to the keepers of such houses or places of public resort and entertainment as aforesaid for which no such license as is specified in the said Act XXI of 1856 is required, upon such conditions, to be inserted in every such license, as he, with the sanction of the said Lieutenant-Governor from time to time, shall order for securing the good behaviour of the keepers of the said houses or places of public resort or entertainment, and the prevention of drunkenness and disorder

লেখা থাকিবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞা ও কর্তৃত্বাধীনে পোলীসের কমিস্যনর সাহেবের স্থানে নূতন সংশিতপত্র অগ্রে না পাওয়া গেলে তদ্রূপ দত্ত অনুমতিপত্র নূতন দেওয়া যাইতে পারিবে না ইতি।

[অনুমতিপত্র যত কাল ও যে নিয়মে প্রবল থাকিবে তাহার কথা।]

২০ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব পূর্ব্বোক্ত সংশিতপত্রে উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ ও কর্তৃত্বাধীনে ঐ অনুমতিপত্র প্রবল থাকিবার কাল নিরূপণ করিতে পারিবেন এবং পূর্ব্বোক্ত প্রকারের ঘর ও আহার বিলাসাদির স্থান রক্ষকদের সদাচারিতা এবং সেই স্থানগামি ব্যক্তিদের মত্ততা ও কোলাহল নিবারণার্থে যে২ নিয়ম আবশ্যক জ্ঞান হয় তাহা নিরূপণ করিতে পারিবেন, এবং পূর্ব্বোক্ত আদেশ ও কর্তৃত্বাধীনে সময়ে২ সেই নিয়ম পরিবর্ত্তন করিতে পারিবেন, এবং ১৮৫৬ সালের উক্ত ২১ আইনমতে যে কোন অনুমতিপত্র দেওয়া যায় তাহাতে যদি এই ধারামত অবধারিত নিয়ম না থাকে ও তৎকালে প্রবল না হয়, তবে তাহা বলবৎ হইবে না ইতি।

[অনুমতিপত্রের নির্দ্ধারিত কালের পর সাইনবোর্ড কি নোটিস টাঙ্গাইয়া রাখিলে দণ্ডের কথা।]

২১ ধারা। যখন পূর্ব্বোক্তমতে দত্ত কোন অনুমতিপত্রের বল রহিত হয়, তখন যে ব্যক্তিকে ঐ অনুমতিপত্র দেওয়া গিয়াছে, তাঁহাকে পোলীসের কমিস্যনর সাহেব আজ্ঞা করিতে পারিবেন যে সর্ব্বসাধারণের গমনীয় কি আহার বিলাসাদির যে ঘরের কি স্থানের নিমিত্তে ঐ অনুমতিপত্র দেওয়া গিয়াছে, তাহাতে কি তাহার নিকটে তাঁহার সেই অনুমতিপত্রের নিয়মানুসারে তৎকালপর্য্যন্ত যে সাইন বোর্ড কি নোটিস টাঙ্গাইয়া রাখিতে বদ্ধ ছিলেন, তাহা স্থানান্তর করেন কি করান্। যদি কোন ব্যক্তি তৎক্ষণাৎ তদ্রূপ কোন আজ্ঞা না মানেন, তবে দোষ প্রমাণ হইলে পর যত দিন তদ্রূপে না মানেন, তাহার দিন প্রতি তাঁহার দশ টাকা অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[১৮৫৬ সালের ২১ আইনমতে যে২ স্থানের অনুমতিপত্রের প্রয়োজন নাই পোলীসের কমিস্যনর সাহেবের সেই২ স্থানের অনুমতিপত্র দিতে পারিবার কথা।]

২২ ধারা। ১৮৫৬ সালের উক্ত ২১ আইনেতে যে প্রকারের অনুমতিপত্র নির্দ্দিষ্ট হইয়াছে, সর্ব্বসাধারণের গমনার্থ ও আহারবিলাসাদি করণের যে২ ঘরের কি স্থানের নিমিত্তে সেই প্রকারের অনুমতিপত্রের প্রয়োজন নাই সেই২ ঘরের কি স্থানের নিমিত্তে পোলীসের কমিস্যনর সাহেব স্বীয় বিবেচনানুসারে সময়ে২ অনুমতিপত্র দিতে পারিবেন, বিশেষতঃ শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক সর্ব্বসাধারণের গমন কি আহার বিলাসাদি করিবার সেই ঘরের কি স্থানের রক্ষকদিগের সদাচারিতার, এবং সেই২ গৃহাদিতে নিত্য গমনকারি কি ব্যবহারিদেরমধ্যে মত্ততা ও অনিয়মিতাচরণের নিবারণ হইবার প্রতিজ্ঞ-

among the persons frequenting or using the same; and the said licenses may be granted by the said Commissioner for any term not exceeding one year.

[Penalty for a breach of any condition of a license.]

In my humble opinion, the papers of a Small Cause Court case are not of any importance to render their retention at all necessary after expiration of the time allowed for a review, or at latest after the decree is *finally executed.* The khattahs and accounts filed are taken back by the suitors. Bonds, notes, and other deeds, which form the basis of most of the Small Cause Court cases, are of a nature and character as to be of no further use to the parties. Small Cause Court cases can seldom form the subject of reference in future litigation between the parties to the suit or between others, and most of the papers come under B. Class, which, even in the ordinary Courts, are not required to be kept after the expiration of a year, not to mention the cases, generally a large number, adjusted amicably or dismissed on default, the papers of which are of no use whatever.

The only records worth preservation in a Small Cause Court are the Register and Summons Book,* containing, as they do, the names of parties, particulars of demand, date, decree, &c., &c. The latter also contains the evidence and the judgment, and serves the purpose of execution, as well as other matters of reference, if any. Should it happen that an important document, worth future use, is filed in any Small Cause Court case, the party filing it may give notice of the same to the Clerk, or take it back within a fixed time after the disposal of the case. If,

* Prescribed by the Printed Rules of Practice, dated 1st June 1861.

৩ নম্বর।

কলিকাতার হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে ঢাকার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু অভয়াকুমার দত্তের পত্র।

ঢাকা ১৮৬৬ সাল ১৬ ফেব্রুআরি।

মান্যবর কোর্টের বিবেচনার্থে ও তদ্বিষয়ে তাঁহাদের আজ্ঞা জানিবার নিমিত্তে নিম্ন লিখিত রিপোর্ট সম্মান পূর্ব্বক অর্পণ করিতেছি।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের অকর্ম্মণ্য কাগজ পত্র নষ্ট করিবার কোন স্পষ্ট বিধি নাই। নথীর মধ্যে নালিশপত্র ও ওকালৎনামা ও আহ্বানপত্র প্রভৃতি কএকখানি মাত্র কাগজ আছে, তথাপি ক্রমেৎ রাশি হইয়া তাহাতে অনেক সেল্ফ পূর্ণ হইতে পারে, অথচ তাদৃশ লাভও হয় না।

এই আদালতের কর্ম্মের ভার গ্রহণ কালে আমি ক্লার্ককে আদেশ করিয়াছিলাম যে, ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৫২ সালের ৩ মার্চ তারিখের ১৬৭ নম্বরের সরক্যুলর অর্ডরের B চিহ্নিত আবলীর মধ্যে যত পত্র গণ্য হয় তাহা সমুদয় নষ্ট করা যায়। কিন্তু আক্ষেপ পূর্ব্বক কহিতেছি যে আমার সেই আজ্ঞা অদ্যাপি সাধন হয় নাই। তথাচ তদ্বিষয়ে সর্ব্বসাধারণের মানিবার উপযুক্ত বিধি করা শ্রেয় বোধ হয়।

আমার বিবেচনা এই। ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যেং মোকদ্দমার বিচার হয় তাহার পুনর্দৃষ্টি হইবার উপযুক্ত সময় অতীত হইলে পর, কিম্বা অন্ততঃ ডিক্রী চূড়ান্তরূপে সাধন হইলে পর, ঐ মোকদ্দমার কাগজপত্র এমন গুরুতর নয় যে তাহা রক্ষা করা আবশ্যক। যে খাতা বহী ও হিসাব অর্পণ করা যায় তাহা অর্থি প্রত্যর্থিরা ফিরিয়া লন। খত ও স্মারকলিপি ও অন্যান্য লেখ্য ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য অধিকাংশ মোকদ্দমার মূল, ও তাহার ভাব বিবেচনায় তাহা বিবাদিদের পক্ষে আর কার্য্যোপযোগী নয়। ফলতঃ ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমায় অর্থি প্রত্যর্থিরদের কি অন্য ব্যক্তিদের মধ্যে ভাবিকালীন কোন বিবাদে উক্ত মোকদ্দমার প্রতি দৃষ্টি করার আবশ্যক সম্ভাবনা নাই, এবং অধিকাংশপত্র B চিহ্নিত পত্রাবলির মধ্যে গণ্য। সেই পত্র সাধারণ সকল আদালতে এক বৎসরের অধিককাল রাখা প্রয়োজন নাই। তদ্ভিন্ন অনেকং মোকদ্দমা মৈত্রভাবে নিষ্পত্তি হয়, অথবা ত্রুটি হেতুক ডিস্মিস হয়, তদ্রূপ মোকদ্দমার কাগজপত্র সুতরাং অকর্ম্মণ্য।

রেজিস্টর ও আহ্বানপত্রের পুস্তকের * মধ্যে অর্থি প্রত্যর্থিদের নাম ও দাওয়ার মর্ম্ম ও তারিখ ও ডিক্রী প্রভৃতি লিখিত হইয়া থাকে। তদ্ভিন্ন ক্ষুদ্র মোকদ্দমার আদালতে অন্য কোন কাগজপত্র রাখিবার প্রয়োজন নাই। আহ্বানপত্রের পুস্তকেও প্রমাণ ও নিষ্পত্তি লেখা গিয়া থাকে, অতএব দর্শন যোগ্য বিষয়ের উপলক্ষে প্রয়োজনীয় এবং ডিক্রী সাধনার্থেও কর্ম্মণ্য হয়। যদি কোন সময়ে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কোন মোকদ্দমায় গুরুতর এবং ভাবিকালের সম্ভাবিত উপকারের কোন লেখ্য অর্পিত হয় তবে যে ব্যক্তি তাহা অর্পণ করেন তিনি ক্লার্কের নিকটে সেই কথা জ্ঞাত করিতে পারিবেন। কিম্বা মোকদ্দমা

* ১৮৬১ সালের ১ জুনের ব্যবহারার্থ মুদ্রিত বিধিতে নির্দ্ধারিত হইল।

[*Government Gazette, 3rd April* 1866.]

however, the preservation of any paper for a particular period be deemed necessary, it rests with the Court to decide whether that period should exceed three years,—the time allowed for execution. But I beg to state that even execution is issued in reference to the Summons Book alone; the papers of the Nuthee never consulted.

Permit me to add that, during the last year, 2,698 Small Cause Court cases were disposed of by this Court, a rate in which the number of disposals would in five years come to 13,490, and in ten to 26,980, and these exclusive of execution cases. Now, whatever paper, if any, be kept of a case, the same must need a list, that is to say, a list for each and every case, and a General Register from year to year, and the cases ought to be arranged and placed by years and months. The Court may well imagine the amount of labour and attention this would entail, and to what advantage. The papers of cases decided by Small Cause Courts in certain Districts are sent for deposit to the Judge's Record Office, which I fear, not only would augment inconvenience, but may very likely cause confusion.

(Sd.) OBHOYA COOMAR DUTT,
Judge.

নিষ্পত্তি হইবার পরে নির্দ্ধারিত কোন সময়ের মধ্যে তাহা ফিরিয়া লইতে পারিবেন। পরন্তু যদি কোন বিশেষ কালের নিমিত্তে কোন লেখ্য রক্ষা করা আবশ্যক হয়, তবে ডিক্রী সাধনের জন্যে যে তিন বৎসরের অনুমতি আছে তাহার অধিককাল রক্ষা করা উচিত কি না ইহা নিদ্ধার্য্য করার ভার হাই কোর্টেরই প্রতি আছে। আমার এই মাত্র বক্তব্য, যে ডিক্রী সাধনের আজ্ঞা প্রচার হইলে নথীর কাগজপত্র দৃষ্টি হয় না কেবল আহ্বানপত্রের পুস্তকে দৃষ্টি হইয়া থাকে।

আমার আরো লিখিতব্য যে গত বৎসরে এই আদালতে ডিক্রী সাধনের মোকদ্দমা ভিন্ন ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য ২৬৯৮ মোকদ্দমার নিষ্পত্তি হইয়াছিল। তদনুক্রমে চলিলে পাঁচ বৎসরের মধ্যে ১৩৪৯০ ও দশ বৎসরের মধ্যে ২৬৯৮০ মোকদ্দমার নিষ্পত্তি হয়। মোকদ্দমার যে কোন কাগজপত্র রাখা যাউক তাহার আবলী রাখা অবশ্য প্রয়োজন অর্থাৎ প্রত্যেক ও সকল মোকদ্দমার এক আবলী এবং বৎসরে২ সাধারণ রেজিষ্টর করিতে হইবে ও সকল মোকদ্দমা সাল ও মাস ক্রমে সাজাইয়া রাখিতে হইবে, ইহাতে কত ক্লেশ ও মনোযোগের প্রয়োজন ও তাহাতে কি লাভ হয় তাহা আদালত বিবেচনা করুন। কোন২ জিলার মধ্যে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নিষ্পত্তি ও মোকদ্দমার কাগজপত্র জজ সাহেবের মহাফেজখানায় রাখিবার জন্যে প্রেরিত হইয়া থাকে। আমি বোধ করি তাহাতে ক্লেশ বৃদ্ধি হয় ও গোলযোগ হইবার সম্ভাবনা।

অভয়াকুমার দত্ত।
জজ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 354.

APPOINTMENTS.

The 17th March 1866.

Mr. W. H. Coxe is appointed to the Fourth Grade of the Bengal Educational Service, and to officiate, until further orders, as a Professor in the Kishnaghur College.

The 19th March 1866.

The following Officers to be Deputy Registrars of Assurances of the Sub-Districts mentioned against their respective names, *viz.* :—

Baboo Purmanund Burroah, in Gowalparah.
„ Goonabhiram Surma, in Nowgong.

The 21st March 1866.

Mr. A. T. Maclean to officiate as Magistrate and Collector of Tirhoot, during the absence, on leave, of Mr. A. J. Elliot, or until further orders. Mr. Maclean will make over charge of his duties as Officiating Magistrate and Collector of Moorshedabad to Mr. H. C. B. C. Raban.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৩৫৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৭ মার্চ।

শ্রীযুত ডবলিউ এচ কক্‌স সাহেব বঙ্গদেশীয় বিদ্যাবিষয়ক কর্ম্মবিভাগের চতুর্থ শ্রেণীভুক্ত হইয়াছেন এবং অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কৃষ্ণনগর কালেজে অধ্যাপকের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৯ মার্চ।

নিম্নলিখিত কার্য্যকারকেরা আপনাদের নামের পার্শ্ব লিখিত স্থানে নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন, যথা,

শ্রীযুত বাবু পরমানন্দ বড়ুয়া, গোয়ালপাড়ায়।
„ „ গুণাভিরাম শর্ম্মা, নওগায়ে।

১৮৬৬ সাল ২১ মার্চ।

শ্রীযুত এ, জে, এলিএট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ টি মাক্লীন সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন এবং আপন কর্ম্মের অর্থাৎ মুরশিদাবাদের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্মের ভার শ্রীযুত এচ, সি, বি, সি, রেবান সাহেবের প্রতি অর্পণ করিবেন।

Mr. E. W. Molony to officiate as Magistrate and Collector of Moorshedabad, during the absence, on leave, of Mr. C. J. Mackenzie, but to continue to officiate as Civil and Sessions Judge of the District until relieved by Mr. G. Bright.

শ্রীযুত সি, জে, মেকেঞ্জি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে শ্রীযুত ই ডবলিউ মলোনী সাহেব মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করিবেন কিন্তু শ্রীযুত জি ব্রাইট সাহেব যে পর্য্যন্ত তাঁহার কর্ম্ম না করেন সে পর্য্যন্ত তিনি উক্ত জিলার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary at Maldah, *viz.* :—

Mr. W. F. Meres.
„ J. Patch.
„ J. J. Gray.
Shahebzadah Ahmed Ali Khan.
Baboo Koolodanund Mookerjee.
„ Hungsgeer Gosain.
„ Brojosoonder Moitro.

নিম্নলিখিত মহাশয়েরা মালদহের দাতব্য ঔষধালয় কমিটীর মেম্বর হইবেন যথা,

শ্রীযুত ডবলিউ এফ মিয়ার্শ সাহেব।
„ জে পার্চ্চ সাহেব।
„ জে জে গ্রে সাহেব।
„ সাহেব জাদা আহম্মদ আলী খাঁ।
„ বাবু কুলদানন্দ মুখোপাধ্যায়।
„ বাবু হংসগ্রীব গোস্বামী।
„ বাবু ব্রজসুন্দর মৈত্র।

Mr. S. Wauchope, C. B., to officiate as Civil and Sessions Judge of Midnapore, during the absence, on deputation, of Mr. C. P. Hobhouse, or until further orders. Mr. Wauchope will make over charge of his duties as Additional Judge of Hooghly, Burdwan, and 24-Pergunnahs to the Officiating Judge of the 24-Pergunnahs.

শ্রীযুত সি পি হারহাউস সাহেবের রাজকর্ম্মে গমন প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এস ওয়াকোপ সাহেব সি, বি, মেদিনীপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন এবং আপন কর্ম্মের অর্থাৎ হুগলী ও বর্দ্ধমান ও ২৪ পরগনার অতিরিক্ত জজের কর্ম্মের ভার ২৪ পরগনায় একটিং জজ সাহেবের প্রতি অর্পণ করিবেন।

Dr. K. Macleod to be a Municipal Commissioner for the Town of Jessore.

ডাক্তর শ্রীযুত কে মাক্লোড সাহেব যশোহর নগরের এক জন মুনিসিপল কমিসনর হইবেন।

The 22nd March 1866.

১৮৬৬ সাল ২২ মার্চ।

The following gentlemen to be Municipal Commissioners of Cachar, *viz.* :—

Mr. D. Sandeman.
Baboo Ramgobind Deb.
„ Chunder Nath Nandi.
„ Prannath Doss.

নিম্নলিখিত মহাশয়গণ কাছাড়ের মুনিসিপল কমিসনর হইবেন, যথা—

শ্রীযুত ডি স্যাণ্ডিমান সাহেব।
„ বাবু রামগোবিন্দ দেব।
„ বাবু চন্দ্রনাথ নন্দী।
„ বাবু প্রাণনাথ দাস।

Mr. J. W. McCrindle to officiate as Professor in charge of the Patna College, during the absence, on leave, of Mr. J. K. Rogers, or until further orders.

শ্রীযুত জে কে রজার্স সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে ডবলিউ মেক্রিনডল সাহেব পাটনা কালেজের অধ্যাপকের কর্ম্ম করিবেন।

The Government of India having sanctioned the formation of the "Orissa Volunteer Rifles," and appointed Mr. T. E. Ravenshaw to be Commandant of that Corps, the Lieutenant-Governor has been pleased to make the following appointments, *viz.* :—

Mr. R. Alexander	...	Captain.
„ J. McMillan	...	Lieutenant.
„ C. P. Crouch	..	Ensign.

উড়িষ্যা বলনটিয়ার রাইফাল পলটন সংস্থাপন বিষয়ে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট স্বীয় সম্মতি প্রকাশ করিয়া শ্রীযুত টি ই রেবেনশা সাহেবকে ঐ পল্টনের সেনাপতির পদে নিযুক্ত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত ব্যক্তিগণকে সেই দলে নিযুক্ত করিয়াছেন। যথা—

শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব	কাপ্তান।
„ জে মেকমিলন সাহেব	লেপ্টেনেণ্ট।
„ সি পি ক্রৌচ সাহেব	এনসাইন।

The 23rd March 1866.

১৮৬৬ সাল ২৩ মার্চ।

Mr. W. Sarson, Deputy Magistrate and Deputy Collector of Chittagong, is vested with the powers of a Magistrate in that District.

চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ডবলিউ সারসন সাহেব উক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

Baboo Gour Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector of Chittagong, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class in that District.

চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গৌরচন্দ্র রায় উক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

Mr. P. Hurley to be a Member of, and Secretary to, the Local Committee of Public Instruction at Chittagong.

শ্রীযুত পি হরলি সাহেব চট্টগ্রামের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর ও সেক্রেটারী হইবেন।

The 24th March 1866.

Mr. W. W. Hunter to be Deputy Registrar of Assurances of the Sub-District of Sooree, having its Head-Quarters at the Sudder Station of the District of Beerbhoom.

LEAVE OF ABSENCE.

The 20th March 1866.

Moulvy Rameezooddeen, Supernumerary Deputy Magistrate and Deputy Collector of Sewan, for four months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 21st March 1866.

Mr. A. J. Elliot, Magistrate and Collector of Tirhoot, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may may avail himself of the leave.

The 22nd March 1866.

Mr. J. K. Rogers, Professor in charge of the Patna College, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

NOTIFICATION.

The 20th March 1866.

The services of Dr. J. C. Shaw, Civil Assistant Surgeon of Jessore, are placed at the disposal of the Government of India, in the Military Department, at his own request.

The 21st March 1866.

The services of Mr. C. P. Hobhouse, Judge of Midnapore, are placed, temporarily, at the disposal of the Government of India, in the Home Department.

NOTIFICATION.

The 23rd March 1866.

It is hereby notified that the Lieutenant-Governor has been pleased to sanction the transfer of Mouzahs Jaipore and Khowang from the District of Seebsaugor to that of Luckimpore.

NOTIFICATIONS.

The 27th March 1866.

With a view to prevent unnecessary interference with boats which may be used for bringing persons to Calcutta, but which do not ply for hire within the Port of Calcutta, arrangements have been made to allow the owners of such boats to have the same registered and marked as "Private Boats" by applying in person at the Boat Registry Office, No. 12, Wellington Square, East, and on payment of a fee of four annas for each registration.

On the expiration of every year of registration, which begins on the 1st of April, Private Boats

১৮৬৬ সাল ২৪ মার্চ।

শ্রীযুত ডবলিউ ডবলিউ হন্টর সাহেব সিউড়ি সব্‌ ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইলেন। তাঁহার প্রধান কার্য্যালয় বীরভূম জিলার সদর মোকামে থাকিবে।

ছুটী।

১৮৬৬ সাল ২০ মার্চ।

সেওয়ানের অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী রমিজুদ্দিন অচিহ্নিত কার্য্যকারকদিগের ছুটীর বিধির ১১ ধারামতে চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২১ মার্চ।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ জে এলিয়েট সাহেব যে তারিখ অবধি ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদিগের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২২ মার্চ।

পাটনা কালেজের ভারপ্রাপ্ত অধ্যাপক শ্রীযুত জে কে রজার্স সাহেব যে তারিখ অবধি ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারা মতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২২ মার্চ।

যশোহরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে সি শা সাহেব আপন প্রার্থনাক্রমে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৬ সাল ২১ মার্চ।

মেদিনীপুরের জজ শ্রীযুত সি পি হাবহৌস সাহেব কিয়ৎকালের জন্যে দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৩ মার্চ।

সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জিলা শিব সাগরের অন্তঃপাতি মৌজে জয়পুর ও খোয়াঙ্গ, লক্ষ্মীপুর জিলার অন্তর্গত করণ বিষয়ে সম্মতি প্রকাশ করিয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৭ মার্চ।

কোন২ নৌকা কলিকাতা বন্দরে ভাড়া পাইবার নিমিত্তে গমনাগমন না করিয়া, কেবল কোন২ ব্যক্তিদিগকে কলিকাতায় আনিবার জন্যে ব্যবহৃত হয়, সেই২ নৌকার প্রতি অনাবশ্যকমতে হস্তক্ষেপ না হয়, এই কারণে এমন নিয়ম করা গিয়াছে যদ্দারা ঐ নৌকার স্বামিরা গোলতালাবের পূর্ব্বদিগে ১২ নম্বরের বাটীতে বোট রেজিষ্ট্রী আফীসে আপনারাই গিয়া তাহা রেজিষ্টরী করাইতে ও "প্রাইবেট বোট" অর্থাৎ ব্যক্তি বিশেষের নৌকা এই চিহ্ন তাহাতে বসাইতে পারিবে। রেজিষ্টরী করিবার চারি আনা ফী লাগিবে।

আপ্রিল মাসের ১ তারিখে রেজিষ্টর করণের বৎসর আরম্ভ হয়। ইতিপুর্ব্বে যে প্রাইবেট বোটের

already registered as such will have to be registered and marked anew.

Boats registered and marked as "Private Boats" will not be liable to be interfered with or proceeded against as unregistered boats under the provisions of the Police Act, unless there be special grounds for believing that such boats ply for hire as passenger boats within the Port of Calcutta; the owners of such boats must, therefore, exercise a proper vigilance over their Manjees in order to prevent them from carrying passengers for hire. The owner and Manjee of any Private Boat which may at any time be detected carrying passengers for hire will be liable to be prosecuted and punished according to law.

Owners are also required to be careful that they do not allow their boats to be overladen with passengers.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

রেজিষ্টর হইয়াছে তাহা বৎসরের শেষে নূতন রেজিষ্টর করিতে ও তাহাতে সেই চিহ্ন নূতন বসাইতে হইবে।

যেং নৌকা "প্রাইবেট বোট" বলিয়া রেজিষ্টর ও চিহ্নিত হইয়াছে, এমন নৌকা কলিকাতা বন্দরে গহনা নৌকামতে ভাড়ার জন্যে গমনাগমন করে ইহা বিশ্বাস করিবার যদি বিশিষ্ট হেতু না থাকে, তবে পোলীসের আইনের বিধানানুসারে রেজিষ্টর না হওয়া নৌকা বলিয়া তাহাতে হস্তক্ষেপ হইবে না ও তদ্বিপক্ষে মোকদ্দমা হইবে না। অতএব সেই নৌকার মাঝিরা ভাড়ার নিমিত্তে চড়নদারদিগকে না লয়, এই বিষয়ে ঐ নৌকার স্বামিদের উপযুক্তমতে সতর্ক হওয়া প্রয়োজন। কোন প্রাইবেট বোট ভাড়ার জন্যে চড়নদারদিগকে লইয়া গেলে যদি ধৃত হয়, তবে আইনঅনুসারে স্বামী ও মাঝি উভয়ের নামে অভিযোগ ও উভয়ের দণ্ড হইবে।

আরো সেই নৌকাতে অধিক লোক উঠিতে না পায় এই বিষয়ে স্বামিদিগকে সতর্ক থাকিতে আদেশ হইতেছে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্নমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

No. 68.

AGRICULTURAL.

Draft Declaration under Sections II. and XXXIII. of Act VI. of 1857.

The 26th March 1866.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for an Escapement Channel on the Noon River, in the District of Pooree, it is hereby declared that, for the above purpose, the following plots of land are required, which are situated in Mouzahs Pinglesurnoragaon, Rebna, and Panchgotchia, in Pergunnah Chowbeescord, Zillah Pooree :—

Plot 1, measuring 1,733,200 superficial feet, more or less, and bounded on the North, South, and East by the old embankment line, and on the West by a line commencing at the sluice gate now existing and stretching 3,500 feet in a northern direction, until it intersects the old embankment again at a point bearing 155 degrees from the sluice gate aforesaid.

Plot 2, measuring 200,000 superficial feet, more or less, and stretching 100 feet on either side of a central line measuring 1,000 feet, which commences at a point distant 950 feet and bearing

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

---

৬৮ নম্বর।

কৃষিকর্ম্ম সম্বন্ধীয়।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারাগত বিজ্ঞাপনপত্রের পাণ্ডুলিপি।

১৮৬৬ সাল ২৬ মার্চ।

বঙ্গদেশের শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন, যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পুরী জিলার নূননদীতে জল নিঃসরিবার প্রণালী রাজকীয় অর্থব্যয়ে করা আবশ্যক। এই হেতুক এতদ্দ্বারা প্রকাশ হইতেছে যে, উক্ত কর্ম্মের নিমিত্তে পুরী জিলার চৌবীশকোড পরগনার পিঙ্গলস্বর্ণরাগ্রাম ও রেবনা ও পাঁচগাছিয়া মৌজার অন্তর্গত নিম্নলিখিত ভূমি খণ্ড লওয়া প্রয়োজন।

ন্যূনাধিক ১৭৩৩২০০ বর্গফুট পরিমাণ প্রথম খণ্ড। তাহার উত্তর ও দক্ষিণ ও পূর্ব্ব সীমা পুরাতন বাঁধ বর্ত্তমান জলদ্বারহইতে রেখা উত্তর দিগে ৩৫০০ ফুট টানিলে সেই জলদ্বারহইতে ১৫৫ অঙ্কক্রমে ঘুরিয়া সেই পুরাতন বাঁধ ভেদ করিয়া যায়, সেই রেখা পশ্চিম সীমা।

ন্যূনাধিক ২০০০০০ বর্গফুট পরিমাণ দ্বিতীয় খণ্ড। পূর্ব্বোল্লিখিত প্রথম খণ্ডের উত্তরাংশ হইতে ৯৫০ ফুট অন্তর স্থানে রেখা টানিতে আরম্ভ করিলে ১৪৬ অঙ্কক্রমে ঘুরিয়া ঐ আরম্ভ স্থানাবধি যে স্থান ১৪৩ অঙ্ক-

146 degrees from the northern extremity of Plot 1 above described, and terminates on the old bund at the point bearing 143 degrees from the position of commencement last described.

ঘুরিয়া পুরাতন বাঁধে শেষ হয় সেই পর্য্যন্ত ১০০০ ফুটের এক রেখার দুই দিগে ১০০ ফুট পরিমাণ ভূমি।

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

২। ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে ঐ ভূমিতে সম্পর্ক বিশিষ্ট সকল লোকের জ্ঞানার্থে উক্ত সম্বাদ দেওয়া গেল।

J. E. T. Nicolls, *Lieut.-Col.*, *R. E.*,
Offg. Secy. to the Govt. of Bengal,
in the Public Works Department.

জে ই টী নিকলস লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

APPOINTMENTS.

নিয়োগ।

The 27th March 1866.

১৮৬৬ সাল ২৭ মার্চ।

Baboo Denonath Mullick to officiate as Moonsiff of Alipore, Zillah Rungpore.

শ্রীযুত বাবু দীননাথ মল্লিক রঙ্গপুর জিলার অলিপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

Khadem Hossein to officiate as Moonsiff of Sewun, Zillah Sarun.

শ্রীযুত খাদেম হুসেন সারণ জিলার সেওয়ানের মুনসেফের কর্ম্ম করিবেন।

The 28th March 1866.

১৮৬৬ সাল ২৮ মার্চ।

Baboo Nuffer Chunder Butto, B. L., to be Moonsiff of Kooshtea, Zillah Nuddea.

শ্রীযুত বাবু নফরচন্দ্র ভট্ট বি, এল, নদীয়া জিলার কুস্তায়ার মুনসেফ হইবেন।

Baboo Juddoonath Chatterjee, B. L., to officiate as Moonsiff of Khoolneah, Zillah Jessore.

শ্রীযুত বাবু যদুনাথ চট্টোপাধ্যায় বি, এল, যশোহর জিলার খুলনার মুনসেফের কর্ম্ম করিবেন।

LEAVE OF ABSENCE.

ছুটী।

The 27th March 1866.

১৮৬৬ সাল ২৭ মার্চ।

Baboo Jogul Pershad, Moonsiff of Sewun, Zillah Sarun, for three months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, in extension of the leave granted on the 13th instant.

সারণ জিলার সেওয়ানের মুনসেফ শ্রীযুত যুগলপ্রসাদ বাবু এই মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

The 29th March 1866.

১৮৬৬ সাল ২৯ মার্চ।

Moonshee Dedar Buksh, Officiating Moonsiff of Nugwan, Zillah Midnapore, for seven days, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

মেদিনীপুর জিলার নগওয়ানের একটিং মুনসেফ শ্রীযুত মুনসী দেদার বক্স, অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে সাত দিনের ছুটী পাইয়াছেন।

H. T. Prinsep,
Registrar.

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

২৫৮ নং।

ইস্তেহার।

সন ১৮৬৩ সালের ১৫ জুলাই তারিখের প্রকাশিত ইস্তেহারে মোকাম ঘুসুড়িতে মৌজুদ থাকা নেমক বিক্রয় না হওয়া পর্য্যন্ত শালিখা মোকামের গোলাভাতের সরকারী পাঙ্গা নেমক স্বল্প কালের নিমিত্ত বিক্রয় স্থগিত হইয়াছিল। সম্প্রতি গবর্ণমেণ্টের সম্মতির সহিত ঐ বিক্রয় নিষেধক হুকুম রহিত হইল।

২ দফা। মোকাম শালিখা ও ঘুসুড়িতে যে নেমক মৌজুদ আছে, তাহা প্রকাশিত নির্দ্ধারিত মূল্যে বিক্রয় হইবেক।

বিমৌজীব হুকুম সাহেবান আলিসান

বোর্ড রেবিনিউ সন ১৮৬৬ সাল ২৭ মার্চ।

টি ক্রস লেন।

ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

ইস্তেহা: নামা কাছারি কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহাদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলার নীচের লিখিত মহালাৎ মালগুজারির বাকী বাবৎ ইঙ্গরাজি ১৮৬৬ সালের ২০ আপ্রেল মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তারিখ ৮ বৈশাখ রোজ শুক্রবার এই কালেক্টরী কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬ ইংরাজি তারিখ ২৪ মার্চ।

প্রথম শ্রেণীর কায়েমি মহাল।

৬৪ নং নীলাম আনন্দী মাসুল্লা মালিক আজমত আলী ও সেখ দেওয়ান আলী সদাগর সদর জমা ৪১৬০৻৩

২৪৬৭ নং তরফ রহমান ওালিপ মালিক জিন্নত আলী খাঁ চৌধুরী সদর জমা ৬০৩৸৶৬

মহাল মছালেহা।

৩৯৩২ নং তরফ রাধামাধব মালিক বালক দাস মহন্ত ও মনোহর দাস মহন্ত ও রামসুন্দর সেন ও সাছিরাম দস্তিদারের মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে মঙ্গমুনাখাওন ও অবশিষ্ট মহালের মং ৫৫৩৻১০ পাই আদায় হওয়া হিস্যা বাদে রামসুন্দর সেনের ও সাছিরাম দস্তিদারের হিস্যা নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ১৮১০৻৪

A. SMITH,

Collector.

NOTICE.

Any persons holding the Left-half of the Government Currency Note $\frac{A}{9}$36005, for Rupees 20, dated 11th July 1861, or the Right-half of the Government Currency Note $\frac{A}{9}$79853, for Rupees 20, dated 11th July 1861, are requested to communicate with the undersigned.

W. WAVELL,

Offg. Joint-Magistrate of Rungpore.

বিজ্ঞাপন।

১৮৬১ সালের ১১ জুলাই তারিখের $\frac{A}{৯}$৩৬০০৫ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের প্রথমার্দ্ধ কিম্বা ১৮৬১ সালের ১১ জুলাই তারিখের $\frac{A}{৯}$৭৯৮৫৩ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের দ্বিতীয়ার্দ্ধ যাঁহার কাছে থাকে তিনি নিম্নে স্বাক্ষরকারিকে সংবাদ দিবেন।

ডবলিউ ওয়েবেল।

রঙ্গপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা যাইতেছে আমার নীলাম খরিদা জিলে ত্রিপুরার মোতালক পরগনে বরদাখাত হিস্যে ॥৶১৩৷— ক্রান্ত সরকার বাহাদুরের খাস মহাল জমিদারিসংক্রান্ত নীচের তফসিলের লিখিত মহালাত জারিণ ও হাশীল জমির জমাবন্দি অনুসারিয় জমাহইতে শতকরা ১০৲ দশ টাকা তহসীল খাখেরাজাত বাদে বাকী জমায় ১২৭৩ সনের প্রথমহইতে ৫ পাঁচ সন ম্যাদি ইজারা অথবা ঐ জমার পাঁচগুণ সেলামিতে দাইমী পত্তনী বন্দবস্ত হইবেক অতএব যে কেহ ঐ প্রকার ইজারা অথবা পত্তনী বন্দবস্ত করার ইচ্ছুক তিনি বর্ত্তমান বর্ষের চৈত্র মাস মধ্যে আমার নিকট উপস্থিত হইয়া প্রার্থীত হইলে রীতিমতে জমানত দাখিলে

ইজারা অথবা পত্তনী গ্রাহক ব্যক্তিগণ সেলামি দাখিল করিলে পত্তনী বন্দবস্ত করিয়া লইতে পারিবেন মহালাতের জমিজমার বন্দবস্তের নিয়ম সিরিস্তা তদন্তে বিশেষরূপ জ্ঞাত হইতে পারিবেন ও ইহাও ব্যক্ত করা যাইতেছে যদি একি মহালের বন্দবস্ত গ্রাহক দুই তিন ব্যক্তি উপস্থিত হএন তবে যে কেহ উর্দ্ধ জমা ও সেলামী দিতে সম্মত হইবেন তাহাদের সহিত বন্দবস্ত করা যাইবেক ইতি।

নাম মহাল	হাশীল জমির জমা	বাদ তহসীলা আখেরাজাত	বাকী জমা
করিমপুর, রছুলপুর	৯৬০০৸৶	৯৬০/৬	৮৬৪০৸/৬
সূর্য্যপুর, কুটুম্বপুর	৮৪৪৯৷/	৮৪৪৸৶	৭৬০৪৷৶
পাহারপুর	৬৩৩৭৸৶	৬৩৩৸/	৫৭০৪/
ভৈশের কোট	১৯০৬৮৶	১৯০৬৷৷৶	১৭১৫৯৷৷০
আন্দপাল	৪৮২২৸০	৪৮২৷/	৪৩৪০৷৶
মিরবহরি	১৩২৷৶	১৩৷/	১২২৸৶
দেবীদ্বার হিস্যে ৶ আনী	৫৬২৷৷/	৫৬৷০	৫০৬৷/
ধামঘর	৪০৬২৸০	৪০৬৷/	৩৬৫৬৷৶
ভুবনঘর	২০৩২৶	২০৩৶৬	১৮২৮৸৶৬
সুরেশ্বরদি	৩৭২০/	৩৭২৲	৩৩৪৮/
কামাল্লা	৬১৬৯৲	৬১৬৸৶	৫৫৫২/
পালাস্থতা	২৬০৩/	২৬০৷/	২৩৪২৸০
শ্রীরামপুর	৯৪৩৫৲	৯৪৩৷৷০	৮৪৯১৷৷০
লহরি	৫৭৭২৷৷৶	৫৭৭৷০	৫১৯৫৷৶
রুপশদী	৫২৫৩৮৷৶	৫২৫৩৸/	৪৭২৮৪৸৶
চোসনাবাদ	১২৪০৯৷৷০	১২৪০৸৶	১১১৬৮৷৷/
পারিয়াকান্দী	১৮৭০৪/	১৮৭০ ৶	১৬৮৩৩৷৶
বাখরাবাদ, রামচন্দ্রপুর	৬৬৮৭৷৷৶	৬৬৮৸০	৬০১৮৸৶
বার বাখরাবাদ	১০৭২৯৸৶	১০৭২৸৶	৯৬৫৬৸৶
কুরপুর	৭৮১১৷৷৶	৭৮১৷/	৭০৩০৶
পাঁচপুখরিয়া	৩৬২১৲/	৩৬২৷৶	৩২৬১৷৶
গুরানন্দি	২৭৪১৸/	২৭৪৶	২৪৬৭৷৷৶
বাশকাইট	১৬৩৯৷৶৬	১৬২৸৶	১৪৭৫৷৶৬
উরিশ্বর	১৮৭০৶৬	১৮৭৲	১৬৮৩৶৬
পোলবা	১৭৬১৲	১৭৬৷০	১৫৮৪৸০
ফতেয়াবাদ	৭৩৪৭৸৶	৭৩৪৷৷৶	৬৬১৩৷০
আলিয়াবাদ	১৩৯৪৷৷৬	১২৯ ৶	১২৫৫৶৬
জারেরা	৩১৫৫৷৷৶	৩১৫৷৷/	২৮৪০/০
এছলামপুর	২০৮১/০	২০৮/০	১৮৭৩৲
কালঘরা	২৪২৭৲	২৪২৷৷৶	২১৮৪৷/
উত্তর বাঙ্গরা, হিস্যে ৷৷০ আনী ...	১৬০৫৷৷৶৬	১৬০৷৷/	১৪৪৫/৬
	২১১২৯৮৸৶	২১১২৯৸/	১৯০১৬৯/

মোতালকে তর্পে পাঁচ ভাগ।

নাম মহাল	হাশীল জমির জমা	বাদ তহসীলা আখেরাজাত	বাকী জমা
ঢেলাব	৬৮৭৫৲	৮৮৭৷৷০	৫৯৮৭৷৷০
আছাদ নগর	১৭৫০৲	১৭৫৲	১৫৭৫৲
ভাস্তেরদী, হিস্যে ৷৶ আনী	১৫০০৲	১৫০৲	১৩৫০৲
	১০১২৫৲	১২১২৷৷০	৮৯১২৷৷০
	২২১৪২৩৸৶	২২৩৪২৷/	১৯৯০৮১৷৷/

শ্রী খাজে আসানউল্লা

ঢাকা কুমারটুলী দপ্তরখানা।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৬৬। ৩ আপ্রিল।]

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসীবর আপীস।

জমিদারিদিগর ইজারা।

আশুতোষ দেদিগর বাদী।
রাজকুমারী দাসীদিগর প্রতিবাদী।

ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ১০ এপ্রেল মঙ্গলবার বেলা দুইপ্রহর এক ঘণ্টার সময় হাই কোর্টের রিসীবর শ্রীযুত চার্লস সুইন্টন হাগ সাহেব তাঁহার আপীসে মৃত কৃষ্ণানন্দ বিশ্বাসের ইস্টেটের দরুন নীচের লিখিত জমিদারিদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হয়েন উপরোক্ত সময়ে উক্ত আপীসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনার অন্তঃপাতি মোং বারাসতের

মাজিষ্ট্রেটের অধীন।

১৪৬ নম্বর পরগনে আনরপুর রকম ।।০ আনার মধ্যে নীচের লিখিত ডিহি ও মৌজা ও কিসমতদিগর।

জায়।

ডিহি বিশ্বনাথপুর ডিহি সোহাইভাঙ্গা ডিহি বেলুড়িয়া ডিহি কতলসাহী ডিহি কৃষ্ণপুর ডিহি কালিকাপুর ডিহি বকুণ্ড ডিহি বাশুদেবপুর ডিহি বোদাই ডিহি চোরখাড়া ডিহি বেড়ুগা ডিহি গাভেড়া ও মৌজে তালধাতিয়া মৌজে পানিশাড়া মৌজে বেহারী ও মৌজে বনমালিপুর মায় কাছারিবাটী ও হাট ও বাজার ও পুষ্করিণী ও বাগান ও দোকানদিগর মুছলেম হকুক সেওয়ায় মধুসুরারীর নিলকুঠীর নওয়াজিমা জিনিসদিগর।

১১৭৮ নম্বর কিসমত মাধবপুরদিগর দেবোত্তর বাজেআপ্তী বন্দবস্তী মহাল মায় কাছারিবাটী হাটইত্যাদি উপরের লিখিত মত।

ঐ জেলার অন্তঃপাতি ২৪ পরগনার মাজিষ্ট্রেটের অধীন ১৫৫ নম্বর মহাল মদরছা রকম ।।০ আট আনার মধ্যে নীচের লিখিত তরফ ও মৌজা কিসমতহায়।

জায়।

তরফ জঙ্গিড়া ও তরফ পাচুড়িয়া ও তরফ হালতু ও তরফ কোদালিয়া তরফ হাটগাছা ও মৌজে নন-হুগলী ও কিসমত খড়দহ মায় কাছারিবাটী ও হাট বাজার পুষ্করিণী বাগান দোকানইত্যাদি উপরের লিখিত মত।

১৫৭ নম্বর পরগনে কলিকাতার অন্তঃপাতি তরফ বৈঁওতা যাহাকে সচারাচার সীরাটী বলে তাহার রকম ।।০ আনার মধ্যে নীচের লিখিত তরফ ও মৌজে ও কিসমত হায়।

জায়।

তরফ বৈরামপুর তরফ মৌশাল ও তরফ রঘুনাথপুর মৌজে দুর্গাবাটী ও কিসমত খড়দহা মায় কাছারিবাটী ও হাট বাজার ইত্যাদি উপরের লিখিত মত।

১৬৯ নম্বর তরফ হাতিয়াড়া নীচের লিখিত তরফ ও মৌজা ও কিসমত হায়।

জায়।

তরফ নিজ হাতিয়াড়া তরফ খড়দ্বা ও মৌজে বরাখোলা আহমদপুর ও মৌজে গাতি ও বাইগাছিদিগর ও কিসমত সাইতগাছি ও দোনার আটী ও চাপরা মায় কাছারিবাটী ও হাট বাজার বাগান ইত্যাদি উপরের লিখিত মত।

২৮৭ নম্বর কিসমত খড়দহের মধ্যে ৺ গোকুলচন্দ্র গোস্বামির নামিত তালুক /৫ এক আনা এক পাইয়ের মধ্যে রকম এক পাই মায় কাছারিবাটী ইত্যাদি উপরের লিখিত মত।

পরগনে কলিকাতা মহাল মদরছার অন্তঃপাতি তরফ কাদাগার মৌজে নিজ কাদীরা ও মৌজে পেয়াদা।

ঐ পরগনার মহল শ্রীবাটীর অন্তঃপাতি মৌজে কুমার পুখুরিয়া।

আরো বৃত্তান্ত রিসীবর আপীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কলিকাতা হাই কোর্ট রিসীবর আপীস ৫ নম্বর ষ্ট্রীণ্ড রোড সন ১৮৬৬ সাল তারিখ ১৬ মার্চ।

[*Government Gazette*, 3rd *April* 1866.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, APRIL 3, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৩ আপ্রিল।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কাগজ কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম দফায় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা চট্টগ্রাম।

এস্তাহার নামা কাছারি কালেক্টরি জেলা চট্টগ্রাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলার মধ্যবর্ত্তী নীচের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব আগত ৯ আপ্রিল মোতাবেক ১২৭২ বাঙ্গালার ২৮ চৈত্র সোমবার অত্র জেলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক উক্ত মহাল যে ব্যক্তি ক্রয় করেন সে নিম্নের লিখিত নিয়মের অধীনে থাকিবেন।

২। এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

তফসীল।

তৌজীর মহালের নম্বর।	জেলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	জমি একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাক্স।	মোট।		
			এঃ রূঃ পঃ গঃ					
১১৪	৩৮৮১৮	মৌজে মণকীচর খাগে সাত কালীয়া দখল সানট এজেন্ট সাহেব ...	২৭।৩।৭।২২॥	১৬॥৴৯	৶০	১৬৶৯	৩৪৲	খরিদের তারিখাবধি নীলামদার দখল পাইবেক।

J. C. Price,
Offg. Deputy Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত জামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

[Procedure after issue of notice.]

CCCLVI. If the person to whom notice is issued under the last preceding Section shall not appear, or shall not show cause to the satisfaction of the Court why the decree should not be executed, the Court shall order the decree to be executed. If such person shall offer any objection to the enforcement of the decree, the Court shall pass such order as may appear to be proper. (S. C. C. & R. C.)

[On application for general attachment of movable property, security may be required.]

CCCLVII. If the application is for a general attachment of the movable property of the party liable under the decree, the Court may, before issuing an order for such attachment, require the applicant to give security to the satisfaction of the Court, in such sum as may be considered adequate, for any injury that may be occasioned by the attachment of property belonging to any person other than the party liable as aforesaid. (S. C. C. & R. C.)

[Before granting the order, Court may make enquiries as to the property to be attached.]

CCCLVIII. Before granting the order for a general attachment, or at the instance of the holder of the decree at any time before its complete execution, the Court may summon the person against whom the application is made and examine him as to the property liable to be seized in satisfaction of the decree. (S. C. C. & R. C.)

[Court may summon and examine other persons as to property liable to be seized.]

CCCLIX. The Court may, of its own motion or at the instance of any person interested in the enquiry, summon any other person whom it may think necessary and examine him in respect to any property liable to be seized in satisfaction of the decree, and may require the person summoned to produce any document in his possession or power relating to such property. (S. C. C. & R. C.)

Issue of the Warrant.

[Warrant when to issue.]

CCCLX. When the preliminary measures (if any) required by the foregoing provisions have been taken, the Court, unless it see cause to the contrary, shall issue its warrant for the execution of the decree. (S. C. C. & R. C.)

[How to be dated, signed, &c.]

CCCLXI. The warrant for the execution of the decree shall bear the date of the day on which

[সংবাদ দিলে পর যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩৫৬ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্বধারামতে যে ব্যক্তিকে সংবাদ দেওয়া গিয়াছে তিনি যদি উপস্থিত না হন কিম্বা আদালতের হৃদ্বোধমতে ডিক্রী সাধনীয় না হইবার কারণ না দেখান, তবে আদালত ডিক্রী প্রবল করিবার আজ্ঞা করিবেন। যদি সেই ব্যক্তি ডিক্রী প্রবল করণের প্রতি কোন আপত্তি করেন, তবে আদালত যেরূপ আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন, তাহা করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[অস্থাবর সম্পত্তির সাধারণমতে ক্রোক হইবার প্রার্থনা হইলে প্রতিভূ লইতে পারিবার কথা।]

৩৫৭ ধারা। ডিক্রীর বলে যে ব্যক্তি দায়ী হন, যদি তাঁহার অস্থাবর সম্পত্তির সাধারণমতে ক্রোক হওনার্থ প্রার্থনা হয়, তবে আদালত ক্রোকের আজ্ঞা করণের পূর্ব্বে প্রার্থকের প্রতি এই আদেশ করিতে পারিবেন যে পূর্ব্বোক্ত দায়ী ব্যক্তিভিন্ন অন্য কোন ব্যক্তির সম্পত্তি ক্রোক করণজন্য ক্ষতি হইলে তৎপ্রতিকার পোষণার্থে যত টাকা উপযুক্ত বোধ হয়, তিনি আদালতের হৃদ্বোধমতে তত টাকার প্রতিভূ দেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আজ্ঞা করণের পূর্ব্বে ক্রোক করিবার যোগ্য সম্পত্তির বিষয়ে আদালতের জিজ্ঞাসাবাদ করিবার কথা।]

৩৫৮ ধারা। সাধারণমতে ক্রোকের আজ্ঞা দিবার পূর্ব্বে, কিম্বা ডিক্রীপ্রাপ্ত ব্যক্তির যত্নক্রমে ডিক্রী সম্পূর্ণরূপে সাধন হইবার পূর্ব্ব কোন সময়ে আদালত, যাঁহার বিপক্ষ প্রার্থনা হইল, তাঁহাকে আহ্বান করাইয়া ডিক্রী সাধনার্থে যে সম্পত্তি ধৃত হওনের যোগ্য তদ্বিষয়ে তাঁহার পরীক্ষা লইতে পারিবেন ইতি। (ক্ষু মো. আ. ও রা. আ.)

[অন্য ব্যক্তিদিগকে আহ্বান করাইয়া ধৃত হওনের যোগ্য সম্পত্তি বিষয়ে পরীক্ষা করিতে আদালতের ক্ষমতার কথা।]

৩৫৯ ধারা। আবশ্যক বোধ হইলে আদালত আপনার ইচ্ছাক্রমে কিম্বা সেই বিষয়ের অনুসন্ধানে যাঁহার স্বার্থ থাকে এমত কোন ব্যক্তির যত্নক্রমে অন্য কোন ব্যক্তিকে আহ্বান করাইয়া ডিক্রী সফল করণার্থে ধৃত হইবার যোগ্য সম্পত্তির বিষয়ে তাঁহার পরীক্ষা লইতে পারিবেন, এবং আহূত সেই ব্যক্তির প্রতি এমত আদেশ করিতে পারিবেন যে উক্ত সম্পত্তি বিষয়ক যে কোন নিদর্শনপত্র তাঁহার হস্তে কি ক্ষমতাতে থাকে তিনি তাহা আনিয়া দেখান ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

ওয়ারণ্ট প্রচার করিবার বিধি।

[ওয়ারণ্ট দিবার সময়ের কথা।]

৩৬০ ধারা। ইহার পূর্ব্ব লিখিত ধারানুসারে প্রথমস্থলীয় কোন কার্য্য আবশ্যক হইলে, আদালত সেই কার্য্য করণানন্তর যদি ডিক্রী সাধন না করিবার কোন কারণ না দেখেন, তবে ডিক্রী সাধন করণের ওয়ারণ্ট দিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ওয়ারণ্টে তারিখ দেওন ও স্বাক্ষর করণ প্রভৃতির কথা।]

৩৬১ ধারা। ডিক্রী সাধন করিবার ওয়ারণ্ট যে তারিখে প্রচারিত হয় সেই তারিখ তাহাতে লিখিতে

it is issued and shall be signed by the Judge, or the Registrar or Clerk of the Court, and shall be sealed with the seal of the Court, and delivered to the proper Officer to be executed. (S. C. C. & R. C.)

হইবে, এবং তাহা বিচারকর্ত্তাদ্বারা কিম্বা আদালতের রেজিষ্ট্রার কি ক্লার্কদ্বারা স্বাক্ষরীকৃত ও আদালতের মোহরে মোহরাঙ্কিত হইয়া সাধন করণার্থে আদালতের উপযুক্ত কার্য্যকারকের প্রতি সমর্পিত হইবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[Warrant for arrest to direct defendant to be brought up.]

[আসেধ করিবার ওয়ারন্টে প্রতিবাদিকে আনিবার আজ্ঞা থাকার কথা।]

CCCLXII. If the warrant be for the arrest of the defendant, it shall direct the Officer entrusted with the execution of the warrant to bring the defendant before the Court. (S. C. C. & R. C.)

৩৬২ ধারা। যদি প্রতিবাদিকে আসেধ করিবার জন্যে ওয়ারন্ট দেওয়া যায়, তবে সেই ওয়ারন্ট সাধন করণার্থে যে কার্য্যকারককে দেওয়া যায় তাঁহার প্রতি প্রতিবাদিকে আদালতের সম্মুখে আনিবার আজ্ঞা হইবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[Latest day for return of warrant to be specified.]

[প্রত্যানয়নের শেষ তারিখ নির্দ্দিষ্ট করিবার কথা।]

CCCLXIII. A day shall be specified in the warrant on or before which it is to be returned. (S. C. C. & R. C.)

৩৬৩ ধারা। যে দিনে কি যে দিনের পূর্ব্বে ঐ ওয়ারন্ট প্রত্যানীত হইবে, তাহা তাহাতে নির্দ্দিষ্ট থাকিবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[Endorsement on warrant.]

[ওয়ারন্টের পৃষ্ঠলিপির কথা।]

CCCLXIV. The Officer entrusted with the execution of the warrant shall endorse thereupon the day on, and the manner in, which it was executed; or if it was not executed, the reason why it was not executed, and shall return the warrant with such endorsement to the Court. (S. C. C. & R. C.)

৩৬৪ ধারা। ওয়ারন্ট সাধন করণের ভার যে কার্য্যকারকের প্রতি অর্পিত হয়, তিনি যে তারিখে ও যে প্রকারে তাহা সাধন হইল তাহার কথা কিম্বা সাধন না হইলে না হইবার কারণ ওয়ারন্টের পৃষ্ঠে লিখিয়া সেই পৃষ্ঠলিপিসম্বলিত ঐ ওয়ারন্ট আদালতে ফিরিয়া দিবেন ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

Of the Execution of Decrees for Immovable Property.

স্থাবর সম্পত্তি বিষয়ক ডিক্রী সাধন করিবার বিধি।

[Delivery of immovable property when in occupancy of the defendant or of some person under him.]

[স্থাবর সম্পত্তি প্রতিবাদির কি তাঁহার অধীন ব্যক্তির অধিকারে থাকিলে তাহা সমর্পণ করাইবার কথা।]

CCCLXV. If the decree be for any immovable property in the occupancy of the defendant or some person on his behalf, or of some person claiming under a title created by the defendant subsequently, to the institution of the suit in which the decree was passed, the Court shall order delivery to be made by putting the party to whom the property shall have been adjudged, or any person whom he may appoint to receive delivery on his behalf, in possession of the property, and, if need be, by removing any person who may refuse to vacate the same.

৩৬৫ ধারা। স্থাবর সম্পত্তির ডিক্রী হইলে যদি সেই স্থাবর সম্পত্তি প্রতিবাদির কি তাঁহার পক্ষ কোন ব্যক্তির অধিকারে থাকে, কিম্বা যে মোকদ্দমাক্রমে ঐ ডিক্রী হইল সেই মোকদ্দমা উপস্থিত হওনের পরে প্রতিবাদিকর্ত্তৃক উদ্ভাবিত স্বত্বের বলে দাওয়াকারি কোন ব্যক্তির অধিকারে থাকে, তবে মোকদ্দমার নিস্পত্তিক্রমে সেই সম্পত্তিতে যে ব্যক্তির অধিকার স্থির হইল, আদালত তাঁহাকে কিম্বা তিনি তাহা গ্রহণার্থে যাঁহাকে নিযুক্ত করেন সেই ব্যক্তিকে ঐ সম্পত্তির অধিকার দেওনদ্বারা, এবং আবশ্যক হইলে তাহা ত্যাগ করিতে অসম্মত কোন ব্যক্তিকে উঠাইয়া দেওনদ্বারা ঐ সম্পত্তি সমর্পণ করিবার আজ্ঞা করিবেন ইতি।

[Delivery of immovable property when in occupancy of tenant.]

[সম্পত্তি রাইয়তের অধিকারে থাকিলে যে প্রকারে তাহা সমর্পণ করাইতে হয় তাহার কথা।]

CCCLXVI. If the decree be for any immovable property in the occupancy of a tenant or other person entitled to occupy the same, the Court shall order delivery to be made by affixing a copy of the warrant in some conspicuous place on the property, and proclaiming to the occupant by beat of drum, or in such other mode as may be customary, at some convenient place, the substance of the decree in regard to the property.

৩৬৬ ধারা। স্থাবর সম্পত্তির ডিক্রী হইলে যদি তাহা কোন রাইয়তের কিম্বা অধিকার করিবার স্বত্ববিশিষ্ট অন্য কোন ব্যক্তির অধিকারে থাকে, তবে আদালত সেই সম্পত্তির কোন প্রকাশ্য স্থানে ওয়ারন্টের এক খান প্রতিলিপি লটকাইয়া দেওনদ্বারা, এবং উপযুক্ত কোন এক কি অধিক স্থানে ঢেঁড়রা দিয়া কি তথাকার প্রচলিত অন্য কোন রীতিমতে ঐ সম্পত্তিবিষয়ক ডিক্রীর মর্ম্ম ঐ সম্পত্তির অধিকারি ব্যক্তির নিকটে ঘোষণা করণদ্বারা তাহা সমর্পণ করিবার আজ্ঞা করিবেন ইতি।

[Partition of estate or separation of share.]

CCCLXVII. If the decree be for the partition of an estate, for the separate possession of a share of an undivided estate paying revenue to Government, the partition of the estate or the separation of the share shall be made according to the rules (if any) in force in the District for the partition of an estate paying revenue to Government.

[Procedure in case of obstruction to execution of decree for immovable property.]

CCCLXVIII. If in the execution of a decree for any immovable property, the Officer entrusted with the execution of the warrant shall be resisted or obstructed by any person, the person in whose favour the decree was made may complain to the Court at any time within one month from the time of such resistance or obstruction. The Court shall fix a day for investigating the complaint, and shall summon the party against whom the complaint is made to answer the same.

[Procedure in case of obstruction by defendant or at his instigation.]

CCCLXIX. If it shall appear to the satisfaction of the Court that the obstruction or resistance was occasioned by the defendant or by some person at his instigation, on the ground that the property is not included in the decree or on any other ground, the Court shall enquire into the matter of the complaint and pass such orders as may be proper.

[Procedure when obstruction continues.]

CCCLXX. If the Court shall be satisfied that the resistance or obstruction complained of was without any just cause, and that the complainant is still resisted or obstructed in obtaining effectual possession of the property adjudged to him by the decree, by the defendant or some person at his instigation, the Court may, at the instance of the decree-holder, and without prejudice to any proceedings to which such defendant or other person may be liable under the Indian Penal Code or any other law for the punishment of such resistance or obstruction, commit the defendant or such other person to jail for any period not exceeding thirty days which may be necessary to prevent the continuance of such obstruction or resistance.

[Procedure in case of obstruction by *bonâ fide* claimant, other than defendant.]

CCCLXXI. If the resistance or obstruction to the execution of the decree has been occasioned by any person other than the defendant, claiming *bonâ fide* to be in possession of the property on his own account or on account of some person other than the defendant, the claim shall be

[সম্পত্তি বিভাগ করিবার কি অংশ পৃথক করিয়া দিবার কথা।]

৩৬৭ ধারা। যদি গবর্ণমেন্টের রাজস্ব দায়ি ভূমি বিভাগ করিবার কিম্বা তদ্রূপ অবিভক্ত ভূমির কোন অংশের স্বতন্ত্র ভোগের নিমিত্তে ডিক্রী হয়, তবে ভূমি যে জিলার অন্তর্গত থাকে তাহাতে গবর্ণমেন্টের রাজস্ব দায়ি ভূমি বিভাগ করণের কোন বিধি প্রবল হইলে সেই বিধি অনুসারে ভূমির বণ্টন কি অংশের পার্থক্য হইবে ইতি।

[স্থাবর সম্পত্তির ডিক্রী সাধনে বাধা হইলে ইতি-কর্ত্তব্যতার কথা।]

৩৬৮ ধারা। যে কার্য্যকারকের প্রতি ওয়ারেন্ট সাধন করণের ভার অর্পিত হয়, স্থাবর সম্পত্তির ডিক্রী সাধন কালে যদি কেহ তাঁহার প্রতিরোধ করেন কি বাধা জন্মান, তবে ডিক্রী যে ব্যক্তির পক্ষে হইল তিনি সেই প্রতিরোধ কি বাধা হওনাবধি এক মাসের মধ্যে কোন সময়ে আদালতের নিকটে অভিযোগ করিতে পারিবেন। তাহা করিলে আদালত সেই অভিযোগের অনুসন্ধানার্থে দিন নিরূপণ করিয়া যে ব্যক্তির নামে অভিযোগ হইয়াছে তাঁহাকে তাহার উত্তর দিবার জন্যে আহ্বান করাইবেন ইতি।

[প্রতিবাদিকর্ত্তৃক কি তাঁহার প্রবর্ত্তনাক্রমে বাধা হইলে আদালতের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩৬৯ ধারা। সেই স্থাবর সম্পত্তি ডিক্রীতে পরিগৃহীত নহে এই হেতু কিম্বা অন্য কোন হেতু উত্থাপনপূর্ব্বক প্রতিবাদিকর্ত্তৃক কি তাঁহার প্রবর্ত্তনাক্রমে অন্য কোন ব্যক্তিকর্ত্তৃক প্রতিরোধ কি বাধা হইয়াছে ইহা যদি আদালত হৃদ্বোধমতে জানিতে পান, তবে আদালত সেই অভিযোগের বিষয়ের অনুসন্ধান করিয়া উপযুক্ত আজ্ঞা করিবেন ইতি।

[প্রতিবাদী বাধা করিতে ক্ষান্ত না হইলে তাঁহার যাহা করিতে হয় তাহার কথা।]

৩৭০ ধারা। যে প্রতিরোধের কি বাধার বিষয়ে অভিযোগ হইয়াছিল তাহা করিবার কোন ন্যায্য কারণ ছিল না, এবং ডিক্রী অনুসারে ঐ অভিযোক্তা যে সম্পত্তির অধিকারী হন, তাহা সফলরূপে অধিকার করণে প্রতিবাদিকর্ত্তৃক কি তাঁহার প্রবর্ত্তনাপ্রযুক্ত অন্য কোন ব্যক্তিকর্ত্তৃক তাঁহার এখনও প্রতিরোধ কি বাধা হইতেছে, ইহা যদি আদালত হৃদ্বোধমতে জানিতে পান, তবে ডিক্রীদারের যত্নক্রমে সেই প্রতিরোধের কি বাধার স্থায়িত্ব নিবারণার্থে ত্রিশ দিনের অনধিক যত কাল আবশ্যক বোধ হয় তত কাল ঐ প্রতিবাদিকে কি অন্য ব্যক্তিকে কারাবদ্ধ করিতে পারিবেন। তাহা করিলেও ঐ প্রতিরোধের কি বাধার দণ্ডবিধারক ভারতবর্ষীয় দণ্ডবিধির আইন কিম্বা অন্য কোন আইন অনুসারে সেই প্রতিবাদির কি অন্য ব্যক্তির বিপক্ষে যে অভিযোগপ্রভৃতি হইতে পারে, তাহার কোন ব্যাঘাত হইবে না ইতি।

[প্রতিবাদী ভিন্ন অন্য কোন ব্যক্তি সরলভাবে দাওয়া করিয়া বাধা জন্মাইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩৭১ ধারা। যদি প্রতিবাদী ভিন্ন অন্য কোন ব্যক্তি আপনার নিমিত্তে কিম্বা প্রতিবাদি ভিন্ন অন্য কোন ব্যক্তির নিমিত্তে সরলভাবে সেই সম্পত্তির অধিকারী বলিয়া দাওয়া করত ডিক্রী সফল হওনের প্রতিরোধ করেন কি বাধা জন্মান, তবে ডিক্রীদারকে বাদী ও দাওয়াদারকে প্রতিবাদী করিয়া সেই দাওয়া মোকদ্দমার

numbered and registered as a suit between the decree-holder as plaintiff and the claimant as defendant, and the Court shall, without prejudice to any proceedings to which the claimant may be liable under the Indian Penal Code or any other law for the punishment of such resistance or obstruction, proceed to investigate the claim in the same manner and with the like power as if a suit for the property had been instituted by the decree-holder against the claimant under the provisions of Chapter IV. and shall pass such order for staying execution of the decree or executing the same, as it may deem proper.

[Procedure in case of person dispossessed of property disputing right of decree-holder to be put into possession.]

CCCLXXII. If any person other than the defendant shall be dispossessed of any property in execution of a decree and such person shall dispute the right of the holder of the decree to dispossess him of such property under the decree, on the ground that the property was *bonâ fide* in his possession on his own account or on account of some person, other than the defendant, and that it was not included in the decree, or that, if it was included in the decree, he was not a party to the suit in which the decree was passed, he may apply to the Court within one month from the date of such dispossession; and if, after examining the applicant, it shall appear to the Court that there is probable cause for making the application, the application shall be numbered and registered as a suit between the applicant as plaintiff and the holder of the decree as defendant, and the Court shall proceed to investigate the matter in dispute in the same manner and with the like power as if a suit for the property had been instituted by the applicant against the holder of the decree under the provisions of Chapter IV.

[Orders passed under Sections 371 and 372 to have the force of a decree, and to be subject to regular appeal.]

CCCLXXIII. The order passed under either of Sections 371 and 372 shall be in the nature of, and shall have the same force as, a decree in a suit, and shall be subject to the same conditions as to appeal or otherwise. No fresh suit shall be entertained in any Court between the same parties or persons claiming under them, in respect of the same cause of action: Provided that nothing in the last preceding Section shall prevent any person, instead of applying to the Court as provided therein, from instituting a suit to establish his right to the property of which he may consider himself to have been wrongfully dispossessed.

ন্যায় নম্বর ভুক্ত করিয়া রেজিষ্টর করিতে হইবে। পরে এই আইনের চতুর্থ অধ্যায়ের বিধানানুসারে ডিক্রীদার বাদী হইয়া দাওয়াদারকে প্রতিবাদী আনিয়া তাঁহার বিপক্ষে সেই সম্পত্তি বিষয়ক মোকদ্দমা উপস্থিত করিলে যেমন করিতে হইত, আদালত সেই প্রকারে ও সেই ক্ষমতাতে ঐ দাওয়ার অনুসন্ধান করিবেন, এবং তদনুসারে ঐ ডিক্রী সাধন কার্য্য স্থগিত রাখিবার কি সাধন করিবার আজ্ঞা করিবেন। কিন্তু তাহা করিলেও ঐ প্রতিরোধের কি বাধার দণ্ডবিধায়ক ভারতবর্ষীয় দণ্ডবিধির আইন কি অন্য কোন আইন অনুসারে সেই দাওয়াদারের বিপক্ষে ব্যবহারঘটিত যে কার্য্য হইতে পারে, তাহার কোন ব্যাঘাত হইবে না ইতি।

[যে ব্যক্তিকে বহিষ্কৃত করা গেল তিনি অধিকার প্রাপণ বিষয়ে ডিক্রীদারের স্বত্বের বিবাদ করিলে ইতি-কর্ত্তব্যতার কথা।]

৩৭২ ধারা। ডিক্রী সাধনক্রমে যদি প্রতিবাদি ভিন্ন অন্য কোন ব্যক্তিকে কোন সম্পত্তিহইতে অনধিকার করা যায়, এবং সেই সম্পত্তি প্রকৃতরূপে আপনার নিমিত্তে, কি প্রতিবাদি ভিন্ন অন্য কোন ব্যক্তির নিমিত্তে তাঁহার অধিকারে ছিল, এবং তাহা ঐ ডিক্রীতে পরিগৃহীত হয় নাই, কিম্বা পরিগৃহীত হইলেও যে মোকদ্দমাক্রমে ডিক্রী হইয়াছিল তিনি তাহার কোন পক্ষ ছিলেন না, এমত কথা কহিয়া যদি সেই ব্যক্তি বলেন যে ডিক্রীর বলে সেই সম্পত্তিহইতে আমাকে অনধিকার করিতে ডিক্রীদার যে স্বত্ববান আছেন তাহা আমি স্বীকার করি না, তাহা হইলে তিনি সেইরূপে অনধিকৃত হওনের পরে এক মাসের মধ্যে আদালতের নিকটে তদ্বিষয়ক প্রার্থনা করিতে পারিবেন। পরে আদালত সেই প্রার্থককে জিজ্ঞাসাবাদ করণানন্তর যদি দেখিতে পান যে তাঁহার প্রার্থনা করিবার যোগ্য কারণ আছে, তবে সেই প্রার্থককে বাদী ও ডিক্রীদারকে প্রতিবাদী করিয়া সেই প্রার্থনা মোকদ্দমাস্বরূপ নম্বরভুক্ত করিয়া রেজিষ্টর করাইবেন। পরে এই আইনের চতুর্থ অধ্যায়ের বিধানানুসারে ঐ প্রার্থক ডিক্রীদারের বিপক্ষে সেই সম্পত্তি বিষয়ক মোকর্দ্দমা উপস্থিত করিলে যেমন করিতে হইত, আদালত সেই প্রকারে ও সেই ক্ষমতাতে সেই বিবাদীয় বিষয়ের অনুসন্ধান করিবেন ইতি।

[৩৭১ ও ৩৭২ ধারামতে যে আজ্ঞা হয় তাহা ডিক্রীর তুল্য বলবৎ হইবার ও তাহার উপর নিয়মমত আপীল হইবার কথা।]

৩৭৩ ধারা। ৩৭১ ও ৩৭২ ধারামতে যে আজ্ঞা প্রচার হয় তাহা মোকদ্দমার ডিক্রীর ভাবাপন্ন ও তত্তুল্য বলবৎ হইবে, এবং আপীলপ্রভৃতি বিষয়ে তত্তুল্য বিধির অধীন হইবে। সেই পক্ষদ্বয়ের মধ্যে কি তাঁহাদের অধীনে দাওয়াকারি অন্যান্য পক্ষদ্বয়ের মধ্যে সেই বিবাদের হেতুবিষয়ক নূতন মোকদ্দমা কোন আদালতে গ্রাহ্য হইবে না। কিন্তু কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারার বিধানমতে আদালতে প্রার্থনা না করিয়া যে সম্পত্তিহইতে অন্যায়মতে অনধিকার করা গিয়াছে জ্ঞান করেন, সেই সম্পত্তিতে আপনার স্বত্ব স্থাপনার্থে মোকদ্দমা করিতে না পারেন, ঐ ধারার কোন কথাতে তাঁহার প্রতি এমত নিষেধ নাই ইতি।

Of the Execution of Decrees for Money by Attachment of Property.

[Attachment of property in execution of decree for money.]

CCCLXXIV. If the decree be for money, and the amount of the decree is to be levied from the property of the person against whom the decree shall have been passed, the Court shall cause the property to be attached in the manner hereinafter provided. (S. C. C. & R. C.)

XLVI. *Clause* 1.—Every person who shall convey otherwise than by the post, a letter not excepted from the said exclusive privilege conferred on the Government of India by Section 5 of this Act, shall, for every letter so conveyed, forfeit a sum not exceeding fifty rupees.

Clause 2.—Every person who shall perform, otherwise than by the post, any services incidental to conveying letters from place to place, whether by receiving, taking up, ordering, collecting, carrying, tendering or delivering a letter or letters not excepted from the said exclusive privilege, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees.

Clause 3.—Every person who shall make a collection of letters for the purpose of transmitting them through the post in a clubbed packet, and every person who shall knowingly tender or deliver a letter to be sent in a clubbed packet, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees.

Clause 4.—Every person who shall send a letter not excepted from the said exclusive privilege, otherwise than by the post or shall either tender or deliver a letter not so excepted, in order to be sent otherwise than by the post, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees.

Clause 5.—Every person who shall make a collection of excepted letters for the purpose of sending them otherwise than by the post, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees.

Clause 6.—Every person who shall carry, receive, tender or deliver a letter, or collect letters contrary to the provisions of Sections 6 of this Act, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees.

Clause 7.—Every person who shall be in the practice of committing any of the acts mentioned in this Section, shall, for every week during which the practice shall be continued, forfeit a further sum not exceeding five hundred rupees.

কেহ ঐ পত্রাদি, কিম্বা ডাকের পত্রের যে থলিতে কি বাক্সে কি পুলিন্দার মধ্যে ডাকের দ্বারা চালান পত্র কি অন্য দ্রব্য থাকে তাহা, চাতুরীক্রমে আপনার নিকটে রাখে কি জানিয়া শুনিয়া লুকায় কি হরণ করে কি কাছে রাখে কি আটক করে, কিম্বা ডাকঘরের কোন কার্য্যকারক তাহা দিতে আজ্ঞা করিলে দিতে ক্রটি কি অস্বীকার করে, তবে সেই ব্যক্তির দোষ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে তাহার দুই বৎসরের অনধিক কাল ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে কারাদণ্ড হইবে তাহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

[৫ ধারার দত্ত অনুগ্রহ অমান্য করিবার দণ্ডের কথা।]

৪৬ ধারা। ১ প্রকরণ। এই আইনের ৫ ধারাক্রমে ভারতবর্ষের গবর্ণমেন্টের প্রতি যে বিশেষ ক্ষমতা প্রদত্ত হইয়াছে তাহাতে যে পত্র বর্জ্জিত নয়, এমত কোন পত্র যদি কেহ ডাকযোগে না পাঠাইয়া অন্য কোন উপায়ে পাঠায়, তবে তাহার সেই প্রকারে প্রেরিত প্রত্যেক পত্রের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

২ প্রকরণ। যদি কোন ব্যক্তি ডাক ভিন্ন অন্য কোন্ উপায়ে এক স্থান হইতে অন্য স্থানে পত্র চালাইবার সম্পর্কীয় কোন কার্য্য করে, অর্থাৎ কেবল ডাকদ্বারা পত্র প্রেরণের পূর্ব্বোক্ত বিধানে যেং পত্র বর্জ্জিত নহে এমত এক কি অনেক পত্র গ্রহণ করে কি লয় কি সাজাইয়া রাখে কি সংগ্রহ করে কি বহে কি দিবার আশয়ে দেখায় কি বিলি করে, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের জন্যে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৩ প্রকরণ। যদি কোন ব্যক্তি ডাকযোগে পাঠাইবার নিমিত্তে "ক্লবেড পাকেট" করণার্থে পত্র সংগ্রহ করে কিম্বা ইচ্ছাপূর্ব্বক সেই পুলিন্দাতে পাঠাইবার জন্যে পত্র দিতে উদ্যত হয় কি দেয়, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের নিমিত্তে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৪ প্রকরণ। কেবল ডাকদ্বারা পত্র প্রেরণের পূর্ব্বোক্ত বিধানে যেং পত্র বর্জ্জিত নয়, যদি কেহ তদ্রূপ কোন পত্র ডাকের দ্বারা না পাঠাইয়া অন্য উপায়ে পাঠায় এবং ঐ প্রকারে বর্জ্জিত না হওয়া পত্র যদি কেহ ডাক ভিন্ন অন্য উপায়ে প্রেরিত হইবার নিমিত্তে দেয় কি দিতে উদ্যত হয়, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের নিমিত্তে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৫ প্রকরণ। যদি কোন ব্যক্তি বর্জ্জিত পত্র ডাকভিন্ন অন্য কোন উপায়ে পাঠাইবার জন্যে সংগ্রহ করে, তবে সেই ব্যক্তির ঐ প্রকার প্রত্যেক পত্রের জন্যে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৬ প্রকরণ। যদি কোন ব্যক্তি এই আইনের ৬ ধারার বিধানের বিরুদ্ধে কোন পত্র বহে কি গ্রহণ করে কি দিতে উদ্যত হয় কি পঁহুছাইয়া দেয় কিম্বা সংগ্রহ করে, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের নিমিত্তে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৭ প্রকরণ। যদি কোন ব্যক্তি এই ধারার লিখিত কোন ক্রিয়া নিত্য করিয়া থাকে, তবে তাহার ঐ ব্যবহার যত কাল চলে তত কালের প্রতি সপ্তাহ তাহার ঐ অর্থদণ্ডের অতিরিক্ত পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৬ । ১৭ আপ্রিল ।]

[Penalty for neglect on the part of persons employed to carry Mails.]

XLVII. Every person employed to convey or deliver any mail bag or box, or any letter or other article sent by post, who shall be guilty, while so employed, of drunkenness, carelessness or other misconduct, whereby the safety of any of such bag, box, or letter or other article shall be endangered; or who shall loiter or make delay in the conveyance or delivery of any such bag, box, letter or other article; or who shall not use proper care and diligence safely to convey or deliver any such bag, letter or other article, shall be liable to a fine not exceeding fifty rupees; and any person employed to deliver a letter or other article sent by the post, who shall not duly deliver the same, shall within a reasonable time not exceeding twenty-four hours, report the fact at the Post Office where he received such letter or other article and return the same; and if any such person shall wilfully make a false report, he shall be liable to a fine not exceeding fifty rupees.

[Penalty for stealing, &c., or opening letters, &c., by persons employed in the Post Office.]

XLVIII. Whoever being in the employ of the Government in the Post Office Department, shall steal, fraudulently appropriate, or wilfully secrete, destroy or throw away any letter or other article sent by post, or anything contained in any such letter or other article, or shall mutilate or break open any such letter or other article, or any mail bag or box, with the intention of fraudulenty appropriating anything therein contained, shall be punished, on conviction before a Criminal Court, with imprisonment of either description as defined in the Indian Penal Code, for a term not exceeding seven years, and shall also be liable to fine.

[Penalty for fraudulently altering marks on letters, &c., by persons employed in the Post Office.]

XLIX. Whoever being in such employ as last aforesaid, shall fraudulently put any wrong mark on any letter or other article, or shall fraudulently alter, remove or cause to disappear any mark or stamp which is on any letter or other article; or shall fraudulently use or place with or upon any letter or other article, any stamp which shall have been removed from any other letter or other article; or, being entrusted with the delivery of any letter or other article, shall knowingly demand or receive any sum of money for the postage, thereof other than the sum duly chargeable for such postage, shall be punished, on conviction before a Criminal

[যাহারা মেইল বহন কার্য্যে নিযুক্ত হয় তাহাদের শৈথিল্য হইলে দণ্ডের কথা।]

৪৭ ধারা। ডাকযোগে প্রেরিত কোন ডাকের থলি কি বাক্স কি কোন পত্র কি অন্য দ্রব্য লইয়া যাইতে কি পঁহুছাইয়া দিতে নিযুক্ত কোন ব্যক্তি যদি সেই কর্ম্ম করণ সময়ে মাতলামীর কি অসাবধানতার কিম্বা অন্য যে অসদাচরণ দ্বারা তদ্রূপ কোন থলির কি বাক্সের কি পত্রের কি অন্য দ্রব্যের আপদের আশঙ্কা জন্মে এমত কোন কর্ম্মের দোষী হয়, কিম্বা তদ্রূপ কোন থলি কি বাক্স কি পত্র কি অন্য দ্রব্য লইয়া যাইতে কি পঁহুছাইয়া দিতে শৈথিল্য কি বিলম্ব করে, অথবা তদ্রূপ কোন থলি কি পত্র কি অন্য দ্রব্য নির্ব্বিঘ্নে লইয়া যাইতে কি পঁহুছাইয়া দিতে উপযুক্ত সতর্কতা ও যত্ন না করে, তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে। এবং যদি কোন ব্যক্তি ডাকের দ্বারা প্রেরিত পত্র কি অন্য দ্রব্য পঁহুছাইয়া দিতে নিযুক্ত হইয়া উচিত মতে তাহা পঁহুছাইয়া না দেয়, তবে সেই ব্যক্তি ঐ পত্র কি অন্য দ্রব্য যে ডাকঘর হইতে পাইয়াছিল তথায় চব্বিশ ঘণ্টার অনধিক উপযুক্ত সময়ের মধ্যে সেই কথার রিপোর্ট করিয়া ঐ পত্রাদি ফিরিয়া দিবে, যদি ইচ্ছাপূর্ব্বক অসত্য রিপোর্ট করে, তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[ডাকঘরের কর্ম্মচারিরা চুরিপ্রভৃতি করিলে কি পত্র প্রভৃতি খুলিলে তাহাদের দণ্ডের কথা।]

৪৮ ধারা। যদি কোন ব্যক্তি ডাকঘর সম্পর্কীয় কর্ম্মবিভাগে গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত হইয়া ডাকের দ্বারা প্রেরিত কোন পত্র কি অন্য দ্রব্য, কি ঐ পত্রের কি দ্রব্যের মধ্যস্থিত কোন বস্তু চুরী করে, কিম্বা প্রতারণা করিয়া আপনার নিমিত্তে লয় কি ইচ্ছাপূর্ব্বক গোপন কি নষ্ট করে, কি ফেলিয়া দেয়, কিম্বা পত্রাদির মধ্যস্থিত বস্তু প্রতারণাপূর্ব্বক আপনার ব্যবহারার্থে লইবার নিমিত্তে তদ্রূপ কোন পত্র কি অন্য দ্রব্য কি ডাক থলি কি বাক্স বিকৃত করে কি ভাঙ্গিয়া খোলে, তবে সেই ব্যক্তির সেই অপরাধ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে সাত বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে তাহার কারাদণ্ড হইবে এবং অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

[ডাকঘরের কর্ম্মচারিরা প্রতারণাক্রমে পত্র প্রভৃতির উপরিস্থ চিহ্ন পরিবর্ত্তন করিলে তাহাদের দণ্ডের কথা।]

৪৯ ধারা। ইহার পূর্ব্বে লিখিত কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি যদি প্রতারণাক্রমে কোন পত্রের কি অন্য দ্রব্যের উপর কোন অপ্রকৃত চিহ্ন দেয়, কিম্বা যে কোন চিহ্ন কি ইষ্টাম্প কোন পত্রের কি অন্য দ্রব্যের উপর থাকে, তাহা প্রতারণাক্রমে পরিবর্ত্তন করে কি তোলে কি অদৃশ্য করায়, কিম্বা কোন পত্র কি দ্রব্য হইতে যে কোন ইষ্টাম্প উঠান গিয়াছে তাহা যদি প্রতারণাক্রমে ব্যবহার করে কি অন্য পত্রের কি দ্রব্যের সঙ্গে রাখে কি তাহার উপর বসায়, কিম্বা কোন পত্র কি অন্য দ্রব্য পঁহুছাইয়া দিবার নিমিত্তে প্রাপ্ত হইলে তাহার উপর ন্যায্য মত ডাক মাস্থল লওয়া যাইতে পারে যদি জ্ঞানপূর্ব্বক তাহার অধিক দাওয়া কি গ্রহণ করে, তবে সেই ব্যক্তির দোষ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে দুই বৎসরের অনধিক কাল পর্য্যন্ত ভারতবর্ষের দণ্ড-

Court, with imprisonment or either description as defined in the Indian Penal Code for a term not exceeding two years, and shall also be liable to fine.

[Penalty for preparing incorrectly or altering or secreting documents by persons employed in the Post Office.]

L. Whoever being in such employ as last aforesaid, and being entrusted with the preparing or keeping of any document, shall, with a fraudulent intention, prepare the document incorrectly, or alter that document, or secrete or destroy that document, shall be punished, on conviction before a Criminal Court, with imprisonment of either description as defined in the Indian Penal Code for a term not exceeding two years, and shall also be liable to fine.

[Penal for sending letters on which postage has not been paid or charged by persons employed in the Post Office.]

LI. Whoever being in such employ as last aforesaid, shall send by the post, or put into any mail bag or box, any unstamped letter or other article upon which postage has not been paid or charged in the manner prescribed in this Act, intending thereby to defraud the Government of the postage on such letter or other article, shall be punished, on conviction before a Criminal Court, with imprisonment of either description as defined in the Indian Penal Code for a term not exceeding two years, and shall also be liable to fine.

[Penalty for abetting or concealing offences under this Act.]

LII. Whoever abets, within the meaning of the Indian Penal Code or conceals any offence made punishable by this Act, shall be punished with the punishment provided for such offence.

[Any person charged with offence punishable with fine only may be summarily convicted.]

LIII. Any person, whether a European British subject or not, who shall be guilty of any offence for which according to the provisions of this Act he shall be liable to a fine only, shall be punishable for such offence by any Criminal Court upon summary conviction.

[Conviction to be quashed on merits only. Form of conviction.]

LIV. No conviction, order or judgment of any Criminal Court, shall be quashed for error of form or procedure, but only on the merits; and it shall not be necessary to state on the face of the conviction, order or judgment, the evidence

বিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে তাহার কারাদণ্ড হইবে এবং অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

[ডাকঘরের কর্ম্মচারিরা লেখ্য অশুদ্ধরূপে প্রস্তুত কি পরিবর্ত্তন কি গোপন করিলে দণ্ডের কথা।]

৫০ ধারা। ইহার পূর্ব্বে লিখিত কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি যদি কোন লেখ্য প্রস্তুত করিবার কি রাখিবার ভার প্রাপ্ত হইয়া প্রতারণাত্মক অভিপ্রায়ে ঐ লেখ্য অশুদ্ধরূপে প্রস্তুত করে কি ঐ লেখ্য পরিবর্ত্তন করে, কিম্বা ঐ লেখ্য লুকায় কি নষ্ট করে, তবে সেই ব্যক্তির দোষ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে দুই বৎসরের অনধিক কাল ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে তাহার কারাদণ্ড হইবে এবং অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

[যে পত্রের মাসুল দেওয়া যায় নাই কি লওয়া যায় নাই তাহা ডাকঘরের কর্ম্ম চারিরা চালান করিলে তাহাদের দণ্ডের কথা।]

৫১ ধারা। যে পত্রের কি অন্য দ্রব্যের উপর এই আইনের নির্দ্দিষ্ট মাসুল দেওয়া কি লওয়া যায় নাই যদি পূর্ব্ব লিখিত কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি তদ্রূপ পত্রের কি অন্য দ্রব্যের ডাকমাসুল গবর্ণমেণ্টহইতে প্রতারণাপূর্ব্বক হরণ করিবার অভিপ্রায়ে তাহা বিনা ইষ্টাম্পে ডাকযোগে পাঠায়, কিম্বা ডাকের থলিতে কি বাকুসে দেয়, তবে সেই ব্যক্তির দোষ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে দুই বৎসরের অনধিক কাল ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে তাহার কারাদণ্ড হইবে এবং অর্থ দণ্ডও হইতে পারিবে ইতি।

[এই আইনের উল্লিখিত অপরাধের সহায়তা কি তাহা গোপন করিবার দণ্ডের কথা।]

৫২ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনেতে অপরাধের সহায়তার যে অর্থ হইয়াছে তদনুসারে যদি কোন ব্যক্তি এই আইনমতে দণ্ডনীয় কোন অপরাধের সহায়তা করে কিম্বা কোন অপরাধ গোপনে রাখে, তবে সে ঐ অপরাধের নির্দ্ধারিত দণ্ডে দণ্ডিত হইবে ইতি।

[যে অপরাধ হেতুক কোন ব্যক্তির কেবল অর্থ দণ্ড হইতে পারে তাহার দোষ সরাসরীমতে প্রমাণ হইবার কথা।]

৫৩ ধারা। যে অপরাধ হইলে এই আইনের বিধানুসারে কেবল অর্থদণ্ডহইতে পারে, এমত অপরাধে যে কোন ব্যক্তি অপরাধী হয়, সে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউক কি না হউক সরাসরীমতে তদ্রূপ অপরাধের প্রমাণ হইলে ফৌজদারী কোন আদালতের দ্বারা তাহার দণ্ড হইতে পারিবে ইতি।

[প্রমাণীকৃত দোষ কেবল মোকদ্দমার দোষগুণক্রমে ব্যর্থ হইতে পারিবার ও দোষ প্রমাণ সিদ্ধ করণাদির নিয়মের কথা।]

৫৪ ধারা। কোন ফৌজদারী আদালতকর্ত্তৃক যে কোন দোষ প্রমাণীকৃত হয় কি যে আজ্ঞা কি নিষ্পত্তি হয় তাহা দাঁড়া কি কার্য্যবিধানঘটিত কোন ভ্রমপ্রযুক্ত ব্যর্থ হইবে না, কেবল দোষগুণক্রমে ব্যর্থ হইতে পারিবে। এবং দোষ সব্যবস্থীকরণ কি আজ্ঞা কি নিষ্পত্তি যে প্রমাণ-

on which it proceeds, but the depositions taken or a copy of them shall be returned with the conviction, order or judgment, and if no jurisdiction appears on the face of the conviction, order or judgment, but the depositions taken supply that defect, the conviction, order or judgment shall be aided by what so appeared in such depositions.

ক্রমে হয় তাহা ঐ আজ্ঞাপ্রভৃতিতে ব্যক্ত করা আবশ্যক হইবে না। কিন্তু যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহা কি তাহার প্রতিলিপি দোষ সব্যবস্থীকরণ পত্রের কি আজ্ঞার কি নিষ্পত্তির সঙ্গে পাঠান যাইবে, এবং যদি দোষ সব্যবস্থীকরণপত্র কি আজ্ঞা কি নিষ্পত্তি দর্শনে আপাততঃ বিচারাধিপত্য দৃষ্ট না হয়, কিন্তু যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহাতে ঐ ত্রুটির প্রতিকার হয়, তবে ঐ সাক্ষ্যেতে ঐরূপে যাহা দৃষ্ট হয় তদ্দ্বারা ঐ দোষ সব্যবস্থীকরণ কি ঐ আজ্ঞা কি নিষ্পত্তি প্রবলতর হইবে ইতি।

[Magistrate may refer charge to this Assistant.]

LV. A Magistrate may refer for trial and decision any charge of an offence hereby made punishable by fine only, to any of his Assistants or to any Deputy Magistrate lawfully appointed to exercise the powers of a Covenanted Assistant and in such case every such Assistant or Deputy Magistrate may exercise all the powers vested in a Magistrate, subject to all the rules applicable to criminal cases deputed to such Assistants or Magistrates acting judicially.

[আসিষ্টাণ্টের বিচারার্থে অভিযোগ অর্পণ করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৫৫ ধারা। এই আইনের দ্বারা যে অপরাধের কেবল অর্থদণ্ড হইতে পারে তৎসম্পর্কীয় কোন অভিযোগ মাজিষ্ট্রেট সাহেব বিচার ও নিষ্পত্তি করিবার নিমিত্তে আপনার কোন আসিষ্টাণ্ট সাহেবের, কিম্বা চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাক্রমে কার্য্য করিতে আইনমতে নিযুক্ত কোন ডেপুটী মাজিষ্ট্রেটের নিকটে অর্পণ করিতে পারিবেন। এবং বিচারকার্য্যকারি তদ্রূপ আসিষ্টাণ্ট সাহেবদের কি ডেপুটী মাজিষ্ট্রেটদের প্রতি অর্পিত ফৌজদারী মোকদ্দমার বিষয়ে যে সকল বিধি খাটে, সেই বিধিঅনুসারে উক্ত প্রকার প্রত্যেক সেই প্রত্যেক আসিষ্টাণ্ট কি ডেপুটী মাজিষ্ট্রেট মাজিষ্ট্রেটের প্রতি অর্পিত সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

[Fines—how levied. Imprisonment if no sufficient distress, &c.]

LVI. All fines imposed under the authority of this Act, for offences punishable by fine only, by any Criminal Court or by any Assistant to a Magistrate or Deputy Magistrate, may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods and chattels of the offender, by warrant under the hand of any of the above-named Officers. In case any such fine shall not be forthwith paid, any such Officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless the offender shall give security to the satisfaction of such Officer for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress, and such Officer may take security by way of recognizance or otherwise. If upon the return of such warrant, it shall appear that no sufficient distress can be had whereon to levy such fine, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Officer, by the confession of the party or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such fine or sum of money could be levied if a warrant of distress were issued, any such Officer, by warrant under his hand, may commit the offender to prison, there to be imprisoned only, or to be imprisoned and kept to hard labour, accord-

[অর্থদণ্ড যে প্রকারে আদায় করিতে হইবে তাহার কথা। ক্রোক করিবার প্রচুর দ্রব্যাদি না থাকিলে কারাদণ্ডের কথা।]

৫৬ ধারা। যে অপরাধে কেবল অর্থদণ্ড হইতে পারে তাহার নিমিত্তে ফৌজদারী কোন আদালতের দ্বারা কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের কোন আসিষ্টাণ্টের কি ডেপুটী মাজিষ্ট্রেটের দ্বারা এই আইনের শক্তিক্রমে যে সকল অর্থদণ্ডের আজ্ঞা হয় তাহা না দেওয়া গেলে পূর্ব্বোক্ত কোন কার্য্যকারকের স্বাক্ষরিত পরওয়ানাক্রমে অপরাধির কোন মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবে। যদি তদ্রূপ কোন অর্থদণ্ড তৎক্ষণাৎ না দেওয়া যায়, তবে পূর্ব্বোক্ত কোন কার্য্যকারক আজ্ঞা করিতে পারিবেন যে অপরাধিকে ধৃত করা যায়, এবং যত কাল ঐ ক্রোকী পরওয়ানা সুবিধামতে প্রত্যানীত হইতে না পারে ততকাল পর্য্যন্ত তাহাকে নির্ব্বিঘ্নে আসেধ করিয়া রাখা যায়। কিন্তু যদি সেই অপরাধী ঐ ক্রোকের পরওয়ানা প্রত্যানীত হইবার অবধারিত স্থানে ও সময়ে উপস্থিত হইবার বিষয়ে ঐ কার্য্যকারকের হৃদ্বোধমতে প্রতিভূ দেয়, তবে তাহাকে আসিদ্ধ করা যাইবে না। ঐ কার্য্যকারক প্রতিজ্ঞাস্বরূপ কি অন্য প্রকারে প্রতিভূ লইতে পারেন। ঐ পরওয়ানা প্রত্যানীত হইলে যদি দৃষ্ট হয় যে অর্থদণ্ড যাহাতে আদায় করা যায় ধৃত করিবার প্রচুর এমত কোন দ্রব্য নাই, এবং অর্থদণ্ড তৎক্ষণাৎ দেওয়া না যায়, অথবা যদ্যপি ঐ ব্যক্তির স্বীকারক্রমে কিম্বা অন্য প্রকারে ঐ কার্য্যকার কের হৃদ্বোধমতে দৃষ্ট হয় যে দ্রব্য ধৃত করণের পরওয়ানা প্রবল হইলেও যাহাতে অর্থদণ্ড কি টাকা আদায় হইতে পারে, ঐ ব্যক্তির এমত প্রচুর কোন মাল কি দ্রব্য নাই, তবে সেই কার্য্যকারক আপনার স্বাক্ষরিত পরওয়ানাক্রমে অপ-

ing to the discretion of such Officer, for any term not exceeding two calendar months where the amount of the fine shall not exceed fifty rupees, and for any term not exceeding four calendar months where the amount shall not exceed one hundred rupees, and for any term not exceeding six calendar months in any other case; the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Share of fine to informer.]

LVII. A share not exceeding one moiety of every fine imposed and recovered under this Act, may be awarded to the informer.

[No proceedings for recovery of fines to be taken without an order.]

LVIII. No proceedings shall be taken for the recovery of any fine imposed under the authority of this Act, for offences punishable by fine only, without an order of Government, or an order in writing unde the hand of the Director-General of th e Post Office, or of a Post-Master General, or other Officer, specially invested with the powers of a Post-Master General.

[Post Office servants committing offences in allied States.]

LIX. If any public servant who shall be employed in the Post Office Department, or shall be appointed a vendor of postage stamps, or entrusted by the Government of India or any local Government with the sale of postage stamps within the dominions of any Foreign Prince or State in India in allience with Her Majesty, in which a post shall be established by the Government of India, shall, with the dominions of such Prince or State, commit any act hereby prohibited or omit to do any act hereby required to be done, by any person similarly employed, appointed or entrusted as aforesaid within British India, such public servant shall be guilty of an offence, and, on conviction thereof, shall be punished in the same manner as if such act had been done or ommitted within British India; and every such person may be tried, convicted and punished either by fine or otherwise, according to the nature of the offence, by any Court or Officer duly empowered by the Governor General of India in Council, to take cognizance of offences committed in such dominions by public servants, or by any Court or Magistrate, or other competent Officer in any part of British India, in the same manner as if the offence had been committed in such part.

ব্যক্তিকে কারাগারে অর্পণ করিতে পারিবেন। এবং যদি অর্থদণ্ড পঞ্চাশ টাকার অনধিক হয়, তবে ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামতের দুই মাসের অনধিক কোন কাল, যদি একশত টাকার অনধিক হয়, তবে পঞ্জিকামতে চারি মাসের অনধিক কোন কাল, এবং অন্য কোন গতিকে ছয় মাসের অনধিক কোন কাল ঐ ব্যক্তির কেবল কারাবদ্ধ দণ্ড হইবে কিম্বা ঐ কার্য্যকারকের বিবেচনামতে তাহার কারাদণ্ড ও কঠিন পরিশ্রম হইবে। পূর্ব্বোক্ত কোন গতিকে অর্থদণ্ডের টাকা দেওয়া গেলেই কারাদণ্ডের শেষ হইবে ইতি।

[গোয়েন্দাকে অর্থদণ্ডের কতক টাকা দিবার কথা।]

৫৭ ধারা। এই আইন অনুসারে যেং অর্থদণ্ড করা যায় ও আদায় হয়, তাহার অর্দ্ধেকের অনধিক অংশ গোয়েন্দাকে দেওয়া যাইতে পারিবে ইতি।

[আজ্ঞা বিনা অর্থদণ্ড আদায়ের জন্যে মোকদ্দমাঘটিত কার্য্য না হওনের কথা।]

৫৮ ধারা। যেং অপরাধে কেবল অর্থদণ্ড হয় এই আইনের শক্তিক্রমে অবধারিত সেই অর্থদণ্ড আদায় করিবার নিমিত্তে গবর্ণমেণ্টের আজ্ঞা বিনা কিম্বা ডাকঘরের ডাইরেক্টর জেনরল সাহেবের কি পোষ্টমাষ্টর জেনরল সাহেবের কিম্বা অন্য যে কার্য্যকারক বিশেষমতে পোষ্টমাষ্টর জেনরলের ক্ষমতাপন্ন হইয়াছেন তাঁহার স্বাক্ষরিত কোন লিখিত আজ্ঞা বিনা মোকদ্দমাঘটিত কোন কার্য্য করা যাইবে না ইতি।

[সন্ধিবদ্ধ ভিন্নদেশীয় অধিকারের মধ্যে ডাকঘরের অপরাধি কার্য্যকারকের কথা।]

৫৯ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে সন্ধিবদ্ধ ভারতবর্ষের অন্তর্গত ভিন্ন দেশীয় যে কোন রাজার অধীন দেশের কি অধিকারের মধ্যে ভারতবর্ষের গবর্ণমেণ্টকর্ত্তৃক ডাক স্থাপিত হইবে, সেই দেশের মধ্যে ভারতবর্ষের গবর্ণমেণ্ট কি কোন স্থানীয় গবর্ণমেণ্ট দ্বারা ডাকঘরের কর্ম্মবিভাগে যে ব্যক্তি চাকরস্বরূপ কিম্বা ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রেতাস্বরূপ নিযুক্ত হয় কি ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রয় করণের ভারপ্রাপ্ত হয় এমত কোন রাজকীয় কার্য্যকারক যদি পূর্ব্বোক্ত ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত ঐ রাজার অধীন দেশের কি ঐ অধিকারের মধ্যে সেই প্রকারের কর্ম্মপ্রাপ্ত কি কর্ম্মে নিযুক্ত কিম্বা পূর্ব্বোক্তমতে ভারপ্রাপ্ত হইয়া এই আইনের নিষিদ্ধ কার্য্য করে, কিম্বা এই আইনের আদিষ্ট কার্য্য না করে, তবে উক্ত রাজকীয় কার্য্যকারক অপরাধের অপরাধী হইবে। এবং যদি সেই অপরাধ প্রমাণ হয়, তবে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে ঐ নিষিদ্ধ কার্য্য করা গেলে কি ঐ আদিষ্ট কার্য্য না করা গেলে যে প্রকারে দণ্ড হইতে পারিত তাহার সেই প্রকারে দণ্ড হইবে। এবং উক্ত রাজ্যের মধ্যে রাজকীয় কার্য্যকারকেরা যে অপরাধ করে তাহার বিচার মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব হইতে যে কোন আদালত কি কার্য্যকারক উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহার দ্বারা, কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানের কোন আদালত কি মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা উপযুক্ত অন্য কার্য্যকারকের দ্বারা তদ্রূপ প্রত্যেক ব্যক্তির বিচার ও দোষ প্রমাণীকৃত হইতে পারিবে, এবং অপরাধের ভাবানুসারে অর্থদণ্ডক্রমে কিম্বা অন্য প্রকারে তাহার দণ্ড হইতে পারিবে, অর্থাৎ সেই স্থানে অপরাধ করা গেলে যেরূপে হইত তদ্রূপেই হইবে ইতি।

[Letters, &c., suspected to contain contraband articles, or writing in contravention of this Act, how to be dealt with.]

LX. If any Officer in charge of a Post Office shall suspect that any letter or other article lying for delivery at his Office contains any contraband article, or any article on which duty is owing to Government; or that any letter or other article lying for delivery at the Post Office contains any writing or enclosure in contravention of the provisions of Section 14 or 62 of this Act, it shall be lawful for such Officer to summon the person to whom the letter or other article is directed, to attend at the Post Office by himself or agent, within forty-eight hours after the arival thereof at that Post Office, and to open the same in the presence of the person to whom it is directed, or of that person's agent, and if that person shall not so attend by himself or agent, then to open it in the absence of that person. Provided that if the Officer in charge be under the rank of a Post Master, he shall call in two respectable persons as witnesses before he shall open a letter or other article in the absence of the person to whom it is addressed. Provided also, that in all cases the opened letter or other article shall be subsequently delivered to the person to whom it is addressed, unless it be required for alterior proceedings, and that the opening of the same and the circumstances connected therewith shall be immediately reported to the Post Master General. It shall also be lawful for any Officer in charge of a Post Office to refuse to forward any parcel through the Post Office by sea to any foreign port, or to any place not on the Continent of India, unless such parcel be accompained by a Custom House Pass.

[Property sent by the post to be laid in the Post Master General.]

LXI. Whenever an offence shall be committed in respect of any mail bag or box, or any letter or other article sent by the post, it shall be lawful to lay, in the charge to be preferred against the offender, the property of such mail bag, box, letter or other article in the Post Master General of the Presidency; and it shall not be necessary in the charge to allege or to prove upon the trial or otherwise, that such mail bag, box, letter or other article was of any value; and in any charge to be preferred against any person employed under the Post Office for any offence committed against this Act, it shall be lawful to state that such offender was employed under the Post Office at the time of committing the offence, without stating further the nature or particulars of his employment.

[যে পত্রাদিতে বিনানুমতির দ্রব্য কি এই আইনে নিষিদ্ধ লিপি থাকার সন্দেহ হয় তাহা লইয়া যেরূপে কার্য্য হইবে তাহার কথা।]

৬০ ধারা। যদি ডাকঘরের কর্ম্মের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক এমত সন্দেহ করেন যে, পঁহুছাইয়া দিবার নিমিত্তে আপন কার্য্যালয়ে উপস্থিত কোন পত্রের কি অন্য দ্রব্যের মধ্যে বিনানুমতির কোন দ্রব্য কিম্বা যাহার উপর গবর্ণমেণ্টের মাসুল প্রাপ্য আছে এমত কোন দ্রব্য থাকে, অথবা পঁহুছাইয়া দিবার জন্যে ডাকঘরে উপস্থিত কোন পত্রের কি অন্য দ্রব্যের মধ্যে এই আইনের ১৪ কি ৬২ ধারার বিধানের বিপরীত কোন লিখন কি বিষয় আছে, তবে ঐ কার্য্যকারকের এই ক্ষমতা থাকিবে যে, ঐ পত্র কি অন্য দ্রব্য ডাকঘরে পঁহুছিবার পর, শিরোনামায় যাহার নাম লেখা আছে তাহাকে আটচল্লিশ ঘণ্টার মধ্যে স্বয়ং কিম্বা মোক্তারের দ্বারা ঐ ডাকঘরে উপস্থিত হইতে আজ্ঞা করেন, এবং তাহারই কিম্বা তাহার মোক্তারের সাক্ষাতে তাহা খোলেন। যদি সেই ব্যক্তি স্বয়ং কি মোক্তারের দ্বারা উপস্থিত না হয়, তবে তাহার অনুপস্থানে তাহা খুলিতে পারিবেন। পরন্তু কার্য্যের ভার প্রাপ্ত কার্য্যকারক যদি পোষ্টমাষ্টরের পদাপেক্ষা কোন নিম্ন পদস্থ হন, তবে ঐ পত্রের কি অন্য দ্রব্যাদির শিরোনামায় যাহার নাম লেখা আছে তাহার অনুপস্থানে তিনি তাহা খুলিবার পূর্ব্বে দুই জন সম্ভ্রান্ত লোককে সাক্ষী হইবার নিমিত্তে নিকটে ডাকিবেন। আরো যদি উত্তরকালে মোকদ্দমার কার্য্যের নিমিত্তে ঐ খোলা পত্রের কি অন্য দ্রব্যাদির আবশ্যক না হয় তবে শিরোনামায় যাহার নাম লেখা আছে খুলিবার পরে তাহাকে সর্ব্বদাই দেওয়া যাইবে। এবং তাহা খুলিবার ও তাহা খুলিয়া দেওন সম্পর্কীয় ব্যাপারের রিপোর্ট অযৌগে পোষ্টমাষ্টর জেনরল সাহেবকে দেওয়া যাইবে। আরো ডাকঘরের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারকের এই ক্ষমতা থাকিবে যে, কোন পুলিন্দার সঙ্গে কষ্টম হৌসের ছাড়চিঠী না থাকিলে সেই পুলিন্দা ডাকঘরের দ্বারা সমুদ্রপথে বিদেশীয় কোন বন্দরে কিম্বা ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানভিন্ন অন্য স্থানে চালান করিতে অস্বীকার করেন ইতি।

[ডাকদ্বারা প্রেরিত দ্রব্যের স্বামিত্ব পোষ্টমাষ্টর জেনরলের প্রতি বর্ত্তিবার কথা।]

৬১ ধারা। যখন ডাকদ্বারা প্রেরিত কোন পত্রের থলি কি বাক্স কি কোন পত্র কি অন্য দ্রব্য সম্বন্ধে কোন অপরাধ করা যায় তখন অপরাধির নামে যে অভিযোগ করা যাইবে, তন্মধ্যে পত্রের সেই থলি কি বাক্স কি সেই পত্র কি অন্য দ্রব্য প্রেসিডেন্সীর পোষ্টমাষ্টর জেনরল সাহেবের সম্পত্তি বলিয়া উল্লেখ হইতে পারিবে। এবং সেই পত্রের থলি কি বাক্স কি পত্র কি অন্য দ্রব্য মূল্যবান, এই কথা অভিযোগপত্রে উল্লেখ, কিম্বা বিচারকালে কি সময়ান্তরে প্রমাণ করা আবশ্যক হইবে না। এবং ডাকঘরের কোন কর্ম্মচারির নামে আইন উল্লঙ্ঘনের কোন অপরাধ হেতুক কোন অভিযোগ হইলে সেই ব্যক্তির কর্ম্মের বিশেষ ভাব কি বৃত্তান্ত না লিখিয়া অপরাধ করণকালে সে ডাকঘরের কর্ম্মচারী ছিল এইমাত্র লেখা আইনসিদ্ধ হইবে ইতি।

PART VIII.

Miscellaneous.

[Letters on Her Majesty's Service, duly certified as such, how to be charged.]

LXII. Letters and other articles on Her Majesty's Service, certified to be such by the signature of any public Officer authorized in that behalf by the Governor General of India in Council, shall be forwarded by the post, and the postage due thereon shall be charged to or recovered from the several public departments to or from which such letters or packets are sent, in such manner as the said Governor General of India in Council shall, from time time, direct.

[Governor General in Council may frame rules.]

LXIII. It shall be lawful for the Governor General of India in Council from time to time to frame rules for the conduct of the Post Office not inconsistent with this Act, and therein to prescribe the regulations, conditions and restrictions according to which all letters and other articles shall be posted, forwarded, conveyed and delivered.

[District dawks.]

LXIV. It shall be lawful for the Governor General of India in Council from time to time to frame rules for the management of all or any zemindaree, thannah or other district dawks, and to declare from time to time what portions of this Act shall be applicable to such dawks, and to persons employed in connexion therewith.

[Government not reponsible for loss.]

LXV. The Government shall not be responsible for any loss or damage which may occur in respect of any thing entrusted to the Post Office for conveyance ; and no person employed by the Government in the Post Office Department shall be responsible for any such loss or damage, unless that person shall cause such loss or damage negligently, maliciously or fraudulently.

THE INDIAN POST OFFICE ACT, 1866.

ARRANGEMENT OF SECTIONS.

PART I.

Preliminary.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

অষ্টম খণ্ড।

বিবিধ বিধি।

[“রাজকার্য্যসম্পর্কীয়” এই কথা যে পত্রের উপর উপযুক্ত মতে থাকে তাহার মাসুল যে প্রকারে লওয়া যাইবে তাহার কথা।]

৬২ ধারা। “রাজ কার্য্যসম্পর্কীয়” এই নিদর্শনলিখিবার ক্ষমতা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব রাজকীয় যে কোন কার্য্যকারককে প্রদান করেন, তাঁহার স্বাক্ষরদ্বারা প্রমাণীকৃত উক্ত নিদর্শন যে পত্রের কি অন্য দ্রব্যের উপর থাকে, তাহা ডাকযোগে পাঠান যাইবে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের উক্ত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে প্রকার আজ্ঞা করিবেন সেই প্রকারে রাজকীয় যে ডিপার্টমেন্টে কি যে ডিপার্টমেন্টহইতে ঐ পত্র কি পুলিন্দা পাঠান যায় তাহার হিসাবে ঐ পত্রাদির উপর পাওনা মাসুল লেখা যাইবে কি তথায় আদায় হইবে ইতি।

[মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি করিতে পারিবার কথা।]

৬৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে, ডাকঘরের কার্য্যচলনের বিষয়ে এই আইনের অসঙ্গত না হয় এমত বিধি সময়ে২ করেন, এবং সকল পত্র ও অন্য দ্রব্য যে বিধান ও নিয়ম ও নিষেধানুসারে ডাকে দেওয়া যাইবে ও ডাকদ্বারা পাঠান ও চালান ও পঁহুছাইয়া দেওয়া যাইবে তাহা নির্দ্দিষ্ট করেন ইতি।

[জিলার ডাকের কথা।]

৬৪ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে, সকল কিম্বা কোন জমীদারীর কি থানার কি অন্য জিলার ডাকের কার্য্য নির্ব্বাহ করণবিষয়ক বিধান সময়ে২ করেন, এবং এই আইনের যে২ অংশ ঐ২ ডাকের প্রতি ও তৎসম্পর্কে নিযুক্ত ব্যক্তিদের প্রতি বর্ত্তিবে তাহাও সময়ে২ প্রকাশ করেন ইতি।

[ক্ষতির বিষয়ে গবর্ণমেন্টের দায়ী না হহবার কথা।]

৬৫ ধারা। যে কোন দ্রব্য চালান করিবার নিমিত্তে ডাকঘরে সমর্পণ করা যায় তাহার বিষয়ে যে কিছু ক্ষতি কি হানি হয় তন্নিমিত্তে গবর্ণমেন্ট দায়ী হইবেন না। এবং ডাকঘরসম্পর্কীয় কর্ম্ম বিভাগে গবর্ণমেন্টের নিযুক্ত কোন ব্যক্তি ঐ প্রকার কোন ক্ষতির কি হানির দায়ী হইবে না। কিন্তু যদি সেই ব্যক্তির অমনোযোগে কি ঈর্ষা কি প্রতারণাক্রমে ঐ ক্ষতি কি হানি হয়, তবে সে দায়ী হইবে ইতি।

ভারতবর্ষের ডাকের ১৮৬৬ সালের আইন।

ধারার নির্ঘন্ট।

প্রথম খণ্ড।

পরিভাষা।

3. Repeal of Act No. XVII of 1854.	৩। ১৮৫৪ সালের ১৭ আইন রহিত হইবার কথা।
4. References to Act No. XVII of 1854 to be read as made to this Act.	৪। ১৮৫৪ সালের ১৭ আইনের উল্লেখ এই আইনের প্রতি লক্ষ হওয়ার ন্যায় পাঠ করিবার কথা।
5. Exclusive privilege of carrying letters vested in the Government of India.	৫। পত্র চালাওনের অধিকার কেবল ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ভিন্ন অন্য কাহার ও না থাকিবার কথা।
6. Persons expressly forbidden to collect, carry or deliver letters.	৬। পত্র সংগ্রহ ও বহন করা ও পঁহুছাইয়া দেওয়া যে সকল ব্যক্তির প্রতি স্পষ্টরূপে নিষিদ্ধ হইল তাহার কথা।
7. Appointment of Officers for service of Post Office.	৭। ডাকঘরের কার্য্য চালাইবার জন্যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করণের কথা।
PART II.	**দ্বিতীয় খণ্ড।**
Postage Rates.	ডাকমাস্থলের হার।
8. Postage rates on letters.	৮। পত্রের উপর ডাকমাস্থলের হার।
9. Postage rates on newspapers.	৯। সংবাদপত্র প্রভৃতির উপর ডাকমাস্থলের হার।
10. Newspapers how to be sent by letter-post.	১০। পত্রের ডাকে সংবাদপত্র যেরূপে পাঠাইতে হইবে তাহার কথা।
11. Newspapers when charged with letter-postage.	১১। যেস্থলে সংবাদপত্রের উপর মাস্থল লাগিবে তাহার কথা।
12. Proof-sheets.	১২। প্রুফশীটের কথা।
13. Postage rates on books, packets of newspapers, &c.	১৩। পুস্তক ও সংবাদপত্রের পুলিন্দা প্রভৃতির উপর ডাকমাস্থলের কথা।
14. Inland banghy postage.	১৪। দেশীয় বাঙ্গি ডাকমাস্থলের কথা।
15. Table of distances for calculation of banghy postage.	১৫। বাঙ্গির ডাকমাস্থল নিরূপণার্থ দূরত্বের টেবিলের কথা।
16. Where there is no banghy post, parcels, books, &c., may be carried by letter-post. Certificate.	১৬। বাঙ্গির ডাক না থাকিলে পত্রের ডাকদ্বারা পুলিন্দা পুস্তকাদি লইবার কথা, ও সংশিতপত্রের কথা।
17. Book packets and parcels not exceeding ten tolahs in weight to go by letter-post unless directed to be sent by banghy or book-packet post.	১৭। পুস্তক পুলিন্দার কি অন্য পুলিন্দার দশ তোলার অধিক ওজন না হইলে যদি বাঙ্গিদ্বারা কি পুস্তক পুলিন্দার ডাকদ্বারা পাঠাইবার আদেশ না হয়, তবে পত্র ডাকদ্বারা পাঠাইবার কথা।
18. Ship postage on parcels.	১৮। পুলিন্দার উপর জাহাজের মাস্থলের কথা।
19. Governor General in Council may direct pre-payment of postage in all cases.	১৯। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সর্ব্বস্থলে অগ্রিম মাস্থল দিবার আজ্ঞা করিতে পারেন ইহার কথা।
20. Governor General in Council may alter the rates of postage.	২০। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকর্ত্তৃক মাস্থলের হার পরিবর্ত্তন হইতে পারিবার কথা।
21. Governor General in Council may fix rates of steam postage.	২১। শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকর্ত্তৃক বাষ্পীয় জাহাজের ডাকমাস্থল অবধারণ হইবার কথা।
22. Governor General in Council may fix rates of postage for articles sent wholly or partly by sea.	২২। যেং দ্রব্য সম্পূর্ণরূপে কি অংশতঃ সমুদ্রপথে পাঠান যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকর্ত্তৃক তাহার উপর ডাকের মাস্থল অবধারণ হইবার কথা।
23. Governor General in Council may fix express postage rates.	২৩। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ত্বরিত ডাকমাস্থলের হার নিরূপণের কথা।
24. Re-directed letters.	২৪। যে পত্রের উপর অন্য ঠিকানা লেখা যায় তাহার কথা।
PART III.	**তৃতীয় খণ্ড।**
Registered Letters.	রেজিষ্টরী পত্র।
25. Letters may be registered.	২৫। পত্র রেজিষ্টরী করিতে পারিবার কথা।
26. Governor-General in Council may declare in what cases registration shall be compulsory.	২৬। যেং স্থলে পত্র অবশ্য রেজিষ্টর করিতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক তাহা নির্ণয়ের কথা।

PART IV.	চতুর্থ খণ্ড।
Re-delivered, Unpaid, Unclaimed, and Refused Letters.	যেং পত্র পুনশ্চ ডাকে দেওয়া যায়, কি যাহার মাসুল অদত্ত কি যাহার প্রতি দাওয়া হয় না কি যাহা অগ্রাহ্য হইয়াছে তদ্বিষয়ের বিধি।
27. Re-delivery of letters and other articles once put into the Post Office.	২৭। যেং পত্র ও অন্য দ্রব্য একবার ডাকঘরে দেওয়া গিয়াছে তাহা পুনশ্চ দিবার কথা।
28. Postage on unpaid letters, &c., to be paid by the receiver.	২৮। পত্রাদির অগ্রিম মাসুল দেওয়া না গেলে তাহা গ্রাহকের দিতে হইবার কথা।
29. Unclaimed letters how to be dealt with.	২৯। দাওয়া না হওয়া পত্রাদি লইয়া যাহা কর্ত্তব্য তাহার কথা।
Unclaimed letters when sent to Post Master General's Office to be opened. And returned in Dead Letter covers to senders.	যে পত্রের উপর দাওয়া হয় না তাহা পোষ্ট-মাষ্টর জেনরলের আফিসে পঁহুছিলে খুলি-বার কথা ও অস্বামিক পত্রের ন্যায় খামে বন্ধ হইয়া প্রেরকের নিকটে পাঠাইবার কথা।
Money, &c., found therein how disposed of.	তাহাতে টাকাপ্রভৃতি পাওয়া গেলে তদ্বিষয়ের ইতিকর্ত্তব্যতার কথা।
30. Refused letters to be returned to posting office.	৩০। যে পত্রাদি না লওয়া যায় তাহা প্রথম ডাকঘরে পাঠাইবার কথা।

PART V.	পঞ্চম খণ্ড।
Mails on board Inward and Outward-bound Vessels.	এতদ্দেশাগামি ও ভিন্ন দেশাগামি জাহাজস্থ দত্ত মেইলের বিধি।
31. Commanders of inward-bound vessels carrying Mails how to proceed on arrival. Penalty for disobeying directions in this Section.	৩১। এতদ্দেশাগামি মেইলের জাহাজ পঁহুছিলে অধ্যক্ষদের যে প্রকার কার্য্য করিতে হইবে তাহার কথা। ও দণ্ডের কথা।
32. Detention of letters on board inward-bound vessels.	৩২। এতদ্দেশাগামি জাহাজে পত্র আটক করিয়া রা-খণের কথা।
33. Bounty-money.	৩৩। পুরস্কারের কথা।
34. Commanders of outward-bound vessels to receive Mails on board.	৩৪। বিদেশগামি জাহাজের অধ্যক্ষের মেইল লইতে হইবার কথা।

PART VI.	ষষ্ঠ খণ্ড।
Postage Stamps.	ডাকমাসুলের ইষ্টাম্পের বিধি।
35. Stamped letters to be considered as pre-paid.	৩৫। পত্রে ইষ্টাম্প থাকিলে তাহার মাসুল দেওয়া জ্ঞান করিবার কথা।
36. Postage stamps to be provided by Government.	৩৬। ইষ্টাম্প গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রস্তুত হইবার কথা।
37. Postage stamps to be under management of Officer appointed by Government.	৩৭। ডাকমাসুলের ইষ্টাম্পের কার্য্য গবর্ণমেণ্টহইতে নিযুক্ত কার্য্যকারকের কর্ত্তৃত্বাধীন থাকিবার কথা।
38. Rules for guidance of vendors of postage stamps.	৩৮। ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রেতাদের বিধির কথা।
39. Penalty for breach of such rules.	৩৯। ঐ বিধিমতে কার্য্য না করিবার দণ্ডের কথা।
40. Penalty for refusing to supply stamps.	৪০। ইষ্টাম্প দিতে অস্বীকার করিলে দণ্ডের কথা।
41. Penalty for selling stamps for higher price than the value denoted thereby.	৪১। ইষ্টাম্পেতে যে মূল্য ব্যক্ত আছে তাহার অধিক মূল্যে বিক্রয় করিলে বিক্রেতার দণ্ডের কথা।

PART VII.	সপ্তম খণ্ড।
Offences against the Post Office.	ডাকমাসুলের বিপক্ষ অপরাধ বিষয়ক বিধি।
42. Penalty for sending dangerous substance by post.	৪২। কোন সঙ্কটজনক দ্রব্য ডাকে পাঠাইলে দণ্ডের কথা।
43. Penalty for making false certificate in order to defraud Post Office.	৪৩। ডাকঘরের প্রাপ্য হরণার্থ অসত্য সংশিদ্ধপত্র দেওনের দণ্ডের কথা।
44. Penalty for detaining Mails or opening mail bags.	৪৪। ডাকের পুলিন্দা আটক করিয়া রাখণের কি ডাক থলি খুলিবার দণ্ডের কথা।

45. Penalty for retaining letters, &c., delivered by mistake.
46. Penalties for breach of privilege conferred by Section 5.
47. Penalty for neglect on the part of persons employed to carry Mails.
48. Penalty for stealing, &c., or opening letters, &c., by persons employed in the Post Office.
49. Penalty for fraudulently altering marks on letters, &c., by persons employed in the Post Office.
50. Penalty for preparing incorrectly, altering, or secreting documents, by persons employed in the Post Office.
51. Penalty for sending letters on which postage has not been paid or charged by persons employed in the Post Office.
52. Penalty for abetting or concealing offences under this Act.
53. Any person charged with offence punishable with fine only may be summarily convicted.
54. Conviction to be quashed on merits only. Form of conviction.
55. Magistrate may refer charge to his Assistant.
56. Fines how levied.
Imprisonment if no sufficient distress, &c.
57. Share of fine to informer.
58. No proceedings for recovery of fines to be taken without an order.
59. Post Office servants committing offences in allied States.
60. Letters, &c., suspected to contain contraband articles, or writing in contravention of this Act, how to be dealt with.
61. Property sent by the post to be laid in the Post Master General.

PART VIII.

Miscellaneous.

62. Letters on Her Majesty's service, duly certified as such, how to be charged.
63. Governor General in Council may frame rules.
64. District dawks.
65. Government not responsible for loss.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

৪৫। ভুলক্রমে দেওয়া পত্রাদি আটক করিয়া রাখণের দণ্ডের কথা।
৪৬। ৫ ধারার দত্ত অনুগ্রহ অমান্য করিবার দণ্ডের কথা।
৪৭। যাহারা মেইল বহন কার্য্যে নিযুক্ত হয় তাহাদের শৈথিল্য হইলে দণ্ডের কথা।
৪৮। ডাকঘরের কর্ম্মচারিরা চুরিপ্রভৃতি করিলে কি পত্র প্রভৃতি খুলিলে তাহাদের দণ্ডের কথা।
৪৯। ডাকঘরের কর্ম্মচারিরা প্রতারণাক্রমে পত্রপ্রভৃতির উপরিস্থ চিহ্ন পরিবর্ত্তন করিলে তাহাদের দণ্ডের কথা।
৫০। ডাকঘরের কর্ম্মচারিরা লেখ্য অশুদ্ধরূপে প্রস্তত কি পরিবর্ত্তন কি গোপন করিলে দণ্ডের কথা।
৫১। যে পত্রের মাসুল দেওয়া যায় নাই কি লওয়া যায় নাই তাহা ডাকঘরের কর্ম্মচারিরা চালান করিলে তাহাদের দণ্ডের কথা।
৫২। এই আইনের উল্লিখিত অপরাধের সহায়তা কি তাহা গোপন করিবার দণ্ডের কথা।
৫৩। যে অপরাধহেতুক কোন ব্যক্তির কেবল অর্থদণ্ড হইতে পারে তাহার দোষ সরাসরীমতে প্রমাণ হইবার কথা।
৫৪। প্রমাণীকৃত দোষ কেবল মোকদ্দমার দোষগুণক্রমে ব্যর্থ হইতে পারিবার ও দোষ প্রমাণ সিদ্ধ করণাদির নিয়মের কথা।
৫৫। আসিস্টান্টের বিচারার্থে অভিযোগ অর্পণ করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।
৫৬। অর্থদণ্ড যে প্রকারে আদায় করিতে হইবে তাহার কথা। ক্রোক করিবার প্রচুর দ্রব্যাদি না থাকিলে কারাদণ্ডের কথা।
৫৭। গোয়েন্দাকে অর্থদণ্ডের কতক টাকা দিবার কথা।
৫৮। আজ্ঞা বিনা অর্থদণ্ড আদায়ের জন্যে মোকদ্দমাঘটিত কার্য্য না হওনের কথা।
৫৯। সন্ধিবদ্ধ ভিন্নদেশীয় অধিকারের মধ্যে ডাকঘরের অপরাধি কার্য্যকারকের কথা।
৬০। যে পত্রাদিতে বিনানুমতির দ্রব্য কি এই আইনের নিষিদ্ধ লিপি থাকার সন্দেহ হয় তাহা লইয়া যেরূপে কার্য্য হইবে তাহার কথা।
৬১। ডাকদ্বারা প্রেরিত দ্রব্যের স্বামিত্ব পোষ্টমাষ্টর জেনরলের প্রতি বর্ত্তিবার কথা।

অষ্টম খণ্ড।

বিবিধ বিধি।

৬২। "রাজকার্য্যসম্পর্কীয়" এই কথা যে পত্রের উপর উপযুক্ত মতে থাকে তাহার মাসুল যে প্রকারে লওয়া যাইবে তাহার কথা।
৬৩। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি করিতে পারিবার কথা।
৬৪। জিলার ডাকের কথা।
৬৫। ক্ষতির বিষয়ে গবর্ণমেণ্টের দায়ী না হইবার কথা।

হুইটলী ষ্টোকস।
হোম অথচ ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিস্টান্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

A Bill for the improvement of the Port of Calcutta.

[Continued from page 433.]

[Estimate of expenditure and income.]

XXXIII The Chairman shall lay before the Trustees a Statement or Estimate of expenditure and income of the Trustees from the date of the first appoitnment of the Trustees up to the first subsequent day of January, and in every year the Chairman shall lay before the Trustees a Statement or Estimate of the expenditure and income of the Trustees for the year commencing on the first day of January than the next succeeding, showing what expenditure it is proposed to incur during the period to which such Statement relates, and the manner in which it is proposed to meet such expenditure, in such detail and form as the Trustees shall direct; and it shall be in the discretion of the Trustees to pass, reject, or modify the Estimates so made.

[Auditors to be appointed.]

XXXIV. The Lieutenant-Governor of Bengal shall annually appoint Auditors (being persons well skilled in accounts, and not being Trustees or holding office under them) to audit the Accounts of the Trustees.

[Duty and payment of Auditors.]

XXXV. It shall be the duty of such Auditors once in every six months to audit the Accounts of the Trustees, and for such purpose the Trustees shall deliver to them their Accounts and Books, and the proper Vouchers in support of the same, and the Auditors shall examine the Accounts and Account Books and Vouchers of the Trustees, and may either make a special report on the said accounts or simply confirm the same, and such report or confirmation shall be laid before the Trustees at a Meeting to be held annually, and the Trustees shall pay to such Auditors for making such audit a reasonable sum, depending upon the extent of trouble they may incur.

[Inspections of Accounts and publication of Report of Auditors.]

XXXVI. The Trustees shall cause a copy of the Accounts submitted to the Auditors to be open at their Office to the inspection of all persons on payment of a reasonable fee in that behalf, and shall cause a half-yearly Statement of their total receipts and expenditure during the previous six months as audited to be published in the Calcutta Gazette.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কর্ম্মবিভাগ।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[৪৩৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[আয়ব্যয়ের অনুমানপত্রের কথা।]

৩৩ ধারা। ট্রষ্টিদিগের আদৌ নিযুক্ত হইবার তারিখঅবধি তৎপশ্চাৎ অনুগামি জানুআরি মাসের প্রথম দিবস পর্য্যন্ত ট্রষ্টিরদের যত আয়ব্যয় হইবার সম্ভাবনা, তাহার বর্ণনা কি অনুমানপত্র সভাপতি ট্রষ্টিদের সম্মুখে অর্পণ করিবেন। ও সভাপতি বৎসরং আগামি জানুআরি মাসের প্রথম দিবসাবধি এক বৎসর পর্য্যন্ত ট্রষ্টিদের আয়ব্যয়ের বর্ণন কি অনুমানপত্র ঐ ট্রষ্টিদের সম্মুখে অর্পণ করিবেন। ঐ বর্ণনপত্র যে কালের নিমিত্তে হয় সেই কাল ব্যাপিয়া যত টাকা ও যেরূপে ব্যয় করিতে প্রস্তাব হয় এই কথা ট্রষ্টিরা যে বৃত্তান্ত ও পাঠ গ্রহণ পূর্ব্বক উল্লেখ করিতে আদেশ করেন তদ্রূপেই প্রস্তুত হইবে। এবং ট্রষ্টিরা আপনারদের বিবেচনামতে সেই অনুমান পত্র গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর করিতে পারিবেন ইতি।

[আডিটরদিগকে নিযুক্ত করিবার কথা।]

৩৪ ধারা। যাহারা হিসাবপত্রে সুপটু, অথচ ট্রষ্টি নহেন ও ট্রষ্টিদের অধীন কোন পদ ধারণ না করেন, এমত ব্যক্তিদিগকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ট্রষ্টিদের হিসাব আডিট (অর্থাৎ পর্য্যালোচন, করিবার নিমিত্তে বৎসরেং নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[আডিটরদিগের কর্ত্তব্য কর্ম্ম ও বেতনের কথা।]

৩৫ ধারা। ট্রষ্টিদের হিসাব ছয়ং মাসান্তে এক বার পর্য্যালোচনা করা ঐ আডিটরদিগের কর্ত্তব্য। এই হেতুক ট্রষ্টিরা তাঁহারদের প্রতি আপনারদের হিসাব ও খাতাবহী ও তৎপ্রতিপোষণার্থ বৌচর (অর্থাৎ প্রমাণপত্র) সমর্পণ করিবেন। এবং আডিটরেরা ট্রষ্টিদের হিসাব ও খাতাবহী ও প্রমাণপত্র পর্য্যালোচনা করিয়া সেই হিসাবের বিষয়ে বিশেষ রিপোর্ট করিতে কিম্বা তাহা কেবল দৃঢ় করিতে পারিবেন। এবং বৎসরং যে সভা হইবে তাহাতে ঐ রিপোর্ট কি ঐ দৃঢ়ীকরণের কথা ট্রষ্টিদের সম্মুখে অর্পিত হইবে। সেই পর্য্যালোচন করিতে আডিটরদের যত পরিশ্রম হইয়াছে ট্রষ্টিরা তাহা বিবেচনা করিয়া তাঁহাদিগকে উপযুক্ত পুরস্কার দিবেন ইতি।

[হিসাব পরিদর্শনের ও আডিটরদিগের রিপোর্ট প্রকাশ করণের কথা।]

৩৬ ধারা। আডিটরদের প্রতি যে হিসাব অর্পিত হয় ট্রষ্টিরা সেই হিসাবের প্রতিলিপি আপনারদের কার্য্যালয়ে রাখিবেন, ও যাঁহারা দেখিতে চাহেন তাঁহারা তজ্জন্যে উপযুক্ত টাকা দিয়া দেখিতে পারিবেন। এবং তৎপূর্ব্ব ছয় মাসের সমস্ত আয়ব্যয়ের ষাণ্মাসিক বৃত্তান্ত আডিট হইলে পর ট্রষ্টিরা তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করাইবেন ইতি।

[Wharves to be appointed under Customs Act.]

XXXVII. No wharf, stage, pier, or jetty shall be commenced by the Trustees under this Act, unless the Lieutenant-Government of Bengal shall have appointed the place of the same under Section X of the Consolidated Customs Act.

[Trustees authorized to undertake landing, shipment, and custody of goods.]

XXXVIII. It shall be lawful for the Trustees, through their Officers duly appointed for the purpose, to undertake the landing and shipment and weighing of goods at any wharves, stages, quays, piers, and jetties erected under the provisions of this Act; also the storing and removal of goods, wares, and merchandize in and from the warehouses and sheds belonging to the Trustees, and and all other needful duties or business connected with the landing, shipping, storing, and removal of all goods coming within the premises of the Trustees, and the clearance of such goods through the Custom House. The Trustees shall fix a scale of charges for the performance of such duties and business, and such scale, after submission to and approval by the Lieutenant-Governor of Bengal, shall be published in the Calcutta Gazette, and may, from time to time, subject to the like approval and publication, be altered.

[Recovery of charges.]

XXXIX. The Trustees shall have the same rights and powers over all goods in respect of which charges under the last preceding Section shall become due to them as are hereinafter conferred on them for the recovery of tolls, and all such charges shall be applied by the Trustees for the purposes of this Act. The scale of charges may be either inclusive or exclusive of the tolls, dues, and rates leviable under the next Section.

[Tolls to be levied.]

XL. The Trustees shall also frame a scale of tolls, dues, or rates for the landing and shipping of goods within the limits of the Port of Calcutta, and for the storing and keeping of any goods stored in any premises belonging to the Trustees, and for the use of any moorings laid down by the Trustees. Such scale of tolls, dues, and rates shall be submitted to the Lieutenant-Governor, and after receiving his approval shall be published in the Calcutta Gazette, and may from time to time, subject to the like approval and publication, be altered. Provided always that it shall not be lawful for the Trustees to levy any tolls, dues, or rates on a scale higher than that given in Schedule C to this Act.

[Recovery of tolls in arrear.]

XLI. For the amount of all tolls, dues, and rates duly leviable under this Act in respect of any goods, the Trustees shall have a lien on such

[কষ্টমের আইনমতে ঘাট নিরূপণ হইবার কথা।]

৩৭ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেব কষ্টমের সংগৃহীত আইনের ১০ ধারাক্রমে স্থান নিরূপণ না করিলে, এই আইনঅনুযায়ি ট্রষ্টিরা কোন ঘাট কি মঞ্চ কিম্বা ইষ্টক কি কাষ্ঠময় সেতু আরম্ভ করিবেন না ইতি।

[জাহাজহইতে মাল আনাইবার ও জাহাজে তুলিবার ও রক্ষা করিবার ক্ষমতা ট্রষ্টিদের প্রতি হইবার কথা।

৩৮ ধারা। এই আইনের বিধানমতে যে সকল ঘাট ও মঞ্চ ও পোস্তা ঘাট ও ইষ্টক ও কাষ্ঠময় সেতু করা যায়, তাহাতে ট্রষ্টিরা আপনাদের উচিতমতে নিযুক্ত কার্য্যকারকদের দ্বারা জাহাজে মাল তুলিবার ও তাহাহইতে মাল নামাইবার ও ওজন করিবার কার্য্য, এবং ট্রষ্টিদের গুদামে ও মণ্ডপে মাল ও সামগ্রী ও বাণিজ্যদ্রব্য রাখিবার ও তাহাহইতে স্থানান্তর করিবার কার্য্য, এবং ট্রষ্টিদের অধিকৃত স্থানের মধ্যে যে সকল সামগ্রী আইসে তাহা উত্তরণ ও জাহাজে তোলন ও গুদামে রাখণ ও স্থানান্তর করণ এবং সামগ্রী কষ্টম হৌসহইতে বাহির করণ সম্পর্কীয় অন্য যে কার্য্য কি কর্ম্ম প্রয়োজন হয় তাহাতে প্রবর্ত্ত হইতে পারিবেন। তদ্রূপ কার্য্য ও কর্ম্ম সম্পাদন করিবার জন্যে ট্রষ্টিরা যে হারে টাকা গ্রহণ করিবেন, তাহা নিরূপণ করিবেন ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, এবং তদ্রূপে অনুমোদন ও প্রকাশ করণপূর্ব্বক তাহা সময়েং মতান্তর ও করা যাইতে পারিবে ইতি।

[গ্রহণীয় টাকা আদায় করিবার কথা।]

৩৯ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারাতে যে মালের কথা আছে তজ্জন্যে যদি ট্রষ্টিদের গ্রহণীয় কোন টাকা প্রাপ্য হয়, তবে ইতঃপরে মাসুল আদায় করণার্থে তাঁহাদের প্রতি যে ক্ষমতা ও স্বত্ব অর্পিত হইয়াছে, সেই সামগ্রীর উপর তাঁহাদের সেই স্বত্ব ও ক্ষমতা থাকিবে, ও গ্রহণীয় যে সকল টাকা প্রাপ্ত হন তাহা ঐ ট্রষ্টিরা এই আইনের কার্য্য সম্পাদনে প্রয়োগ করিবেন। পশ্চাৎ ধারামতে যে মাসুল ও প্রাপ্য ও হার আদায় করা যাইতে পারিবে গ্রহণীয় টাকার হার তন্মধ্যে কি তদতিরিক্ত হইতে পারিবে ইতি।

[আদেয় মাসুলের কথা।]

৪০ ধারা। কলিকাতা বন্দরের সীমার মধ্যে মাল উত্তরণ করাইবার ও জাহাজে তুলিবার জন্যে, এবং ট্রষ্টিদের অধিকৃত কোন স্থানে যে কোন মাল ন্যস্ত আছে তাহা ন্যস্ত ও রক্ষা করিবার জন্যে, এবং ট্রষ্টিরা জাহাজ বদ্ধ করিবার বয়াপ্রভৃতি যে বিষয় দিতে দেন তাহার ব্যবহারের নিমিত্তে যত শুল্ক কি দেয় কি প্রাপ্য লাগিবে ট্রষ্টিরা তাহার নির্ঘণ্ট প্রস্তুত করিবেন। শুল্কাদির সেই নির্ঘণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি অর্পিত হইবে। তিনি অনুমোদন করিলে, তাহা কলিকাতা গেজেটে প্রকাশ হইবে, এবং সময়েং তদ্রূপে অনুমোদিত ও প্রকাশিত হইয়া তাহার পরিবর্ত্তন হইতে পারিবে। কিন্তু এই আইনের C চিহ্নিত তফসীলে যে হার নিরূপিত হইয়াছে ট্রষ্টিরা তাহার অধিক হারে শুল্কাদি আদায় করিতে পারিবেন না ইতি।

[বাকী মাসুল আদায়ের কথা।]

৪১ ধারা। এই আইনঅনুসারে কোন মালের উপর যে শুল্ক ও দেয় ও প্রাপ্য টাকা নিয়মিতরূপে আদায় হইতে পারে, তজ্জন্যে সেই মালের উপর ট্রষ্টিদের

goods, and shall be entitled to detain the same until such tolls, rates, and dues are fully paid. Tolls, rates, and dues in respect of goods to be landed shall become payable immediately on the landing of the goods. Tolls, rates, and dues in respect of goods to be removed from the premises of the Trustees or to be shipped for export shall be payable before the goods are removed or shipped. The lien for such tolls, rates, and dues shall have priority over all other liens and claims, except for money payable to Her Majesty or the Secretary of State for India in Council under any law for the time being in force.

[Lien on goods on which tolls, &c., are not paid, and powers of Trustees to sell such goods.

XLII. If the tolls, dues, or rates payable as aforesaid to the Trustees on any goods of a perishable nature shall not be paid at or before the expiration of two calendar months from the time the same became due, or on any goods not of a perishable nature shall not be paid at or before the expiration of four calendar months from the time the same became due, and in each case after ten days' notice in the Calcutta Gazette, it shall be lawful for the Trustees to cause such goods to be sold by public auction; and the proceeds of the sale shall be applied first to the payment of any charges due on such goods to Her Majesty or the Secretary of State for India in Council, and second to the payment of the amount due to the Trustees; and the residue, if any, shall be paid to the owner of the goods or the consignee, or their Agent, on his application for the same.

[Trustees to permit the use of landing-places and ghats granted to them by Government.]

XLIII. The Trustees shall provide, or allow provision to be made, under proper authority, for the use by the public of any ghat or landing-place which shall be granted to the Trustees by the Government or Secretary of State for India in Council, any grant, conveyance, or or lease threof notwithstanding; an l in case the Lieutenant-Governor of Bengal shall at any time be satisfied that the Trustees have neglected to make or allow to be made, such provision, it shall be lawful for the said Lieutenant-Governor to issue an order withdrawing such ghat or landing-place from the possession and power of the Trustees, and by virtue of such order the ghat or landing-place shall at once revest in the Secretary of State for India in Council.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

সোপাধিক অধিকার থাকিবে। এবং সেই সমস্ত শুল্ক ও দেয় ও প্রাপ্য টাকা যত কাল না দেওয়া যায় ততকাল তাঁহারা সেই মাল অবরোধ করিতে পারিবেন। যে মাল উত্তরণ করিতে হয় তাহা উত্তরণ হইলেই তৎসম্পর্কীয় শুল্ক ও দেয় ও প্রাপ্য টাকা দাতব্য হয়। ট্রষ্টিদের ভূম্যাদিহইতে যে মাল স্থানান্তর করিতে কিম্বা ভিন্ন দেশে পাঠাইবার জন্যে জাহাজে তুলিতে হইবে, সেই মাল স্থানান্তর হইবার কি জাহাজে তোলা যাইবার পূর্ব্বে তৎসম্পর্কীয় শুল্ক ও প্রাপ্য ও দেয় টাকা দাতব্য হয়। যৎকালে যে আইন প্রচলিত থাকে তৎকালে সেই আইনঅনুসারে শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য টাকার নিমিত্তভিন্ন তদ্রূপ মাসুল ও প্রাপ্য ও দেয় টাকার জন্য যে সোপাধিক অধিকার তাহা অন্য সকল সোপাধিক অধিকারের ও দাওয়ার অগ্রগণ্য ইতি।

[যে মালের উপর মাসুলপ্রভৃতি অদত্ত থাকে তাহার উপর সোপাধিক অধিকারের কথা ও ট্রষ্টিদের সেই মাল বিক্রয় করিবার ক্ষমতার কথা।]

৪২ ধারা। ট্রষ্টিদের নিকটে আশু ক্ষয়ণীয় সামগ্রীর উপর যে শুল্ক কি দেয় কি প্রাপ্য টাকা দাতব্য হয় তাহা প্রাপ্য হইবার সময়াবধি ইংলণ্ডীয় পঞ্জিকামত দুই মাস অতীত হইলেই কি তৎপূর্ব্বে দেওয়া না গেলে, কিম্বা যে দ্রব্য আশু ক্ষয়ণীয় নয় তাহার উপর সেই শুল্কাদি প্রাপ্য হইবার সময়াবধি ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত চারি মাস অতীত হইলেই কি তৎপূর্ব্বে না দেওয়া গেলে, ও উভয় গতিকে কলিকাতা গেজেটে দশ দিন সম্বাদ প্রকাশ করিলে পর, ঐ ট্রষ্টিরা প্রকাশবিক্রয়ে সেই সামগ্রী বিক্রয় করাইতে পারিবেন। তাহা বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায়, তাহাহইতে সেই মালের উপর শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা ভারতবর্ষের নিমিত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যে প্রাপ্য হয় তাহা প্রথমে শোধ হইবে, ও দ্বিতীয়তঃ ট্রষ্টিদের প্রাপ্য শোধ হইবে। পরে অবশিষ্ট টাকা ঐ সামগ্রীর স্বামির কি কানসাইনীর (অর্থাৎ সামগ্রী যাহার নিকটে প্রেরিত হইয়াছিল তাঁহার) কিম্বা তাঁহাদের এজেন্টের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

[গবর্ণমেণ্ট ট্রষ্টিদিগকে উত্তরিবার যে স্থান কি ঘাট প্রদান করেন, তাঁহারদের তাহার ব্যবহার করিতে অনুমতি দিবার কথা।]

৪৩ ধারা। গবর্ণমেণ্ট কিম্বা ভারতবর্ষের নিমিত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ট্রষ্টিদিগকে যে সকল ঘাট কি উত্তরিবার স্থান প্রদান করেন, যদিও সেই ঘাটপ্রভৃতির কোন দানপত্র কি হস্তান্তরকরণপত্র কি পাট্টা থাকে তথাপি উক্ত ট্রষ্টিরা উপযুক্ত তত্ত্বাধীনে সাধারণ লোকেরদের সেই ঘাট কি উত্তরিবার স্থানের ব্যবহার করিবার বিধি করিবেন, কি বিধি করিবার অনুমতি দিবেন। এবং ট্রষ্টিরা তদ্রূপ বিধি করেন নাই কি করিতে অনুমতি দেন নাই যদি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কোন সময়ে এই কথা হৃদ্বোধমতে জানিতে পান, তবে তিনি ট্রষ্টিদের অধিকার ও ক্ষমতাহইতে সেই ঘাট কি উত্তরিবার স্থান হৃত হইবার আজ্ঞা করিতে পারিবেন, এবং ঐ ঘাট কি উত্তরিবার স্থান সেই আজ্ঞার বলে অগৌণে ভারতবর্ষের নিমিত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি পুনর্ব্বার বর্ত্তিবে ইতি।

[After notified date all goods to be landed and shipped at and from the Trustees' wharves.]

XLIV. The provisions of this Section shall come into operation from and after a date to be notified in that behalf in the Calcutta Gazette by order of the Lieutenant-Governor of Bengal. From and after such date it shall not be lawful for any person to land or ship, or cause to be landed or shipped, any goods within the Port of Calcutta, except at or from some wharf, stage, quay, pier, or jetty belonging to the Trustees under this Act and in conformity with the wharf Regulations for the time being in force under this Act. Any person who shall deal, or atempt to deal with any goods contrary to the provisions of this Section, shall be liable to a fine not exceeding two hundred Rupees, and the goods shall be liable to be seized and confiscated by the Trustees.

[Port Act to extend to Lieutenant-Governor's Regulations under this Act.]

XLV. The powers vested in the Local Government with the sanction of the Governor General of India in Council by Section VII of Act XXII of 1855 *(for the regulation of Port and Port-dues)* shall extend to the regulating the time for which and the order and manner in which vessels are to lie alongside any wharves, stages, quays, piers, or jetties belonging to the Trustees for the purpose of unloading or loading cargo, and all Regulations under and provisions of the sad Act with regard to buoys and moorings, shall extend to the buoys and moorings laid down by or belonging to the Turstees.

[Penalty for infringing Regulation of Local Government.]

XLVI. If any person shall disobey any rule or regulation of the Local Government as to the time, manner, or order for or in which vessels are to lie alongide as foresaid, or as to the use of such buoys or moorings as aforesaid, such person shall, for every such offence, be liable to a penalty not exceeding one hundred Rupees, and if the offence be continued beyond a day, to a penalty not exceeding fifty Rupees for every day after the first.

[Compensation for damage to the property of the Trustees.]

XLVII. In case any damage or mischief shall be done to any wharves, quays, jetties, piers, or works constructed under the provisions of this Act by any vessel through the negligence of any person having the guidance of or command thereof, or any of the mariners or persons employed therein, it shall be lawful for any Magistrate of the Town of Calcutta, on the application of the

[পত্রে বিজ্ঞাপিত তারিখঅবধি ট্রষ্টিদের ঘাটে সকল মাল উত্তরাইবার ও জাহাজে তুলিবার কথা।]

৪৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে কলিকাতা গেজেটে এই আইন প্রচলিত হইবার যে তারিখের জ্ঞাপনপত্র দেওয়া যায়, সেই তারিখ অবধি এই আইনের বিধান প্রচলিত হইবে। সেই তারিখ অবধি কলিকাতা বন্দরের মধ্যে এই আইন অনুসারে ট্রষ্টিদের কোন ঘাট কি মঞ্চ কি পোস্তা ঘাট কি ইষ্টকময় কি কাষ্ঠময় সেতু ভিন্ন কোন স্থানে, এবং ঘাটসম্পর্কীয় এই আইন অনুযায়ি যে বিধি যে সময়ে চলন হয় তদ্ভিন্ন কোন বিধিমতে কোন ব্যক্তি মাল উত্তরণ করিতে কি জাহাজে তুলিতে কিম্বা উত্তরণ করাইতে কি তুলিয়া দিতে পারিবেন না। যদি কোন ব্যক্তি কোন মাল লইয়া এই ধারার বিধানের বিপক্ষ কার্য্য করে কি করিতে উদ্যোগ করে, তবে তাহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে, ও ঐ মাল ট্রষ্টিদের দ্বারা ধৃত ও তাঁহাদের নিকট দণ্ড হইতে পারিবে ইতি।

[লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের এই আইনঅনুযায়ি বিধানের প্রতি বন্দরীয় আইন বর্ত্তিবার কথা।]

৪৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে স্থানবিশেষের গবর্ণমেণ্টের প্রতি (বন্দরের ও বন্দরীয় মাসুলের বিধান করণার্থ) ১৮৫৫ সালের ২২ আইনের ৭ ধারামতে যেং ক্ষমতা অর্পিত হইয়াছে মাল উত্তরণ করাইবার কি তুলিবার জন্যে জাহাজ যত কাল ও যে শ্রেণী ও নিয়মমতে ট্রষ্টিদের কোন ঘাটের কি মঞ্চের কি পোস্তা ঘাটের কি ইষ্টকময় কি কাষ্ঠময় সেতুর পার্শ্বে থাকিবে তদ্বিষয়ের বিধি প্রণয়নের প্রতিও সেইং ক্ষমতা বর্ত্তিবে। এবং বয়ার ও জাহাজ দৃঢ়মতে বদ্ধ করার বিষয়ে উক্ত আইনঅনুসারে যে সকল বিধি ও উক্ত আইনের যে সকল বিধান হইয়াছে তাহা ঐ ট্রষ্টিদের কি তাঁহাদের দত্ত সকল বয়ার ও জাহাজ বদ্ধ করিবার নিয়মের প্রতিও বর্ত্তিবে ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের বিধান লঙ্ঘন করিবার দণ্ডের কথা।]

৪৬ ধারা। জাহাজের পূর্ব্বোক্ত মত পার্শ্বে থাকার সময়ের কি শ্রেণীর কি নিয়মের বিষয়ে, কিম্বা পূর্ব্বোক্ত বয়ার, কি জাহাজ যাহাতে বদ্ধ হইবে এমত অন্য দ্রব্যের ব্যবহারের বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন বিধি কি ব্যবস্থা করেন তাহা কোন ব্যক্তি লঙ্ঘন করিলে, তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে সেই ব্যক্তির এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও যদি এক দিনের অধিক সেই অপরাধ করিতে থাকেন, তবে প্রথম দিনের পর তাঁহার প্রতি দিন পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[ট্রষ্টিদের সম্পত্তির হানিপূরণের কথা।]

৪৭ ধারা। কোন জাহাজ চালাইবার কি তাহার অধ্যক্ষতা করিবার ভার যাঁহার প্রতি থাকে এমত কোন ব্যক্তির কি জাহাজে কোন কর্ম্মে নিযুক্ত নাবিকের কি অন্য ব্যক্তির অনবধানে কি কোন জাহাজ দ্বারা এই আইনের বিধানানুযায়ি নির্ম্মিত কোন মঞ্চের কি পোস্তা ঘাটের কি ইষ্টকময় কি কাষ্ঠময় সেতুর কি অন্য বিষয়ের ক্ষতি কি হানি হয়, তবে ট্রষ্টিদের প্রার্থনামতে কলিকাতা নগরের কোন মাজিষ্ট্রেট সেই নাবিকের কি

Trustees, to issue a summons to the Master of or Agent for such vessel requiring him to attend on a day and at an hour named in the summons to answer touching such damage or mischief. If at the time appointed in the summons, and whether the person summoned shall appear or not, it shall be made out to the satisfaction of the Magistrate that the alleged damage was done through such negligence as aforesaid, and that the pecuniary amount of the same does not exceed two hundred Rupees, it shall be lawful for the Magistrate to issue his warrant of distress under which a sufficient portion of the boats, masts, spars, ropes, cables, anchors, or stores of the vessel may be seized and sold to cover the expenses of and attending the execution of the distress and the pecuniary amount of damage as aforesaid, and which amount shall be paid to the Trustees out of the proceeds of the distress. Provided that if at the time of the damage or mischief the vessel was under the orders of a duly authorised Officer belonging to the Pilot Service or the Harbour Master's or Master Attendant's Department, the case shall not be cognizable by the Magistrate under this Section. Provided also that nothing herein contained shall in any way affect the right of the Trustees to claim damages in a civil suit if they shall elect to take civil proceedings instead of applying to a Magistrate.

অপকারের বিষয়ে উত্তর দিবার জন্যে ঐ জাহাজের অধ্যক্ষ কি এজেন্টের নামে আহ্বানপত্র দিয়া, তাঁহাকে ঐ আহ্বানপত্রের লিখিত দিনে ও ঘন্টায় উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। আহূত ব্যক্তি ঐ আহ্বানপত্রের নিরূপিত সময়ে উপস্থিত হউন কি না হউন, কথিত ক্ষতি পূর্ব্বোক্ত অনবধানতাপ্রযুক্ত হইয়াছে ও সেই ক্ষতির মূল্য দুই শত টাকার অনধিক ইহা যদি মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে সপ্রমাণ হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব দ্রব্য ধৃত করিবার আজ্ঞাপত্র দিতে পারিবেন। তৎক্রমে ঐ আজ্ঞা সাধনের ও তৎসাধনসম্পার্কীয় ব্যয় এবং টাকাক্রমে নির্দ্ধারিত ক্ষতির পরিশোধ করণার্থ জাহাজের যত নৌকা ও মাস্তুল ও ফালতু বুম ও রজ্জু ও কাচি ও লঙ্গর ও সামগ্রী প্রয়োজন তাহা সমুদয় ধৃত হইয়া বিক্রয় হইতে পারিবে। এবং ধৃত দ্রব্য হইতে যে টাকা উৎপন্ন হয় তাহা হইতে ট্রষ্টিদিগকে ক্ষতির মূল্য দেওয়া যাইবে। কিন্তু ঐ ক্ষতি কি অপকার হওন কালে জাহাজ যদি আড়কাটীদের কি হারবর মাষ্টরের কি মাষ্টর আটেণ্ডেণ্টের কর্ম্মবিভাগসম্পার্কীয় উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের কর্তৃত্বাধীন হইয়া থাকে, তবে সেই বিবাদ এই ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য নয়। আরো ট্রষ্টিরা যদি মাজিষ্ট্রেটের নিকটে প্রার্থনা না করিয়া দেওয়ানী মোকদ্দমা করিতে বাঞ্ছা করেন, তবে এই ধারার কোন কথার দ্বারা দেওয়ানী মোকদ্দমাক্রমে তাঁহারদের ক্ষতি পূরণের দাওয়া করিতে বাধা হইবে না ইতি।

[Penalty for damage done to the works, &c.]

XLVIII. If any person shall demolish, cut, break, or in any way destroy any of the wharves, quays, jetties, and piers or other works belonging to the Trustees, or any rope or other thing by which any vessel lying in the Port shall be moored or fastened to the same, such person shall, for every such offence, be liable, on conviction before a Magistrate for the Town of Calcutta, to a penalty not exceeding two hundred Rupees, and shall further be civily liable to make good to the Trustees the damage which he has occasioned.

[অস্থনাদির ক্ষতি করিবার দণ্ডের কথা।]

৪৮ ধারা। ট্রষ্টিদের কোন ঘাট কি পোস্তা ঘাট কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু কি অন্য বিষয় কিম্বা বন্দরস্থ কোন জাহাজ যে রজ্জু কি অন্য দ্রব্য দ্বারা বয়াতে বাঁধা কি প্রকারান্তরে দৃঢ় বদ্ধ থাকে তাহা যদি কোন ব্যক্তি বিনষ্ট করে কি কাটে কি ভাঙ্গে কিম্বা কোন প্রকারে নষ্ট করে, তবে কলিকাতা নগরের কোন মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধ হেতুক দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, তদোধিক সেই ব্যক্তি ট্রষ্টিদের নিকটে সেই অপরাধ জন্য ক্ষতি পূরণ করিতে দেওয়ানী মোকদ্দমায় দায়ী হইতে পারিবেন ইতি।

[Penalties how recoverable.]

XLIX. All penalties imposed by this Act may be recovered in the manner prescribed by Section of the Calcutta Police Act, 1866, and the provisions of Section of that Act shall apply to any distress levied by virtue of this Act.

[দণ্ডের টাকা আদায় করিবার কথা।]

৪৯ ধারা। এই আইনক্রমে যে সকল দণ্ড অবধার্য্য হয়, তাহা কলিকাতার পোলীসের ১৮৬৬ সালের আইনের অমুক ধারার নির্দ্দিষ্টমতে আদায় হইতে পারিবে। এবং এই আইনক্রমে যে দ্রব্য ধৃত হয় তাহার প্রতি ঐ আইনের অমুক ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[Trustees empowered to make Bye-Laws.]

L. It shall be lawful for the Trustees to make and from time to time to alter Regulations for the guidance of persons employed by them; for the safe and convenient use of the wharves; quays, jetties, sheds, warehouses, tramways, and other works constructed by them under the authority of this Act; for the receiving and removal of

[ট্রষ্টিদের উপবিধি করিতে পারিবার কথা।]

৫০ ধারা। ট্রষ্টিরা যে ব্যক্তিদিগকে কর্ম্ম দেন তাহারদের কার্য্যের পদ্ধতি দেখাইবার জন্যে, এবং এই আইনের শক্তিক্রমে তাঁহারা যে ঘাট ও পোস্তা ঘাট ও সেতু ও মণ্ডপ ও আড়ৎ ও ট্রামপথ ও অন্য বিষয় নির্ম্মাণ করেন, তাহার নির্ব্বিঘ্নে ও সুবিধামতে ব্যবহার হইবার এবং ট্রষ্টিদের ভূম্যাদির মধ্যে আনীত দ্রব্য গ্রহণ ও স্থানান্তর করিবার, এবং জাহাজহইতে

goods brought within the premises of the Trustees for declaring the procedure to be followed by the Trustees in taking charge of goods which shall have been damaged before landing or shall be alleged to be so damaged; and for the mode of payment of the tolls, dues, rates, and charges leviable under this Act. Provided that no such Bye-Law shall be repugnant to or inconsistent with any law in force or any regulation of the Local Government under the provisions of this Act, and that no penalty for any one infringement of a Bye-Law shall exceed fifty rupees, and that in case of a continuing infringement, no penalty shall exceed ten Rupees for every day after the first notice.

[Confirmation of Bye-Laws.]

LI. No Bye-Law or alteration of a Bye-Law shall have effect until the same shall have been approved by the Lieutenant-Governor of Bengal and been published for one week in the Calcutta Gazette, and when so published all Courts of Law shall take judical notice thereof.

[Notice of action.]

LII. No suit shall be maintained against any person for any thing done in pursuance of this Act unless notice in writing shall have been given to the defendant or left at his last or usual place of abode one month before such suit shall be commenced, stating that a suit will be brought and the grounds of suit.

[Government may order a local survey.]

LIII. The Leiutenant-Governor of Bengal may at any time order a local survey and examination of any works of the Trustees, or the intended site thereof, and the cost of such survey and examination shall be borne and be paid by the Trustees out of the monies in their hands by virtue of this Act.

[Government may restore or complete works.]

LIV. If the Trustees shall allow any work constructed by them to fall into disrepair, or shall not complete any work commenced by them or included in any scheme submitted to and approved by Government under this Act, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to cause such work to be restored, completed, or constructed either by the Officers of Government or any private contractor, and the cost of any such restoration, completion, or construction shall be a charge on the work, and a debt due from the Trustees to the Secretary of State for India in Council.

[Government may take possession and revoke powers of Trustees.]

LV. If at any time it shall appear to the satisfaction of the Lieutenant-Governor of Bengal

নামাইবার পূর্ব্বে যে দ্রব্যে কলঙ্ক হয় কি কলঙ্কযুক্ত বলিয়া যাহা ব্যক্ত হইয়াছে তাহার রক্ষার ভার গ্রহণ কালে ট্রষ্টিরদের যে কার্য্য করা কর্ত্তব্য তাহা প্রকাশ করিবার এবং এই আইনঅনুসারে যে শুল্ক ও দেয় ও গ্রাহ্য ও প্রাপ্য আদেয় হয় তাহা শোধ করিবার নিয়মের বিধি ট্রষ্টিরা সময়ে২ করিতে ও পরিবর্ত্তন করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ কোন বিধি প্রচলিত কোন আইনের অথবা এই আইনের বিধানানুযায়ি স্থানীয় গবর্ণমেণ্টের কোন বিধানের বিপক্ষ কি অসঙ্গত না হয়, এবং একবার উপবিধি লঙ্ঘনের দণ্ড পঞ্চাশ টাকার অধিক না হয়, ও লঙ্ঘন-দোষ হইতে থাকিলে, প্রথম সম্বাদের পর প্রতি দিন দশ টাকার অধিক দণ্ড না হয় ইতি।

[উপবিধি দৃঢ় করণের কথা।]

৫১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক অনুমোদিত ও কলিকাতা গেজেটে এক সপ্তাহ পর্য্যন্ত প্রকাশ না হইলে, কোন উপবিধি কিম্বা পরিবর্ত্তিত উপবিধি বলবৎ হইবে না। যখন তদ্রূপ প্রকাশ হয়, তখন সমস্ত আদালতের বিচারকার্য্যে তাহা গ্রাহ্য হইবে ইতি।

[নালিশ করিবার সম্বাদ দেওনের কথা।]

৫২ ধারা। যদি এই আইনের উল্লিখিত কোন কর্ম্মের নিমিত্তে কোন ব্যক্তির নামে নালিশ হয়, তবে মোকদ্দমা করিবার এক মাস পূর্ব্বে প্রতিবাদির নামে নালিশ করিবার সম্বাদ ও হেতুযুক্ত এক খান লিপি তাঁহাকে কি তাঁহার শেষ কি নিয়ত বাসস্থানে দিতে হইবে। নতুবা মোকদ্দমা গ্রাহ্য হইবে না ইতি।

[স্থানীয় পর্য্যালোচনা করাইতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

৫৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কোন সময়ে, ঐ ট্রষ্টিদের কোন কার্য্যের কি অভিপ্রেত কার্য্যের স্থানের পর্য্যালোচনা ও পরীক্ষা হইবার আজ্ঞা করিতে পারিবেন। ঐ পর্য্যালোচনা ও পরীক্ষার ব্যয় ট্রষ্টিদের প্রতি বর্ত্তিবে এবং এই আইনের বলে তাঁহাদের হাতে যে টাকা থাকে তাহাহইতে দেওয়া যাইবে ইতি।

[গবর্ণমেণ্টকর্ত্তৃক ঐ বিষয়ের জীর্ণ সংস্কার কি সমাপ্তি হইতে পারিবার কথা।]

৫৪ ধারা। যদি ট্রষ্টিরা আপনাদের নির্ম্মিত কোন দ্রব্য জীর্ণ হইতে দেন, কিম্বা যে কর্ম্ম আরম্ভ করিয়াছেন, কিম্বা এই আইনমতে গবর্ণমেণ্টের নিকটে অর্পিত ও অনুমোদিত কোন কল্পনাপত্রে যে বিষয় ধরা গিয়াছে তাহা যদি সমাপ্ত না করেন, তবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের কিম্বা সাধারণ কোন চুক্তিকারকের দ্বারা সেই বিষয়ের জীর্ণ সংস্কার কি সমাপ্তি কি নির্ম্মাণ করাইতে পারিবেন। এবং ঐ জীর্ণ সংস্কার কি সমাপ্তি কি নির্ম্মাণ করিতে যে ব্যয় লাগে, তাহা ঐ বিষয়ের প্রতি বর্ত্তিবে এবং ট্রষ্টিদের স্থানে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য ঋণ হইবে ইতি।

[গবর্ণমেণ্টের অধিকার গ্রহণ পূর্ব্বক ট্রষ্টিদের ক্ষমতা নিবর্ত্ত করিতে পারিবার কথা।]

৫৫ ধারা। এই আইনের ২৩ ধারার বিধানমতে কার্য্যের যে কল্পনাপত্র অর্পিত ও অনুমোদিত হইল,

that the scheme submitted and approved under the provisions of the 23rd Section of this Act has not been and is not likely to be properly carried out, or (if carried out) has not been and is not likely to be properly maintained by the Trustees, it shall be lawful for the said Lieutenant-Governor, with the sanction of the Governor General in Council, to notify, by order published in the Calcutta Gazette, that the powers by this Act conferred on the Trustees are withdrawn and revoked, and the Government of Bengal may assume possession and management of the works (if any) already constructed. By such order, and without the necessity of any conveyance, all immoveable and moveable property, all rights of levying and recovering tolls, dues, and rates, all benefit of contracts and all rights of suit which at the time may be vested in the Trustees shall be transferred to and vested in the Secretary of State for India in Council, and the rights of all creditors of the Trustees shall continue as against the said Secretary of State in Council to the extent of the property so transferred to and vested in him.

SCHEDULE A.—*referred to in (Section XXI.)*

The Trustees for the Imporvment of the Town of Calcutta, in exercise of the powers vested in them by Act of 186 of the Council of the Lieutenant-Governor of Bengal, do certify that the sum of Rupees being the consideration agreed to be paid to A. B. of for the purchase [*the compensation payable to A. B. of for the taking for a publice purpose*] of his interest in purchased [*taken*] by the Trustees for the purposes of the said Act remains due and unpaid to him, and that the said sum is to and shall become immediately from the date hereof a first charge on all and singular the immoveable and moveable property now or hereafter to become vested in the said Trustees for the purposes of the said Act, and all such property shall henceforth, except in so far as the same is or may be already liable for any sums certified as due under the provisions of the said Act, be subject to the payment to the said A. B. or his assigns of the said sum of Rs. on the day of and to the payment of interest for so much thereof as shall for the time being remain unpaid, after the rate of six per cent. per annum to be computed from the date hereof

Given under the common seal of the Trustees this day of 186 .

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

তদনুসারে উপযুক্তমতে কার্য্য সকল করা যায় নাই, করিবার সম্ভাবনাও নাই, যদিবা সফল হয়, তথাপি ট্রষ্টিদের দ্বারা উপযুক্তমতে রক্ষিত হয় নাই, হইবার সম্ভাবনাও নাই, এই কথা যদি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের হৃদ্বোধমতে প্রকাশ পায়, তবে তিনি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ করিয়া কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ পূর্ব্বক এই সম্বাদ দিতে পারিবেন যে, এই আইনক্রমে ট্রষ্টিদের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তাহা অপনীত ও নিবর্ত্ত হইল। এবং কোন বিষয় নির্ম্মিত হইলে বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাহার অধিকার ও কর্ম্ম সম্পাদকতা গ্রহণ করিতে পারিবেন। তদ্রূপ আজ্ঞা হইলেই, স্থাবর ও অস্থাবর যে সকল সম্পত্তি এবং শুল্ক ও গ্রাহ্য ও প্রাপ্য গ্রহণ ও আদায় করিবার স্বত্ব ও চুক্তিজন্য লভ্য ও মোকদ্দমা করিবার যে সকল স্বত্ব তৎকালে ট্রষ্টিদের প্রতি বর্ত্তে, তাহা কোন হস্তান্তর করণপত্রের প্রয়োজন বিনা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের হস্তার্পিত হইয়া তাঁহার প্রতি বর্ত্তিবে। ও তদ্রূপে যে সম্পত্তি তাঁহার হস্তে অর্পিত হইয়া তাঁহার প্রতি বর্ত্তে, সেই সম্পত্তির পরিমাণ পর্য্যন্ত ঐ ট্রষ্টিদের সকল উত্তমর্ণের স্বত্ব মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের বিপক্ষে প্রবল থাকিবে ইতি।

---

২১ ধারার উল্লিখিত A চিহ্নিত তফসীল।

কলিকাতা নগরের সৌষ্ঠব করণার্থ ট্রষ্টিরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার অমুক সালের অমুক আইন অনুসারে যে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তদনুসারে এই সংশিতপত্র লিখিয়া দিতেছেন। উক্ত আইনের অভিপ্রায়ার্থে ট্রষ্টিদের দ্বারা ক্রীত (কি গৃহীত) অমুক প্রকারের সম্পত্তিতে অমুক স্থানবাসি শ্রী অমুকের এত টাকা দিবার নিয়ম হইয়াছে। (অথবা রাজকীয় কার্য্যার্থে গ্রহণ করাতে অমুক স্থানবাসি শ্রী অমুকের ঐ ভূমির মূল্যস্বরূপ এত টাকা) তাহার প্রাপ্য আছে, ও তাঁহাকে দেওয়া যায় নাই। এবং এই আইনের কর্ম্ম সফল করণার্থে স্থাবর ও অস্থাবর যে সকল সম্পত্তি এইক্ষণে উক্ত ট্রষ্টিদের প্রতি বর্ত্তিয়াছে কি পশ্চাৎ বর্ত্তে, তৎসমুদয়ের ও প্রত্যেকের উপর অদ্যকার তারিখ অবধি উক্ত ঋণশোধের দায় অগ্রে বর্ত্তে। এবং উক্ত আইনের বিধানানুসারে প্রাপ্য বলিয়া সংশিত টাকার নিমিত্তে পূর্ব্বোক্ত সম্পত্তি ইতিপূর্ব্বে যেপর্য্যন্ত দায়ী না হইয়াছে কি হয়, সেই পর্য্যন্ত অমুক সালের অমুক মাসের অমুক দিবসে উক্ত শ্রী অমুককে কিম্বা তাঁহার আসৈনদিগকে উক্ত এত টাকা দিবার জন্যে, ও অদ্যকার তারিখঅবধি উক্ত টাকার যে অংশ যত কাল অদত্ত থাকে তাহার উপর বৎসরে শতকরা ছয় টাকার হিসাবে সুদ দিবার জন্যে, ঐ সম্পত্তির উপর অদ্যাবধি দায় বর্ত্তিবে।

ট্রষ্টিদের সাধারণ মোহরে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অদ্য মোহরাঙ্কিত হইয়াছে।

SCHEDULE B.—*(referred to in Section XXXI.)*

FORM OF DEBENTURE.

The Trustees of

The , 18

No.

By virtue of the Act No. of 18 of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations we, the Trustees of

in codsideration of the sum of Rs. paid to us by A. B. of , promise to pay to the said or order the said sum of Rs. after the date hereof, together with interest at the rate of per centum per annum payable half-yearly on the day of and the day of

(Signature of the Chairman or Vice-Chairman and two Trustees.)

SCHEDULE C.—*(referred to in Section XL.)*

MAXIMA RATES OF TOLLS.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE improvement of the Port of Calcutta, by supplying greater facilites for the landing and shipping of goods, is a subject which every year becomes more important and urgent. The subject has on more than one occasion been under the consideration of the Supreme and Local Governments, and several proposals have been made for carrying out the desired improvements.

The Supreme Government and the Chamber of Commerce have expressed opinions in favor of the carrying out the desired improvements through the agency of a body of Trustees and the present Bill has accordingly been framed with that view. But inasmuch as the improvement of the Port is a matter very nearly affecting the local interests of the Town of Calcutta, it is proposed that the Municipality of Calcutta should be officially represented in the Trust. It has also seemed desirable that the Customs Department and Conservator of the Port should have a voice in the administration of the Trust.

The present Bill, beyond a general description of the nature of the works to be carried out by the Trustees, does not lay down any particular scheme for the improvement of the Port it being thought better that the particular mode of carrying out the desired objects should be left to be determined by the Local and Supreme Governments.

The Bill proposes to limit the total amount of funds to be raised on debentures, and the maximum rates of tolls to be levied. What these

৩১ ধারার উল্লিখিত B তফসীল।

ঋণগ্রহণপত্রের পাঠ।

অমুক স্থানের ট্রষ্টিরা

সাল তাং

নম্বর।

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার অমুক সালের অমুক নম্বরের আইনের শক্তিক্রমে অমুকের ট্রষ্টি আমরা অমুক স্থানবাসি শ্রীঅমুকের স্থানে এত টাকা প্রাপ্ত হইয়া এই প্রতিজ্ঞা করিলাম যে, অদ্যকার তারিখঅবধি এত দিন গত হইলে পর আমরা শ্রীঅমুককে, কিম্বা তিনি যাঁহাকে দিতে আজ্ঞা করেন তাহাকে এত টাকা দিব, এবং বৎসরে শতকরা এত টাকার হিসাবে ছয়২ মাসে, অর্থাৎ অমুক মাসের অমুক তারিখে ও অমুক মাসের অমুক তারিখে সুদ দিব।

সভাপতির কিম্বা প্রতিনিধি সভাপতির ও দুই জন ট্রষ্টির স্বাক্ষর।

৪০ ধারার উল্লিখিত C তফসীল।

মাসুলের উচ্চতম হার।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

জাহাজ হইতে মাল নামাইবার ও জাহাজে তুলিবার সুবিধা করণদ্বারা কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণ বৎসরে২ অধিক গুরুতর ও আবশ্যক কার্য্য হইয়াছে। সেই বিষয় কএকবার সর্ব্বোপরিস্থ ও স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনাধীন হইয়াছে এবং বাঞ্ছিত সৌষ্ঠব সম্পাদনার্থে নানা প্রকারের প্রসঙ্গও হইয়াছে।

সর্ব্বোপরি গবর্ণমেণ্ট এবং চেম্বর অফ কামর্স (অর্থাৎ বণিক সমাজ) ট্রষ্টিদিগকে নিযুক্ত করণদ্বারা ঐ বাঞ্ছিত সৌষ্ঠব সম্পাদনের পক্ষে স্বং অভিমত প্রকাশ করিয়াছেন। তদভিপ্রায়েই বর্ত্তমান পাণ্ডুলিপির প্রণয়ন হইল। কিন্তু বন্দরের সৌষ্ঠব করণ কলিকাতা নগরের স্থানীয় হিতজন্য অতি সন্নিকৃষ্ট ব্যাপার, অতএব সেই কলিকাতা নগরের মুনিসিপাল কর্ম্মকারক সমুদয়ের স্থলাভিষিক্তস্বরূপ তাহার কএক জনকে স্বং পদোপলক্ষে ট্রষ্টিদের মধ্যে নিযুক্ত করিবার প্রসঙ্গ হইয়াছে। আরো সেই ন্যাস কার্য্যসম্পর্কে কষ্টমের কর্ম্মবিভাগের এবং বন্দর রক্ষকের অভিমত জ্ঞাত করিবার ক্ষমতা দেওয়া বিহিত বোধ হইয়াছে।

ট্রষ্টিদের দ্বারা যে কার্য্য সম্পাদন হইবার সম্ভাবনা তাহার সাধারণ ভাব প্রকাশ বিনা, এই পাণ্ডুলিপিতে বন্দরের সৌষ্ঠব করণার্থে কোন বিশেষ কল্পনাপত্র নির্দ্দিষ্ট হয় নাই, যেহেতুক অভিপ্রেত কার্য্য যে বিশেষ নিয়মদ্বারা সম্পাদিত হইবে, তাহা নির্ণয়ের ভার স্থানীয় ও সর্ব্বোপরি গবর্ণমেণ্টের প্রতি অর্পণ করা শ্রেয়ঃ বোধ হইয়াছে।

ঋণগ্রহণপত্রদ্বারা যত টাকা সংগ্রহ করিতে হইবে এবং যে উচ্চতম হারে মাসুল আদায় করিতে হইবে এই পাণ্ডুলিপিতে তাহার সীমা নির্দ্ধার্য্য করিবার প্রস্তাব

limits should be seems matter which will be best determined after enquiry and discussion by the Select Committee on the Bill.

The Bill proposes that the Port-dues at present collected under the Port Act of 1855 (other than Pilotage-dues) shall be received by the Trustees, who shall also have power to levy Tolls for the landing, warehousing, and shipping of goods: and that the necessary funds shall be raised on the security of these dues and tolls, and of the property to be acquired by the Trustees.

T. H. COWIE.

The 6th January 1866.

WALKER MARSHALL,
Asst. Secy to Govt. of Bengal,
Legislative Department.

হইয়াছে। কিন্তু পাণ্ডুলিপির বিচারার্থে যে কমিটী মনোনীত হন তাঁহাদের দ্বারা অনুসন্ধান ও তর্কবিতর্ক করণান্তর সেই সীমা নিরূপণ করা শ্রেয়ঃ বোধ হইল।

পাণ্ডুলিপির এই প্রসঙ্গ যে, আড়কাটীর জন্যে গ্রহণীয় মাসুলভিন্ন বন্দরীয় যত মাসুল ১৮৫৫ সালের বন্দরের আইনমতে আদেয় হয়, তাহা টুষ্টিরা গ্রহণ করেন। এবং তাঁহারা জাহাজহইতে মাল নামাইবার ও আড়তে রাখিবার ও জাহাজে তুলিবার মাসুল আদায় করিবার ক্ষমতাপন্ন হইবেন, এবং ঐ আদেয় টাকার ও মাসুলের ও টুষ্টিরা যে সম্পত্তি প্রাপ্ত হইবেন তাহার প্রাতিভাব্যক্রমে প্রয়োজনীয় টাকা সংগ্রহ হয়।

৬ জানুআরি টি এচ কৌই।
ওয়াকর মার্শেল।
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিস্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

NOTICE.

CALCUTTA MUNICIPALITY.

A Special General Meeting of the Justices of the Peace will be held at the Town Hall on Friday, the 27th of April current, at 11 o'clock A. M., to receive the Report of the Finance Committee, on the letter from Government, on the subject of the payment of the cost of the Town Police by the Municipality.

At the conclusion of the business, the Meeting will be made Special, under Section IV of Act VI of 1866 (B. C.), to receive the Report of the Special Committee, and to "fix and determine the kind "of business that may be transacted at the Ordi- "nary and Quarterly Meetings of the Justices."

ROBT. TURNBULL,
Secy. to the Justices of the Peace.

OFFICE OF THE JUSTICES OF THE PEACE;
1, CHOWRINGHEE ROAD,
The 16th April 1866.

বিজ্ঞাপন।

কলিকাতার মুনিসিপালিটী।

মুনিসিপল ফণ্ডহইতে নগরের পোলীসের ব্যয় শোধ করণ বিষয়ে গবর্ণমেণ্ট যে পত্র লিখিয়াছিলেন, তদ্বিষয়ে ফিনান্সিয়ল কমিটীর রিপোর্ট গ্রহণার্থে, চলিত আপ্রিল মাসের ২৭ তারিখে বেলা ১১ ঘণ্টার সময়ে টৌন হালে শান্তিরক্ষার্থ জুষ্টিসদিগের বিশেষ সাধারণ সভা হইবে।

সেই কার্য্য সমাপ্ত হইলে পর বিশেষ কমিটীর রিপোর্ট গ্রহণার্থে এবং জষ্টিসদিগের সামান্য ও ত্রৈমাসিক সভাতে যে প্রকারের কর্য্য সম্পাদন হইবে, তাহা নিরূপণ ও নির্ণয় করণার্থে ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৬ আইনের ৪ ধারামতে সভা বিশেষ হইবে।

রাবর্ট টর্ণবুল।
শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের সেক্রেটারী।

শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের কার্য্যালয়।
চৌরঙ্গী রাস্তার ১ নং বাটী।
১৮৬৬ সাল ১৬ আপ্রিল।

NOTICE.

Any persons holding the Left-half of the Government Currency Note $\frac{A}{9}$36005, for Rupees 20, dated 11th July 1861, or the Right-half of the Government Currency Note $\frac{A}{9}$79853, for Rupees 20, dated 11th July 1861, are requested to communicate with the undersigned.

W. WAVELL,
Offg. Joint-Magistrate of Rungpore.

বিজ্ঞাপন।

১৮৬১ সালের ১ জুলাই তারিখের $\frac{A}{9}$৩৬০০৫ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের প্রথমার্দ্ধ কিম্বা ১৮৬১ সালের ১১ জুলাই তারিখের $\frac{A}{9}$৭৯৮৫৩ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের দ্বিতীয়ার্দ্ধ যাঁহার কাছে থাকে তিনি নিম্নে স্বাক্ষরকারিকে সংবাদ দিবেন।

ডবলিউ ওয়েবেল।
রঙ্গপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

ইস্তেহারনামা কাছারি কালেকটরী জিলা চট্টগ্রাম।

ইহাদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলার নীচের লিখিত মহালাৎ মালগুজারির বাকী বাবৎ ইঙ্গরাজি ১৮৬৬ সালের ২০ আপ্রিল মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তারিখ ৮ বৈশাখ রোজ শুক্রবার এই কালেকটরী কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬ ইংরাজি তারিখ ২৪ মার্চ।

প্রথম শ্রেণীর কায়েমি মহাল।

৬৪ নং নীলাম আনন্দী মামুল্লা মালিক আজমত আলী ও সেখ দেওয়ান আলী সদাগর সদর জমা ৪১৬০৻৩

২৪৬৭ নং তরফ রহমান তালিপ মালিক জিন্নত আলী খাঁ চৌধুরী সদর জমা ৬০৩৸৵৬

মহাল মহালেহা।

৩৯৩৫ নং তরফ রাধামাধব মালিক বালক দাস মহন্ত ও মনোহর দাস মহন্ত ও রামসুন্দর সেন ও সাছিরাম দস্তিদারের মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে মইমুনাখাওন ও অবশিষ্ট মহালের মং ৪৪৩৻১০ পাই আদায় হওয়া হিস্যা বাদে রামসুন্দর সেনের ও সাছিরাম দস্তিদারের হিস্যা নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ১৮১০৻৪

A. Smith,
Collector.

জিলা বাকরগঞ্জ।

সন ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের নীচের লিখিত মহালের সন ১২৭২ সনের নাগায়ৎ কিস্তি ফাগুনের বাকির নিমিত্ত সন ১৮৬৬ সনের ২৫ আপ্রিল মোতাবেক ১২৭৩ সনের ১৩ বৈশাখ রোজ বুধবার অত্র কালেকটরির কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ ইং তাং ৫ আপ্রিল।

২ শ্রেণী।

এস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল।

নম্বর ৪৮৪৩ পরগনে জালালপুর কলিকিলিচর চতুর্থ তক্তা মায়াদী বন্দোবস্ত গ্রহীতা রামদুল্লভ চক্রবর্ত্তী ও গৌরমোহন চক্রবর্ত্তী ও শিবসুন্দরী দেব্যা ও রামনারায়ণ সাহা ও রাধানাথ সাহা ও তৈমনোছা বিবি ও তাজনোছা বিবি ও পার্ব্বতীচরণ গুহ ও কালীশঙ্কর গুহ ও রঙ্গচন্দ্র গুহ ও ওমরাও খানম ও মিরহোসন আলী ও সেতারা বেগম ও এরাফতনোছা ও আনরগাজি ও সৈদ বেনিঅদ্দিন ওছি ও আক্কেনোছা খাওন ও বৈকুণ্ঠ রামরায় ও আপজুরনোছা খাওন সদর জমা।

খাজনা ৫৭৮০৸৵৪
মালিকানা ৬৬৪৷৵
রাস্তা খরচা ৭৭৷০

৬৭২২৷৶৪

H. C. Sutherland,
Offg. Collector.

জিলা দিনাজপুর।

এস্তালানামা কাচারি কালেকটরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৬। ২৮ মার্চ তকের বাকি মালগুজারি নিমিত্তক ১৮৬৬ সনের ৪ মেই মোং ১২৭৩ সালের ২২ বৈশাখ রোজ শুক্রবার এই জেলার কালেকটরী কাচারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

৩৯৪ নং তৌজী মৌজে সেঘটা ওগএরহ পরগনে খাঙ্গোর লিখিত মালিক ব্রজকৃষ্ণ ভট্টাচার্য্য ও কুবের মুখুর্য্যা ও ভগবতীচরণ ও অম্বিকাচরণ ও ত্রিলোচন ভট্টাচার্য্য ও ব্রহ্মময়ী দেব্যা গাদরে শ্রীশচন্দ্র ভট্টাচার্য্য সদর জমা ৬৫৯৵৮। পাই।

টৈং ১৮৫৯। ১১। ১০ ধারামত ব্রজকৃষ্ণ ভট্টাচার্য্যের হিস্যা ৵১০ যাহার সদর জমা ১০১।৵১১। পাই তাহার কিস্তী ফাল্গুন তকের বাকী ২৮৲ টাকা আদায় জন্য নীলামে ধরা গেল।

সন ১৮৬৬। তারিখ ৭ আপ্রিল দিনাজপুরের কালেকটরির আফিস।

W. Le. F. Robinson,
Collector.

[*Government Gazette*, 17*th April* 1866.]

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসিবর আফিস।
জমিদারিদিগর ইজারা।

চন্দ্রনাথ বিশ্বাস বাদী।
বিশ্বনাথ বিশ্বাসদিগর প্রতিবাদী।

সর্ব্বসাধারণ জনগণকে এই বিজ্ঞাপনপত্রের দ্বারায় জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ৯ মেই বুধবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময়ে হাই কোর্টের রিসিবর শ্রীযুত চার্লস সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত প্রাণকৃষ্ণ বিশ্বাসের ইস্টেটের দরুণ নীচের লিখিত জমিদারিদিগর ইজারার ডাক লইবেন যাহারা ইজারা লওনে ইচ্ছুক হএন উপরোক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনার অন্তঃপাতি মোং বারাসতের মাজিষ্ট্রেটের অধীন।

পরগনে আনরপুর তরফ জোজড়া ওগায়রহ কালেকুটরির রেজিস্টরি নম্বর ১৫৬ রকম ।।০ আনা মায় নাখেরাজ ও খেরাজ ও পুষ্করিণী ও বাগান ও হাট ও বাজার ও ঘাট ইত্যাদি।

পরগনে আনরপুর কিসমত কাএম্বা কালেকুটরির রেজিস্টরি নম্বর ১১৬১ রকম তিন অংশের ১ এক অংশ উপরের লিখিত মত।

পরগনে কলিকাতার মহল মদরছা মৌজে বনহুগলী ওগায়রহ কালেকুটরির রেজিস্টরির নম্বর ১৫৫ রকম ।।০ আট আনা মায় নাখেরাজ ও খেরাজ ও জমী ও পুষ্করিণী ও বাগান ও হাট ও বাজার ও ঘাট ইত্যাদি সেওয়ায় চাণকের গঙ্গার ধারের জমা যাহা মিশীয়ার্শ গারডন ইষ্টয়ার্ড কোম্পানিকে ইজারা দেওয়া গিয়াছে ইতি।

পরগনে কলিকাতা তালুক শ্রীবাটী কিসমত বেওতাদিগর কালেকুটরির রেজিস্টরির নম্বর ১৫৭ উপরের লিখিতমত রকম ।।০ আট আনা।

ঐ পরগনা পাটি গোবিন্দবাটী কালেকুটরির রেজিস্টরির নম্বর ১৫৯।

ঐ পরগনার কিসমত রুকড়া কালেকুটরির রেজিস্টরির নম্বর ১৮৪ উপরের লিখিতমত।

পরগনে হাতিয়াগর কিসমত খড়দহা রকম ৶১০ তিনআনা দশ গোণ্ডা ইস্টেট রুদ্রদেবনগর কালেকুটরির রেজিস্টরির নম্বর ১১০৫ ও মহল গাতি ইত্যাদি।

পরগনে কলিকাতা কিসমত করিমপুর কালেকুটরির রেজিস্টরির নম্বর ১২৫৯।

পরগনে মাগুরা তরফ শঙ্করপুর কালেকুটরির রেজিস্টরির নম্বর ১২৪।

মৌজে খড়দহা পরগনে কলিকাতা ৫ খান বাগান তায় কলের বাগান সোঁর বাগান মায় পাকা ইমারৎ দরুণ রামবিশ্বাসের বাগান সামের বাগান ফুলবাগান মায় অন্য ২ পুষ্করিণী ও বাগান ও নাখেরাজ ও খেরাজ জমী ইত্যাদি।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা হাই কোর্ট রিসিবর আফিস
৫ নম্বর ইষ্ট্রাণ্ড রোড সন ১৮৬৬ সাল
তারিখ ৯ আপ্রিল।

বিজ্ঞাপন।

রেবিনিউ হেণ্ড বুক নামক এক খানি নূতন পুস্তক অর্থাৎ রাজস্ব এবং রাজস্বের মূলসংক্রান্ত নিয়ম এবং ১৭৯৩ সাল হইতে ১৮৬৫ সালপর্য্যন্ত প্রচলিত সম্পূর্ণ রেগুলেসন এবং আক্ট ও তাহার প্রয়োজনীয় টীকা, নজীর ও সরকুলর চিঠীপ্রভৃতি এবং রেবিনিউ বোর্ড, কমিসনর, কালেক্টর ডেপুটি কালেকটর এবং রাজস্বের আমলাগণের কর্ত্তব্যাকর্ম্মের বিবরণ প্রভৃতি, সুচিপত্র, উপক্রমণিকা ফিরিস্তি এবং খোলাসাসহ, নীলকর, জমীদার ও রাইয়ত এবং প্লীডর ও মোক্তার এবং লবণ, আফীন ও আবকারী সম্পার্কীয় লোকপ্রভৃতি দেশী নিতান্ত প্রয়োজনীয় বিধায় বঙ্গভাষায় অনুবাদ ও সংগ্রহ করিয়া ১০০০ সহস্রাধিক পৃষ্ঠায় মুদ্রিত হইয়াছে।

মূল্য ৮ টাকা ডাকমাসুল ইত্যাদি ১ টাকা
উত্তম বান্ধাই ৯ টাকা ঐ ঐ ঐ

শ্রীবেণীমাধব দে এণ্ড কোম্পানী।

কলিকাতা
চিৎপুররোড ২৪৬ নং
বটতলা

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এক জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, APRIL 17, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১৭ আপ্রিল।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। এ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা চট্টগ্রাম।

ইস্তেহারনামা কাছারী কালেক্‌টরী জেলা চট্টগ্রাম।

ইহাদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহালের সরকারি মালিকী স্বত্ব অত্র চট্টগ্রাম জেলার কালেক্‌টরি কাছারিতে আগামি ৩০ আপ্রিল মোতাবেক ১২৭৩ বাঙ্গলা ১৮ বৈশাখ সোমবার মং ৬৮৫৪।৵ আনা মূল্য ধার্য্য সরকারি খাজানার দাবি পরিত্যাগে নীলামে ধরা যাইবেক।

১। যে ব্যক্তি ক্রয় করেন মূল্যের টাকার দশ অংশের একাংশ তাহাকে তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক এবং অবশিষ্ট টাকা সুদ সহ সরকারি পতিত ভূমি বিক্রীর মূল্যের টাকা আদায়ের বিধানমতে ১০ বৎসর মধ্যে কিস্তিমতে উসুল করা যাইবেক।

২। যদি বাকী পড়া সুদ কোন সনের ১৫ মে তারিখে আদায় না হয় অথবা সমুদয় মূল্যের টাকা নীলামের পর দশম বৎসরের বৎসর ১৫ মের পূর্ব্বে আদায় না হয় তবে বাকী উসুলের ইস্তেহার প্রচারান্তে বাকীদার নীলাম খরিদদারের ঝুঁকিতে পুনঃ নীলাম হইবেক ইতি। সন ১৮৬৬ ইং তারিখ ৬ মার্চ।

তফসীল।

রাজকীয় মহালের নম্বর।	জেলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম	জমিন একর পরিমাণ।	মন্তব্য।
			একর রূড পৌল গজ	
১৩৫	০	মৌজে সরল নিষ্কর পতিত ভূমি ...	১৭৫৮। ১। ৩৬। ২৯	
১৩৬	০	মৌজে গণ্ডামারা নিষ্কর পতিত ভূমি ...	৬০৪। ০। ১৯। ৯।	
২ ১৮৬৪। ৬৫	১৪৭	নীলাম বৈদ্যনাথ কামনগোয় বাবৎ তরফ কানুরাম ঝিং সরল ...	৩৪৭। ১। ২৪। ২৪॥	
৮	৩৮	মৌজে সরল তরফ আলাম খার আন্দর ...	১। ৩। ৩০। ৬॥	
৯	৩৮৭৩৯	মৌজে মলকীচর দখল শাল্ট এজেন্ট সাহেব জিং মামুল্যা ...	২৯। ৩। ১০। ১৯॥	
			২৭৪১। ৩। ১। ২৮৬	খরিদের তারিখাবধি নীলামদার দখল পাইবেক।

J. C. Price,
Offg. Depty Collector.

জিলা ২৪ পরগনা।

এস্তাহার নামা কাছারি কালেক্টরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরাজী সন ১৮৬৬ সালের মে মাসের ১০ তারিখে মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সালের বৈশাখ মাসের ২৮ তারিখে বৃহস্পতিবার জেলা ২৪ পরগনার কালেক্টরি কাছারীতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন।

জিলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক	মন্তব্য।
			মার্য্য করা রাজস্ব।	রাস্তার টেক্স	মোট		
২৩৬২	পং কলিকাতা সুকচর	এঃ কঃ পঃ ১। ৩। ৩৭	৮॥০	⁄৪	৮॥⁄৪	১৭৲	

A. J. R. Bainbridge,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেব কর্ত্তৃকমুদ্রিত ও প্রকাশিত হইল।

[Enforcement of execution by Court applied to.]

CCCCLIX. When the holder of a decree which shall have been sent under the foregoing provisions for execution by a Court other than the Court which passed the decree shall apply for execution of the decree to the Court to which it shall have been so sent, such Court, or any subordinate Court to which the execution of the decree may be entrusted, shall proceed to execute the decree according to the provisions of this Chapter so far as the same can be made applicable, or to its own rules in the like cases when such rules exist and have the force of law: Provided that such Court shall have no power to enquire into the validity of the decree unless it appear upon the face of the decree that the Court by which it was passed had no jurisdiction to pass it. (S. C. C. & R. C.)

[Execution by High Court, of decree transmitted by other Court. Proviso as to Small Cause Courts.]

CCCCLX. If the Court to which the decree is transmitted for execution be a High Court, the decree shall be executed by such Court in the same manner as if the decree had been passed by such Court in the exercise of its ordinary original Civil jurisdiction: Provided that no decree shall be transmitted for execution by a High Court if the decree was made by a Court of Small Causes, or in a case cognizable by a Court of Small Causes.

[Power of Court applied to by decree-holder in executing decree.]

CCCCLXI. The Court to which the holder of the decree shall so apply, shall have the same powers in executing the decree as the Court by which it was passed would have had if the decree had been capable of being executed within the jurisdiction of the said Court. (S. C. C. & R. C.)

[Wrongful acts or irregularities in executing decree to be punished by Court applied to.]

CCCCLXII. The Court to which such application is made or referred for execution as aforesaid, shall take cognizance of and punish all wrongful acts or irregularities done or committed in executing such decree; and all persons disobeying or obstructing the execution of the decree shall be punishable by such Court in the same manner as if the decree had been made by such Court. (S. C. C. & R. C.)

[Court applied to may in certain cases stay execution.]

CCCCLXIII. The Court to which such application is made or referred as aforesaid, may, upon

[যে আদালতের নিকটে ডিক্রীসাধনের প্রার্থনা হয় তৎকর্ত্তৃক ডিক্রী প্রবল হইবার কথা।]

৪৫৯ ধারা। যে আদালত ডিক্রী করিলেন পূর্ব্বোক্ত বিধানক্রমে তদ্ভিন্ন কোন আদালতকর্ত্তৃক প্রবল হইবার জন্যে ডিক্রী প্রেরিত হইলে, যে আদালতে প্রেরিত হইল, তাঁহার নিকটে যখন ডিক্রীদার ডিক্রী সাধনার্থ প্রার্থনা করেন, তখন সেই আদালত কিম্বা ডিক্রীসাধনের ভার অন্য যে অধঃস্থ আদালতের প্রতি অর্পিত হয় সেই আদালত, এই অধ্যায়ের বিধান যত দূর বর্ত্তান যাইতে পারে তত দূর তদনুসারে, কিম্বা তদ্রূপ স্থলের উপযুক্ত ঐ আদালতের বিধি থাকিলে ও আইনের ন্যায় বলবৎ হইলে সেই বিধি অনুসারে ঐ ডিক্রী সাধন করিতে প্রবর্ত্ত হইবেন। কিন্তু যে আদালত ঐ ডিক্রী করিয়াছিলেন তাঁহার ঐ ডিক্রী করিবার বিচারাধিপত্য নাই ইহা ডিক্রী দৃষ্টমাত্রে সপ্রকাশ না হইলে উক্ত অন্য আদালত সেই ডিক্রীর সিদ্ধতার অনুসন্ধান করিতে কোন মতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[অন্য আদালতের প্রেরিত ডিক্রীর সাধন হাই কোর্টদ্বারা হইবার কথা, ও ক্ষুদ্র মোকদ্দমার আদালত সম্পর্কে উপনিয়ম।]

৪৬০ ধারা। ডিক্রী সাধন করণাভিপ্রায়ে যে আদালতের নিকটে প্রেরিত হয় সেই আদালত যদি হাই কোর্ট হন, তবে ঐ হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সামান্য ক্ষমতাক্রমে আপনি যেন ঐ ডিক্রী করিলেন, এমতে তাহা সাধন করিবেন। কিন্তু যদি সেই ডিক্রী ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালত কর্ত্তৃক কিম্বা ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার করিবার ক্ষমতার মধ্য কোন মোকদ্দমায় করা যায়, তবে হাই কোর্টের দ্বারা সাধন হইবার জন্যে প্রেরিত হইবে না ইতি।

[ডিক্রীদার যে আদালতের নিকটে প্রার্থনা করেন, ডিক্রী সাধনার্থে সেই আদালতের ক্ষমতার কথা।]

৪৬১ ধারা। ডিক্রী যে আদালতকর্ত্তৃক হইয়াছিল, সেই আদালতের বিচারাধিপত্য স্থানের মধ্যে সাধন হইতে পারিলে, ঐ আদালত তৎসাধনে যেং ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিতেন, ডিক্রীদার যে আদালতের নিকটে প্রার্থনা করেন সেই আদালতও সেই ডিক্রী সাধনার্থে সেইং ক্ষমতাপন্ন হইবেন ইতি। ক্ষু. মো. আ. ও রা. আ,)

[ডিক্রীর সাধনকালে অন্যায় কি অনিয়মিত কার্য্য হইলে যে আদালতের নিকটে প্রার্থনা করা গেল তৎকর্ত্তৃক তাহার দণ্ড হইবার কথা।]

৪৬২ ধারা। যে আদালতের নিকটে পূর্ব্বোক্ত প্রকারে প্রার্থনা করা যায় কি সাধনার্থে ডিক্রী প্রেরিত হয়, যদি সেই ডিক্রীর সাধনকালে অন্যায্য কি অনিয়মিত কোন কর্ম্ম করা যায়, তবে সেই আদালত ঐ কর্ম্মের বিচার করিয়া দণ্ড করিবেন, এবং যে সকল লোক সেই ডিক্রী অমান্য করে কি তৎসাধনের বাধা জন্মায় তাহারা, ঐ আদালত আপনি যেন ঐ ডিক্রী করিয়াছিলেন তদ্রূপে ঐ আদালতকর্ত্তৃক দণ্ডনীয় হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[যে আদালতের নিকটে প্রার্থনা হয় বিশেষং স্থলে ডিক্রীর সাধন স্থগিত করিতে তাঁহার ক্ষমতার কথা।]

৪৬৩ ধারা। যে আদালতে ডিক্রী হইয়াছিল, কিম্বা ঐ ডিক্রী কি তৎসাধন সম্পর্কে যে আদালতে

sufficient cause being shown, stay the execution of the decree for a reasonable time to enable the defendant to apply to the Court by which the decree was passed, or to any Court having appellate jurisdiction in respect of the decree or the execution thereof, for an order to stay the execution, or for any other order relating to the decree or execution which such Court of first instance or appellate Court might have made if execution had been issued by such Court of first instance or if application for execution had been made to such Court; and in case the property or person of the defendant shall have been seized under an execution, the Court which issued the execution may order the restitution of the property or the discharge of the person of the defendant pending the result of such application. (S. C. C. & R. C.)

আপীল শুনিবার ক্ষমতা থাকে, সেই আদালতের নিকটে প্রতিবাদী ডিক্রীসাধন স্থগিত হইবার আজ্ঞা প্রার্থনা করিতে পারেন, অথবা আদৌ প্রবর্ত্তকারি ঐ আদালতহইতে ডিক্রী সাধনের কার্য্য হইলে, কিম্বা সেই আদালতের নিকটে ডিক্রী সাধন করিবার প্রার্থনা হইলে, সেই প্রথম স্থলের আদালত কি সেই আপীল আদালত ঐ ডিক্রী কি তৎসাধন সম্পর্কে অন্য যে কোন আজ্ঞা করিতে পারিতেন প্রতিবাদী তদ্রূপ আজ্ঞা হইবার প্রার্থনা করিতে পারেন এই নিমিত্তে যে আদালতের নিকটে পূর্ব্বোক্ত প্রার্থনা করা যায় কি ডিক্রী অর্পিত হয় বিশিষ্ট কারণ দর্শান গেলে সেই আদালত যুক্তিমত কোন সময়ের নিমিত্তে ডিক্রী সাধনের কার্য্য স্থগিত করিতে পারিবেন। ডিক্রী সাধনক্রমে যদি প্রতিবাদী আপনি কি তাঁহার সম্পত্তি ধৃত হইয়া থাকে, তবে যে আদালত ডিক্রী সাধনের আজ্ঞা করিয়াছেন তিনি সেই প্রার্থনার ফল প্রকাশিত না হওন পর্য্যন্ত উক্ত সম্পত্তি ফিরিয়া দিবার কি প্রতিবাদিকে মুক্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[Before making any order under last Section, Court may require security from, or impose conditions upon, defendant.]

CCCCLXIV. Before passing an order to stay execution or for the restitution of property or the discharge of the defendant under the last preceding Section, the Court may require such security from, or impose such conditions upon, the defendant, as it may deem reasonable. (S. C. C. & R. C.)

[ইহার পূর্ব্ব ধারানুসারে কোন আজ্ঞা করিবার পূর্ব্বে প্রতিবাদির নিকটে আদালতের প্রতিভূ লইবার কি তাঁহাকে নিয়মবদ্ধ করিবার ক্ষমতার কথা।]

দানাপুরের ভূতপূর্ব্ব একটিং কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুক্ত এচ সি আডলাম সাহেব মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনর্ব্বার নিযুক্ত হইয়াছেন। উক্ত নিয়োগ গত মাসের ১৩ তারিখ অবধি প্রবল হইবে।

NOTFICATION.

The 7th April 1866.

It is hereby notified, with reference to Section 4, Act No. IX. of 1847, that the Revenue Surveys of the following Districts were approved by Government on the under-mentioned day, *viz.*:—

Of the District of Dinagepore on the ...	7th instant.
Of the District of Backergunge on the ...	
Of the District of Tipperah on the ...	

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৭ আপ্রিল।

১৮৪৭ সালের ৯ আইনের ৪ ধারার উপলক্ষে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে পশ্চাৎ লিখিত জিলার রাজস্ব সম্পর্কীয় পরিমাপণ কার্য্য নিম্ন লিখিত তারিখে গবর্ণমেন্টকর্ত্তৃক অনুমোদিত হইয়াছে, অর্থাৎ—

দিনাজপুর জিলার	এই মাসের ৭ তারিখে।
বাকরগঞ্জ জিলার	
ত্রিপুরা জিলার	

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the construction of a Municipal Market, it is hereby declared that, for the above purpose, a piece of land, situated within the Town of Calcutta, measuring in length 280 feet and in width 200 feet, and aggregating 78 cottahs, more or less, and recorded as portion of No. 108 of Jaun Bazar Street, belonging to the Estate of Sreemutty Hurrosoonderry Dossee, is required.

It is bounded on the North and on the East by the remaining portion of the said number to be taken; on the South by Jaun Bazaar Street, and on the West by Grant Street.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মুনিসিপল বাজার প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে ন্যূনাধিক ২৮০ ফুট দীর্ঘ ও ২০০ ফুট প্রশস্ত অর্থাৎ মোটে ৭৮ কাঠা ভূমির প্রয়োজন, উক্ত ভূমি জানবাজার রাস্তার ১০৮ নং যোত শ্রীমতী হরসুন্দরী দাসীর অধিকৃত সম্পত্তির মধ্যে লিখিত।

উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব সীমা উক্ত নম্বরের যোতের অবশিষ্টাংশ, দক্ষিণ সীমা জানবাজারের রাস্তা, পশ্চিম সীমা গ্রাণ্ট ষ্ট্রীট।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPEARTMENT.

No. 97.

LOCAL.

The 7th April 1866.

Declaration under Section II. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Benga that land is required to be taken by

পবলিক ওকস ডিপার্টমেণ্ট।

৯৭ নম্বর।

স্থানীয়।

১৮৬৬ সাল ৭ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে, অর্থাৎ হাবড়া নগরে

Government for public purpose, *viz.*, for the site of gas-works for lighting the Town of Howrah, it is hereby delcared that, for the above purpose, a plot of land is required, measuring 41 beegahs and 12 cottahs, more or less, situated in the District of Hooghly, Pergunnah Boro, Mouzah Howrah.

It is bounded on the North by the respective properties of Radha Monee Dassee, Khetter Churn Santra and others, Kartick and Goness Chunder Manjee, Russukally Khan and Deno Moye Dassee; on the South and West by the lands recently taken for a Branch Railway Line to the Coal Depôt, and on the East by the Trunk Road.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. Nicolls, *Lieut.-Col., R. E.,*
Offg. Secy. to the Govt. of Bengal,
in the Public Works Department.

আলো দিবার নিমিত্তে গ্যাসের কার্য্যের জন্যে বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে হুগলী জিলার অন্তর্গত বোর পরগনার হাবড়া মৌজায় ন্যূনাধিক ৪১৷৷২ কাঠা ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা রাধামণি দাসীর ও ক্ষেত্রচন্দ্র সাঁতরাপ্রভৃতির ও কার্ত্তিক ও গণেশচন্দ্র মাঝির ও রসখআলী খাঁর ও দিনময়ী দাসীর সম্পত্তি, দক্ষিণ ও পশ্চিম সীমা কয়লার গুদাম পর্য্যন্ত শাখা রেল পথ করিবার জন্যে সম্প্রতি যে ভূমি লওয়া গিয়াছে তাহা, পূর্ব্ব সীমা বড়রাস্তা।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে ই টি নিকলস, লেপ্টেনেণ্ট কর্ণেল আর ই,
পবলিক ওর্ক্স ডিপার্টমেণ্টের,
বঙ্গদেশের গবর্মেণ্টের একটিং সেক্রেটারী।

No. 88.

Local.

The 16th April 1866.

Declaration under Sections II. and XXXIII., Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for a Road connecting the Kanoo Junction Railway Station to the Grand Trunk Road, it is hereby declared that, for the above purpose, a strip of land is required running through the Villages of Sanko, Khaus, Shunka, Billiagram, and Satinundy, in the District of Burdwan, and measuring 70 beegahs 1 cottah 8 chittacks, or 8,409 feet, by an average breadth of 120 feet, more or less.

The land is bounded on the South by the Grand Trunk Road; North by the East Indian Railway; and on the West and East by lands appertaining to the villages above noted.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

W. B. Macrone,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

৮৮ নম্বর।

স্থানীয়।

১৮৬৬ সাল ১৬ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কানু জঙ্কশন রেলওয়ে ষ্টেশনের সহিত উত্তরপশ্চিম দেশে গমনের বড় পথ পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে, যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে, বর্দ্ধমান জিলার অন্তর্গত সাঁকো, ও খাস, ও শঙ্ক ও বিলিয়াগ্রাম ও সাতীনন্দা গ্রাম দিয়া ৭০/১৷০ ছটাক পরিমিত ভূমির অর্থাৎ ন্যূনাধিক ৮৪০৯ ফুট দীর্ঘ ও গড়ে ১২০ ফুট প্রশস্ত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির দক্ষিণ সীমা, উত্তর পশ্চিম দেশে গমনের বড় পথ, উত্তর সীমা ইষ্টইণ্ডিয়া রেলপথ, পশ্চিম ও পূর্ব্ব সীমা উপরোক্ত গ্রামসম্পর্কীয় ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

ডবলিউ বি মাক্রোন্,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্টসেক্রেটারী।

PUBLIC WORKS (RAILWAY) DEPARTMENT,—BENGAL.

Fort William, the 4th April 1866.

Draft of revised Declaration under Sections 2 and 33 of Act VI. of 1857, in supersession of the Declaration published in page 525 of the "Calcutta Gazette," dated the 21st March 1866.

Notification.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for a line of Railway between Jogotee and Goalundo in extension of the Eastern Bengal Railway, it is hereby declared that, for the above purpose, a strip of land is required, being, more or less, forty-five miles long and three hundred and fifty feet broad, and extending from the village Jogotee, in Pergunnah Muhamedshahye, Kooshtee Sub-Division, in the District of Nuddea, to Goalundo, in the District of Furreedpore.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

F. S. TAYLOR, *Captain, R. E.,*
Joint-Secy. to the Govt. of Bengal.

Fort William, the 9th April 1866.

NOTIFICATION.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for a Platelayer's Bungalow at the Kissengunge Railway Station of the Eastern Bengal Railway Company, it is hereby notified that, for the aforesaid purpose, a piece of land, situated at about 100 yards south-west of the said Railway Station on the outskirts of the Village Magdeah, Pergunnah Ookrah, measuring one beegah eleven cottahs and four chittacks, more or less, is required.

The land is bounded on the North partly by the Railway Company's land and partly by land held in Putnee by the Khalboaliah Factory; on the West and South by the same Putnee land, and on the East by the Railway Company's land.

2. This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

The Hon'ble the Lieutenant-Governor of Bengal is pleased to rule that from the 1st May 1866 all Commissioners, Collectors, Magistrates, Executive Engineers, Treasury and other Officers

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম ১৮৬৬ সাল ৪ আপ্রিল।

১৮৬৬ সালের ২১ মার্চ তারিখের বাঙ্গলা গেজেটের ৫২৫ পৃষ্ঠায় যে বিজ্ঞাপন প্রকাশ হয় তদতিরিক্ত ১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামতের সংশোধিত বিজ্ঞাপনের পাণ্ডুলিপি।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ে বৃদ্ধি করণপূর্ব্বক জগতী ও গোয়ালন্দের মধ্যে রেল পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নদীয়া জিলার অন্তর্গত কুষ্টা শাখাখণ্ডের মহমুদশাহী পরগনার জগতী গ্রাম অবধি ফরীদপুর জিলার অন্তর্গত গোয়ালন্দ পর্য্যন্ত পঁয়তাল্লিশ মাইল দীর্ঘ ও তিন শত পঞ্চাশ ফুট প্রশস্ত ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর, কাপ্তান আর ই,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৬৬ সাল ৯ আপ্রিল।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির কৃষ্ণগঞ্জ রেলওয়ে ইষ্টেশনে প্লেটলেয়রের ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উখড়া পরগনার মাগদিয়া গ্রামোপান্তস্থ উক্ত রেলওয়ে ইষ্টেশনের প্রায় ১০০ গজ দক্ষিণ পশ্চিমে স্থিত ন্যূনাধিক ১৷।১৷০ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তরসীমা রেলওয়ে কোম্পানির ও খাল বোয়ালিয়া কুঠির পত্তনী ভূমির কতক অংশ, পশ্চিম ও দক্ষিণ সীমা উক্ত পত্তনী ভূমি, পূর্ব্ব সীমা রেলওয়ে কোম্পানির ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই বিধি করিলেন যে ১৮৬৬ সালের মে মাসের ১ তারিখ অবধি পোষ্ট আফিস ভিন্ন সিবিল ডিপার্টমেণ্টের সকল কমিস্যনর ও কালেক্টর ও মাজিষ্ট্রেট ও একসে-

of the Civil Department, the Post Office excepted, who may have occasion to use the East Indian Railway in the Bengal Division, will no longer receive credit from, or keep open accounts with, the Traffic Manager, but are to pre-pay in cash the amount of all Railway charges incurred by them on the public service.

2. The Deputy Auditor and Accountant-General and the Public Works Department have been instructed to issue the necessary subsidiary orders for the adjustment of these charges and their exhibition in account.

Fort William, the 16th April 1866.

NOTIFICATION.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for stacking sleepers and for a Store-yard at Seetarampore Station, on the Burrakur Extension of the East Indian Railway, it is hereby declared that a plot of land there, comprising about 21 beegahs 12 cottahs 14 chittacks, more or less, is required. The land is bounded on the North and East by land belonging to the Beerbhoom Coal Company and within the limits of the Village Belroe; West by ground belonging to the same Company, and South by the Railway, being about 200 yards west of the Station platform.

This Declaration is made, under the provisions of Section 2 of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

J. Hovenden, *Major, R. E.,*
Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D., Railway Branch

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 9th April 1866.

Baboo Shamlall Holdar, Officiating Moonsiff of Sasseeram, Zillah Shahabad, to be Moonsiff of Sasseeram, Zillah Shahabad.

The 10th April 1866.

Baboo Muddun Mohun Turkobhooshun, Moonsiff of Narrail, Zillah Jessore, to be Moonsiff of Gowas, Zillah Moorshedabad.

Baboo Shamdhun Mookerjee, 1st Grade Moonsiff of Gowas, Zillah Moorshedabad, to be Moonsiff of Narrail, Zillah Jessore.

কুটিব ইঞ্জিনিয়র ও ট্রেজরীর ও অন্য যে কার্য্যকারকেরা কখনং বঙ্গ বিভাগের ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে ব্যবহার করিয়া থাকেন তাঁহারা ট্রাফিক মানেজরের নিকটে ঋণী হইবেন না কি তাঁহার সঙ্গে লেনা দেনার হিসাব রাখিবেন না, কিন্তু রাজকীয় কার্য্যোপলক্ষে রেলওয়ে সংক্রান্ত যত খরচ হয় তাহার অগ্রিম নগদ মূল্য দিবেন।

ডেপুটী আডিটর ও আকৌন্টেন্ট জেনরল সাহেবকে এবং পবলিক ওর্কস ডিপার্টমেন্টে আদেশ হইয়াছে যে তাঁহারা ঐং খরচ নিষ্পত্তির এবং হিসাবে লেখাইবার নিমিত্তে এ আজ্ঞার সহযোগি প্রয়োজনীয় আজ্ঞা করেন।

ফোর্ট উলিয়ম ১৮৬৬ সাল ১৬ আপ্রিল।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বরাকরে ইষ্ট ইণ্ডিয়া রেলপথে বর্দ্ধিত পথে সীতারামপুর ষ্টেশনে রেল বসাইবার এড়োকাঠ গাদি করিয়া রাখিবার ও সামগ্রী সংগ্রহ করণার্থ স্থানের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে তথায় ন্যূনাধিক ২১৷১২৷৵ ছটাক ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব সীমা বেলরুই গ্রামের সীমার অন্তর্গত বীরভূম কোল কোম্পানির অধিকৃত ভূমি, পশ্চিম সীমা উক্ত কোম্পানির অধিকৃত ভূমি, দক্ষিণ সীমা ষ্টেশন প্লাটফর্ম্মের প্রায় ২০০ গজ পশ্চিম রেলপথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

জে হবেনডেন, মেজর, আর, ই,
রেলওয়ে শাখার পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ৯ আপ্রিল।

শাহাবাদ জিলার সাশারামের একটিং মুনসেফ শ্রীযুত বাবু শ্যামলাল হালদার শাহাবাদ জিলার সাসীরামের মুনসেফ হইবেন।

১৮৬৬ সাল ১০ আপ্রিল।

যশোহর জিলার নড়াইলের মুনসেফ শ্রীযুত বাবু মদনমোহন তর্কভূষণ মুরশিদাবাদ জিলার গোয়াসের মুনসেফ হইবেন।

মুরশিদাবাদ জিলার গোয়াসের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু শ্যামধন মুখোপাধ্যায় যশোহর জিলার নড়াইলের মুনসেফ হইবেন।

Baboo Kadaressur Roy, Moonsiff of Gopalpore, Zillah Beerbhoom, to be Moonsiff of Khoolneah, Zillah Jessore.

Baboo Juddonauth Mullick, Officiating Sudder Ameen of Midnapore, to be Moonsiff of Gopalpore, but to continue to Officiate until further orders as Sudder Ameen of Midnapore.

Baboo Baneemadhub Mitter, B. L., to officiate as Moonsiff of Gopalpore, Zillah Beerbhoom, until further orders.

The 11th April 1866.

Baboo Degumber Canoongoe, to officiate as Moonsiff of Seetacoond, Zillah Chittagong, during the absence of the permanant incumbent on leave.

LEAVE OF ABSENCE.

The 11th April 1866.

Baboo Puddolochun Doss, Moonsiff of Seetacoond, Zillah Chittagong for four months, under paragraph 12, Clause 1, of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP,
Registrar.

বীরভূম জিলার গোপালপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু কেদারেশ্বর রায় যশোহর জিলার খুলনার মুনসেফ হইবেন।

মেদিনীপুরের একটিং সদর আমীন শ্রীযুত বাবু যদুনাথ মল্লিক গোপালপুরের মুনসেফ হইবেন। কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মেদনীপুরের সদর আমীনের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু বেণীমাধব মিত্র বি, এল, অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বীরভূম জিলার গোপালপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১১ আপ্রিল।

স্থায়িপদধারকের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে শ্রীযুত বাবু দিগম্বর কানন্গু চট্টগ্রাম জিলার সীতাকুণ্ডের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ১১ আপ্রিল।

চট্টগ্রাম জিলার সীতাকুণ্ডের মুনসেফ শ্রীযুক্ত বাবু পদ্মলোচন দাস অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে চারি মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার

NOTICE.

CALCUTTA MUNICIPALITY.

A Special General Meeting of the Justices of the Peace will be held at the Town Hall on Friday, the 27th of April current, at 11 o'clock A. M., to receive the Report of the Finance Committee on the letter from Government on the subject of the payment of the cost of the Town Police by the Municipality

At the conclusion of the business the Meeting will be made Special, under Section IV. of Act VI. of 1866 (B. C.), to receive the Report of the Special Committee and to "fix and determine the kind "of business that may be transacted at the Ordi- "nary and Quarterly Meetings of the Justices."

ROBT. TURNBULL,
Secy. to the Justices of the Peace.

OFFICE OF THE JUSTICES OF THE PEACE;
1, CHOWRINGHEE ROAD,
The 16th April 1866.

বিজ্ঞাপন।

কলিকাতার মুনিসিপালিটী।

মুনিসিপাল ফণ্ডহইতে নগরের পোলীসের ব্যয় শোধ করণ বিষয়ে গবর্ণমেণ্ট যে পত্র লিখিয়াছিলেন, তদ্বিষয়ে ফিনান্সিয়ল কমিটীর রিপোর্ট গ্রহণার্থে, চলিত আপ্রিল মাসের ২৭ তারিখে বেলা ১১ ঘন্টার সময়ে টৌন হালে শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের বিশেষ সাধারণ সভা হইবে।

সেই কার্য্য সমাপ্ত হইলে পর বিশেষ কমিটীর রিপোর্ট গ্রহণার্থে এবং জষ্টিসদিগের সামান্য ও ত্রৈমাসিক সভাতে যে প্রকারের কর্য্য সম্পাদন হইবে, তাহা নিরূপণ ও নির্ণয় করণার্থে ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৬ আইনের ৪ ধারামতে সভা বিশেষ হইবে।

রাবর্ট টর্ণবুল।
শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের সেক্রেটারী।

শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের কার্য্যালয়।
চৌরঙ্গী রাস্তার ১ নং বাটী।
১৮৬৬ সাল ১৬ আপ্রিল,

CALCUTTA POLICE NOTIFICATION.

It is hereby notified by the Commissioner of Police, with the sanction of the Lieutenant-Governor of Bengal, that the limits within which any person committing any of the offences specified in Section 66 of Act IV, (B. C.) of 1866 is liable to the penalty therein prescribed, shall be the limits of the Town of Calcutta as declared by the Proclamation of the Governor General in Council on the 10th September 1794 by virtue of the Statute 33, George 3, Cap. 52, Section 159.

S. S. Hogg,
Commissioner of Police.

Police Office,
The 10th April 1866.

কলিকাতার পোলীসের বিজ্ঞাপ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্‌টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে পোলীসের কমিসানর সাহেব ইহাতে প্রকাশ করিতেছেন যে, ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৪ আইনের ৬৬ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ যে সীমার মধ্যে করিলে অপরাধির সেই ধারার নির্দ্দিষ্ট দণ্ড হইতে পারে সেই সীমা তৃতীয় জর্জ্জ রাজার ৩৩ বৎসরের আইনের ৫২ অধ্যায়ের ১৫৯ ধারার বলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ১৭৯৪ সালের সেপ্টেম্বর মাসের ১০ তারিখের বিজ্ঞাপনক্রমে প্রকাশিত কলিকাতা নগরের সীমা জানিতে হইবে।

এস এস হাগ,
পোলীসের কমিসানর।

পোলীসের কার্য্যালয়
১৮৬৬ সাল ১০ আপ্রিল।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বাকরগঞ্জ।

সন ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের নীচের লিখিত মহালের সন ১২৭২ সনের নাগায়ৎ কিস্তি ফাল্গুনের বাকির নিমিত্ত সন ১৮৬৬ সনের ২৫ আপ্রিল মোতাবেক ১২৭৩ সনের ১৩ বৈশাখ রোজ বুধবার অত্র কালেক্‌টরির কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ ইং তাং ৫ আপ্রিল।

২ শ্রেণী।

এস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল।

নম্বর ৫৮৫৩ পরগণে জামালপুর কলিকিলিচর চতুর্থ তক্তা ম্যায়াদী বন্দোবস্ত গ্রহীতা রামদুর্লভ চক্রবর্ত্তী ও গৌরমোহন চক্রবর্ত্তী ও শিবসুন্দরী দেব্যা ও রামনারায়ণ সাহা ও রাধানাথ সাহা ও তৈমনেছা বিবি ও তাজনেছা বিবি ও পার্ব্বতীচরণ গুহ ও কালীশঙ্কর গুহ ও রুদ্রচন্দ্র গুহ ও ওমরাও খানম ও মিরহোসন আলী ও সেতারা বেগম ও এয়াফতনেছা ও আনরগাজি ও সৈদ বেনিঅদ্দিন ওহি ও আক্রেনেছা খাওন ও বৈকুণ্ঠ রামরায় ও আপছুরনেছা খাওন সদর জমা।

থাজনা ৫৯৮০৸৵৪
মালিকানা ৬৬৫৷৵
রাস্তা খরচা ৭৭।০

৬৭২২।৵৪

H. C. Sutherland,
Offg. Collector.

জিলা দিনাজপুর।

এস্তালানামা কাচারি কালেক্‌টরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৬। ২৮ মার্চ তকের বাকি মালগুজারি নিমিত্তক ১৮৬৬ সনের ৪ মেই মোং ১২৭৩ সালের ২২ বৈশাখ রোজ শুক্রবার এই জেলার কালেক্‌টরী কাচারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

৩৯৪ নং তৌজী মৌজে দেঘটা ওগএরহ পরগনে খাস্তোর লিখিত মালিক ব্রজকৃষ্ণ ভট্টাচার্য্য ও কুবের মুখুর্য্যা ও ভগবতীচরণ ও অম্বিকাচরণ ও ত্রিলোচন ভট্টাচার্য্য ও ব্রহ্মময়ী দেব্যা মাদরে শ্রীশচন্দ্র ভট্টাচার্য্য সদর জমা ৩৫৯৵৮। পাই।

টেকং ১৮৫৯। ১১। ১০ ধারামত ব্রজকৃষ্ণ ভট্টাচার্য্যের হিস্যা ৵১০ যাহার সদর জমা ১০১।৵১১ পাই তাহার কিস্তী ফাল্গুন তকের বাকী ২৮৲ টাকা আদায় জন্য নীলামে ধরা গেল।

সন ১৮৬৬। তারিখ ৭ আপ্রিল দিনাজপুরের কালেক্‌টরির আফিস।

W. Le. F. Robinson,
Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা পুর্ব্বাংশ বর্দ্ধমানের ৫১৭৭ নং তৌজী মহাল সন ১৮৬৬ সালের মার্চ মাহার ২৮ তারিখ পর্য্যন্ত বাকী জমার নিমিত্তে এবং চলিত আইন ও আকুটের দ্বারায় অন্য যে২ দাওয়া বাকী জমার ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৬৬ সালের ১০ মে মোতাবেক সন ১২৭৩ সালের ২৮ বৈশাখ বৃহস্পতিবার দিবসে বেলা দুই প্রহরের সময় অত্র জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬। ১৯ আপ্রেল।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫১৭৭ নং চর চণ্ডীপুর পং জাহাঙ্গিরাবাদ মালিক কালীপ্রসাদ সিংহ রায় সদর জমা ৫১১৮/১১

H. L. Harrison,
Offg. Collector.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসিবর আফিস।

জমিদারিদিগর ইজারা।

চন্দ্রনাথ বিশ্বাস বাদী।
বিশ্বনাথ বিশ্বাসদিগর প্রতিবাদী।

সর্ব্বসাধারণ জনগণকে এই বিজ্ঞাপনপত্রের দ্বারায় জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ৯ মেই বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে হাই কোর্টের রিসিবর শ্রীযুত চার্লস সুইণ্টন হগ সাহেব তাঁহার আফিসে মৃত প্রাণকৃষ্ণ বিশ্বাসের ইষ্টেটের দরুণ নীচের লিখিত জমিদারিদিগর ইজারার ডাক লইবেন যাহারা ইজারা লওনে ইচ্ছুক হএন উপরোক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনার অন্তঃপাতি মেং বারাসতের মাজিষ্ট্রেটের অধীন।

পরগনে আমরপুর তরফ জোজড়া ওগায়রহ কালেক্টরির রেজিষ্টরি নম্বর ১৪৬ রকম ।।০ আনা মায় নাখেরাজ ও খেরাজ ও পুষ্করিণী ও বাগান ও হাট ও বাজার ও ঘাট ইত্যাদি।

পরগনে আমরপুর কিসমত কাএম্বা কালেক্টরির রেজিষ্টরি নম্বর ১১৬১ রকম তিন অংশের ১ এক অংশ উপরের লিখিত মত।

পরগনে কলিকাতার মহল মনরুদ্ধা মৌজে বনহুগলী ওগায়রহ কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১৪৫ রকম ।।০ আট আনা মায় নাখেরাজ ও খেরাজ ও জমী ও পুষ্করিণী ও বাগান ও হাট ও বাজার ও ঘাট ইত্যাদি সেওয়ায় চাণকের গঙ্গার ধারের জমী যাহা মিশীয়ার্স গারডন ইষ্টুয়ার্ড কোম্পানিকে ইজারা দেওয়া গিয়াছে ইতি।

পরগনে কলিকাতা তালুক শ্রীবাটী কিসমত বেওতাদিগর কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১৫৭ উপরের লিখিতমত রকম ।।০ আট আনা।

ঐ পরগনা পটি গোবিন্দবাটী কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১৫৯।

ঐ পরগনার কিসমত রহড়া কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১৮৪ উপরের লিখিতমত।

পরগনে হাতিয়াগড় কিসমত খড়দহ রকম ৶১০ তিনআনা দশ গোণ্ডা ইষ্টেট রঘুদেবনগর কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১৫০১ ও মহাল গাতি ইত্যাদি।

পরগনে কলিকাতা কিসমত করিমপুর কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১২৫৯।

পরগনে মাগুরা তরফ শঙ্করপুর কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১২৪।

মৌজে খড়দহ পরগনে কলিকাতা ৫ খাস বাগান মায় কলের বাগান সোঁর বাগান মায় পাকা ইমারৎ দরুণ রামবিশ্বাসের বাগান সামের বাগান ফুলবাগান মায় অন্য ২ পুষ্করিণী ও বাগান ও নাখেরাজ ও খেরাজ জমী ইত্যাদি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা হাই কোর্ট রিসিবর আফিস
৫ নম্বর ইষ্ট্রাণ্ড রোড সন ১৮৬৬ সাল
তারিখ ৯ আপ্রিল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৪ আপ্রিল।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, APRIL 24, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৪ আপ্রিল।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গ র্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। এ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা চট্টগ্রাম।

ইস্তেহারনামা কাছারী কালেক্‌টরী জেলা চট্টগ্রাম।

ইহাদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহালের সরকারি মালিকী স্বত্ব অত্র চট্টগ্রাম জেলার কালেক্‌টরি কাছারিতে আগামি ৩০ আপ্রিল মোতাবেক ১২৭৩ বাঙ্গলা ১৮ বৈশাখ সোমবার মং ৬৮৫৪৷৴ আনা মূল্য ধার্য্য সরকারি খাজানার দাবি পরিত্যাগে নীলামে ধরা যাইবেক।

১। যে ব্যক্তি ক্রয় করেন মূল্যের টাকার দশ অংশের একাংশ তাহাকে তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক এবং অবশিষ্ট টাকা সুদ সহ সরকারি পতিত ভূমি বিক্রীর মুল্যের টাকা আদায়ের বিধানমতে ১০ বৎসর মধ্যে কিস্তিমতে উসুল করা যাইবেক।

২। যদি বাকী পড়া সুদ কোন সনের ১২ যে তারিখে আদায় না হয় অথবা সমুদয় মূল্যের টাকা নীলামের পর দশম বৎসরের বৎসর ১৫ মের পূর্ব্বে আদায় না হয় তবে বাকী উসুলের ইস্তেহার প্রচারান্তে বাকীদার নীলাম খরিদদারের ঝুকিতে পুনঃ নীলাম হইবেক ইতি। সন ১৮৬৬ ইং তারিখ ৬ মার্চ।

তফসীল।

বাকীর মহালের নম্বর।	জেলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম	জমির একর পরিমাণ।	মন্তব্য।
			একর রূড পোল গজ	
১৩৫	০	মৌজে সরল নিষ্কর পতিত ভূমি ...	১৭৫৮। ১। ৩৬। ২৯	
১৩৬	০	মৌজে গণ্ডামারা নিষ্কর পতিত ভূমি. ...	৬০৪। ০। ১৯। ৯।	
২ ১৮৬৪। ৬৫	১৪৭	নীলাম বৈদ্যনাথ কানন-গোয় বাবৎ তরফ কাসু-রাম ষিং সরল ...	৩৪৭। ১। ২৪। ২৪॥	
৮	৩৮	মৌজে সরল তরফ আ-লাম খার আন্দর ...	১। ৩। ৩০। ৬॥	
৯	৩৮৭৬৯	মৌজে মলকীচর দখল শাল্ট এজেন্ট সাহেব জিং মাসুল্যা ...	২৯। ৩। ১০। ১৯॥	
			২৭৪১। ৩। ১। ২৮৸	খরিদের তারিখাবধি নীলামদার দখল পাইবেক।

J. C. PRICE,
Offg. Depy Collector.

জিলা ২৪ পরগনা।

এস্তাহার নামা কাছারি কালেক্টরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরাজী সন ১৮৬৬ সালের মে মাসের ১০ তারিখে মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সালের বৈশাখ মাসের ২৮ তারিখে বৃহস্পতিবার জেলা ২৪ পরগনার কালেক্টরি কাছারীতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন।

জিলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক	মন্তব্য।
			মার্য্য করা রাজস্ব।	রাস্তার টেক্স	মোট		
২৩৬২	পং কলিকাতা সুকচর	এ: রু: পঃ ১।৩।৩৭	৮॥০	⁄৪	৮॥⁄৪	১৭৲	

A. J. R. Bainbridge,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত জাম্স জোন্স সাহেব কর্ত্তৃকমুদ্রিত ও প্রকাশিত হইল।

[Judgment to be according to award.]

DXVIII. If the Court shall not see cause to remit the award or any of the matters referred to arbitration for reconsideration in manner aforesaid, and if no application shall have been made to set aside the award, or if the Court shall have refused such application the Court shall proceed to give judgment according to the award or according to its own opinion on special case if the award shall have been submitted to it in the form of a special case; and upon the judgment so given a decree shall follow and shall be enforced in the manner provided in this Code for the execution of decrees. (S. C. C. & R. C.)

[Agreement of parties to refer to arbitration may be filed in Court.]

DXIX. When any person shall by an instrument in wrinting agree that any difference between them or any of them shall be referred to arbitration of any person named in the agreement or to be appointed by any Court having jurisdiction in the matter to which the agreement relates, application may be made by the parties thereto or any of them, that the agreement be filed in such Court.

[Application to be stamped, numbered, and registered.]

DXX. The application shall be written on a stamp paper one-fourth of the value prescribed for plaints in suits, and shall be numbered and registered as a suit between one or more of the parties interested or claiming to be interested as plaintiff or plaintiffs, and the others or other of them as defendants ro defendant, if the application have been presented by all the parties or, if otherwise, between the applicant as plaintiff and other parties as defendants.

[Notice to show cause against filing it.]

DXXI. On such application being made, the Court shall direct notice thereof to be given to any of the parties to the agreement other than the applicants, requiring such parties to show cause, within the time specified in the notice, why the agreement should not be filed.

[If no cause shewn, agreement to be filed and order made thereon.]

DXXII. If no sufficient cause be shewn against the agreement, the agreement shall be filed and an order of reference to arbitration shall be made thereon.

[অংপত্রানুসারে আদালতের নিষ্পত্তির কথা।]

৫১৮ ধারা। আদালত যদি নির্ণয়পাদের কি মধ্যস্থালিতে অর্পিত কোন বিষয়ের পুনরালোচনা করণার্থে পুর্ব্বোক্তমতে তাহা ফিরাইয়া পাঠাইবার কোন কারণ না দেখেন, ও যদি সেই নির্ণয় অসিদ্ধ করণার্থে কোন প্রার্থনা না করা যায়, কিম্বা করা গেলে যদি আদালত তাহা অগ্রাহ্য করিয়া থাকেন, তবে আদালত সেই নির্ণয়ানুসারে, কিম্বা যদি সেই নির্ণয় বিশেষ বিচারাস্পদ ভাবে তাঁহার নিকটে অর্পিত হয়, তবে তদ্বিষয়ে আপনার মতানুসারে, নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন, এবং তদ্রূপ নিষ্পত্তিক্রমে ডিক্রী করা যাইবে, ও এই আইনের বিধানানুসারে যে প্রকারে ডিক্রী প্রবল করিতে হয় সেই প্রকারে তাহা প্রবল করা যাইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[পক্ষদ্বয়ের মধ্যে মধ্যস্থের প্রতি অর্পণের যে সম্মতিপত্র হয় তাহা আদালতে অর্পণ করিবার কথা।]

৫১৯ ধারা। কোন ব্যক্তিরা যদি লিখিত সম্মতিপত্রক্রমে স্বীকার করেন যে আমাদের মধ্যে কি আমাদের দুই কি অধিক জনের মধ্যে যে বিবাদ আছে আমরা তাহা এই সম্মতিপত্রের উল্লিখিত কোন ব্যক্তির প্রতি, কিম্বা এই সম্মতিপত্র যে বিষয়সম্পর্কীয় হয় তাহা বিচার করিতে ক্ষমতাপন্ন আদালতের দ্বারা নিয়োজ্য কোন ব্যক্তির মধ্যস্থালিতে অর্পণ করিব, তবে তৎপক্ষীয় ব্যক্তিরা কি তাঁহাদের মধ্যে কোন জন উক্ত আদালতে সেই সম্মতিপত্র গচ্ছিত হইবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

[প্রার্থনাপত্রে ইষ্টাম্প ও নম্বর দিবার ও রেজিষ্টর করিবার কথা।]

৫২০ ধারা। মোকদ্দমাসম্পর্কীয় নালিশপত্রে যত মূল্যের ইষ্টাম্প লাগে, তাহার চতুর্থাংশ মূল্যের ইষ্টাম্প কাগজে সেই প্রার্থনা লিখিতে হইবে, ও তাহাতে নম্বর দিতে হইবে, ও যদি উভয় পক্ষের সকল ব্যক্তি সেই প্রার্থনা করিয়া থাকেন, তবে ঐ বিষয় সংক্রান্ত লোকদের মধ্যে এক কি অধিক ব্যক্তিকে বাদী এবং অপর এক কি অধিক ব্যক্তিকে প্রতিবাদী করিয়া, কিম্বা যদি সকলে প্রার্থনা না করেন, তবে প্রার্থককে বাদী ও অপর ব্যক্তিদিগকে প্রতিবাদী করিয়া, তাঁহাদের মোকদ্দমার ন্যায় সেই প্রার্থনাপত্র রেজিষ্টর করা যাইবে ইতি।

[সেই প্রার্থনাপত্র অর্পণীয় নয় ইহার কারণ দেখাইবার বিজ্ঞাপনের কথা।]

৫২১ ধারা। উক্ত প্রকারের প্রার্থনা করা গেলে আদালত প্রার্থকভিন্ন সম্মতিপত্রের পক্ষীয় কোন ব্যক্তিদিগকে তদ্বিষয়ক বিজ্ঞাপন দিবার আজ্ঞা করিবেন। সেই জ্ঞাপনপত্রে ঐ ব্যক্তিদের প্রতি এই আদেশ হইবে যে তাঁহারা ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সম্মতিপত্র অর্পণীয় না হইবার হেতু দেখান ইতি।

[হেতু দেখান না গেলে সম্মতিপত্র অর্পণ করিবার ও তদুপলক্ষে অনুজ্ঞা হইবার কথা।]

৫২২ ধারা। যদি সেই সম্মতিপত্রের বিপরীত কোন উপযুক্ত হেতু না দেখান যায়, তবে সম্মতিপত্র গচ্ছিত হইবে ও তদনুসারে মধ্যস্থালিতে বিবাদার্পণের অনুজ্ঞা হইবে ইতি।

[Provisions of this Chapter applicable to proceedings under order of reference.]

DXXIII. The foregoing provisions of this Chapter, so far as they are not inconsistent with the terms of any agreement so filed, shall be applicable to all proceedings under an order of reference made by the Court under the last preceeding Section, and to the award of arbitration and to the enforcement of the decree based thereupon.

[Filing award in matter referred to arbitration without intervention of Court. Application to be stamped, numbered and registered. Notice to parties to arbitration.]

DXXIV. When any matter has been referred to arbitration without the intervention of a Court of Justice and an award has been made, any person interested in the award may, within six months from the date of the award, apply to the Court having jurisdiction in the matter to which the award relates, that the award be filed in Court. The application shall be written on paper bearing the stamp prescribed for petitions to the Court where a stamp is required for petitions, and shall be numbered and registered as a suit between the applicant as plaintiff and the other parties as defendants. The Court shall direct notice to be given to the parties to the arbitration other than the applicant, requiring them to show cause, within a time specified, why the award should not be filed.

[Filing and enforcement of such award]

DXXV. If sufficient cause be shown against the award, the award shall be filed and may be enforced as a decree upon an award made under the provisions of this Chapter.

CHAPTER VIII.

OF PROCEEDINGS ON AGREEMENT OF PARTIES.

[Parties interested in questions of fact or law may agree to abide by finding of Court thereon.

DXXVI. Parties claiming to be interested in the decision of any question of fact or law, may enter into an agreement which shall be subject to the same stamp duty as prescribed for plaints in suits, that such question be stated in the form of a special case for the opinion of the Court; or that upon the finding of the Court in the affirmative or negative or of such question a sum of money fixed by the parties or to be determined by the Court, shall be paid by one of the parties to the other of them; or that some property, movable or immovable, specified in the agreement, shall be delivered by one of the parties to

[অর্পণ করিবার অনুজ্ঞাক্রমে যে কার্য্য হয় তদ্বিষয়ে এই অধ্যায়ের বিধান বর্ত্তিবার কথা।]

৫২৩ ধারা। এই অধ্যায়ের পূর্ব্ব ভাগে লিখিত সকল বিধান তদ্রূপ অর্পিত কোন সম্মতিপত্রের নিয়মের যত দূর অসঙ্গত না হয়, তত দূর ইহার অব্যবহিত পূর্ব্ব ধারামতে আদালতকর্তৃক বিবাদ অর্পণের অনুজ্ঞামত সকল কার্য্যের প্রতি ও মধ্যস্থদিগের জয়পত্রের প্রতি ও তন্মূলক ডিক্রী সাধনের প্রতি বর্ত্তিবে ইতি।

[আদালতের হস্তক্ষেপ বিনা মধ্যস্থালিতে অর্পিত বিষয়ে যে জয়পত্র হয় তাহা অর্পণ করিবার, ও প্রার্থনাপত্রে ইষ্টাম্প ও নম্বর দিবার ও তাহা রেজিষ্টরি করিবার ও মধ্যস্থালির উভয়পক্ষকে দাতব্য সংবাদের কথা।]

৫২৪ ধারা। যদি কোন আদালতের হস্তক্ষেপ বিনা কোন বিবাদ মধ্যস্থালিতে অর্পিত হয়, ও তাহার নির্ণয়পাদ করা যায়, তবে সেই জয়পত্র যে বিষয় সম্পর্কীয় হয় সেই বিষয়ের বিচারাধিপত্য যে আদালতের থাকে ঐ জয়পত্র সম্পর্ক বিশিষ্ট কোন ব্যক্তি জয়পত্রের তারিখ অবধি ছয় মাসের মধ্যে সেই আদালতে ঐ জয়পত্র গচ্ছিত করিবার অনুমতি প্রার্থনা করিতে পারিবেন, সেই আদালতে প্রার্থনাপত্রের ইষ্টাম্প লাগিলে যে মূল্যের ইষ্টাম্প কাগজে প্রার্থনাপত্র লিখিতে হয় সেই মূল্যের ইষ্টাম্প কাগজে ঐ প্রার্থনা লিখিতে হইবে, ও তাহাতে নম্বর দিতে হইবে, পরে সেই প্রার্থককে বাদী ও অন্য পক্ষীয় ব্যক্তিদিগকে প্রতিবাদী বলিয়া তাঁহাদের মধ্যে উপস্থিত মোকদ্দমার ন্যায় সেই প্রার্থনাপত্র রেজিষ্টরী করিতে হইবে। আদালত ঐ প্রার্থক ভিন্ন মধ্যস্থালির পক্ষীয় অন্য ব্যক্তিদিগকে সংবাদ দিবার আজ্ঞা করিবেন, ও তম্মধ্যে তাঁহাদের প্রতি এই আদেশ থাকিবে যে তাঁহারা নিরূপিত সময়ের মধ্যে ঐ জয়পত্র গচ্ছিত না হইবার হেতু দেখান ইতি।

[জয়পত্র গচ্ছিত ও প্রবল করিবার কথা।]

৫২৫ ধারা। যদি সেই নির্ণয়পাদের বিপক্ষ কোন উপযুক্ত হেতু না দেখান যায়, তবে জয়পত্র গচ্ছিত হইবে, এবং এই অধ্যায়ের বিধানমতে যে জয়পত্র হয় তদনুযায়ি ডিক্রীর ন্যায় তাহা প্রবল করা যাইতে পারিবে ইতি।

অষ্টম অধ্যায়।

পক্ষদ্বয়ের সম্মতি হইলে কার্য্যের বিধি।

[বৃত্তান্ত কি আইনঘটিত বিবাদে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহারা তদ্বিষয়ে আদালতের নির্ণয় স্বীকার করিতে সম্মত হইলে তাহার কথা।]

৫২৬ ধারা। বৃত্তান্ত কি আইনঘটিত কোন বিবাদের নিষ্পত্তিতে যে ব্যক্তিদের সম্পর্ক থাকিবার দাওয়া হয় তাঁহারা এই মর্ম্মের সম্মতিপত্র লিখিয়া দিতে পারিবেন যে আদালতের অভিমত প্রকাশার্থে বিবাদীয় সেই বিষয় বিশেষ বিচারাস্পদস্বরূপে ব্যক্ত হয়, কিম্বা আদালত সেই বিষয়ের অনুলোম কি বিলোম যে নির্ণয় করেন তদনুসারে এক পক্ষ অন্য পক্ষকে উভয় পক্ষের অবধারিত কিম্বা আদালতের অবধার্য্য [illegible] দিবেন, কিম্বা এক পক্ষ অন্য পক্ষকে ঐ সম্মতিপত্রের নির্দ্দিষ্ট স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি দিবেন, কিম্বা উভয় পক্ষের এক কি অধিক জন ঐ সম্মতিপত্রের নির্দ্দিষ্ট কোন বিশেষ কর্ম্ম করিবেন কি সম্পাদন করিবেন, কিম্বা তৎকরণে কি সম্পাদনে [illegible]

the other of them: or that one or more of the parties shall do or perform or refrain from doing or performing some particular act specified in the agreement. (S. C. C.)

[Agreement to estate value of subject matter.]

DXXVII. If the agreement is for the delivery of any property or for the doing or performing or the refraining from doing or performing any particular act, the estimated value of the property to be delivered, or to which the act specified may have reference, shall be stated in the agreement. (S. C. C.)

[Agreement to be filed and numbered as a suit.]

DXXVIII. The agreement may be filed in any Court having jurisdiction in the matter to which it relates, and when so filed shall be numbered and registered as a suit between one or more of the parties interested or claiming to be interested as plaintiff or plaintiffs, and the other or others of them as defendant or defentants; and notice shall be given to all the parties to the agreement other than the party or parties by whom it was presented. (S. C. C.)

[Parties to be subject to Court's jurisdiction.]

DXXIX. After the agreement shall have een filed, the parties to it shall be subject to the ırisdiction of the Court, and shall be bound by he statements contained therein. (S. C. C.)

[Hearing and disposal of the case.]

DXXX. The case shall be set down for hearng as a suit instituted under Chapter IV, the provisions of which shall apply to such suit so far as the same are applicable. If the Court shall be satisfied, after an examination of the parties or taking such evidence as it may deem proper, that the agreement was duly executed by them and that they have *bonâ fide* interest in the question of fact or law stated therein, and that the same is fit to be tried or decided, it shall proceed to record and try or hear the same and deliver judgment thereon, and upon the judgment so given a decree shall follow, and shall be enforced in the manner provided in this Code for the execution of decrees. (S. C. C.)

CHAPTER IX.

Of Regular Appeals.

[Regular appeal to lie from all decrees, except when expressly prohibited.]

DXXXI. Unless when otherwise expressly provided in this Code or by any other law, a

হইবেন। ঐ সম্মতিপত্রে মোকদ্দমার নালিশপত্রের নির্দ্দিষ্ট ইষ্টাম্পের মাসুল লাগিবে ইতি। (ক্ষু. মো. আ.)

[ঐ সম্মতিপত্রে বিবাদীয় বিষয়ের মূল্য লিখিবার কথা।]

৫২৭ ধারা। যদি স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি সমর্পণের জন্যে, কিম্বা কোন বিশেষ কার্য্য করণের কি সাধনের জন্যে, কিম্বা তাহা করণ কি সাধনহইতে নিবৃত্ত থাকিবার জন্যে সেই সম্মতিপত্র হয়, তবে যে সম্পত্তি সমর্পণীয় কিম্বা ঐ কার্য্য যে সম্পত্তিসম্বন্ধীয় তাহার আনুমানিক মূল্য সম্মতিপত্রে লিখিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ.)

[ঐ সম্মতিপত্র গচ্ছিত করিবার ও মোকদ্দমার ন্যায় তাহাতে নম্বর দিবার কথা।]

৫২৮ ধারা। যে বিষয়ের সম্পর্কে ঐ সম্মতিপত্র হয় সেই বিষয়ের বিচারাধিপত্যবিশিষ্ট কোন আদালতে ঐ সম্মতিপত্র গচ্ছিত হইতে পারিবে, হইলে তাহাতে নম্বর দেওয়া যাইবে, ও উভয় পক্ষীয় যে এক কি অধিক ব্যক্তি সম্পর্কবিশিষ্ট আছে কি সম্পর্ক বিশিষ্টের ন্যায় দাওয়া করিতেছে সেই এক কি অধিক ব্যক্তিকে বাদী, ও অপর এক কি অধিক ব্যক্তিকে প্রতিবাদী বলিয়া মোকদ্দমার ন্যায় ঐ সম্মতিপত্র রেজিষ্টরী করা যাইবে, এবং যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহা অর্পণ করিলেন তদ্ভিন্ন ঐ সম্মতিপত্র সম্পর্কীয় সকল ব্যক্তিকে তাহা গচ্ছিত হইবার সম্বাদ দেওয়া যাইবে ইতি। (ক্ষু. মো. আ.)

[তৎপক্ষ ব্যক্তিরা আদালতের বিচারাধিপত্যের অধীন হইবার কথা।]

৫২৯ ধারা। ঐ সম্মতিপত্র গচ্ছিত হইলে পর তৎপক্ষীয় ব্যক্তিরা আদালতের বিচারাধিপত্যের অধীন হইবেন, ও সম্মতিপত্রের নির্দ্দিষ্ট কথাদ্বারা বদ্ধ হইবেন ইতি। (ক্ষু. মো. আ.)

[মোকদ্দমা শ্রবণ ও নিষ্পত্তি করণের কথা।]

৫৩০ ধারা। চতুর্থ অধ্যায়ের বিধানমতে উপস্থিত মোকদ্দমার ন্যায় ঐ মোকদ্দমা শুনিবার জন্যে লেখা যাইবে, ঐ অধ্যায়ের বিধান তদ্রূপ মোকদ্দমাতে যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে সেই পর্য্যন্ত বর্ত্তিবে। উভয়পক্ষীয় ব্যক্তিদের পরীক্ষা গ্রহণ করিলে কি যে সাক্ষ্য বিহিত বোধ করেন তাহা গ্রহণ করিলে পর, যদি আদালত হৃদ্বোধমতে জানিতে পান যে তাঁহারা সেই সম্মতিপত্র উচিতমতে সম্পাদন করিয়াছেন ও তন্নির্দ্দিষ্ট বৃত্তান্তঘটিত কি আইনঘটিত বিবাদে তাঁহাদের প্রকৃত সম্পর্ক আছে, এবং সেই বিষয় বিচারিত কি নিষ্পন্ন হইবার যোগ্য, তবে আদালত সেই বিষয় লিপিবদ্ধ করিয়া তাহা বিচার কি শ্রবণ করিয়া তদ্বিষয়ে আপনার নির্ণয় প্রচার করিতে প্রবৃত্ত হইবেন, এবং তদ্রূপ যে নির্ণয় হয় তদনুসারে ডিক্রী হইবে, ও এই আইনে ডিক্রী সাধন করিবার যে বিধি আছে তদনুসারে ঐ ডিক্রী প্রবল করা যাইবে ইতি। (ক্ষু. মো. আ.)

নবম অধ্যায়।

নিয়মিত আপীলের বিধি।

[স্পষ্ট নিষেধ না হইলে সকল ডিক্রীর উপর নিয়মিতমত আপীল হইতে পারিবার কথা।]

৫৩১ ধারা। এই আইনের কি অন্য কোন আইনের বিধানে স্পষ্টরূপে নিষিদ্ধ না হইলে, মোকদ্দমা আদে

regular appeal shall lie from the decrees or from any part of the decrees, including the costs, of the Courts exercising original jurisdiction to the Courts authorized to hear appeals from the decision of those Courts. Provided that no appeal shall be admitted in respect of costs alone, unless upon the face of the decree or order of the Court below it shall appear that in granting or refusing the costs the Court proceeded upon a mistake or misapprehension. A regular appeal shall also lie from orders rejecting or returning plaints under Section 58 Clause 4 or 5, or Section 59 Clause 4, or Section 60 Clause 1, or from a decree made in conformity with an award under Section 518. No appeal shall lie from a decision or order passed in any suit under the fifteenth Section of Act XIV of 1859 *(to provide for the limitation of suits.)*

[Appeal to High Court to be heard by two or more Judges.]

DXXXII. If the appeal lie to the High Court, it shall be heard and determined by a Court consisting of two or more Judges of that Court.

[Decision when appeal heard by two Judges only, and they differ.]

DXXXIII. When the appeal is heard by two Judges, if there is a difference of opinion upon the evidence, and one Judge concurs as to the facts with the Court which passed the decree appealed against, the appeal shall be determined according to the opinion of such Judge. If the two Judges differ in opinion upon a point of law, they shall state the point and the case shall be re-argued upon that point before the same two Judges if practicable, and one or more of the other Judges, and shall be determined according to the opinion of the majority of the Judges before whom the point is argued, including the Judges who first heard the appeal.

[Decision when appeal heard by more than two Judges and they differ.]

DXXXIV. When the appeal is heard by more Judges than two, the decision shall be according to the opinion of the majority. If the number of Judges who hear the appeal be even, and the opinions of the Judges be equally divided, the decision shall be according to the opinion of the Judge or Judges with whom the Senior Judge concurs.

[Appeal to Court consisting of a single Judge.]

DXXXV. If the appeal lie to a Court which consists of a single Judge, the appeal shall be heard and determined by such Judge.

শুনিবার ক্ষমতানুসারে কার্য্যকারি আদালতের ডিক্রীর উপর কিম্বা খরচা সুদ্ধ ডিক্রীর কোন অংশের উপর, যে আদালত উক্ত আদালতের নিষ্পত্তির উপর আপীল শুনিবার ক্ষমতাপন্ন তাঁহার নিকটে আপীল হইতে পারিবে। পরন্তু অধঃস্থ আদালত যখন খরচার আজ্ঞা করেন কি করিতে অসম্মত হইলেন তখন ভ্রান্তিক্রমে কি অর্থ বুঝিবার ভ্রমজন্যে ঐ কর্ম্ম করিলেন, ইহা যদি ঐ আদালতের ডিক্রীর কি আজ্ঞাপত্রের অভিমুখে দৃষ্ট না হয়, তবে কেবল খরচার জন্যে আপীল হইতে পারিবে না। আরো ৫৮ ধারার ৪ ও ৫ প্রকরণ কিম্বা ৫৯ ধারার ৪ প্রকরণ কিম্বা ৬০ ধারর ১ প্রকরণক্রমে নালিশপত্র অগ্রাহ্য কি প্রতিদান করিবার আজ্ঞাপত্রের উপর, এবং ৫১৮ ধারানুযায়ি জয়পত্রক্রমে যে ডিক্রী করা যায় তাহারও উপর নিয়মিতমত আপীল হইতে পারিবে। কোন মোকদ্দমায় (মোকদ্দমার মিয়াদ নিরূপণ করণার্থ) ১৮৫৯ সালের ১৪ আইনের ১৫ ধারামতে যে কোন নিষ্পত্তি কি আজ্ঞা হয় তাহার উপর কোন আপীল হইতে পারিবে না ইতি।

[হাই কোর্টে আপীল হইলে দুই কি অধিক বিচারকর্ত্তার শুনিবার কথা।]

৫৩২ ধারা। যদি হাই কোর্টের নিকটে আপীল হয়, তবে সেই কোর্টের দুই কি অধিক জন বিচারকর্ত্তা আদালত হইয়া তাহা শুনিয়া নিষ্পত্তি করিবেন ইতি।

[কেবল দুই জন বিচারকর্ত্তা আপীল শুনিলে যদি তাঁহাদের মতের অনৈক্য হয়, তবে যে নিষ্পত্তি হবে তাহার কথা।]

৫৩৩ ধারা। দুই জন বিচারকর্ত্তা কোন আপীল শুনিলে যদি সাক্ষ্যের উপলক্ষে তাঁহাদের অনৈক্য হয়, এবং যে আদালতের ডিক্রীর উপর আপীল হইল বৃত্তান্ত বিষয়ে যদি এক জন বিচারকর্ত্তা সেই আদালতের মতে সম্মত হন, তবে সেই বিচারকর্ত্তার মতানুসারে আপীল নিষ্পন্ন হইবে। যদি আইনঘটিত কোন বিষয়ে দুই জন বিচারকর্ত্তার মতের অনৈক্য হয়, তবে তাঁহারা সেই বিষয়ের বর্ণনা করিবেন এবং সাধ্য হইলে সেই দুই জন এবং অন্য এক কি অধিক জন বিচারকর্ত্তার সম্মুখে ঐ বিষয়ের পুনশ্চ তর্কবিতর্ক হইবে, এবং প্রথমে যে বিচারকর্ত্তারা আপীল শ্রবণ করিয়াছিলেন তাঁহাদিগকে লইয়া যে সকল বিচারকর্ত্তার সম্মুখে বিবাদীয় বিষয়ের তর্কবিতর্ক হইল, তাঁহাদের অধিকাংশের মতানুসারে ঐ বিষয়ের নির্ণয় হইবে ইতি।

[দুইয়ের অধিক বিচারকর্ত্তা আপীল শুনিলে ও মতের অনৈক্য হইলে নিষ্পত্তির কথা।]

৫৩৪ ধারা। যদি দুইয়ের অধিক বিচারকর্ত্তা আপীল শুনেন, তবে অধিকাংশ ব্যক্তিদের মতানুসারে নিষ্পত্তি হইবে। যদি সমসংখ্যক বিচারকর্ত্তারা আপীল শুনেন ও তদ্বিষয়ে মতের অনৈক্য হইলে যত ব্যক্তির এক মত তত ব্যক্তির যদি অন্যমত হয়, তবে পদজ্যেষ্ঠ বিচারকর্ত্তা যাঁহার কি যাঁহাদের মতে সম্মত সেই বিচারকর্ত্তার কি বিচারকর্ত্তাদের মতানুসারে নিষ্পত্তি হইবে ইতি।

[একমাত্র বিচারকর্ত্তার অধিবেশনে আপীল হইবার কথা।]

৫৩৫ ধারা। যে আদালতে একমাত্র বিচারকর্ত্তা আছেন সেই আদালতে আপীল হইলে সেই বিচারকর্ত্তা আপীল শুনিবেন ও নিষ্পন্ন করিবেন ইতি।

HOW REGULAR APPEALS ARE TO BE PREFERRED.

[Form of appeal and time for presentation.]

DXXXVI. The appeal shall be made in the form of a memorandum which shall be presnted in the Appellate Court within the period hereinafter specified, unless the appellant show cause to the satisfaction of the Appellate Court for not having presented the appeal within such limited period; that is to say, within thirty days if the appeal be to a District Court, or to the High Court from a decree passed in a suit by that Court in the exercise of its ordinary original Civil jurisdiction, and within ninety days if the appeal be to the High Court in any other suit. The days shall be reckoned from and exclusive of the date of the decree against which the appeal is made, and also exclusive of such time as may be requisite for obtaining copies of the decree and judgment.

[Memorandum of appeal]

DXXXVII. The memorandum of appeal shall set forth concisely and under distinct heads, the grounds of objection to the decree apppealed against, without any argument or narrative, and such grounds shall be numbered consecutively.

[Appellant confined to grounds set out.]

DXXXVIII. The appellant shall not, without the leave of the Court, urge or be heard in support of any other ground of objection, but the Court in deciding the appeal shall not be confined to the grounds set forth by the appellant, and shall of its own motion take cognizance of defences founded on lapse of time, breach of the stamp laws, of want of jurisdiction, though such defences have not been made either in appeal or in the Court of first instance.

[Form of memorandum.]

DXXXIX. The memorandum of appeal shall be in the following form, or to the following effect and shall be accompained by a copy of the decree appealed against:—

Memorandum of Appeal.

(Name, &c., as in Register.) Plaintiff—Appellant.

(Name, &c., as in Register.) Defendant—Respondent.

[Name of Appellant] Plaintiff [or Defendant] above-named appeals to the High Court at [or District Court at as the case may be], against the decree of in the above suit, dated the day of , for the following reasons, namely [*here state the grounds of objection.*]

নিয়মিতমত আপীল উপস্থিত করিবার বিধি।

[আপীলের পাঠ ও উপস্থিত করিবার সময়ের কথা।]

৫৩৬ ধারা। আপীল মর্ম্মাত্মকপত্রের মতে লেখা যাইবে ও পশ্চাৎ নির্দ্দিষ্ট সময়ে আপীল আদালতে অর্পিত হইবে, অর্থাৎ যদি জিলার আদালতে আপীল হয়, কিম্বা হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতানুসারে কার্য্য করিয়া কোন মোকদ্দমায় যে ডিক্রী করেন সেই ডিক্রীর উপর যদি সেই কোর্টে আপীল হয়, তবে ত্রিশ দিনের মধ্যে, এবং অন্য কোন মোকদ্দমায় যদি সেই হাই কোর্টে আপীল হয়, তবে নব্বই দিনের মধ্যে আপীল উপস্থিত করিতে হইবে। যে ডিক্রীর উপর আপীল হয়, সেই ডিক্রীর তারিখ এবং ডিক্রীর ও নিষ্পত্তির প্রতিলিপি পাইবার জন্যে যত দিনের প্রয়োজন তত দিন ত্যাগ করিয়া ঐ ডিক্রীর তারিখ অবধি ঐ কাল গণনা করিতে হইবে। যদি আপেলান্ট সেই কালের মধ্যে আপীল উপস্থিত না করিবার উপযুক্ত হেতু আদালতের হৃদ্বোধমতে জানাইতে পারেন, তবে কাল বৃদ্ধি হইতে পারিবে ইতি।

[আপীলের মর্ম্মাত্মক লিপির কথা।]

৫৩৭ ধারা। যে ডিক্রীর উপর আপীল হয় সেই ডিক্রীর উপর যেং হেতুতে আপত্তি হয় তর্কবিতর্ক কি বৃত্তান্ত কিছু না লিখিয়া সংক্ষেপে বিশেষং দফা করিয়া ঐ মর্ম্মাত্মকপত্রে লিখিত হইবে ও সেই হেতুর ১, ২ ক্রমে নম্বর দেওয়া যাইবে ইতি।

[তদ্রূপ লিখিত হেতুভিন্ন আপেলান্টের অন্য হেতু ধরিবার অক্ষমতার কথা।]

৫৩৮ ধারা। আদালতের অনুমতি না পাইলে আপেলান্ট আপত্তির অন্য কোন হেতু ব্যক্ত করিতে পারিবেন না কি অন্য হেতুর পোষকতায় তাঁহার কথা শুনা যাইবে না। কিন্তু আদালত আপীল নিষ্পত্তি করণকালে আপেলান্টের প্রদর্শিত হেতুরূপ সীমাতে বদ্ধ হইবেন না। বরং সময় অতীত হওন, কি ইষ্টাম্পের আইন লঙ্ঘন কিম্বা বিচারাধিপত্য না থাকন মূলক প্রতিবাদ আপীলে কিম্বা প্রথম স্থলীয় আদালতে না করা গেলেও স্ব ইচ্ছামতে সেই প্রতিবাদ গ্রাহ্য করিবেন ইতি।

[মর্ম্মাত্মকপত্রের পাঠ।]

৫৩৯ ধারা। আপীলের মর্ম্মাত্মকপত্র এই পাঠে কি এই পাঠের মর্ম্মমতে লিখিতে হইবে, ও যে ডিক্রীর উপর আপীল হয় তাহার প্রতিলিপি তৎসঙ্গে দিতে হইবে। পাঠ এই।

"আপীলের মর্ম্মাত্মক লিপি।

"(রেজিষ্টরের লিখনমতে নাম প্রভৃতি) বাদী—আপেলান্ট।

"(রেজিষ্টরের লিখনমতে নাম প্রভৃতি) প্রতিবাদী—রেস্পাণ্ডেন্ট।

"উক্ত মোকদ্দমাতে শ্রী অমুক বিচারকর্ত্তা অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যে ডিক্রী করিলেন তাহার উপর উক্ত বাদী (কি প্রতিবাদী) শ্রী অমুক (আপেলান্টের নাম) অমুক স্থানের হাই কোর্টে (কিম্বা স্থলবিশেষে অমুক জিলার আদালতে) আপীল করেন। সেই আপীল করিবার এইং হেতু। (হেতু লিখিতে হইবে।)" ইতি।

[Memorandum of Appeal to the High Court may be general. In such case grounds of objection to be subsequently filed.]

DXL. If the appeal be to the High Court, but not from a decree made by that Court in the exercise of its ordinary or extraordinary original Civil jurisdiction, the memorandum of appeal, instead of stating the grounds of objection to the decree appealed against may state only the dissatisfaction of the party preferring the appeal with the decree and his intention to file his grounds of objection subsequently. In such case the grounds of objection shall be filed within one month from the date of the receipt in the High Court of the record of the suit in which the appear is made, to be certified by an Officer of the High Court at the time of the receipt of the record, or within such shorter period as the High Court shall appoint by a general rule published in the Official Gazette.

[Time for filing grounds of objection may be extended.]

DXLI. The High Court may, for sufficient reason, extend the time allowed in the last preceding Section for filing the grounds of objection.

[Separate grounds of objection to be on stamp paper.]

DXLII. The grounds of objection, when filed separately from the memorandum of appeal, shall be written on a stamp paper of the value of four Rupees. If the grounds of objection cannot be contained in a single sheet of stamp paper, every additional sheet used shall bear a stamp of one Rupee.

[Sections 537, 538, and 539 to apply to grounds of objection separately filed.]

DXLIII. The provisions of Sections 537, 538 and 539 shall be applicable to the grounds of objection when filed separately from the memorandum of appeal.

[Effect of memorandum not being presented in time.]

DXLIV. If the memorandum of appeal be not presented within the prescribed period and no sufficient cause be shown for the delay, the appeal shall be disallowed.

[Effect of grounds of objection not being filed in time.]

DXLV. If the grounds of objection, when allowed to be field separately, be not filed within the prescribed period or within the further time to which such period may have been extended by the Court, the appeal shall be struck off the file.

[হাই কোর্টের নিকটে আপীলের সাধারণ মর্ম্মাত্মকপত্র হইতে পারিবার ও তদ্রূপ স্থলে আপত্তির হেতু পশ্চাৎ অর্পণ করিতে পারিবার কথা।]

৫৪০ ধারা। হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা প্রথম স্থলে বিচার করিবার সাধারণ কি অসাধারণ ক্ষমতাক্রমে কার্য্য করত যে ডিক্রী করেন, যদি তদ্রূপ ডিক্রী ভিন্ন অন্য ডিক্রীর উপর হাই কোর্টে আপীল হয়, তবে যে ডিক্রীর উপর আপীল হইল তাহার উপর আপীলের মর্ম্মাত্মকলিপিতে আপত্তির হেতু নির্দ্দিষ্ট না করিয়া আপীলকারি ব্যক্তি ঐ ডিক্রীতে অসন্তুষ্ট আছেন ও পশ্চাৎ আপত্তির হেতু অর্পণ করিতে মনস্থ করেন, এই মাত্র লেখা যাইতে পারে। এমত স্থলে যে মোকদ্দমার উপর আপীল হয় সেই মোকদ্দমাসম্পার্কীয় কাগজপত্র যে তারিখে হাই কোর্টে প্রাপ্ত হওয়া যায় তাহা পঁহুছিবার তারিখ হাই কোর্টের কোন কার্য্যকারক লিপিবদ্ধ করিবেন ও সেই তারিখ অবধি এক মাসের মধ্যে ঐ আপত্তির হেতু অর্পণ করিতে হইবে, অথবা হাই কোর্ট রাজকীয় গেজেটে প্রকাশিত সাধারণ বিধিক্রমে যে ন্যূনকাল নিরূপণ করেন সেই কালের মধ্যে ঐ হেতু অর্পণ করিতে হইবে ইতি।

[আপত্তির হেতু অর্পণের সময় বৃদ্ধি হইতে পারিবার কথা।]

৫৪১ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারাতে আপত্তির হেতু অর্পণ করিবার যে কালের অনুমতি হইয়াছে উপযুক্ত কারণ থাকিলে হাই কোর্ট সেই কাল বৃদ্ধি করিতে পারিবেন ইতি।

[আপত্তির পৃথক্ হেতু ইষ্টাম্পের কাগজে লিখিতে হইবার কথা।]

৫৪২ ধারা। আপত্তির হেতু যদি আপীলের মর্ম্মাত্মক লিপির পৃথক্ অর্পণ করা যায়, তবে চারি টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। যদি এক খান ইষ্টাম্প কাগজে আপত্তির সকল হেতু না ধরে, তবে অতিরিক্ত যত খান কাগজ লাগে তাহার প্রত্যেক খান এক২ টাকা মূল্যের ইষ্টাম্প কাগজ হইবে ইতি।

[আপত্তির যে হেতু পৃথক্ অর্পণ করা যায়, তাহার প্রতি ৫৩৭ ও ৫৩৮ ও ৫৩৯ ধারা বর্ত্তিবার কথা।]

৫৪৩ ধারা। আপত্তির হেতু যদি আপীলের মর্ম্মাত্মক লিপির পৃথক্ অর্পণ করা যায়, তবে তাহার প্রতি ৫৩৭ ও ৫৩৮ ও ৫৩৯ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[নিরূপিত সময়ের মধ্যে মর্ম্মাত্মক লিপি উপস্থিত না করিবার ফলের কথা।]

৫৪৪ ধারা। যদি আপীলের মর্ম্মাত্মকলিপি নিরূপিত সময়ের মধ্যে অর্পিত না হয় ও সেই বিলম্বের উপযুক্ত কারণ না দেখান যায়, তবে আপীল অগ্রাহ্য হইবে ইতি।

[নিরূপিত সময়ের মধ্যে আপত্তির হেতু অর্পণ না করিবার ফলের কথা।]

৫৪৫ ধারা। আপত্তির হেতু স্বতন্ত্ররূপে অর্পণ করিবার অনুমতি হইলে যদি নিরূপিত সময়ের মধ্যে, কিম্বা আদালত অধিক অবকাশ দিলে যদি সেই বর্দ্ধিত সময়ের মধ্যে তাহা অর্পণ না করা যায়, তবে সেই আপীল নথী হইতে উঠাইয়া দেওয়া যাইবে ইতি।

[Rejection of memorandum or grounds of objection for informality or want of proper stamp.]

DXLVI. If the memorandum of appeal or the grounds of objection be not drawn up in the manner hereinbefore prescribed, or do not bear the proper stamp, such memorandum or grounds may be rejected or returned to the appellant for the purpose of being amended within a time to be fixed by the Court.

[One of several plaintiffs or defendants may obtain a reversal of the whole decree if it proceed on a ground common to all.]

DXLVII. If there be more plaintiffs or more defendants than one in a suit, and the decree appealed against proceed on any ground common to all the plaintiffs or to all the defendants, any one of the plaintiffs or of the defendants may appeal against the whole decree and the Appellate Court may reverse or modify the decree in favor of all the plaintiffs or defendants as the case may be.

[Court may adjourn hearing and direct that persons appearing to be interested shall be made parties.]

DXLVIII. If it appear to the Court at the hearing of an appeal, that any person who was a party to the suit in the Court against whose decree the appeal is made, and who has not been made a party to the appeal, may be affected by the result of the appeal, the Court may adjourn the hearing of the appeal to a future day to be fixed by the Court, and direct that such person shall be made a respondent in the appeal. In such case the Court shall issue a notice to such person in the manner hereinafter provided for the service of a notice on a respondent to appear and answer the appeal.

Of staying and executing Decrees under Appeal.

[Execution of decree not to be stayed solely by reason of appeal but on sufficient cause shown.]

DXLIX. Execution of a decree shall not be stayed by reason only of an appeal having been preferred against the decree; but the Appellate Court may, for sufficient cause shown, order the execution to be stayed.

[Security required before making order to stay execution.]

DL. If an application be made for the execution of a decree which is open to appeal, before the time allowed for appeal has expired, and the Court which passed the decree has not

[দাঁড়ার ব্যতিক্রম কিম্বা উপযুক্ত ইষ্টাম্প না থাকন-প্রযুক্ত মর্ম্মাত্মকলিপি কি আপত্তির হেতু অগ্রাহ্য করিবার কথা।]

৫৪৬ ধারা। যদি আপীলের মর্ম্মাত্মকলিপি কি আপত্তির হেতু ইহার পূর্ব্ব নির্দ্দিষ্ট পাঠে না লেখা যায় কিম্বা তাহাতে উপযুক্ত ইষ্টাম্প না থাকে, তবে সেই মর্ম্মাত্মকলিপি কি হেতু অগ্রাহ্য হইতে পারিবে, কিম্বা আদালতের নিরূপিত সময়ের মধ্যে সংশোধন করিবার জন্যে আপেলান্টকে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে ইতি।

[যাহাতে সকলের সম্পর্ক থাকে ডিক্রী এমত মূল কারণের উপর নির্ভর করিলে অনেক জন বাদির কি প্রতিবাদির মধ্যে এক জন আপীল করিয়া সেই ডিক্রী সমুদয় রহিত করাইতে পারেন ইহার কথা।]

৫৪৭ ধারা। যদি মোকদ্দমায় এক জনের অধিক বাদী কি প্রতিবাদী হন, ও যে ডিক্রীর উপর আপীল হয় তাহা যদি সকল বাদির কি সকল প্রতি-বাদির সাধারণ কোন হেতুক্রমে হয়, তবে বাদিগণের কিম্বা প্রতিবাদিগণের কোন এক জন সেই সমুদয় ডিক্রীর উপর আপীল করিতে পারিবেন, এবং আপীল আদালত সকল বাদির কি বিষয়বিশেষে সকল প্রতি-বাদির পক্ষে ঐ ডিক্রী অন্যথা কি মতান্তর করিতে পারিবেন ইতি।

[আদালত শ্রবণের দিনান্তর নিরূপণ করিয়া মোক-দ্দমাতে যাঁহাদের সম্পর্ক দৃষ্ট হয় তাঁহাদিগকে মোক-দ্দমার পক্ষ করিতে আজ্ঞা দিবার কথা।]

৫৪৮ ধারা। যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে কোন ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ ছিলেন, কিন্তু তাঁহাকে আপীলের এক পক্ষ করা যায় নাই অথচ আপীলের পরিণাম হইতে তাঁহার ফলাফল সম্ভাবনা যদি আপীল শ্রবণ কালে আদালত ইহা দেখিতে পান, তবে আদালত আপীল শ্রবণ করি-বার দিনান্তর নিরূপণ করিয়া আপীলী মোকদ্দমায় সেই ব্যক্তিকে রেস্পাণ্ডেণ্ট করিবার আজ্ঞা করিতে পারিবেন তদ্রূপ স্থলে, রেস্পাণ্ডেণ্টের উপস্থিত হইয়া আপীলের উত্তর করিবার জ্ঞাপনপত্র পর্য্যর্পণ করণের যে বিধি পশ্চাৎ নির্দ্দিষ্ট হইতেছে আদালত সেই বিধিমতে ঐ ব্যক্তির উপর জ্ঞাপনপত্র পর্য্যর্পণ করি-বেন ইতি।

যে ডিক্রীর উপর আপীল হয় তাহা স্থগিত রাখিবার কি প্রবল করিবার বিধি।

[কেবল আপীল হওয়া প্রযুক্ত ডিক্রী সাধন না হইবার কিন্তু পর্য্যাপ্ত কারণ দর্শান গেলে স্থগিত হই-বার কথা।]

৫৪৯ ধারা। ডিক্রীর উপর আপীল উপস্থিত করা গিয়াছে কেবল এই কারণে তাহার সাধন কার্য্য স্থগিত হইবে না। কিন্তু উপযুক্ত কারণ দেখান গেলে আপীল আদালত সেই ডিক্রীর সাধন কার্য্য স্থগিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[ডিক্রীর সাধন স্থগিত রাখিবার আজ্ঞা করণের পূর্ব্বে প্রতিভূ লইবার কথা।]

৫৫০ ধারা। যে ডিক্রীর উপর আপীল হইতে পারে আপীল করিবার অনুমত কাল অতীত না হইলে, যদি ঐ ডিক্রী সাধন করিবার প্রার্থনা হয়, ও যে আদালত ঐ ডিক্রী প্রচার করেন তাঁহাকে তাহার উপর আপীল

received intimation of an appeal having been preferred therefrom, the Court may, if sufficient cause be shown, stay the execution. Before making an order to stay execution, the Court shall require security to be given by the party against whom the decree was passed for the due performance of the decree or order of the Appellate Court.

[Security in case of order for execution of a decree appealed against.]

DLI. If an order is made for the execution of a decree against which an appeal has been preferred, the Court which passed the decree may require security to be given for the restitution of any property which shall be taken in execution of the decree or of the value of such property and for the due performance of the decree or order of the Appellate Court, or the Appellate Court may direct the Court which passed the decree to take such security.

[But Court may stay execution on such terms as it may think proper.]

DLII. The Appellate Court may direct that execution of a decree against which an appeal has been preferred, shall be stayed on such terms as to the taking of security as it may think proper.

[No such security to be required from Government or public Officers.]

DLIII. No such security as is mentioned in the last three preceding Sections shall be required from the Government or from an Officer of the Government as such Officer.

Of Procedure in Appeal from Decrees.

[Registry of memorandum of appeal. Form of Register.]

DLIV. When a memorandum of appeal is presented within the time allowed, the Appellate Court or the proper Officer of that Court, if the memorandum be duly stamped and in the prescribed form, shall endorse thereon the date of presentment, and shall register the appeal in a book to be kept for the purpose. Such book shall be called the register of Appeals and shall be in the form contained in the Schedule E hereunto annexed.

[Appellate Court may require appellant to give security for costs. When appellant resides out of British India.]

DLV. The Appellate Court may, at its discretion, demand security for costs from the appellant before the respondent is called upon to appear and answer; Provided that the Court shall demand such security in all cases in which the appellant is residing out of British India, and is

করিবার কথা জ্ঞাত না করা যায়, তবে উপযুক্ত কারণ দেখান গেলে আদালত ঐ ডিক্রী সাধন স্থগিত রাখিতে পারিবেন। ডিক্রী সাধন স্থগিত রাখিবার আজ্ঞা করণের পূর্ব্বে আদালত যাঁহার বিপক্ষে ডিক্রী হইয়াছে তাঁহাকে ডিক্রী কিম্বা আপীল আদালতের আজ্ঞা উচিতমতে সাধন করিবার প্রতিভূ দিতে আজ্ঞা করিবেন ইতি।

[যে ডিক্রীর উপর আপীল হয় তৎসাধনের আজ্ঞা হইলে প্রতিভূ লইবার কথা।]

৫৫১ ধারা। যে ডিক্রীর উপর আপীল উপস্থিত করা যায় সেই ডিক্রী সাধন করিবার আজ্ঞা হইলে যে আদালত সেই ডিক্রী করিলেন সেই আদালত সেই ডিক্রীর সাধনক্রমে যে সম্পত্তি লওয়া গিয়া থাকিবে তাহার প্রতিকার করিবার কি তাহার মূল্য ফিরিয়া দিবার এবং আপীল আদালতের ডিক্রী কি আজ্ঞা উচিত মতে সাধন করিবার প্রতিভূ লইতে পারিবেন, কিম্বা আপীল আদালত ঐ ডিক্রীকারি আদালতকে তদ্রূপ প্রতিভূ লইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

[আদালত যেরূপ নিয়ম উপযুক্ত জ্ঞান করেন তদ্রূপ নিয়মে ডিক্রীর সাধন স্থগিত রাখিবার কথা।]

৫৫২ ধারা। যে ডিক্রীর উপর আপীল উপস্থিত করা গিয়াছে আপীল আদালত প্রতিভূ গ্রহণের যে নিয়ম উপযুক্ত জ্ঞান করেন তদনুসারে ডিক্রী সাধন স্থগিত করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্টের কি রাজকীয় কার্য্যকারকের স্থানে তদ্রূপ প্রতিভূ না লইবার কথা।]

৫৫৩ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব তিন ধারাতে যে প্রতিভূর উল্লেখ হইয়াছে সেই প্রতিভূ গবর্ণমেণ্টের স্থানে কিম্বা গবর্ণমেণ্টের কার্য্যকারকস্বরূপে ঐ কার্য্যকারকের স্থানে লইতে হইবে না ইতি।

ডিক্রীর উপর আপীল হইলে কার্য্যপ্রণালীর বিধি।

[আপীলের মর্ম্মাত্মক লিপি রেজিষ্টর করিবার কথা ও রেজিষ্টরের পাঠ।]

৫৫৪ ধারা। আপীলের মর্ম্মাত্মক লিপি অনুমত কালের মধ্যে অর্পণ করা গেলে যদি সেই মর্ম্মাত্মক লিপি উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে ও নিরূপিত পাঠানুসারে লিখিত হইয়া থাকে, তবে আপীল আদালত কি সেই আদালতের উপযুক্ত কার্য্যকারক তাহার পৃষ্ঠে অর্পণ করিবার তারিখ লিখিবেন, ও আপীলের রেজিষ্টর করিবার জন্যে যে পুস্তক রাখিবেন সেই পুস্তকে ঐ আপীল রেজিষ্টর করিবেন। সেই পুস্তক আপীলের রেজিষ্টর বহী নামে খ্যাত হইবে, এবং এই আইনে সংযুক্ত E চিহ্নিত তফসীলের পাঠে করা যাইবে ইতি।

[আপেলাণ্টকে খরচার প্রতিভূ দিতে আপীল আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা ও আপেলাণ্ট ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানবাসী হইলে তাহার বিধি।]

৫৫৫ ধারা। রেস্পাণ্ডেণ্টকে উপস্থিত হইয়া উত্তর দিবার নিমিত্তে আজ্ঞা করিবার পূর্ব্বে আপীল আদালত স্বীয় বিবেচনামতে আপেলাণ্টকে খরচার প্রতিভূ দিতে আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু যদি আপেলাণ্ট ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করেন ও আপীলসম্পর্কীয় সম্পত্তিভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে

upon the hearing, take any objection to the decree, provided he shall give seven days' notice in writing of such objection. Such writing shall be in the form of a memorandum, and shall be on the stamp paper prescribed for petitions to the Court, and the provisions of Section 537, 538, and 539, so far as they relate to the form and contents of the memorandum of appeal, shall be applicable to such memorandum.

[Judgment when and where to be pronounced.]

DLXV. The Appellate Court, after hearing the parties or their Advocates and referring to any part of the proceedings, whether held in appeal or in the Court against whose decree the appeal is made, to which a reference may be considered necessary, shall pronounce judgement in open Court, either at once or on some future day, of which notice shall be given to the parties or their Advocates.

[In what language to be written.]

DLXVI. The judgment shall be written in the English language; but if English shall not be the vernacular language of the Judge, and the Judge shall not be able to write an intelligible judgment in English, the judgment shall be written in the vernacular language of the Judge.

[When to be translated.]

DLXVII. When the language in which the judgment is written is not the language in ordinary use in proceeding before the Court, the judgment shall, if any party so require, be translated into such language, and the translation shall be signed by Judge or Judges.

[Contents of judgment.]

DXLVIII. The judgment of the Appellate Court shall contain the points for determination, the decision thereupon, and the reasons for the decision; and shall at the time that it is pronounced be dated and signed by the Judge or by the Judges concurring therein.

[Dissent to be recorded.]

DLXIX. When the appeal is heard by more Judges than one, any Judge dissenting from the judgment of the Court shall state in writing the decision or order which he thinks should be passed on the appeal, and he may state his reasons for the same.

[What judgment may direct. Proviso.]

DLXX. The judgment may be for conflirming or reversing or modifying the decree of the Court against which the appeal is made, or, if the parties to the appeal agree as to the form which the decree in appeal shall take, or as to the order

তিনি ডিক্রীর বিষয়ে কোন আপত্তি করিতে পারিবেন, কিন্তু সাত দিন থাকিতে তাঁহার সেই আপত্তির সম্বাদ লিখিয়া জানাইতে হইবে। সেই লিপি মর্ম্মাত্মক লিপির পাঠে হইবে, এবং আদালতের নিকট প্রার্থনাপত্রের নির্দ্দিষ্ট মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে, এবং আপীলের মর্ম্মাত্মকপত্রের পাঠের ও মর্ম্মের প্রতি ৫৩৭ ও ৫৩৮ ও ৫৩৯ ধারার বিধান যে পর্য্যন্ত বর্ত্তে, ঐ মর্ম্মাত্মক পত্রের প্রতিও সেই পর্য্যন্ত বর্ত্তিবে ইতি।

[যে নিষ্পত্তি সময়ে ও যে স্থানে প্রচার হইবে তাহার কথা।]

৫৬৫ ধারা। উভয় পক্ষীয় ব্যক্তিদের কি তাঁহাদিগের উকীলদের কথা শুনিলে পর, এবং আপীলক্রমে যে কার্য্য হয় কিম্বা যাঁহার ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে যে কার্য্য হইয়াছিল তৎসম্পর্কীয় যে কোন কাগজপত্র দৃষ্টি করা আবশ্যক বোধ হয়, সেই কাগজপত্র দেখিলে পর, আপীল আদালত তৎকালে কিম্বা ভাবি কোন দিনে মুক্তদ্বার আদালতে নিষ্পত্তি প্রচার করিবেন। যদি অন্য দিনে করেন, তবে উভয় পক্ষকে কি তাহাদের উকীলদিগকে সেই অন্য দিনের সম্বাদ দিবেন ইতি।

[যে ভাষাতে লিখিতে হইবে তাহার কথা।]

৫৬৬ ধারা। সেই নিষ্পত্তি ইংরেজী ভাষাতে লিখিতে হইবে। কিন্তু ইংরেজী ভাষা বিচারকর্ত্তার স্বদেশীয় ভাষা না হইলে, যদি তিনি ইংরেজী ভাষাতে বোধগম্যরূপে নিষ্পত্তি লিখিতে না পারেন, তবে সেই বিচারকর্ত্তার স্বদেশীয় ভাষাতে সেই নিষ্পত্তি লিখিতে হইবে ইতি।

[যে স্থলে অনুবাদ করিতে হইবে তাহার কথা।]

৫৬৭ ধারা। নিষ্পত্তি যে ভাষাতে লিখিত হইল তাহা যদি আদালতের সম্মুখবর্ত্তি ব্যবহারকার্য্যে সামান্যতঃ প্রচলিত না হয়, তবে কোন পক্ষ ইচ্ছা করিলে নিষ্পত্তি সেই ভাষায় অনুবাদিত হইবে, ও বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা সেই অনুবাদে স্বাক্ষর করিবেন ইতি।

[নির্ণয়পত্রে যাহা লিখিতব্য তাহার কথা।]

৫৬৮ ধারা। আপীল আদালতের নির্ণয়পত্রে নির্ণেয় কথা ও তদ্বিষয়ক নির্ণয় ও সেই নির্ণয়ের হেতু, লিখিতে হইবে, এবং যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা তাহাতে সম্মত হন তিনি কি তাঁহারা তাহা প্রচার করণ সময়ে তাহাতে তারিখ দিয়া স্বাক্ষর করিবেন ইতি।

[বিপরীত মত লিপিবদ্ধ করিবার কথা।]

৫৬৯ ধারা। যদি একের অধিক বিচারকর্ত্তা আপীল শ্রবণ করিয়া থাকেন, তবে যে কোন বিচারকর্ত্তা আদালতের নির্ণয়পদে অসম্মত হন, তাঁহার মতানুসারে আপীলক্রমে যে নির্ণয় কি আজ্ঞা করা উচিত ছিল, তাহা তিনি লিখিয়া প্রকাশ করিবেন এবং তাহার হেতুও প্রকাশ করিতে পারিবেন ইতি।

[নির্ণয়পত্রে যে প্রকার অনুজ্ঞা থাকিবে তাহার কথা ও উপনিয়ম।]

৫৭০ ধারা। আদালতের যে ডিক্রীর উপর আপীল হয় ঐ নির্ণয়পত্রে সেই ডিক্রী স্থিরতর কি অন্যথা কি মতান্তর করা যাইতে পারিবে, অথবা আপীলঘটিত ডিক্রীর যে পাঠ হইবে কিম্বা আপীলক্রমে যে আজ্ঞা করিতে হইবে, এই বিষয়ে যদি আপীলের উভয় পক্ষীয়

which shall be passed in appeal, the Appellate Court may pass a decree or order accordingly: Provided that no portion of the stamp duty paid on the memorandum of appeal shall be refunded by reason of an adjustment or compromise between the parties to the appeal.

ব্যক্তিরা সম্মত হন, তবে আপীল আদালত তদনুযায়ি ডিক্রী কি আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু আপীলের মর্ম্মাত্মকপত্রের উপর ইষ্টাম্পের যে মাসুল দেওয়া গিয়াছে আপীলের উভয় পক্ষের মধ্যে সামঞ্জস্য কি মীমাংসা হইলেও তাহার কোন অংশ ফিরিয়া পাওয়া যাইবে না ইতি।

[No decree to be reversed or modified for error or irregularity.]

DLXXI. No decree shall be reversed or modified, nor shall any case be remanded in appeal on account of any error, defect or irregularity, whether in the decision or in any order passed in the suit, or otherwise, not affecting the merits of the case or the jurisdiction of the Court.

[ভ্রম কি নিয়মের ব্যতিক্রমহেতুক কোন ডিক্রীর অন্যথা কি মতান্তর না হইবার কথা।]

৫৭১ ধারা। নিষ্পত্তিঘটিত কি মোকদ্দমাক্রমে প্রচারিত কি প্রকারান্তরের কোন আজ্ঞাঘটিত যে ভ্রম কি অসম্পূর্ণতা কি নিয়মের ব্যতিক্রমদ্বারা মোকদ্দমার দোষগুণের কি আদালতের বিচারাধিপত্যের বিকার না হয়, তৎপ্রযুক্ত ডিক্রী অন্যথা কি মতান্তর হইবে না কি মোকদ্দমা আপীলক্রমে ফিরিয়া পাঠান যাইবে না ইতি।

[Remand of case by Appellate Court.]

DLXXII. If the Court against whose decree the appeal is made shall, without going into the merits, dispose of the suit upon any preliminary point so as to exclude any evidence of fact which shall appear to the Appellate Court essential to the rights of the parties, and the decree upon such preliminary point shall be reversed in appeal, the Appellate Court may, if it think right, remand the case, together with a copy of the decree or order in appeal to the Court against whose decree the appeal is made, with directions to re-admit the suit under its original number in the Register, and to proceed to investigate the suit on its merits, and pass a decree thereon.

[আপীল আদালতকর্তৃক মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার কথা।]

৫৭২ ধারা। যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায়, সেই আদালত যদি দোষগুণের অনুসন্ধান না করিয়া অগ্রে বিচার্য্য কোন বিষয় ধরিয়া মোকদ্দমার নিষ্পত্তি করেন ও তৎপ্রযুক্ত যাহা আপীল আদালতের মতানুসারে উভয় পক্ষের স্বত্বসম্পর্কে অতি গুরুতর, বৃত্তান্তঘটিত এমত কোন প্রমাণ পরিত্যক্ত হইল এবং উক্ত অগ্রে বিচার্য্য বিষয়ের উপর যে ডিক্রী হইল সেই ডিক্রী আপীলক্রমে রহিত হয়, তবে আপীল আদালত উপযুক্ত বোধ করিলে, যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় তাঁহার নিকট আপীলঘটিত ডিক্রীর কি আজ্ঞার প্রতিলিপির সহিত মোকদ্দমা পুনঃ প্রেরণ করিয়া সেই মোকদ্দমা রেজিষ্টরের পূর্ব্ব নম্বর দিয়া তাহা পুনরায় গ্রাহ্য করিবার ও মোকদ্দমার দোষগুণক্রমে তাহার অনুসন্ধানে প্রবৃত্ত হইবার ও তদ্বিষয়ক ডিক্রী করিবার আদেশ করিবেন ইতি।

[Power to remand limited.]

DLXXIII. It shall not be competent to the Appellate Court to remand a case for a second decision, except as provided in the last preceding Section.

[ফিরিয়া পাঠাইবার ক্ষমতা সঙ্কুচিত হইবার কথা।]

৫৭৩ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্বধারায় নির্দ্দিষ্ট স্থলভিন্ন আপীল আদালত দ্বিতীয়বার নিষ্পত্তি হইবার জন্যে কোন মোকদ্দমা ফিরিয়া পাঠাইতে পারিবেন না ইতি।

[When evidence on record is sufficient, Appellate Court shall determine case finally.]

DLXXIV. When the evidence upon the record is sufficient to enable the Appellate Court to pronounce judgment, the Appellate Court shall finally determine the case notwithstanding that the judgment of the Court against whose decree the appeal is made has proceeded wholly upon some ground other than that on which the Appellate Court proceeds.

[লিপিবদ্ধ প্রমাণ প্রচুর হইলে আপীল আদালত-কর্তৃক মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি হইবার কথা।]

৫৭৪ ধারা। কাগজপত্রের মধ্যে যে প্রমাণ থাকে তাহা যদি আপীল আদালতকর্তৃক নিষ্পত্তি হইবার জন্যে প্রচুর হয়, তবে যে আদালতের ডিক্রীর উপর আপীল হইল তাঁহার নিষ্পত্তির মূল ভিন্ন আপীল আদালতের নিষ্পত্তি অন্য কোন হেতু মূলক হইলেও সেই আপীল আদালত মোকদ্দমার চূড়ান্তনিষ্পত্তি করিবেন ইতি।

not possessed of any sufficient immovable property within British India independent of the property to which the appeal relates. If such security be not furnished at the time of presenting the memorandum of appeal or within such time as the Court shall order, the Court shall reject the appeal.

তাঁহার পর্য্যাপ্ত স্থাবর সম্পত্তি না থাকে, তবে তদ্রূপ স্থলে আদালত অবশ্য প্রতিভূ লইবেন। যদি আপীলের মর্ম্মাত্মক লিপি অর্পণ কালে কিম্বা আদালতের নিরূপিত সময়ের মধ্যে ঐ প্রতিভূ না দেওয়া যায় তবে আদালত সেই আপীল অগ্রাহ্য করিবেন ইতি।

[Appellate Court to give notice to Court whose decree is appealed against. Transmission of papers to Appellate Court.]

DLVI. When the memorandum of appeal has been registered or when the gronnds of objection are filed, the Appellate Court shall send notice of the appeal to the Court against whose decree the appeal is made. If the appeal be from a Conrt the records of which are not deposited in the Appellate Court, the Court to which such notice is sent shall, upon the receipt thereof, transmit with all practicable despatch all material papers in the suit, or such papers as may be specially called for by the Appellate Court.

[যে আদালতের ডিক্রীর উপর আপীল হইতেছে তাঁহাকে আপীল আদালতের সংবাদ দিবার কথা, এবং আপীল আদালতে কাগজপত্র পাঠাইবার কথা।]

৫৫৬ ধারা। আপীলের মর্ম্মাত্মকপত্র রেজিষ্টর হইলে, কিম্বা আপত্তির হেতু অর্পণ করা গেলে পর, যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় তাঁহাকে ঐ আপীল আদালত সেই আপীলের কথা জ্ঞাত করিবেন। যে আদালতের কাগজপত্র আপীল আদালতে গচ্ছিত না হইয়া থাকে যদি এমন আদালতের আজ্ঞার উপর আপীল হয়, তবে ঐ আদালত প্রেরিত সমাচার পাইলে পর যত শীঘ্র পারেন তত শীঘ্র সেই মোকদ্দমাসম্পর্কীয় সকল গুরুতর কাগজপত্র কিম্বা আপীল আদালত যে কাগজপত্র প্রেরণের বিশেষমতে আজ্ঞা করেন তাহাই প্রেরণ করিবেন ইতি।

[Either party may have copies of exhibits made and deposited in Court whose decree is appealed against.]

DLVII. Either party may make an application in writing to the Court against whose decree the appeal is made, specifying any papers of which he requires copies to be made and deposited in such Court, and copies of such papers shall be prepared at the expense of the applicant, and shall be deposited accordingly.

[যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে নিদর্শনপত্রের প্রতিলিপি প্রস্তুত করাইয়া সমর্পণ করিতে উভয় পক্ষের ক্ষমতার কথা।]

৫৫৭ ধারা। যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় তাঁহার নিকটে কোন পক্ষ লিখিত প্রার্থনা করিয়া যে কোন নিদর্শনপত্রের প্রতিলিপি করাইয়া ঐ আদালতে গচ্ছিত করাইতে চাহেন তাহা নির্দ্দিষ্ট করিবেন। তাহাতে প্রার্থকের অর্থ ব্যয়ে ঐ নিদর্শনপত্রের প্রতিলিপি প্রস্তুত হইয়া তদনুসারে গচ্ছিত করা যাইবে ইতি।

[Day for hearing appeal.]

DLVIII. A day shall be fixed by the Appellate Court for the hearing of the appeal. The day shall be so fixed, with reference to the place of residence of the respondent and the time necessary for the service of the notice of appeal, as to allow the respondent a sufficient time to enable him to appear and answer the appeal on such day.

[আপীল শুনিবার দিনের কথা।]

৫৫৮ ধারা। আপীল আদালত আপীল শ্রবণের দিন নিরূপণ করিবেন। রেস্পাণ্ডেণ্ট যত দূরে বাস করেন এবং আপীলের জ্ঞাপনপত্র পর্য্যর্পণ করিতে যত সময় লাগে, ইহা বিবেচনা করিয়া তিনি উপস্থিত হইয়া আপীলের উত্তর করিবার প্রচুর সময় যাহাতে পান ইহা লক্ষ করিয়া ঐ দিন নিরূপিত হইবে ইতি।

[Publication and service of notice of the day fixed for hearing appeal. Appellate Court may itself cause notice to be served.]

DLIX. Notice of the day which has been fixed for hearing the appeal shall be affixed in the Appellate Court, and a like notice shall be sent by the Appellate Court to the Court against whose decree the appeal is made, and shall be served on the respondent in the manner provided in Chapter IV for the service of a summons to a defendant to appear and answer, and all rules applicable to such summons and to proceedings with reference to the service thereof, shall apply to the service of such notice. The Appellate Court may itself cause the notice to be served on the respondent under the rules

[আপীল শুনিবার নিরূপিত দিনে সংবাদ প্রকাশ ও পর্য্যর্পণের কথা, ও আপীল আদালতের স্বয়ং ঐ জ্ঞাপনপত্র পর্য্যর্পণ করাইবার কথা।]

৫৫৯ ধারা। আপীল শুনিবার যে দিবস নিরূপিত হয় তদ্বিষয়ক বিজ্ঞাপন আপীল আদালত ঘরে লটকাইয়া দিতে হইবে, এবং যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় তাহার নিকটেও আপীল আদালতকর্তৃক তদ্রূপ বিজ্ঞাপন প্রেরিত হইবে, এবং প্রতিবাদিকে উপস্থিত হইয়া উত্তর করিবার আহ্বানপত্র পর্য্যর্পণের যে বিধি ৪ অধ্যায়ে হইয়াছে, সেই বিধিমতে ঐ জ্ঞাপনপত্র রেস্পাণ্ডেণ্টের উপর পর্য্যর্পিত হইবে, এবং ঐ আহ্বানপত্রের প্রতি ও তৎপর্য্যর্পণসম্পর্কীয় পদ্ধতির প্রতি যে সকল বিধি বর্ত্তে তাহা জ্ঞাপনপত্র পর্য্যর্পণের প্রতি বর্ত্তিবে। আপীল আদালত যখন সুবিধা বোধ করেন তখন যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় তাঁহার নিকটে জ্ঞাপনপত্র না পাঠাইয়া আপনি

above-mentioned, instead of sending the notice to the Court against whose decree the appeal is made, whenever it shall appear convenient to do so.

[Contents of notice. Service of notice on Advocate.]

DLX. The notice to the respondent shall declare that, if he does not appear in the Appellate Court on the day so fixed for the hearing of the appeal, the appeal will be heard *ex-parte.* Provided that, if the respondent has appointed an Advocate to appear in his behalf in the Appellate Court, the service of the notice on such Advocate shall be sufficient.

[Dismissal of appeal for appellant's default. Hearing appeal *ex-parte.*]

DLXI. If on the day fixed for hearing the appeal or any other day subsequent thereto to which the hearing of the appeal may be adjourned, the appellant shall not attend, the appeal shall be dismissed for default. If the appellant shall attend and the respondent shall not attend, the appeal shall be heard *ex-parte* in his absence.

[Dismissal of appeal where notice has not been served in consequence of appellant's failure to deposit cost of notice. Proviso.]

DLXII. If on the day fixed for hearing the appeal it shall be found that the notice to the respondent has not been served in consequence of the failure of the appellant to deposit, within the time allowed, the sum required to defray the cost of issuing the notice, the Court may order that the appeal be dismissed: Provided that no such order shall be passed, although the notice shall not heve been served upon the respondent, if on the day fixed for hearing the appeal the respondent shall appear in person or by an Advocate, or by a duly authorized agent.

[Re-admission of appeal dismissed for default.]

DLXIII. If an appeal be dismissed for default the appellant may, within thirty days from the date of the dismissal, apply to the Appellate Court for the re-admission of the appeal; and if it shall be proved to the satisfaction of the Court that the appellant was prevented by any sufficient cause from attending when the appeal was called on for hearing, the Court may re-admit the appeal on such terms as to costs or otherwise as to the Court may seem just.

[Upon the hearing, respondent may object to decree as if he had preferred a separate appeal. Previous notice in writing of objections.]

DLXIV. The respondent, though he may not have appealed against any part of the decree, may

পূর্ব্বোক্ত বিধি অনুসারে রেস্পাণ্ডেন্টের উপর তাহা পর্য্যর্পণ করাইতে পারিবেন ইতি।

[জ্ঞাপনপত্রের মর্ম্মের কথা ও আডবোকেটের প্রতি জ্ঞাপনপত্র পর্য্যর্পণের কথা।]

৫৬০ ধারা। রেস্পাণ্ডেন্টকে যে জ্ঞাপনপত্র দেওয়া যায় তদ্দ্বারা প্রকাশ হইবে যে তিনি যদি আপীল শ্রবণের নিরূপিত দিনে আপীল আদালতে উপস্থিত না হন, তবে পক্ষৈকভাবে আপীল শুনা যাইবে। রেস্পাণ্ডেন্ট যদি আপীল আদালতে উপস্থিত হইবার নিমিত্তে আপনার পক্ষে কোন উকীলকে নিযুক্ত করিয়া থাকেন, তবে উকীলের প্রতি ঐ জ্ঞাপনপত্র পর্য্যর্পণই প্রচুর ইতি।

[আপেলান্ট উপস্থিত না হইলে আপীল ডিসমিস হইবার কথা ও পক্ষৈকভাবে আপীল শুনিবার কথা।]

৫৬১ ধারা। আপীল শ্রবণের নিরূপিত দিবস কিম্বা তৎপশ্চাৎ যে দিবস পর্য্যন্ত আপীলের শ্রবণ স্থগিত রাখা যায়, সেই দিবসে যদি আপেলান্ট উপস্থিত না হন, তবে ক্রটির জন্যে আপীল ডিসমিস হইবে। যদি আপেলান্ট উপস্থিত হন ও রেস্পাণ্ডেন্ট উপস্থিত না হন, তবে তাঁহার অনুপস্থানে পক্ষৈকভাবে সেই আপীল শুনা যাইবে ইতি।

[আপেলান্টের ক্রটি হওয়াতে যদি জ্ঞাপনপত্রের পর্য্যর্পণ না হয়, তবে আপীল ডিসমিস হইবার কথা ও উপবিধি।]

৫৬২ ধারা। আপীল শুনিবার নিরূপিত দিনে যদি দৃষ্ট হয় যে, জ্ঞাপনপত্র প্রচার করিবার ব্যয় পোষণার্থে যে টাকা প্রয়োজন তাহা আপেলান্ট হুকুমত সময়ের মধ্যে অর্পণ না করাতে রেস্পাণ্ডেন্টের উপর জ্ঞাপনপত্র পর্য্যর্পিত হয় নাই, তবে আদালত আপীল ডিসমিস হইবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু যদি রেস্পাণ্ডেন্ট আপীল শুনিবার নিরূপিত দিবসে আপনি কি উকীলদ্বারা কিম্বা উচিতমতে ক্ষমতাপন্ন কোন এজেন্টের দ্বারা উপস্থিত হন, তবে রেস্পাণ্ডেন্টের প্রতি ঐ জ্ঞাপনপত্রের পর্য্যর্পণ না হইলেও আপীল ডিসমিস করিবার আজ্ঞা হইবে না ইতি।

[ক্রটিপ্রযুক্ত ডিসমিস হইলেও আপীল পুনরায় গ্রাহ্য করিবার কথা।]

৫৬৩ ধারা। কোন আপীল ক্রটিপ্রযুক্ত ডিসমিস হইলে আপেলান্ট সেই ডিসমিস হইবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে আপীল আদালতের নিকটে সেই আপীল পুনরায় গ্রাহ্য করণার্থে প্রার্থনা করিতে পারিবেন, তাহাতে ঐ আপীল শ্রবণার্থে যে সময়ে উপস্থিত করিবার আজ্ঞা হইয়াছিল, সেই সময়ে আপেলান্ট কোন উপযুক্ত কারণে উপস্থিত হইতে পারিলেন না ইহা যদি আদালতের হৃদ্বোধমতে সপ্রমাণ হয়, তবে আদালত খরচাপ্রভৃতির বিষয়ে যে নিয়ম ন্যায্য জ্ঞান করেন তদনুসারে সেই আপীল পুনরায় গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

[রেস্পাণ্ডেন্ট পৃথক্ আপীল দিলে ডিক্রীর প্রতি যে আপত্তি করিতে পারিতেন শ্রবণকালে তাঁহার তদ্রূপ আপত্তি করিতে পারিবার কথা ও আপত্তির বিজ্ঞাপন পূর্ব্বে দিবার কথা।]

৫৬৪ ধারা। রেস্পাণ্ডেন্ট যদিও ডিক্রীর কোন অংশের উপর আপীল করেন নাই তথাপি শ্রবণকালে

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 1, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১ মে।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 2nd April 1866, and is hereby promulgated for general information :—

ACT No. XX OF 1866.

An Act to provide for the Registration of Assurances.

[Preamble.]

Whereas it is expedient to consolidate and amend the laws relating to the Registration of Assurances; It is enacted as follows :—

PART I.

Preliminary.

[Short Title.]

I. This Act shall be called "The Indian Registration Act, 1866."

[Interpretation Clause.]

II. In this Act—unless there be something repugnant in the subject or context—

["British India."]

"British India" denotes the Territories which are or may become vested in Her Majesty or Her

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্ন লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ২ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, অতএব তাহা এতদ্দ্বারা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ২০ আইন।

নিদর্শনপত্র রেজিষ্টরী করণের বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

নিদর্শনপত্র রেজিষ্টর করণের আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন ১৮৬৬ সালের ভারতবর্ষীয় রেজিষ্টরী আইন নামে খ্যাত হইবে ইতি।

[অর্থ করণের ধারা।]

২ ধারা। এই আইনের লিখিত বিষয়ের কি পূর্ব্বাপর কথার সঙ্গে অসঙ্গত না হইলে,

["ব্রিটনীয় ভারতবর্ষ।"]

ভারতবর্ষের সুশাসন করিবার আইন নামে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের

successors by the Statute 21 & 22 Vic., cap. 106, entitled—" An Act for the better Government of India," except the Settlement of Prince of Wales' Island, Singapore and Malacca:

[" Year" and " Month."]

" Year" and " Month" respectively mean a year or month reckoned according to the British Calendar:

[" Section."]

" Section" denotes a Section of this Act:

[" Lease."]

" Lease" includes a counterpart, a kabuliyat, an undertaking to cultivate or occupy, and an agreement to lease: but not a pattá or muchalká, as respectively defined in Seccion 3 of Act No. VIII of 1865 of the Governor of Fort St. George in Council, executed in the Madras Presidency.

[" Will."]

" Will" includes a codicil and every writing making a voluntary posthumous disposition of property:

[" Instrument."]

" Instrument" does not include a Will nor an Authority to adopt:

[" Obligation."]

" Obligation" denotes any instrument by which one person (hereinafter called the obligor) binds himself absolutely or conditionally to pay money to another person (hereinafter called the obligee), and includes a Bond, a Bill of Exchange, a Hundi and a Promissory Note:

[" Signature." " Signed."]

" Signature" and " signed" include and apply to the affixing of a mark:

[" Immoveable property."]

" Immoveable Property" includes land, buildings, rights to ways, lights, fisheries or any other benefit to arise out of land, and things attached to the earth or permanently fastened to anything which is attached to the earth; but not standing timber, growing crops nor grass:

[" Moveable Property."]

" Moveable Property" includes standing timber, growing crops, grass, fruit upon trees, and property of every other description, except immoveable property:

[" Book."]

" Book" includes a portion of a Book and also any number of sheets connected together with a view of forming a Book or portion of a Book.

[" Endorsement." " Endorsed."]

" Endorsement" and " Endorsed" include and apply to an entry in writing by a Registering

১০৬ অধ্যায়মতে পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা উপনিবেশ ভিন্ন যে সমস্ত দেশ শ্রীশ্রীমতী মহারাণীর কি তৎপশ্চাৎ রাজ্যাধিকারিদের প্রতি বর্ত্তিয়াছে কি বর্ত্তিবে "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে সেই সমুদয় দেশ বুঝাইবে।

["বৎসর" ও "মাস।"]

"বৎসর" ও "মাস" শব্দে ব্রিটনীয় পঞ্জিকামত বৎসর ও মাস বুঝাইবে।

["ধারা।"]

"ধারা" শব্দে, এই আইনের কোন ধারা বুঝাইবে।

["পাট্টা।"]

"পাট্টা" শব্দের মধ্যে অনুলিপি, ও কবুলিয়ৎ ও চাষ কি দখল করিবার অঙ্গীকারপত্র, এবং পাট্টা করিয়া লইবার সংশ্রবপত্র ধরিতে হইবে। কিন্তু মান্দ্রাজ রাজধানীর মধ্যে সম্পাদিত যে পাট্টা কি মুচলকা ফোর্ট সেন্ট জর্জের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর সাহেবের ১৮৬৫ সালের ৮ নং আইনের ৩ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা বুঝাইবে না।

["চরমপত্র।"]

"উইল" অর্থাৎ চরমপত্র শব্দের মধ্যে চরমপত্রের ক্রোড়পত্র এবং স্বামী স্বেচ্ছাক্রমে স্বীয় সম্পত্তির যে বিধান করিয়া মরেন সেই বিধানপত্র ধরিতে হইবে।

["লেখ্য।"]

"লেখ্য" এই কথার মধ্যে চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র ধর্ত্তব্য নহে।

["নিবন্ধপত্র।"]

যে কোন লেখ্যক্রমে কোন ব্যক্তি সনিয়মে কি নিয়ম বিনা অন্যকে মুদ্রা দিতে আপনাকে বদ্ধ করেন, নিবন্ধপত্র শব্দে সেই লেখ্য বুঝায়। যে ব্যক্তি নিবন্ধপত্র লিখিয়া দেন তাঁহাকে এই আইনে নিবদ্ধ ব্যক্তি ও যাঁহাকে মুদ্রা দিতে বদ্ধ আছেন তাঁহাকে নিবন্ধগ্রহীতা বলা গেল। নিবন্ধপত্রের মধ্যে খৎ ও বিল অফ এক্সচেঞ্জ ও হুণ্ডী ও প্রতিজ্ঞাপত্র গণ্য হইবে।

["স্বাক্ষর ও স্বাক্ষরিত।"]

"স্বাক্ষর ও স্বাক্ষরিত" শব্দে ঢেরাসহীও গণ্য, ও তাহার প্রতি ঐ শব্দ বর্ত্তে।

["স্থাবর সম্পত্তি।"]

"স্থাবর সম্পত্তি" এই কথার মধ্যে ভূমি ও গাঁথনি ও পথের ও আলোর ও মৎস্য ধরিবার স্বত্ব ও ভূমি-হইতে উৎপাদনীয় অন্য কোন কুশল ও মৃত্তিকা সংলগ্ন দ্রব্য, ও মৃত্তিকা সংলগ্ন দ্রব্যেতে চিরকালার্থে দৃঢ়মতে বদ্ধ দ্রব্য ধরা যাইবে। কিন্তু দণ্ডায়মান শালাদি বৃক্ষ কি ক্ষেত্রস্থ শস্য কি ঘাস ধর্ত্তব্য নয়।

["অস্থাবর সম্পত্তি।"]

"অস্থাবর সম্পত্তি" এই কথাতে দণ্ডায়মান শালাদি বৃক্ষ ও ক্ষেত্রস্থ শস্য ও ঘাস ও বৃক্ষস্থ ফল এবং স্থাবর সম্পত্তি ভিন্ন অন্য যাবদীয় প্রকারের সম্পত্তি ধরিতে হইবে।

["পুস্তক।"]

"পুস্তক" শব্দে পুস্তকের কোন অংশ কিম্বা পুস্তক কি পুস্তকের এক অংশ করণাভিপ্রায়ে সম্বদ্ধ অনেক খণ্ড কাগজ বুঝাইবে।

["পৃষ্ঠলিপি ও পৃষ্ঠলিখিত।"]

এই আইনমতে রেজিষ্টরী করণার্থে আনীত কোন দলীলের মলাটের কি উপরিস্থ কাগজখণ্ডের উপর

Officer on a rider or covering-slip to any document tendered for registration under this Act :

["Representative."]

"Representative" includes the guardian of an Infant and the Committee or other legal curator of a Lunatic or Idiot :

["Oath."]

"Oath" includes a solemn affirmation :

["Imprisonment."]

"Imprisonment" means imprisonment of either description as defined in the Indian Penal Code :

["Person."]

"Person" includes any Company or association or body of persons whether incorporated or not :

["Addition."]

"Addition" means the place of residence, and the profession, trade, rank, or title (if any) of a person described :

[Number. Gender.]

Words in the singular number include the plural : words in the plural number include the singular, and words importing the masculine gender include females ;

["Local Government." "High Court" "District Court. "Civil Court."]

And in any part of British India in which this Act operates, "Local Government" denotes the person authorized by law to administer the Executive Government in such part : "High Court" denotes the highest Civil Court of appeal therein : "District Court" means the principal Civil Court of original jurisdiction in a District, and includes the High Court in its ordinary original Civil jurisdiction ; and "Civil Court" includes a Revenue Court, but not a Court for the relief of insolvent debtors :

["General Registry Office."]

"General Registry Office" includes a Branch General Registry Office :

["District." "Sub-District."]

"District" and "Sub-District" respectively mean a District and Sub-District formed under this Act.

[Laws repealed.]

III. Acts No. XVI of 1864 and No. IX of 1865 are hereby repealed, except in so far as the former Act rescinds other Acts or Regulations, and except as regards things duly done and penalties incurred under the Acts hereby repealed or either of them. And all things duly done under

রেজিষ্টরী কর্ম্মকারক যে কথা লেখেন "পৃষ্ঠলিপি ও পৃষ্ঠলিখিত" এই দুই শব্দে তাহাও বুঝাইবে ও তাহার প্রতি বর্ত্তিবে।

["স্থলাভিষিক্ত।"]

"স্থলাভিষিক্ত" শব্দের মধ্যে অপ্রাপ্ত বয়স্ক বালকের অভিভাবককে এবং ক্ষিপ্ত কি জড় ব্যক্তির কমিটী কি আইন অনুযায়ি অন্য সম্পত্তি রক্ষককে ধরিতে হইবে।

["শপথ।"]

"শপথ" শব্দের মধ্যে সত্য প্রতিজ্ঞা ধরিতে হইবে।

["কারাদণ্ড।"]

"কারাদণ্ড" শব্দে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমত অন্যতর প্রকারের কারাদণ্ড বুঝাইবে।

["ব্যক্তি"।]

"ব্যক্তি" শব্দের মধ্যে চার্টর প্রাপ্ত কি অপ্রাপ্ত কোন কোম্পানি কি সংসৃষ্ট ব্যক্তি কি লোক সমাজকেও ধরিতে হইবে।

["অধিক কথা।"]

যে ব্যক্তিকে নির্দ্দিষ্ট করা যাইবে তাহার নাম সহিত বাসস্থান ও ব্যবসায় ও বাণিজ্য ও শ্রেণী এবং (উপাধি থাকিলে) উপাধির যে উল্লেখ তাহা "অধিক কথা" শব্দে বুঝাইবে।

["বচন ও লিঙ্গ।"]

এক বচনের শব্দে সেই অর্থের বহুবচনান্ত শব্দ, ও বহু বচনের শব্দে সেই অর্থের এক বচনান্ত শব্দ, এবং পুংলিঙ্গ বোধক শব্দে স্ত্রীলোককেও বুঝাইবে।

["স্থানীয় গবর্ণমেণ্ট" ও "হাই কোর্ট" ও "জিলার আদালত" ও "দেওয়ানী আদালত"।]

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশে চলে, সেই অংশে যে ব্যক্তি আইনঅনুসারে কর্ত্তৃত্ব কার্য্য সম্পাদনে ক্ষমতাপন্ন হন, "স্থানীয় গবর্ণমেণ্ট" শব্দে তাহাকে বুঝাইবে। ও "হাই কোর্ট" শব্দে তত্রত্য আপীল গ্রহণের উচ্চতম দেওয়ানী আদালতকে বুঝাইবে। ও "জিলার আদালত" এই শব্দে কোন জিলার মধ্যে মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন প্রধান দেওয়ানী আদালত জানিতে হইবে, ও তন্মধ্যে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা সম্পর্কে হাই কোর্টকেও বুঝাইবে। এবং "দেওয়ানী আদালত" এই শব্দের মধ্যে রাজস্ব-সম্পর্কীয় আদালত ধরিতে হইবে, কিন্তু দেউলীয়া ঋণিদের উপকারার্থ আদালত ধর্ত্তব্য নহে।

["সাধারণ রেজিস্টরী কার্য্যালয়।"]

"সাধারণ রেজিস্টরী কার্য্যালয়" এই কথার মধ্যে শাখা সাধারণ রেজিস্টরী কার্য্যালয়ও ধর্ত্তব্য।

["ডিষ্ট্রিক্ট ও সব-ডিষ্ট্রিক্ট।"]

"ডিষ্ট্রিক্ট" ও সব-ডিষ্ট্রিক্ট" এই দুই শব্দে এই আইনের অবধারিত প্রদেশ কি উপপ্রদেশ জানিতে হইবে ইতি।

[যেং আইন রহিত হইল তাহার কথা।]

৩ ধারা। ১৮৬৪ সালের ১৬ আইন ও ১৮৬৫ সালের ৯ আইন ইহাতে রহিত হইল। কিন্তু প্রথমোক্ত আইনদ্বারা অন্য যে কোন আক্ট কি আইন রহিত হইয়াছে, কিম্বা এতদ্দ্বারা রহিত পূর্ব্বোক্ত দুই কি একতর আইনঅনুসারে যে ক্রিয়া উপযুক্তমতে করা গিয়াছে ও যে সকল অর্থদণ্ড বর্ত্তিয়াছে তৎসম্পর্কে এই২ আইন

the same Acts or either of them shall be considered as having been done under this Act.

[Power to invest Head Executive Officer of Territories under immediate administration of Government of India with authority vested by this Act in local Governments.]

IV. It shall be lawful for the Governor General of India in Council, by an order to be published in the Gazette of India, to declare that in any Territory under the immediate administration of the Government of India, the Head Executive Officer of such Territory shall exercise all or any of the powers vested by this Act in the local Governments; and thereupon such Officer shall, for the purposes of this Act, be the local Government of such Territory.

PART II.

Of the Registration Establishment.

[General Registry Office. Branch General Registry Office.]

V. The local Government shall establish within the Territories subject to such Government, at such place as it shall think fit, an Office to be called the General Registry Office, and shall appoint an Officer to the charge of such Office, who shall be the Registrar-General of the Territories for which he is appointed. The local Government may also, with the previous sanction of the Governor General of India in Council, establish a Branch General Registry Office and appoint a Branch Registrar-General; and every act done by or before any Branch Registrar-General so appointed shall have the same effect as if done by or before a Registrar General: provided that such Branch Registrar-General shall not exercise the power to frame rules conferred on the Registrar-General by Section 80. Any Registrar-General or Branch Registrar-General may hold simultaneously any other office under Government.

[Formation and alteration of Districts and Sub-Districts.]

VI. For the purposes of this Act the local Government shall form Districts and Sub-Districts and shall prescribe and from time to time may alter the limits of such Districts and Sub-Districts. A Sub-District may be conterminous with a District, or may be situate partly in one District and partly in another.

The District and Sub-District formed under this Section, together with the limits thereof and every alteration of such limits shall be notified by the local Government in the Official Gazette

রহিত হইবে না। এবং উক্ত দুই কি একতর আইনক্রমে যে সকল কার্য্য নিয়মিতমতে করা গিয়াছে তাহা এই আইনমতে কৃত হওনের ন্যায় জ্ঞান হইবে ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি এই আইনমতে যে ক্ষমতা অর্পিত হইয়াছে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অব্যবহিতরূপে শাসিত কোন দেশের প্রধান কার্য্যকারক সাহেবের প্রতি সেই ক্ষমতাদানের কথা।]

৪ ধারা। ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া আদেশ করিতে পারিবেন যে, ভারতবর্ষের গবর্ণমেণ্টের অব্যবহিতরূপে শাসিত কোন দেশে, যিনি কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক প্রধান কার্য্যকারক হন, তিনি সেই দেশের স্থানবিশেষের গবর্ণমেণ্টের প্রতি এই আইনের অর্পিত সকল কি কোন ক্ষমতানুসারে কার্য্য করেন। তাহা হইলে সেই কার্য্যকারক এই আইনের তাৎপর্য্যার্থে সেই দেশের স্থানীয় গবর্ণমেণ্ট হইবেন ইতি।

দ্বিতীয় খণ্ড।

রেজিষ্টরী করণের কার্য্যালয়াদির বিধি।

[সাধারণ রেজিষ্টরী কার্য্যালয় ও শাখা সাধারণ রেজিষ্টরী কার্য্যালয়ের কথা।]

৫ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্ট ঐ গবর্ণমেণ্টের অধীন দেশের অন্তর্গত যে স্থান উপযুক্ত জ্ঞান করেন, সেই স্থানে "জেনরল রেজিষ্টরী আফিস" নামে এক কার্য্যালয় স্থাপন করিবেন। ও সেই কার্য্যালয়ের তত্ত্বাবধারণ করিবার জন্যে এক জন কর্ম্মকারককে নিযুক্ত করিবেন। তিনি যে দেশে নিযুক্ত হন সেই দেশের রেজিষ্ট্রার জেনরল হইবেন। আরও স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক শাখা জেনরল রেজিষ্টরী আফিস স্থাপন করিতে ও শাখা জেনরল রেজিষ্ট্রারকে নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপে নিযুক্ত কোন শাখা জেনরল রেজিষ্ট্রারের দ্বারা কিম্বা তাঁহার সম্মুখে যে প্রত্যেক ক্রিয়া করা যায় তাহা রেজিষ্ট্রার জেনরল দ্বারা কি তাঁহার সম্মুখে কৃত হওনের তুল্য হইবে। কিন্তু ৮০ ধারাক্রমে রেজিষ্ট্রার জেনরলের প্রতি বিধি প্রণয়ন করিবার যে ক্ষমতা অর্পিত হইয়াছে শাখা রেজিষ্ট্রার জেনরল সেই ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন না। কোন রেজিষ্ট্রার জেনরল কিম্বা শাখা রেজিষ্ট্রার জেনরল আপনাদের সেই পদ ধারণ কালে গবর্ণমেণ্টের অধীন অন্য কোন পদও ধারণ করিতে পারিবেন ইতি।

[ডিষ্ট্রিক্ট ও সব-ডিষ্ট্রিক্ট নির্দ্দেশ ও পরিবর্ত্তন করিবার কথা।]

৬ ধারা। স্থান বিশেষের গবর্ণমেণ্ট এই আইনের অভিপ্রায় সফল করণার্থে ডিষ্ট্রিক্ট ও সব ডিষ্ট্রিক্ট নির্দ্দিষ্ট করিবেন। ও সেই ডিষ্ট্রিক্টেরও সব-ডিষ্ট্রিক্টের সীমা নির্দ্ধারণ্য করিবেন ও সময়েং পরিবর্ত্তন করিতে পারিবেন। সব-ডিষ্ট্রিক্টের সীমা ডিষ্ট্রিক্টের সীমার সমান হইতে পারিবে, কিম্বা এক অংশ এক ডিষ্ট্রিক্টে অন্য অংশ অন্য ডিষ্ট্রিক্টে থাকিতে পারিবে।

এই ধারামতে যে সকল ডিষ্ট্রিক্ট ও সব-ডিষ্ট্রিক্ট নির্দ্দিষ্ট করা যায় তাহার নাম ও তৎসীমার জ্ঞাপনপত্র এবং ঐ সীমার কোন অংশ পরিবর্ত্তন হইলে পর সেই পরিবর্ত্তনেরও সংবাদ স্থানীয় গবর্ণমেণ্ট অবিলম্বে

immediately after every such formation or alteration. Every such alteration shall take effect on such day after the notification as shall be mentioned therein.

[Establishment of Registry and Sub-Registry Offices.]

VII. The local Government shall establish in every District an Office to be styled the Registry Office, and in every Sub-District an Office to be styled the Sub-Registry Office.

[Appointment of Registrars and Sub-Registrars.]

VIII. The local Government may appoint such persons, whether Public Officers or not, as it may think proper, to be Registrars of the several Districts, and to be Sub-Regitrars of the several Sub-Districts, formed as aforesaid respectively.

[Appointment of Deputy Registrar-General to perform duties of Registrar-General, except those mentioned in Sections 80 and 83, during his absence on duty.]

IX. During the absence on duty of the Registrar-General or Branch Registrar-General from the place where the General Registry Office is established, it shall be lawful for him to appoint the Registrar of such place, or with the previous sanction of the local Government such other persons as he shall think fit, to perform the duties of the Registrar-General, except those mentioned in Sections 80 and 83. A Registrar so appointed shall perform such duties in addition to his own duties as Registrar. During such absence the Registrar or other person so appointed as aforesaid shall be styled the Deputy Registrar-General or Deputy Branch Registrar-General, as the case may be, and may use the Seal of the Registrar-General or Branch Registrar-General, as the case may be.

[Provision for cases of absence of a Registrar from his Districts or vacancy in his Office.]

X. In case of the absence from his District or of a vacancy occurring in the Office of any Registrar other than the Registrar of a District including a Presidency Town, any person whom the Registrar-General shall appoint in this behalf, or, in default of such appointment, the Judge of the District Court shall, during such absence or vacancy, be the Registrar. In case of the absence of the Registrar of a District including a Presidency Town, or of a vacancy occurring in the Office of any such Registrar, it shall be lawful for the Registrar-General to appoint any person whom he may think proper to conduct the duties of the Office of such Registrar.

রাজকীয় গেজেটে প্রকাশ করিবেন। ঐ প্রকাশিত জ্ঞাপনপত্রে যে দিন নিরূপণ হয় সেই দিনে সেই পরিবর্ত্তন সফল হইবে ইতি।

[রেজিষ্টরী ও সব-রেজিষ্টরী কার্য্যালয় স্থাপনের কথা।]

৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট প্রত্যেক ডিষ্ট্রিক্টে রেজিষ্টরী কার্য্যালয় নামে, এবং প্রত্যেক সব-ডিষ্ট্রিক্টে সব-রেজিষ্টরী কার্য্যালয় নামে এক২ কার্য্যালয় স্থাপন করিবেন ইতি।

[রেজিষ্ট্রার ও সব-রেজিষ্ট্রারদিগকে নিযুক্ত করিবার কথা।]

৮ ধারা। পূর্ব্বোক্তমতে যে সকল ডিষ্ট্রিক্ট নির্দ্দিষ্ট হয় স্থানীয় গবর্ণমেণ্ট তাহাতে রাজকীয় কার্য্যকারকদিগকে কি অন্য যে ব্যক্তিদিগকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহাদিগকে রেজিষ্ট্রারের পদে এবং উক্ত সকল সব-ডিষ্ট্রিক্টে সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিবেন ইতি।

[রেজিষ্ট্রার জেনরল কর্ম্মোপলক্ষে স্থানান্তরে গমন করিলে এই আইনের ৮০ ও ৮৩ ধারার নির্দ্দিষ্ট কর্ম্ম ভিন্ন তাঁহার কর্ম্ম সম্পাদনার্থে ডেপুটী রেজিষ্ট্রার জেনরলকে নিযুক্ত করিবার কথা।]

৯ ধারা। জেনরল রেজিষ্টরী কার্য্যালয় যে স্থানে স্থাপিত আছে রেজিষ্ট্রার জেনরল কি শাখা রেজিষ্ট্রার জেনরল সেই স্থানহইতে কর্ম্মোপলক্ষে অন্যত্র গমন করিলে, তিনি এই আইনের ৮০ ও ৮৩ ধারার নির্দ্দিষ্ট কর্ম্ম ভিন্ন রেজিষ্ট্রার জেনরলের সম্পাদনার্থে ঐ স্থানের রেজিষ্ট্রারকে অথবা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণপূর্ব্বক অন্য যে ব্যক্তিকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহাকে নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপে যে রেজিষ্ট্রার নিযুক্ত হন তিনি আপনার রেজিষ্টরী কর্ম্মের অতিরেকে ঐ কর্ম্মও নির্ব্বাহ করিবেন। তত্ক্রমে রেজিষ্ট্রার জেনরলের অনুপস্থানে যে রেজিষ্ট্রার কি অন্য ব্যক্তি পূর্ব্বোক্তমতে নিযুক্ত হন তিনি স্থলবিশেষে ডেপুটী রেজিষ্ট্রার জেনরল কি ডেপুটী শাখা রেজিষ্ট্রার জেনরল নামে খ্যাত হইবেন, এবং স্থল বিশেষে রেজিষ্ট্রার জেনরলের কি শাখা রেজিষ্ট্রার জেনরলের মোহর ব্যবহার করিতে পারিবেন ইতি।

[রেজিষ্ট্রারের অনুপস্থানে কি পদ শূন্য হইলে তদ্বিষয়ের বিধান।]

১০ ধারা। রাজধানীর এবং ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রার ভিন্ন কোন রেজিষ্ট্রার আপন ডিষ্ট্রিক্টে উপস্থিত না থাকিলে কিম্বা তদ্রূপ কোন রেজিষ্ট্রারের পদ শূন্য হইলে রেজিষ্ট্রার জেনরল সাহেব যাঁহাকে সেই পদে নিযুক্ত করেন তিনি রেজিষ্ট্রার হইবেন। তিনি কোন ব্যক্তিকে নিযুক্ত না করিলে, তাঁহার অনুপস্থান কিম্বা সেই পদ শূন্য থাকন কালে জিলার আদালতের জজ সাহেব রেজিষ্ট্রার হইবেন। রাজধানীর এবং ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রারের অনুপস্থানে কিম্বা তদ্রূপ কোন রেজিষ্ট্রারের পদ শূন্য হইলে রেজিষ্ট্রার জেনরল যাঁহাকে উপযুক্ত বোধ করেন, এমত কোন ব্যক্তিকে ঐ রেজিষ্ট্রারের পদের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[Provision for case of Registrar's absence from Office on duty in his District.]

XI. In case of the absence of any Registrar from his Office on duty in his District, it shall be lawful for him to appoint any Sub-Registrar in his District to perform, during such absence, all the duties of a Registrar except those mentioned in Sections 79 and 83.

[Provision for cases of absence of Sub-Registrar or vacancy in his Office.]

XII. In case of the absence of any Sub-Registrar, or of a vacancy occurring in the Office of any Sub-Registrar, any person whom the Registrar of the District shall appoint in this behalf shall, during such absence or vacancy, be Sub-Registrar.

[Appointments under Section 9, 10, 11 or 12 to be reported to local Government. Local Government may suspend, remove, or dismiss any person appointed under this Act.]

XIII. All appointments made under Section 9, 10, 11 or 12 shall be reported to the local Government by the Registrar-General or Branch Registrar-General, as the case may be. Such report shall be either special or general, as the local Government shall direct; and the local Government shall have power to suspend, remove or dismiss any persons appointed under the provisions of this Act, and to appoint other persons in their stead.

[Remuneration and establishments of Registering Officers.]

XIV. It shall be lawful for the local Government, with the previous sanction of the Governor General of India in Council, to assign such salaries as such Government may from time to time deem proper, to the Registering Officers appointed under this Act, or to provide for the remuneration of such Officers by fees, or partly by fees and partly by salaries. It shall also be lawful for the local Government, with the like sanction, to allow such estalishments for the several Registration Offices as may be necessary for the purposes of this Act.

[Seal of Registering Officers.]

XV. The Registrar-General, Branch Registrar-General, and several Registrars and Sub-Registrars, shall use a seal bearing the following inscription in English and in such other language as the local Government shall direct: "The seal of the Registrar-General (*or* of the Branch Registrar-General, *or* of the Registrar, *or* of the Sub-Registrar) of ."

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

[ডিষ্ট্রিক্টের মধ্যে রেজিষ্ট্রারের কর্ম্ম থাকাতে তিনি কার্য্যালয়ে উপস্থিত না থাকিলে তাহার বিধান।]

১১ ধারা। যদি রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে তিনি কোন রাজকীয় কর্ম্মপ্রযুক্ত কার্য্যালয়ে উপস্থিত না থাকেন, তবে তাঁহার সেই অনুপস্থানকালে তিনি ৭৯ ও ৮৩ ধারার লিখিত কর্ম্ম ভিন্ন রেজিষ্ট্রারের কর্ত্তব্য সকল কর্ম্ম সম্পাদনার্থে আপন জিলার কোন সব-রেজিষ্ট্রারকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[সব-রেজিষ্ট্রারের অনুপস্থানকালে কিম্বা তাঁহার পদ শূন্য হইলে তাহার বিধান।]

১২ ধারা। কোন সব-রেজিষ্ট্রারের অনুপস্থানকালে কিম্বা তাঁহার পদ শূন্য হইলে, তাঁহার অনুপস্থান কি পদ শূন্য থাকন কালে ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রার যাঁহাকে তৎকর্ম্মে নিযুক্ত করেন তিনি সব-রেজিষ্ট্রার হইবেন ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে ৯, ১০, ১১, কি ১২ ধারামত নিয়োগের রিপোর্ট করিবার, এবং এই আইনমতে নিযুক্ত কোন ব্যক্তিকে কিঞ্চিৎ কাল কি সম্যক্‌রূপে স্থানান্তর কি অপসর করিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

১৩ ধারা। ৯, ১০, ১১, কি ১২ ধারামতে যে সকল নিয়োগ করা যায়, রেজিষ্ট্রার জেনরল কি বিষয়বিশেষে শাখা রেজিষ্ট্রার জেনরল স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে সেই নিয়োগের রিপোর্ট করিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট যদ্রূপ আজ্ঞা করেন তদনুসারে সেই রিপোর্ট বিশেষ কি সাধারণ হইবে। এবং এই আইনের বিধানমতে যে কোন ব্যক্তিরা নিযুক্ত হন, স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহারদিগকে কিয়ৎকালের নিমিত্তে কি সম্যকরূপে স্থানান্তর কি অপসর করিতে পারিবেন, ও তাঁহারদের স্থানে অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[রেজিষ্টরী কর্ম্মকারকদিগের বেতনের ও আমলাগণের কথা।]

১৪ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই আইনমতে নিযুক্ত রেজিষ্টরী কর্ম্মকারকদিগের যে২ বেতন সময়ে২ উচিত বোধ করেন, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক তাঁহাদের সেই২ বেতন নিরূপণ করিতে পারিবেন। অথবা ফীদ্বারা কিম্বা অংশতঃ ফী ও অংশতঃ বেতনদ্বারা তাঁহাদের পারিশ্রমিকের বিধান করিবেন। এই আইনের অভিপ্রায় সফল করিবার জন্যে প্রত্যেক রেজিষ্টরী কার্য্যালয়ে যত জন আমলার আবশ্যক হয়, স্থান বিশেষের গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত প্রকারের অনুমতি গ্রহণপূর্ব্বক তত জনকে নিযুক্ত করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[রেজিষ্টরী কর্ম্মকারকদিগের মোহরের কথা।]

১৫ ধারা। রেজিষ্ট্রার জেনরল ও শাখা রেজিষ্ট্রার জেনরল ও নানা রেজিষ্ট্রার ও সব-রেজিষ্ট্রারেরা মোহর ব্যবহার করিবেন। তাহাতে ইঙ্গলণ্ডীয় ভাষার, এবং স্থানবিশেষের গবর্ণমেণ্ট অন্য যে ভাষার আজ্ঞা করেন সেই ভাষার অক্ষরে এই কথা খোদিত থাকিবে, "অমুক স্থানের রেজিষ্ট্রার জেনরলের (কিম্বা বিষয়বিশেষে শাখা রেজিষ্ট্রার জেনরলের কিম্বা রেজিষ্ট্রারের কি সব-রেজিষ্ট্রারের) মোহর" ইতি।

[Regi ster-gooks. Forms. Fire-proof boxes.]

XVI. The local Government shall provide for the Office of every Registering Officer such Books as may be necessary for the purposes of this Act. The Books so provided shall contain such forms as shall from time to time be prescribed by the Registrar-General, with the sanction of the local Government, and the pages of such Books shall be consecutively numbered in print, and the number of pages in each Book shall be certified on the title page by the Officer by whom such Books shall be issued. The local Government shall further supply the Office of every Registrar with a fire-proof box.

CHAPTER III.

Cf registrable Documents.

[Instruments of which the registration is compulsory.]

XVII. The instruments next hereinafter mentioned shall be registered, provided the property to which they relate shall be situate in a District in which, and provided they shall have been executed on or after the date on which the said Act No. XVI of 1864 or this Act shall have come or shall come into operation ; (that is to say) :—

1. Instruments of gift of immoveable property :

2. Instruments (other than an instrument of gift) which purport or operate to create, declare, assign, limit or extinguish, whether in present or in future, any right, title or interest, whether vested or contingent, of the value of one hundred rupees and upwards to or in immoveable property :

3. Instruments which acknowledge the receipt or payment of any consideration on account of the creation, declaration, assignment, limitation or extinction of any such right, title or interest, and

4. Leases of immoveable property for any term exceeding one year :

[Exception of Composition-deeds. And of transfers of shares and debentures in Land Companies.]

Provided that the former part of this Section shall not apply to any Composition-deed nor to any instrument relating to shares in a Joint-Stock Company, notwithstanding that the assets of such Company shall consist in whole or in part of immoveable property, nor to any endorsement upon or transfer of any debenture issued by any such Company : Provided also that, so far only as regards the Territories respectively under the Governments of the Lieutenant-Governors of Bengal and the North-West Provinces, the local Government may by order published in the

[রেজিষ্টরী বহী ও পাঠ ও অদহনীয় বাক্সের কথা ।]

১৬ ধারা। এই আইনের কার্য্যার্থে যে২ বহীর আবশ্যক তাহা স্থানবিশেষের গবর্ণমেণ্ট প্রত্যেক রেজিষ্টরী কার্য্যকারকের কার্য্যালয়ে দেওয়াইবেন, রেজিষ্ট্রার জেনরল সাহেব স্থানবিশেষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে যে২ পাঠ সময়ে২ নির্দ্দিষ্ট করেন সেই বহীতে ঐ পাঠ থাকিবে। সেই২ বহীর প্রত্যেক পত্রের অঙ্ক যথাক্রমে মুদ্রিত হইবে। ও যে কার্য্যকারক সেই বহী ব্যবহার হইবার জন্যে দেন তিনি, প্রত্যেক বহীতে যত পৃষ্ঠা থাকে, তাহার সংখ্যার সংশিত কথা প্রথম পত্রে লিখিবেন। আরো দগ্ধ হইতে না পারে এমত এক২ বাক্স স্থানবিশেষের গবর্ণমেণ্ট প্রত্যেক রেজিষ্ট্রারের কার্য্যালয়ে দেওয়াইবেন ইতি।

তৃতীয় খণ্ড।

রেজিষ্টর করিবার যোগ্য পত্রাদির বিধি।

[যে২ লেখ্য অবশ্য রেজিষ্টর করিতে হইবে তাহার কথা।]

১৭ ধারা। নিম্ন লিখিত লেখ্য যে সম্পত্তি সম্পর্কীয় হয় তাহা যে ডিষ্ট্রিক্টে থাকে, তন্মধ্যে যদি ১৮৬৪ সালের উক্ত ১৬ আইন কিম্বা এই আইন প্রচলিত হইয়া থাকে কি হয় এবং যে তারিখে তথায় প্রচলিত হয় যদি সেই তারিখে কি তাহার পরে ঐ লেখ্য স্বাক্ষরিত হয়, তবে সেই২ লেখ্য রেজিষ্টর করিতে হইবে, বিশেষতঃ—

১। স্থাবর সম্পত্তির দানপত্র।

২। পূর্ব্বোক্ত দানপত্র ভিন্ন যে লেখ্যের মর্ম্মানুসারে কি ফলস্বরূপে স্থাবর কোন সম্পত্তিতে এক শত টাকার কি তদূর্দ্ধ মূল্যের বর্ত্তমান ভোগ্য কি সম্ভাবিত কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক বর্ত্তমান কি ভবিষ্যৎ কালে সৃষ্ট কি প্রকাশ কি সমর্পণ কি সঙ্কোচ কি বিলোপ হয় সেই পত্র।

৩। যে লেখ্যদ্বারা তদ্রূপ কোন অধিকার কি স্বত্ব কি সম্পর্ক সৃষ্ট কি প্রকাশ কি সমর্পণ কি সঙ্কোচ কি বিলোপ করণ হেতুক কোন পারিতোষিক গ্রহণ কি দান স্বীকার হয় সেই লেখ্য।

৪। স্থাবর সম্পত্তির এক বৎসরের অধিক কোন কালের পাট্টা।

[মীমাংসাপত্র এবং ভূমিসংক্রান্ত কোম্পানির অংশ ও ঋণ শোধণ প্রতিজ্ঞাপত্রের হস্তান্তর করণপত্র বর্জ্জিত হইবার কথা।]

কিন্তু এই ধারার পূর্ব্বভাগ কোন মীমাংসাপত্রের প্রতি বর্ত্তিবে না। এবং জাইণ্ট ষ্টাক কোম্পানির স্থিত যদিও সমুদয় কি একাংশ স্থাবর সম্পত্তি হয় তথাপি ঐ কোম্পানির অংশ সম্পর্কীয় কোন লেখ্যের প্রতি কিম্বা ঐ কোম্পানির দত্ত ঋণ শোধন প্রতিজ্ঞাপত্রের পৃষ্ঠলিপির কিম্বা হস্তান্তর করণপত্রের প্রতিও বর্ত্তিবে না। আরো কোন বিশেষ জিলাতে কি জিলার কোন বিশেষ অংশে স্থাবর সম্পত্তির যে পাট্টা সম্পাদন হয়, তাহা যদি দুই বৎসরের অধিক কালীন না হয়, ও তাহাতে পঞ্চাশ টাকার অনধিক বার্ষিক কর দেওনের নিয়ম হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া সেই পাট্টা এই

Official Gazette, exempt from the operation of the former part of this Section any leases of immoveable property, executed in any particular District or part of a District, the terms granted by which shall not exceed two years, and the annual rents reserved by which shall not exceed fifty rupees.

[Documents of which the registration is optional.]

XVIII. Any of the documents next hereinafter mentioned may be registered under this Act; (that is to say):—

1. Instruments which purport or operate to create, declare, assign, limit or extinguish, whether in present or in future, any right, title or interest, whether vested or contingent, of value less than one hundred rupees to or in immoveable property;

2. Instruments which acknowledge the receipt or payment of any consideration on account of the creation, declaration, assignment, limitation or extinction of any such right, title or interest:

3. Leases of immoveable property for any term not exceeding one year, and the pattás and muchalkás referred to in Section 2:

4. Awards relating to immoveable property:

5. Instruments which purport or operate to create, declare, assign, limit or extinguish any right, title or interest to or in moveable property:

6. Wills or Authorities to adopt a son:

7. Acknowledgements, Agreements, Appointments, Articles of Partnership, Assignments, Awards, Bills of Exchange, Bills of Sale, Bonds, Composition-deeds, Conditions of Sale, Contracts, Covenants, Grants, Instruments of Dissolution of Partnership, Instruments of Partition, Powers of Attorney, Promissory Notes, Releases, Settlements, Writings of Divorcement, and all other documents not hereinbefore mentioned.

[Documents in language not understood by Registering Officer.]

XIX. If any document duly presented for registration be in a language which the Registering Officer does not understand, and which is not commonly used in the District, he shall refuse to register the document, unless it be accompanied by a true translation into a language commonly used in the District and also by a true copy.

[Documents containing interlineations, blanks, erasures or alterations.]

XX. It shall be in the discretion of the Registering Officer to refuse to accept for registration any document in which any interlineation, blank, erasure or alteration shall appear, unless the persons executing the documents shall attest with their signatures or initials such interlineation, blank,

ধারার পূর্ব্ব ভাগের কার্য্য হইতে মুক্ত করিতে পারিবেন, কিন্তু এই বিধি কেবল বঙ্গদেশের ও উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে বর্ত্তিবে ইতি।

[যেং প্রকারের নিদর্শনপত্র রেজিস্টরী করা স্বেচ্ছাধীন তাহার কথা।]

১৮ ধারা। পশ্চাৎ লিখিত প্রকারের কোন লেখ্য এই আইনমতে রেজিস্টর হইতে পারিবেক, অর্থাৎ

১। যে লেখ্যর মর্ম্মানুসারে কি ফলস্বরূপে কোন স্থাবর সম্পত্তিতে এক শত টাকার ন্যূন মূল্যের বর্ত্তমান ভোগ্য কি সম্ভাবিত কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক বর্ত্তমানে কি ভবিষ্যতে সৃষ্ট কি প্রকাশ কি সমর্পণ কি সঙ্কোচ কি লোপ করা যায় এমত লেখ্য।

২। যে লেখ্যক্রমে তদ্রূপ কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্ট কি প্রকাশ কি সমর্পণ কি সঙ্কোচ কি লোপ করণহেতুক কোন পারিতোষিক প্রাপণ কি দান স্বীকার হয়, এমত লেখ্য।

৩। স্থাবর সম্পত্তির এক বৎসরের অনধিক কালের পাট্টা ও ২ ধারার নির্দ্দিষ্ট পাট্টা ও কবুলিকা।

৪। স্থাবর সম্পত্তিসম্পর্কীয় জয়পত্র।

৫। যে লেখ্যের মর্ম্মানুসারে কি ফলস্বরূপে কোন অস্থাবর সম্পত্তিতে কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্ট কি প্রকাশ কি হস্তান্তর কি সঙ্কোচ কি লোপ করা যায়।

৬। কোন চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র।

৭। কোন অঙ্গীকারপত্র, কি অর্পণপত্র, খৎ, চুক্তিপত্র, জয়পত্র, দানপত্র, নিয়োগপত্র, বিয়োগপত্র, নিরূপণপত্র, বণ্টনপত্র, বিক্রয়পত্র, বিক্রয়ের নিয়মপত্র, বিবাহবন্ধনবিলোপ করণপত্র, মীমাংসাপত্র, মুক্তিপত্র, মোক্তারনামা, সংভূয়সমুত্থানের নিয়মপত্র, সংভূয়সমুত্থান বিলোপকরণপত্র, সংশ্রবপত্র, স্বীকারপত্র, হুণ্ডী, এবং অন্য যে সকল পত্র ইহার পূর্ব্বে ব্যক্ত হয় নাই ইতি।

[রেজিস্টরী কার্য্যকারকের অজ্ঞাত ভাষায় লেখ্য লিখিত হইলে তাহার কথা।]

১৯ ধারা। রেজিস্টর হইবার জন্যে নিয়মমতে আনীত কোন লেখ্য যে ভাষায় লেখা হইয়াছে তাহা যদি রেজিস্টরি কার্য্যকারক না বুঝেন, এবং সেই ভাষা জিলার মধ্যে সাধারণমতে প্রচলিত না হয়, তবে জিলার মধ্যে সাধারণমত প্রচলিত ভাষায় ঐ লেখ্যের যথার্থ অনুবাদ এবং তাহার সত্য প্রতিলিপি সঙ্গে না দেওয়া গেলে তিনি ঐ লেখ্য রেজিস্টর করিবেন না ইতি।

[লেখ্যের কোন অংশে ফাঁক থাকিলে কি কোন শব্দ চাঁচা কি দুই পংক্তির মধ্যে লেখা গেলে কি পরিবর্ত্তন হইলে তাহার কথা।]

২০ ধারা। রেজিস্টর করিবার জন্যে কোন লেখ্য উপস্থিত করা গেলে, যদি দেখা যায় যে, তাহার দুই পংক্তির মধ্যে কোন শব্দ লেখা গিয়াছে কি ফাঁক আছে কি চাঁচা গিয়াছে কি পরিবর্ত্ত হইয়াছে, তবে যাঁহারা ঐ লেখ্য সম্পাদন করেন তাঁহারা আপনাদের স্বাক্ষরক্রমে কি নামের আদ্যক্ষর লিখিয়া চিহ্ন দিয়া

erasure or alteration; and it shall be the duty of the Officer registering such document, at the time of registering the same, to make a note in the Register of such interlineation, blank, erasure or alteration.

[Description of parcels in instruments relating to immoveables. Documents containing maps or plans.]

XXI. No instrument relating to immoveable property shall be accepted for registration unless it shall contain a description of such property sufficient to identify the same. Houses in towns shall be described as situate on the north or other side of the street or road (mentioning it) to which they front, and by their existing and former occupancies, and by their numbers if the houses in such street or road are numbered. Other houses and lands shall be described by their name, if any, and as being in the teritorial division in which they are situate and by their superficial contents, the road and other properties on which they abut, and their occupancies, and also, whenever it is practicable, by reference to a Government map or survey. No document containing a map or plan of any property comprised therein shall be accepted for registration unless it be accompainied by a true copy of the map or plan, or, in case such property shall be situate in several Sub-Districts, by such number of true copies of the map or plan as shall be equal to the number of such Sub-Districts, and, in case the property shall be also situate in several Districts, by such further number of true copies of the map or plan as shall be equal to the number of such Districts.

PART IV.

Of the Time of Registration.

[Time for registering instruments of which the registration is compulsory.]

XXII. Subject to the provision contained in Section 24, no instrument of the kinds mentioned in Section 17, Clauses 1, 2, 3 and 4, shall be accepted for registration unless presented for that purpose to the proper Officer within four months from the date of its execution; provided that, where there are several persons executing it at different times, the instrument may be presented for the registration and re-registration within four months from the date of each execution.

[Time for registering documents of which the registration is optional.]

XXIII. Subject to the provision contained in Section 24, no document of any of the kinds mentioned in Section 18 (other than a Will or Authority to adopt a son), shall be accepted for

সেই ফাঁক কি সেইং শব্দ স্বীকার না করিলে সেই লেখ্য গ্রাহ্য হইবে না। ও যে কার্য্যকারক যে সময়ে ঐ পত্র রেজিষ্টর করেন, তিনি সেই সময়ে দুই পংক্তির মধ্যে কোন শব্দ লিখিত হওন, কি ফাঁক থাকন কি চাঁচন কি পরিবর্ত্তনের মন্তব্য কথা আপন রেজিষ্টরী বহীতে লিখিবেন ইতি।

[স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্যতে খণ্ড নির্ণয়ের কথা এবং ম্যাপ ও আলেখ্যঘটিত লেখ্যের কথা।]

২১ ধারা। স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্য রেজিষ্টর করিবার জন্যে আনা গেলে, যদি সেই পত্রে ঐ সম্পত্তি নিশ্চিত করিবার উপযুক্ত বর্ণন না থাকে, তবে তাহা রেজিষ্টর করণার্থে গ্রাহ্য হইবে না। নগরস্থিত কোন ঘরের লেখ্য হইলে সেই ঘর যে পথের অভিমুখ হয় সেই পথের কি রাস্তার (নামোল্লেখে) উত্তর প্রভৃতি দিগে আছে, ও এইক্ষণে শ্রীঅমুক বাস করিতেছেন কি পূর্ব্বে করিতেন এইং কথা লিখিয়া, ও সেই পথের কি রাস্তার ধারের ঘর সকলের নম্বর থাকিলে সেই ঘরের নম্বর লিখিয়া ঐ ঘর বর্ণিত হইবে। অন্য কোন ঘর কি ভূমি হইলে যদি নাম থাকে, তবে তাহার নাম, ও তাহা দেশসংক্রান্ত অমুক বিভাগের অন্তর্গত, ও তাহার আড়ে দীর্ঘে পরিমাণ, ও চতুঃসীমা অমুকং পথ কি সম্পত্তি, ও এইক্ষণে অমুকের অধিকারে আছে, এইং কথা লিখিয়া ঐ ঘরের কি ভূমির বর্ণন করিবেন। এবং যে স্থলে হইতে পারে সেই স্থলে গবর্ণমেন্টের ম্যাপের কি পরিমাণপত্রের উল্লেখ করিতে হইবে, যদি সম্পত্তিঘটিত কোন লেখ্যতে ঐ সম্পত্তির ম্যাপ কি আলেখ্য থাকে, তবে ঐ ম্যাপের কি আলেখ্যের যথার্থ প্রতিলিপি সঙ্গে না দিলে, অথবা যদি সম্পত্তি ভিন্নং সব-ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে, তবে যত সব-ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে ম্যাপের কি আলেখ্যের তত যথার্থ প্রতিলিপি সঙ্গে না দিলে, এবং যদি ঐ সম্পত্তি ভিন্নং ডিষ্ট্রিক্টের অন্তর্গত থাকে, তবে যত ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে, ম্যাপের কি আলেখ্যের তত্তুল্য সংখ্যক প্রতিলিপি সঙ্গে না দিলে সেই লেখ্য রেজিষ্টর হইবার জন্যে গ্রাহ্য হইবে না ইতি।

চতুর্থ খণ্ড।

রেজিষ্টর করিবার সময়ের বিধি।

[যেং লেখ্য রেজিষ্টর করা অবশ্য কর্ত্তব্য তাহা রেজিষ্টর করিবার সময়ের কথা।]

২২ ধারা। ২৪ ধারার বিধান বলবৎ রাখিয়া, ১৭ ধারার ১, ২, ৩, ৪ প্রকরণের লিখিত প্রকারের কোন লেখ্য সম্পাদন হইবার তারিখ অবধি চারি মাসের মধ্যে রেজিষ্টর করিবার জন্যে উপযুক্ত কর্ম্মকারকের নিকটে না আনা গেলে তদর্থে গ্রাহ্য হইবে না। কিন্তু যদি তাহাতে ভিন্নং লোকের ভিন্নং সময়ে স্বাক্ষর করিতে হয়, তবে প্রত্যেক ব্যক্তিকর্ত্তৃক স্বাক্ষরিত হইবার পর ক্রমশঃ চারি মাসের মধ্যে তাহা রেজিষ্টর ও পুনঃং রেজিষ্টর করিবার জন্যে আনীত হইতে পারিবে ইতি।

[যেং লেখ্যের রেজিষ্টর করা ইচ্ছাধীন তাহা রেজিষ্টর করিবার সময়ের কথা।]

২৩ ধারা। ২৪ ধারার বিধান বলবৎ রাখিয়া (চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র ভিন্ন) ১৮ ধারার লিখিত প্রকারের কোন লেখ্য সম্পাদন হইবার তারিখ অবধি দুই মাসের মধ্যে রেজিষ্টর

registration unless presented for that purpose to the proper Officer within two months from the date of its execution; provided that, where there are several persons executing it at different times, the document may be presented for registration and re-registration within two months from the date of each execution.

করিবার জন্যে উপযুক্ত কর্ম্মকারকের নিকটে না আনা গেলে তদর্থে গ্রাহ্য হইবে না। কিন্তু যদি তাহাতে ভিন্ন২ লোকের ভিন্ন২ সময়ে স্বাক্ষর করিতে-হয়, তবে প্রত্যেক ব্যক্তিকর্ত্তৃক স্বাক্ষরিত হইবার পর ক্রমশঃ দুই মাসের মধ্যে তাহা রেজিস্টর ও পুনঃ২ রেজিস্টর করিবার জন্যে আনীত হইতে পারিবে ইতি।

Explanation.—The date of execution of a document means the day on which it purports to have been executed.

ব্যাখ্যা।—লেখ্য যে তারিখে সম্পাদন হইবার ভাব দর্শায়, তাহা লেখ্য সম্পাদনের তারিখ শব্দে বুঝায়।

[Provision where delay in registering is unavoidable.]

[রেজিস্টর করিতে অগত্যা বিলম্ব স্থলে তাহার উপবিধি।]

XXIV. If any instrument shall, owing to urgent necessity or unavoidable accident, not have been presented for registration till after the expiration of the time hereinbefore prescribed in that behalf, it shall be lawful for the Registrar, in cases where the delay in presentation shall not exceed four months, to direct, that on payment as a penalty of a sum not exceeding twenty times the amount of the proper registration fee, such instrument shall be accepted for registration.

২৪ ধারা। যদি অত্যন্ত প্রয়োজনবশতঃ কিম্বা অনিবার্য্য ঘটনা হেতুক তদ্রূপ কোন লেখ্য রেজিস্টর করিবার পূর্ব্বনির্দ্দিষ্ট কাল অতীত হওনের পূর্ব্বে তাহা রেজিস্টর করিবার জন্যে আনা যাইতে না পারে, তবে তাহা আনিতে চারি মাসের অধিক বিলম্ব না হইলে, রেজিস্টার এই আজ্ঞা করিতে পারিবেন যে রেজিস্টর করাতে উপযুক্ত যত ফী লাগে তাহার বিশ গুণের অনধিক দণ্ড দিলে ঐ লেখ্য রেজিস্টর হইবার জন্যে গ্রাহ্য হইবে ইতি।

[Provisions for last day of period for registration falling on a holiday.]

[রেজিস্টর করিবার শেষ দিন ছুটীর দিন হইলে তাহার উপবিধি।]

XXV. Whenever the last day of any period hereinbefore provided for the registration of any document shall fall on a sunday or other holiday declared as hereinafter mentioned, such last day shall, for the purposes of this Act, be deemed to be the day immediately following such Sunday or other holiday.

২৫ ধারা। ইহার পূর্ব্বধারাতে লেখ্য রেজিস্টর করিবার যে কাল নিরূপণ হইয়াছে, তাহার শেষ দিন যদি রবিবার কিম্বা পশ্চাৎ লিখিত মতে নিয়মিত অন্য ছুটীর দিন হয়, তবে এই আইনের কার্য্যপক্ষে ঐ রবিবারের কি অন্য বন্দের পশ্চাৎ যে দিন, তাহাই ঐ কালের শেষ দিন জ্ঞান হইবে ইতি।

[Wills or Authorities to adopt may be registered or deposited at any time.]

[চরমপত্র কিম্বা দত্তকগ্রহণের অনুমতিপত্র যে কোন সময়ে রেজিস্টর কি গচ্ছিত হইতে পারিবার কথা।]

XXVI. Any Will or Authority to adopt a son may at any time be registered or deposited in manner hereinafter provided.

২৬ ধারা। কোন চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র পশ্চাৎ লিখিত বিধানমতে কোন সময়ে রেজিস্টর কি গচ্ছিত হইতে পারিবে ইতি।

[Alteration of Act No. XIV of 1859, Section 1, Clause 10.]

[১৮৫৯ সালের ১৪ আইনের ১ ধারার ১০ প্রকরণ পরিবর্ত্তনের কথা।]

XXVII. In Act No. XIV of 1859, Section 1, Clause 10, the last Clause shall be read as if for the words "within six months from the date thereof" the words "within the time prescribed in that behalf by 'The Indian Registration Act, 1866,'" were substituted.

২৭ ধারা। ১৮৫৯ সালের ১৪ আইনের ১ ধারার ১০ প্রকরণের কথার শেষভাগে "হইবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে" এই কথার স্থলে "তৎপক্ষে ভারতবর্ষীয় ১৮৬৬ সালের রেজিস্টরী আইনের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে" এই কথা মুদ্রিত হওনমতে ঐ ভাগ পাঠ করিতে হইবে ইতি।

[Saving of time prescribed by Statute for registration of instruments.]

[লেখ্য রেজিস্টর করণের ব্যবস্থাক্রমে অবধারিত সময় রক্ষার কথা।]

XXVIII. Nothing in this Act shall be taken to alter the time within which any certificate or other document must be registered under the provisions of "The Bankrupt Law Consolidation Act, 1849," Section 143, or any other Act of the Parliament of the United Kingdom of Great Britain and Ireland.

২৮ ধারা। অক্ষম ঋণির আইন সংগ্রহকরণার্থ ১৮৪৯ সালের আইনের ১৪৩ ধারার কিম্বা গ্রেটব্রিটন ও এরলণ্ডে সংযুক্ত রাজ্যের পার্লিমেণ্টের প্রচলিত আইনের বিধানানুসারে কোন সংশিতপত্র কি অন্য লেখ্য যে সময়ে রেজিস্টর করিতে হয়, এই আইনের কোন কথাদ্বারা সেই সময়ের পরিবর্ত্তন হইবে না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

PART V.

Of the Place of Registration.

[Place for registering instruments relating to immoveables.]

XXIX. Save as in this Act otherwise provided every instrument mentioned in Section 17, Clauses 1, 2, 3 and 4, and Section 18, Clauses 1, 2, 3 and 4, shall be presented for registration in the Office of a Sub-Registrar within whose Sub-District the whole or some portion of the property to which such instrument relates is situate.

[Place for registering other instruments.]

XXX. Every instrument other than an instrument referred to in the last preceding Section, may be presented for registration in the Office of the Sub-Registrar in whose Sub-District the instrument was executed, or in the Office of any Sub-Registrar under the local Government at which all the persons executing and claiming under the instrument shall desire the same to be registered.

[Registration by Registrar-General of instruments referred to in Section 29.]

XXXI. The Registrar-General may in his discretion receive and register any instrument referred to in Section 29, without regard to the situation in any part of British India of the property to which the instrument relates.

[Registration by Registrar.]

XXXII. Any Registrar may in his discretion receive and register any instrument which might be registered by any Sub-Registrar subordinate to him. He shall also register Wills and Authorities to adopt. The Registrar of a District including a Presidency Town shall be deemed to be a Sub-Registrar within the meaning of this Act for such portion of his District (if any) as shall not have been formed into a Sub-District.

[Registration or acceptance for deposite at private residence.]

XXXIII. In ordinary cases the registration or deposit of documents under this Act shall be made only at the public Office of the Officer whose duty it shall be to register the same: but any such Officer may on special cause being shown attend at the residence of any person intending to register any document, or of any person desiring to deposit a Will or Authority to adopt a son, and register or accept for registration or deposit such document, Will or Authority. Every Sub-Registrar so attending shall within twenty-four hours report to the Registrar to whom he is subordinate the fact of the attendance and his reason therefor.

[*Government Gazette, 1st May* 1866.]

পঞ্চম খণ্ড।

রেজিষ্টর করিবার স্থানের বিধি।

[স্থাবর সম্পত্তি সম্পর্কীয় লেখ্য রেজিষ্টর করিবার স্থানের কথা।]

২৯ ধারা। এই আইনের যে স্থলে প্রকারান্তরের বিধি হইয়াছে সেই স্থলভিন্ন ১৭ ধারার ১, ২, ৩, ৪ প্রকরণের ও ১৮ ধারার ১, ২, ৩, ৪, প্রকরণের ব্যক্ত প্রত্যেক লেখ্য যে সম্পত্তি বিষয়ের হয়, সেই সম্পত্তির সমুদয় কি কোন অংশ যে সব রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিক্টের অন্তর্গত থাকে তাঁহার কার্য্যালয়ে সেই লেখ্য রেজিষ্টর করিবার জন্যে আনীত হইবে ইতি।

[অন্য লেখ্য রেজিষ্টর করিবার স্থানের কথা।]

৩০ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারাতে যে২ লেখ্যের উল্লেখ হইয়াছে, তদ্ভিন্ন প্রত্যেক লেখ্য যে সব-রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিক্টের মধ্যে সম্পাদন হইয়াছে তাঁহারই কার্য্যালয়ে, অথবা ঐ লেখ্য সম্পাদক ও তদনুসারে দাওয়াকারি সকল ব্যক্তি স্থানীয় সেই গবর্ণমেন্টের অধীন যে কোন রেজিষ্ট্রারের কার্য্যালয়ে তাহা রেজিষ্টর করিতে চাহেন তথায় রেজিষ্টর করিবার জন্যে উপস্থিত করিতে পারিবেন ইতি।

[২৯ ধারার উদ্দিষ্ট লেখ্য রেজিষ্ট্রার জেনরলকর্ত্তৃক রেজিষ্টর হইবার কথা।]

৩১ ধারা। ২৯ ধারার উদ্দিষ্ট লেখ্য যে সম্পত্তি বিষয়ের হয় তাহা ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন স্থানে থাকে তৎপ্রতি দৃষ্টি না করিয়া রেজিষ্ট্রার জেনরল সাহেব স্বীয় বিবেচনামতে ঐ লেখ্য গ্রাহ্য করিয়া রেজিষ্টর করিতে পারিবেন ইতি।

[রেজিষ্ট্রারকর্ত্তৃক রেজিষ্টর করণের কথা।]

৩২ ধারা। কোন রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের অন্তর্গত কোন সব-রেজিষ্ট্রারের দ্বারা যে লেখ্য রেজিষ্টর হইতে পারে তাহা সেই রেজিষ্ট্রার আপন বিবেচনামতে গ্রাহ্য করিয়া রেজিষ্টর করিতে পারিবেন। আরো তিনি চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র রেজিষ্টর করিবেন। যদি ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের কোন অংশ সব-ডিষ্ট্রিক্টে বিভক্ত না হইয়া থাকে, তবে তিনি আপন ডিষ্ট্রিক্টের সেই অংশের উপলক্ষে এই আইনের অর্থানুযায়ি সব-রেজিষ্ট্রার জ্ঞান হইবেন। এই স্থলে ডিষ্ট্রিক্ট শব্দের মধ্যে রাজধানীও গণ্য ইতি।

[সাধারণ ব্যক্তির বাটীতে রেজিষ্টর করণের কি গচ্ছিত করণার্থে গ্রাহ্য করণের কথা ও বর্জ্জিত কথা।]

৩৩ ধারা। কোন লেখ্য রেজিষ্টর করা যে কর্ম্মকারকের কর্ত্তব্য হয়, এই আইন অনুসারে সেই লেখ্য সাধারণমতে কেবল সেই কার্য্যকারকের রাজকীয় কার্য্যালয়ে রেজিষ্টর কি গচ্ছিত করিতে হইবে। কিন্তু যদি কোন বিশেষ কারণ দর্শান যায়, তবে যাঁহার কোন লেখ্য রেজিষ্টর করিবার অভিপ্রায় থাকে কিম্বা যিনি কোন চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র গচ্ছিত করিতে ইচ্ছুক হন, সেই ব্যক্তির বাসস্থানে উক্ত কর্ম্মকারক গমনপূর্ব্বক সেই লেখ্য কি চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র রেজিষ্টর করিবেন কিম্বা রেজিষ্টর কি রক্ষা করিবার নিমিত্তে গ্রহণ করিবেন। সব-রেজিষ্ট্রার যখন তদ্রূপে গমন করেন, তখন তিনি যে তদ্রূপে গিয়াছেন ও যে কারণে গিয়াছেন এই কথা চব্বিশ ঘণ্টার মধ্যে রেজিষ্ট্রারকে জ্ঞাত করিবেন ইতি।

PART VI.

Of the Presentation of instruments for Registration.

[Person to present documents for registration.]

XXXIV. Subject to the provisions of the last preceding Section, every document to be registered under this Act, whether such registration be compulsory or optional, shall be presented at the proper Registration Office by some person executing or claiming under the same, or by the representative or assign of such person, or by the agent of such person, representative or assign, duly authorized by power of attorney executed and authenticated in manner hereinafter mentioned.

[Powers of attorney recognizable for purposes of Section 34.]

XXXV. For the purposes of the last preceeding Section, the powers of attorney next hereinafter mentioned shall alone be recognized; (that is to say) :—

(*a.*) If the principal at the time of executing the power of attorney resides in any part of British India in which this Act operates, a power of attorney executed before and authenticated by the Registrar or Sub-Registrar within whose District or Sub-District the principal resides :

(*b.*) If the principal at the time aforesaid resides in any other part of British India, a power of attorney executed before and authenticated by the Judge of the District Court within the local limits of whose jurisdiction the principal resides :

(*c.*) If the principal at the time aforesaid does not reside in British India, a power of attorney executed before and authenticated by a Notary Public or any Court, Judge, Magistrate, British Consul or Vice-Cunsul, or representative of Her Majesty or of the Government of India.

Any power of attorney mentioned in this Section may be proved by the production of it without further proof, when it purports on the face of it to have been executed before and authenticated by the person or Court hereinbefore mentioned in that behalf.

[Proviso as to persons infirm, or in jail, or exempt from appearing in Court.]

Provided that persons who by reason of bodily infirmity are unable without risk or serious inconvenience to attend as next hereinafter mentioned, and persons who are in jail under civil or criminal process, and persons exempt by law from personal appearance in Court, shall not be required to attend at the Office of the Registrar or Sub-Registrar, or in the Court of the Judge, for the purpose of executing any such power of attorney as is mentioned in Clauses (*a*) and (*b*) of this

ষষ্ঠ খণ্ড।

রেজিষ্টর করণার্থে লেখ্য উপস্থিত করিবার বিধি।

[রেজিষ্টর করণার্থে লেখ্য উপস্থিতকারকের কথা।]

৩৪ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধান বলবৎ রাখিয়া এই আইন অনুসারে যে প্রত্যেক লেখ্য রেজিষ্টর করা কর্ত্তব্য তাহার রেজিষ্টরী কার্য্য আবশ্যক কি স্বেচ্ছাধীন হউক, ঐ লেখ্য সম্পাদক কি তদনুসারে দাওয়াকারি কোন ব্যক্তি কিম্বা তাঁহার স্থলাভিষিক্তগণ কি আসৈনগণ, কিম্বা পশ্চাৎ লিখিতমতে স্বাক্ষরিত ও সত্যাকৃত মোক্তারনামাক্রমে ঐ ব্যক্তির কি তদীয় স্থলাভিষিক্তদের কি আসৈনদিগের নিয়মিতরূপে নিযুক্ত মোক্তার ঐ লেখ্য রেজিষ্টর করিবার উপযুক্ত কার্য্যালয়ে আনিবেন ইতি।

[৩৪ ধারার কার্য্যপক্ষে যে মোক্তারনামা স্বীকৃত হইবার কথা।]

৩৫ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্বধারার কার্য্যের উপলক্ষে কেবল পশ্চাৎ লিখিত প্রকারের মোক্তারনামা স্বীকৃত হইবে, বিশেষতঃ

(ক) এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে অংশে প্রচলিত আছে যদি মুখ্যব্যক্তি মোক্তারনামা সম্পাদনকালে তাহার কোন অংশে বাস করেন, তবে তিনি যে ডিষ্ট্রিক্ট কি সব-ডিষ্ট্রিক্টের মধ্যে বাস করেন তাহার রেজিষ্ট্রার কি সব-রেজিষ্ট্রারের সম্মুখে স্বাক্ষরিত ও তৎকর্তৃক সত্যাকৃত মোক্তারনামা।

(খ) যদি মুখ্য ব্যক্তি পূর্ব্বোক্তকালে ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন অংশে বাস করেন, তবে তিনি জিলার যে আদালতের বিচারাধিপত্যের সীমান্তর্গত স্থানে বাস করেন সেই আদালতের জজ সাহেবের সম্মুখে স্বাক্ষরিত ও তৎ কর্ত্তৃক সত্যাকৃত মোক্তারনামা।

(গ) যদি মুখ্য ব্যক্তি পূর্ব্বোক্তকালে ব্রিটনীয় ভারতবর্ষে বাস না করেন, তবে নোটেরি পবলিকের কিম্বা কোন আদালতের কি জজের কি মাজিষ্ট্রেটের কি ব্রিটনীয় কনসলের কি প্রতিনিধি কনসলের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের স্থলাভিষিক্ত ব্যক্তির সম্মুখে স্বাক্ষরিত ও তৎকর্ত্তৃক সত্যাকৃত মোক্তারনামা।

এই ধারার লিখিত কোন মোক্তারনামা ইহার পূর্ব্ব লিখিত ব্যক্তির কি আদালতের সম্মুখে স্বাক্ষরিত ও তৎকর্ত্তৃক সত্যাকৃত হইল, ঐ পত্রের অভিমুখেই এই ভাব প্রকাশ হইলে, অধিক প্রমাণ বিনা উপস্থিত করণ দ্বারাই তাহা সপ্রমাণ হইবে।

[যাঁহারা পীড়িত কি কারাবদ্ধ কিম্বা আদালতে প্রবেশনহইতে মুক্ত তাঁহাদের পক্ষে উপবিধি।]

কিন্তু যে ব্যক্তিরা কায়িক দুর্ব্বলতাহেতুক আশঙ্কা কি গুরুতর ক্লেশ বিনা পশ্চাৎ লিখিতমতে উপস্থিত হইতে অক্ষম হন, ও যাঁহারা দেওয়ানী কি ফৌজদারী কোন আজ্ঞাপত্রক্রমে কারাবদ্ধ আছেন, ও আইনদ্বারা যাঁহারা আদালতে স্বয়ং প্রবেশনহইতে মুক্ত আছেন তাঁহাদের প্রতি এই ধারার (ক) ও (খ) প্রকরণের লিখিত মোক্তারনামায় স্বাক্ষর করিবার জন্যে রেজিষ্ট্রারের কি সব-রেজিষ্ট্রারের কার্য্যালয়ে কিম্বা জজের আদালতে উপস্থিত হইবার আদেশ হইবে না। তদ্রূপ প্রত্যেক স্থলে যিনি মুখ্য ব্যক্তি ব্যক্ত হইলেন তিনি

Section; but in every such case the Registrar or Sub-Registrar or Judge (as the case may be), if satisfied that the power of attorney has been voluntarily executed by the person purporting to be the principal, may attest the same without requiring his personal attendance at the Office or Court aforesaid. To obtain evidence as to the voluntary nature of the execution, the Registrar or Sub-Registrar of Judge may either himself go to the house of the person purporting to be the principal or to the jail in which he is confined and examine him, or issue a Commission for the examination of such person.

স্বেচ্ছাক্রমে মোক্তারনামায় স্বাক্ষর করিয়াছেন, রেজিষ্ট্রার কিম্বা বিষয়বিশেষে সব-রেজিষ্ট্রার কি জজ ইহা স্ববোধমতে জ্ঞাত হইলে, তিনি পূর্ব্বোক্ত কার্য্যালয়ে কি আদালতে ঐ মুখ্য ব্যক্তির উপস্থিত হইবার আদেশ না করিয়া তাহাতে সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিতে পারিবেন। মুখ্য বক্তি ঐ মোক্তারনামায় নিজ ইচ্ছাক্রমে স্বাক্ষর করিয়াছেন কি না, ইহার প্রমাণ গ্রহণার্থে, যিনি মুখ্য ব্যক্তি বলিয়া ব্যক্ত হইয়াছেন, রেজিষ্ট্রার কি সব-রেজিষ্ট্রার কি জজ স্বয়ং তাঁহার বাটীতে কিম্বা তিনি যে কারাগারে বদ্ধ আছেন তথায় গমন করিয়া তাহার পরীক্ষা লইতে পারিবেন, কিম্বা তাঁহার পরীক্ষা গ্রহণার্থে কমিস্যন দিতে পারিবেন ইতি।

[Enquiry before registration by the Registering Officer.]

[রেজিষ্টর করিবার পূর্ব্বে রেজিষ্টরী কার্য্যকারকদ্বারা সন্ধান লইবার কথা।।

XXXVI. Subject to the provisions contained in this Section and in Sections 76, 80, 84 and 89, no document shall be registered under this Act unless the persons executing such document, or their representatives, assigns or agents, authorized as aforesaid, appear before the Registering Officer. He shall thereupon enquire whether or not such document was executed by the persons by whom it purports to have been executed, and, in the case of any person appearing as a representative, assign or agent, satisfy himself of the right of such person so to appear.

৩৬ ধারা। এই ধারার এবং ৭৬, ৮০, ৮৪ ও ৮৯ ধারার লিখিত বিধান প্রবল মানিয়া, যে ব্যক্তিরা কোন লেখ্য সম্পাদন করেন তাঁহারা কিম্বা তাঁহাদের স্থলাভিষিক্তেরা কি আসৈনেরা কিম্বা পূর্ব্বোক্তরূপে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারেরা রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত না হইলে, এই আইনমতে কোন লেখ্য রেজিষ্টর করা যাইবে না। তখন সেই লেখ্য যাঁহাদের দ্বারা সম্পাদিত হইবার মত দর্শায় তাঁহাদেরই দ্বারা সম্পাদিত হইয়াছে কি না, তিনি এই বিষয়ের সন্ধান লইবেন। এবং যিনি অন্য ব্যক্তির স্থলাভিষিক্ত কি আসৈন কি মোক্তারস্বরূপে উপস্থিত হন তাঁহার তদ্রূপে উপস্থিত হইবার স্বত্ব আছে কি না ইহা স্ববোধমতে জ্ঞাত হইবেন।

If all the persons executing the document appear personally before the Registering Officer and are personally known to him, or if he be otherwise satisfied that they are the persons they represent themselves to be, and if they all admit the execution of the document;

যাঁহারা ঐ লেখ্য সম্পাদন করেন তাঁহারা সকলেই যদি রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে স্বয়ং উপস্থিত হন ও তাঁহার পরিচিত লোক হন, অথবা যদি তাঁহারা আপনাদিগকে যেং ব্যক্তিস্বরূপ পরিচয় দিয়াছেন, সত্যই সেইং ব্যক্তি এই বিষয়ে যদি অন্য প্রকারে তাঁহার স্ববোধ হয়, এবং তাঁহারা সকলে যদি ঐ লেখ্য সম্পাদন স্বীকার করেন,

Or, in the case of any person appearing by a representative, assign or agent, if such representative, assign or agent shall admit the execution;

কিম্বা কোন ব্যক্তি স্থলাভিষিক্তের কি আসৈনের কি মোক্তারের দ্বারা উপস্থিত হইলে যদি সেই স্থলাভিষিক্ত কি আসৈন কি মোক্তার ঐ লেখ্য সম্পাদন স্বীকার করেন,

Or, if the person executing the document shall be dead, and his representative, assign or agent shall not appear before the Registering Officer, or shall refuse to admit the fact of execution, but such Officer shall nevertheless be satisfied of the fact of execution;

অথবা যে ব্যক্তি ঐ লেখ্য সম্পাদন করিয়াছিলেন তাঁহার যদি মৃত্যু হইয়া থাকে ও তাঁহার স্থলাভিষিক্ত কি আসৈন কি মোক্তার রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত না হইলেও কিম্বা সম্পাদন ক্রিয়া স্বীকার করিতে অসম্মত হইলেও যদি সেই কার্য্যকারক ঐ লেখ্য সম্পাদন বিষয়ে স্ববোধমতে জ্ঞাত হন,

The Registering Officer shall register the document as directed in Section 68.

তবে রেজিষ্টরী কার্য্যকারক ৬৮ ধারার আদেশানুসারে লেখ্য রেজিষ্টর করিবেন।

The Registering Officer may, in order to satisfy himself that the persons appearing before him are the persons they represent themselves to be, or for any other purpose contemplated by this Act, examine any one, whether summoned or not under Section 37, present in his Office.

যাঁহারা রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হন তাঁহারা যে ব্যক্তিস্বরূপ আপনাদের পরিচয় দিয়াছেন, প্রকৃত সেই ব্যক্তি ইহা স্ববোধমতে জানিবার অভিপ্রায়ে কিম্বা এই আইনের লক্ষিত অন্য কোন কারণে তিনি ৩৭ ধারামতে আহূত কি অনাহূত আপন কার্য্যালয়ে উপস্থিত কোন ব্যক্তির পরীক্ষা লইতে পারিবেন ইতি।

PART VII.

Of the Enforcement of Attendance of Executants and Witnesses.

[Procedure where attendance of executant or witness is desired.]

XXXVII. If any person presenting any document for registration shall desire the attendance of any person whose presence or testimony is necessary for the registration of such document, the Registering Officer may, in his discretion, call upon the Revenue Officer in whose jurisdiction the person whose attendance is so desired may be, to issue and serve a summons requiring him to attend at the Registration Office, either in person or by duly authorized agent, as in the summons may be mentioned and at a time named in such summons.

[Revenue Officer to issue and cause service of summons.]

XXXVIII. The Revenue Officers, upon receipt of the peon's fee payable in such cases, shall issue the summons accordingly, and cause the same to be served upon the person whose attendance is so required.

[Persons exempt from attendance at Registration Office.]

XXXIX. Any person who by reason of bodily infirmity is unable without risk or serious inconvenience to attend in the Registration Office, and any person who is in jail under civil or criminal process, and any person exempt by law from personal appearance in Court and who would but for the provision next hereinafter contained be required to attend in person at the Registration Office, shall not be required so to attend; but in every such case, the Registering Officer shall either himself go to the house of such person or to the jail in which he is confined and examine him, or issue a Commission for his examination.

[Law as to summonses, commissions and witnesses in civil suits to apply to summonses, commissions and witnesses under this Act.]

XL. The law in force for the time being as to summonses, commissions and compelling the attendance of witnesses, and for their remuneration in suits before Civil Courts, shall, save as aforesaid, and *mutatis mutandis*, apply to any summons or commission issued and any person summoned to appear under the provisions of this Act.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

সপ্তম খণ্ড।

স্বাক্ষরকারিদিগকে ও সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার বিধি।

[স্বাক্ষরকারির কি সাক্ষির উপস্থান যে স্থলে বাঞ্ছনীয় সে স্থলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৩৭ ধারা। কোন ব্যক্তি রেজিষ্টর করিবার জন্যে কোন লেখ্য আনিলে সেই লেখ্য রেজিষ্টর করণার্থ যাঁহার উপস্থিত হওন কি সাক্ষ্য গ্রহণ আবশ্যক যদি এমত ব্যক্তিকে উপস্থিত করাইতে বাঞ্ছা করেন, তবে যে ব্যক্তির তদ্রূপ উপস্থিত হওয়া বাঞ্ছনীয় তিনি রাজস্বসম্পর্কীয় যে কার্য্যকারকের কর্ত্তৃত্বাধীন দেশে বাস করেন, তাঁহাকে রেজিষ্টরী কার্য্যকারক স্বীয় বিবেচনামতে আদেশ করিতে পারিবেন, যে ঐ ব্যক্তির নামে আহ্বানপত্র দিয়া আহ্বানপত্রের লিখিত প্রকারে স্বয়ং কিম্বা নিয়মিতমতে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা ঐ আহ্বানপত্রের লিখিত সময়ে রেজিষ্টরী কার্য্যালয়ে উপস্থিত হইবার আজ্ঞাসূচক আহ্বানপত্র ঐ ব্যক্তির নামে পর্য্যার্পণ করেন ইতি।

[রাজস্বের কার্য্যকারককর্ত্তৃক আহ্বানপত্র প্রচার ও পর্য্যার্পণ করিবার কথা।]

৩৮ ধারা। তদ্রূপ স্থলে পেয়াদার যে ফী লাগে রাজস্বের কার্য্যকারক তাহা প্রাপ্ত হইলে, তদনুসারে আহ্বানপত্র প্রচার করিয়া যে ব্যক্তির উপস্থানের প্রয়োজন হয় তাহার প্রতি পর্য্যার্পণ করাইবেন ইতি।

[রেজিষ্টরী কার্য্যালয়ে যাঁহারা প্রবেশন হইতে মুক্ত তাঁহাদের কথা।]

৩৯ ধারা। কায়িক দুর্ব্বলতাপ্রযুক্ত যে ব্যক্তি প্রাণাশঙ্কা কি গুরুতর ক্লেশভিন্ন রেজিষ্টরী কার্য্যালয়ে উপস্থিত হইতে না পারেন, এবং যে ব্যক্তি দেওয়ানী কি ফৌজদারী আজ্ঞাপত্রের বলে কারাবদ্ধ আছেন, ও যে ব্যক্তি আইনক্রমে স্বয়ং আদালতে প্রবেশন হইতে মুক্ত হন, কিন্তু ইহার অব্যবহিত পশ্চাৎ বিধান না হইলে রেজিষ্টরী কার্য্যালয়ে যাঁহার স্বয়ং প্রবেশ করিতে আজ্ঞা হইতে পারিত, সেই ব্যক্তিকে তদ্রূপে উপস্থিত হইতে আদেশ হইবে না। তদ্রূপ প্রত্যেক স্থলে, রেজিষ্টরী কার্য্যকারক আপনি সেই ব্যক্তির বাটীতে কিম্বা তিনি যে কারাগারে বদ্ধ আছেন তথায় গমনপূর্ব্বক তাঁহার পরীক্ষা লইবেন কিম্বা পরীক্ষা গ্রহণার্থে কমিস্যন দিবেন ইতি।

[দেওয়ানী মোকদ্দমার আহ্বানপত্রের ও কমিস্যনের ও সাক্ষিদের যে বিধি আছে এই আইনমত আহ্বানপত্রাদির সেই বিধি বর্ত্তিবার কথা।]

৪০ ধারা। দেওয়ানী আদালতে উপস্থিত মোকদ্দমার আহ্বানপত্রের ও কমিস্যনের ও সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার ও তাহাদের পারিশ্রমিকের যে বিধি যৎকালে প্রচলিত থাকে, পূর্ব্বোক্তরূপ স্থল বর্জ্জিয়া এবং পরবর্ত্তনীয় কথা পরিবর্ত্তন করিয়া সেই বিধি এই আইনের বিধানমতে দত্ত কোন আহ্বানপত্রের কি কমিস্যনের প্রতি এবং উপস্থিত হওনার্থে আহূত কোন ব্যক্তির প্রতি বর্ত্তিবে ইতি।

PART VIII.

Of sending to a Registry Office Memoranda of Decrees and Orders affecting Immovable Property.

[Memorandum of decree affecting registered document relating to immovable property to be sent to Registrar within whose District the document was originally registered.]

XLI. When any Civil Court shall by a decree or order declare any document relating to immovable property, which shall have been registered under this Act, to be invalid, or when any Civil Court shall pass a decree or order affecting any such document, and such last mentioned decree or order shall create, declare, transfer, limit or extinguish any right, title or interest under such document to or in the immovable property to which it relates, such Court shall cause a memorandum of the decree or order to be sent to the Registrar within whose District the document was originally registered.

[Memorandum of decree affecting immovable property to be sent to Registrar in whose District such property is situate.]

XLII. When any Civil Court shall by a decree or order create, declare, transfer, limit or extinguish any right, title or interest of any person to or in any immovable property situate in any part of British India in which this Act shall operate, such Court shall cause a memorandum of the said decree or order to be sent to the Registrar or to every Registrar within whose District the whole or any part of such immovable property is situate, and such memorandum shall so far as may be practicable describe the property in manner required by Section 21.

[Costs of registration of memoranda of decrees and orders.]

XLIII. The costs of and attending the registration under Sections 41 and 42 of any memorandum of a decree or order shall be costs in the cause, and shall be paid by the Court to the Registrar or to such other person and in such way as the local Government shall direct in that behalf.

PART IX.

Of the Presentation and Deposit of Wills and Authorities to adopt.

[Persons entitled to present for registration Wills and Authorities to adopt. Presentation or deposit of Wills and Authorities to adopt.]

XLIV. The testator or any person claiming as executor or otherwise under a Will, may present to any Registrar for registration such Will, and

অষ্টম খণ্ড।

রেজিষ্টরী কার্য্যালয়ে স্থাবর সম্পত্তি বিষয়ক ডিক্রীর ও আজ্ঞার মর্ম্মাত্মক লিপি প্রেরণ করিবার বিধি।

[স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্য আদৌ যে ডিষ্ট্রিক্টে রেজিষ্টর হইয়াছিল, সেই ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রারের নিকটে ঐ রেজিষ্টরী লেখ্য সংক্রান্ত ডিক্রীর মর্ম্মাত্মক লিপি প্রেরণের কথা।]

৪১ ধারা। স্থাবর সম্পত্তি বিষয়ক যে লেখ্য এই আইনমতে রেজিষ্টর করা গিয়াছে সেই লেখ্য যদি কোন দেওয়ানী আদালত কোন ডিক্রী কি আজ্ঞাক্রমে অসিদ্ধ প্রকাশ করেন, কিম্বা তদ্রূপ কোন লেখ্যের গুরুত্বের হ্রাসবৃদ্ধিসূচক ডিক্রী কি আজ্ঞা করেন, ও লেখ্য যে স্থাবর সম্পত্তি বিষয়ক হয় তাহাতে ঐ লেখ্য জন্য কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক যদি শেষোক্ত ডিক্রী কি আজ্ঞাক্রমে সৃষ্ট কি অবধারিত কি হস্তান্তরিত কি সংকুচিত কি বিলুপ্ত হয়, তবে ঐ লেখ্য আদৌ যে রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে রেজিষ্টর করা যায় তাঁহার নিকটে ঐ আদালত ঐ ডিক্রীর কি আজ্ঞার মর্ম্মাত্মক পত্র প্রেরণ করিবেন ইতি।

[স্থাবর সম্পত্তি যে ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে ঐ সম্পত্তি বিষয়ক ডিক্রীর মর্ম্মাত্মকপত্র সেই ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণের কথা।]

৪২ ধারা। এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন স্থানে প্রচলিত হয়, যদি কোন দেওয়ানী আদালত ডিক্রী কি আজ্ঞা দ্বারা সেই স্থানবর্ত্তি কোন স্থাবর সম্পত্তির উপর কি সম্পত্তিতে কোন ব্যক্তির কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্টি কি প্রকাশ কি হস্তান্তর কি সংকোচ কি বিলোপ করেন, তবে ঐ সমুদয় স্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ যে রেজিষ্ট্রারের কি যেং রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে তাঁহারদের প্রত্যেক জনের নিকটে ঐ আদালত ঐ ডিক্রীর কি আজ্ঞার মর্ম্মাত্মকপত্র প্রেরণ করিবেন, এবং ২১ ধারাতে সম্পত্তি নির্দ্দেশ করিবার যে নিয়ম ব্যক্ত হইয়াছে ঐ মর্ম্মাত্মকপত্রে ঐ সম্পত্তি সাধ্যমতে সেই নিয়মে নির্দ্দিষ্ট হইবে ইতি।

[ডিক্রীর ও আজ্ঞার মর্ম্মাত্মকপত্র রেজিষ্টর করণের ব্যয়ের কথা।]

৪৩ ধারা। ৪১ ও ৪২ ধারামতে ডিক্রীর কি আজ্ঞার কোন মর্ম্মাত্মক লিপি রেজিষ্টর করণের ও তৎকরণসম্পর্কীয় যে ব্যয় হয়, তাহা মোকদ্দমার খরচার মধ্যে ধরিতে হইবে, এবং আদালত রেজিষ্ট্রারকে সেই টাকা দিবেন কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যাঁহাকে যে প্রকারে ঐ টাকা দেওনের বিধি করেন আদালত তাঁহাকে সেই প্রকারে দিবেন ইতি।

নবম খণ্ড।

চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র উপস্থিত ও গচ্ছিত করিবার বিধি।

[চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র যাঁহারা রেজিষ্টর করণার্থে উপস্থিত করিতে স্বত্ববান তাঁহাদের কথা ও চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র উপস্থিত কি গচ্ছিত করণের কথা।]

৪৪ ধারা। চরমপত্রকারক কিম্বা যিনি চরমপত্রানুসারে কার্য্যসম্পাদকস্বরূপ কি প্রকারান্তরে দাওয়া করেন, তিনি চরমপত্র রেজিষ্টর করণার্থে এবং

the donor or donee of any Authority to adopt, or the adoptive son, may present to any Registrar for registration such Authority. Any person entitled to present for registration any such Will or Authority may either personally or by a duly authorized agent present to a Registrar such Will or authority open, and any testator or donor of such Authority may either personally or by duly authorized agent deposit with any Registrar the Will or authority in a sealed cover superscribed with the name of the depositor and the nature of the document.

দত্তক গ্রহণের অনুমতিপত্র দাতা কি গ্রহীতা কিম্বা দত্তকপুত্র সেই অনুমতিপত্র রেজিস্টর করণার্থে কোন রেজিষ্ট্রারের নিকটে উপস্থিত করিতে পারিবেন। যে ব্যক্তি তদ্রূপ কোন চরমপত্র কি অনুমতিপত্র রেজিস্টর করণার্থে উপস্থিত করিতে স্বত্ত্ববান হন, তিনি রেজিষ্ট্রারের নিকটে স্বয়ং কি নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা সেই চরমপত্র কি অনুমতিপত্র খোলা আনিবেন। এবং সেই চরমপত্রকারক কিম্বা ঐ অনুমতিপত্র দাতা সেই চরমপত্র কি অনুমতিপত্র মোহর করা খামে দিয়া অর্পণকারি ব্যক্তির নাম ও পত্রের ভাব তাহার উপর লিখিয়া, স্বয়ং কি নিয়মিতরূপে ক্ষমতা প্রাপ্ত মোক্তারের দ্বারা কোন রেজিষ্ট্রারের নিকটে গচ্ছিত করিতে পারিবেন ইতি।

[Withdrawal of sealed cover deposited under Section 44.]

XLV. If the depositor of any such sealed cover shall wish to withdraw the same, it shall be lawful for him to apply to the Registrar in whose Office such cover shall have been deposited, that the same be delivered to him ; and the Registrar, if he shall be satisfied as to the identity of the depositor with the applicant, shall deliver the cover accordingly.

[৪৪ ধারামতে যে মোহরাঙ্কিত খাম গচ্ছিত করা যায় তাহা ফিরিয়া লইবার কথা।]

৪৫ ধারা। তদ্রূপ মোহরাঙ্কিত খাম যে ব্যক্তি গচ্ছিত করিলেন তিনি যদি তাহা ফিরিয়া লইতে চাহেন, তবে যে রেজিষ্ট্রারের কার্য্যালয়ে সেই খাম গচ্ছিত করা গিয়াছে তাঁহার নিকটে তিনি প্রার্থনা করিবেন যে সেই লেখ্য তাঁহাকে ফিরিয়া দেওয়া যায়। এবং যে ব্যক্তি গচ্ছিত করিয়াছিলেন, প্রার্থক প্রকৃত সেই ব্যক্তি রেজিষ্ট্রার ইহা হৃদ্বোধমতে জানিলে তাঁহাকে সেই প্রার্থনানুসারে খাম ফিরিয়া দিবেন ইতি।

[Proceedings on death of depositor. Re-deposit.]

XLVI. If on the death of the depositor of a sealed cover under Section 44, application be made to the Registrar in whose Office such cover was deposited to open the same the Registrar, if he shall be satisfied that the depositor is dead, shall in the presence of the person making such application, open the cover, and shall copy at the expense of the applicant the contents thereof in his Book No. 4. When such copy shall have been made, the Registrar shall re-deposit the original Will or authority.

[গচ্ছিতকারি ব্যক্তির মৃত্যু হইলে ইতিকর্ত্তব্যতার কথা এবং পুনশ্চ গচ্ছিত করিবার কথা।]

৪৬ ধারা। যে ব্যক্তি ৪৪ ধারামতে মোহরাঙ্কিত খাম গচ্ছিত করিয়াছিলেন তাঁহার মৃত্যু হইলে, যে রেজিষ্ট্রারের কার্য্যালয়ে ঐ খাম গচ্ছিত হইয়াছিল তাঁহার নিকটে যদি তাহা খুলিবার প্রার্থনা হয়, তবে গচ্ছিতকারি ব্যক্তি মরিয়াছে ইহা হৃদ্বোধমতে জানিলে তিনি সেই প্রার্থকের সাক্ষাতে সেই খাম খুলিবেন, এবং প্রার্থকের খরচে আপন ৪ নম্বরের বহীতে ঐ পত্রলিখিত কথার প্রতিলিপি করাইবেন। সেই প্রতিলিপি করা গেলে পর রেজিষ্ট্রার সেই মূল চরমপত্র কি অনুমতিপত্র পুনরায় গচ্ছিত করিয়া রাখিবেন ইতি।

PART X.

Of the Effects of Registration and Non-Registration.

[Time from which registered document operates.]

XLVII. A registered document shall operate from the time from which it would have commenced to operate if no registration thereof had been required or made, and not from the time of its registration.

[Registered instruments relating to property to take effect against oral agreements.]

XLVIII. All instruments duly registered under this Act and relating to any movable or immovable property, shall take effect against any oral agreement or declaration relating to the same property.

দশম খণ্ড।

রেজিস্টরী করিবার ও না করিবার ফলের কথা।

[রেজিষ্টরী লেখ্য যে সময় অবধি প্রবল হইবে তাহার কথা।]

৪৭ ধারা। রেজিষ্টর করিবার কোন আজ্ঞা না হইলে কি লেখ্য রেজিষ্টর না হইলে তাহা যে সময়াবধি প্রবল হইত সেই সময় অবধি রেজিস্টরী লেখ্যও প্রবল হইবে। রেজিষ্টর করিবার সময় অবধি নয় ইতি।

[সম্পত্তি বিষয়ক মৌখিক সংশ্রবাপেক্ষা রেজিষ্টরী লেখ্য প্রবলতর হইবার কথা।]

৪৮ ধারা। স্থাবর কি অস্থাবর সম্পত্তি বিষয়ক যে সকল লেখ্য এই আইনমতে উপযুক্তরূপে রেজিষ্টর করা যায়, তাহা সেই সম্পত্তি বিষয়ক কোন মৌখিক সংশ্রবের কি প্রতিজ্ঞার বিপক্ষে প্রবলতর হইবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

[Effect of non-registration of documents required to be registerd.

XLIX. No instrument required by Section 17 to be registered shall be received in evidence in any Civil proceeding in any Court, or shall be acted on by any Public Servant as defined in the Indian Penal Code, or shall affect any property comprised therein, unless it shall have been registered in accordance with the provisions of this Act.

[Registered instruments relating to immoveables of which the registration is optional to take effect against unregistered instruments.]

L. Every instrument of the kinds mentioned in Clauses 1, 2 and 3 of Section 18 shall, if duly registered, take effect, as regards the property comprised therein, against every unregistered instrument relating to the same property, whether such other instrument be of the same nature as the registered instrument or not.

[Period of limitation in suits under a registered written contract for money lent or interest or breach of contract.]

LI. Suits to recover money lent or interest, or for the breach of any contract, may be brought within six years from the time when the cause in which of suit arose, in every case, there is an engagement or contract in writing, provided that such engagement or contract be duly registered under this Act.

Special Registration of Obligations for Payment of Money.

[Record of agreement that amount secured by an obligation may be recovered summarily.]

LII. Whenever the obligor and obligee of an obligation shall agree that, in the event of the obligation not being duly satisfied, the amount secured thereby may be recovered in a summary way, and shall at the time of registering the said obligation apply to the Registering Officer to record the said agreement, the Registering Officer, after making such enquiries as he may think proper, shall record such agreement at the foot of the endorsement and certificate required by Sections 66 and 68, and such record shall be signed by him and by the obligor, and shall be copied into the Registrar Book No. 1 or No. 6, as the case may be, and shall be *primâ facie* evidence of the said agreement.

[Enforcement of such agreement.]

LIII. Within one year from the date on which the amount becomes payable, or, where the amount is payable by instalments, within one year from

[যে লেখা অবশ্য রেজিষ্টর করিতে হয় তাহা রেজিষ্টর না করিবার ফলের কথা।]

৪৯ ধারা। ১৭ ধারাক্রমে যে লেখা রেজিষ্টর করিবার আজ্ঞা হইয়াছে তাহা যদি এই আইনের বিধানানুসারে রেজিষ্টর না হয়, তবে কোন আদালতে দেওয়ানী ব্যবহারঘটিত কোন কা র্যাতে তাহা প্রমাণস্বরূপগ্রাহ্য হইবে না এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনেতে যাঁহারা রাজকীয় কার্য্যকারক বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন এমত কোন কার্য্যকারক সেই লেখানুযায়ি কার্য্য করিবেন না ও সেই লেখা তল্লিখিত সম্পত্তি পক্ষে ফলোপদায়ক হইবে না ইতি।

[স্থাবর সম্পত্তি বিষয়ক যে লেখা রেজিষ্টর করা স্বেচ্ছাধীন, তাহা রেজিষ্টর হইলে, রেজিষ্টর না হওয়া লেখ্যাপেক্ষা প্রবল হইবার কথা।]

৫০ ধারা। ১৮ ধারার ১, ২, ৩, প্রকরণে যেং প্রকারের লেখ্য ব্যক্ত হইয়াছে তাহা যদি নিয়মিতমতে রেজিষ্টর করা যায়, তবে সেই সম্পত্তিবিষয়ক অন্য কোন লেখ্য রেজিষ্টরী লেখ্যের তুল্যভাবের হইলে কি না হইলেও তল্লিখিত সম্পত্তি সম্পর্কে ঐ রেজিষ্টরী লেখ্য সেই সম্পত্তি বিষয়ক অরেজিষ্টরী প্রত্যেক লেখ্যের অপেক্ষা বলবৎ হইবে ইতি।

[ঋণের কি সুদের লিখিত চুক্তি রেজিষ্টরী হইলে তাহার কি ঐ চুক্তিভঙ্গের মোকদ্দমার মিয়াদের কথা।]

৫১ ধারা। যে স্থলে ঋণ কি সুদ শোধনের প্রতিজ্ঞা কি অন্য চুক্তি লিখিত হয় সেই স্থলে যদি ঐ প্রতিজ্ঞা কি চুক্তিপত্র এই আইনমতে উপযুক্তরূপে রেজিষ্টর করা যায়, তবে সেই ঋণ কি সুদ আদায়ের জন্যে কিম্বা সেই চুক্তি ভঙ্গ হেতুক যে মোকদ্দমা হয়, সেই মোকদ্দমার হেতু উৎপত্তি হইবার সময়াবধি ছয় বৎসরের মধ্যে মোকদ্দমা করা যাইতে পারিবে ইতি।

ঋণ শোধনের নিবন্ধপত্রের বিশেষ রেজিষ্টর করিবার বিধি।

[নিবন্ধপত্রের লিখিত টাকা সরাসরীমতে আদায় হইতে পারিবে এই মর্ম্মের সংশ্রব রিকার্ড হইবার কথা।]

৫২ ধারা। ঋণ শোধনের নিবন্ধপত্রক্রমে যদি নিবন্ধগ্রহীতা ও নিবন্ধ ব্যক্তি সম্মত হইয়া নিয়ম করেন যে ঐ নিবন্ধপত্রানুসারে নিয়মিতরূপে কার্য্য সাধন না হইলে ঐ পত্রের সংলিপ্ত টাকা সরাসরীমতে আদায় হইতে পারিবে, এবং ঐ নিবন্ধপত্র রেজিষ্টর করিবার সময়ে যদি রেজিষ্টরী কার্য্যকারকের নিকটে ঐ সম্মতিপত্রও লিপিবদ্ধ করিতে প্রার্থনা করেন, তবে রেজিষ্টরী কার্য্যকারক যেং অনুসন্ধান করা উচিত বোধ করেন তাহা করণানন্তর ৬৬ ও ৬৮ ধারাতে যে পৃষ্ঠলিপির ও সংলিপ্তপত্রের আজ্ঞা হইয়াছে তাহার তল ভাগে ঐ সংশ্রব লিপিবদ্ধ করিয়া, তিনি ও নিবন্ধ ব্যক্তি তাহাতে স্বাক্ষর করিবেন এবং ১ কিম্বা নিয়মবিশেষে ৬ নম্বরের রেজিষ্টরী বহীতে তাহার প্রতিলিপি করা যাইবে, ও তাহা আপাত দৃষ্টে উক্ত সংশ্রবের প্রমাণ হইবে ইতি।

[ঐ সংশ্রব প্রবল করণের ও প্রার্থনাপত্রের ইষ্টাম্পের ও ডিক্রীর কথা।]

৫৩ ধারা। পূর্ব্বোক্ত সংশ্রবপত্র সহিত তদ্রূপ নিবন্ধপত্র ১৮৬৪ সালের উক্ত ১৬ আইন কি এই আইনমতে রেজিষ্টর করা গেলে, ঐ টাকা যে তারিখে

the date on which any instalment becomes payable, the obligee of any such obligation registered with such agreement as aforesaid, whether under the said Act No. XVI of 1864 or under this Act, may present a petition to any Court which would have had jurisdiction to try a regular suit on such obligation for the amount secured thereby, or for the instalment sought to be recovered.

[Stamp on petition.]

The petition shall, where a stamp is required by law, bear a stamp of one-fourth the value prescribed for a plaint in such a suit, and may be amended by permission of the Court, and the statements in the petition shall be verified by the petitioner in manner required by law for the verification of plaints.

[Decree.]

On production in Court of the obligation and of the said record signed as aforesaid, the petitioner shall be entitled to a decree for any sum not exceeding the sum mentioned in the petition together with interest at the rate specified (if any) to the date of the decree, and a sum for costs to be fixed by the Court.

Such decree may be enforced forthwith under the provisions for the enforcement of decrees contained in the Code of Civil Procedure.

[Power to order obligation to be deposited in Court.]

LIV. In any proceedings under this Part of this Act, the Court may order the obligation sought to be proceeded upon to be forthwith deposited with an Officer of the Court, and may further order that all proceedings shall be stayed until the petitioner shall have given security for costs thereof.

[Court may, under special circumstances, set aside decree.]

LV. After decree, the Court may under special circumstances set aside the decree, and if necessary stay or set aside execution; but there shall be no appeal against any decree or order made under Section 53, Section 54, or this Section.

(To be continued.)

দাতব্য হইয়া দেওয়া না যায় সেই তারিখ অবধি এক বৎসরের মধ্যে, কিম্বা যদি টাকা কিস্তি করিয়া দিবার নিয়ম হয়, তবে কোন কিস্তি যে তারিখে দাতব্য হইয়া দেওয়া না যায় সেই তারিখঅবধি এক বৎসরের মধ্যে ঐ নিবন্ধ গ্রহীতা ঐ সংশ্রিত পত্রের টাকার কিম্বা আদের কিস্তির নিমিত্তে ঐ নিবন্ধপত্রক্রমে নিয়মিত মোকদ্দমা বিচার করিতে যে আদালত ক্ষমতাপন্ন হন, এমত কোন আদালতে প্রার্থনাপত্র দিতে পারিবেন।

যে স্থলে প্রার্থনাপত্রে আইনমতে ইষ্টাম্প লাগে, সেই স্থলে তদ্রূপ মোকদ্দমার নালিশপত্রে যত টাকার ইষ্টাম্প অবধারিত হয়, ঐ প্রার্থনাপত্রে তাহার চতুর্থাংশ মূল্যের ইষ্টাম্প লাগিবে, ও আদালতের অনুমতিক্রমে তাহা সংশোধিত হইতে পারিবে, এবং আইনেতে নালিশপত্র সত্যীকরণের যে বিধি আছে, সেই বিধিমতে ঐ প্রার্থনাপত্রের সকল বর্ণনও প্রার্থককর্তৃক সত্যীকৃত হইবে।

ঐ নিবন্ধপত্র এবং পূর্ব্বোক্তমতে স্বাক্ষরিত উক্ত লিপি আদালতে উপস্থিত করা গেলে প্রার্থক ঐ প্রার্থনাপত্রের লিখিত টাকার অনধিক টাকার, এবং সুদের হার অবধারিত হইলে, ডিক্রীর তারিখ পর্য্যন্ত সেই হারে সুদের, ও খরচাস্বরূপ আদালতের অবধার্য্য টাকার ডিক্রী পাইতে স্বত্ববান হইবেন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে ডিক্রী প্রবল করিবার যে বিধি আছে তদনুসারে ঐ ডিক্রী অগৌণে প্রবল করা যাইতে পারিবে ইতি।

[নিবন্ধপত্র আদালতে গচ্ছিত করিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

৫৪ ধারা। এই আইনের এই খণ্ডক্রমে কার্য্য সম্পাদন কালে, যে নিবন্ধপত্রানুসারে কার্য্য হইবার প্রার্থনা হয়, আদালত সেই নিবন্ধপত্র আদালতের কোন কার্য্যকারকের হস্তে অগৌণে গচ্ছিত করিতে আজ্ঞা করিতে পারিবেন। এবং বাদী যতকাল খরচার প্রতিভূ না দেন, ততকাল পর্য্যন্ত মোকদ্দমাঘটিত সকল কার্য্য স্থগিতও হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[বিশেষ গতিকে ঐ ডিক্রী আদালতের অন্যথা করিবার ক্ষমতার কথা।]

৫৫ ধারা। ডিক্রী করিলে পর আদালত গতিক বিশেষে ডিক্রী অন্যথা করিতে এবং আবশ্যক হইলে ডিক্রী সাধনের কার্য্য স্থগিত কি অন্যথা করিতেপারিবেন। কিন্তু ৫৩ ধারা কি ৫৪ ধারা কি এই ধারামতে যে ডিক্রী কি আজ্ঞা হয় তাহার উপর আপীল হইতে পারিবে না ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 655.

APPOINTMENTS.

The 14th April 1866.

Mr. C. S. Turnbull to be an Honorary Magistrate in the district of Hooghly, and to exercise

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৬৫৫ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৪ আপ্রিল।

শ্রীযুত সি এস টর্ণবুল সাহেব হুগলী জিলার অনরারি মাজিষ্ট্রেট হইবেন এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয়

the powers of a Subordinate Magistrate of the Second Class, and the powers described in Section 1, Act X. of 1854, in that District.

The 17th April 1866.

Mr. W. Wright to be Judge of the Small Cause Court of Cuttack, and to exercise the powers of a Principal Sudder Ameen in that District.

Baboo Baney Madhub Shome to be Judge of the Small Cause Court of Pubna, and to exercise the powers of a Principal Sudder Ameen in that District.

The Lieutenant-Governor has been pleased to appoint the Hon'ble W. S. Seton-Karr to be President of the Central Committee of the Lower Provinces for the collection of works of Art and Industry for the Paris Exhibition of 1867, *vice* the Hon'ble W. Grey, resigned.

The 18th April 1866.

Mr. W. Masters, Sub-Deputy Opium Agent of Alleegunge, to be a Sub-Deputy Opium Agent of the Third Grade.

Mr. J. D. Savi, Sub-Deputy Opium Agent of Tirhoot, to be a Sub-Deputy Opium Agent of the Fourth Grade.

The above two appointments will have effect from the 18th ultimo.

Baboo Juggomohun Roy to be a Member of the Local Committee of Public Instruction at Balasore.

In modification of the orders of the 6th instant, published in the *Calcutta Gazette* of the 11th idem, Mr. G. C. Kilby is appointed to officiate, temporarily, as Collector of Customs and Conservator of the Port of Chittagong, during the absence, on leave, of Mr. H. J. Bamber, or further orders, with effect from the date on which he may have taken charge.

The 20th April 1866.

Third Grade Sub-Assistant Surgeon Kristo Dhun Ghose to have medical charge of the Dispensary at Bhaugulpore.

The 23rd April 1866.

The Revd. W. Spencer to be Chaplain of Howrah.

Mr. S. S. Hart to be Apothecary to the Medical College Hospital.

The 24th April 1866.

Mr. J. G. Charles to be an Assistant to the Magistrate and Collector of Tirhoot, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Baboo Juddonath Bose, Deputy Magistrate and Deputy Collector of Tirhoot, is re-transferred to Chumparun, and vested with the powers of a Magistrate in that District.

[*Government Gazette*, 1st May 1866.]

শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৭ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ রাইট সাহেব কটকের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন, ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু বেণীমাধব সোম পাবনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন, ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

মানবর শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ১৮৬৭ সালের পারিসনগরের প্রদর্শনের নিমিত্তে শিল্প ও শ্রমজন্য কার্য্য সংগ্রহ করণার্থে মানবর শ্রীযুত ডবলিউ এস সিটনকার সাহেবকে বঙ্গপ্রভৃতি দেশের সেন্টরাল কমিটীর সভাপতির পদে নিযুক্ত করিলেন।

১৮৬৬ সাল ১৮ আপ্রিল।

আলীগঞ্জের আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত ডবলিউ মাষ্টর্স সাহেব আফীমের তৃতীয় শ্রেণীর সব-ডেপুটী এজেণ্ট হইবেন।

ত্রিহুতের আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে, ডি, সবি সাহেব আফীমের চতুর্থ শ্রেণীর সব-ডেপুটী এজেণ্ট হইবেন।

উপরোক্ত নিয়োগদ্বয় গত মাসের ১৮ তারিখঅবধি প্রবল হইবে।

শ্রীযুত বাবু জগন্মোহন রায় বালেশ্বরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত এচ জে বাম্বর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জি সি কিল্বি সাহেব কিয়ৎ কালের নিমিত্ত চট্টগ্রামের কষ্টমের কালেক্টরের ও বন্দররক্ষকের কর্ম্ম করিবেন। বর্ত্তমান মাসের ৬ তারিখের এই যে আজ্ঞা ২৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা মতান্তর হইয়াছে ও শ্রীযুত কিল্বি সাহেব যে তারিখে ঐ কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখঅবধি ঐ নিয়োগ প্রবল হইবে।

১৮৬৬ সাল ২০ আপ্রিল।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত কৃষ্ণধন ঘোষ ভাগলপুরের ঔষধালয়ের চিকিৎসা কার্য্যের ভার পাইবেন।

১৮৬৬ সাল ২৩ আপ্রিল।

পাদরী শ্রীযুত ডবলিউ স্পেন্সর সাহেব হাবড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত এস্ এস্ হার্ট সাহেব মেডিকাল কালেজ হাসপাতালের ঔষধ প্রস্তুতকারক হইবেন।

১৮৬৬ সাল ২৪ আপ্রিল।

শ্রীযুত জে জি চার্লস সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ বসু চাম্পারণে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

LEAVE OF ABSENCE.

The 17th April 1866.

Mr. H. W. J. Bamber, District Superintendent of Police, Pubna, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

The 18th April 1866.

Mr. J. J. Grey, Magistrate and Collector of Sarun, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Mr. J. W. Edgar, Assistant Commissioner of Cachar, for six weeks, from the 6th instant, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Lieutenant G. B. Johnston, Personal Assistant to the Inspector-General of Police, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 19th April 1866.

Mr. R. S. O'Connor, District Superintendent of Police, Eastern Dooars, for six months, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. S. Cooper, Sub-Deputy Opium Agent of Chupra, for six months, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules, together with three days for preparation.

The 20th April 1866.

Baboo Ramtaruck Roy, Principal Sudder Ameen of Bancoorah, for twenty days, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave, making over charge of his duties to the Judge of the District.

The 21st April 1866.

Apothecary R. E. Wrafter, Officiating House-Surgeon, Medical College Hospital, for six months, on Medical Certificate, under the Financial Resolution, dated 22nd February 1856.

The 23rd April 1866.

Lieutenant G. M. Bowie, Officiating Deputy Inspector-General of Police, Third Circle, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Lieutenant L. J. H. Grey, late Assistant Commissioner in Assam, for one month, from the 11th ultimo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

NOTIFICATION.

The 9th April 1866.

Whereas it appears expedient to extend the limits of union Kullaroouh in the district of 24 Per-

ছুটী।

১৮৬৬ সাল ১৭ আপ্রিল।

পাবনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ ডবলিউ জে বাম্বর সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৮ আপ্রিল।

সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে জে গ্রে সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

কাছাড়ের আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত জে ডবলিউ এডগর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এই মাসের ৬ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল সাহেবের নিজ আসিষ্টাণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত জি বি জনষ্টন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৯ আপ্রিল।

পূর্ব্ব দুয়ারের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর এস ওকনর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

ছাপরার আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এস কুপর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার জন্যে তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২০ আপ্রিল।

বাঁকুড়ার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামতারক রায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে বিশ দিনের ছুটী পাইয়াছেন, তিনি আপন কর্ম্মের ভার ঐ জিলার জজ সাহেবের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৬ সাল ২১ আপ্রিল।

মেডিকাল কালেজ হাসপাতালের একটিং হৌস সর্জন ঔষধ প্রস্তুতকারক শ্রীযুত আর ই রাফ্‌টর সাহেব চিকিৎসকের সর্টিফিকেটক্রমে ফিনান্সাল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৩ আপ্রিল।

তৃতীয় চক্রের পোলীসের একটিং ডেপুটী ইন্‌স্পেক্টর জেনরল লেপ্টেনেণ্ট শ্রীযুত জি এম বৌই সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

আসামের ভূতপূর্ব্ব আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত এল জে এচ গ্রে সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে গত মাসের ১১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৯ আপ্রিল।

১৮৬১ সালের ৩১ মে তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনক্রমে প্রকাশিত (১৮৬১ সালের ১৮ জুন তারিখের

gunnahs, formed under Act XX. of 1856, by Government Notification, dated the 31st of May 1861, (*vide Calcutta Gazette* of the 15th June 1861), it is hereby notified under Section 2 of the said Act that it shall have effect from this date within Kullarooah in zillah 24-Pergunnahs and in such villages and Mohullas as are hereafter defined and united with that place.

2. It is further hereby notified under Section 3 of the said Act that the villages and Mohullas named in the annexed list are united with Kullarooah for the purposes of the said Act.

3. Under Section 4, Act XX. of 1856, it is hereby notified that the limits of the said villages and Mohullas are the limits laid down in the Revenue Survey Maps approved of and sanctioned by the Government of Bengal, as notified in the *Calcutta Gazette* of the 18th June 1856.

4. Under Section 10, Act XX. of 1856, it is also notified that the tax to be levied in the union thus formed, shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same.

List of villages to be united to Bazar Kullarooah.

1. Chandooreah Bazar.
2. Goalparah.
3. Koiba.
4. Toolseedangah.
5. Gopeenathpore.
6. Moorareekatty.
7. Jhekra and its Mohulla Godekhally.

NOTIFICATION.

The 13th April 1866.

The Head-Quarters of the Sub-Division of Nugwan, in the Midnapore District, having been removed to Contai, it is hereby notified that that Sub-Division should henceforth be designated the Sub-Division of Contai.

The following Orders issued by the Government of India, in the Home Department, are re-published for general information :—

No. 13.

Simla the 12th April 1866.

Mr. A. A. Swinton, of the Civil Service, is permitted to proceed to Europe on furlough for a period of one year and six months, from the date of embarkation.

No. 32.

The 13th April 1866.

Messrs. * * * and W. H. Henderson, of the Civil Service, have reported their departure from India per

বাঙ্গলা গেজেট দেখ) ১৮৫৬ সালের ২০ আইনমতে সংযুক্ত ২৪ পরগনা জিলার অন্তর্গত কল্লাকয়াদি সংযুক্তগ্রামের সীমা বৃদ্ধি করা বিহিত বোধ হওয়াতে উক্ত আইনের ২ ধারামতে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জিলার কল্লাকয়াতে এবং ইহার পশ্চাৎ নির্দ্দিষ্ট ও উক্ত স্থানের সহিত সংযুক্ত সকল গ্রাম ও মহাল্লাতে এই আইন অদ্যকার তারিখঅবধি প্রবল হইবে।

২। উক্ত আইনের ৩ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে ইহার সংযুক্ত ফর্দ্দে যে২ গ্রামের ও মহল্লার নাম দেওয়া গেল তাহা উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কল্লাকয়ার সহিত সংযুক্ত হইল।

৩। ১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৬ সালের ১৮ জুন তারিখের কলিকাতা গেজেটের প্রকাশিত মতে রেবিনিউ সর্বেদ্বারা প্রস্তুত যে নকসা বঙ্গদেশের গবর্ণমেন্টকর্তৃক স্বীকৃত ও অনুমোদিত হয় তাহাতে উক্ত গ্রামের ও মহল্লার যে সীমা নিরূপণ হইয়াছে তাহাই অবধারিত হইবে।

৪। ১৮৫৬ সালের ২০ আইনের ১০ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে তদ্রূপে কৃত সংযোগহইতে যে টাক্স আদায় করিতে হইবে তাহা টাক্স দিবার যোগ্য ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্তি অনুসারে ধার্য্য হইবে।

কল্লাকয়া বাজারে যে২ গ্রাম সংযুক্ত হইবে তাহার ফর্দ্দ।

১। চান্দুড়িয়া বাজার।
২। গোয়ালপাড়া।
৩। কয়বা।
৪। তুলসীডাঙ্গা।
৫। গোপীনাথপুর।
৬। মুরারিকাটী।
৭। ঝোকরা ও তম্মহল্লা গোদখালী।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৩ অপ্রিল।

মেদিনীপুর জিলার অন্তর্গত নগওয়ান শাখাখণ্ডের সদর স্থান, কাঁতিতে স্থাপন হওয়াতে ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে এই অবধি তাহার নাম কাঁতির শাখাখণ্ড হইবে।

হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের পশ্চাৎ লিখিত যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৩ নম্বর, সীমলা।

১৮৬৬ সাল ১২ আপ্রিল।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব নিয়মিত ছুটী লইয়া গমনের তারিখ অবধি এক বৎসর ছয় মাস ইউরোপে গমন করিতে অনুমতি পাইয়াছেন।

৩২ নম্বর।

১৮৬৬ সাল ১৩ আপ্রিল।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত * * * ও শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডরসন সাহেব দিল্লী নামক বা-

Steamer *Delhie,* which vessel was left by the Pilot at Sea on the 24th ultimo.

NOTIFICATION.

The 14th April 1866.

It is hereby notified, for general information, that the jurisdictions of the Moonsiffs in the several districts of the Patna Division comprise respectively the Sub-Division or Sub-Divisions noted opposite to each.

Sarun.

The Moonsiff of Moteeharee.—Sub-Divisions of Moteeharee and Bettiah.

Moonsiff of Sewan.—Sub-Division of Sewan.

Shahabad.

Moonsiff of Sasseeram.—Sub-Divisions of Sasseeram and Bhubbooah.

Gyah.

Moonsiff of Gya.—Central Sub-Division of Gya.

Moonsiff of Aurungabad.—Sub-Divisions of Aurungabad and Sherghotty.

Moonsiff of Nowadah.—Sub-Division of Nowadah.

Patna.

* Moonsiff of Behar.—Sub-Division of Behar.

Tirhoot.

Moonsiff of Mozufferpore.—Sub-Division of Mozufferpore.

Moonsiff of Tajpore.—Sub-Divisions of Hajeepore and Tajpore, with Head-Quarters at the latter place.

Moonsiff of Durbhungah.—Sub-Divisions of Durbhungah and Mudhoobunnee, except the two Western Pergunnahs, Jureyl and Bhala. Head-Quarters at Durbhungah.

Moonsiff of Seetamurhee.—Sub-Division of Seetamurhee and Pergunnahs Jureyl and Bhala from Mudhoobunnee. Head-Quarters at Seetamurhee, instead of Jalla.

NOTIFICATION.

The 21st April 1866.

The following Officers in the Assam Commission are vested with the powers noted against their respective names, in the province of Assam, provided always that they shall not exercise those powers, save in the District to which they may for the time being stand appointed :—

Captain A. E. Campbell, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Lieutenant A. N. Phillips, powers of a Magistrate, Deputy Collector and Moonsiff.

Captain W. C. S. Clarke, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

* About to be appointed.

জীর জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন, সেই জাহাজ আড়কাটী সাহেব গত মাসের ২৪ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৪ আপ্রিল।

সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে পশ্চাৎ লিখিত সকল শাখাখণ্ড পাটনা খণ্ডের নানা জিলার তৎপার্শ্ব লিখিত মুনসেফদের বিচারাধিপেত্যর অন্তর্গত হইয়াছে। অর্থাৎ

সারণ।

মতিহারির মুনসেফ—মতিহারি ও বেতিয়া শাখখণ্ড।

সেওয়ানের মুনসেফ—সেওয়ান শাখাখণ্ড।

শাহাবাদ।

শাসীরামের মুনসেফ—শাসীরাম ও ভবুয়া শাখাখণ্ড।

গয়া।

গয়ার মুনসেফ—গয়ার মধ্য শাখাখণ্ড।

আরঙ্গাবাদের মুনসেফ—আরঙ্গাবাদ ও শের শাখাখণ্ড।

নবদহের মুনসেফ—নবদহ শাখাখণ্ড।

পাটনা।

* বেহারের মুনসেফ—বেহার শাখাখণ্ড।

ত্রিহুত।

মজফরপুরের মুনসেফ—মজফরপুর শাখাখণ্ড।

তাজপুরের মুনসেফ—হাজিপুর ও তাজপুর শাখাখণ্ড, তাজপুর সদর স্থান হইবে।

দরভঙ্গার মুনসেফ—জরাইল ও ভালা এই দুই পশ্চিম পরগনা ভিন্ন দরভাঙ্গা ও মধুবনি শাখাখণ্ড, দরভাঙ্গার সদর মোকাম হইবে।

সীতামারীর মুনসেফ—সীতামারী শাখাখণ্ড ও মধুবনি অবধি জারাইল ও ভালা পরগনা শাখাখণ্ড। জাল্লার পরিবর্ত্তে সীতামারিতে সদর স্থান হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২১ আপ্রিল।

আসাম কমিস্যনের পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা আসাম প্রদেশের মধ্যে আপনং নামের পার্শ্বে লিখিত ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। পরন্তু তাহা কর্ত্তব্য যে তাঁহারা যখন যে জিলার পদে নিযুক্ত থাকেন তদ্ভিন্ন অন্য স্থানে সেই ক্ষমতাক্রমে কর্ম্ম না করেন, অর্থাৎ

কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত এ এন ফিলিপস্ সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও মুনসেফের ক্ষমতা।

কাপ্তান শ্রীযুত ডবলিউ সি এস ক্লার্ক সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

* সম্প্রতি নিযুক্ত হইবে।

Lieutenant J. Gregory, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Lieutenant C. Hayter, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Lieutenant E. Y. Walcott, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Lieutenant W. J. Williamson, powers of a Subordinate Magistrate, Second Class, powers under Section 1, Act X. of 1854, and those of a Deputy Collector.

Lieutenant W. T. Trotter, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Lieutenant G. D. Reid, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Ensign T. B. Michell, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Mr. J. B. Shadwell, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Mr. J. J. S. Driberg, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Mr. W. H. McKenzie, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Baboo Goonabhiram Surma, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Mr. R. Falcon, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Baboo Utsabanund Goswami, powers of a Subordinate Magistrate, Second Class, powers under Section 1, Act X. of 1854, and those of a Deputy Collector.

Baboo Purnanund Surma, powers of a Subordinate Magistrate, First Class, powers under Section 1, Act X. of 1854, and those of a Deputy Collector and Moonsiff.

A. Eden,
Secy. to the Govt. of Bengal.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 19th April 1866.

Baboo Umbicca Churn Mitter, Moonsiff of Furreedpore, Zillah Dacca, to be Moonsiff of Thakoorgong, Zillah Dinagepore.

Baboo Sreenauth Roy, Moonsiff of Thakoorgong, Zillah Dinagepore, to be Moonsiff of Furreedpore, Zillah Dacca.

Baboo Hurropersaud Mozoomdar to officiate as Moonsiff of Jamalpore, during the absence of Baboo Boishnub Churn Doss, or until further orders.

[*Government Gazette*, 1*st May* 1866.]

লেপ্টেনেন্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত সি হেটর সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত ই ওয়াই ওয়ালকুট সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ জে উইলিএমসন সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা, এবং ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ টি টুটর সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত জি ডি রীড সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

এনসাইন শ্রীযুত টি বি মিচেল সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

শ্রীযুত জে বি শ্যাডওয়েল সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

শ্রীযুত জে, জে, এস, ড্রিবর্গ সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

শ্রীযুত ডবলিউ এচ মাকেঞ্জি সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

শ্রীযুত বাবু গুণাভিরাম শর্ম্মা মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর অমীনের ক্ষমতা।

শ্রীযুত আর ফাল্‌কন সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

শ্রীযুত বাবু উৎসবানন্দ গোস্বামী অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতা, এবং ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

শ্রীযুত বাবু পরমানন্দ শর্ম্মা অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতা এবং ডেপুটী কালেক্টরের ও মুনসেফের ক্ষমতা।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৯ আপ্রিল।

ঢাকা জিলার ফরীদপুরের মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ মিত্র দিনাজপুর জিলার ঠাকুরগাঁয়ের মুনসেফ হইবেন।

দিনাজপুর জিলার ঠাকুরগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ রায় ঢাকা জিলার ফরীদপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু বৈষ্ণবচরণ দাসের অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু হরপ্রসাদ মজুমদার জামালপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

The 20th April 1866.

Baboo Romanauth Seal, L. L. to officiate as Moonsiff of Olipore, Zillah Rungpore.

The 25th April 1866.

Baboo Chunder Kishroe Roy, Moonsiff of Nubbeegunge, Zillah Sylhet, to be Moonsiff of Huthazaree, Zillah Chittagong.

Baboo Koylas Chunder Dusteedar, Officiating Moonsiff of Huthazaree, to be Moonsiff of Nubbeegunge, Zillah Sylhet.

Baboo Troyloko Nauth Mitter, B. L., to be Additional Moonsiff of Nusseerabad, Zillah Mymensingh.

Baboo Komala Kant Chuckerbutty, Additional Moonsiff of Nusseerabad, Zillah Mymensingh, to be Moonsiff of Kushbah, in Zillah Tipperah.

H. T. PRINSEP,
Registrar.

১৮৬৬ সাল ২০ আপ্রিল।

শ্রীযুত বাবু রমানাথ শীল এল এল রঙ্গপুর জিলার অলিপুরের মুনসেফের কর্ম্ম হইবেন।

১৮৬৬ সাল ২৫ আপ্রিল।

শ্রীহট্ট জিলার নব্বীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকিশোর রায় চট্টগ্রাম জিলার হাটহাজারীর মুনসেফ হইবেন।

হাটহাজারীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দস্তীদার শ্রীহট্ট জিলার নব্বীগঞ্জের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ মিত্র বি, এল, ময়মুনসিংহ জিলার নসিরাবাদের অতিরিক্ত মুনসেফ হইবেন।

ময়মুনসিংহ জিলার নসীরাবাদের অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু কমলাকান্ত চক্রবর্ত্তী ত্রিপুরা জিলার কশবার মুনসেফ হইবেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

১৩১ নং।

আফিমের ইশ্তেহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সাল তারিখ ১১ মে শুক্রবার পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘণ্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন আফিমের পঞ্চম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩,৩৩০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ২,০০০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১,৩৩০

জুমলা সিন্দুক ৩,৩৩০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৫ সালের ২৬ অকটোবর তারিখের লিখিত ইশ্তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৬ সালের ১৬ এবং ২৬ মে এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৬ সালের ১৬ মে বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৬ সালের ২৬ মে শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

						বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৬ সাল	তারিখ	১১	জুন	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ		২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯	জুলাই	ঐ	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯	আগষ্ট	বৃহস্পতিবার	ঐ	২,৭০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৪	আক্টোবর	বৃহস্পতিবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯	নবেম্বর	শুক্রবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৫	ডিসেম্বর	বুধবার	ঐ	২,০০০	১,৩৭০	৩,৩৭০
					একুন	১৪,০০০	৯,৩৫০	২৩,৩৫০

টি ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উইলিয়ম সন ১৮৬৬ সাল তারিখ ২১ আপ্রিল।

CALCUTTA POLICE NOTIFICATION.

It is hereby notified by the Commissioner of Police, with the sanction of the Lieutenant-Governor of Bengal, that the limits within which any person committing any of the offences specified in Section 66 of Act IV, (B. C.) of 1866 is liable to the penalty therein prescribed, shall be the limits of the Town of Calcutta as declared by the Proclamation of the Governor General in Council on the 10th September 1794 by virtue of the Statute 33, George 3, Cap. 52, Section 159.

S. S. Hogg,
Commissioner of Police.

Police Office,
The 10th April 1866.

কলিকাতার পোলীসের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে পোলীসের কমিস্যনর সাহেব ইহাতে প্রকাশ করিতেছেন যে, ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৪ আইনের ৬৬ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ যে সীমার মধ্যে করিলে অপরাধির সেই ধারার নির্দ্দিষ্ট দণ্ড হইতে পারে সেই সীমা তৃতীয় জর্জ রাজার ৩৩ বৎসরের আইনের ৫২ অধ্যায়ের ১৫৯ ধারার বলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ১৭৯৪ সালের সেপ্টেম্বর মাসের ১০ তারিখের বিজ্ঞাপনক্রমে প্রকাশিত কলিকাতা নগরের সীমা জানিতে হইবে।

এস এস্ হগ,
পোলীসের কমিস্যনর।

পোলীসের কার্য্যালয়
১৮৬৬ সাল ১০ আপ্রিল।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা দিনাজপুর।

এত্তালানামা কাচারি কালেক্টরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৬। ২৮ মার্চ তকের বাকি মালগুজারি নিমিত্তক ১৮৬৬ সনের ৪ মেই মোং ১২৭৩ সালের ২২ বৈশাখ রোজ শুক্রবার এই জেলার কালেক্টরী কাচারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

৩৯৪ নং তৌজী মৌজে সেঘটা ওগএরহ পরগনে থাঙ্গোর লিখিত মালিক ব্রজকৃষ্ণ ভট্টাচার্য্য ও কুবের মুখুর্য্যা ও ভগবতীচরণ ও অম্বিকাচরণ ও ত্রিলোচন ভট্টাচার্য্য ও ব্রহ্মময়ী দেব্যা মাদরে শ্রীশচন্দ্র ভট্টাচার্য্য সদর জমা ৬৫৯৶৮। পাই।

কৈং ১৮৫৯। ১১। ১০ ধারামত ব্রজকৃষ্ণ ভট্টাচার্য্যের হিস্যা ৶১০ যাহার সদর জমা ১০১।৶১১। পাই তাহার কিস্তী ফাল্গুন তকের বাকী ২৮৲ টাকা আদায় জন্য নীলামে ধরা গেল।

সন ১৮৬৬। তারিখ ৭ আপ্রিল দিনাজপুরের কালেক্টরির আফিস।

W. Le. F. Robinson,
Collector.

জিলা নদীয়া।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারার সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮ মার্চ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইনমতে সন ১৮৬৬ সালের ১৫ মে তারিখ মোতাবেক সন ১২৭৩ সালের ৩ জ্যৈষ্ঠ তারিখে এজেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ১৭ আপ্রিল।

এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং তরক্তিব	নং তৌজী	নাম মহাল	নাম পরগনা	নাম মালিক	সদর জমা
১ নং	২১৬।০ নং	ডিহি গোবরা	পলাসী	মালিক সেবারাম সাগ্রিদিং	১০৭৫।৭ পুলীস ১০।৬ ——— ১০৮৫॥/১
২ নং	৩৭১।০ নং	ডিহি নাকাশীপাড়া	বাগোয়ান	মালিক শান্তিরাম রায়দিগর	সদর জমা ৪০৩০।৶ পুলীস ৪৪।৶ ——— ৪০৭৪৸৶
৩ নং	৩২৩৩ নং	তং সাওতা	মাহাম্মদসাহী	মালিক মির এবরাহিম হোশন	সদর জমা ৮৩৪/

H. ULICK BROWNE,
Collector.

জেলা যশোহর।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে লাটবন্দী হইয়া সরকারি বাকী দাখিলের শেষ দিবস গত ২৮ মার্চ অবধারিত হইয়াছিল তাহাতে বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান সন ১৮৬৬ সালের ১৫ মেই মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ২ জৈ্যষ্ঠ রোজ মঙ্গলবার নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহাল মজকুর জেলা যশহরের শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬। ২০ আপ্রিল।

দ্বিতিয় শ্রেণীর মেয়াদী মহাল।

তৌজির নম্বর।	মাহালের নম্বর ও পরগনা ও কিসমত ও মালিকের নাম	সদর জমা।
৫৮	মাহাল চাঁদখালী বন্দবস্ত গ্রহীতা ৺ রামচন্দ্র ঠাকুর দিগর সেবাএত উমানাথ চৌধুরি মেয়াদ ইং ১২৬৫ নাং ১২৭৪ সাল ..	১১৯০৸০
১৯৫	পং মামুদাবাদ রকম ।৵ আনা বন্দবস্ত গ্রহীতা উমানাথ চৌধুরি মেয়াদ ইং ১২৬৭ নাং ১২৮৬ সন ১২৭৭ সাল পর্য্যন্ত রসদপুরা ও হর সন জমা সন ১২৭২ সাল ...	২৮২২।/৫
৪৪০০	চকঃ বারনরিয়া কৃষ্ণানন্দ ঘোষ মেয়াদ ইং ১২৫৯ সাল নাং ১২৮২ সাল পর্য্যন্ত রসদপুরা জমা ১১৭২ সাল ...	১১৭৯/১
৪৪০১	চকঃ বয়ার সীমা সাধুয়ার ঘাট্টা হিমচন্দ্র চট্টোপাধ্যায় ইং ১২৫৪ নাং ১২৭৩ সাল	৬৫৭৸৶/১১
৪৪২৬	চকঃ খড়িয়া চেমসাখালী ৺ রামচন্দ্র ঠাকুরদিগর সেবাএত উমানাথ চৌধুরি ইং ১২৬০ নাং ১২৭৯ সাল ১২৭৩ সালপর্য্যন্ত রসদপুরা জমা সন ১২৭২ সাল...	৫২০৭৶/৮
৪০৮৫ নং	২২০ নং লাটের মধ্যগত চকঃ দেমটী ও মাগুরা চন্দ্রমোহন দত্ত চৌধুরি ১২৬৫ সাল হইতে ১২৭২ সাল পর্য্যন্ত রসদপুরা ...	১৫৬৩৷৶৪

J. MONRO,
Offg. Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের ৫১৭৭ নং তৌজী মহাল সন ১৮৬৬ সালের মার্চ মাহার ২৮ তারিখ পর্য্যন্ত বাকী জমার নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্য যেং দাওয়া বাকী জমার ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৬৬ সালের ১০ মে মোতাবেক সন ১২৭৩ সালের ২৮ বৈশাখ বৃহস্পতিবার দিবসে বেলা দুই প্রহরের সময় অত্র জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬। ১৯ আপ্রেল।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫১৭৭ নং চর চণ্ডীপুর পং জাহাঙ্গিরাবাদ মালিক কালীপ্রসাদ সিংহ রায় সদর জমা ৫১১৸/১১

H. L. Harrison,
Offg. Collector.

INSOLVENT COURT.

Court for the Relief of Insolvent Debtors at Calcutta.

In the matter of AGA MAHOMED ALLY, an Insolvent.

Notice is hereby given that Saturday, the 5th day of May next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Assignee from the 1st day of August 1864, until the 1st day of April instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office;
Calcutta, 24th April 1866.

যোত্রহীনের আদালত।

কলিকাতা অক্ষম ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আগামিহম্মদ আলির বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মে মাসের ৫ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে, এবং ১৮৬৪ সালের আগষ্ট মাসের ১ তারিখঅবধি বর্ত্তমান আপ্রিল মাসের ১ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, ও প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা।
কলিকাতা ১৮৬৬ সাল ২৪ আপ্রিল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসিবর আফিস।

জমিদারিদিগর ইজারা।

চন্দ্রনাথ বিশ্বাস — বাদী।
বিশ্বনাথ বিশ্বাসদিগর — প্রতিবাদী।

সর্ব্বসাধারণ জনগণকে এই বিজ্ঞাপনপত্রের দ্বারায় জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ৯ মেই বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে হাই কোর্টের রিসিবর শ্রীযুত চার্লস সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত প্রাণকৃষ্ণ বিশ্বাসের ইষ্টেটের দরুণ নীচের লিখিত জমিদারিদিগর ইজারার ডাক লইবেন যাহারা ইজারা লওনে ইচ্ছুক হএন উপরোক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনার অন্তঃপাতি মেং বারাসতের মাজিষ্ট্রেটের অধীন।

পরগনে আনরপুর তরফ জোজড়া ওগায়রহ কালেক্টরির রেজিষ্টরি নম্বর ১৪৬ রকম ৷৷০ আনা মায় নাখেরাজ ও খেরাজ ও পুষ্করিণী ও বাগান ও হাট ও বাজার ও ঘাট ইত্যাদি।

পরগনে আনরপুর কিসমত কাএম্বা কালেক্টরির রেজিষ্টরি নম্বর ১১৬১ রকম তিন অংশের ১ এক অংশ উপরের লিখিত মত।

পরগনে কলিকাতার নছন মদরছা মৌজে বনহুগলী ওগায়রহ কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১৪৫ রকম ৷৷০ আট আনা মায় নাখেরাজ ও খেরাজ জমী ও পুষ্করিণী ও বাগান ও হাট ও বাজার ও ঘাট ইত্যাদি সেওয়ায় চাণকের গঙ্গার ধারের জমা যাহা নিশীরার্শ

গারডন ইষ্টুয়ার্ড কোম্পানিকে ইজারা দেওয়া গিয়াছে ইতি।

পরগনে কলিকাতা তালুক শ্রীবাটী কিসমত বেওতা-দিগর কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১৪৭ উপরের লিখিতমত রকম ।৷০ আট আনা।

ঐ পরগনা পটি গোবিন্দবাটী কালেকুটরির রেজি-ষ্টরির নম্বর ১৫৯।

ঐ পরগনার কিসমত রহড়া কালেকুটরির রেজিষ্ট-রির নম্বর ১৮৪ উপরের লিখিতমত।

পরগনে হাতিয়াঘর কিসমত খড়দহা রকম ৶১০ তিনআনা দশ গোণ্ডা ইষ্টেট রঘুদেবনগর কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১৫০৫ ও মহাল গাতি ইত্যাদি।

পরগনে কলিকাতা কিসমত করিমপুর কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১২৫৯।

পরগনে মাগুরা তরফ শঙ্করপুর কালেকুটরির রেজি-ষ্টরির নম্বর ১২৪।

মৌজে খড়দহা পরগনে কলিকাতা ৫ খাম বাগান তায় কলের বাগান সোঁর বাগান মায় পাকা ইমারৎ দরুণ রামবিশ্বাসের বাগান স্যমের বাগান ফুলবাগান মায় অন্য ২ পুষ্করিণী ও বাগান ও লাখেরাজ ও খেরাজ জমী ইত্যাদি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা হাই কোর্ট রিসিবর আফিস
৫ নম্বর ইষ্ট্রাণ্ড রোড সন ১৮৬৬ সাল
তারিখ ৯ আপ্রিল।

বিজ্ঞাপন।

এতদ্বিজ্ঞাপনপত্রদ্বারা আর্য্যধর্ম্মাবলম্বি জনগণকে জ্ঞাত করা যাইতেছে যে মহানগরীস্থ ও নবদ্বীপাদি অন্যান্য স্থানস্থ মহামহোপাধ্যায়গণ বর্ত্তমান বৎসরকে লুপ্ত সম্বৎসর বলিয়া স্থিরীকৃত করেন নাই সুতরাং উপনয়ন ও বিবাহাদি সমস্ত শুভকর্ম্ম হইতে পারিবেক। বিশেষতঃ বিগত ৭ ও ১২ বৈশাখ তারিখে অনেকানেক ব্রাহ্মণতনয়ের উপনয়ন ও বিবাহাদি সংস্কার সুচারু-রূপে নির্ব্বাহ হইয়াছে ইহা সর্ব্বসাধারণের বিদিতার্থ জ্ঞাপন করিলাম নিবেদনমিতি শকাব্দা ১৭৮৮ সন ১২৭৩ সাল তারিখ ১৮ বৈশাখ।

শ্রীদুর্গাদাস ব্রহ্মচারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত জাসস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MAY 1, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১ মে।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। এ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা ২৪ পরগনা।

এস্তাহার নামা কাছারি কালেকুটরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরাজী সন ১৮৬৬ সালের মে মাসের ১০ তারিখে মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সালের বৈশাখ মাসের ২৮ তারিখে বৃহস্পতিবার জেলা ২৪ পরগনার কালেকুটরি কাছারীতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন।

জিলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক	মন্তব্য।
			মালগুজারী রাজস্ব।	রাস্তার চাঁদা	মোট		
		এঃ কঃ পাঃ					
২৩৬২	পং কলিকাতা সুকচর	১।৩।৩৭	৮॥০	৴৪	৮॥৴৪	১৭৲	

A. J. R. Bainbridge,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত তামস জোন্স সাহেব কর্ত্তৃকমুদ্রিত ও প্রকাশিত হইল।

[When Appellate Court may frame issues and refer them for trial to Court whose decree is appealed against.]

DLXXV. If the Court against whose decree the appeal is made shall have omitted to raise or try any issue or to determine any question of fact which shall appear to the Appellate Court essential to the right determination of the suit upon the merits, and the evidence upon the record is not sufficient to enable the Appellate Court to determine such issue or question of fact, the Appellate Court may frame issues for trial, and may refer the same for trial to the Court against whose decree the appeal is made, and such Court shall proceed to try such issue and shall return to the Appellate Court its finding thereon together with the evidence.

[Finding and evidence to be put on record. Objections to finding.]

DLXXVI. Such finding and evidence shall become part of the record in the suit; and either party may, within a time to be fixed by the Appellate Court, file a memorandum of objections to the finding. Such memorandum shall be on the stamp paper prescribed for petitions to the Court, and shall set forth concisely and under distinct heads and without argument or narrative the grounds of objection to the finding, which grounds shall be numbered consecutively. After the expiration of the period fixed for filing such memorandum, the Appellate Court shall proceed to determine the appeal.

[Parties not to produce additional evidence to Appellate Court unless Court call for such evidence.]

DLXXVII. The parties to an appeal shall not produce additional evidence, whether oral or documentary, in the appellate Court; but if it appear that the Court against whose decree the appeal is made refused to admit evidence which ought to have been admitted, or if the the Appellate Court require any document to be produced or any witness to be examined to enable it to pronounce judgment or for any other substantial cause, the Appellate Court may allow such document to be received or such witness to be examined, whether such document or witness shall or shall not have been previously produced or examined: Provided that, whenever additional evidence is admitted by an Appellate Court, the reason for the admission shall be recorded on the proceedings of the Court.

[Additional evidence how taken.]

DLXXVIII. Whenever additional evidence is permitted to be received, it shall be competent

[যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় তাঁহার নিকটে আপীল আদালত সেই স্থলে ইস্থ নিরূপণ করিয়া বিচারার্থে প্রেরণ করিবেন তদ্বিষয়ক কথা।]

৫৭৫ ধারা। আপীল আদালত যে ইস্থ কি বৃত্তান্ত ঘটিত যে কথা মোকদ্দমার দোষগুণ ক্রমে যথার্থ নির্ণয় হইবার জন্যে অত্যন্ত গুরুতর জ্ঞান করেন, যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত যদি সেই ইস্থ উত্থাপন কি বিচার করেন নাই কিম্বা বৃত্তান্ত ঘটিত সেই কথার নির্ণয় করেন নাই, এবং কাগজপত্রে যে প্রমাণ আছে তাহা যদি আপীল আদালতের সেই ইস্থ কি বৃত্তান্ত ঘটিত সেই কথা নির্ণয় করণার্থে পর্য্যাপ্ত না হয়, তবে আপীল আদালত বিচারার্থ ইস্থ নিরূপণ করিয়া যে আদালতের ডিক্রীর উপর আপীল হইয়াছে সেই আদালতের বিচারার্থে তাহা অর্পণ করিতে পারিবেন, এবং সেই আদালত ঐ ইস্থর বিচার করিতে প্রবৃত্ত হইয়া তদ্বিষয়ে তাঁহার যে নির্ণয় হয় তাহা প্রমাণ সহিত আপীল আদালতে প্রেরণ করিবেন ইতি।

[সেই নির্ণয় ও প্রমাণ কাগজপত্রে রাখিবার, ও নির্ণয়ের প্রতি আপত্তির কথা।]

৫৭৬ ধারা। সেই নির্ণয় ও প্রমাণ মোকদ্দমার কাগজপত্রের অংশস্বরূপ থাকিবে, এবং একতর পক্ষ আপীল আদালতের নিরূপিত কালের মধ্যে সেই নির্ণয়ের প্রতি আপত্তির মর্ম্মাত্মকপত্র অর্পণ করিতে পারিবেন। সেই আদালতে প্রার্থনাপত্রের যে মূল্যের ইষ্টাম্প অবধারিত আছে ঐ মর্ম্মাত্মক লিপি সেই মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। সেই নির্ণয়ের প্রতি যে আপত্তি হয় তাহা বাদানুবাদ কি বৃত্তান্ত বিনা সংক্ষেপে পৃথক্২ দফা করিয়া তাহাতে ১, ২, প্রভৃতি নম্বর দিয়া নির্দ্দিষ্ট হইবে। তদ্রূপ মর্ম্মাত্মক লিপি অর্পণ করিবার নিরূপিত সময় অতীত হইলে পর আপীল আদালত আপীল নির্ণয় করিতে প্রবৃত্ত হইবেন ইতি।

[আপীল আদালত না চাহিলে উভয় পক্ষের অতিরিক্ত প্রমাণ না দিবার কথা।]

৫৭৭ ধারা। আপীলের উভয় পক্ষ আপীল আদালতে লিখিত কি মৌখিক অতিরিক্ত প্রমাণ উপস্থিত করিবেন না। কিন্তু যাঁহার ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত গ্রহণীয় প্রমাণ গ্রাহ্য করিতে অসম্মত হইলেন ইহা যদি দৃষ্ট হয়, কিম্বা আপীল আদালত যদি নিষ্পত্তি প্রচার করণার্থে কিম্বা অন্য কো গুরুতর কারণে কোন লেখ্য উপস্থিত করা কি কোন স্বাক্ষির পরীক্ষা গ্রহণ করা প্রয়োজনীয় জ্ঞান করেন, তবে সেই লেখ্য পূর্ব্বে উপস্থিত করা গেলে কি না গেলে, কিম্বা সেই সাক্ষির পরীক্ষা পূর্ব্বে গ্রহণ হইলে কি না হইলেও আপীল আদালত সেই লেখ্য গ্রাহ্য করিবার কি সেই সাক্ষির পরীক্ষা লইবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু যখন আপীল আদালত অতিরিক্ত প্রমাণ গ্রাহ্য করেন, তখন তাহা গ্রাহ্য করিবার হেতু আদালতের কার্য্য বৃত্তান্তে লিখিত হইবে ইতি।

[অতিরিক্ত প্রমাণ লইবার প্রণালীর কথা।]

৫৭৮ ধারা। অতিরিক্ত প্রমাণ গ্রহণ করিবার অনুমতি হইলে, আপীল আদালত ঐ প্রমাণ লইতে পারি-

to the Appellate Court to take such evidence, or the Appellate Court may require the Court against whose decree the appeal is made or any other Court, or may empower any person, to take such evidence, and to transmit the evidence so taken to the Appellate Court. It shall also be competent to the Appellate Court to prescribe the manner in which such additional evidence shall be taken.

[Points to be defined and recorded.]

DLXXIX. In all cases where additional evidence is permited to be taken, the Appellate Court shall define the points to which the evidence is to be confined, and record the same on its proceedings.

[Contents of decree.]

DLXXX. The decree of the Appellate Court shall bear date the day on which the judgment was pronounced. The decree shall contain the number of the appeal, and the memorandum of appeal, including the names and description of the appellant and respondent, and shall specify clearly the relief granted or other determination of the appeal. The decree shall also state the amount of costs incurred in the appeal, and by what parties and in what proportions such costs and the costs is in the suit are to be paid. The decree shall be signed by the Judge or Judges who passed it, and shall be sealed with the seal of the Court.]

[Judge dissenting from judgment need not sign decree.]

DLXXXI. Where there are more Judges than one, if there be a difference of opinion among them, it shall not be necessary for any Judge dissenting from the judgment of the Court to sign the decree.

[Copies of judgment and decree to be furnished to parties.]

DLXXXII. Certified copies of the judgment and decree shall be furnished to the parties, in the same manner as provided in Chapter IV in regard to the decrees of Courts of original jurisdiction.

[Certified copy of the decree to be transmitted to the Court whose decree is appealed against.]

DLXXXIII. A copy of the decree or other order disposing of the appeal, certified by the Appellate Court or the Registrar or Clerk of the Court, and sealed with the seal of the Court, shall be sent to the Court which passed the decree appealed against, and shall be filed with the original proceedings in the suit, and an entry of the judgment of the Appellate Court shall be made in the Register of the suit.

বেন, অথবা যে আদালতের ডিক্রীর উপর আপীল হয়, আপীল আদালত তাঁহাকে কি অন্য কোন আদালতকে ঐ সাক্ষ্য গ্রহণ করিতে আদেশ করিয়া, কিম্বা তদ্ভিন্ন কোন ব্যক্তিকে ক্ষমতা দান করিয়া, তদ্রূপ গৃহীত সাক্ষ্য আপীল আদালতে প্রেরণের আজ্ঞা করিতে পারিবেন। আরো যে প্রকারে তদ্রূপ অতিরিক্ত প্রমাণ লইতে হয় আপীল আদালত তাহা নিরূপণ করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

DCXXXVII. The High Court, in the exercise of its ordinary original Civil jurisdiction, may try and determine suits instituted in such Court for immovable property, notwithstanding that such property may be situate partly within the local limits of its ordinary original Civil jurisdiction, and partly within the local limits of the jurisdiction of some other Court.

[Stamps to be used in the High Court.]

DCXXXVIII. No instrument or writing of any of the kinds of specified as requiring stamps in Schedule B annexed to Act X of 1862 *(to consolidate and amend the law relating to stamp duties)*, or in this Code, shall, except as is herein otherwise provided, be filed, exhibited or recorded in, or shall be received or furnished by any High Court in any case coming before such Court in the exercise of its ordinary or extraordinary original Civil jurisdiction, unless such instrument or writing be upon a stamp of a value not less than that indicated by the said Schedule B as the proper stamp for similar instruments and writings in any Civil Court below the Sudder Court or than that indicated by this Code, or in any case coming before such Court in the exercise of its Appellate jurisdiction, unless such instrument or writing be upon a stamp of a value not less than that indicated by the said Schedule B as the proper stamp for similar instruments and writings in the Sudder Court, or than that indicated by this Code.

[In certain cases plaint to bear stamp of 32 Rupees; and Court after decree to determine how much more is to be paid.]

DCXXXIX. If in a suit instituted in a High Court in the exercise of its ordinary original Civil jurisdiction, or in appeal from a decision passed by a High Court in the exercise of such jurisdiction, the claim is not capable of being estimated at the selling price under Rule (c) of Article 11 of Schedule B of the said Act X of 1862, the plaint or petition of appeal shall be written on a stamp of the value of thirty-two Rupees. On the decision of such suit or appeal, if the decision be in favour of the plaintiff or appellant, the Court shall calculate the stamp duty payable, according to the rules above mentioned, on the amount or value of the property, if any, decreed or to which

কোর্টের ঐ মোকদ্দমাঘটিত বৃত্তান্তপত্রের মধ্যে মোকদ্দমা আনয়ন করিবার হেতু লিখিতে হইবে ইতি।

[হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা যে সীমাতে বর্ত্তে অংশতঃ সেই সীমার অন্তর্গত ভূমি বিষয়ক মোকদ্দমা ঐ কোর্টের বিচার্য্য হইবার কথা।]

৬৩৭ ধারা। কোন স্থাবর সম্পত্তির এক অংশ হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতার ব্যাপ্য স্থানের অন্তর্গত থাকিলে, যদিও অন্য অংশ অন্য কোন কোর্টের বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হয়, তথাপি ঐ হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতানুসারে ঐ সম্পত্তির নিমিত্তে ঐ হাই কোর্টে উপস্থিত মোকদ্দমার বিচার ও নির্ণয় করিতে পারিবেন ইতি।

[হাই কোর্টের ব্যবহার্য্য ইষ্টাম্পের কথা।]

৬৩৮ ধারা। ১৮৬২ সালের ১০ আইনের (অর্থাৎ ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের) B চিহ্নিত তফসীলে, কি এই আইনে নির্দ্দিষ্ট যেং প্রকারের লেখ্য কি লিপিতে ইষ্টাম্পের প্রয়োজন হয়, যদি এই আইনে তদ্বিষয়ের বিপরীত বিধান না থাকে, তবে হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ কি সাধারণাতিরিক্ত ক্ষমতা সম্পর্কে তাঁহার সম্মুখে আনীত কোন মোকদ্দমায় সদর আদালতের অধীন কোন দেওয়ানী আদালতে তদ্রূপ লেখ্যের ও লিপির উপযুক্ত ইষ্টাম্প বলিয়া যে মূল্যের ইষ্টাম্প ঐ B চিহ্নিত তফসীলে, কিম্বা এই আইনেতে অবধারিত হইয়াছে, সেই লেখ্য কি লিপি তাহার ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা গেলে, এবং ঐ হাই কোর্টের আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতা সম্পর্কে সদর আদালতে তদ্রূপ লেখ্যের ও লিপির উপযুক্ত ইষ্টাম্প বলিয়া যে মূল্যের ইষ্টাম্প ঐ B চিহ্নিত তফসীলে কিম্বা এই আইনেতে অবধারিত হইয়াছে, সেই লেখ্য কি লিপি তাহার ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা গেলে ঐ লেখ্য কি লিপি সেই হাই কোর্টে অর্পিত কি প্রকাশিত কি গচ্ছিত হইবে না কিম্বা হাই কোর্ট কর্ত্তৃক গৃহীত কি প্রদত্ত হইবে না ইতি।

[কোনং মোকদ্দমায় বত্রিশ টাকার ইষ্টাম্প কাগজে নালিশপত্র লিখিতে হইবার কথা। ও তদতিরিক্ত যত দিতে হইবে ডিক্রীর পরে আদালতকর্ত্তৃক তাহা নিরূপণ হইবার কথা।]

৬৩৯ ধারা। কোন হাই কোর্টে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতাসম্পর্কে যে মোকদ্দমা উপস্থিত করা যায়, কিম্বা হাই কোর্টের সেই ক্ষমতাসম্পর্কে হাই কোর্টের কৃত ডিক্রীর উপর যে আপীল হয়, তদ্ঘটিত দাওয়া যদি উক্ত ১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের একাদশ প্রকরণের (চ) বিধিক্রমে বিক্রেয় মূল্যানুসারে নিরূপিত হইতে না পারে, তবে নালিশপত্র কি আপীলের প্রার্থনা বত্রিশ টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। সেই মোকদ্দমা কি আপীল নিষ্পত্তি হইলে যদি বাদির কি আপেলান্টের পক্ষে নিষ্পত্তি হয়, তবে যত টাকার কি সম্পত্তির ডিক্রী হইলে যত মূল্যের সম্পত্তির ডিক্রী হইয়াছে, কিম্বা যে ব্যক্তির পক্ষে ডিক্রী হইল তাহার পক্ষে সেই ডিক্রী অনুসারে বর্ত্তমান কি আগন্তুক যত

the right of the party in whose favour the decree is made is declared by the decree, whether immediately or contingently; and if such amount or value exceed the sum of five hundred Rupees, the Court shall declare what additional stamp duty shall be paid, so that the total amount paid may be the same as would have been payable had the suit or appeal been originally instituted for the amount or value so estimated by the Court. The additional stamp duty ordered to be paid shall be costs in the suit, and shall be paid out of any money recovered on account of such costs, whether at the instance of the Government or of any of the parties, before any other costs in the suit are paid to any of the said parties.

[High Court to record its judgments and orders, as it shall by rule direct.]

DCXL. The High Court and the Division Courts and Judges of the High Court shall take evidence, record their judgments and the orders passed by them in such manner as the High Court shall by any rule from time to time direct.

[Decision when Judges of Division Court differ.]

DCXLI. If a Division Court is composed of more Judges than one, and the Judges are divided in opinion as to the decision to be give on any point, such point shall be decided according to the opinion of the majority of the Judges if there shall be a majority, but if the Judges shall be equally divided then the opinion of the senior Judge shall prevail.

[Execution may issue in certain cases before the amount due in costs has been ascertained, and execution for costs may issue subsequently when their amount is ascertained.]

DCXLII. Whenever a High Court or any Division Court or Judge of a High Court may consider it necessary that a decree made in the exercise of the ordinary original Civil jurisdiction of the said Court should be enforced before the amount of the costs incurred in the suit can be ascertained by taxation, the Court or Judge may order that the decree shall be executed forthwith except as to so much threof as relates to the costs and, as to so much thereof as relates to the costs, that the decree may be executed as soon as the amount of the costs shall be ascertained by taxation.

[Acts required to be done by Advocate may be done by an Attorney. Proviso.]

DCXLIII. Whenever in any suit or proceeding coming before a High Court in the exercise of its ordinary original Civil jurisdiction, or in any appeal coming before a High Court from a

টাকার কি যত মূল্যের সম্পত্তির স্বত্ব প্রকাশ হইয়াছে তাহা ধরিয়া, আদালত পূর্ব্বোক্ত বিধি অনুসারে দাতব্য ইষ্টাম্পের মাসুল হিসাব করিবেন। যদি উক্ত টাকা কি মূল্য ৫০০৲ টাকার অধিক হয়, তবে আদালতের অনুমানক্রমে নিরূপিত সেই টাকার কি মূল্যের জন্যে আদৌ মোকদ্দমা কি আপীল উপস্থিত করিলে যে মূল্যের ইষ্টাম্প লাগিত, ঐ স্থলে সর্ব্বসুদ্ধ তত মূল্যের ইষ্টাম্প হইবার জন্যে অধিক যে ইষ্টাম্পের মাসুল দিতে হইবে আদালত তাহা প্রকাশ করিবেন, তদ্রূপ যে অতিরিক্ত ইষ্টাম্পের মাসুল দিবার আজ্ঞা হয় তাহা মোকদ্দমার খরচা বলিয়া গণ্য হইবে, এবং গবর্ণমেন্টের কিম্বা মোকদ্দমার কোন পক্ষের যত্নক্রমে মোকদ্দমার খরচার নিমিত্তে যে সকল টাকা আদায় হয় তাহাহইতে মোকদ্দমার কোন পক্ষকে মোকদ্দমাঘটিত অন্য কোন খরচা দিবার পূর্ব্বে সেই অতিরিক্ত ইষ্টাম্পের মাসুল লওয়া যাইবে ইতি।

[হাই কোর্টের কৃত বিধির অনুসারে স্বীয় নিষ্পত্তি ও আজ্ঞা রিকার্ড করিবার কথা।]

৬৪০ ধারা। হাই কোর্ট সময়ে২ বিধি প্রণয়ন করিয়া যে নিয়ম করেন তদনুসারে হাই কোর্ট ও কোর্টের ভিন্নং খণ্ড ও হাই কোর্টের বিচারকর্ত্তরা প্রমাণ গ্রহণ করিবেন ও আপনারদের বিচার ও আজ্ঞা লিপিবদ্ধ করিবেন ইতি।

[কোর্টের খণ্ডে বিচারকর্ত্তাদের মতের অনৈক্য হইলে তাহার কথা।]

৬৪১ ধারা। যদি কোর্টের কোন খণ্ডে একের অধিক বিচারকর্ত্তা থাকেন এবং কোন বিচারাস্পদের যে নির্ণয় করিতে হয়, এতদ্বিষয়ে যদি বিচারকর্ত্তাদের মতের অনৈক্য হয়, তবে অধিকাংশ বিচারকর্ত্তার এক মত হইলে সেই অধিকাংশ বিচারকর্ত্তার মতানুসারে নির্ণয়পাদ হইবে, কিন্তু যত বিচারকর্ত্তার এক মত তত বিচারকর্ত্তার অন্য মত হইলে পদজ্যেষ্ঠ বিচারকর্ত্তার মতের প্রাধান্য হইবে ইতি।

[কোনং স্থলে দাতব্য খরচা নিশ্চয় হইবার পূর্ব্বে ডিক্রী সাধনের আজ্ঞা হইতে, এবং খরচা নিশ্চয় হইলে পশ্চাৎ খরচা সাধনের আজ্ঞা হইতে পারিবার কথা]

৬৪২ ধারা। হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতানুসারে কোন মোকদ্দমার ডিক্রী করিলে, সেই মোকদ্দমার যত টাকা খরচা হয় তাহা হারানুসারে ধার্য্য করণের পূর্ব্বে সেই ডিক্রী প্রবল করা আবশ্যক যদি হাই কোর্টের কি কোর্টের কোন খণ্ডের কি হাই কোর্টের কোন বিচারকর্ত্তার এই বিবেচনা হয়, তবে ঐ ডিক্রীর যে অংশসহিত খরচার সম্পর্ক আছে সেই অংশভিন্ন ঐ আদালত কি বিচারকর্ত্তা অযৌণে ডিক্রী সাধন করিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং খরচার সঙ্গে ঐ ডিক্রীর যে অংশের সম্পর্ক আছে, খরচার টাকা হারানুসারে ধার্য্য করণ দ্বারা নির্দ্ধারিত হইলেই সেই অংশও সাধন হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[আডবোকেটের কর্ত্তব্য কর্ম্ম আটর্ণির কর্ত্তব্য হইবার কথা ও উপনিয়ম।]

৬৪৩ ধারা। হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতানুসারে কার্য্য করাতে কোন মোকদ্দমায় কি ব্যবহারঘটিত কার্য্যেতে, কিম্বা ঐ কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ

decision passed by such Court in the exercise of its ordinary original Civil jurisdiction anything is directed by this Code to be done by or through an Advocate, such act may be done by or through an Attorney-at-Law of the Court; provided that no Attorney shall under the provisions of this Section plead in a High Court or in any Division Court or before a Judge of a High Court for any person.

[Process of High Courts may be served by Attorneys in suit.]

DCXLIV. Notice to produce documents, summonses to witnesses, and every other judicial process, issued in the exercise of the ordinary original Civil jurisdiction of the High Court, except writs of summons to defendants issued under Section 72 and writs of execution, may be served by the Attorneys in the suit or by persons employed by them, or in such other manner as the High Court shall by any rule or order from time to time direct.

[Power of Division Court or Judge of High Court to refer matters for investigation by a single Judge.]

DCXLV. If, in any suit instituted in the High Court in the exercise of its ordinary original Civil jurisdiction, the Division Court or Judge hearing such suit shall be of opinion that any matter of account, detail or other description may be more conveniently investigated by a Judge sitting in Chambers or by an Officer of the Court, it shall be lawful for such Court or Judge to refer such matter for the consideration of a Judge in Chambers or the Registrar or some other Officer, and such matter shall thereupon be investigated by such Judge or Registrar or other Officer, who shall proceed with such investigation and shall make his report thereon. Such report shall, if made by a Judge, be open to revision by any Court of Appeal to which the order or decree founded thereon may be appealable, and if made by the Registrar or other Officer shall be open to revision by the Judge by whom the matter was so referred, or by such other Judge as the Chief Justice shall appoint in that behalf. The Chief Justice shall from time to time determine in each case what Judge shall take or proceed with the investigation of any matter referred to a Judge under the provisions of this Section.

[Power to make rules.]

DCXLVI. The High Court shall have power to make general rules and orders for regulating the conduct of business any the procedure of a single Judge, Registrar or other Officer in respect

ক্ষমতানুসারে কার্য্য করত যে নিষ্পত্তি করেন তাহার উপর হাই কোর্টে উপস্থিত কোন আপীলী মোকদ্দমার যখন এই আইনেতে আডবোকেটকর্তৃক কি তাঁহার দ্বারা কোন কার্য্য হইবার আজ্ঞা হয়, তখন সেই কার্য্য আদালতের কোন আটর্ণিকর্তৃক কি তদ্দ্বারা করা যাইতে পারিবে। কিন্তু এই ধারার বিধানক্রমে কোন আটর্ণি হাই কোর্টে কিম্বা কোর্টের কোন খণ্ডে কিম্বা হাই কোর্টের কোন বিচারকর্ত্তার সম্মুখে কোন ব্যক্তির পক্ষে উত্তরবাদ করিতে পারিবেন না ইতি।

[মোকদ্দমাসম্পর্কীয় টর্ণিদ্বারা হাই কোর্টের অনুজ্ঞাপত্র পর্য্যর্পণ করিবার কথা।]

৬৪৪ ধারা। ৭২ ধারাক্রমে প্রতিবাদির নামে আহ্বানপত্র ও ডিক্রী সাধনের আজ্ঞাপত্র ভিন্ন হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতানুযায়ি কার্য্যক্রমে লেখ্য উপস্থিত করিবার যে জ্ঞাপনপত্র ও সাক্ষিদের যে আহ্বানপত্র ও ব্যবহারঘটিত অন্য যে প্রত্যেক অনুজ্ঞাপত্র প্রচারিত হয় তাহা ঐ মোকদ্দমাসম্পর্কীয় টর্ণিদের দ্বারা কি তাঁহাদের নিযুক্ত ব্যক্তিদের দ্বারা কি সময়েং হাই কোর্টের প্রকাশিত বিধিতে কি আজ্ঞাতে নির্দ্দিষ্ট অন্য কোন প্রকারে পর্য্যর্পিত হইতে পারিবে ইতি।

[একমাত্র বিচারকর্ত্তার অনুসন্ধানার্থে বিষয় সমর্পণ করিতে কোর্টের খণ্ডের কিম্বা হাই কোর্টের বিচারকর্ত্তার ক্ষমতার কথা।]

৬৪৫ ধারা। হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতাসম্পর্কে যে কোন মোকদ্দমা হাই কোর্টে উপস্থিত করা যায়, যদি সেই মোকদ্দমা শ্রবণকারি কোর্টের খণ্ডের কি বিচারকর্ত্তার বোধ হয় যে চেম্বরে উপবিষ্ট কোন বিচারকর্ত্তা কিম্বা আদালতের কোন কার্য্যকারক দ্বারা হিসাবের কি বৃত্তান্তের কি প্রকারান্তরের কোন কথার অনুসন্ধান করা সুবিধা হয়, তবে সেই আদালত কি বিচারকর্ত্তা সেই কথা চেম্বরে উপবিষ্ট কোন বিচারকর্ত্তার কি রেজিষ্ট্রারের কি অন্য কোন কার্য্যকারকের মীমাংসার্থে অর্পণ করিতে পারিবেন। তাহা হইলে ঐ বিচারকর্ত্তা কি রেজিষ্ট্রার কি অন্য কার্য্যকারককর্তৃক সেই কথার অনুসন্ধান হইবে, এবং তিনি তদ্রূপ অনুসন্ধান কার্য্যে প্রবর্ত্ত হইয়া তদ্বিষয়ের রিপোর্ট করিবেন। যদি বিচারকর্ত্তা সেই রিপোর্ট করেন, তবে তন্মূলক আজ্ঞার কি ডিক্রীর উপর আপীল যে আদালতে হইতে পারিত সেই আদালতকর্তৃক ঐ রিপোর্টের পুনরালোচনা হইতে পারিবে। যদি রেজিষ্ট্রার কি অন্য কার্য্যকারক ঐ রিপোর্ট করেন, তবে যে বিচারকর্ত্তার দ্বারা বিষয় অর্পিত হইয়াছিল, তৎকর্তৃক কিম্বা চীফ জুষ্টিস সাহেব তৎকর্ম্ম করণার্থে অন্য যে বিচারকর্ত্তাকে নিযুক্ত করেন তৎকর্তৃক ঐ রিপোর্টের পুনরালোচনা হইবে। এই ধারার বিধানমতে বিচারকর্ত্তার প্রতি যে কোন বিষয় অর্পিত হয়, তাহার অনুসন্ধান কার্য্য যে বিচারকর্ত্তা গ্রহণ কি সম্পাদন করিবেন তাহা প্রত্যেক স্থলে চীফ জুষ্টিস সাহেব সময়েং নির্দ্ধার্য্য করিবেন ইতি।

[বিধি করিবার ক্ষমতার কথা।]

৬৪৬ ধারা। হাই কোর্ট ইহার অব্যবহিত পূর্ব্বধারামতের অনুসন্ধান বিষয়ক কার্য্যপ্রণালী ও একমাত্র বিচারকর্ত্তার কি রেজিষ্ট্রারের কি অন্য কার্য্যকারকের কর্ত্তব্য কার্য্যের নিয়ম করণার্থে সাধারণ বিধি ও

of investigations under the last preceeding Section : Provided that such rules and orders shall not be inconsistent with the provisions of this Code or of any other law.

আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইবেন, কিন্তু ঐ বিধি ও আজ্ঞা যেন এই আইনের কি অন্য কোন আইনের বিধানের অসঙ্গত না হয় ইতি।

[Signature of Registrar or other appointed Officer to have same effect as that of Judge of High Court.]

DCXLVII. Whenever under any of the provisions of this Code the signature of a Judge of the High Court may be required, the signature of the Registrar or of any other Officer authorized in that behalf by the Chief Justice shall have the same effect as the signature of a Judge of the Court.

[রেজিষ্ট্রারের কি অন্য নিযুক্ত কার্য্যকারকের যে স্বাক্ষর তাহা হাই কোর্টের বিচারকর্ত্তার স্বাক্ষরের ন্যায় বলবৎ হইবার কথা।]

৬৪৭ ধারা। এই আইনের কোন বিধানানুসারে যখন হাই কোর্টের কোন বিচারকর্ত্তার স্বাক্ষরের প্রয়োজন হয়, তখন উক্ত হাই কোর্টের রেজিষ্ট্রারের স্বাক্ষর কিম্বা চীফ জুষ্টিস সাহেবের আজ্ঞাক্রমে তদর্থে ক্ষমতাপন্ন অন্য কোন কার্য্যকারকের স্বাক্ষর উক্ত হাই কোর্টের বিচারকর্ত্তার স্বাক্ষরের তুল্য ফলবৎ হইবে ইতি।

[Language of the High Court.]

DCXLVIII. The Chief Justice of the High Court shall from time to time declare what language shall be the language of the Court, in which all or any of the proceedings of the Court shall be conducted.

[হাই কোর্টের ভাষার কথা।]

৬৪৮ ধারা। আদালতের সমুদয় কি কতক কার্য্য যে ভাষায় সম্পাদন হইবে, আদালতের ব্যবহার্য্য সেই ভাষা হাই কোর্টের চীফ জষ্টিস সাহেব সময়ে২ নির্দ্ধার্য্য করিবেন ইতি।

[Provisions as to Assessors to apply to High Courts.]

DCXLIX. The provisions of this Code relating to Assessors shall without any order of Government extend to suits and appeals instituted or tried in the High Courts.

[আসেসর বিষয়ক বিধান হাই কোর্টের প্রতি বর্ত্তিবার কথা।]

৬৪৯ ধারা। আসেসরদের বিষয়ে এই আইনের যে সকল বিধান আছে তাহা গবর্ণমেন্টের আজ্ঞা বিনা হাই কোর্টে উপস্থিত কি বিচার্য্যমান মোকদ্দমার কি আপীলের প্রতি বর্ত্তিবে ইতি।

[High Court or High Court Judge may rescind or modify interlocutory order.]

DCL. Nothing contained in the eighth Section shall debar the High Court or any Judge of the High Court from rescinding or modifying any interlocutory order passed by it or him in the course of a suit.

[মোকদ্দমা সম্পাদনকালীন কোন অনুজ্ঞা হাই কোর্টের কিম্বা হাই কোর্টের কোন বিচারকর্ত্তার রহিত কি মতান্তর করিতে পারিবার কথা।]

৬৫০ ধারা। মোকদ্দমা সম্পাদনকালে হাই কোর্ট কিম্বা হাই কোর্টের কোন বিচারকর্ত্তা উত্তরপ্রত্যুত্তরঘটিত যে কোন অনুজ্ঞা করেন, ৮ ধারার কোন কথার দ্বারা ঐ কোর্টের কি বিচারকর্ত্তার সেই অনুজ্ঞা রহিত কি মতান্তর করিবার বাধা হইবে না ইতি।

[Vakeels not to practise on the original side.]

DCLI. Nothing in this Code shall be held to authorize a Vakeel to appear, plead or act in the High Court in the exercise of its original Civil jurisdiction.

[আদৌ উপস্থিত করণ ক্ষমতাপক্ষে উকীলদের ওকালতী না করিবার কথা।]

৬৫১ ধারা। হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা সম্পর্কে কোন উকীল ঐ কোর্টে উপস্থিতহইতে কি উত্তর প্রত্যুত্তর কি কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইলেন এই আইনের কোন কথার এমন অর্থ করিতে হইবে না ইতি।

[Sections 27, 28, 29, 30 and 31 not to apply to High Court.]

DCLII. The following Sections shall not apply to the High Court in the exercise of its ordinary original Civil Jurisdiction, namely, Sections 27, 28, 29, 30 and 31.

[২৭, ২৮, ২৯, ৩০, ও ৩১ ধারা হাই কোর্টের প্রতি না বর্ত্তিবার কথা।]

৬৫২ ধারা। ২৭, ২৮, ২৯, ৩০ ও ৩১ এই সকল ধারা দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা সম্পর্কে হাই কোর্টের প্রতি বর্ত্তিবে না ইতি।

[Non-judicial acts may be done by Registrar.]

DCLIII. Any Act not of a judicial nature which this Code requires to be done by a Judge, may be done by the Registrar of the Court or by such other Officer of the Court as the Court may direct to perform such act.

[বিচারসম্পার্কীয় কার্য্য ভিন্ন রেজিষ্ট্রারের দ্বারা হইতে পারিবার কথা।]

৬৫৩ ধারা। বিচারকার্য্যের ভাবাপন্ন নয় এমত যে কোন কর্ম্ম এই আইন দ্বারা বিচারকর্ত্তার প্রতি করিতে আদেশ হইয়াছে, তাহা আদালতের রেজিষ্ট্রার কিম্বা আদালতের যে কোন কর্ম্মকারককে আদালত সেই কর্ম্ম করিতে আজ্ঞা করেন সেই কর্ম্মকারক করিতে পারিবেন ইতি।

[Summonses may be obtained from Registrar by Attorneys.]

DCLIV. All summonses obtainable under this Act by the parties to a suit in the High Court, may be obtained from the proper Officer by the Attorneys of the parties respectively, and may be served by such Attorneys on the persons named therein, and all rules contained in this Code relating to the service of summonses shall apply to summonses obtained under this Section.

[Code not to affect High Court in exercise of Admiralty, Testamentary, Intestate, Matrimonial or Insolvent jurisdiction.]

DCLV. Nothing in this Chapter shall extend or apply to any High Court in the exercise of its jurisdiction as a Court of Admiralty or Vice-Admiralty, or as a Court of Testamentary and Intestate or of Matrimonial jurisdiction, or as an Insolvent Court.

[This Chapter to apply only to High Courts established under 24 and 25 Vic., cap. 104.

DCLVI. This Chapter shall extend and apply only to High Courts which are or may hereafter be established under the Statute 24 and 25 Victoria, Chapter 104 *(An Act for establishing High Courts of Judicature in India).*

[Save as aforesaid the provisons of the Code to apply to High Courts.]

DCLVII. Except as provided in this Chapter, the provisions of this Code shall apply to the High Courts established as aforesaid.

CHAPTER XV.

OF CRIMINAL PROCEDURE FOR OFFENCES COMMITTED IN OR AGAINST THE COURTS.

[Procedure when certain offences under Chapter XI of Penal Code are committed in case pending before Court.]

DCLVIII. When in a case pending before any Court, any person shall appear to the Court to have been guilty of an offence described in Section 193, 194, 195, 196 199, 200, 205, 206, 207, 208, 209 or 210 of the India Penal Code, the Court may commit such person to take his trial for the offence before the Court of Session, or, after making such preliminary enquiry as may be necessary, may send the case for investigation to any Magistrate having jurisdiction to try or commit for trial the accused person for the offence charged, and such Magistrate shall thereupon proceed according to law. (S. C. C. & R. C.)

[রেজিষ্ট্রারের স্থানে আটর্ণিদের আহ্বানপত্র প্রাপ্ত হইবার কথা।]

৬৫৪ ধারা। হাই কোর্টে যে মোকদ্দমা উপস্থিত হইয়াছে সেই মোকদ্দমার উভয় পক্ষীয় ব্যক্তিরা এই আইনমতে যে সকল আহ্বানপত্র গ্রহণ করিতে পারেন, তাহা ঐ উভয়পক্ষীয় ব্যক্তিদের আটর্ণিরা উপযুক্ত কার্য্যকারকদের স্থানে প্রাপ্ত হইতে পারিবেন এবং সেই আটর্ণিরা ঐ আহ্বানপত্র লিখিত ব্যক্তিদের প্রতি তাহা পর্য্যর্পণ করিতে পারিবেন। এবং এই আইনেতে আহ্বানপত্র পর্য্যর্পণ বিষয়ে যে সকল বিধি আছে তাহা এই ধারামতে প্রাপ্ত আহ্বানপত্রের প্রতি বর্ত্তিবে ইতি।

[আডমিরলটি কি কৃত কি অকৃত চরমপত্রের সম্পাত্তি কিম্বা বিবাহ কি যোত্রহীনতার বিচারাধিপত্য উপলক্ষে হাই কোর্টের প্রতি এই আইন না বর্ত্তিবার কথা।]

৬৫৫ ধারা। আডমিরেলটি কি প্রতিনিধি-আডমিরেলটি আদালত, কিম্বা কৃত কি অকৃতচরমপত্রের সম্পাত্তি কি বিবাহ বিষয়ক বিচার কি যোত্রহীনদের বিচারার্থ আদালতস্বরূপে বিচারাধিপত্যের উপলক্ষে কোন হাই কোর্টের প্রতি এই অধ্যায়ের কোন বিধান ব্যাপিবে কি বর্ত্তিবে না ইতি।

[মহারাণী বিকুটরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ক্রমে স্থাপিত কেবল হাই কোর্টের প্রতি এই অধ্যায় বর্ত্তিবার কথা।]

৬৫৬ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী বিকুটোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ের আইনের অর্থাৎ ভারতবর্ষে হাই কোর্ট স্থাপনার্থ অইনের বলে যে২ হাই কোর্ট স্থাপিত হইয়াছে কি হয় কেবল তৎপ্রতি এই অধ্যায় বর্ত্তিবে ও প্রবল হইবে ইতি।

[পূর্ব্বোক্ত স্থল বর্জ্জিয়া এই আইনের বিধান হাই কোর্টের প্রতি বর্ত্তিবার কথা।]

৬৫৭ ধারা। এই অধ্যায়ের বর্জ্জিত স্থল ভিন্ন এই আইনের বিধান পূর্ব্বোক্তমতে স্থাপিত হাই কোর্টের প্রতি বর্ত্তে ইতি।

পঞ্চদশ অধ্যায়।

আদালতের মধ্যে কি তদ্বিপরীতে যে অপরাধ করা যায় তদ্বিষয়ক ফৌজদারী কার্য্যের বিধান।

[আদালতের সম্মুখে উপস্থিত মোকদ্দমায় দণ্ডবিধির আইনের একাদশ অধ্যায়ের নির্দ্দিষ্ট কোন২ অপরাধ হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৬৫৮ ধারা। কোন আদালতে উপস্থিত কোন মোকদ্দমায় যদি আদালতের বিবেচনায় কোন ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৩ ও ১৯৪ ও ১৯৫ ও ১৯৬ ও ১৯৯ ও ২০০ ও ২০৫ ও ২০৬ ও ২০৭ ও ২০৮ ও ২০৯ ও ২১০ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধের অপরাধী হয়, তবে আদালত সেশন আদালতের সম্মুখে সেই অপরাধের নিমিত্তে বিচার হওনার্থে সেই ব্যক্তিকে সমর্পণ করিতে পারিবেন, অথবা প্রথমস্থলীয় যেরূপ অনুসন্ধান করা আবশ্যক বোধ হয় তদ্রূপ অনুসন্ধান করণানন্তর সেই অভিযোগার্থে ঐ অভিযুক্ত ব্যক্তির বিচার করিবার কি বিচারার্থে তাহাকে সমর্পণ করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেটের অনুসন্ধানার্থে সেই মোকদ্দমা প্রেরণ করিতে পারিবেন, তাহাতে উক্ত মাজিষ্ট্রেট আইন অনুযায়ি ঐ কার্য্য করিতে প্রবৃত্ত হইবেন ইতি। (সু. মো. আ. ও রা. আ.)

[Court may take bail and bind over witnesses to give evidence.]

DCLIX. The Court may send the person accused in custody or take sufficient bail for his appearance before the Magistrate, and may bind over any person to appear and give evidence before the Magistrate. (S. C. C. & R. C.)

[Charge to be framed and sent to Magistrate.]

DCLX. When the commitment is made by the Court, the Court shall frame a charge in the manner provided in Chapter XIII of the Code of Criminal Procedure, and shall send the same with the order of commitment and the record of the case to the Magistrate, and such Magistrate shall bring the case together with the witnesses for the prosecution and defence before the Court of Session. (S. C. C. & R. C.)

[Procedure in certain cases of contempt of lawful authority of public servants.]

DCLXI. When any person shall appear to the Court to have been guilty in any suit or proceeding before such Court of any of the offences described in Sections 172, 173 and 174 of the Indian Penal Code, the Court may direct the person accused to be brought before it, and may either proceed as provided in Section 671 of this Code, or may send him in custody to the Magistrate or take sufficient bail for his appearance before the Magistrate, and the Magistrate shall thereupon proceed according to law.

[Procedure in case of certain offences relating to documents.]

DCLXII. When in a case pending before any Court, there shall appear to the Court sufficient ground for sending for investigation to the Magistrate a charge of any such offence as is described in Section 463, 471, 475 or 476 of the Indian Penal Code, which may be preferred in respect to any document offered in evidence in the case, the Court may send the person accused in custody to the Magistrate or take sufficient bail for his appearance before the Magistrate. The Court shall send to the Magistrate the evidence and documents relevant to the charge, and shall bind over any person to appear and give evidence before such Magistrate. The Magistrate shall receive such charge and proceed with it according to law. (S. C. C. & R. C.)

[Procedure in case of person accused under Section 658 or 662 being a European British subject.]

DCLXIII. If the person accused in any case falling under Section 658 or Section 662 of this

[প্রতিভূ লইতে ও সাক্ষিদিগকে প্রমাণ দিবার জন্যে আবদ্ধ করিতে আদালতের ক্ষমতার কথা।]

৬৫৯ ধারা। আদালত অভিযুক্ত ব্যক্তিকে সংরক্ষণ করিয়া পাঠাইতে কিম্বা মাজিষ্ট্রেটের সম্মুখে তাহার উপস্থিত হইবার উপযুক্ত দর্শনপ্রতিভূ লইতে এবং মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইয়া প্রমাণ দিবার জন্যে কোন ব্যক্তিকে আবদ্ধ করিতে পারিবেন ইতি। (স্ক্রু. মো. আ. ও রা. আ.)

[অভিযোগপত্র লিখিত হইয়া মাজিষ্ট্রেটের নিকটে প্রেরিত হইবার কথা।]

৬৬০ ধারা। যখন আদালতকর্তৃক অপরাধিকে সমর্পণ করা যায়, তখন আদালত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৩ অধ্যায়ের নির্দ্দিষ্টমতে অভিযোগপত্র প্রস্তুত করিয়া সমর্পণের আজ্ঞার ও মোকদ্দমার কাগজপত্রের সহিত মাজিষ্ট্রেটের নিকটে প্রেরণ করিবেন। সেই মাজিষ্ট্রেট অভিযোগের ও তদুত্তরের স্বপক্ষ সাক্ষিদের সহিত সেই মোকদ্দমা সেশন আদালতের সম্মুখে উপস্থিত করাইবেন ইতি। (স্ক্রু. মো. আ. ও রা আ.)

[রাজকীয় কার্য্যকারকদিগের আইনসিদ্ধ ক্ষমতার প্রতি অবজ্ঞা প্রকাশের কোন২ স্থলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৬৬১ ধারা। আদালতের সম্মুখবর্ত্তি কোন মোকদ্দমায় কি ব্যবহার ঘটিত কার্য্যে যদি কোন ব্যক্তি আদালতের বিবেচনায় ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭২ ও ১৭৩ ও ১৭৪ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধের অপরাধী হন, তবে আদালত সেই অভিযুক্ত ব্যক্তিকে আপনার সম্মুখে আনীত হইবার আজ্ঞা করিতে পারিবেন, এবং এই আইনের ৬৭১ ধারার বিধানমতে কার্য্য করিবেন, অথবা তাহাকে সংরক্ষণ করিয়া মাজিষ্ট্রেটের নিকটে প্রেরণ করিবেন, কিম্বা মাজিষ্ট্রেটের সম্মুখে তাঁহার উপস্থিত হইবার দর্শনপ্রতিভূ লইবেন। তাহা হইলে মাজিষ্ট্রেট আইন অনুযায়ি কার্য্য করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[লেখ্যসম্পার্কীয় কোন২ অপরাধ হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৬৬২ ধারা। কোন আদালতে উপস্থিত কোন মোকদ্দমায় মোকদ্দমাসম্পার্কীয় প্রমাণরূপে সমর্পিত কোন লেখ্য বিষয়ে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৬৩, ৪৭১, ৪৭৫, কি ৪৭৬ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধের অভিযোগ হইলে যদি আদালতের বিবেচনায় তাহা মাজিষ্ট্রেটের অনুসন্ধানার্থে প্রেরণের উপযুক্ত কারণ থাকে, তবে আদালত সেই অভিযুক্ত ব্যক্তিকে সংরক্ষণ করিয়া মাজিষ্ট্রেটের নিকটে প্রেরণ করিতে কিম্বা মাজিষ্ট্রেটের সম্মুখে তাহার উপস্থিত হইবার উপযুক্ত দর্শন প্রতিভূ লইতে পারিবেন। আদালত ঐ অভিযোগসম্পার্কীয় প্রমাণ ও লেখ্য মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইবেন, এবং মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইয়া প্রমাণ দিবার জন্যে কোন ব্যক্তিকে আবদ্ধ করিবেন। মাজিষ্ট্রেট সেই অভিযোগ গ্রাহ্য করিয়া তদ্বিষয়ে আইন অনুযায়ি কার্য্য করিবেন ইতি। (স্ক্রু. মো. আ. ও রা. আ.)

[৬৫৮ কি ৬৬২ ধারামত অভিযুক্ত ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

[৬৬৩ ধারা। এই আইনের ৬৫৮ কি ৬৬২ ধারার নির্দ্দিষ্ট কোন স্থলে যে ব্যক্তি অভিযুক্ত হন তিনি যদি

Code, is a European British subject, the Court shall send such person in custody or take sufficient bail for his appearance before an Officer empowered to commit or hold to bail persons charged with offences for trial before a High Court of Judicature, and such Officer shall proceed according to law. (S. C. C. & R. C.)

ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হন, তবে আদালত তাঁহাকে সংরক্ষণ করিয়া হাই.কোর্টের সম্মুখে বিচার্য্য অপরাধের অভিযুক্ত ব্যক্তিদিগকে সমর্পণ করিতে কি তাহাদের প্রতিভূ লইতে ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের সম্মুখে প্রেরণ করিবেন, কিম্বা তাঁহার সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত দর্শনপ্রতিভূ লইবেন। ও সেই কার্য্যকারক আইন অনুযায়ি কর্ম্ম করিতে প্রবর্ত্ত হইবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[When the Court may itself dispose of cases of contempt.]

DCLXIV. When any such offence as is described in Section 175, 178, 179, 180 or 228 of the Indian Penal Code, is committed in the view or presence of the Court, the Court the may cause the offender, whether he be a European British subject or not, to be detained in custody, and may, at any time before the rising of the Court on the same day, take cognizance of the offence, and adjudge the offender to punishment by fine not exceeding two hundred Rupees, and by imprisonment in the Civil Jail for a period not exceeding one month if such fine be not sooner paid. In every such case the Court shall record the facts constituting the contempt, with any statement the offender may make, as well as the finding and sentence. (S. C. C. & R. C.)

[আদালত যে স্থলে আপনি অবজ্ঞা দোষের নিষ্পত্তি করিতে পারিবেন তাহার কথা।]

৬৬৪ ধারা। যদি আদালতের দৃষ্টি গোচরে কি সাক্ষাতে ভারতবর্ষের দণ্ড বিধির আইনের ১৭৫ কি ১৭৮ কি ১৭৯ কি ১৮০ কি ২২৮ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ করা যায়, তবে অপরাধি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউন কি না হউন, আদালত তাঁহাকে আসেধে রাখিয়া সেই দিনে আদালতের উপবেশন ভঙ্গ হইবার পূর্ব্বে কোন সময়ে সেই অপরাধের বিচার করিয়া অপরাধির দুই শত টাকার অনধিক অর্থদণ্ডের, কি অগ্রে সেই টাকা না দিলে দেওয়ানী কারাগারে এক মাসের অনধিক কালের কারাদণ্ডের আজ্ঞা স্থির করিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক স্থলে যে২ ক্রিয়াতে অবজ্ঞা হইল আদালতের সেই২ ক্রিয়ার বৃত্তান্ত ও তৎসহিত অপরাধির কৃত কোন আবেদন এবং নির্ণয় ও দণ্ডাজ্ঞা লিপিবদ্ধ করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[When the Court shall send on the case to a Magistrate or Justice of the Peace.]

DCLXV. If the Court shall consider that a person accused of any of the offences mentioned in the last preceeding Section should be imprisoned, or that a fine exceeding two hundred Rupees, should be imposed upon him, such Court, after recording the facts constituting the contempt and the statement of the accused person as hereinbefore provided, shall forward the case to a Magistrate, or, if the accused person be a European British subject, to a Justice of the Peace, and shall cause bail to be taken for the appearance of such accused person before such Magistrate or Justice of the Peace, or if sufficient bail be not tendered shall cause the accused person to be forwarded, under custody to such Magistrate or Justice of the Peace. (S. C. C. & R. C.)

[যে স্থলে আদালত মাজিষ্ট্রেটের নিকটে কি শান্তিরক্ষার্থ জুষ্টিসের নিকটে মোকদ্দমা প্রেরণ করিবেন তাহার কথা।]

৬৬৫ ধারা। যদি আদালত বোধ করেন যে ইহার অব্যবহিত পূর্ব্ব ধারার লিখিত কোন অপরাধহেতুক অভিযুক্ত ব্যক্তি কারাদণ্ডের কিম্বা দুই শত টাকার অধিক অর্থদণ্ডের যোগ্য, তবে আদালত পূর্ব্বলিখিত বিধানানুসারে অবজ্ঞাসূচক ক্রিয়া ও অভিযুক্ত ব্যক্তির কৃত আবেদন লিপিবদ্ধ করিয়া কোন মাজিষ্ট্রেটের নিকটে, কিম্বা সেই অভিযুক্ত ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে শান্তিরক্ষার্থ কোন জুষ্টিসের নিকটে সেই বিষয় প্রেরণ করিবেন এবং উক্ত মাজিষ্ট্রেটের কি শান্তিরক্ষার্থ জুষ্টিসের সম্মুখে সেই অভিযুক্ত ব্যক্তির উপস্থিত হইবার দর্শনপ্রতিভূ গ্রহণ করাইবেন, যদি উপযুক্ত প্রতিভূ না দেওয়া যায়, তবে সেই অভিযুক্ত ব্যক্তিকে সংরক্ষণ করিয়া উক্ত মাজিষ্ট্রেটের কি শান্তিরক্ষার্থ জুষ্টিসের নিকটে প্রেরণ করাইবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Procedure of Magistrate or Justice in such cases.]

DCLXVI. If the case be forwarded to a Magistrate, such Magistrate shall proceed to try the accused person in the manner provided for trials before a Magistrate, and it shall be competent to such Magistrate to adjudge such offender to punishment as provided in the Section of the Indian Penal Code under which he is charged. If the case be forwarded to a Justice of the Peace, such Justice of the Peace shall enquire into the circumstances, and shall have the same powers of

[তদ্রূপ স্থলে মাজিষ্ট্রেটের কি শান্তিরক্ষার্থ জুষ্টিসের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৬৬৬ ধারা। যদি মোকদ্দমা কোন মাজিষ্ট্রেটের নিকটে প্রেরণ করা যায়, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে বিচার হইবার যে বিধান আছে ঐ মাজিষ্ট্রেট তদনুসারে সেই অভিযুক্ত ব্যক্তির বিচার করিতে প্রবৃত্ত হইবেন, এবং ভারতবর্ষের দণ্ডবিধির আইনের যে ধারাক্রমে অপরাধির নামে অভিযোগ হইল তাহার বিধানানুসারে সেই মাজিষ্ট্রেট তাঁহার ঐ দণ্ড নিশ্চয় করিতে পারিবেন। যদি শান্তিরক্ষার্থ জুষ্টিসের নিকটে সেই মোকদ্দমা প্রেরিত হয়, তবে শান্তিরক্ষার্থ উক্ত জুষ্টিস তাহার ভাবগতিক অনুসন্ধান করিবেন,

punishing the offender as are vested by the Statute 53 Geo. III, cap. 155, Section 105, in a Justice of the Peace for the punishment of an assault, and may deal with the offender in the same manner as is provided in that behalf in the said Statute. If such Justice of the Peace shall consider the offence to require a more severe punishment than a Justice of the Peace is competent to award under the said Statute, he may commit the offender to a High Court of Judicature. (S. C. C. & R. C.)

[Discharge of an offender on his submission.]

DCLXVII. When any person has been sentenced by the Court to punishment under Section 664 for refusing or omitting to do any any thing which he was lawfully required to do, it shall be competent to the Court to discharge the offender or to remit the punishment on the submission of the offender to the order or requisition of the Court. (S. C. C. & R. C.)

CHAPTER XVI.

Miscellaneous.

[High Court to make general rules.]

DCLXVIII. The High Court shall have power to make and issue general rules not inconsistent with the provisions of this Code or of any other law for regulating the practice and proceedings of that Court and the Courts subordinate thereto and from time to time to alter any such rules. Any rules framed under this Section shall be published in the Official Gazette of the place where the High Court is held. (S. C. C. & R. C.)

[And frame forms.]

DCLXIX. The High Court shall also have power to frame forms for every proceeding in such Court and the subordinate Courts for which the High Court shall think it necessary that form should be provided ; for keeping all books, entries, and accounts to be kept by the Officers, and for the preparation and submission of any statements to be prepared and submitted by such Courts.

[If highest Court of appeal consist of only one Judge, he has all the powers of two or more High Court Judges.]

DCLXX. When in any part of British India in which this Code shall have operation, the highest Civil Court of appeal consists of a single Judge, he shall have all the powers vested by this Code in two or more Judges of the High Court.

এবং তৃতীয় জর্জ রাজার ৫৩ বৎসরের আইনের ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারাতে শান্তিরক্ষার্থ জুষ্টিসের প্রতি আক্রমণের দণ্ড করিবার যেক্ষমতা অর্পিত হইয়াছে, ঐ অপরাধিকে দণ্ড করিতে তাঁহার সেই ক্ষমতা থাকিবে, ও উক্ত আইনে তদ্বিষয়ক যে বিধান থাকে তদনুসারে সেই অপরাধির প্রতি কর্ম্ম করিতে পারিবেন। উক্ত আইনঅনুসারে শান্তিরক্ষার্থ জুষ্টিসের দণ্ড করিবার যে ক্ষমতা আছে, যদি তিনি ঐ অপরাধ তদপেক্ষা গুরুতর দণ্ডের যোগ্য বোধ করেন, তবে সেই অপরাধিকে কোন হাই কোর্টে সমর্পণ করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ ও রা. আ.)

[অপরাধী আজ্ঞার বশ হইলে তাহাকে মুক্ত করিবার কথা।]

৬৬৭ ধারা। আইন অনুসারে কোন ব্যক্তির যে কর্ম্ম করিবার আজ্ঞা হইয়াছিল তাহা করিতে অস্বীকার কি ত্রুটি করণ প্রযুক্ত ৬৬৪ ধারার বলে আদালতকর্ত্তৃক তাহার দণ্ডাজ্ঞা হইলে পর, যদি সেই ব্যক্তি আদালতের আজ্ঞার কি আদেশের বশীভূত হয়, তবে আদালত সেই অপরাধিকে মুক্ত করিতে কি তাহার দণ্ড ক্ষমা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

ষোড়ষ অধ্যায়।

বিবিধ বিধি।

[সাধারণ বিধি করিতে হাই কোর্টের ক্ষমতার কথা।]

৬৬৮ ধারা। হাই কোর্টের ও তাঁহার অধীন আদালতের ব্যবহার ও ব্যবহারঘটিত কার্য্যের বিধান করণার্থে উক্ত হাই কোর্ট সাধারণ বিধি করিয়া প্রচার করিতে পারিবেন, কিন্তু তাহা এই আইনের এবং অন্য কোন আইনের বিধানের অসঙ্গত না হয়, এবং সময়েং তদ্রূপ কোন বিধি পরিবর্ত্তন করিতে পারিবেন। এই ধারামতে কোন বিধি করা গেলে ঐ হাই কোর্টের অধিবেশন যে স্থানে হয় সেই স্থানের রাজকীয় গেজেটে তাহা প্রকাশ করা যাইবে ইতি। (ক্ষু. মো. আ ও রা. আ.)

[পাঠাদি প্রণয়ন করিবার কথা।]

৬৬৯ ধারা। হাই কোর্টের ও তাঁহার অধীন আদালতের যে কার্য্যের জন্যে হাই কোর্ট পাঠ প্রণয়ন করা আবশ্যক বোধ করেন, সেই কার্য্যের পাঠ, ও কার্য্যকারকেরা যেং বহী রাখিবেন ও তাহাতে যে লিপি করিবেন ও যে হিসাব রাখিবেন তাহার পাঠ, এবং সেইং আদালত যে কোন কৈফিয়ৎ প্রস্তুত করিয়া প্রেরণ করিবেন তাহার পাঠ প্রস্তুত ও প্রেরণ করিবার নিয়ম হাই কোর্ট নিরূপণ করিতে পারিবেন ইতি।

[উচ্চতম আপীল আদালতের কেবল একমাত্র বিচারকর্ত্তা থাকিলে হাই কোর্টের দুই কি অধিক বিচারকর্ত্তার সকল ক্ষমতা তাঁহার প্রতি বর্ত্তিবার কথা।]

৬৭০ ধারা। এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশে প্রবল হইবে, তথায় যদি উচ্চতম দেওয়ানী আপীল আদালতের একমাত্র বিচারকর্ত্তা থাকেন, তবে এই আইনের বলে হাই কোর্টের দুই কি অধিক বিচারকর্ত্তার প্রতি যে সকল ক্ষমতা বর্ত্তে তাহা সেই বিচারকর্ত্তার প্রতিও বর্ত্তিবে ইতি।

[Language of subordinate Courts.]

DCLXXI. The language which, at the time this Code comes into operation, is the language of any subordinate Court, shall continue to be the language of such Court until the Local Government shall otherwise order; but it shall be lawful for the Local Government from time to time to declare what language shall be the language of every such Court in which all or any of the proceedings shall be conducted. (S. C. C. & R. C.)

[Ministerial Officers.]

DCLXXII. The Local Government shall fix the establishments of Ministerial and other Officers requisite for the Courts other than the High Court within the limits of its jurisdiction, and, with the sanction of the Governor General of India in Council, shall assign to such Officers such salaries as from time to time such Government may deem proper. (S. C. C. & R. C.)

[High Courts to define duties of all Ministerial Officers.]

DCLXXIII. The High Court shall define and prescribe the duties to the performed by the Ministerial and other Officers on its establishment as well as by the Ministerial and other Officers on the establishments of subordinate Courts. (S. C. C. & R. C.)

[Persons exempt from arrest.]

DCLXXIV. No person shall be liable to arrest under this Code while attending, going to, or returning from the Court either in obedience to a summons or as a party to a suit, appeal or other proceeding.

[Saving of jurisdiction and procedure of Village Moonsiffs and Village and District Panchâyats in in Madras—of Military Courts of Request—of single Officers appointed to try small suits in Madras and Bombay—or of Military Panchâyats in Madras.]

DCLXXV. Nothing in this Code shall be held to alter or affect the jurisdiction or procedure in Civil cases of Village Moonsiffs or Village or District Panchâyats under the provisions of the Madras Code; or the jurisdiction or procedure of Military Courts of Request: or the jurisdiction or procedure of a single Officer duly authorized and appointed under the rules in force in the Presidencies of Madras and Bombay respectively, for the trial of small suits in Military Bazars at Cantonments and Stations occupied by the Troops of the those Presidencies respectively; or be Panchâyats in regard to suits against Military persons, according to the rules in force under the Presidency of Madras.

[অধঃস্থ আদালতের ভাষার কথা।]

৬৭১ ধারা। এই আইন প্রচলিত হওন কালে অধীন কোন আদালতে যে ভাষা প্রচলিত আছে স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকারান্তরের আজ্ঞা না হওন পর্য্যন্ত সেই আদালতের সেই ভাষা থাকিবে। কিন্তু তদ্রূপ কোন আদালতের সমুদয় কি কতক বিচারকার্য্যে ব্যবহৃত হইবার উপলক্ষে কোন্ ভাষা সেই আদালতের ভাষা হইবে তাহা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ প্রকাশ করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আমলা প্রভৃতি কার্য্যকারকদের কথা।]

৬৭২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট আপন কর্ত্তৃত্বাধীন দেশের সীমার অন্তর্গত হাই কোর্ট ভিন্ন সকল আদালতের প্রয়োজনীয় কর্ম্মচারি ও অন্য পরিচারকদিগকে নির্দ্ধার্য্য করিবেন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি লইয়া ঐ গবর্ণমেণ্ট সময়ে২ উক্ত প্রত্যেক কার্য্যকারকের যত বেতন উপযুক্ত বোধ করেন তাহা অবধারণ করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আমলা প্রভৃতি কার্য্যকারকদের কর্ত্তব্য কর্ম্ম নিরূপণ করিতে হাই কোর্টের ক্ষমতার কথা।]

৬৭৩ ধারা। হাই কোর্টের সিরিশতায় এবং অধীন আদালতের সিরিশতায় যে সকল কর্ম্মচারী ও অন্য পরিচারক নিযুক্ত থাকেন, হাই কোর্ট তাঁহাদের কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দিস্ট ও নির্দ্ধার্য্য করিবেন ইতি। (ক্ষু মো. আ. ও রা. আ.)

[যাহারা আসিদ্ধ হইতে না পারে তাহাদের কথা।]

৬৭৪ ধারা। কোন ব্যক্তি আহ্বানপত্রানুসারে কিম্বা মোকদ্দমার কি আপীলের কি ব্যবহারঘটিত কার্য্যের এক পক্ষস্বরূপ যে সময়ে আদালতে উপস্থিত আছেন কি গমন করিতেছেন কি আদালতহইতে প্রত্যাগমন করিতেছেন, সেই সময়ে তাঁহাকে এই আইনমতে আসিদ্ধ করা যাইতে পারিবে না ইতি।

[মান্দ্রাজে গ্রামের মুনসেফদের ও গ্রামের কি জিলার পঞ্চায়তের ও সৈন্যসম্পর্কীয় কোর্ট রেক্কেষ্টের ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের ক্ষুদ্র মোকদ্দমার বিচারার্থে নিযুক্ত একং জন সেনাপতির ও মান্দ্রাজের সৈন্যসম্পর্কীয় পঞ্চায়তের ক্ষমতার ও কার্য্যের বর্জ্জিত কথা।]

৬৭৫ ধারা। মান্দ্রাজ দেশের চলিত আইনের বিধানমতে দেওয়ানী মোকদ্দমায় গ্রামের মুনসেফদের কি গ্রামের কি জিলার পঞ্চায়তের কিম্বা সৈন্যসম্পর্কীয় কোর্ট রেক্কেষ্টের যে বিচারাধিপত্য কি কার্য্য হয়, কিম্বা মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর সৈন্যেরা যেং মোকামে ও স্থানে থাকে তথাকার পল্টনের বাজারে ক্ষুদ্রং মোকদ্দমার বিচারার্থে ঐং রাজধানীর চলিত বিধিমতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত ও নিযুক্ত একং জন সেনাপতি সাহেবের কিম্বা মান্দ্রাজ রাজধানীর চলিত বিধিমতে পল্টনের লোকদের নামে যে মোকদ্দমা হয়, তদ্বিষয়ে পঞ্চায়তের যে বিচারাধিপত্য থাকে ও কার্য্য হয়, এই আইনের কোন কথাতে তাহার অন্যথা কি হ্রাসবৃদ্ধি হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[Saving of certain special or local laws. To what extent this Code applies to then.]

DCLXXVI. Nothing in this Code shall be held to affect the jurisdiction exercised by certain Jaghirdars and other authorities invested with powers under the provisions of Regulation XIII, 1830, of the Bombay Code *(for vesting certain Jaghirdars, Surinjumidars, and Enamdars with the power of deciding suits within the boundaries of their respective estates)*, and Act XV of 1840 *(for extending Regulations XV, 1827, and XIII, 1830, of the Bombay Code to the Agents of Foreign Sovereigns)* or their procedure in the exercise of such jurisdiction; or to affect suits instituted under Regulation XI, 1816, of the Bengal Code *(for receiving, trying, and deciding claims to the right of inheritance or succession in certain Tributary estates in Zillah Cuttack)* or cases of the nature defined in Regulations XXIX, 1827 *(for bringing under the operation of the Regulations the Bombay Territories in the Dekkan and Khandesh)*, Regulation VII, 1830, *(for bringing under the operation of the Regulations the Territories comprised in the Southern Mahratta Country)*, Regulations I and XVI, 1831, of the Bombay Code, *(for extending the jurisdiction of the Agent of Government in the Dekkan and Khandesh and of the Political Agent in the Southern Mahratta Country over suits in which certain privileged persons are concerned)* Act, XIX of 1835 *(relating to to the jurisdiction and authority of the Assistant to the Agent for Sirdars in the Dekkan)*, and Act XIII of 1842 *(to enable the holders of revenue which has been alienated to them by the State to collect that revenue within the Presidency of Bombay)*, except that such suits and cases and the regular and special appeals to the Civil Courts allowed therein, shall be received, heard, and determined under the rules laid down in this Code, unless where those rules are inconsistent with any specific provisions contained in the Regulations and Acts mentioned in this Section.

[বিশেষ কি স্থানীয় কোনং আইন প্রবল থাকিবার কথা, ও সেই আইনের প্রতি এই আইন যে পর্য্যন্ত বর্ত্তে তাহার কথা।]

৬৭৬ ধারা। (জায়গীরদার ও সরঞ্জামীদার ও ইনাম-দারদিগকে আপনং তালুকের সীমার মধ্যে মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা দিবার আইন নামে) বোম্বাই দেশের চলিত ১৮৩০ সালের ১৩ আইন,—এবং (বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ১৫ আইন ও ১৮৩০ সালের ১৩ আইন ভিন্নদেশীয় রাজাদের এজেন্ট সাহেবদের প্রতি বর্ত্তাইবার আইন নামে) ১৮৪০ সালের ১৫ আইনের বিধানমতে ক্ষমতাপ্রাপ্ত জা-য়গীরদার প্রভৃতি লোকেরা যে বিচারাধিপত্য বিশিষ্ট হইয়াছেন ও সেই বিচারাধিপত্যের প্রয়োগ-ক্রমে যেং কার্য্য করেন, তাহার অন্যথা এই আইনের কোন কথাতে যে হইয়াছে, অথবা (কটক জিলার কোনং পেশকশী মহালের অধিকার করিবার কি উত্ত-রাধিকার পাইবার স্বত্বের মোকদ্দমা গ্রাহ্য করিয়া তাহার বিচার ও নিষ্পত্তি করিবার আইন নামে) বঙ্গ-দেশের চলিত ১৮১৬ সালের ১১ আইনমত যেং মো-কদ্দমা উপস্থিত করা যায় তাহার অন্যথা,—অথবা (বোম্বাই রাজধানীর শাসিত দক্ষিণদেশে ও খাঁদেশ আইনের আমলে আনিবার আইন নামে) ১৮২৭ সা-লের ২৯ আইন, কিম্বা (দক্ষিণ মহারাষ্ট্র দেশের অন্ত-র্গত প্রদেশ আইনের আমলে আনিবার আইন নামে) ১৮৩০ সালের ৭ আইন, কিম্বা (অনুগ্রহপ্রাপ্ত বিশেষং লোকেরা যেং মোকদ্দমায় লিপ্ত থাকে তাহাতে দক্ষিণ দেশের ও খাঁদেশের গবর্ণমেণ্টের এজেন্ট সাহেবের ও দক্ষিণ মহারাষ্ট্র দেশের পলিটিকাল এজেন্ট সাহে-বের ক্ষমতা বিস্তারিত করিয়া বর্ত্তাইবার আইন নামে) ১৮৩১ সালের ১ ও ১৬ আইন, কিম্বা (দক্ষিণ দেশের সর-দারদের এজেন্ট সাহেবের আসিষ্টান্ট সাহেবের এলা-কার ও ক্ষমতার বিষয়ি আইন নামে) ১৮৩৫ সালের ১৯ আইনে, কিম্বা (সরকারহইতে মালগুজারী হস্তান্তর হইয়া যাঁহাদিগকে দেওয়া গিয়াছে তাঁহাদিগকে বোম্বাই রাজধানীর মধ্যে সেই মালগুজারী আদায় করিবার ক্ষমতা দিবার আইন নামে) ১৮৪২ সালের ১৩ আইনে নির্দ্দিষ্ট প্রকারের মোকদ্দমার অন্যথা এই আইনের কোন কথাতে যে হইয়াছে, এমত জ্ঞান করিতে হইবে না। তথাপি এই আইনের বিধি সকল যে পর্য্যন্ত এই ধারার উল্লিখিত সকল আইনের কি আক্টের বিশেষ বিধানের বিপরীত না হয়, সেই পর্য্যন্ত তৎসম্পা-কীয় যে নালিশ ও মোকদ্দমা হয় ও দেওয়ানী আদা-লতের নিকটে যে নিয়মিত কি বিশেষ আপীলহইতে পারে, তাহা এই আইনে নির্দ্দিষ্ট বিধিঅনুসারে গ্রাহ্য ও শ্রবণ ও নিষ্পন্ন করিতে হইবে ইতি।

[This Code not to apply to Presidency Small Cause Courts, till specially extended to them.]

DCLXXVII. Save as hereinafter provided, this Code shall not extend to any suit or proceeding in any Court of Small Causes established under Act IX 1850 *(for the more easy recovery of Small Debts and Demands in Calcutta, Madras and Bombay)*: but the Local Government within the limits of whose jurisdiction any such Court is held,

[বিশেষ প্রকারে বর্ত্তান না গেলে রাজধানীর ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি এই আইন না বর্ত্তিবার কথা।]

৬৭৭ ধারা। (কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়েতে অল্প কর্জ্জ ও দাওয়া পূর্ব্বাপেক্ষা সুযোগমতে আদায় করণের আইন নামে) ১৮৫০ সালের ৯ আইনের বলে ক্ষুদ্র মোকদ্দমার যেং আদালত স্থাপিত হইয়াছে তাহাতে যে কোন মোকদ্দমা কি বিচারকার্য্য হয় তাহার প্রতি নিম্নলিখিত বিধানে নির্দ্দিষ্ট স্থল ব্যতিরেকে এই আইন বর্ত্তিবে না। কিন্তু তদ্রূপ কোন আদালত স্থানীয়

may, by notification published in the Official Gazette, extend to such Court this Code or any part thereof which relates to Courts of Small Causes except as to appeals and reviews of judgment.

যে গবর্ণমেন্টের কর্ত্তৃত্বাধীনদেশের সীমার মধ্যে হয় সেই গবর্ণমেন্ট রাজকীয় গেজেটে প্রকাশিত বিজ্ঞাপনদ্বারা এই আইন কি ইহার যে অংশ আপীল ও নিষ্পত্তির পুনরালোচনা ভিন্ন ক্ষুদ্র মোকদ্দমার আদালতের সহিত সম্পর্ক রাখে তাহা উক্ত আদালতে বর্ত্তাইতে পারিবেন ইতি।

[Parts of British India excepted from operation of this Code.]

DCLXXVIII. This Code shall not extend to any part of British India in which Act VIII of 1859, as amended by Act XXIII of 1861, shall not be in force at the date of the passing of this Code until it shall have been specially extended to such part by an order of the Governor General of India in Council or of the Local Government, duly published in the Official Gazette.

[এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের কোন২ অংশে না বর্ত্তিবার কথা।]

৬৭৮ ধারা। এই আইন যে তারিখে প্রচলিত করা যাইবে সেই তারিখে ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশে ১৮৬১ সালের ২৩ আইনের দ্বারা সংশোধিত ১৮৫৯ সালের ৮ আইন প্রবল না হইয়া থাকিবে, ভারতবর্ষের এমত কোন অংশের প্রতি মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা স্থানীয় গবর্ণমেন্টের; আজ্ঞাক্রমে রাজকীয় গেজেটে প্রকাশিত বিজ্ঞাপন দ্বারা যাবৎ এই আইন বিশেষরূপে না বর্ত্তান যাইবে, তাবৎ ইহা তাহার প্রতি বর্ত্তিবে না ইতি।

[This Code not to affect certain provisions of Act I of 1863.]

DCLXXIX. This Code shall not be deemed to repeal or affect the following provisions and parts of Act I of 1863 *(to define the jurisdiction and to regulate the procedure of the Courts of Civil Judicature in British Burmah, and to provide for the extension of certain Acts to the said Territory)*; that is to say, it shall not be deemed to repeal or affect so much of Section 7 as relates to the second appeal, or Sections 8, 10, 11, and 12, or Section 14 so far as it relates to the time for appeals whether regular or otherwise, or Section 15, or Section 16 so far as it relates to the time for appeals, or Section 17, except that the grounds on which a special appeal may be allowed therein referred to shall be such grounds as are specified in Section 594 or Section 595 of this Code, or Section 20 so far as it relates to the stamp paper on which applications may be written and the time for appealing, or Section 27.

[১৮৬৩ সালের ১ আইনের কোন২ বিধান এই আইনদ্বারা অন্যথা না হইবার কথা।]

৬৭৯ ধারা। (ব্রিটনীয় বর্ম্মাদেশস্থ দেওয়ানী আদালত সকলের বিচারাধিপত্য নিরূপণের ও কার্য্য প্রণালীর নিয়ম করণের ও উক্ত দেশের প্রতি কোন২ আইন বর্ত্তাইবার আইন নামে) ১৮৬৩ সালের ১ আইনের নিম্ন লিখিত বিধান ও অংশ সকল এই আইনদ্বারা রহিত কি অন্যথা যে হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না, অর্থাৎ ৭ ধারার যে অংশ দ্বিতীয় আপীলের প্রতি বর্ত্তে, এবং ৮ ও ১০ ও ১১ ও ১২ ধারা, এবং ১৪ ধারার যে অংশ নিয়মিত কি প্রকারান্তরের আপীলের মিয়াদের প্রতি বর্ত্তে, এবং ১৫ ধারা, ও ১৬ ধারার যে অংশ আপীলের মিয়াদের প্রতি বর্ত্তে, এবং ১৭ ধারাতে বিশেষ আপীল করিবার অনুমতির যে২ হেতুর উল্লেখ হইয়াছে, তাহার স্থানে এই আইনের ৫৯৪ কি ৫৯৫ ধারার হেতু ধরিতে হইবে এই বিশেষ মানিয়া ঐ ১৭ ধারা এবং প্রার্থনা পত্র যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখতে হইবে ও যে সময়ের মধ্যে আপীল করিতে হইবে এই বিষয়ের কথাসম্পার্কে ২০ ধারা এবং ২৭ ধারা এই আইনদ্বারা রহিত কি অন্যথা যে হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[Act XI of 1863 and Act V of 1863 (Beng.) to remain unrepealed.]

DCLXXX. Nothing in this Code shall be deemed to repeal or affect the operation of Act XI of 1863 *(to consolidate and amend the Law relating to the employment and remuneration of peons for the service and execution of Civil process)* or Act V of 1863 of the Council of the Lieutenant-Governor of Bengal *(to amend the Law relating to the employment and remuneration of peons for the service and execution of the process of the Civil and Revenue Courts)*. (S. C. C. & R. C.)

[১৮৬৩ সালের ১১ আইন ও বঙ্গদেশের ১৮৬৩ সালের সালের ৫ আইন প্রবল থাকিবার কথা।]

৬৮০ ধারা। (দেওয়ানী আদালতের হুকুমনামা জারী ও সাধনক্রমে পেয়াদাদের প্রয়োগ ও পুরস্কার বিষয়ক আইনের সংগ্রহ ও সংশোধন করিবার আইন নামে) ১৮৬৩ সালের ১১ আইন, এবং (দেওয়ানী ও রাজস্বসম্পার্কীয় আদালতের পরওয়ানা দেওন ও জারী করণার্থে পেয়াদাদিগকে নিযুক্ত করণের ও তাহাদের মেহনৎআনা দেওনের আইন সংশোধনার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের কৌন্সেলের প্রণীত ১৮৬৩ সালের ৫ আইন এই আইনের কোন কথাদ্বারা রহিত কি অন্যথা হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

গবর্ণমেণ্ট্ গেজেট

TUESDAY, MAY 8, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৮ মে।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

ACT No. XX OF 1866.

An Act to provide for the Registration of Assurances.

[Continued from page 528.]

PART XI.

Of the Duties and Powers of Registering Officers.

(A) As to the Register Books and Indexes.

[Register Books to be kept in the several Offices.]

LVI. The following Books shall be kept in the several Offices hereinafter named; (that is to say) :—

In all Registration Offices :—.

Book 1.—"Register of Instruments relating to immovable property."

Book 2.—"Record of reasons for refusal to register."

In the Officers of Registrars :—

Book 3.—"Register of deposits of Wills and Authorities to adopt," and

Book 4.—"Register of Wills and Authorities

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

১৮৬৬ সালের ২০ আইন।

নিদর্শনপত্র রেজিষ্টরী করণের বিধান করিবার আইন।

[৫২৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

একাদশ খণ্ড।

রেজিষ্টরী কার্য্যকারকদিগের কর্ত্তব্য কর্ম্মের ও ক্ষমতার বিধি।

(A) রেজিষ্টরী বহী ও সূচীপত্রসম্পর্কীয় বিধি।

[নানা কার্য্যালয়ে যেং রেজিষ্টরী বহী রাখিতে হইবে তাহার কথা।]

৫৬ ধারা। নিম্ন লিখিত বহী এই ধারার লিখিত নানা কার্য্যালয়ে রাখিতে হইবে, যথা—

সকল রেজিষ্টরী কার্য্যালয়ে

১ নং বহী।—স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্যের রেজিষ্টর।

২ নং বহী।—রেজিষ্টর করিতে অস্বীকার করিবার হেতুর লিপি পুস্তক।

রেজিষ্ট্রারদের কার্য্যালয়ে

৩ নং বহী।—গচ্ছিত চরমপত্রের ও দত্তক গ্রহণের অনুমতিপত্রের রেজিষ্টর।

৪ নং বহী।—চরমপত্রের ও দত্তক গ্রহণের অনুমতিপত্রের রেজিষ্টর।

In the Offices of Registrars and of Sub-Registrars:—

Book 5.—"Register of Decrees and Orders:"

Book 6.—"Miscellaneous Register."

In Book 1 shall be entered all documents registered under Section 17 and the first four clauses of Section 18, and all other documents mentioned in Section 18, Clause 7, which relate to immovable property. In Book 5 shall be filed all Memoranda of Decrees and Orders sent under Section 42. In Book 6 shall be entered all documents registered under Clauses 5 and 7 of Section 18, and not entered in Book 1 or in Book 5: Provided that, if the Registrar-General shall so direct, wherever Act No. XVI. of 1864 is now in force, down to the thirty-first day of December 1866 and no longer, the Books directed to be kept by Section 56 of the same Act shall be kept, and the rules relating to the entries made therein and the Indexes to be made therefor shall be observed, anything in this Act contained to the contrary notwithstanding.

[Document to be copied according to order of presentation.]

LVII. The day, hour and place of presentation, and the signature of every person presenting a document for registration shall be endorsed on every such document at the time of presenting the same; and, subject to the provisions contained Section 70, every such document shall without unnecessary delay be copied in the Book appropriated therefor according to the order of its presentation, and a receipt for such document shall be given by the Registering Officer to the person presenting the same.

[Entries to be numbered consecutively.]

LVIII. All entries in each Book shall be numbered in a consecutive series which shall commence and terminate with the year, a fresh series being commenced at the beginning of each year.

[Current Indexes and entries therein.]

LIX. In every Office in which any of the Books next hereinafter mentioned are kept, there shall be prepared current Indexes of the contents of such Books; and every entry in such Indexes shall be made, so far as practicable, in alphabetical order and immediately after the document to which it relates shall have been copied by the Registering Officer.

[Indexes to be made by Registering Officers. Extra particulars in Indexes.]

LX. Two such Indexes shall be made in all Re-[illegible]on Offices, and shall be named respectively

রেজিষ্ট্রার ও সব-রেজিস্ট্রারদের কার্য্যালয়ে

৫ নং বহী।—ডিক্রীর ও অনুজ্ঞাপত্রের রেজিষ্টর।

৬ নং বহী।—বিবিধ রেজিষ্টর।

১৭ ধারামতে এবং ১৮ ধারার প্রথম ৪ প্রকরণমতে যে সকল লেখ্য রেজিষ্টর করা যায় এবং স্থাবর সম্পত্তি সম্পর্কীয় অন্য যে সকল লেখ্য ১৮ ধারার ৭ প্রকরণে উল্লিখিত হইয়াছে তাহা ১ নং বহীতে লিখিতে হইবে। ৪২ ধারামতে ডিক্রীর ও অনুজ্ঞাপত্রের যে সকল স্মারক-লিপি প্রেরিত হয় তাহা ৫ নং বহীতে লিখিতে হইবে। ১৮ ধারার ৫ ও ৭ প্রকরণমতে রেজিষ্টর করা যে সকল লেখ্য ১ নং কি ৫ নং বহীতে লেখা যায় নাই তাহা ৬ নং বহীতে লিখিতে হইবে। কিন্তু যদি রেজিষ্ট্রার জেনরল সাহেব আজ্ঞা করেন, তবে ১৮৬৪ সালের ১৬ আইন যে২ স্থানে প্রচলিত আছে সেই২ স্থানে ঐ আইনের ৫৬ ধারামতে যে সকল বহী রাখিবার আজ্ঞা হয় তাহা ১৮৬৬ সালের ৩১ ডিসেম্বর তারিখ পর্য্যন্ত রাখা যাইবে, ও তাহাতে লিখিতব্য কথার বিষয়ে ও তাহার যে সূচীপত্র করিবার আজ্ঞা হইল তদ্বিষয়ের সকল বিধি সেই কাল পর্য্যন্ত মানিতে হইবে, তদধিক কাল নয়। এই আইনে তদ্বিপরীত কথা থাকিলেও তদ্রূপ কার্য্য করিতে হইবে ইতি।

[উপস্থিত করিবার ক্রমানুসারে লেখ্যের প্রতিলিপি করিবার কথা।]

৫৭ ধারা। রেজিষ্টর করিবার জন্যে যে লেখ্য আনা যায়, তাহা উপস্থিত করিবার দিন ও ঘণ্টা ও স্থান ও তদুপস্থিতকারি প্রত্যেক ব্যক্তির স্বাক্ষর সেই লেখ্য উপস্থিত করণকালে তাহার পৃষ্ঠে লিখিতে হইবে। এবং ৭০ ধারার বিধান প্রবল রাখিয়া তদ্রূপ প্রত্যেক লেখ্য যে ক্রমে আনা যায় সেই ক্রমানুসারে ঐ লেখ্যের প্রতিলিপি করিবার উপযুক্ত পুস্তকে, অনাবশ্যক বিলম্ব ভিন্ন তাহার প্রতিলিপি করিতে হইবে ও যে ব্যক্তি ঐ লেখ্য আনেন তাঁহাকে রেজিষ্টরী কার্য্যকারক ঐ লেখ্যের রসীদ দিবেন ইতি।

[বহীর লিখিত ভিন্ন২ সকল কথার ক্রমশঃ অঙ্ক দিতে হইবার কথা।]

৫৮ ধারা। প্রতি বৎসরের আরম্ভাবধি শেষ পর্য্যন্ত উক্ত প্রত্যেক বহীর লিখিত নিদর্শনপত্রের ক্রমশঃ একাদি অঙ্ক দেওয়া যাইবে। প্রতিবৎসরের আরম্ভে ১ নম্বর আরম্ভ হইবে ইতি।

[প্রচলিত সূচীপত্র ও তল্লিখিত বিষয়ের কথা।]

৫৯ ধারা। ইহার পশ্চাৎ লিখিত বহী যে সকল কার্য্যালয়ে থাকে সেই কার্য্যালয়ে সেই পুস্তকের লিখিত সকল কথার চলিত সূচীপত্র প্রস্তুত করিয়া রাখিতে হইবে। সেই সূচীপত্রে লিখিত সকল কথা সাধ্যমতে অক্ষরক্রমে লেখা যাইবে। রেজিষ্টরী কার্য্যকারকদ্বারা কোন লেখ্যের প্রতিলিপি হইলে পর তাহার কথা সূচীপত্রে লিখিতে হইবে ইতি।

[রেজিষ্টরী কার্য্যকারকদের দ্বারা সেই সূচীপত্র প্রস্তুত হইবার কথা ও সূচীপত্রে অতিরিক্ত বর্ণনা লিখিবার কথা।]

৬০ ধারা। রেজিষ্টরী সকল কার্য্যালয়ে তদ্রূপ দুই খান সূচীপত্র প্রস্তুত করা যাইবে, তাহা ১ নং সূচীপত্র

Index No. I and Index No. II Index No. I. shall contain the names and additions of all persons executing and of all persons claiming under every document copied into Books Nos. 1, 3 or 4, and the name of the first plaintiff and first defendant in the suit in the case of all memoranda filed in Book No. 5. Index No. II shall contain such particulars mentioned in Section 21 relating to every such document as the Registrar-General may from time to time direct in that behalf. A third Index to be called Index No. III shall be made by Registrars and Sub-Registrars, and shall contain the names and additions of all persons executing and of all persons claiming under every document copied into Book No. 6. Indexes Nos. I, II and III shall also contain such other particulars, and shall be prepared in such form, as the Registrar-General shall from time to time direct.

ও ২ নং সূচীপত্র নামে খ্যাত হইবে। ১ ও ৩ ও ৪ নং বহীতে যে লেখ্যের প্রতিলিপি করা যায়, তাহা যেং ব্যক্তিরা সম্পাদন করেন এবং তদনুসারে যেং ব্যক্তিরা দাওয়া করেন তাঁহাদের নাম ও ব্যবসায়াদি অধিক বর্ণন এবং ৫ নং বহীতে যে সকল মর্ম্মাত্মকপত্র গচ্ছিত হয়, তৎসম্পর্কীয় মোকদ্দমার অগ্রে লিখিত বাদির ও অগ্রে লিখিত প্রতিবাদির নাম ১ নং সূচীপত্রে লিখিতে হইবে। উক্ত প্রত্যেক লেখ্য বিষয়ে ২১ ধারার লিখিত যেং বর্ণন রেজিষ্ট্রার জেনরল সাহেব সময়েং সূচীপত্রে লিখিতে আদেশ করেন তাহা ২ নং সূচীপত্রে লিখিতে হইবে। রেজিষ্ট্রার ও সব-রেজিষ্ট্রারগণ ৩ নং সূচীপত্র-নামাক তৃতীয় সূচীপত্র প্রস্তুত করিবেন। ৬ নং বহীতে যেং লেখ্যের যে প্রতিলিপি করা যায় তাহা যে ব্যক্তি-রা সম্পাদন করেন ও তদনুসারে যে সকল ব্যক্তির দাওয়া হয় তাঁহাদের নাম ও ব্যবসায়াদি অধিক কথা তাহাতে লিখিতে হইবে। রেজিষ্ট্রার জেনরল সাহেব উক্ত ১ ও ২ ও ৩ নং সূচীপত্রে অন্য যে বর্ণন লিখিতে সময়েং আদেশ করেন তাহাও তাহাতে লেখা যাইবে এবং তিনি যে পাঠ নিরূপণ করেন সেই পাঠে লেখা যাইবে ইতি।

[Two copies of entries in Indexes Nos. I and II to be sent by Sub-Registrar to Registrar.]

[১ ও ২ নং সূচীপত্রে যে কথা লিখিত হইয়াছে তাহার দুই কেতা প্রতিলিপি রেজিষ্ট্রারের নিকটে সব-রেজিষ্ট্রারের পাঠাইবার কথা।]

LXI. Every Sub-Registrar shall send to the Registrar to whom he is subordinate, at such intervals not exceeding one month as the Registrar-General shall from time to time direct, two copies of all entries made by such Sub-Registrar during the last of such intervals in Indexes Nos. I and II.

৬১ ধারা। রেজিষ্ট্রার জেনরল সাহেব সময়েং এক মাসের অনধিক ব্যবধানে যেং সময় নিরূপণ করেন সেই ব্যবধানকালে সব-রেজিষ্ট্রার ১ ও ২ নং সূচীপত্রে যে সকল কথা লেখেন তাহার দুই প্রস্থ প্রতিলিপি তিনি যে রেজিষ্ট্রারের অধীন হন তাঁহার নিকটে প্রেরণ করিবেন ইতি।

[One of each pair of copies received by Registrar from Sub-Registrar to be filed in Registrar's Indexes, and the other to be sent to the General Registry Office with a copy of entries in Registrar's Indexes.]

[সব-রেজিষ্ট্রারের স্থানে রেজিষ্ট্রার যে দুই প্রস্থ পান, তাহার একখানি রেজিষ্ট্রারের সূচীপত্রে গাঁথাইয়া রাখিবার, এবং স্বীয় সূচীপত্রের লিখিত কথার প্রতিলিপি সহিত অন্য প্রস্থ জেনরল রেজিষ্ট্ররী কার্য্যালয়ে পাঠাইবার কথা।]

LXII. Every Registrar receiving such two copies shall in every month file one of such copies in his Indexes Nos. I and II respectively; and, at such intervals as the Registrar-General shall from time to time direct, shall send the other of such copies to the General Registry Office. Every Registrar shall also send to the General Registry Office a copy of all the entries which he shall have made in his Indexes Nos. I and II respectively during the last of such intervals.

৬২ ধারা। প্রত্যেক রেজিষ্ট্রার তদ্রূপ দুই প্রস্থ প্রাপ্ত হইয়া প্রতিমাসে বিষয়বিশেষে ১ ও ২ নং সূচীপত্রে ঐ প্রতিলিপির এক প্রস্থ গাঁথাইয়া রাখিবেন। এবং রেজিষ্ট্রার জেনরল সাহেব সময়েং যত কাল ব্যবধানে আজ্ঞা করেন, তত কালান্তর ঐ প্রতিলিপির অন্য প্রস্থ জেনরল রেজিষ্টরী কার্য্যালয়ে পাঠাইবেন। আরো প্রত্যেক রেজিষ্ট্রার উক্ত শেষ ব্যবধান কালে আপন ১ ও ২ নং সূচীপত্রে যে সকল কথা লিখিয়াছেন তাহারও প্রতিলিপি তিনি জেনরল রেজিষ্টরী কার্য্যালয়ে প্রেরণ করিবেন ইতি।

[Copies sent by Registrar to be filed in Indexes of General Registry Office.]

[রেজিষ্ট্রারের প্রেরিত প্রতিলিপি জেনরল রেজিষ্টরী কার্য্যালয়ে গাঁথাইয়া রাখিবার কথা।]

LXIII. On the receipt in the General Registry Office of the copies so sent by the Registrar, they shall be filed in the Indexes Nos. I and II respectively kept in such Office.

৬৩ ধারা। রেজিষ্ট্রার উক্ত প্রকারে যে প্রতিলিপি প্রেরণ করেন তাহা জেনরল রেজিষ্টরী কার্য্যালয়ে প্রাপ্ত হওয়া গেলে, ঐ কার্য্যালয়ে বিষয়বিশেষে ১ ও ২ নং সূচীপত্রে গাঁথা যাইবে ইতি।

[Annual alphabetical Index to entries in Indexes.]

[বৎসরেং সূচীপত্রের লিখিত কথার অক্ষরক্রমিক নির্ঘণ্ট করিবার কথা।]

LXIV. If the Registrar-General shall so direct, an alphabetical Index shall be prepared in every Registration Office, at the end of each year of all entries made during the past year in the current

৬৪ ধারা। যদি রেজিষ্ট্রার জেনরল সাহেব আজ্ঞা করেন, তবে রেজিষ্টরী প্রত্যেক কার্য্যালয়ের চলিত সূচীপত্রে বৎসরের মধ্যে যে সকল কথা লিখিত হইয়াছে বৎসরের শেষে সেইং কার্য্যালয়ে সেই সকল কথার

Indexes in such Office; and in every Office in which Book No. 2 shall be kept, an alphabetical Index shall be prepared at the end of each year to the entries made in such Book during the past year.

[Registering Officers to allow inspection of certain Books and Indexes and to give certified copies of entries.]

LXV. Subject to the previous payment of the fees payable in that behalf, the Books Nos. 1, 2 and 5 and the Indexes relating to such Books shall be at all times open to inspection by any person applying to inspect the same; and, subject to the provisions of Section 70, copies of entries in such Books shall be given to all persons applying for such copies. Subject to the same provision, copies of entries in Books Nos. 3, 4 and 6 and in the Indexes relating thereto shall be given to any person executing or claiming under the documents to which such entries respectively refer; but the requisite search for such entries shall be made only by the Registering Officer. Such copies shall be signed and sealed by the Registering Officer, and shall be *primâ facie* evidence of the contents of the original documents.

(B.)—As to the Procedure on admitting to Registration.

[Particulars to be endorsed on documents admitted to registration.]

LXVI. On every document admitted to registration, there shall be endorsed from time to time the following particulars; (that is to say):—

1. The signature and addition of every person, admitting the execution of the document; and, if such execution shall have been admitted by the representative, assign or agent of any person, the signature and addition of such representative assign or agent:

2. The signature and addition of every person who may have been examined in reference to such document under any of the provisions of this Act; and

3. Any payment of money or delivery of goods made in the presence of the Registering Officer in reference to the execution of the document, and any admission of receipt of consideration made in his presence in reference to such execution.

[Such endorsements to be dated and signed by Registering Officer.]

LXVII. The Registering Officer shall affix the date and his signature to all endorsements mentioned in the last preceding Section, relating to the same document and made in his presence on the same day.

অক্ষরক্রমিক নির্ঘণ্ট প্রস্তুত করা যাইবে। এবং যেং কার্য্যালয়ে ২ নং বহী রাখা যায়, সেই কার্য্যালয়ে সেই বহীতে বৎসরের মধ্যে যত কথা লিখিত হইয়াছে, প্রতিবৎসরের শেষে তাহার অক্ষরক্রমিক নির্ঘণ্ট প্রস্তুত করা যাইবে ইতি।

[কোনং রেজিস্টরী বহী দৃষ্টি করিতে রেজিষ্টরী কর্ম্মকারকদের অনুমতি দিবার এবং তল্লিখিত কথার সংশিত প্রতিলিপি দিবার কথা।]

৬৫ ধারা। রেজিস্টরী বহী দৃষ্টি করিবার জন্যে যে শুল্ক দাতব্য হয় তাহা অগ্রে দেওয়া গেলে, যে কোন ব্যক্তি ১ ও ২ ও ৫ নম্বরের বহী দৃষ্টি করিতে প্রার্থনা করেন তিনি কোন সময়ে তাহা অবাধিতরূপে দৃষ্টি করিতে পারিবেন। এবং যাঁহারা ঐ রেজিষ্টরী বহীর লিখিত কোন কথার প্রতিলিপি প্রার্থনা করেন তাঁহারাও ৭০ ধারার বিধানের অধীনে ঐ প্রতিলিপি পাইতে পারিবেন। ৩ ও ৪ ও ৬ নম্বরের বহীতে এবং তৎসম্পর্কীয় সূচীপত্রে যেং লেখ্যের প্রতিলিপি করা গেল সেইং লেখ্য যে কোন ব্যক্তি সম্পাদন করেন কিম্বা যিনি তৎক্রমে দাওয়া করেন তাঁহাকেই সেই বিধানানুসারে ঐং লেখ্যের প্রতিলিপি দেওয়া যাইতে পারিবে। কিন্তু সেই প্রতিলিপির যে অন্বেষণ করা প্রয়োজন হয় তাহা কেবল রেজিস্টরী কার্য্যকারক করিবেন। তদ্রূপ সকল প্রতিলিপি রেজিষ্টরী কার্য্যকারকদ্বারা স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত হইবে, ও তাহা আদি দৃষ্টে মূল লেখ্যের অন্তর্গত কথার প্রমাণ হইবে ইতি।

(B) রেজিস্টর করণার্থ গ্রাহ্য হইলে কার্য্য প্রণালীর বিধি।

[রেজিস্টর করিবার জন্যে যে লেখ্য গ্রাহ্য হয় তাহার পৃষ্ঠে লিখিতব্য কথা।]

৬৬ ধারা। যে প্রত্যেক লেখ্য রেজিষ্টর করিবার জন্যে গ্রাহ্য হয় তাহার পৃষ্ঠে পশ্চাৎ লিখিত বিবরণ লিখিতে হইবে।

১। যে ব্যক্তিরা লেখ্যের সম্পাদন স্বীকার করেন তাঁহাদের প্রত্যেক জনের স্বাক্ষর ও বাসাদি অধিক কথা। যদি কোন ব্যক্তির স্থলাভিষিক্ত কি আসৈন কি এজেণ্ট ঐ লেখ্য সম্পাদন স্বীকার করেন, তবে সেই স্থলাভিষিক্তের কি আসৈনের কি এজেণ্টের স্বাক্ষর ও বাসাদি অধিক কথা।

২। এই আইনের কোন বিধানমতে সেই লেখ্য সম্পর্কে যে প্রত্যেক ব্যক্তির পরীক্ষা লওয়া যায় তাঁহার স্বাক্ষর ও বাসাদি অধিক কথা।

৩। ঐ লেখ্য সম্পাদন সম্পর্কে রেজিস্টরী কার্য্যকারকের সাক্ষাতে যে কিছু টাকা দেওয়া যায় কি সামগ্রী সমর্পণ হয় এবং সেই সম্পাদন সম্পর্কে তাঁহার সাক্ষাতে যে পারিতোষিক প্রাপ্তি স্বীকার হয় তাহা ইতি।

[পৃষ্ঠলিপির সেই কথায় রেজিষ্টরী কার্য্যকারকের তারিখ লিখিবার ও স্বাক্ষর করিবার কথা।]

৬৭ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারার লিখিত যে সকল পৃষ্ঠলিপি একি লেখ্য সম্পর্কীয় হয় ও একি দিনে রেজিষ্টরী কার্য্যকারকের সাক্ষাতে করা যায়, তাহাতে ঐ কার্য্যকারক তারিখ লিখিয়া স্বাক্ষর করিবেন ইতি।

[Certificate shewing that document has been registered, and number and page of book in which it has been copied.]

LXVIII. After the provisions of Sections 36, 66 and 67 shall have been complied with, the Registering Officer shall endorse on the document a certificate containing the word "Registered," together with the number and page of the Book in which the document shall have been copied. Such certificate shall be signed, sealed and dated by the Registering Officer and shall then be *primâ facie* evidence that the document has been duly registered in manner provided by this Act, and that the facts mentioned in the endorsement referred to in the last preceding Section have occurred as therein mentioned.

[ঐ লেখ্যের প্রতিলিপি যে বহীর যে পৃষ্ঠায় যে অঙ্কক্রমে লেখা যায় তাহার সংশিতপত্র সহিত ঐ পত্র প্রতিদান করিবার কথা।]

৬৮ ধারা। ৩৬ ও ৬৬ ও ৬৭ ধারার বিধানানুযায়ি কার্য্য সমাধা হইলে, রেজিষ্টরী কার্য্যকারক ঐ লেখ্যের পৃষ্ঠে " Registered" এই শব্দের সংশিত লিপি লিখিবেন, এবং যে বহীতে প্রতিলিপি করা গেল সেই বহীর নম্বর ও পৃষ্ঠার অঙ্ক দিবেন। রেজিষ্টরী কার্য্যকারক ঐ সংশিতপত্রে স্বাক্ষর করিয়া মোহর দিয়া তারিখ লিখিবেন এবং এই আইনের বিধানমতে ঐ লেখ্য উপযুক্তরূপে রেজিষ্টর করা গেল ও ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত পৃষ্ঠলিপিতে যেং কথা লেখা আছে তাহা তদনুযায়ি যথার্থ, আদি দৃষ্টে সেই সংশিতপত্রই ইহার প্রমাণ হইবে ইতি।

[Edorsement and certificate to be copied. Document to be returned.]

LXIX. The endorsements and certificate mentioned in Sections 67 and 68 shall thereupon be copied into the margin of the Register Book, and the copy of the map or plan (if any) mentioned in Section 21 shall be filed in Book No. 1. The registration of the document shall thereupon be considered to be complete, and the document shall then be returned to the person who shall have presented the same for registration, or to such other person (if any) as he shall have nominated in writing in that behalf on the receipt mentioned in Section 57.

[পৃষ্ঠলিপির ও সংশিতপত্রের প্রতিলিপি করিবার ও লেখ্য ফিরিয়া দিবার কথা।]

৬৯ ধারা। তৎপরে রেজিষ্টরী বহীর পৃষ্ঠার পার্শ্বে ৬৭ ও ৬৮ ধারার লিখিত পৃষ্ঠলিপির ও সংশিতপত্রের প্রতিলিপি করিতে হইবে, এবং ২১ ধারাতে যে ম্যাপের কি আলেখ্যের কথা আছে তাহার প্রতিলিপি দেওয়া গেলে তাহাও ১ নং বহীতে ফাইল করা যাইবে। তাহা হইলে পর লেখ্যের রেজিষ্টরী সমাপ্ত জ্ঞান হইবে। ও যে ব্যক্তি তাহা রেজিষ্টর করিবার জন্যে উপস্থিত করিয়া থাকেন তাঁহাকে ঐ লেখ্য ফিরিয়া দেওয়া যাইবে, কিম্বা তিনি যদি ৫৭ ধারার লিখিত রসীদে ঐ লেখ্য গ্রহণার্থে অন্য ব্যক্তির নাম লিখিয়া দেন, তবে তাঁহাকে ঐ লেখ্য দেওয়া যাইবে ইতি।

[Procedure on presentation of a document in a language unknown to the Registering Officer.]

LXX. When a document is presented for registration under Section 19, the translation shall be transcribed in the register of instruments of the nature of the original, and, together with the copy referred to in Section 19, shall be filed in the Registration Office; and the endorsements and certificate respectively mentioned in Sections 67 and 68 shall be made on the original, and for the purpose of making the other copies required by any Section other than Section 65, the translation shall be treated as if it were the original.

[রেজিষ্টরী কার্য্যকারকের অজ্ঞাত ভাষার লেখ্য উপস্থিত করা গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৭০ ধারা। যখন লেখ্য ১৯ ধারামতে রেজিষ্টরী হইবার জন্যে উপস্থিত করা যায়, তখন মূলপত্র যে মর্ম্মের লেখ্য হয় তাহা রেজিষ্টর করিবার বহীতে ঐ অনুবাদের প্রতিলিপি করা যাইবে, এবং ১৯ ধারায় উল্লিখিত প্রতিলিপি সহিত রেজিষ্টরী কার্য্যালয়ে গচ্ছিত হইবে এবং ৬৭ ও ৬৮ ধারাতে যে পৃষ্ঠলিপির ও সংশিতপত্রের কথা আছে তাহা মূলপত্রের পৃষ্ঠে করা যাইবে। এবং ৬৫ ধরাভিন্ন অন্য কোন ধারাতে অন্য যে প্রতিলিপি করিবার আদেশ হয় তাহা করিবার জন্যে অনুবাদ মূল লেখ্যের তুল্য জ্ঞান হইবে ইতি।

[Power to administer oaths. Record of substance of statements.]

LXXI. It shall be lawful for every Registering Officer at his discretion to administer an oath to any person examined by him under the provisons of this Act. He may also at his discretion record a note of the substance of the statement made by each such person, and such statement shall be read over, or (if made in a language with which such person is not acquainted) interpreted to him in a language with which

[শপথ করাইবার ক্ষমতার কথা ও বর্ণনাপত্রের মর্ম্ম লিপিবদ্ধ করিবার কথা।]

৭১ ধারা। প্রত্যেক রেজিষ্টরী কার্য্যকারক এই আইনের বিধানমতে যে কোন ব্যক্তির পরীক্ষা লন তাঁহাকে স্বেচ্ছামতে শপথ করাইতে পারিবেন। আরো তদ্রূপ প্রত্যেক ব্যক্তি যাহা বর্ণন করেন, তিনি আপন বিবেচনামতে সেই বর্ণনের মর্ম্মলিপি লিপিবদ্ধ করিবেন ও সেই বর্ণনা তাঁহার নিকটে পাঠ করা যাইবে। যদি সেই ব্যক্তির অজ্ঞাত ভাষায় করা যায়, তবে তিনি যে ভাষা জানেন সেই ভাষায় তাঁহার নিকটে অর্থ করিয়া দেওয়া যাইবে ও তিনি যদি সেই মর্ম্মের লিপি শুদ্ধ

he is acquainted, and if he shall admit the correctness of such note, it shall be signed by the Registering Office.

(C.) *Special Duties of Sub-Registrar.*

[Procedure on Sub-Registrar's registration of document relating to immovable property situate in several Sub-Districts.]

LXXII. Every Sub-Registrar on registering a document relating to immovable property which is not wholly situate in his own Sub-District, shall forward a copy thereof and of the endorsement, and certificate thereon, and of the map or plan (if any) mentioned in Section 21, to every other Sub-Registrar subordinate to the same Registrar as himself in whose Sub-District any part of such property is situate; and every such Sub-Registrar shall file such copies in his Book No. 1.

[Procedure on Sub-Registrar's registration of document relating to immovable property situate in several Districts.]

LXXIII. Every Sub-Registrar on registering a document relating to immovable property situate in more Districts than one, shall also forward a copy thereof and of the endersement and certificate theron, together with such number of copies of the map or plan (if any) mentioned in Section 21 as may be necessary, to the Registrar of every District in which any part of such property is situate other than the District in which his own Sub-District is situate. The Registrar on receiving the same shall enter in his Book No. 1 the copy of the document and one of the copies of the map or plan (if any), and shall forward a copy of the document together with a copy of the map or plan (if any) to each of the Sub-Registrars subordinate to him within whose Sub-District any part of such property is situate; and every Sub-Registrar receiving such copies shall file the same in his Book No. 1.

(D.) *Special Duties of Registrar.*

[Procedure on registering instruments under Section 32.]

LXXIV. On registering any instruments relating to immovable property under Section 32 the Registrar shall forward a copy of such instrument, together with a copy of the map or plan (if any) mentioned in Section 21, to each Sub-Registrar subordinate to himself in whose Sub-District any part of such property is situate, and he shall also forward a copy of such instrument, together with such number of copies of the map or plan (if any) mentioned in Section 21, as may be necessary, to any other Registrar in whose District any part of such property is situate; and

স্বীকার করেন, তবে রেজিষ্টরী কার্য্যকারক তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

(C.) সব-রেজিষ্ট্রারের বিশেষ কর্ম্মের বিধি।

[যে স্থাবর সম্পত্তি অনেক সব-ডিষ্ট্রিকটের মধ্যে থাকে সব-রেজিষ্ট্রার তদ্বিষয়ক লেখ্য রেজিষ্টর করিলে তাহার কথা।]

৭২ ধারা। সব-রেজিষ্ট্রারের স্বকীয় সব-ডিষ্ট্রিকটের মধ্যে যে স্থাবর সম্পত্তির সমুদয় না থাকে, তিনি যখন তদ্বিষয়ক লেখ্য রেজিষ্টর করেন, তখন তিনি যে রেজিষ্ট্রারের অধীন হন, সেই রেজিষ্ট্রারের অধীন অন্য যে সকল সব-রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিকটের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ থাকে তাঁহাদের প্রত্যেক জনের নিকট তিনি ঐ লেখ্যের ও তদুপরি পৃষ্ঠলিপির ও সংশিতপত্রের এবং যদি ২১ ধারার লিখিত ম্যাপ কি আলেখ্য থাকে, তবে তাহারও প্রতিলিপি দিবেন। ও সেই প্রত্যেক সব-রেজিষ্ট্রার আপনার ১ নং বহীতে ঐ প্রতিলিপি ফাইল করিবেন ইতি।

[যে স্থাবর সম্পত্তি অনেক জিলার অন্তর্গত তৎসম্পর্কীয় লেখ্য রেজিষ্টর করিলে সব-রেজিষ্ট্রারের ইতি কর্ত্তব্যতার কথা।]

৭৩ ধারা। যে স্থাবর সম্পত্তি একের অধিক ডিষ্ট্রিক্টের অন্তর্গত থাকে সব-রেজিষ্ট্রার যখন তৎসম্পর্কীয় কোন লেখ্য রেজিষ্টর করেন তখন আপনার সব-ডিষ্ট্রিকূট যে ডিষ্ট্রিকটের মধ্যে থাকে তদ্ভিন্ন ঐ সম্পত্তির কোন অংশ অন্য যে২ ডিষ্ট্রিকূটে থাকে তাহার প্রত্যেক ডিষ্ট্রিকূটের রেজিষ্ট্রারের নিকটে তিনি ঐ লেখ্যের ও তৎপৃষ্ঠলিপির ও সংশিতপত্রের প্রতিলিপি এবং ২১ ধারার লিখিত ম্যাপ কি আলেখ্য দেওয়া গেলে তাহার প্রতিলিপির যত প্রস্থ আবশ্যক তাহাও প্রেরণ করিবেন। রেজিষ্ট্রার সেই প্রতিলিপি প্রাপ্ত হইয়া আপনার ১ নং বহীতে ঐ লেখ্যের প্রতিলিপি, এবং ম্যাপ কি আলেখ্য পাইলে তাহার এক প্রস্থ রেজিষ্টর করিয়া, আপনার অধীন যে২ সব-রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিকূটের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ থাকে তাঁহাদের প্রত্যেক জনের নিকটে ঐ লেখ্যের এবং ম্যাপ কি আলেখ্য থাকিলে তাহার প্রতিলিপি পাঠাইবেন। এবং প্রত্যেক সব-রেজিষ্ট্রার ঐ প্রতিলিপি প্রাপ্ত হইয়া আপনার ১ নং বহীতে তাহা ফাইল করিবেন ইতি।

(D) রেজিষ্ট্রারের বিশেষ কর্ম্মের বিধি।

[৩২ ধারামতে লেখ্য রেজিষ্টর করিলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৭৪ ধারা। রেজিষ্ট্রার ৩২ ধারামতে স্থাবর সম্পত্তি বিষয়ক কোন লেখ্য রেজিষ্টর করিলে পর আপনার অধীন যে প্রত্যেক সব-রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিকূটের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ থাকে তাঁহাদের প্রত্যেক জনের নিকটে ঐ লেখ্যের প্রতিলিপি এবং ২১ ধারার লিখিত ম্যাপ কি আলেখ্য থাকিলে তাহার প্রতিলিপি পাঠাইবেন। এবং অন্য যে রেজিষ্ট্রারের ডিষ্ট্রিকূটের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ থাকে, তাহার নিকটেও তিনি ঐ লেখ্যের প্রতিলিপির ও ২১ ধারার লিখিত ম্যাপ কি আলেখ্য থাকিলে তাহার [illegible] প্রস্থ প্রতিলিপি আবশ্যক হয়, তাহাও পাঠাইবেন, এবং সেই প্রত্যেক সব-রেজিষ্ট্রার

every Sub-Registrar and Registrar, on receiving any such copy or copies, shall follow the procedure prescribed for them respectively in Section 73.

[Procedure on receipt of memorandum under Section 41. Procedure on receipt of memorandum under Section 42.]

LXXV. Every memorandum received under Section 41 shall be copied in the margin of the part of the Book in which the document affected by such memorandum is registered; and for this purpose the Registrar shall send a copy of such memorandum to every Sub-Registrar in his District in whose Office the said document is registered, who shall copy such memorandum in the margin of the copy of the document registered in his Office. When any such memorandum shall relate to immovable property situate in more Districts than one, the Registrar receiving the same shall also send a copy thereof to every other Registrar within whose District any part of such property is situate, who shall on receiving such copy follow the procedure prescribed for a Registrar in the first clause of this Section. Every memorandum received by a Registrar under Section 42 shall be filed by him in his Register Book No. 5, and he shall then send a copy thereof to every Sub-Registrar subordinate to himself in whose Sub-District any part of such property is situate, and every such Sub-Registrar shall file it in his Register Book No. 5.

[Registration of Wills and Authorities to adopt.]

LXXVI. A Will and an Authority to adopt presented for registration by the testator or donor may be registered in the same manner as any other document. A Will or Authority to adopt presented for registration by any person entitled to present the same, other than the testator or donor, shall be registered if the Registrar shall be satisfied that the person so presenting the same is the person he represents himself to be, and that the Will or Authority was executed by the testator or donor, as the case may be.

[Procedure on deposit of Wills or Authorities to adopt.]

LXXVII. On receiving for deposit a sealed cover under Section 44, the Registrar, if he shall be satisfied that the depositor is the testator or donor, as the case may be, or his duly authorized agent, shall transcribe in his Register Book No. 3 the superscription on such sealed cover, and note in the Register and on the sealed cover the year, month, day and hour of such presentation and receipt, together with the name of the depositor,

ও রেজিষ্ট্রার ঐ প্রতিলিপি প্রাপ্ত হইলে পর আপনাদের নিমিত্তে ৭৩ ধারার নির্দ্দিষ্ট প্রণালীক্রমে কার্য্য করিবেন ইতি।

[৪১ ও ৪২ ধারামতে মর্ম্মাত্মকপত্র গ্রহণ হইলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৭৫ ধারা। ৪১ ধারামতে লেখ্য সম্পর্কীয় মর্ম্মাত্মকলিপি প্রাপ্ত হওয়া গেলে সেই লেখ্য বহীর যে পৃষ্ঠায় লেখা হইয়াছে সেই পৃষ্ঠে ঐ লেখ্যের পার্শ্বে ঐ মর্ম্মাত্মক লিপির প্রতিলিপি করিতে হইবে। এতদর্থে রেজিষ্ট্রার ঐ মর্ম্মাত্মক লিপির এক প্রতিলিপি আপন ডিষ্ট্রিক্টের যে প্রত্যেক সব-রেজিষ্ট্রারের কার্য্যালয়ে উক্ত লেখ্য রেজিষ্টর হইয়াছে তথায় পাঠাইবেন। তাঁহারাও আপন২ কার্য্যালয়ে রেজিষ্টর করা ঐ লেখ্যের প্রতিলিপির পার্শ্বে ঐ মর্ম্মাত্মকলিপির প্রতিলিপি করিবেন। যদি সেই মর্ম্মাত্মকলিপি একের অধিক ডিষ্ট্রিক্টের অন্তর্গত স্থাবর সম্পত্তি বিষয়ক হয়, তবে রেজিষ্ট্রার তাহা প্রাপ্ত হইলে ঐ সম্পত্তির কোন অংশ অন্য যে২ ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে সেই২ ডিষ্ট্রিক্টের প্রত্যেক রেজিষ্ট্রারের নিকটে ঐ লেখ্যের প্রতিলিপি পাঠাইবেন, এবং তাঁহারা ঐ প্রতিলিপি প্রাপ্ত হইয়া, এই ধারার প্রথমাংশে রেজিষ্ট্রারের যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে তদনুসারে কার্য্য করিবেন। ৪২ ধারামতে রেজিষ্ট্রার যে প্রত্যেক মর্ম্মাত্মক লিপি প্রাপ্ত হন, তাঁহার ৫ নং রেজিষ্টরী বহীতে তাহা ফাইল করিয়া রাখিবেন। এবং আপনার অধীন যে প্রত্যেক সব রেজিষ্ট্রারের সব ডিষ্ট্রিক্টের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ থাকে তাঁহার নিকটে তিনি তাহার প্রতিলিপি পাঠাইবেন এবং উক্ত প্রত্যেক সব-রেজিষ্ট্রার আপনার ৫ নং রেজিষ্টরী বহীতে তাহা ফাইল করিয়া রাখিবেন ইতি।

[চরমপত্র ও দত্তকগ্রহণের অনুমতিপত্র রেজিষ্টর করিবার কথা।]

৭৬ ধারা। যে ব্যক্তি চরমপত্র লেখেন কি দত্তক গ্রহণের অনুমতিপত্র প্রদান করেন তিনি রেজিষ্টর করিবার জন্যে তাহা উপস্থিত করিলে, তাহা অন্য কোন লেখ্যের ন্যায় রেজিষ্টর করা যাইতে পারিবে। যদি চরমপত্র লেখক কি দত্তক গ্রহণের অনুমতিপত্র দাতাভিন্ন এই লেখ্য উপস্থিত করিতে স্বত্ববান্ কোন ব্যক্তি তাহা রেজিষ্টর করণার্থে উপস্থিত করেন, তবে যে ব্যক্তি তাহা রেজিষ্টর করণার্থে উপস্থিত করেন তিনি আপনার যে পরিচয় দেন প্রকৃত সেই বটে রেজিষ্ট্রার এই কথা এবং চরমপত্র ঐ পত্র লেখকের ও অনুমতিপত্র পত্রদাতারদ্বারা সম্পাদিত হইয়াছে এই কথা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে তাহা রেজিষ্টর করা যাইবে ইতি।

[চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র গচ্ছিত করিলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৭৭ ধারা। রেজিষ্ট্রার ৪৪ ধারামতে মোহরাঙ্কিত খামে বদ্ধ পত্র গচ্ছিত করণার্থে প্রাপ্ত হইলে যে ব্যক্তি তাহা গচ্ছিত করেন, তিনি চরমপত্র লেখক কিম্বা বিষয় বিশেষে অনুমতিপত্রদাতা কিম্বা তাঁহার নিয়মিতরূপে ক্ষমতা প্রাপ্ত মোক্তার ইহা যদি রেজিষ্ট্রার হৃদ্বোধমতে জানেন, তবে তিনি ৩ নং রেজিষ্টরী বহীতে সেই মোহরাঙ্কিত খামের লিখিত কথার প্রতিলিপি করিবেন। এবং যে সালের যে মাসের যে দিনের যে ঘণ্টায় ঐ প্রত্যেক খাম উপস্থিত করা গেল ও গৃহীত হইল তাহা

and the name of each of the persons testifying to the identity of such depositor, and the inscription so far as it is legible on the seal of the cover. The Registrar shall then place and retain the sealed cover in his fire-proof box.

(E.) Of the Registrar-Gegeral.

[Procedure on registration in General Registry Office.]

LXXVIII. On any instrument being registered in the General Registry Office under Section 31, a copy of such instrument and of the endorsements and certificate thereon shall be forwarded to every Registrar within whose District any part of the property to which the instrument relates is situate, and the Registrar receiving such copies shall follow the procedure prescribed for him in Section 73.

(F.) Of the Controlling Powers of Registrars and Registrars-General.

[Registrar to superintend and control Sub-Registrars.]

LXXIX. Every Sub-Registrar shall perform the duties of his Office under the superintendence and control of the Registrar in whose District the Office of such Sub-Registrar is situate; and every Registrar shall have authority to issue (whether on complaint or otherwise) any order consistent with this Act which he may consider necessary in respect of any act or omission of any Sub-Registrar subordinate to him, or in respect of the rectification of any error regarding the Book or the Office in which any document shall have been registered.

[Powers of Registrar-General. Power to frame rules.]

LXXX. The Registrar-General shall exercise a general superintendence over all the Registry Offices in the Territories administered by the local Government, and shall have power from time to time to frame rules consistent with this Act.—

For providing for the safe custody of books, papers and document, and also for the destruction of such books, papers and documents as need no longer be kept;

For declaring the languages in which and the materials on, in and with which documents presented for registration are to be written or printed, the size of such documents and the extent of blank space to be left thereon;

এবে জন তাহা গচ্ছিত করেন তাঁহার নাম এবং গচ্ছিত-কারী প্রকৃত সেই ব্যক্তি এই বিষয়ের যে প্রত্যেক জন সাক্ষী হন তাঁহাদের নাম, এবং সেই খামের মোহরে যে কথা খোদিত আছে তাহা যে পর্য্যন্ত পাঠ্য হয়, সেই পর্য্যন্ত সেই কথা ঐ রেজিষ্টরে এবং ঐ খামের উপর লিখিতে হইবে। পরে রেজিষ্ট্রার আপনার অদাহ্নীয় বাক্সে ঐ মোহরাঙ্কিত খাম অর্পণ করিবেন ও রাখি-বেন ইতি।

(E) রেজিষ্ট্রার জেনরল সম্পর্কীয় বিধি।

[সাধারণ রেজিষ্ট্রি কার্য্যালয়ে রেজিষ্টরু হইলে পর ইতিকর্ত্তব্যতার কথা।]

৭৮ ধারা। তদ্রূপ কোন লেখ্য এই আইনের ৩১ ধারামতে সাধারণ রেজিষ্টরি কার্য্যালয়ে রেজিষ্টর করা গেলে পর ঐ লেখ্য যে সম্পত্তি সম্পর্কীয় হয়, সেই সম্পত্তির কোন অংশ যে প্রত্যেক রেজিষ্ট্রারের ডি-ষ্ট্রিক্টের মধ্যে থাকে তাঁহার নিকটে ঐ লেখ্যের ও তাহার পৃষ্ঠলিখিত ও সংশিত লিপির প্রতিলিপি প্রেরণ করা যাইবে। এবং যে রেজিষ্ট্রার ঐ প্রতিলিপি প্রাপ্ত হন তিনি আপনার নিমিত্তে ৭৩ ধারার নির্দিষ্ট প্রণালীমতে কর্ম্ম করিবেন ইতি।

(F) রেজিষ্ট্রারদিগের ও রেজিষ্ট্রার জেনরলদিগের তত্ত্বাবধানের ক্ষমতার বিধি।

[রেজিষ্ট্রারকর্তৃক সব-রেজিষ্ট্রারদিগের তত্ত্বাবধান ও কর্তৃত্ব হইবার কথা।]

৭৯ ধারা। যে সব রেজিষ্ট্রারের কার্য্যালয় যে ডি-ষ্ট্রিক্টের মধ্যে থাকে সেই প্রত্যেক সব-রেজিষ্ট্রার সেই ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রারের তত্ত্ব ও কর্তৃত্বাধীনে আপনং পদের কর্ত্তব্য কর্ম্ম করিবেন। এবং রেজি-ষ্ট্রারের অধীন কোন সব-রেজিষ্ট্রার যে কার্য্য করেন কি কর্ত্তব্য যে কর্ম্ম না করেন তৎসম্পর্কে, কিম্বা যে বহীতে কি যে কার্য্যালয়ে লেখ্য রেজিষ্টর হইয়াছে তৎসম্পর্কীয় কোন ভ্রম সংশোধনার্থে রেজিষ্ট্রার অভি-যোগ প্রাপণ পূর্ব্বক কি অন্য কারণে যে আজ্ঞা আব-শ্যক জ্ঞান করেন এই আইনের সঙ্গত এমত কোন আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন আছেন ইতি।

[রেজিষ্ট্রার জেনরলের ক্ষমতার ও বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।]

৮০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের শাসিত দেশান্তর্গত সকল রেজিষ্টরী কার্য্যালয়ের উপর রেজিষ্ট্রার জেন-রলের সাধারণমতে তত্ত্বাবধারণ থাকিবে। এবং পশ্চাৎ লিখিত যেং বিষয়ের বিধি এই আইনের সঙ্গত এমত বিধি সময়েং করিতে সক্ষম হইবেন।

পুস্তক ও কাগজপত্র ও লেখ্য নির্ব্বিঘ্নে রক্ষা করিবার এবং যেং পুস্তক ও কাগজপত্র ও লেখ্য অধিক কাল রাখিবার আবশ্যক না হয় তাহা নষ্ট করিবার বিধি।

রেজিষ্টর করিবার জন্যে যে লেখ্য আনা যাইবে তাহা যদ্রূপ দ্রব্যের উপর ও যে দ্রব্যেতে ও যে দ্রব্য দ্বারা লিখিত কি মুদ্রিত হইবে, ও সেই লেখ্যের পরিমাণ এবং তাহার যত সাদা রাখিতে হইবে এই সকলের বিধি।

For declaring what territorial divisions shall be recognized under Section 21;

For regulating the amount of penalties imposed under Section 24;

For the exercise of the discretion reposed in the Registering Officer by Sections 52 and 71;

For declaring the particulars to be contained in Indexes Nos. I, II and III respectively:

For declaring the holidays that shall be observed in the Registration Officers;

And, generally, for regulating the proceedings of the Registrars and Sub-Registrars under him.

The rules so framed shall be submitted to the local Government for approval, and after they shall have been approved, they shall be published in the Official Gazette, and shall then have the same force as if they were inserted in this Act.

যেং প্রদেশ ২১ ধারাতে স্বীকৃত হইবে তাহা অবধারণ করিবার বিধি।

২৪ ধারামতে যেং দণ্ড ধার্য্য হইবে তাহার বিধান করিবার বিধি।

৫২ ও ৭১ ধারামতে রেজিস্টরী কার্য্যকারকের প্রতি স্বীয় বিবেচনামতে কার্য্য করিবার যে ক্ষমতা অর্পণ হইয়াছে তাহার বিধি।

১ ও ২ ও ৩ নম্বরের সূচীপত্রে যেং বৃত্তান্ত লিখিতে হইবে তাহা অবধারণ করিবার বিধি।

রেজিস্টরী কার্য্যালয়ে যেং দিনে ছুটী হইবে তাহা অবধারণ করিবার বিধি।

এবং সাধারণ্যে আপনার অধীন রেজিষ্ট্রার ও সবরেজিষ্ট্রারদিগের কার্য্য সম্পাদনের বিধান করিতে পারিবেন।

তদ্রূপ প্রণীত বিধি স্থানীয় গবর্মেণ্টের অনুমোদনার্থে অর্পিত হইবে, ও অনুমোদিত হইলে পর রাজকীয় গেজেটে প্রকাশ হইবে, পরে এই আইনের অন্তর্গত হওয়ার তুল্য বলবৎ হইবে ইতি।

[No order to cancel registration.]

LXXXI. No order shall be made to cancel the registration of any document under this Act or under Act No. XVI. of 1864.

[রেজিস্টরী কার্য্য ব্যর্থ করিবার আজ্ঞা হইতে না পারিবার কথা।]

৮১ ধারা। এই আইন কিম্বা ১৮৬৪ সালের ১৬ আইনমতে কোন লেখ্য রেজিস্টরী হইলে, সেই কার্য্য ব্যর্থ করিবার কোন আজ্ঞা হইতে পারিবে না ইতি।

PART XII.

Of Refusal to register.

দ্বাদশ খণ্ড।

রেজিস্টর করিতে অসম্মতিরবিধি।

[Reasons for refusal to register to be recorded by Registrar or Sub Registrar.]

LXXXII. Every Registering Officer who shall refuse to register a document, except one which he has a discretion to refuse to accept for registration, or except one which he has refused to register solely because the property to which it relates is not situate within his District or Sub-District, shall make an order of refusal and record his reasons for such order in his Book No. 2 and endorse the words "Registration refused" on the document; and on application made by any person executing or claiming under the document and on his furnishing a stamped paper of the value of eight annas, shall without unnecessary delay give him a copy of the reasons so recorded. No Registering Officer shall accept for registration a document so endorsed unless and until an appeal shall have been presented under the provisions herein contained and decided in favour of the appellant.

[রেজিস্টর না করিবার হেতু রেজিষ্ট্রারের কি সবরেজিষ্ট্রারের লিপিবদ্ধ করিতে হইবার কথা।]

৮২ ধারা। রেজিস্টরী কার্য্যকারক যে লেখ্য রেজিস্টর করণার্থে স্বেচ্ছামতে গ্রাহ্য করিতে অস্বীকার করিতে পারিবেন, তদ্ভিন্ন, এবং লেখ্য যে সম্পত্তি বিষয়ক হয় তাহা তাঁহার ডিষ্ট্রিক্টের কি সবডিষ্ট্রিক্টের মধ্যে নয় কেবল এই কারণে যে লেখ্য রেজিস্টর করিতে অস্বীকার করেন, তদ্ভিন্ন যদি তিনি কোন লেখ্য রেজিস্টর করিতে অসম্মত হন, তবে তিনি তদ্রূপ অস্বীকার সূচক আজ্ঞা করিয়া, আপনার ২ নং বহীতে ঐ আজ্ঞা করিবার হেতু লিপিবদ্ধ করিয়া সেই লেখ্যের পৃষ্ঠে "রেজিস্টরী করিতে অসম্মত" এই কথা লিখিবেন। এবং যে ব্যক্তি ঐ লেখ্য সম্পাদন করেন কি ঐ লেখ্যক্রমে দাওয়া করেন, তিনি প্রার্থনা করিলে ও আটআনা মূল্যের ইষ্টাম্প কাগজ দিলে রেজিষ্ট্রার অনাবশ্যক বিলম্ব না করিয়া তাঁহাকে আপনার লিপিবদ্ধ হেতুর প্রতিলিপি দিবেন। এই খণ্ডের লিখিত বিধানানুসারে যত কাল আপীল না করা যায় ও আপেলাণ্টের পক্ষে যত কাল নির্ণয় না হয়, তত কাল রেজিস্টরী কোন কার্য্যকারক ঐ পৃষ্ঠলিপিযুক্ত লেখ্য রেজিস্টর করিবার জন্যে গ্রাহ্য করিবেন না ইতি।

[Registrar may alter or revise orders of Sub-Registrar refusing registration.]

LXXXIII. An appeal shall lie against an order of a Sub-Registrar refusing to admit a document to registration (whether the registration

[সব-রেজিষ্ট্রারের রেজিস্টর করিতে অস্বীকারসূচক আজ্ঞা রেজিষ্ট্রারকর্ত্তৃক পরিবর্ত্ত কি সংশোধিত হইতে পারিবার কথা।]

৮৩ ধারা। কোন লেখ্য অবশ্য কি স্বেচ্ছাধীনে রেজিস্টর করা কর্ত্তব্য হউক, সব-রেজিষ্ট্রার তাহা রেজিস্টর করণার্থে গ্রাহ্য করিতে স্বীয় অসম্মতিসূচক যে

of such document is compulsory or optional) to the Registrar to whom such Sub-Registrar is subordinate if presented to such Registrar within thirty days from the date of the order, and the Registrar may reverse or alter such order: Provided that whenever the Registrar shall himself as Sub-Registrar have passed the order appealed against, the appeal shall lie to the Registrar-General. Any Registrar or Registrar-General who shall refuse to direct the registration of any document shall make an order of refusal and record the reasons for such order in his Book No. 2, and on application made by any person executing or claiming under the document and on his furnishing a stamped paper of the value of eight annas, shall without unnecessary delay give him a copy of the reasons so recorded.

[Procedure where Registrar or Registrar-General refuses to register or direct registration of documents falling under Section 17 or Section 18, Clauses 1, 2, 3 and 4.]

LXXXIV. If a Registrar or Registrar-General shall under Section 82 make an order of refusal to register any document referred to in Section 29, or if a refusal to register shall have been made under Section 15 of Act XVI of 1864, or if he shall under Section 83 on appeal make an order of refusal to direct the registration of such document, it shall be lawful for any person claiming thereunder, his representative, assign or agent authorized as aforesaid, within thirty days after the making of such order of refusal, to apply by petition to the District Court, in order to establish his right to have such document registered.

[Petition. To be verified and stamped.]

The petition shall be in the form contained in the Schedule to this Act or as near thereto as circumstances will permit, and shall be accompanied by copies of the reasons recorded under Sections 82 and 83, and the statements, in the petition shall be verified by the petitioner in manner required by law for the verification of plaints, and the petition shall, where a stamp is required by law, bear a stamp of eight annas, and may be amended by permission of the Court.

[Document admissible in evidence.]

The document shall be admissible in evidence on the presentation and hearing of the petition, anything hereinbefore contained to the contrary notwithstanding.]

[Court to fix day for hearing petition and copy thereof to be served.]

The Court shall fix a day for the hearing of the petition not less than two days after the service next hereinafter mentioned, and shall direct a copy

আজ্ঞা করেন, তিনি যে রেজিষ্ট্রারের অধীন হন, তাঁহার নিকটে ঐ আজ্ঞার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে আপীল হইলে, সেই আপীল গ্রাহ্য হইতে পারিবে, এবং রেজিষ্ট্রার সেই আজ্ঞা পরিবর্ত্ত কি সংশোধন করিতে পারিবেন। কিন্তু যে আজ্ঞার উপর আপীল হয়, যদি রেজিষ্ট্রার আপনি সব-রেজিষ্ট্রারের পদে থাকিয় ঐ আজ্ঞা করেন, তবে রেজিষ্ট্রার জেনরলের নিকটে আপীল হইবে। যদি কোন রেজিষ্ট্রার কি রেজিষ্ট্রার জেনরল কোন লেখ্য রেজিষ্টর করিবার আজ্ঞা করিতে অস্বীকার করেন, তবে তিনি অস্বীকারসূচক আজ্ঞা করিয়া আপনার ২ নং বহীতে সেই আজ্ঞার হেতু লিপিবদ্ধ করিবেন, ও সেই লেখ্য সম্পাদক কিম্বা তৎক্রমে দাওয়াদার কোন ব্যক্তি যদি প্রার্থনা করিয়া আট আনা মুল্যের ইষ্টাম্প কাগজ দেন, তবে উক্ত রেজিষ্ট্রার অনাবশ্যক বিলম্ব না করিয়া তাঁহাকে তদ্রূপে লিপিবদ্ধ হেতুর প্রতিলিপি দিবেন ইতি।

[রেজিষ্ট্রার কি রেজিষ্ট্রার জেনরল ১৭ কি ১৮ ধারার ১, ২, ৩, কি ৪ প্রকরণানুযায়ি লেখ্য রেজিষ্টর করিতে কি রেজিষ্টর করিবার আজ্ঞা করিতে সম্মত না হইলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৮৪ ধারা। যদি রেজিষ্ট্রার কিম্বা রেজিষ্ট্রার জেনরল ৮২ ধারামতে ২৯ ধারার উল্লিখিত কোন লেখ্য রেজিষ্টর করিবার অস্বীকারসূচক আজ্ঞা করেন, অথবা যদি ১৮৬৪ সালের ১৬ আইনের ১৫ ধারামতে রেজিষ্টর করিতে অস্বীকার করা যায়, কিম্বা যদি আপীল হইলে তিনি ৮৩ ধারামতে তদ্রূপ লেখ্য রেজিষ্টর করাইবার আজ্ঞা করিতে সম্মত না হন, তবে সেই লেখ্যক্রমে দাওয়াকারি কোন ব্যক্তি কি তদীয় স্থলাভিষিক্ত কি আসৈন কি পূর্ব্বোক্তরূপে ক্ষমতাপ্রাপ্ত মোখ্তার সেই অস্বীকারসূচক আজ্ঞা হইলে পর ত্রিশ দিনের মধ্যে সেই লেখ্য রেজিষ্টর করাইবার স্বত্ব স্থাপনার্থে জিলার আদালতে প্রার্থনাপত্র দ্বারা প্রার্থনা করিতে পারিবেন।

[প্রার্থনা সত্যাকরণের ও তাহাতে ইস্টাম্প দেওনের কথা।]

ঐ প্রার্থনা এই আইনের তফসীলের লিখিত পাঠে কিম্বা ভাবগতিক বিবেচনায় সাধ্যমতে তত্তুল্য পাঠে লিখিতে হইবে, ও তৎসঙ্গে ৮২ ও ৮৩ ধারামত লিপিবদ্ধ হেতুর প্রতিলিপি দিতে হইবে, এবং আইনক্রমে যদ্রূপে নালিশপত্রের সত্যাকরণ করিতে হয় প্রার্থক তদ্রূপে সেই পত্রলিখিত বর্ণনার সত্যাকরণ করিবেন, এবং যদি আইনমতে প্রার্থনা পত্রে ইষ্টাম্প লাগে, তবে সেই প্রার্থনাপত্র আট আনা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেএবং আদালতের অনুমতিক্রমে তাহার সংশোধন হইতে পারিবে।

[ঐ লেখ্য প্রমাণ স্বরূপে গ্রাহ্য হইবার কথা]

এই আইনের অন্তর্গত পুর্ব্বলিখিত কোন কথা বিপক্ষ হইলেও প্রার্থনাপত্রের উপস্থিত ও শ্রুত হওন কালে ঐ লেখ্য প্রমাণ স্বরূপে গ্রাহ্য হইবে।

[প্রার্থনা শ্রবণের দিন আদালতকর্ত্তৃক নির্দ্ধারিত হইবার ও তাহার প্রতিলিপি পর্য্যর্পণের কথা।]

ইহার অব্যবহিত পরে যে পর্য্যর্পণের কথা লেখা যাইতেছে আদালত প্রার্থনা শ্রবণের জন্যে সেই পর্য্যর্পণের পর দুই দিনের অন্যূন

of the petition, with a notice at the foot thereof, of the day so fixed, to be served on the Registering Officer and on such other persons (if any) as the Court shall think fit; and the provisions of the Code of Civil Procedure as to the service and endorsement of summonses shall apply, *mutatis mutandis*, to copies of petitions under this Section.

[Court may order document to be registered.]

On the day so fixed as aforesaid, the Court may, if it shall think proper, and if the requirements of the law for the time being in force have been complied with on the part of the petitioner so as to entitle the document to registration, order such Registrar or Registrar-General to register the document, or to direct its registration in the proper manner, and he shall thereupon obey such order, and shall, so far as may be practicable, follow the procedure prescribed in Sections 66, 67 and 68 and (provided the document be duly presented for registration within thirty days after the making of such order) the registration pursuant to such order shall take effect as if the document had been registered when it was duly presented for registration to the Officer so refusing as aforesaid.

[Provisions for case in which the Judge is the Registering Officer.]

Provided that when the Officer presiding over the District Court shall himself as Registering Officer have made any order appealed against under this Section, the petition shall within sixty days after the making of such order be presented to the High Court, and the provisions contained in the former part of this Section shall, *mutatis mutandis*, apply to such petition and the order (if any) thereon.

[Registreing Officer not to be liable for anything *boná fide* done or refused in his official capacity.]

LXXXV. No Registering Officer shall be liable to any suit, claim or demand by reason of any thing *boná fide* done or refused in his official capacity.

PART XIII.

Of the Fees for Registration, Searches and Copies.

[Fees for registration, searches and copies to be fixed by local Government.]

LXXXVI. Subject to the approval of the

কোন দিন প্রার্থনা শ্রবণার্থ নিরূপণ করিবেন, এবং প্রার্থনার প্রতিলিপির নিম্নভাগে ঐ নিরূপিত দিনের জ্ঞাপনপত্র লিখিয়া রেজিস্টরী কার্য্যকারকের প্রতি এবং আদালত অন্য কোন ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করিলে তাঁহারদের প্রতি ঐ প্রতিলিপি পর্য্যর্পণ করিতে আজ্ঞা করিবেন। এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনেতে আহ্বানপত্র পর্য্যর্পণের ও তৎপৃষ্ঠে লিখনের যে২ বিধান আছে পরিবর্ত্তনীয় কথার পরিবর্ত্তন করিয়া এই ধারামতের প্রার্থনার প্রতিলিপির প্রতিও সেই২ বিধান বর্ত্তিবে।

[লেখ্য রেজিস্টর করিতে আদালতের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

পূর্ব্বমতে নিরূপিত দিনে যদি আদালত উপযুক্ত বোধ করেন, এবং তৎকালে যে আইন প্রবল থাকে সেই আইনের আদেশানুসারে প্রার্থকের পক্ষে কার্য্য হওয়াতে যদি লেখ্য রেজিস্টরী হইবার যোগ্য হয়, তবে আদালত ঐ রেজিষ্ট্রারকে কি রেজিষ্ট্রার জেনরলকে সেই লেখ্য রেজিস্টর করিবার আজ্ঞা করিতে পারিবেন, অথবা তাহা উপযুক্তরূপে রেজিস্টর করা যায় এমত আদেশ করিবার আজ্ঞা করিতে পারিবেন, তাহাতে তিনি ঐ আজ্ঞা পালন করিবেন। এবং যে পর্য্যন্ত সাধ্য হয়, সেই পর্য্যন্ত ৬৬ ও ৬৭ ও ৬৮ ধারার নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালীমতে কার্য্য করিবেন, এবং সেই আজ্ঞা হইলে পর যদি ত্রিশ দিনের মধ্যে সেই লেখ্য রেজিস্টর করিবার জন্যে উচিতমতে উপস্থিত করা যায়, তবে যে কার্য্যকারক সেই লেখ্য রেজিস্টর করিতে তদ্রূপে অসম্মত ছিলেন তাঁহার নিকটে নিয়মিতরূপে উপস্থিত করণকালেই তিনি তাহা রেজিস্টর করিলে যে ফল হইত ঐ আজ্ঞানুসারে রেজিস্টর করা তদ্রূপ ফলবৎ হইবে।

[যে স্থলে রেজিস্টরী কার্য্যকারক বিচারকর্ত্তা হন সেই স্থলের বিধান।]

কিন্তু এই ধারামতে যে আজ্ঞার উপর আপীল হয় যদি জিলার আদালতের অধিপতি আপনি রেজিস্টরী কার্য্যকারকস্বরূপ ঐ আজ্ঞা করিয়া থাকেন, তবে সেই আজ্ঞা হইবার পর ষাইট দিনের মধ্যে ঐ প্রার্থনা হাই কোর্টে উপস্থিত করিতে হইবে। এবং এই ধারার পূর্ব্বাংশে যে বিধান লিখিত হইয়াছে পরিবর্ত্তনীয় কথা পরিবর্ত্তন করিয়া সেই বিধান ঐ প্রার্থনার প্রতি বর্ত্তিবে ও তদুপরি আজ্ঞা হইলে তাহার প্রতিও বর্ত্তিবে ইতি।

[রেজিস্টরী কার্য্যকারক স্বীয় পদোপলক্ষে সরলভাবে যে কোন কার্য্য করেন কি করিতে অসম্মত হন, তজ্জন্যে দায়ী না হইবার কথা।]

৮৫ ধারা। রেজিস্টরী কার্য্যকারক স্বীয় কর্ম্মোপলক্ষে সরলভাবে যে কোন কার্য্য করেন কি করিতে অসম্মত হন, তদ্ধেতুক তাঁহার নামে কোন মোকদ্দমা কি দাওয়া কি দাবী হইতে পারিবে না ইতি।

ত্রয়োদশ খণ্ড।

রেজিস্টর ও অনুসন্ধান ও প্রতিলিপি করিবার শুল্কের বিধি।

[রেজিস্টর ও অনুসন্ধান ও প্রতিলিপি করিবার শুল্ক স্থানীয় গবর্ণমেন্টকর্ত্তৃক অবধারিত হইবার কথা।]

৮৬ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত

Governor General of India in Council, the local Government shall prepare a Table of Fees payable—

For the registration of documents:

For searching the Registers:

For making or granting copies of reasons, entries or documents, before, on or after registration:

And of extra or additional Fees payable—

For every registration by a Registrar-General under Section 31, or by a Registrar under Section 32:

For special registration under Section 52:

For the issue of Commissions:

For filing translations:

For attending at private residences;

And for such other matters as shall to the local Government appear necessary to effect the purposes of this Act.

[Table of Fees.]

The local Government may from time to time, subject to the like approval, alter such Table. A Table of the Fees so payable shall be published in the Official Gazette, and a copy thereof in English and the vernacular language of the District shall be exposed to public view in every Registration Office.

[Fees and penalties to be credited to Government.]

LXXXVII. All fees for the registration of documents under this Act shall be payable on presentation, and all fees received under the provisions of this Act (not being fees payable under Section 14 to Officers who are paid wholly or in part by fees), and all penalties received under Section 24 shall be remitted to the Treasury of the District or Sub-District or to such other Treasury as the local Government shall from time to time direct, and shall be credited to Government.

PART XIV.

Miscellaneous.

[Nothing done by Registering Officer to be invalidated by defect in his appointment or procedure.]

LXXXVIII. Nothing done in good faith pursuant to the Act No. XVI of 1864 or this Act by any Registering Officer, shall be deemed invalid merely by reason of any defect in his appointment or procedure.

[Registration of instruments executed by Government Officers or certain public functionaries.]

LXXXIX. Notwithstanding anything herein contained, it shall not be necessary for any

ভবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে পশ্চাৎ লিখিত কার্য্যের শুল্কপত্র প্রস্তুত করিবেন বিশেষতঃ—

লেখ্য রেজিষ্টর করিবার।

রেজিষ্টরে অনুসন্ধান করিবার।

IV. The administration of the Police in the Town of Calcutta shall be vested in an Officer to be styled the Commissoner of Police for such Town, who shall from time to time be appointed by the Lieutenant-Governor of Bengal and may be removed by the same authority, and who shall receive such salary as the Governor General of India in Council shall allow.

[Appointment of Deputies to the Commissioner of Police.]

V. The said Lieutenant-Governor may from time to time appoint one or more Deputies to the Commissioner of Police, who shall be competent to perform any of the duties assigned to that Officer under his orders. The Deputy Commissioner may be removed at any time by order of the said Lieutenant-Governor.

[Commissioner of Police shall not ordinarily be a Magistrate.]

VI. The Commissioner of Police shall not ordinarily be a Magistrate of Police under this Act, but, with the sanction of the Governor General of India in Council, may be appointed to that office, when the said Lieutenant-Governor, for special reasons, may deem it expedient.

[Commissioner of Police to be a Justice of the Peace, but to act only in certain cases.]

VII. The Commissioner of Police shall be appointed a Justice of the Peace, but unless he is vested with the jurisdiction of a Magistrate of Police, he shall act as a Justice only so far as may be necessary for the preservation of the peace, the prevention of crimes, and the detection, apprehension, and detention of offenders in order to their being brought before a Magistrate of Police; and so far as may be necessary for the performance of the duties assigned to the Commissioner by this Act. The Deputies to the Commissioner of Police may be appointed Justices of the Peace, and, if so appointed, shall act in that capacity, subject to the above restriction.

[Constitution of Police Force.]

VIII. For the said Town of Calcutta there shall be a Police Force, which shall consist of such number of Officers and men, and shall be otherwise constituted in such manner, as shall be, from time to time, ordered by the said

[লিঙ্গ।]

পুংলিঙ্গ বোধক শব্দেতে স্ত্রীগণও গণ্য ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেবকে নিযুক্ত ও অপসর করণের কথা।]

৪ ধারা। কলিকাতা নগরের পোলীসের কার্য্যনিরূপণাধিকারিত্ব ভার এক জন কার্য্যকারকের প্রতি অর্পিত হইবে। তিনি সেই নগরের পোলীসের কমিস্যনর নামে খ্যাত হইবেন। তিনি বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক সময়ে২ নিযুক্ত হইবেন ও সেই সাহেবের আজ্ঞাক্রমে অপসৃত হইতে পারিবেন। ও মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে বেতনের অনুমতি করেন তিনি সেই বেতন পাইবেন ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেবের ডেপুটীদিগকে নিযুক্ত করিবার কথা।]

৫ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পোলীসের কমিস্যনর সাহেবের এক কি ততোধিক জন ডেপুটীকে সময়ে২ নিযুক্ত করিতে পারিবেন. তাঁহারা ঐ কার্য্যকারকের আজ্ঞামতে তাঁহার প্রতি অর্পিত কোন কর্ম্ম সম্পাদন করিতে পারিবেন। উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞামতে ডেপুটী কমিস্যনরদিগকে কোন সময়ে অপসর করা যাইতে পারিবেক ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেব সামান্যতঃ মাজিষ্ট্রেট না হইবার কথা।]

৬ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব সামান্যতঃ এই আইনানুযায়ি পোলীসের মাজিষ্ট্রেট হইবেন না। কিন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিশেষ কারণে বিহিত জ্ঞান করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে তাঁহাকে সেই পদে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেব শান্তিরক্ষার্থ জষ্টিস হওয়ার, কিন্তু কেবল বিশেষ স্থলে সেই কর্ম্ম করিবার কথা।]

৭ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব শান্তিরক্ষার্থ জষ্টিস স্বরূপ নিযুক্ত হইবেন। কিন্তু যদি পোলীসের মাজিষ্ট্রেটের বিচারক্ষমতা প্রাপ্ত না হন, তবে শান্তিরক্ষার ও অপরাধ নিবারণের জন্যে ও পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করিবার নিমিত্তে অপরাধির সন্ধান পাইবার ও তাহাকে ধরিবার ও আটক রাখিবার জন্যে এবং এই আইনক্রমে কমিস্যনরের প্রতি যেং কর্ম্ম অর্পিত হইয়াছে তৎসম্পাদনের জন্যে যে পর্য্যন্ত আবশ্যক হয় সেই পর্য্যন্ত জষ্টিসের ন্যায় কর্ম্ম করিবেন। পোলীসের কমিস্যনর সাহেবের ডেপুটীরা শান্তিরক্ষার্থ জষ্টিসের পদে নিযুক্ত হইতে পারিবেন, ও সেইরূপে নিযুক্ত হইলে তাঁহারা উপরের লিখিত নিষেধক্রমে জষ্টিসের ন্যায় কার্য্য করিবেন ইতি।

[পোলীস দল সংস্থাপনের কথা।]

৮ ধারা। উক্ত কলিকাতা নগরের জন্যে পোলীস দল হইবেক। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যত নায়কের ও সৈন্যের আজ্ঞা করেন তত জন নায়ক ও সৈন্য ঐ দলে নিযুক্ত

Lieutenant-Governor, with the sanction of the Governor General of India in Council.

হইবে। এবং অন্যান্য বিষয়ে যে প্রকার আজ্ঞা করেন সেই প্রকারে ঐ দলের নিয়ম হইবে ইতি।

[The Police Force to be under the control of the Commissioner. Rules for the government of the Force to be made by the Commissioner and approved by Government.]

IX. The Police Force shall be under the exclusive direction and control of the Commissioner of Police, who may, from time to time, subject to the approbation of the said Lieutenant-Governor, frame such orders and regulations as he shall deem expedient, relative to the general government of the Force, the places of residence, the classification, rank, distrbution, and particular service of the several members thereof; their inspection; the description of arms, accoutrements, and other necessaries to be furnished to them, and all such other orders and regulations relative to the said Police Force as the said Commissioner shall, from time to time, deem expedient for preventing neglect or abuse, and for rendering such Force efficient in the discharge of all its duties.

[পোলীস দলের কমিস্যনরের কর্তৃত্বাধীনে থাকিবার ও দল শাসনের বিধি কমিস্যনর দ্বারা প্রস্তুত ও গবর্ণমেন্টের স্বীকৃত হইবার কথা।]

৯ ধারা। পোলীস দল কেবল পোলীসের কমিস্যনর সাহেবের আজ্ঞা ও কর্তৃত্বাধীনে থাকিবে। আর তাহাদের সাধারণমতে শাসনের ও তাহাদের বাসস্থানের ও শ্রেণীবদ্ধ হওনের ও পদের ও স্থানেং নিযুক্ত হওনের ও নানা ব্যক্তির বিশেষং কর্ম্মের ও তাহাদের তত্ত্বাবধারণের ও তাহাদিগকে যে অস্ত্রশস্ত্র ও সজ্জা ও আবশ্যক অন্যান্য দ্রব্য দেওয়া যাইবে, তদ্বিষয়ের এবং ঐ দলের আলস্য কি অন্যায়াচার নিবারণের জন্যে ও কর্ত্তব্য সকল কার্য্য সম্পাদন সম্পর্কে ঐ দলের ফলোপযোগীতা জন্যে উক্ত কমিস্যনর সাহেব যে সকল আজ্ঞা ও বিধি সময়েং বিহিত বোধ করেন তাহা প্রস্তুত করিতে পারিবেন। কিন্তু তাহাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতির অপেক্ষা থাকিবে ইতি।

[Appointment, &c., of the Police Force to rest with the Commissioner.]

X. The appointment of the members of the Police Force shall rest with the Commissioner of Police, and he may, at any time, suspend or dismiss any member of the Force whom he shall think remiss or negligent in the discharge of his duty, or otherwise unfit for the same.

[পোলীসের দলস্থ ব্যক্তিদিগকে নিযুক্ত করণপ্রভৃতি কর্ম্ম কমিস্যনর সাহেবের প্রতি বর্ত্তিবার কথা।]

১০ ধারা। পোলীস দলস্থ ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার ভার পোলীসের কমিস্যনর সাহেবের প্রতি থাকিবে। তিনি দলস্থ কোন ব্যক্তিকে কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিতে অলস কি অমনোযোগী কিম্বা অন্য প্রকারে অনুপযুক্ত জ্ঞান করিলে তাহাকে কোন সময়ে কিঞ্চিৎকালের কি চিরকালের নিমিত্তে অপসর করিতে পারিবেন ইতি।

[Power of Commissioner to fine members of the Police Force.]

XI. For any lesser breach of discipline, or other misconduct not requiring the suspension or dismisal of the offender, a member of the Police Force may be fined by the Commissioner in any sum not exceeding one-half of his monthly pay.

[পোলীস দলস্থ ব্যক্তিদিগের অর্থদণ্ড করিতে কমিস্যনর সাহেবের ক্ষমতার কথা।]

১১ ধারা। বিধি না মানিবার ক্ষুদ্র দোষের নিমিত্তে কিম্বা অনুচিত যে কর্ম্মপ্রযুক্ত অপরাধিকে কিঞ্চিৎ কাল কি চিরকাল অপসর করিবার প্রয়োজন নাই, তন্নিমিত্তে কমিস্যনর সাহেব পোলীসের দলস্থ ব্যক্তিদিগের মাসিক বেতনের অর্দ্ধেকের অনধিক অর্থদণ্ড করিতে পারিবেন ইতি।

[Additional penalties for members of the Police Force for neglect of duty, &c.]

XII. For neglect or violation of duty in his office, and for any breach of the orders and regulations framed as aforesaid, every member of the Police, besides being suspended or dismissed from his employment at the discretion of the Commissioner, shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding one hundred Rupees, (which may be deducted from any salary then due to such offender,) or to imprisonment, with or without hard labor, for any term not exceeding three months.

[কর্ম্মের উপেক্ষা প্রভৃতি হইলে পোলীস দলস্থ ব্যক্তিদের অধিক দণ্ডের কথা।]

১২ ধারা। পোলীসের দলস্থ কোন ব্যক্তি আপনার পদের কর্ত্তব্য কর্ম্ম না করিলে কি লঙ্ঘন করিলে, এবং পূর্ব্বোক্তমতের প্রণীত আজ্ঞা ও বিধান ভঙ্গ করিলে, সেই ব্যক্তি কমিস্যনর সাহেবের বিবেচনামতে কিঞ্চিৎকাল কি চিরকাল অপসর হইতে পারিবে। তদতিরিক্ত মাজিষ্ট্রেটের সম্মুখে তাহার দোষ প্রমাণ হইলে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে অথবা তিন মাসের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি ব্যতিরেক কারাদণ্ডের যোগ্য হইবে। অর্থদণ্ড হইলে তাহার যে বেতন তখন পাওনা থাকে তাহাহইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

[Members of Police Force to receive Certificates vesting them with the powers of a Constable.]

XIII. Every member of the Police Force shall receive on his enrolment a Certificate (A) under the signature of the Commissioner of Police, by virtue of which he shall be vested with the powers, functions, and privileges of a Constable. Such Certificate shall cease to have effect whenever the person named in it suspended or dismissed, or otherwise removed from employment in the Force.

[Members of Police Force not to resign without leave, or six or two months' notice.]

XIV. No member of the Police Force, to be enrolled under this Act, shall be at liberty to resign his office, or to withdraw himself from the duties thereof, unless expressly allowed so to do in writing by the Commissioner, or unless he shall have given to the Commissioner, six months' notice of his intention if a member of the mounted branch of the said Force, and two months' notice if a member of any other branch; and every member of the said Force, who shall so resign or withdraw himself without such leave or notice, shall be liable, on the order of the Commissioner, to forfeit all arrears of pay then due to him; and, on the sentence of a Magistrate, if such Magistrate shall think fit, to pay a fine not exceeding fifty Rupees, or to be imprisoned, with or without hard labor, for any term not exceeding two months.

[Penalty for dismissed members of Police Force not delivering up clothing, accoutrements, &c.]

XV. Every member of the Police Force, who shall be dismissed from, or shall cease to hold and exercise his office, and who shall not forthwith deliver up his Certificate, and all the clothing, accoutrements, and appointments, and other necessaries, which may have been supplied to him for the execution of his duty, to the Commissioner, or to such person and at such time and place as shall be directed by the said Commissioner, shall be liable, on summary conviction before a Magistrate, to imprisonment, with or without hard labor, for any term not exceeding one month. And it shall be lawful for the Commissioner, or for any Magistrate, to issue his warrant to search for and seize all the clothing, accoutrements, appointments, and other necessaries which shall not be so delivered over, wherever the same may be found.

[Police Superannuation Fund.]

XVI. There shall be deducted from the pay of every member of the Police Force, of a class not entitled to the benefit of the Uncovenated Service Pension Rules, a sum after such rate as the said Lieutenant-Governor shall direct, not

[পোলীস দলস্থ ব্যক্তিদিগকে কনষ্টাবলের ক্ষমতা প্রদানের সংশিতপত্র দিবার কথা।]

১৩ ধারা। পোলীস দলস্থ প্রত্যেক জনের নাম ফর্দ্দে লেখা গেলে তাহাকে পোলীসের কমিস্যনর সাহেবের স্বাক্ষরিত A চিহ্নিত, সংশিতপত্র দেওয়া যাইবে. তাহার শক্তিবলে ঐ ব্যক্তি কনষ্টাবলের শক্তি ও কর্ম্ম ও ক্ষমতা প্রাপ্ত হইবে। সেই সংশিতপত্রে যাহার নাম থাকে সেই ব্যক্তির কিঞ্চিৎকাল কি চির-কাল কর্ম্ম দণ্ড হইলে কি তাহাকে অন্য প্রকারে স্থানা-ন্তর করা গেলে ঐ পত্র প্রবল থাকিবে না ইতি।

[পোলীস দলভুক্ত লোকদের ছুটী না পাইয়া কি ছয় কি দুই মাসের সম্বাদ না দিয়া কর্ম্ম ত্যাগ করিতে না পারিবার কথা।]

১৪ ধারা। পোলীস দলভুক্ত যে কোন লোকের নাম এই আইনমতে ফর্দ্দে লেখা যাইবে, সে কমিস্যনর সাহেবের লিখিত স্পষ্ট অনুমতি না পাইলে কিম্বা যদি ঐ দলের ঘোড়সওয়ার হয়, তবে ছয় মাস থাকিতে আপন কর্ম্ম ত্যাগ করিবার মানসের সম্বাদ কিম্বা যদি ঐ দলের অন্য লোক হয়, তবে দুই মাস থাকিতে সম্বাদ কমিস্যনর সাহেবকে না দিলে সে ব্যক্তি আপন পদ ত্যাগ করিতে কিম্বা কর্ত্তব্য কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবে না। ও উক্ত দলের যে কোন লোক সেই প্রকারের ছুটী না পাইয়া কি সম্বাদ না দিয়া পদ ত্যাগ করে কি কর্ম্ম ছাড়িয়া যায় তাহার যত বেতন তৎকালে পাওনা থাকে তাহা সমুদয় কমিস্যনর সাহে-বের আজ্ঞামতে দণ্ডহইতে পারিবে, ও মাজিষ্ট্রেট সাহেব যদি দণ্ডের আজ্ঞা করেন, তবে তিনি উপযুক্ত বোধ করিলে ঐ ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থ-দণ্ড কিম্বা কঠিন পরিশ্রম সহিত কি তদ্ভিন্ন দুই মাসের অনধিক কাল কারাদণ্ড হইতে পারিবেক ইতি।

[পোলীসদলের কর্ম্মচ্যুত ব্যক্তিরা বস্ত্র ও অস্ত্রাদি ফিরিয়া না দিলে দণ্ডের কথা।]

১৫ ধারা। পোলীসের দলভুক্ত যে কোন ব্যক্তি কর্ম্মচ্যুত হয়, কিম্বা পদ ধারণে ও তৎসম্পর্কীয় কার্য্য করণে স্থগিত হয় সে আপনার সংশিতপত্র এবং কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনের জন্যে যে সকল বস্ত্র ও সজ্জা ও অস্ত্র শস্ত্র ও আবশ্যক অন্যং বিষয় প্রাপ্ত হই-য়াছিল তাহা কমিস্যনর সাহেবকে কিম্বা কমিস্যনর সাহেব অন্য যে ব্যক্তিকে যে সময়ে ও যে স্থানে দিতে আজ্ঞা করেন তাহাকে সেই সময়ে ও স্থানে দিবে। যদি তৎক্ষণাৎ না দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সরাসরীমতে প্রমাণ হইলে তাহার এক মাসের অনধিক কোন কালের নিমিত্তে পরিশ্রম সহিত কি বিনা পরিশ্রমে কারাদণ্ড হইতে পারিবে। এবং কমিস্যনর সাহেব কিম্বা কোন মাজিষ্ট্রেট তাহার ফিরিয়া না দেওয়া সকল বস্ত্র ও সজ্জা ও অস্ত্র শস্ত্র এবং আবশ্যক অন্যং বিষয় অন্বেষণ করিয়া যে স্থানে পাওয়া যায় সেই স্থানহইতে আনাইবার আজ্ঞাপত্র দিতে পারি-বেন ইতি।

[বার্দ্ধক্য কালীন পেনস্যন ফণ্ডের কথা।]

১৬ ধারা। পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারকেরা অচিহ্নিত কার্য্যকারকদের পেনস্যনের বিধিমতে মঙ্গল পাইবার স্বত্ববান নহে শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে হার আজ্ঞা করেন সেই হারানুসারে তাহাদের প্রত্যেক জনের বেতনহইতে টাকাপ্রতি এক আনার

exceeding one anna in the Rupee, which sum so deducted shall from time to time be invested in such manner and in such securities as the said Lieutenant-Governor may in writing direct, and the said sum so invested, together with the interest and dividends thereof, shall form a Fund, to be called " The Police Superannuation Fund," and shall be applied from time to time to payment of such superannuation or retiring allowances or gratuities as may be ordered by the said Lieutenant-Governor at any time to any of the aforesaid members of the Police Force. Provided that any Police Officer may be dismissed or removed without a superannuation allowance, and that no Police Officer shall be entitled as of right to any allowance from the said Fund, or shall retain any right to a refund of any deduction made from his pay while he shall have been a Police Officer.

[Disposal of the proceeds of certain fines, &c.]

XVII. All sums accruing from stoppages from members of the Police Force during absence from sickness or other cause and fines imposed on members thereof for misconduct, and from fines imposed by Magistrates upon drunken persons or for assaults upon Police Officers, and all moneys arising from the sale of worn or cast-off clothing or other articles supplied for the use of the Police, shall be credited to any Fund applicable to Police purposes.

[Commissioner of Police may appoint special Constables when necessary.]

XVIII. The Commissioner of Police may, of his own authority, appoint Special Constables to assist the Police Force on any temporary emergency.

[Powers of Special Constables.]

XIX. Every Special Constable so appointed shall have the same powers, privileges, and protection, and shall be liable to perform the same duties, and shall be amenable to the same penalties, and be subordinate to the same authorities, as the ordinary Officers of Police.

[Penalty for Special Constable neglecting or refusing to serve, &c.]

XX. If any person being appointed a Special Constable as aforesaid shall, without sufficient excuse, neglect or refuse to serve as such, or to obey such lawful order or direction as may be given to him for the performance of his duties, he shall be liable, upon conviction before a Magistrate, to a fine not exceeding fifty Rupees for every such neglect, refusal, or disobedience.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬১ । ২২ মে ।]

অনধিক লওয়া যাইবে। ঐ টাকা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব লিখনক্রমে যে প্রকারে ও যেরূপ নিদর্শন গ্রহণপূর্ব্বক গচ্ছিত করিতে আজ্ঞা করেন সেই প্রকারে ও সেইরূপ নিদর্শন গ্রহণপূর্ব্বক সময়েং গচ্ছিত করা যাইবে। এবং গচ্ছিত সেই টাকা ও তাহার সুদ ও ডিবিডেণ্ড সম্বলিত এক ফণ্ড হইবে। ঐ ফণ্ড পোলীসের বার্দ্ধক্য কালীন পেনস্যন ফণ্ড নামে খ্যাত হইবে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পোলীসদলের পূর্ব্বোক্ত কোন ব্যক্তিকে বার্দ্ধক্য কিম্বা কর্ম্ম ত্যাগ করণ কালে কোন সময়ে যে পেনস্যন কি পারিতোষিক দিতে আজ্ঞা করেন তাহা সেই ফণ্ডহইতে পশ্চাৎ লিখিত বিধানমতে সময়েং দেওয়া যাইবে। পরন্তু পোলীসের কোন নায়ক বার্দ্ধক্য কালীন বৃত্তি বিনাও কর্ম্মচ্যুত কি অপসৃত হইতে পারিবেন। এবং পোলীসের কোন নায়ক উক্ত ফণ্ড হইতে কোন বৃত্তি পাইবার স্বত্ববান্ বলিয়া তাহার দাওয়া করিতে পারিবেন না। এবং পোলীসের নায়কের পদে থাকিতে তাহার বেতনহইতে যাহা লওয়া গিয়াছিল তাহার কোন অংশ তাঁহার ফিরিয়া পাইবার কোন স্বত্ব থাকিবে না ইতি।

[কোনং অর্থদণ্ড প্রভৃতি লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

১৭ ধারা। পোলীসের কোন কর্ম্মকারকেরা পীড়াপ্রযুক্ত কি অন্য কারণে অনুপস্থিত থাকিলে তাহাদের বেতন কর্ত্তন হইয়া যে সকল টাকা সঞ্চয় হয়, ও ঐ কর্ম্মকারকদের দোষপ্রযুক্ত যে অর্থদণ্ড হয়, এবং মাজিষ্ট্রেটেরা মত্ত ব্যক্তিদের যে অর্থদণ্ড ও পোলীসের নায়কদের উপর আক্রমণের জন্যে যে অর্থদণ্ডের আজ্ঞা করেন ও পোলীসদলের ব্যবহারার্থে দত্ত পরিচ্ছদ কি অন্য দ্রব্য জীর্ণ কি ত্যজ্য হইলে তাহা বিক্রয় করিয়া যে সকল টাকা উৎপন্ন হয় ঐ সমস্ত টাকা পোলীসের কার্য্য সম্পর্কীয় কোন ফণ্ডের বর্দ্ধনার্থে দেওয়া যাইবে ইতি।

[বিশেষ কনষ্টেবলদিগকে পোলীসের কমিস্যনর সাহেবের নিযুক্ত করিতে পারিবার কথা।]

১৮ ধারা। কিঞ্চিৎ কালের অত্যাবশ্যক স্থলে পোলীসের কমিস্যনর সাহেব নিজ ক্ষমতামতে পোলীস দলের সাহায্যের নিমিত্তে বিশেষ কনষ্টেবলদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[বিশেষ কনষ্টেবলের ক্ষমতার কথা।]

১৯ ধারা। যেং বিশেষ কনষ্টেবল তদ্রূপে নিযুক্ত হয় তাহারা পোলীসের সাধারণ কর্ম্মকারকদিগের তুল্য শক্তি ও ক্ষমতা ও আশ্রয় প্রাপ্ত হইবে ও তাহাদের ন্যায় কর্ম্ম করিতে দায়ী হইবে ও তাহাদের তুল্য দণ্ডের যোগ্য ও উপরিস্থ নায়কদিগের অধীন হইবে ইতি।

[বিশেষ কনষ্টেবল কর্ম্ম উপেক্ষা করিলে কি করিতে অস্বীকার প্রভৃতি করিলে দণ্ডের কথা।]

২০ ধারা। কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে বিশেষ কনষ্টেবলরূপে নিযুক্ত হইয়া যদি উপযুক্ত হেতু বিনা তদ্রূপ কর্ম্ম করিতে উপেক্ষা কি অস্বীকার করে, কিম্বা কর্ম্ম সম্পাদন বিষয়ে আইনঅনুযায়ি যে আজ্ঞা কি আদেশ পায়, যদি তাহা মানিতে উপেক্ষা কি অস্বীকার করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাহার শৈথিল্য কি অস্বীকার কি অমানন এই প্রত্যেক দোষের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Appointment of additional Constables on the application of private individuals. Proviso.]

XXI. The Commissioner of Police may also, if he shall think fit, on the application of any person showing the necessity of it, appoint any additional number of Constables to keep the peace at any place within his jurisdiction, at the charge of the person applying, but subject to the orders of the said Commissioner and for such time as he shall think fit; and every such Constable shall receive a Certificate, by virtue of which he shall be vested with all the powers, privileges, and duties of the Constables belonging to the Police Force. Provided that the person upon whose application such appointment shall have been made may, upon giving one month's notice in writing to the Commissioner of Police, require that the Constables so appointed at his expense shall be discontinued, and thereupon the said Commissioner shall discontinue such additional Constables; and all moneys received by the Commissioner for the payment of any such additional Constables shall be accounted for by him.

[Police Districts. Appointment of Police Magistrates.]

XXII. The said Lieutenant-Governor may constitute, within the said Town of Calcutta, so many Police Districts as to such Lieutenant-Governor shall seem fit, and define the extent thereof; and from time to time alter the the number and extent of such Police Districts, and establish a Police Court in and for each of such Districts, or in and for such other Districts as the said Lieutenant-Governor may consider necessary. The said Lieutenant-Governor may, from time to time, appoint a sufficient number of fit persons as Magistrates of Police for the said Town, who may sit and act as such Magistrates in any of the said Police Courts. Every such person, before he shall act as a Magistrate of Police, shall also be appointed a Justice of the Peace and shall exercise all powers and jurisdictions which by virtue of any Law may be exercised by two Justices of the Peace.

[Police Officers to be in attendance at the Police Courts.]

XXIII. The Commissioner of Police shall take care that a sufficient number of Officers belonging to the Police Force shall be in attendance upon every Magistrate sitting at any Police Court, for the purpose of executing all such orders and process as may be directed or delivered to him.

[*Government Gazette*, 22*nd May* 1866.]

[বিশেষ ব্যক্তিদের প্রার্থনামতে অতিরিক্ত কনষ্টাবলদিগকে নিযুক্ত করণের কথা ও বর্জ্জিত বিধি।]

২১ ধারা। আরো পোলীসের কমিস্যনর সাহেবের ক্ষমতার অধীন কোন স্থানে শান্তিরক্ষার জন্যে অধিক জন কনষ্টাবলের নিযুক্ত হওয়া আবশ্যক, কোন ব্যক্তি প্রার্থনাপত্রদ্বারা ইহা দর্শাইলে যদি কমিস্যনর সাহেব উচিত বোধ করেন, তবে তিনি শান্তিরক্ষার জন্যে অধিক যত কনষ্টাবল চাহেন নিযুক্ত করিতে পারিবেন। তাহাদের রাখিবার ব্যয় ঐ প্রার্থকের দিতে হইবেক, কিন্তু তাহারা উক্ত কমিস্যনর সাহেবের আজ্ঞার অধীন থাকিবে। ও তিনি যত কাল উচিত বোধ করেন তত কাল তাহারা নিযুক্ত থাকিবে। তদ্রূপ প্রত্যেক কনষ্টাবল এক২ সংশিতপত্র পাইবে। তাহার বলে তাহার প্রতি পোলীসদলস্থ কনষ্টাবলদের সকল শক্তি ও ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম অর্পিত হইবে। পরন্তু যে ব্যক্তির প্রার্থনামতে তাহাদিগকে নিযুক্ত করা যায় তিনি পোলীসের কমিস্যনর সাহেবের নিকটে এক মাস থাকিতে সংবাদ লিখিয়া এই প্রার্থনা করিতে পারিবেন যে তাঁহার অর্থব্যয়ে নিযুক্ত সেই প্রকারের কনষ্টাবলদিগকে বিদায় করা যায়। তাহাতে উক্ত কমিস্যনর সাহেব অতিরিক্ত সেই কনষ্টাবলদিগকে বিদায় করিবেন। আর সেই অতিরিক্ত কনষ্টাবলদের বেতনের নিমিত্তে কমিস্যনর সাহেব যত টাকা পান তাহার হিসাব তাঁহার দিতে হইবেক ইতি।

[পোলীসের পল্লির কথা। ও পোলীসের মাজিষ্ট্রেটকে নিযুক্ত করণের কথা।]

২২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতানগরের মধ্যে পোলীসের যতপল্লি উচিত বোধ করেন তত সংস্থাপন করিয়া সেই২ পল্লির সীমা নিরূপণ করিতে পারিবেন। ও সময়ে২ পোলীসের সেই২ পল্লির সংখ্যা ও সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন ও প্রত্যেক পল্লির মধ্যে ও তাহার জন্যে কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অন্য যে২ পল্লি আবশ্যক জ্ঞান করেন সেই পল্লির মধ্যে ও তাহার জন্যে পোলীসের এক২ আদালত স্থাপন করিতে পারিবেন। উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ প্রচুর সংখ্যার উপযুক্ত ব্যক্তিদিগকে উক্ত নগরের পোলীসের মাজিষ্ট্রেটস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন। তাঁহারা পোলীসের উক্ত কোন আদালতে সেইরূপ মাজিষ্ট্রেটমতে অধিবেশন করিয়া কার্য্য করিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক ব্যক্তি পোলীসের মাজিষ্ট্রেটেরমতে কর্ম্ম করিবার পূর্ব্বে শান্তিরক্ষার্থ জষ্টিস স্বরূপও নিযুক্ত হইবেন, এবং কোন আইনের শক্তিক্রমে শান্তিরক্ষার্থ দুই জন জষ্টিস যে সকল শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিতে পারেন সেই সকল শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিবেন ইতি।

[পোলীসের নায়কদিগকে পোলীসের আদালতে উপস্থিত হইবার কথা।]

২৩ ধারা। যে সকল আজ্ঞা ও পরওয়ানা পোলীসের নায়কদিগের নামে লেখা যায় কি তাহাদিগকে দেওয়া যায় তাহা সাধন করিবার নিমিত্তে, পোলীসের কোন আদালতে উপবিষ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পোলীস দলের উপযুক্ত সংখ্যার নায়ক উপস্থিত থাকে, এই বিষয়ে পোলীসের কমিস্যনর সাহেব মনোযোগ করিবেন ইতি।

[Service of criminal process by Police Officer.]

XXIV. All summonses, subpœnas, and warrants issued in any criminal proceeding by a Commissioner or Deputy Commissioner of Police, or by any Magistrate of Police, shall be served and executed within the said Town of Calcutta by an Officer of the Police Force, and by none other.

[Execution of warrants.]

XXV. When any warrant shall be directed or delivered to any such Officer, unless the authority issuing it shall order that it be executed without delay, such Police Officer shall deliver the same to the superior Officer in charge of the Division to which he belongs, who shall appoint, by endorsement thereon, one or more Police Officers to execute the same; and every Police Officer whose name shall be so endorsed thereon shall have the same powers, privileges, and protection, as if the same had been originally directed to him by name.

[What offences summarily triable by Magistrates.]

XXVI. When any person is charged before a Magistrate with having committed, within the said Town or within the limits of the port of the said Town or of any navigable river or channel leading thereto, as such limits shall be defined under the provisions of Act XXII of 1855 *(for the regulation of Ports and Port-dues,)* any of the offences specified in this Section, and in the opinion of the Magistrate the case is one which will be adequately punished by imprisonment of the description, or either of the descriptions, applicable by law to the offence for a term not exceeding six calendar months, or (where by law the offence is punishable with fine alone) by a fine not exceeding two hundred Rupees, or in cases where by law both punishments may be imposed) by both such imprisonment and such fine, it shall be lawful for the Magistrate to proceed to try the case summarily, and on conviction to impose such punishment as aforesaid, and also to impose the punishment of whipping in lieu of, or in addition to, other punishment, in any case where by law the punishment of whipping may be imposed. Provided that, where the offence charged is one relating to moveable property, the Magistrate shall not try the case summarily, unless the value of such property does not exceed fifty Rupees. Provided also that nothing in this Section contained shall empower a Magistrate to impose any punishment for an offence in excess of that imposed for such offence by the Indian Penal Code.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২২ মে।]

[পোলীসের নায়ক দ্বারা ফৌজদারী পরওয়ানা পর্য্যর্পণের কথা।]

২৪ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব কিং ডেপুটী কমিস্যনর, কিম্বা পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেব কোন ফৌজদারী মোকদ্দমাতে যে সকল সমন ও সফীনা ও ওয়ারন্ট দেন তাহা উক্ত কলিকাতা নগরের মধ্যে পোলীস দলের কোন এক জন নায়ক ছাড়া অন্য কোন কাহারও দ্বারা পর্য্যর্পণ ও সাধন করা যাইবেক না ইতি।

[ওয়ারন্ট সাধন করিবার কথা।]

২৫ ধারা। যখন কোন ওয়ারন্ট তদ্রূপ কোন নায়কের নামে লেখা যায় কি তাহাকে দেওয়া যায়, তখন যে কার্য্যকারক তাহা দিয়াছেন তিনি তাহার অবিলম্বে সাধন হইবার আজ্ঞা না করিলে, পোলীসের সেই নায়ক যে খণ্ডের লোক হয় সেই খণ্ডের কর্ত্তৃত্বের ভারপ্রাপ্ত অধিনায়কের নিকটে ঐ ওয়ারন্ট লইয়া যাইবে তাহাতে সেই অধিনায়ক ঐ ওয়ারন্ট সাধন করিবার জন্যে তাহার পৃষ্ঠে এক কি অধিক নায়কের নাম লিখিয়া নিযুক্ত করিবেন। ও পোলীসের যে কোন নায়কের নাম তাহার পৃষ্ঠে সেইরূপে লেখা যায় সেই২ নায়কের নামে তাহা প্রথমে লেখা গেলে তাহার যে শক্তি ও ক্ষমতা ও আশ্রয় প্রাপ্তি হইত ঐ প্রত্যেক নায়কের সেই শক্তি ও ক্ষমতা ও আশ্রয় হইবেক ইতি।

[মাজিষ্ট্রেটকর্ত্তৃক যে২ অপরাধের সরাসরী বিচার হইতে পারে তাহার কথা।]

২৬ ধারা। কোন মাজিষ্ট্রেটের নিকটে যদি কোন ব্যক্তির নামে এই অভিযোগ হয় যে, উক্ত নগরের মধ্যে, কিম্বা (বন্দর ও বন্দরীয় মাস্থল আদায় করণার্থ) ১৮৫৫ সালের ২২ আইনের বিধানেতে যে সীমা অবধারিত হইয়াছে, উক্ত নগরের বন্দরের কিম্বা নৌকাদির গমনীয় কোন নদীর কি সেই নদীতে গমনার্থ কোন খালাদির সেই সীমার অন্তর্গত স্থানে সেই ব্যক্তি এই ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ করিয়াছে, এবং আইনঅনুসারে ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত ছয় মাসের অনধিক যে প্রকারের কারাদণ্ড অবধারিত আছে সেই প্রকারে কি একতর প্রকারের কারাদণ্ড কিম্বা যদি আইনক্রমে ঐ অপরাধের কেবল অর্থদণ্ড হয়, তবে দুই শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা যদি আইনক্রমে ঐ দুই দণ্ড অবধারিত হয়, তবে ঐ কারা ও অর্থদণ্ড ঐ অপরাধের সমুচিত দণ্ড হয়, মাজিষ্ট্রেট সাহেব যদি ইহা বোধকরেন, তবে তিনি সরাসরীমতে সেই মোকদ্দমার বিচার করিতে প্রবর্ত্ত হইবেন, এবং অপরাধ প্রমাণ হইলে পূর্ব্বোক্ত দণ্ডের আজ্ঞা করিতে, এবং যে স্থলে আইনমতে কশাঘাত দণ্ডের আজ্ঞা হইতে পারে সেই স্থলে অন্য দণ্ডের পরিবর্ত্তে কি তদতিরিক্ত কশাঘাত দণ্ডেরও আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইবেন। কিন্তু যে অপরাধের অভিযোগ হয় তাহা অস্থাবর সম্পত্তি বিষয়ক অপরাধ হইলে, যদি সেই সম্পত্তির পঞ্চাশ টাকার অধিক মূল্য হয়, তবে তিনি সরাসরীমতে ঐ মোকদ্দমার বিচার করিবেন না। আরো ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে যে অপরাধের যে দণ্ড ধার্য্য হইয়াছে, এই ধারার কোন কথার বলে মাজিষ্ট্রেট সাহেব সেই অপরাধের অধিক দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

The following are the offences above referred to:—

1. Offences under Sections 133, 134, 135, 136, 137, 138, or 140 of the Indian Penal Code.

2. Offences under Section 161 of the Indian Penal Code.

3. Contempts of the lawful authority of public servants, other than an offence under Section 181 of the Indian Penal Code.

4. Resistance or obstruction by a person to his lawful apprehension under Section 224 of the Indian Penal Code.

5. Resistance or obstruction to the lawful apprehension of another person under Section 225 of the Indian Penal Code.

6. Offences relating to weights and measures.

7. Offences relating to religion.

8. Attempts to commit suicide.

9. Voluntarily causing hurt under Section 321 of the Indian Penal Code.

10. Voluntarily causing hurt on provocation under Section 334 of the Indian Penal Code.

11. Doing an act rashly or negligently under Sections 336 or 337 of the Indian Penal Code.

12. Wrongful restraint under Section 341 of the Indian Penal Code.

13. Wrongful confinement under Section 342 of the Indian Penal Code.

14. Assault or criminal force under Sections 352, 353, 357, or 358 of the Indian Penal Code.

15. Theft under Section 379 of the Indian Penal Code.

16. Dishonest misappropriation or conversion of moveable property under Section 403 of the Indian Penal Code.

17. Dishonestly receiving or retaining stolen property under Section 411 of the Indian Penal Code.

18. Assisting in the concealment, disposing of, or making away with, stolen property under Section 414 of the Indian Penal Code.

19. Cheating under Sections 417, 418 or 419 of the Indian Penal Code.

20. Mischief under Sections 426, 428, or 434 of the Indian Penal Code.

21. Criminal Trespass under Sections 447, 448, 453, 461, or 462 of the Indian Penal Code.

22. Criminal breach of a contract of service.

23. Criminal intimidation, insult, or annoyance.

24. Attempts to commit any of the foregoing offences under Section 511 of the Indian Penal Code.

25. Abetment of any of the foregoing offences.

উপরি লিখিত অপরাধ এই২—

১। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৩৩, ১৩৪ ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮ কি ১৪০ ধারামত অপরাধ।

২। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬১ ধারামত অপরাধ।

৩। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৮১ ধারামত অপরাধ ভিন্ন রাজকীয় কার্য্যকারকদের আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা।

৪। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২২৪ ধারামত আইনসিদ্ধমতে ধৃত হওনের প্রতিরোধ কি বাধকতা করণ।

৫। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২২৫ ধারামত অন্যের আইনসিদ্ধ ধৃত হওনের প্রতিরোধ কি বাধকতা করণ।

৬। ওজন ও পরিমাণ করণ বিষয়ক অপরাধ।

৭। ধর্ম্মসম্পর্কীয় অপরাধ।

৮। আত্মহত্যার উদ্যোগ।

৯। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩২১ ধারামত ইচ্ছাপূর্ব্বক পীড়া দেওন।

১০। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৩৪ ধারামতে বিরক্ত হইয়া ইচ্ছাপূর্ব্বক পীড়া দেওন।

১১। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৩৬ কি ৩৩৭ ধারামতে দুঃসাহসে কি অনবধানে কার্য্য করণ।

১২। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৪১ ধারামত অন্যায় অবরোধ করণ।

১৩। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৪২ ধারামত অন্যায়মতে কারাবদ্ধ করণ।

১৪। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৫২ কি ৩৫৩ কি ৩৫৭ কি ৩৫৮ ধারামত আক্রমণ কি অপরাধযুক্ত বল প্রকাশ করণ।

১৫। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৭৯ ধারামত চৌর্য্য।

১৬। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪০৩ ধারামত অস্থাবর দ্রব্য শঠতাক্রমে অবিহিতরূপে কি স্বীয় কর্ম্মে ব্যবহার করণ।

১৭। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪১১ ধারামত চোরা দ্রব্য শঠতাক্রমে গ্রহণ কি রাখন।

১৮। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪১৪ ধারামত চোরা দ্রব্য গোপন কি হস্তান্তর কি অনুদ্দেশ্য করণের সহায়তা করণ।

১৯। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪১৭, ৪১৮, ৪১৯ ধারামত বঞ্চনা করণ।

২০। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪২৬, ৪২৮ ৪৩৪ ধারামত অপকার করণ।

২১। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৪৭, ৪৪৮, ৪৫৩, ৪৬১, কি ৪৬২ ধারামত অপরাধ ভাবে অনধিকার প্রবেশ।

২২। অপরাধভাবে চাকরীর চুক্তিভঙ্গ করণ।

২৩। অপরাধভাবে ভয় প্রদর্শন কি অপমান করণ কি ক্লেশ দেওন।

২৪। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৫১১ ধারামত পূর্ব্বোক্ত কোন অপরাধ করিবার উদ্যোগ।

২৫। পূর্ব্বোক্ত কোন অপরাধের সহায়তা ইতি।

[Summary jurisdiction of two Magistrates in certain cases.]

XXVII. Whenever any person is charged before the Magistrate with any of the offences mentioned in the last preceding Section or with any of the offences of Hurt described in the Indian Penal Code Sections 319 to 338 both inclusive, and by reason of the value of the property forming the subject of such charge, or for any other cause, the offence is not by law summarily cognizable by a single Magistrate, and some material witness is about to leave the Town or Port of Calcutta, it shall be lawful for two Magistrates, upon proof of the matters aforesaid, if they shall deem it probable (with reference to the time appointed for the departure of such witness) that the prosecution in Her Majesty's High Court of Judicature of the person so charged, will be in effectual in consequence of the absence of such material witness, to hear and determine the charge summarily, and on conviction to sentence the offender to imprisonment, with or without hard labor, for a term not exceeding twelve months. Provided that it shall be lawful for the said two Magistrate, if they deem that the charge is from any circumstances fit to be made the subject of prosecution in the High Court rather than to be summarily disposed of, to commit the person charged for trial before the High Court of Judicature.

[কোনং স্থলে সরাসরী বিচার করিতে দুই মাজিষ্ট্রে-টের ক্ষমতার কথা।]

২৭ ধারা। যদি মাজিষ্ট্রেটের নিকটে কোন ব্যক্তির নামে ইহার অব্যবহিত পূর্ব্ব ধারার লিখিত কোন অপরাধ কিম্বা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩১৯ অবধি ৩৩৮ পর্য্যন্ত সমস্ত ধারার নির্দ্দিষ্ট পীড়া দেওন সম্পর্কীয় কোন অপরাধ করিবার অভিযোগ হয়, এবং যে সম্পত্তির বিষয়ে ঐ অভিযোগ হইল সেই সম্পত্তির মূল্য হেতুক কি অন্য কারণে যদি আইন ক্রমে সেই অপরাধ সরাসরীমতে একি জন মাজিষ্ট্রেটের বিচার্য্য না হয়, এবং গুরুতর কোন সাক্ষী কলিকাতা নগর কি বন্দরহইতে প্রস্থান করিতে উদ্যত হন, তবে পূর্ব্বোক্ত কথার প্রমাণ হইলে এবং ঐ সাক্ষির গমন করিবার নির্দ্ধারিত সময় লক্ষ করিয়া ঐ গুরুতর সাক্ষির অনুপস্থান প্রযুক্ত শ্রীশ্রীমতী মহারাণীর হাই কোর্টে অভিযুক্ত ব্যক্তির অভিযোগের বিচারহওয়া নিষ্ফল হইবার সম্ভাবনা বিবেচনা করিলে, দুই জন মাজিষ্ট্রেট সরাসরীমতে ঐ অভিযোগের শ্রবণ ও নির্ণয় করিতে পারিবেন এবং অপরাধ প্রমাণ হইলে অপরাধির কঠিন পরিশ্রমসহিত কি তদ্ভিন্ন দ্বাদশ মাসের অনধিক কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু সেই অভিযোগ সরাসরীমতে নির্ণীত না হইয়া হাই কোর্টের নিষ্পন্ন হইবার যোগ্য উক্ত দুই জন মাজিষ্ট্রেট যদি কোন ভাবগতিক হেতুক এমত বোধ করেন, তবে তাঁহারা সেই অভিযুক্ত ব্যক্তিকে হাই কোর্টে বিচারিত হওনার্থে সমর্পণ করিতে পারিবেন ইতি।

[Restitution of stolen property to owner, or imposition of fine on offender.]

XXVIII. Upon a summary conviction for any of the offences mentioned in the foregoing Sections, the Magistrate or Magistrates, as the case may be, may order the restitution to the owner of the property forming the subject of the charge, if the same be forthcoming; and in the case of its not being restored pursuant to such order, or of its not being forthcoming, may may impose upon the offender, in addition to the punishment for the offence, a fine not exceeding the loss appearing to be caused to the persons who have suffered thereby, and may pay or distribute the proceeds of the said fine to or for the benefit of the said persons.

[চোরা জিনিস স্বামিকে ফিরিয়া দিবার কি অপরাধির অর্থদণ্ড করিবার কথা।]

২৮ ধারা। পূর্ব্বোক্ত ধারার লিখিত কোন অপরাধ সরাসরীমতে নির্ণয় হইলে, যে দ্রব্যের বিষয়ে নালিশ হইল তাহা যদি উদ্দেশ্য হইয়া থাকে, তবে মাজিষ্ট্রেট সাহেব কি বিষয়বিশেষে মাজিষ্ট্রেট সাহেবেরা ঐ দ্রব্য স্বামিকে ফিরিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই আজ্ঞামতে ঐ দ্রব্য ফিরিয়া না দেওয়া যায়, কি উদ্দেশ্য না হয় তবে অপরাধের দণ্ডাতিরিক্ত অপরাধির অর্থদণ্ডও করিবেন বিশেষতঃ ঐ দ্রব্য অপহৃত হওনদ্বারা যে ব্যক্তিদের যত ক্ষতি হইল সেই ক্ষতিপূরণের উপযুক্ত টাকার অনধিক অর্থদণ্ড করিতে পারিবেন ও সেই ব্যক্তিদিগকে ঐ অর্থদণ্ডের টাকা দিবেন কিম্বা তাঁহাদের মঙ্গলার্থে বণ্টন করিবেন ইতি।

[Penalty for wilful trespass on property.]

XXIX. Whoever, without satisfactory excuse, wilfully trespasses in or on any dwelling-house or premises, or any land or ground attached thereto, or on any boat or vessel, not thereby causing any actual damage, or on any ground belonging to Government, or appropriated to public purposes, shall be liable, on summary conviction before a Magistrate, to a fine not exceeding twenty Rupees.

[কোন সম্পত্তিতে ইচ্ছাপূর্ব্বক অনধিকার প্রবেশ করিবার দণ্ডের কথা।]

২৯ ধারা। যদি কোন ব্যক্তি যথোপযুক্ত কারণ না থাকিলেও ইচ্ছাপূর্ব্বক কোন বসত ঘরে কি বাটীতে কিম্বা তৎসংক্রান্ত কোন ভূমিতে কি কোন নৌকায় কি জাহাজে প্রবেশ করে অথচ তাহাতে ক্ষতি না করে, কিম্বা গবর্ণমেণ্টের কি রাজকীয় কর্ম্মেতে নিরূপিত কোন ভূমিতে প্রবেশ করে, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সরাসরীমতে প্রমাণ হইলে তাহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Magistrate may make order of maintenance for wives and children. Proviso.]

XXX. If any person, having sufficient means, neglects or refuses to maintain his wife or any legimate or illegitimate child unable to maintain himself, it shall be lawful for a Magistrate, upon due proof thereof, to order such person to make a monthly allowance for the maintenance of his wife or such child as aforesaid, at such rate, not exceeding fifty Rupees in the whole, as to the Magistrate shall seem reasonable: and if such person shall wilfully neglect to comply with the said order, the Magistrate may, by warrant, direct the amount due to be levied in the manner hereinafter provided for levying fines; or may order him to be imprisoned, with or without hard labor, for any term not exceeding one month. Provided always that any such person shall be at liberty to apply to the Magistrate, from time to time, for a reduction of such monthly allowance, on proof of an alteration in the circumstances of himself, his wife, or child, justifying such reduction. Provided also that if such person offers to maintain his wife on condition of her living with him, and his wife shall refuse to live with him, it shall be lawful for the Magistrate to consider any grounds of refusal stated by such wife; and he may make the order aforesaid, notwithstanding such offer aforesaid, if he shall be satisfied that such person is living in adultery or that he has habitually treated his wife with cruelty.

[স্ত্রী সন্তানাদির ভরণপোষণের আজ্ঞা করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা ও বর্জ্জিত কথা।]

৩০ ধারা। কোন ব্যক্তির উপযুক্ত সঙ্গতি থাকিলেও যদি সে আপন স্ত্রীর কিম্বা স্বকীয় প্রতিপালনের অক্ষম আপনার ঔরস কি জারজ সন্তানের ভরণপোষণ না করে কি করিতে স্বীকার না করে, তবে কোন মাজিষ্ট্রেট সাহেব তাহার উপযুক্ত প্রমাণ পাইলে, তাহার স্ত্রীর কি পূর্ব্বোক্ত সন্তানদের ভরণপোষণের নিমিত্তে সর্ব্বসুদ্ধ পঞ্চাশ টাকার অনধিক যত টাকা মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করেন ঐ ব্যক্তিকে মাসে তত টাকা দিতে আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক ঐ আজ্ঞামতে কর্ম্ম করিতে ত্রুটি করে তবে এই আইনেতে অর্থদণ্ড আদায় করিবার যে নিয়ম পশ্চাৎ হইতেছে সেই নিয়মমতে মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞাপত্রক্রমে ঐ টাকা আদায় হইবার আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা পরিশ্রম সহিত কি বিনা পরিশ্রমে এক মাসের অনধিক কাল তাহার কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু তদ্রূপ কোন লোকের কি তাহার স্ত্রীর কি সন্তানের অবস্থার কিছু বিশেষ হওয়া প্রযুক্ত যদি তাহার মাসে২ দাতব্য ঐ টাকা ন্যূন করা ন্যায্য হইতে পারে, তবে সেই অবস্থার প্রমাণ করিলে ঐ ব্যক্তি সময়ে২ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ টাকা ন্যূন হইবার প্রার্থনা করিতে পারিবে। আরো যদি সেই লোক কহে যে, স্ত্রী আমার সঙ্গে বাস করিলে আমি তাহার ভরণপোষণ করিতে প্রস্তুত, ও যদি স্ত্রী তাহার সঙ্গে বাস করিতে স্বীকার না করে, তবে ঐ স্ত্রী স্বীকার না করিবার যে কারণ দর্শায় মাজিষ্ট্রেট সাহেব তাহার বিবেচনা করিতে পারিবেন। ও সেই পুরুষ উপপত্নী রাখে কি আপন স্ত্রীর প্রতি নিয়ত নির্দ্দয়াচার করে, ইহা হৃদ্বোধমতে জানিলে, ঐ পুরুষের উক্ত প্রস্তাব হইলেও মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Magistrate may compel immediate restoration of a woman or child detained for any unlawful purpose.]

XXXI. Upon complaint made to a Magistrate on oath of the kidnapping, abduction, or detention of a woman, or of a female child under the age of fourteen years, for any unlawful purpose, such Magistrate may, on satisfactory proof of such detention, make an order for the immediate restoration of such woman to her liberty, or of such female child to her husband, parent, guardian, or other person having the lawful charge or government of such child, and may compel compliance with such order, using force if necessary.

[অব্যবস্থ কার্য্যের নিমিত্তে স্ত্রীকে কি বালিকাকে আটক্ রাখা গেলে তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের অগৌণে ফিরাইয়া দেওয়াইতে পারিবার কথা।]

৩১ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে অবৈধ অভিপ্রায়ে কোন স্ত্রীকে কি ১৪ বৎসরের ন্যূন বয়সের বালিকাকে চুরি করিবার কি হরণ করিবার কিম্বা আটক করিয়া রাখিবার শপথক্রমে অভিযোগ হইলে, ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ আটক্ হওয়ার উপযুক্ত প্রমাণ পাইলে ঐ স্ত্রীকে অগৌণে মুক্ত করিতে, কিম্বা ঐ বালিকাকে তাহার স্বামিকে কি বিষয় বিশেষে তাহার পিতাকে কি মাতাকে কি অভিভাবককে কিম্বা অন্য যে ব্যক্তি ব্যবস্থামত ঐ বালিকার তত্ত্বাবধারি কি প্রতিপালক হন তাহাকে অগৌণে ফিরিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন, আর ঐ আজ্ঞামতে ফিরিয়া দেওয়াইতে ও আবশ্যক হইলে বলপূর্ব্বক ফিরিয়া দেওয়াইতে পারিবেন ইতি।

[Apprehension and punishment of reputed thieves, &c.]

XXXII. Any person found between sun-set and sun-rise armed with any dangerous or offensive instrument whatsoever, with intent to commit any criminal act; any reputed theif found between sun-set and sun-rise on board any vessel or boat, or lying or loitering in any bazar, street, road,

[প্রসিদ্ধ চোর প্রভৃতির ধৃতির ও দণ্ড করণের কথা।]

৩২ ধারা। কোন অপরাধ করিবার অভিপ্রায়ে আশঙ্কা কি আঘাত জনক কোন অস্ত্র শস্ত্রেতে সজ্জিত যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হওনের মধ্য কালে পাওয়া যায়, ও প্রসিদ্ধ যে কোন চোরকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে কোন জাহাজে কি নৌকাতে পাওয়া যায়, কিম্বা কোন বাজারে কি

yard, thoroughfare, or other place, who shall not give a satisfactory account of himself; any person found between sun-set and sun-rise having his face covered or otherwise disguised, with intent to commit any offence; any person found between sun-set and sun-rise in any dwelling-house or other building whatsoever, without being able satisfactorily to account for his presence therein; and any person having in his possession, without lawful excuse (the proof of which excuse shall be on such person), any implement of house breaking—may be taken into custody by any Police Officer without a warrant, and shall be liable, on summary conviction before a Magistrate, to imprisonment, with for without hard labor, for any term not exceeding three months.

রাস্তার কি পথে কি প্রাঙ্গণে কি অনবরোধ পথে কি অন্য স্থানে শুইয়া থাকিতে কি আলস্যভাবে বেড়াইতে দেখা যায়, ও যে আপনার বৃত্তান্ত সুবোধমতে কহিতে না পারে তাহাকে, এবং কোন অপরাধ করিবার অভিপ্রায়ে মুখ আচ্ছাদন করিয়া কি অন্য প্রকারে ছদ্মবেশী হইয়া রহিয়াছে এমত যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্যকালে পাওয়া যায় তাহাকে, ও যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে কোন বসতি বাটীতে কিম্বা অন্য প্রকারের ঘরে পাওয়া যায়, যদি সেই ব্যক্তি আপনার সেই ঘরে থাকিবার কারণ সুবোধমতে জানাইতে না পারে, তবে সেইং ব্যক্তিকে ও যে কোন ব্যক্তির নিকটে ঘরে সিঁধ কাটিবার অস্ত্র পাওয়া যায় সে যদি তাহার ব্যবস্থা সিদ্ধ কারণ জানাইতে না পারে (ও সেই প্রমাণ করিবার ভার সেই ব্যক্তির প্রতি থাকিবে) তবে সেই ব্যক্তিকে, পোলীসের কোন কর্ম্মকারক আজ্ঞাপত্র না পাইয়াও আসেধ করিতে পারিবেক ও মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সরাসরীমতে অপরাধের প্রমাণ হইলে সেই ব্যক্তি কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা তিন মাসের অনধিক কাল কারাদণ্ডের যোগ্য হইবেক ইতি।

[Penalty for taking spirits into Barracks or on board vessels of war.

[বারিকে অর্থাৎ সৈন্যেরদের ছাউনি স্থানে কিম্বা যুদ্ধের জাহাজে শরাব লইয়া যাইবার দণ্ডের কথা।]

XXXIII. Whoever, not being amenable to the Articles of War for Her Majesty's Army or Her Majesty's Navy, or for the Native Officers or Soldiers in Her Majesty's Indian army, takes, or attempts to take, into Fort William at Calcutta, or into any Military Barracks, guard rooms, or encampments, within the Town of Calcutta, or on board or alongside of any Vessel of War belonging to Her Majesty in the Port of the said Town, any spirits or spirituous or fermented liquors, or intoxicating drugs or preparations, without the license in writing of the Commanding Officer, (unless such articles are intended for some person above the rank of Non-Commissioned Officer), shall be liable, on summary conviction before a Magistrate, to a fine not exceeding one hundred Rupees, or imprisonment for any term not exceeding two months, with or without hard labor; and such liquors, drugs, or preparations, and the vessels containing the same, shall be forfeited.

৩৩ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদল কি জাহাজীয় সৈন্যদল কি শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় সৈন্যদলের সুব্দাদার কি সৈন্যের জন্য যুদ্ধ সম্পর্কীয় আইনের অধীন না হইয়া যে কেহ কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেবের লিখিত অনুমতিপত্র বিনা কলিকাতার ফোর্ট উলিয়ম কিম্বা কলিকাতা নগরের অন্তঃপাতি সৈন্যসম্পর্কীয় কোন বারিকে কি গারদ ঘরে কি ছাউনি স্থানে কিম্বা উক্ত নগরের বন্দরস্থ শ্রীশ্রীমতী মহারাণীর কোন যুদ্ধ জাহাজে কি তাহার পার্শ্বে কোন মদিরা কি উগ্র কি গাঁজাধরা মদ্য কি মাদক দ্রব্য কিম্বা মাদক দ্রব্যে প্রস্তুত বস্তু লইয়া যায় কিম্বা লইয়া যাইবার উৎদ্যোগ করে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সরাসরীমতে তাহার অপরাধের প্রমাণ হইলে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক অর্থদণ্ডের কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই মাসের অনধিক কারাদণ্ডের যোগ্য হইবে। ও সেই মদিরা কি দ্রব্য কি প্রস্তুত বস্তু যে পাত্রেতে থাকে তাহা সমেত দণ্ড হইবেক। কিন্তু যদি সেই শরাবাদি অচিহ্নিত সুব্দাদারের উচ্চ পদস্থ কোন সাহেবের নিমিত্তে হয়, তবে এই বিধি খাটিবে না ইতি।

[Penalty for taking spirits, &c, into Jail.]

[কারাগারে মদিরা লইয়া যাইবার দণ্ডের কথা।]

XXXIV. Whoever takes, or attempts to take, without due permission, or throws, or attempts to throw, into any jail or house of correction or into any public hospital, any spirits or spirituous or fermented liquors, or intoxicating drugs or preparations, shall be liable, on summary conviction before a Magistrate, to a fine not exceeding fifty Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding two months.

৩৪ ধারা। যে কেহ উপযুক্ত অনুমতি না পাইয়া কোন কারাগারে কি হরিণবাড়ীতে কি রাজকীয় কোন হাস্পাতালে কোন মদিরা কিম্বা উগ্র কি গাজাধরা মদ্য কিম্বা মাদক দ্রব্য কি মাদক দ্রব্যে প্রস্তুত দ্রব্য লইয়া যায় কি ফেলে কিম্বা লইয়া যাইবার কি ফেলিবার উদ্যোগ করে তাহার অপরাধ সরাসরীমতে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের কিম্বা কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা দুই মাসের অনধিক কারাদণ্ডের যোগ্য হইবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২২ মে।]

[Penalty for keeping Hotel, &c., without a License.]

XXXV. Whoever in the Town of Calcutta has or keeps any Hotel, Tavern, Punch-house, Ale-house, Arrack or Toddy shop, or place for the sale of consumption of Ganja, Chundoo, or other preparation of Opium, Hemp, or other intoxicating drug, plant, or substance, or has or keeps any Coffee-house, Boarding-house, Eating-house, Lodging-house, or other place of public resort and entertainment, wherein provisions, liquors, or refreshments are sold or consumed (whether the same be kept or retailed therein or procured elsewhere), without a license to be obtained in the manner hereinafter mentioned, shall be liable, on summary conviction before a Magistrate, to a fine not exceeding fifty Rupees for every day that the said house or place of entertainment is kept open or the sale of provisions, liquors, or refreshments is continued, without the necessary license. Provided that nothing in this Act shall apply to the sale in reasonable quantities of any drug, plant, or substance in any Chemist's or Druggest's shop for medicinal purposes only.

[Excise license not to be granted without Certificate of Commissioner of Police.]

XXXVI. No license shall be granted under the provisions of Act XI of 1849 (*for securing the Abkaree Revenue of Calcutta*) unless the person applying for such license shall produce a Certificate from the Commissioner of Police stating that a license may be granted to him for the sale of spirituous liquors or intoxicating drugs, as the case may be, without risk or detriment to the preservation of Peace and good order, and containing a full statement of such conditions as may have been imposed and shall have remained in force under the provisions hereinafter contained at the date when such license shall be granted. No license so granted shall be renewable without a fresh Certificate as aforesaid previously obtained from the Commissioner of Police, subject to the order and control of the Lieutenant-Governor of Bengal.

[Duration and conditions of license.]

XXXVII. It shall be competent to the Commissioner of Police, subject to the direction and control of the said Lieutenant-Governor, to limit in such Certificate as aforesaid the period for which the license may be granted, and also to fix such conditions as he may deem necessary for securing the good behaviour of the keepers of the houses and places of entertainment as aforesaid and for the prevention of drunkness and disorder among the persons frequenting or using the same, and

[অনুমতিপত্র বিনা হোটেলপ্রভৃতি রাখিবার দণ্ডের কথা।]

৩৫ ধারা। কোন উত্তরণগৃহ কি পঞ্চা কি পঞ্চঘর কি এল ঘর কি আরকের কি তাড়ির দোকান কিম্বা গাঁজা কি চণ্ডু কি আফীমে প্রস্তুত অন্যদ্রব্য কি সিদ্ধি কিম্বা মাদক অন্য কোন দ্রব্য কি পত্রাদি কি বিষয় বিক্রয়ের কি সেবনের স্থান কিম্বা কোন কাফী হৌস কি বোর্ডিং হাউস কি আহারার্থ ঘর কি লজিং হৌস কিম্বা সাধারণের গমনাগমন ও আহার বিলাসাদি করিবার জন্য যে স্থানে আহারীয় দ্রব্য কি মদ্য কি মিষ্টান্ন প্রভৃতি বিক্রয় কি আহার পানাদি হয় (সেই দ্রব্য সেই স্থানে রাখা গিয়া থাকুক কি তথায় খুচরা বিক্রয় হউক কি অন্য স্থানহইতে আনা যাউক) যদি কোন ব্যক্তি পশ্চাৎ লিখিতমতে অনুমতিপত্র না পাইয়া তদ্রূপ কোন স্থান রাখে কিম্বা অনুমতিপত্র বিনা যদি কোন ব্যক্তির তদ্রূপ স্থান থাকে, তবে সরাসরীমতে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে প্রয়োজনীয় অনুমতিপত্র বিনা তদ্রূপের ঘর কি অন্য স্থান যত দিন খোলা রাখা যায় কিম্বা সেই আহারীয় দ্রব্য কি মদ্য মিষ্টান্ন প্রভৃতি যত দিন বিক্রয় হইতে থাকে তাহার দিনপ্রতি সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু কোন ড্রুগিস্ট কি কেমিস্টের দোকানে অর্থাৎ ঔষধালয়ে যে কোন মাদক দ্রব্য কি পত্রাদি কি বিষয় কেবল ঔষধ স্বরূপে যুক্তিসিদ্ধ পরিমাণে বিক্রয় হয় তাহার প্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেবের সংশিতপত্র বিনা মদ্য বিক্রয়ের অনুমতিপত্র না দিবার কথা।]

১। মোক্তারের পরীক্ষাতে উপস্থিত হইবার যোগ্য এই মর্ম্মের সংশিতপত্র যে ব্যক্তি জজ সাহেবের স্থানে প্রাপ্ত হন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষাতে উপস্থিত হইতে পারিবেন।

2. Any person who can satisfy the Collector of the District that he possesses the following qualifications may be admitted to examination for the office of Revenue Agent, *viz :*—

1st.—That he is a person of good moral character.

2nd.—That he has received a liberal education.

3rd.—That he is not under the age of twenty, nor above the age of thirty-five years, unless he has been previously practising as a Mukhtar, in which case no enquiry as to age is necessary.

২। পশ্চাৎ লিখিত গুণ প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে যে কেহ জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পারিবেন বিশেষতঃ

(১) তিনি সুনীতিরীতির ব্যক্তি।

(২) বিশিষ্টমতে বিদ্যাশিক্ষা করিয়াছেন।

(৩) ২০ বৎসরের ন্যূন কি ৩৫ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক নহেন। কিন্তু যদি পূর্ব্বে মোক্তারের কর্ম্ম করিয়া থাকেন তবে বয়সের কথা জিজ্ঞাসা করা আবশ্যক হইবে না।

3. Every candidate for examination for the office of Revenue Agent shall, at least six months before the day fixed for the examination, give notice to the Collector of the District in which he resides of his intention to present himself at the ensuing examination.

৩। রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার কালেক্টর সাহেবকে পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতি ন্যূন ছয় মাস থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন।

4. The Collector, if satisfied that the candidate is qualified for examination under Rule 1 or 2, shall thereupon enter his name, with a description

৪। ঐ পদাকাঙ্ক্ষি ১ কিম্বা ২ ধারার মতে পরীক্ষা দিবার যোগ্য কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে ঐ পরীক্ষার্থির নাম, ও তাঁহাকে চিনি

sufficient for identification, in a register, and shall furnish to the candidate a certificate to that effect.

5. Before the date of examination every candidate shall pay a fee of Rupees 5 to the Collector of the District, whose receipt for the same shall be endorsed on the certificate described in Rule 4.

6. Candidates residing in Calcutta shall give the notice, and pay the fees, prescribed in Rules 3 and 5, to the Collector of the 24-Pergunnahs.

7. The examination shall be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners under Section 24, Act XX of 1865, and according to such regulations as shall be made by the said Government for conducting such examination. The examination shall be in the following subjects:—

A. The permanent settlement; the Government lien on land; and the mode in which Estates can be brought to sale for arrears of revenue.	Regulations I, II, VIII, X, XI, XIV, XIX, XXXVII, and XLIV of 1793; Act XI of 1859.
B. The Law of under-tenures, and the mode in which the same can be brought to sale for arrears of revenue.	Regulations VIII of 1819 and I of 1820; Acts X of 1859 and VIII (B. C.) of 1865.
C. The Law for the Division of Estates.	Regulation XIX of 1814.
D. The relation of Landlord and Tenant.	Acts X of 1859 and VI (B. C.) of 1862.
E. The Law of Evidence.	Act II of 1855.
F. The Stamp Laws.	Acts X of 1862 and XVIII of 1865.

8. Any person who shall pass the examination, and who shall desire to be admitted as a Revenue Agent, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 8, and shall on presentation of the certificate of the Examiners, and of a receipt for the said sum of Rupees 8, be entitled to apply to the Collector of the District for, and to receive a certificate in, the form prescribed in Schedule 3, Act XX of 1865, and subject to the conditions of Sections 20, 21, and 22 of the said Act, which certificate shall be signed by the Collector of the District and delivered to the applicant.

9. The application, certificate, and receipt required by Rule 8 shall be forwarded by the Collector, to the Secretary of the Board of Revenue, with such remarks as he may think fit to make thereon.

[*Government Gazette*, 22nd May 1866.]

বার উপযুক্ত বর্ণনা রেজিষ্টরে লিখিয়া তাঁহাকে সেই মর্ম্মের এক সংশিতপত্র দিবেন।

৫। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে উক্ত পদাকাঙ্ক্ষ প্রত্যেক জন জিলার কালেক্টর সাহেবকে ৫৲ টাকা শুল্ক দিবেন। তাহার রসীদ ৪ বিধির নির্দ্দিষ্ট সংশিতপত্রের পৃষ্ঠে লিখিত হইবে।

৬। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার কালেক্টর সাহেবের নিকটে ৩ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনত্র ও ৫ ধারার নির্দ্দিষ্ট শুল্ক দিবেন।

৭। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ২৪ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষাকার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে। পশ্চাৎ লিখিত পুস্তকে পরীক্ষা হইবে যথা,

A. চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাওয়ার ও বাকী রাজস্বের জন্যে সম্পত্তির নীলাম যে নিয়মে হইতে পারে তদুপলক্ষে।	১৭৯৩ সা. ১, ২, ৮, ১০, ১১, ১৪, ১৯, ৩৭, ও ৪৪, আইন ১৮৫৯ সা. ১১ আইন।
B. পত্তনীতালুকের আইন ও ভাগ বাকী রাজস্বের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে।	১৮১৯ সালের ৮ আইন ১৮২০ সা. ১ আ. ও ১৮৫৯ সা. ১০ আইন ১৮৬৫ সা. বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইন।
C. বাটওয়ারা বিষয়ক আইন।	১৮১৪ সা. ১৯ আ।
D. ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধব্যবস্থা	১৮৫৯ সা. ১০ আ. ও ১৮৬২ সা. বঙ্গদেশীয় ৬ আ.
E. প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৫৫ সা. ২ আ।
F. ইষ্টাম্প বিষয়ক আইন।	১৮৬২ সা. ১০ আ। ১৮৬৫ সা. ১৮ আ.।

৮। কোন ব্যক্তি পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ৮৲ টাকা দিবেন এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ৮৲ টাকার রসীদ দেখাইলে তিনি জিলার কালেক্টর সাহেবের নিকটে ১৮৬৫ সালের ২০ আইনের ৩ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে এবং উক্ত আইনের ২০ ও ২১ ও ২২ ধারার নিয়মাধীনে সংশিতপত্র পাইবার প্রার্থনা করিতে স্বত্ববান হইবেন। সংশিতপত্র জিলার কালেক্টর সাহেবের দ্বারা স্বাক্ষরিত হইয়া প্রার্থককে দেওয়া যাইবে।

৯। কালেক্টর সাহেব ঐ প্রার্থনা এবং এই বিধির ৮ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ ও তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহা লিখিয়া রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের নিকটে প্রেরণ করিবেন।

10. If any person, having passed the examination entitling him to be admitted and enrolled as a Revenue Agent, shall fail to apply for such admission and enrolment for a period of three years, he shall not be admitted and enrolled, unless, by a special order of the Board of Revenue, the time for such application shall be extended.

11. Provided that any person who, on the 1st January 1866, had been practising for the term of one year at least immediately preceding that date, as a Mukhtar in a Revenue Office, and who shall satisfy the Collector of the District in which he has ordinarily practised, that he is a person of good moral character, and qualified, by his knowledge of law and procedure, to continue practising as a Revenue Agent, shall be admitted to practise in any Revenue Office.

12. The qualifications required by the above Rules shall not be necessary for Revenue Agents in the Non-Regulation Provinces under the Government of Bengal. Rules for the qualification, admission, and enrolment of such Revenue Agents will be published hereafter.

13. If any person, having been admitted and enrolled as a Revenue Agent, shall neglect to take out a certificate, or having obtained a certificate shall fail to renew it for a period of three years, he shall be suspended, and shall not be entitled to receive a certificate, or to have his certificate renewed without further orders of the Board of Revenue.

14. Any person who, having been admitted as a Revenue Agent, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the Board of Revenue, who may thereupon pass such orders as the said Board may think fit.

15. Any person who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a Revenue Agent, shall state the fact on his application for admission.

16. Any wilful violation of any of the above Rules shall subject a Revenue Agent to suspension or dismissal.

A. Grote, } *Members, Board of*
V. H. Schalch, } *Revenue.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২২ মে।]

১০। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্টস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরিক্ষোত্তীর্ণ হইলে পর যদি কোন ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে রেবিনিউ বোর্ডের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

১১। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে অতি ন্যূন এক বৎসর পর্য্যন্ত রাজস্বের কার্য্যালয়ে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞান দ্বারা রেবিনিউ এজেণ্টস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়ে তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিয়াছেন যদি সেই জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে রাজস্বের কোন কার্য্যালয়ে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

১২। পূর্ব্বোক্ত বিধিতে যে কর্ম্মযোগ্যতা নির্দ্ধারিত হইয়াছে তাহা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন আইনবহির্ভূত প্রদেশের রেবিনিউ এজেণ্টদের পক্ষে আবশ্যক নাই। ঐ রেবিনিউ এজেণ্টদিগের কার্য্যক্ষমতার ও গ্রাহ্য হওয়ার ও ফর্দ্দে নাম লেখাইবার বিধি পশ্চাৎ প্রকাশ হইবে।

১৩। যদি কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্ট স্বরূপ গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্র প্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত ঐ পত্র নূতন করিয়া লইতে ত্রুটি করেন, তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও রেবিনিউ বোর্ডহইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন করিয়া লইতে স্বত্ত্ববান হইবেন না।

১৪। কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্ম গ্রাহ্য করেন কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে রেবিনিউ বোর্ডে জ্ঞাত করিবেন ও উক্ত বোর্ডের সাহেবেরা যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

১৫। কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রার্থনাপত্রে তিনি সেই কথা জ্ঞাত করিবেন।

১৬। কোন রেবিনিউ এজেণ্ট ইচ্ছাপূর্ব্বক পূর্ব্বলিখিত কোন বিধি লঙ্ঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

এ গ্রোট, } রেবিনিউ বোর্ডের মেম্বর।
বি এচ শক, }

John Robinson, *Bengalee Translator.*

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

LEAVE OF ABSENCE.

The 18th May 1866.

Baboo Gunesh Chunder Chowdhry, Moonsiff of Rajarampore, Zillah Dinagepore, for two months, under paragraph 11, of the Uncovenanted Absentee Rules, in extension of the leave granted on the 7th March last.

L. R. TOTTENHAM,
Offg. Registrar.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

ছুটী।

১৮৬৬ সাল ১৮ মে।

দিনাজপুর জিলার রাজারামপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু গণেশচন্দ্র চৌধুরী গত মার্চ মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এল আর টটনহাম,
এক্টিং রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা রাজশাহী।

এস্তেহারনামা কাছারী কালেক্টরী জেলা রাজশাহী এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা রাজশাহীর নীচের লিখিত মহালের মালগুজারির বাকী বাবৎ ইংরেজী সন ১৮৬৬ সালের ১৪ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ১ আষাঢ় রোজ বৃহস্পতিবার এই জেলার কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক সন ১৮৬৬। তারিখ ৫ মেই মোতাবেক সন ১২৭৩ বাং তারিখ বৈশাখ।

প্রথম শ্রেণীর ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল।

৩৮১ নং। তরফ শীবরামপুর পং গোপীনাথপুর মালিক ঈশানচন্দ্র লাহিড়ী সদর জমা ৬৫৬৸৵০

P. A. HUMPHREY,
Offg. Collector.

জিলা ঢাকা।

১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহাদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার নীচের লিখিত মহালাত ১৮৬৬ সনের ২৮ মার্চ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যেং দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৬ সনের ৩০ মেই মোং ১২৭৩ সনের ১৮ জ্যৈষ্ঠ ঐ জিলার কালেক্টরির কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ ইং তারিখ ৪ মেই মোং সন ১২৭৩ বাঙ্গলা তারিখ ২২ বৈশাখ।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৯৫৮৯ নম্বরে। পং বরদাখাত তং পাঁচ ভাগ হিস্যে ।।০ আনী জোওয়ার ও আমচর মালিক খাজে আছানউল্লা সদর জমা ... ৬৯২।৵০

রাস্তা খরচ ৬৸৶০

৬৯৯।।৴০

৯৫৯৭ নম্বরে। পং তথা তং তথা হিং তথা জোওয়ার তাতিরদি হিস্যে ।৵০ আনী তিং তথা সদর জমা ... ৬১০।।৵৭

রাস্তা খরচ ৬৵০

৬১৬৸৭

A. LEVIEN,
Collector.

INSOLVENT COURT.

দেউলিয়াদের আদালত।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of AGA MAHOMED ALLY, an Insolvent.

On Saturday, the 5th day of May instant, upon an application of the Assignee in this matter it was ordered that the said Assignee do from and out of the sum of Rupees 1,508-2-6 in his hands pay a Dividend at the rate of Rupees 12-8 As. (which will amount to the sum of Rupees 1,370-5-3) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 18th May 1866.

কলিকাতা দেউলিয়া ঋণিদের উপকারার্থ আদালত।

দেউলিয়া আগা মহম্মদ আলীর বিষয়ে।

আসৈনী সাহেব বর্ত্তমান মে মাসের ৫ তারিখ শনিবারে এই বিষয়ে যে প্রার্থনা করেন তাহাতে আজ্ঞা হইয়াছিল যে উক্ত দেউলিয়ার তফসীলের যে সকল দাওয়া স্বীকার হইয়াছে, তাহা উক্ত আসৈনি সাহেবের সন্তোষমতে প্রমাণ হইবামাত্র তাঁহার হাতে যে ১৫০৮৵৬ টাকা আছে তাহাহইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর শতকরা ১২॥০ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ১,৩৭০।৴৩ টাকা ডিবিডেণ্ড দেন।

ইহাতে সম্বাদ দেওয়া গেল।

আসৈনী সাহেবের দফ্তরখানা।
কলিকাতা ১৮৬৬ সাল ১৮ মে।

MISCELLANEOUS ADVERTISEMENT.

সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

উকীলদের পরীক্ষার্থ পুস্তক।

গবর্ণমেণ্টের বাঙ্গলা অনুবাদক শ্রীযুত জান রাবিন্সন সাহেবের নিকটে কলিকাতার বেঙ্গল সেক্রেটারিয়ট আফিসে মূল্যসহ পত্র লিখিলে অথবা তত্ত্ব করিলে বঙ্গভাষায় অনুবাদিত নিম্ন লিখিত আইনের পুস্তক প্রাপ্ত হইবেন।

এলবর্লিং সাহেবের বৃত্ত পুস্তক (অর্থাৎ দায়ভাগ ও মিতাক্ষরা ও দত্তকচন্দ্রিকা প্রভৃতি হইতে সংগৃহীত) হিন্দু ব্যবস্থা এবং মহম্মদীয় ব্যবস্থার পুস্তক ডাকমাসুল শুদ্ধ ... ২৵০

ভারতবর্ষীয় দণ্ডবিধির আইন ... ॥৵০

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন (এই পুস্তক ইংলণ্ডে খোদিত উত্তমাক্ষরে ও উত্তমরূপে মুদ্রিত) ... ১৵০

ইষ্টাম্পের আইন ... ৵০

১৮৬২ সালের ৬ আইন ... ৵০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২২ মে।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্কো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 29, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৯ মে।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 24th March 1866, and having been assented to by His Excellency the Governor General on the 29th idem, is hereby promulgated for general information :—

ACT No. V OF 1866.

An Act to make better provision for the regulation of Hackney Carriages and Palankeens in the Town and Suburbs of Calcutta.

[Preamble.]

WHEREAS it is expedient to make better provision for the Regulation of Hackney Carriages and Palankeens in the Town and Suburbs of Calcutta; It is enacted as follows :—

[Act I of 1864 repealed.]

I. From and after the passing of this Act, Act I of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council, entitled "An Act for regulating Hackney Carriages and Palankeens in the Town and Suburbs of Calcutta," shall be and the same is hereby repealed, save and except as to matters done, penalties incurred, and proceedings pending under the last mentioned Act.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক ডিপার্টমেণ্ট।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইন বিষয়ে উক্ত মান্যবর ১৮৬৬ সালের ২৪ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবেরও ঐ মাসের ২৯ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ হওয়াতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৬৬ সালের ৫ আইন।

কলিকাতা নগরের ও শাখানগরের ছকড়া গাড়ীর ও পালকীর বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

কলিকাতা নগরের ও শাখানগরের ছকড়া গাড়ীর ও পালকীর বিধান করণার্থে পূর্ব্বাপেক্ষা উত্তম বিধি করা বিহিত, এই হেতুতে পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

[১৮৬৪ সালের ১ আইন রহিত হইবার কথা।]

১ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচারিত ১৮৬৪ সালের ১ আইন (অর্থাৎ কলিকাতা নগরের ও শহরতলীর ছকড়া গাড়ির ও পালকীর বিধান করিবার আইন) রহিত হইবে ও এতদ্দ্বারা রহিত করা গেল। কিন্তু ঐ শেষোক্ত আইনক্রমে যে২ কার্য্য করা গিয়াছে ও যে২ দণ্ড বর্ত্তিয়াছে ও ব্যবহারঘটিত যে২ কার্য্য উপস্থিত আছে তৎসম্পর্কে ঐ আইন রহিত হইবে না ইতি।

Registration of Hackney Carriages.

[Carriages to be annually registered. Registering Officer to be under the control of the Commissioner of Police.]

II. Every Hackney Carriage, within the Town and Suburbs of Calcutta, shall be annually registered by a Registering Officer, who shall be appointed for the purpose by the Government, and who shall keep a Register in which he shall enter every Hackney Carriage, under either the First, the Second, or the Third Class. Every act, matter, or thing done by the Registering Officer under or by virtue of this Act, shall be subject to the order, disposition, and control of the Commissioner of Police, so far as the Town and Suburbs of Calcutta are concerned; and in respect of other Towns and places, of such other Officer as the said Lieutenant-Governor shall in that behalf appoint.

[Time and duration of registry. License to be delivered to owner.]

III. The year of registration shall commence on the first day of April of each year; and every registration made on any date within such year of registration shall be in force to the end thereof and no longer. The Registering Officer shall, at the time of registration, deliver a license to the owner of every Hackney Carriage registered as aforesaid. Such license shall contain the particulars hereinafter described, and shall be in force for the year of registration and no longer.

[Application for registry. Application may be granted or refused. What Carriages to be registered under First Class.]

IV. The owner of any Carriage who is desirous of registering it as a Hackney Carriage must apply to the Registering Officer, stating the Class in which he desires that the Carriage may be registered; and he shall submit the Carriage for the inspection of the Registering Officer at such convenient time and place as the said Officer shall appoint. The Registering Officer shall, on examination of the Carriage, decide whether the Carriage is fit to be registered in the Class applied for, and shall accordingly either register it in that Class, or refuse to grant the application. The person in whose name any Carriage is registered, shall be deemed the owner of such Carriage for the purposes of this Act. Provided that no Carriage shall be registered under the First Class, unless the same belong to a Coach Builder, Hotel-keeper, or Livery Stable-keeper, and do not ply for hire in the public streets.

ছকড়া গাড়ি রেজিষ্টর করিবার বিধি।

[বৎসরেং গাড়ী রেজিষ্টর করিবার কথা ও পোলীসের কমিসানর সাহেবের তত্ত্বাধীনে রেজিষ্টরী কার্য্যকারকের থাকার কথা।]

২ ধারা। কলিকাতা নগরের ও শাখানগরের মধ্যে প্রত্যেক ছকড়া গাড়ী রেজিষ্টরী কার্য্যকারকদ্বারা বৎসরেং রেজিষ্টর করা যাইবে। গবর্ণমেণ্ট ঐ রেজিষ্টরী কার্য্যকারককে নিযুক্ত করিবেন। তিনি রেজিষ্টরী বহী রাখিয়া তাহাতে প্রথম কি দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীমতে প্রত্যেক ছকড়া গাড়ী লিখিবেন। এই আইনক্রমে কি এই আইনের বলে রেজিষ্টরী কার্য্যকারক যেং ক্রিয়া ও কর্ম্ম ও বিষয় করেন, কলিকাতানগরের ও শাখানগরের যে পর্য্যন্ত সম্পর্ক থাকে সেই পর্য্যন্ত ঐ ক্রিয়াদি পোলীসের কমিসানর সাহেবের আজ্ঞা ও বিধান ও তত্ত্বাধীনে হইবে। এবং অন্য নগরের ও স্থানের যে পর্য্যন্ত সম্পর্ক থাকে সেই পর্য্যন্ত উক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তদর্থে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তাঁহারই আজ্ঞা প্রভৃতির অধীনে থাকিবে ইতি।

[রেজিষ্টরী করণের সময় ও ব্যাপকতার কথা ও স্বামিকে অনুমতিপত্র দিবার কথা।

৩ ধারা। প্রতিবৎসর আপ্রিল মাসের প্রথম দিবসে রেজিষ্টরী কার্য্যের বৎসর আরম্ভ হইবে। এবং ঐ রেজিষ্টরী কার্য্যের বৎসরের মধ্যে কোন তারিখে যে রেজিষ্টরী কার্য্য করা যায়, তাহা ঐ বৎসরের শেষ পর্য্যন্ত বলবৎ থাকিবে, অধিক কাল নয়। রেজিষ্টরী কার্য্যকারক যে সময়ে রেজিষ্টর করেন সেই সময়ে উক্তমতে রেজিষ্টর করা প্রত্যেক ছকড়া গাড়ির স্বামিকে অনুমতিপত্র দিবেন। সেই অনুমতিপত্রে নিম্ন লিখিত বিবরণ থাকিবে। তাহা রেজিষ্টরী কার্য্যের সেই বৎসর প্রবল থাকিবে অধিক কাল নয় ইতি।

[রেজিষ্টরী করিবার প্রার্থনার কথা ও তাহা গ্রাহ্য কি অগ্রাহ্য হইতে পারিবার কথা ও যে প্রকারের গাড়ী প্রথম শ্রেণীতে রেজিষ্টর হইবে তাহার কথা।]

৪ ধারা। যদি কোন গাড়ীর স্বামী ছকড়া গাড়ী বলিয়া আপনার গাড়ী রেজিষ্টর করাইতে চাহেন, তবে যে শ্রেণীর মধ্যে ঐ গাড়ী রেজিষ্টর করাইতে ইচ্ছা করেন তাহা আপনার প্রার্থনাপত্রে লিখিয়া রেজিষ্ট্রারকে দিবেন ও উক্ত রেজিষ্ট্রার উপযুক্ত যে সময় ও স্থান নিরূপণ করেন সেই সময়ে ও স্থানে তাঁহার দৃষ্টি করিবার জন্যে ঐ গাড়ী আনাইবেন। রেজিষ্ট্রার গাড়ী দৃষ্টি করিয়া যে শ্রেণীর মধ্যে রেজিষ্টর হইবার প্রার্থনা হইয়াছে তাহার উপযুক্ত কি না ইহা স্থির করিয়া তদনুসারে সেই শ্রেণীর মধ্যে রেজিষ্টর করিবেন, অথবা ঐ প্রার্থনা অগ্রাহ্য করিবেন। কোন গাড়ী যাঁহার নামে রেজিষ্টর করা যায় তিনি এই আইনের অভিপ্রায়ার্থে ঐ গাড়ির স্বামী জ্ঞান হইবেন। কিন্তু গাড়ি নির্ম্মাতার কি হোটেল রক্ষকের কি আড়গাড়াওয়ালারদের যে গাড়ী রাজপথে ভাড়ার জন্যে গমনাগমন না করে তদ্ভিন্ন কোন গাড়ী প্রথম শ্রেণীর গাড়ীস্বরূপে রেজিষ্টর করা যাইবে না ইতি।

[Form of Register and License.]

V. The following particulars shall be entered in the Register and shall be specified in the License to be given to the owner :

1st.—The Class and the number assigned to the Carriage in the Register.

2nd.—The name and residence of the owner of the Carriage.

3rd.—The number of horses to be employed in drawing such Carriage.

4th.—The number of persons the Carriage is licensed to carry.

[Fee for Registration.]

VI. A fee of three Rupees shall be paid for each registration of a Carriage of the First Class, and a fee of two Rupees for each registration of a Carriage of the Second or Third Class under this Act.

[Registering Officer may compound with owners of First Class Carriages.]

VII. The Registering Officer may at his discretion compound, for any period not exceeding one year, with Livery Stable-keepers, and other persons keeping Carriages of the First Class for hire, for a certain sum to be paid in lieu of all fees payable during that period for the registration of such Carriages.

[Registry may be cancelled when Carriage is unfit for use.]

VIII. The Registering Officer may cancel the registration of any Carriage under this Act, whenever it shall appear to him that such Carriage, or any Horse or Harness used with such Carriage, is unfit for public use, due regard being had to the Class in which such Carriage is registered.

[Notice to be given on change of ownership.]

IX. Whenever any change shall take place in the ownership of a Hackney Carriage, if the person to whom such Carriage shall have been transferred shall desire to use it as a Hackney Carriage, he shall, before so using it, give to the Registering Officer notice in writing of such transfer, and of his name and place of abode. If any such person shall, before giving such notice as aforesaid, use such Carriage as a Hackney Carriage, he shall be liable to a fine not exceeding five Rupees for every day during which he shall so use the same.

[Owners and drivers of Carriages to give notice of change of residence.]

X. Whenever the owner or driver of a Carriage registered under this Act shall change his residence, he shall give notice thereof in writing signed by him to the Registering Officer, specifying in such notice his new residence. Every such owner or driver who shall change his

[*Government Gazette*, 29*th May* 1866.]

[রেজিষ্টর ও অনুমতিপত্র লিখিবার পাঠের কথা।

৫ ধারা। পশ্চাৎ লিখিত কথা রেজিষ্টরে লিখিতে হইবে এবং স্বামিকে যে অনুমতিপত্র দেওয়া যাইবে তাহাতে নির্দ্দিষ্ট হইবে। অর্থাৎ

প্রথম। রেজিষ্টরে ঐ গাড়ির যে শ্রেণী ও নম্বর নিৰ্দ্ধায্য হয়।

দ্বিতীয়। গাড়ীর স্বামির নাম ও বাসস্থান।

তৃতীয়। সেই গাড়ী টানিবার নিমিত্তে যত ঘোড়া যোজনা করা যাইবে।

চতুর্থ। গাড়ীতে যত ব্যক্তির চড়িবার অনুমতি হয় ইতি।

[রেজিষ্টর করিবার ফীস কথা।।

৬ ধারা। এই আইনমতে প্রথম শ্রেণীর গাড়ী প্রত্যেকবার রেজিষ্টর করণের তিন টাকা লাগিবে, এবং দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর গাড়ী প্রত্যেকবার রেজিষ্টর করণের দুই টাকা লাগিবে ইতি।

[প্রথম শ্রেণীর গাড়ীর স্বামির সঙ্গে রেজিষ্ট্রারের চুক্তি করিবার কথা।]

৭ ধারা। আড়গাড়াওয়ালারদের এবং অন্য যে ব্যক্তিরা ভাড়া দিবার জন্যে প্রথম শ্রেণীর গাড়ী রাখেন তাঁহাদের উক্ত গাড়া রেজিষ্টর করিতে বৎসরে যত টাকা দিতে হয় তজ্জন্যে রেজিষ্ট্রার তাঁহাদের সঙ্গে স্বীয় বিবেচনানুসারে এক বৎসরের অনধিক কোন কালের নিমিত্তে চুক্তি করিতে পারিবেন ইতি।

[গাড়ী অব্যবহার্য্য হইলে রেজিষ্টরী ব্যর্থ হইবার কথা।]

৮ ধারা। কোন গাড়ী যে শ্রেণীর মধ্যে রেজিষ্টর হয়, রেজিষ্ট্রার তাহা উপযুক্তমতে বিবেচনা করিয়া যদি দেখিতে পান যে, সেই গাড়ী কি তাহার ঘোড়া কি সাজ সাধারণ লোকেরদের ব্যবহারের অনুপযুক্ত, তবে তিনি এই আইনমতে সেই গাড়ীর রেজিষ্টরী করণ অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

[স্বামির পরিবর্ত্তন হইলে সম্বাদ দিবার কথা।]

৯ ধারা। যদি ছকড়া গাড়ীর স্বমির পরিবর্ত্তন হয়, তবে ঐ গাড়ী যে ব্যক্তির হাতে যায়, সেই ব্যক্তি তাহা ছকড়া গাড়ীস্বরূপ ব্যবহার করিতে চাহিলে তদ্রূপে ব্যবহার করিবার অগ্রে সেই গাড়ী আপন হস্তগত হইয়াছে এই কথা এবং আপনার নাম ও বাসস্থান রেজিষ্টরী কার্য্যকারককে জানাইবে। যদি কোন ব্যক্তি ঐ রূপ সম্বাদ না দিয়া সেই প্রকারের গাড়ী ছকড়া গাড়ীস্বরূপ ব্যবহার করে, তবে যত দিন তদ্রূপে ব্যবহার করে তাহার দিন প্রতি তাহার ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[গাড়ীর স্বামির ও কোচমানের বাসস্থান পরিবর্ত্তন হইলে তাহার সম্বাদ দিবার কথা।]

১০ ধারা। এই আইনমতে যে গাড়ী রেজিষ্টর করা যায় তাহার স্বামী কি কোচমান আপন বাসস্থান যত বার পরিবর্ত্তন করেন, তত বার সেই কথা ও তাঁহার নূতন বাসস্থানের সম্বাদ লিখিয়া ও স্বাক্ষর করিয়া রেজিষ্ট্রারকে জানাইবেন। তদ্রূপ কোন স্বামী কি কোচমান বাসস্থান পরিবর্ত্তন করিয়া, যদি সপ্তাহের

residence, and shall neglect for one week to give such notice, shall be liable to a penalty not exceeding ten Rupees.

[Registrar to enter change of residence or ownership without fee.]

XI. The Registering Officer, on receiving the notices specified in either of the two last preceding Sections, shall make the necessary alteration in the Register, and no fee shall be chargeable in respect thereof.

[Penalty for not registering.]

XII. Whoever keeps, or is the proprietor of, any Carriage required by this Act to be registered, and shall omit to have the same so registered, shall be liable to a fine not exceeding one hundred Rupees. Any Police Officer may seize and remove to a Police Station such Carriage together with the Horse or Horses drawing the same. If the Carriage so seized be not claimed, and if any fine imposed be not paid within ten days, such Carriage, together with the Horse or Horses seized with it, may be sold by auction, and the proceeds applied to the payment of the fine and all costs and charges incurred on account of the detention and sale, and the surplus (if any), if not claimed by the owner within a further period of twenty days, shall be forfeited to the Government.

Plate on Hackney Carriage.

[A plate specifying class and number, to be affixed to Carriage.]

XIII. Upon the registration of any Carriage in the Second or Third Class, the Registering Officer shall provide a plate bearing the Class and the number of such Carriage in the Register, and the number of persons it is licensed to carry, and shall cause such plate to be affixed on such conspicuous part of the outside of such Carriage as shall to the said Registering Officer seem proper.

[Penalty for letting Carriage without having proper plate.]

XIV. If any Carriage shall be let or used for hire without having a proper plate duly affixed as required by the preceding Section, the owner thereof shall be liable to a penalty not exceeding fifty Rupees.

[Owner entitled to have new plate, on loss or obliteration of former one. Lost plate, if found, to be delivered to Registering Officer.]

XV. Whenever the writing on any plate shall become obliterated or defaced so that the same shall not be distinctly legible, and also whenever any plate shall be proved to the satisfaction of the Registering Officer to have been lost or mislaid, the owner of the Carriage on which such plate was

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬১। ২৯ মে।]

মধ্যে সেই সম্বাদ না দেয়, তবে তাঁহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[ফী না লইয়া রেজিষ্ট্রার কর্তৃক বাসস্থানের কি স্বামির পরিবর্ত্তনের কথা লিখিবার কথা।]

১১ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারাতে যে সম্বাদ দিবার আজ্ঞা হইয়াছে রেজিস্টরী কার্য্যকারক সেই সম্বাদ পাইলে পর রেজিস্টরী বহীতে ঐ পরিবর্ত্তনের প্রয়োজনীয় কথা লিখিবেন তজ্জন্যে ফী লাগিবে না ইতি।

[রেজিস্টর না করণের দণ্ডের কথা।]

১২ ধারা। এই আইনমতে যে গাড়ী রেজিস্টর করণের আজ্ঞা হইল যদি কোন ব্যক্তি তদ্রূপ গাড়ী রাখিয়া কি তাহার স্বামী হইয়া রেজিস্টর না করান, তবে তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। পোলীসের কোন কর্ম্মকারক তদ্রূপ কোন গাড়ী ও তাহা যে ঘোড়াতে টানে সেই ঘোড়া সুদ্ধ ধরিয়া থানায় লইয়া যাইতে পারিবে। তদ্রূপে ধৃত গাড়ীর উপর যদি কোন ব্যক্তির দাওয়া না হয়, ও যে অর্থদণ্ডের আজ্ঞা হয় তাহা যদি দশ দিনের মধ্যে দেওয়া না যায়, তবে সেই গাড়ীর ও তৎসহ ধৃত ঘোড়ার নীলাম হইতে পারিবে। তাহাতে যে টাকা পাওয়া যায় তাহা-হইতে ঐ অর্থদণ্ড ও তাহা রাখিবার ও নীলাম করিবার সকল খরচ খরচা লওয়া যাইবেক, ও যদি কিছু উদ্বর্ত্ত থাকে, তবে তৎপরে বিশ দিনের মধ্যে স্বামী তাহার দাওয়া না করিলে তাহা গবর্ণমেন্টে হৃত হইবে ইতি।

ছকড়া গাড়ীতে পাত দিবার বিধি।

[শ্রেণী ও নম্বর যাহাতে লেখা থাকে এমত পাত গাড়ীতে লাগাইবার কথা।]

১৩ ধারা। কোন গাড়ী দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীমতে রেজিস্টর হইলে রেজিষ্ট্রার সেই গাড়ীর নিমিত্তে এক পাত দিবেন, ঐ গাড়ীর যে শ্রেণী ও নম্বর রেজিস্টরী বহীতে থাকে তাহা, ও যত ব্যক্তির চড়িবার অনুমতি হয় তাহা ঐ পাতে লেখা থাকিবেক। এবং উক্ত রেজিষ্ট্রার ঐ গাড়ীর বহির্ভাগের যে স্থান উপযুক্ত বোধ করেন, সকল লোকের দৃষ্টিগোচর এমত কোন স্থানে সেই পাত লাগাইতে আজ্ঞা করিবেন ইতি।

[উপযুক্ত পাত না থাকিলে গাড়ী ভাড়া দিবার দণ্ডের কথা।]

১৪ ধারা। কোন গাড়ীতে ইহার পূর্ব্ব ধারামতে উপযুক্ত পাত উচিতমতে লাগান না থাকিলে, যদি স্বামী সেই গাড়ী ভাড়া দেন, কি ভাড়ার নিমিত্তে ব্যবহার হইতে দেন, তবে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[পাত হারাইলে কি অক্ষর ক্ষয় পাইলে স্বামির নূতন পাত পাইতে পারিবার কথা ও যে পাত হারিয়া যায় তাহা পুনরায় পাওয়া গেলে রেজিস্টরী কার্য্যকারককে দিবার কথা।]

১৫ ধারা। কোন পাতের লিখিত কথার অক্ষর ক্ষয় পাইয়া কি উঠিয়া গিয়া স্পষ্টরূপে পাঠ্য না হইলে এবং কোন পাত হারাইয়াছে কি অলক্ষ্য স্থানে রাখা গিয়াছে ইহা রেজিষ্ট্রারের হৃদ্বোধমতে প্রমাণ হইলে সেই পাত যে গাড়ীতে লাগান ছিল সেই গাড়ীর স্বামির নিকটে থাকিলে তিনি রেজিষ্ট্রারকে তাহা

affixed shall deliver such plate (if he shall have the same in his possession) to the Registering Officer, and shall be entitled to have a new plate affixed, upon payment of such sum of money, not exceeding three Rupees, as the Registering Officer shall from time to time appoint. Provided that if any plate which shall have been proved, as aforesaid, to have been lost or mislaid, shall afterwards be found, the same shall forthwith be delivered to the Registering Officer; and every person in or into whose possession any such plate as last aforesaid shall be or come, and who shall refuse or neglect for three days to deliver the same to the said Registering Officer, and also every registered owner who shall use or permit to be used any plate after the writing thereon shall have become obliterated, or obscured, so that the same shall not be distinctly legible, shall, for every such offence, be liable to a penalty not exceeding fifty Rupees.

দিবেন। এবং রেজিষ্ট্রার সময়েং তিন টাকার অনধিক যত টাকা নির্দ্ধার্য্য করেন তত টাকা দিলে, তিনি গাড়ীতে লাগাইবার জন্যে নূতন পাত পাইতে পারিবেন। পরন্তু পূর্ব্বোক্তমতে হারাইয়াছে কি অলক্ষ্য স্থানে রাখা গিয়াছে বলিয়া যে পাতের প্রমাণ হইয়াছিল, সেই পাত যদি পুনরায় পাওয়া যায়, তবে তাহা রেজিষ্ট্রারকে অগৌণে ফিরিয়া দিতে হইবেক, এবং শেষোক্ত প্রকারের পাত যে ব্যক্তির হস্তগত থাকে কি হয়, তিনি যদি তিন দিনপর্য্যন্ত রেজিষ্ট্রারকে দিতে অস্বীকার কি শৈথিল্য করেন, এবং উক্ত প্রকার কোন পাতের লিখিত অক্ষর ক্ষয় পাইয়া কি বিকৃত কি অপ্রকাশ হইয়া স্পষ্টরূপে পাঠ্য না হইলে যদি রেজিষ্টরী করা স্বামী তাহা ব্যবহার করেন কি তাহার ব্যবহার হইতে দেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার ৫০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবেক ইতি।

[Penalty on owner for not delivering up plate on expiration of Registration.]

XVI. On the expiration or other determination of the registration, the owner of any Carriage registered as aforesaid shall cause the plate of such Carriage to be delivered to the Registering Officer. Any person who, after the expiration of the period aforesaid, shall wilfully neglect for three days to deliver the plate to the said Officer, and every person who shall retain any plate affixed in respect of a registration which is no longer in force, shall, for every such offence, be liable to a penalty not exceeding one hundred Rupees. It shall be lawful for the Registering Officer, or for any person employed by him for that purpose, to prosecute any person so neglecting to deliver up a plate, within twelve calendar months after the expiration of the registration in respect of which such plate was affixed.

[রেজিষ্টরীর মিয়াদ গত হইলে পাত ফিরিয়া না দিলে স্বামির দণ্ডের কথা।]

১৬ ধারা। রেজিষ্টরী কার্য্য বলবৎ থাকার কাল অতীত হইলে কি তাহা অন্য প্রকারে হীনবল হইলে পূর্ব্বোক্তমতে রেজিষ্টর করা কোন গাড়ীর স্বামী ঐ গাড়ীর পাত উক্ত রেজিষ্ট্রারকে ফিরিয়া দেওয়াইবেন। যদি কোন ব্যক্তি সেই কাল অতীত হইলে পর তিন দিন পর্য্যন্ত উক্ত কার্য্যকারককে ঐ পাত ফিরিয়া দিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করেন, এবং যে রেজিষ্টরী কার্য্য বলবৎ নহে, তৎসম্পর্কীয় যে পাত লাগান গিয়াছিল, তাহা যদি কোন ব্যক্তি রাখেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে তাঁহার একশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। যদি কোন ব্যক্তি উক্ত প্রকারের কোন অনুমতিপত্র কি টিকিট ফিরিয়া দিতে ত্রুটি করেন, তবে অনুমতিপত্রের মিয়াদ অতীত হইলে পর, ইংলণ্ডীয় পঞ্জিকামত দ্বাদশ মাসের মধ্যে কোন সময়ে ঐ রেজিষ্ট্রার কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে তৎকর্ত্তৃক নিযুক্ত কোন ব্যক্তি তাহার স্বামির নামে নালিশ করিতে পারিবেন ইতি।

[Penalty for fraudulently using a counterfeit plate.]

XVII. Every person who shall, for the purpose of deception, use or have any plate resembling or intended to resemble any plate affixed under this Act, shall, for every such offence, be liable to a penalty not exceeding two hundred Rupees; and it shall be lawful for any Police Officer, or any person employed for that purpose by the Registering Officer to seize and take away any plate, used or had as aforesaid, wheresoever the same may be found, and to deliver the same to the Registering Officer.

[জাল পাত প্রতারণাপূর্ব্বক ব্যবহার করিবার দণ্ডের কথা।]

১৭ ধারা। এই আইনমতে যে পাত লাগান যায়, তাহার স্বরূপ কিম্বা তাহার মত দেখাইবার জন্যে কোন পাত যদি কোন ব্যক্তি প্রতারণাভাবে ব্যবহার করেন কি আপনার কাছে রাখেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে তাঁহার দুইশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে এবং পোলীসের কোন কর্ম্মচারী কিম্বা অন্য যে ব্যক্তিকে রেজিষ্টরী কার্য্যকারক সেই কর্ম্মে নিযুক্ত করেন সেই ব্যক্তি উক্ত মতে ব্যবহৃত কি প্রাপ্ত কোন পাত যে স্থানে পাওন তাহা ধরিয়া লইয়া রেজিষ্টরী কার্য্যকারককে আনিয়া দিতে পারিবেন ইতি।

Drivers' License.

[Drivers of Hackney Carriages to be licensed. Particulars thereof.]

XVIII. It shall be lawful for the Registering Officer to grant a license to act as driver of Hackney Carriages to any person who shall apply for the same, and to whom it may seem proper to the said Officer to grant it: Provided that no person shall be so licensed who is under fourteen years of age. In every such license shall be specified the number of the license, and the name, and place of abode, and age, of the person to whom such license is granted. Every license shall bear date on the day on which the same shall be granted, and shall continue in force for one year from the date thereof, unless the same shall be sooner revoked. And for each such license a fee of two Rupees shall be paid.

[Penalty on driver not having license or lending license.]

XIX. If any person shall act as the driver of a Hackney Carriage without having a license in force for the time being, or having a license, shall transfer or lend the same, or allow the same to be used by any other person, he shall be liable to a penalty not exceeding twenty Rupees, and in default of payment to imprisonment for a period not exceeding one month.

[Penalty on owner for suffering unlicensed person to act as driver.]

XX. Any owner who shall knowingly suffer any person not duly licensed under this Act, to act as driver of any Carriage registered under this Act of which he shall be the owner, shall be liable to a penalty not exceeding one hundred Rupees for every such offence. Provided that such owner so employing or knowingly suffering to act as driver any person who has not been duly licensed under this Act, shall, and such unlicensed driver shall be subject to all the powers, provisions, penalties, and proceedings of and under this Act, for any act done or omitted to be done by such driver during such employment, in like manner as if such driver had been duly licensed.

[Certified copies of the particulars of license to be given on payment of fee.]

XXI. The particulars of every license which shall be granted under the provisions of this Act, shall be entered in books to be kept for that purpose at the Office of the said Registering Officer; and every person applying shall, at all reasonable times, be furnished with a certified copy of such particulars on payment of a fee of two annas.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৬ । ২৯ মে ।]

কোচমানদের অনুমতিপত্রের বিধি।

[ছকড়া গাড়ীর কোচমানদের অনুমতিপত্র লইবার কথা ও সেই অনুমতিপত্রের মর্ম্মের কথা।]

১৮ ধারা। যে কোন ব্যক্তি ছকড়া গাড়ীর কোচমানী কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রার্থনা করে, তাহাকে রেজিষ্ট্রার তদ্রূপ অনুমতিপত্র পাইবার যোগ্য জ্ঞান করিলে তাহা দিতে পারিবেন। কিন্তু চৌদ্দ বৎসরের ন্যূন বয়স্ক কোন ব্যক্তিকে অনুমতিপত্র দিবেন না। উক্ত অনুমতিপত্রেতে ঐ পত্রের নম্বর ও তাহা যে ব্যক্তিকে দেওয়া যায় তাহার নাম ও বাসস্থান ও বয়স লেখা থাকিবে। প্রত্যেক অনুমতিপত্র যে তারিখে দেওয়া যায় সেই তারিখ তাহাতে লেখা থাকিবে এবং সেই তারিখঅবধি একবৎসরের মধ্যে তাহা নিবর্ত্ত না করা গেলে এক বৎসরপর্য্যন্ত বলবৎ থাকিবে। তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্রের নিমিত্তে দুই টাকা দিতে হইবে ইতি।

[কোচমানের অনুমতি পত্র না থাকিলে কি অন্য ব্যক্তিকে ধার দিলে তাহার দণ্ডের কথা।]

১৯ ধারা। কোন ব্যক্তি ছকড়া গাড়ির কোচমানের কর্ম্ম করিলে যদি তাঁহার তৎকালীন বলবৎ অনুমতিপত্র না থাকে কিম্বা অনুমতিপত্র থাকিলেও যদি অন্য ব্যক্তির হাতে দেয় কি অন্যকে ধার দেয় কি ব্যবহার করিতে দেয়, তবে তাহার বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ও সেই দণ্ডের টাকা না দিলে তাহার এক মাসের অনধিক কাল কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[যে ব্যক্তির অনুমতিপত্র নাই স্বামী তাহাকে কোচমানের কর্ম্ম করিতে দিলে স্বামির দণ্ডের কথা।]

২০ ধারা। কোন ব্যক্তি এই আইনমতের অনুমতিপত্র উপযুক্তমতে না পাইলে যদি এই আইনমত রেজেষ্টর করা কোন ছকড়া গাড়ীর স্বামী ইহা জানিয়া তাহাকে আপন গাড়ীর কোচমানী কর্ম্ম করিতে দেন, তবে তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কিন্তু এই আইনমতে যে ব্যক্তি উপযুক্তরূপে অনুমতিপত্রপ্রাপ্ত না হয় তাহাকে যে স্বামী কর্ম্ম দেন কিম্বা জ্ঞানপূর্ব্বক কোচমানী কর্ম্ম করিতে দেন, সেই ব্যক্তি এবং ঐ কোচমান ঐ কর্ম্ম করণের সময়ে কোচমানের কৃত কোন দোষের কিম্বা অকৃত কোন কর্ত্তব্য কার্য্যের নিমিত্তে এই আইনের ও এই আইনঅনুযায়ি সকল ক্ষমতার ও বিধানের ও দণ্ডের ও ব্যবহার ঘটিত কার্য্যের অধীন হইবে অর্থাৎ কোচমান যেন সেই অনুমতিপত্র উচিতমতে পাইয়াছে এমন ভাবে সেই বিধানাদির অধীন হইবে।

[ফী দিলে অনুমতিপত্রের মর্ম্মের সংশিত প্রতিলিপি পাইতে পারিবার কথা।]

২১ ধারা। এই আইনের বিধানমতে যে প্রত্যেক অনুমতিপত্র দেওয়া যায় তাহার বৃত্তান্ত লিখিবার বহী উক্ত রেজিষ্ট্রারের আফিসে রাখিতে হইবে, ও সেই বৃত্তান্ত ঐ বহীতে লেখা যাইবে। যদি কোন ব্যক্তি ঐ বৃত্তান্তের সংশিতপত্রযুক্ত প্রতিলিপি চাহেন, তবে উপযুক্ত কোন সময়ে তাহা প্রার্থনা করিলে ও দুই আনা দিলে তাহা পাইতে পারিবে ইতি।

Drivers' Ticket.

[Driver to wear a metal ticket.]

XXII. The Registering Officer shall, at the time of granting a license to any driver of a Hackney Carriage of the Second or Third Class, deliver a metal ticket, upon which shall be marked or engraved a number corresponding with the number of his license. Every driver to whom such ticket is delivered, shall, at all times while acting as driver, or while attending before any Magistrate, carry such ticket exposed to view. In case any such driver shall omit to wear such ticket exposed to view while acting as driver or attending before a Magistrate, he shall be liable to a penalty not exceeding ten Rupees, and in default of payment to rigorous imprisonment for a period not exceeding one month.

[Driver entitled to have new ticket on loss or obliteration of former one.

XXIII. Whenever the writing on any ticket shall become obliterated or defaced so that the same shall not be distinctly legible, and also whenever any ticket shall be proved to the satisfaction of the Registering Officer to have been lost or mislaid, the person to whom the license relating to any such ticket shall have been granted, shall deliver such ticket (if he shall have the same in his possession), and shall produce such license, to the Registering Officer, and such person shall then be entitled to have a new ticket delivered to him, upon payment of such sum of money, not exceeding one Rupee, as the Registering Officer shall from time to time appoint. Provided, always, that if any ticket, which shall have been proved as aforesaid to have been lost or mislaid, shall afterwards be found, the same shall forthwith be delivered to the Registering Officer; and every person in or into whose possession any such ticket as last aforesaid shall be or come, who shall refuse or neglect for three days to deliver the same to the said Registering Officer, and also every person licensed under the authority of this Act, who shall use or wear the ticket granted to him after the writing thereon shall be obliterated, defaced, or obscured, so that the same shall not be distinctly legible, shall for every such offence be liable to a penalty not exceeding twenty Rupees.

[Penalty for neglecting to deliver up ticket, lending ticket, &c.]

XXIV. Upon the expiration or other determination of any license granted to a driver under this Act, such driver shall deliver such license, and the ticket relating thereto, to the said Registering Officer; and every such driver who, after

[*Government Gazette*, 29*th May* 1866.]

কোচমানের টিকিটের বিধি।

[ধাতুময় টিকিট কোচমানের ধারণ করিবার কথা।]

২২ ধারা। রেজিষ্টরী কার্য্যকারক যে সময়ে দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর ছকড়া গাড়ীর কোন কোচমানকে অনুমতিপত্র দেন সেই সময়ে, তাহাকে ধাতুনির্ম্মিত টিকিট দিবেন ঐ কোচমানের অনুমতিপত্রে যে নম্বর থাকে তৎসমান নম্বর তাহাতে চিহ্নিত কি খোদিত থাকিবে। সেই টিকিট যে কোচমানকে দেওয়া যায় সেই ব্যক্তি যে সময়ে কোচমানের কর্ম্ম করে কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হয় সেই সময়ে সর্ব্বদাই সকলের দৃষ্টিগোচরভাবে ঐ টিকিট ধারণ করিবে। তদ্রূপ কোন কোচমান যে সময়ে কোচমানের কর্ম্ম করিতেছে কি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হয়, সেই সময়ে যদি সকলের দৃষ্টিগোচরভাবে ঐ টিকিট ধারণ না করে, তবে তাহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে এবং ঐ টাকা না দিলে তাহার এক মাসের অনধিক কাল কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইবে ইতি।

[কোচমানের টিকিট হারাইলে কি অক্ষর লুপ্ত হইলে নূতন টিকিট পাইবার কথা।]

২৩ ধারা। কোন টিকিটের লিখিত কথা লুপ্ত হওয়াতে কি উঠিয়া যাওয়াতে যদি স্পষ্টরূপে পাঠ্য না হয় এবং কোন টিকিট হারাইয়াছে কিম্বা অনুদ্দেশ্য হইয়াছে ইহার প্রমাণ যদি রেজিষ্ট্রারের সন্তোষমতে করা যায়, তবে যাহাকে সেই টিকিটসম্পর্কীয় অনুমতিপত্র দেওয়া গিয়াছিল তাহার নিকটে থাকিলে সেই ব্যক্তি রেজিষ্ট্রারকে ঐ টিকিট দিবে এবং ঐ অনুমতিপত্র দেখাইবে। তাহাতে রেজিষ্ট্রার সময়ে২ এক টাকার অনধিক যত নিরূপণ করেন তত দিলে সেই ব্যক্তির নূতন টিকিট পাইবার অধিকার থাকিবে। পরন্তু যে টিকিট হারাইবার কি অনুদ্দেশ্যস্থানে রাখিবার প্রমাণ হইয়াছিল তাহা যদি পশ্চাতে পাওয়া যায়, তবে রেজিষ্ট্রারের নিকটে অবিলম্বে আনিয়া দিতে হইবে। ও শেষোক্ত প্রকারের টিকিট যাহার নিকটে থাকে কি যাহার হস্তগত হয় সে যদি তিন দিনপর্য্যন্ত তাহা রেজিষ্ট্রারের নিকটে আনিয়া দিতে অস্বীকার কি শৈথিল্য করে, তবে সেই ব্যক্তি, এবং এই আইনের ক্ষমতাক্রমে অনুমতিপত্র প্রাপ্ত যে ব্যক্তিকে টিকিট দেওয়া যায় সেই টিকিটের লিখিত কথা লুপ্ত হইলে কি উঠিয়া গেলে কি অস্পষ্ট হইয়া সুপাঠ্য না হইলেও যদি সেই ব্যক্তি তাহা ব্যবহার কি ধারণ করে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে বিশ টাকার অনধিক দণ্ডের যোগ্য হইবে ইতি।

[টিকিট ফিরিয়া না দিবার কি ধার দিবার দণ্ডের কথা।]

২৪ ধারা। কোন কোচমানকে এই আইনমতে যে অনুমতিপত্র দেওয়া যায় তাহার মিয়াদ অতীত হইলে কি তাহা অন্য প্রকারে রহিত হইলে ঐ কোচমান সেই পত্র ও তৎসম্পর্কীয় টিকিট উক্ত রেজিষ্ট্রারকে ফিরিয়া দিবে, এবং সেই অনুমতিপত্রের

ch expiration or determination as aforesaid, shall lfully neglect for three days to deliver the same the said Officer, and also every person who all use, or wear, or detain any ticket which shall ve ceased to be in force, or other than such as ali have been delivered to him under the prosions of this Act, and every person, to whom y ticket shall have been delivered as aforesaid, ho shall lend such ticket to any other person, d every person who shall wear or use the ticket any other person, shall for every such offence liable to a penalty of twenty Rupees, and in efault of payment to imprisonment for a period ot exceeding one month. It shall be lawful for he Registering Officer, or for any person employd by him for that purpose, to prosecute any erson so neglecting to deliver up his license or icket, at any period within twelve calendar nonths after the expiration of the license.

[Penalty for using or having a counterfeit icket.]

XXV. Every person who shall for the purpose of deception use or wear or have any ticket resembling or intended to resemble any ticket granted under the authority of this Act, shall for every such offence be liable to a penalty not exceeding one hundred Rupees. And it shall be lawful for any Police Officer, or any person employed for that purpose by the Registering Officer, to seize and take away any such ticket, or any ticket used for the purpose of deception as aforesaid, wheresoever the same may be found, and to deliver the same to the Registering Officer.

[Conviction to be endorsed on driver's license. Penalty for failing to produce.]

XXVI. Whenever any driver shall be summoned to appear before any Magistrate to answer any charge preferred against him under this Act, he shall carry with him his license, and produce the same if required so to do; and any driver who shall on such requisition fail to produce such license, shall for every such offence be liable to a fine not exceeding five Rupees. It shall be lawful for any Magistrate, on conviction of any driver of any offence under this Act, to endorse on such license the nature of the offence, the date of the conviction, and the amount of the penalty inflicted.

[Revocation or suspension of driver's license on his conviction of any offence.]

XXVII. It shall be lawful for any Magistrate before whom any driver shall be convicted of any offence, whether under this Act or under any other Act, to revoke the license of such driver, or to suspend the same for such time as the Magistrate shall think proper, and for that purpose to

মিয়াদ অতীত হইলে কি তাহা বলহীন হইলে পর যদি সে ইচ্ছাপূর্ব্বক তিন দিনপর্য্যন্ত উক্ত কার্য্যকারককে সেই টিকিট ফিরিয়া না দেয়, কিম্বা যে টিকিটের বল রহিত হইয়াছে তাহা, কিম্বা এই আইনের বিধানমতে তাহাকে যাহা দেওয়া গিয়াছে তদ্ভিন্ন কোন টিকিট যদি কোন ব্যক্তি ব্যবহার কি ধারণ করে কি রাখে, এবং পূর্ব্বোক্তমত কোন টিকিট যাহাকে দেওয়া গিয়াছে সেই ব্যক্তি যদি ঐ টিকিট অন্য কোন ব্যক্তিকে ধার দেয়, ও যদি কোন কেহ অন্য ব্যক্তির টিকিট ধারণ কি ব্যবহার করে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে অপরাধী বিশ টাকা দণ্ডের যোগ্য হইবে, যদি সেই দণ্ড না দেয়, তবে তাঁহার একমাসের অনধিক কাল কারাদণ্ড হইবে। যদি কোন ব্যক্তি ঐ অনুমতিপত্র কি টিকিট ফিরিয়া না দেয়, তবে অনুমতিপত্রের মিয়াদ অতীত হইবার পর ইঙ্গলণ্ডের পঞ্জিকামত দ্বাদশ মাসের মধ্য কোন সময়ে তাঁহার নামে রেজিস্টরী কার্য্যকারক কিম্বা তিনি যে ব্যক্তিকে সেই অভিপ্রায়ে নিযুক্ত করেন সেই ব্যক্তি নালিশ করিতে পারিবেন ইতি।

[জালকরা টিকিট ব্যবহার করিবার কি রাখিবার দণ্ডের কথা।]

২৫ ধারা। এই আমের ক্ষমতাক্রমে যে টিকিট দেওয়া যায় তাহার স্বরূপ কিম্বা তাহার মত হওনাভিপ্রায়ে কোন টিকিট যদি কোন ব্যক্তি প্রতারণার নিমিত্তে ব্যবহার কি ধারণ করে, তবে সেই ব্যক্তির তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে ১০০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। উক্ত প্রকারের কোন অনুমতিপত্র ও কোন টিকিট কিম্বা পূর্ব্বোক্তমতে প্রতারণাভাবে যে কোন টিকিট ব্যবহার হয় তাহা যে কোন স্থানে পাওয়া যায় সেই স্থানহইতে পোলীসের কর্ম্মকারক কিম্বা রেজিষ্টার কর্তৃক তৎকর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি কাড়িয়া লইয়া রেজিষ্ট্রারকে দিতে পারিবেন ইতি।

[কোচমানের অনুমতিপত্রের পৃষ্ঠে দোষ প্রমাণ হওয়া লিখিবার কথা ও পত্র না দেখাইবার দণ্ডের কথা।]

২৬ ধারা। এই আইনমতে কোন কোচমানের নামে নালিশ হইয়া কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার উপস্থিত হইবার সমন হইলে, সে অনুমতিপত্র সঙ্গে লইবে ও দেখাইবার আজ্ঞা পাইলে দেখাইবে। কোচমানকে তদ্রূপ আজ্ঞা হইলেও যদি ঐ অনুমতিপত্র না দেখায়, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাহার পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইবে। এই আইনমতে কোন কোচমানের কোন অপরাধ প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব ঐ অপরাধের ভাব ও তৎপ্রমাণ করিবার তারিখ ও তজ্জন্যে যত দণ্ড হইয়াছে এই কথা সেই অনুমতিপত্রের পৃষ্ঠে লিখিতে সক্ষম হইবেন ইতি।

[কোচমানের দোষ প্রমাণ হইলে তাহার অনুমতিপত্র রহিত কি স্থগিত হইবার কথা।]

২৭ ধারা। যদি কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে এই আইন কিম্বা অন্য কোন আইন অনুসারে কোন কোচমানের কোন অপরাধ প্রমাণ হয়, তবে উক্ত মাজিষ্ট্রেট সাহেব ঐ কোচমানের অনুমতিপত্র রহিত করিতে কিম্বা যত কাল উচিত বোধ করেন তত কালের নিমিত্তে স্থগিত করিতে পারিবেন ও তন্নি-

৩৭ ধারা। এই আইনের সীমার অন্তর্গত কোন হাটে কি বাজারে গমনকারি লোকদের সুবিধার জন্যে ঐ হাটের কি বাজারের যে অংশ তন্নিকট গমনার্থ স্থান ও পথ ও গোপথস্বরূপ ঐ হাটের কি বাজারে মধ্যে ধরা যাইবে কি তাহার অংশ করা যাইবে, তাহা জষ্টিসেরা নিরূপণ ও অবধারণ ও নির্ণন করিবেন। এবং ঐ হাটের বাজারের যেং অংশ তন্নিকট গমনার্থ স্থান ও পথ ও গোপথস্বরূপ রক্ষিত ও ব্যবহৃত হইবে, তাহার সীমা ও বর্ণনসূচক জ্ঞাপনপত্র তাঁহারা ঐ হাটের কি বাজারের কোন এক কি অধিক প্রকাশ স্থানে লটকাইয়া সেই বিষয়ের সম্বাদ দিবেন। জষ্টিসেরা জ্ঞাপনপত্র লিখনক্রমে তদ্রূপ কোন হাটের কি বাজারের স্বামি কি অধিকারি কি পাট্টাদারকে আজ্ঞা করিতে পারিবেন, যে, তিনি নিরূপিত সময়ের মধ্যে নিকট গমনার্থ উক্ত স্থান ও পথ ও গোপথ ও উপপথের সীমার চিহ্ন দেওনের ও তাহা পরিষ্কার ও পরিসর ও সংরক্ষণ করিবার আবশ্যক সকল কর্ম্মসম্পাদন ও প্রয়োজনীয় সকল উপায় করেন। উক্ত জ্ঞাপনপত্রের নির্দ্ধারিত সময় অতীত হইলেও, যদি সেই পথাদি তদনুসারে চিহ্নিত ও পরিষ্কৃত ও বিস্তৃত না হয়, তবে যে ব্যক্তি ঐ অনুষ্ঠান না করিলেন তিনি যত দিন সেই অনুষ্ঠান না করেন তত দিন পর্য্যন্ত বিশ টাকার অনধিক দণ্ডের যোগ্য হইবেন। আরো তদ্রূপ অননুষ্ঠানের স্থলে, জষ্টিসেরা আপনাদের চাকর ও কর্ম্মকারকদের দ্বারা উক্ত হাটে কি বাজারে প্রবেশ করিয়া ও গিয়া নিকট গমনার্থ উক্ত স্থান ও পথ ও গোপথ ও উপপথ পরিষ্কার ও চিহ্নিত ও পরিসর করিতে পারিবেন ও সেই কর্ম্ম যাঁহার কর্ত্তব্য ছিল তাঁহার স্থানে সেই কার্য্যের ব্যয় আদায় করিবেন। জষ্টিসেরা প্রয়োজন হইলে তদ্রূপ জ্ঞাপনপত্র প্রদানপূর্ব্বক উক্ত গমনার্থ স্থান ও পথ ও গোপথ ও উপপথ সময়ে২ পরিবর্ত্তন ও রূপান্তর করিতে পারিবেন। আরো তদ্রূপ জ্ঞাপনপত্র হইলে পর যদি কেহ তদ্রূপ গমনার্থ স্থানে কি পথে কি গোপথে কি উপপথে বাধা জন্মায় কি তাহার প্রতিরোধ করায়, তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে তদধিক জষ্টিসদের স্থানে সেই বাধাজনক বিষয় কি কার্য্য স্থানান্তর কি রহিত করিবার জ্ঞাপনপত্র পাইলে পর সেই বাধা কি প্রতিরোধ যত দিন থাকে তাহার দিন প্রতি ঐ ব্যক্তির দশ টাকার অনধিক দণ্ড হইবে ইতি।

[চাঁচা শণের আড়ং রেজিষ্টর করিবার কথা।]

৩৮ ধারা। জাহাজে পাঠাইবার জন্যে যে চাঁচা শণের গাঁইট কশান যায় তদ্ভিন্ন চাঁচা শণ রাখিবার কি গাঁইট কশাইবার কি সংগ্রহ করিবার কি গচ্ছিত রাখিবার জন্যে এই আইনের সীমার অন্তর্গত যেং আড়ং কি গুদাম কি আড্ডা কি বাটীর ব্যবহার হয়, কিম্বা যে গৃহাদিতে চাঁচা শণ সংগৃহীত কি রক্ষিত হয়, তাহার স্বামী কি অধিকারী এই আইন প্রচলিত

operation, register or cause the same to be registered at the Office of the said Justices in a book to be kept by them for that purpose. And in case of default the person so neglecting or refusing to register the same, shall be liable to a penalty not exceeding one hundred Rupees for every day during which the offence is continued.

[New Jute warehouses must be licensed.]

XXXIX. After the passing of this Act it shall not be lawful to use any warehouses, store, depot, yard, or other place within the limits of this Act, for the keeping or storing of Jute, other than Jute screwed for shipment, unless, before the same is so used, a license for such use be obtained from the Justices: Provided that this Section shall not apply to warehouses, stores, depots, yards, or places already used at the time this Act comes into operation for the keeping or storing of such Jute. Provided nevertheless, if any such last-mentioned warehouse, store, depot, or place shall be burnt down and shall be rebuilt, it shall not be so used for the keeping or stoing of Jute, unless such license as aforesaid be previously obtained. Every person who, without such license, shall so use any warehouse, store, depot, yard, or other place, in cases in which a license ought to be obtained, shall be liable to a penalty not exceeding five hundred Rupees, and to a further penalty not exceeding fifty Rupees for every day during which any such warehouse, store, depot, yard, or other place is so used without a license, after a conviction under this Section, or after written notice from the Justices to discontinue such use.

[Fire not to be used in places where Jute is stored.]

XL. Whoever shall introduce or use in any warehouse, store, depôt, yard, or place in which Jute is deposited or stored, other than only Jute screwed for shipment, any fire, or lucifer mathces, or shall smoke therein, shall be liable to a penalty not exceeding fifty Rupees.

[Inspector or Superintendent of Police may inspect Jute warehouses.]

XLI. It shall be lawful for any Inspector or Superintendent of Police within the limits of this Act, at all convenient times, to enter into any such warehouse, store, depôt, yard, or place in which Jute is stored, and to inspect the same.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ২৯ মে।]

হইবার পর ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত তিন মাসের মধ্যে উক্ত জষ্টিসদের কার্য্যালয়ে সেই গৃহাদি রেজিষ্টর করিবেন কি করাইবেন। জষ্টিসেরা তাহা লিখিবার পুস্তক কার্য্যালয়ে রাখিবেন। যদি সেই কার্য্যের ক্রটি হয়, তবে যে ব্যক্তি ঐ আড়ৎ প্রভৃতি রেজিষ্টর না করেন কি করিতে অস্বীকার করেন তিনি যত দিন সেই অপরাধ করিয়া থাকেন দিনপ্রতি তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

[চাঁচা শণের যে নূতন আড়ৎ হয় তাহার অনুমতিপত্র লইবার কথা।]

৩৯ ধারা। এই আইন প্রচলিত হইবার পরে, জাহাজে পাঠাইবার জন্যে যে চাঁচা শণের গাঁইট কশা যায় তদ্ভিন্ন চাঁচা শণ রাখিবার কি সংগ্রহ করিবার নিমিত্তে জষ্টিসদের নিকটে অনুমতিপত্র প্রথমে প্রাপ্ত না হইলে কোন আড়ৎ কি গুদাম কি আডডা কি বাড়ী কি অন্য স্থানের ব্যবহার করিতে হইবে না। পরন্তু এই আইন প্রচলিত হওনকালে ঐ রূপ চাঁচা শণ রাখিবার কি সংগ্রহ করিবার জন্যে যে আড়তের কি গুদামের কি আডডার কি বাটীর কি স্থানের ব্যবহার হইয়া আসিতেছে তাহার প্রতি এই ধারা বর্ত্তিবে না। তথাপি শেষোক্ত প্রকারের আড়ৎ কি গুদাম কি আডডা কি স্থান যদি দগ্ধ হইয়া পুনরায় নির্ম্মিত হয়, তবে উক্ত প্রকারের অনুমতি প্রাপ্ত না হইলে তাহা চাঁচা শণ রাখিবার কি সংগ্রহ করিবার জন্যে ব্যবহৃত হইবে না। যেং স্থলে অনুমতিপত্র গ্রহণ করিতে হয় সেইং স্থলে যদি কোন ব্যক্তি অনুমতিপত্রবিনা কোন আড়তের কি গুদামের কি আডডার কি বাটীর কি অন্য স্থানের তদ্রূপে ব্যবহার করেন, তবে তাঁহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইবে। তদতিরিক্ত এই ধারাক্রমে তাহার দোষ নির্ণয় হইলে পর, কিম্বা জষ্টিসদের স্থানে ঐ আড়ৎ প্রভৃতির তদ্রূপ ব্যবহার রহিত করিবার অনুজ্ঞাপত্র প্রাপ্ত হওয়া গেলে পর যত দিন অনুমতিপত্রবিনা ঐ আড়তের কি গুদামের কি আডডার কি বাটীর কি অন্য স্থানের তদ্রূপ ব্যবহার করেন তাহার দিনপ্রতি ঐ ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[চাঁচা শণ যে স্থানে সংগৃহীত হয়, সেই স্থানে আগুন না আনিবার কথা।]

৪০ ধারা। জাহাজে পাঠাইবার জন্যে যে চাঁচা শণের গাঁইট কশান গিয়াছে কেবল তাহা রাখিবার স্থানভিন্ন যে আড়তে কি গুদামে কি আডডাতে কি বাড়ীতে কি স্থানে চাঁচা শণ রাখা যায় কি সংগৃহীত হয় তথায় যদি কেহ আগুন কি বিলাতী দিয়াশলায় আনেন কি ব্যবহার করেন কি তথায় তামাক খান তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[চাঁচা শণের আড়ৎ পোলীসের ইনিস্পেক্টর কি সুপরিণ্টেণ্ডেণ্টের দৃষ্টি করিবার কথা।]

৪১ ধারা। এই আইনের সীমার অন্তর্গত যে আড়তে কি গুদামে কি আডডাতে কি বাড়ীতে কি স্থানে চাঁচা শণ রাখা যায়, সেই স্থানে পোলীসের কোন ইনিস্পেক্টর কি সুপরিণ্টেণ্ডেণ্ট উপযুক্ত কোন সময়ে প্রবেশ করিয়া দৃষ্টি করিতে পারিবেন ইতি।

[Act to be read with Act VI of 1863.]

XLII. This Act shall be read with and taken as part of the said Act VI of 1863.

WALKER MARSHALL,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

[১৮৬৩ সালের ৬ আইনের সঙ্গে এই আইন পাঠ করিবার কথা।]

৪২ ধারা। এই আইন ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের সঙ্গে পাঠ করিয়া তাহার অংশ জ্ঞান করিতে হইবে ইতি।

ওয়াকর মার্শেল।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটারী।

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 14th April 1866, and having been assented to by His Excellency the Governor General on the 30th idem, is hereby promulgated for general information:—

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইন বিষয়ে উক্ত মান্যবর ১৮৬৬ সালের ১৪ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং ঐ মাসের ৩০ দিবসে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবেরও সম্মতি প্রকাশ হওয়াতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

ACT No. VII OF 1866.

An Act to make better provision for the acquisition of land for Embankments, and other matters relating thereto.

[Preamble.]

WHEREAS it is expedient to make better provision for the acquisition of land required for embankments, and for charging the expense thereof upon the owners of lands benefited thereby; Be it enacted:—

[Lands for embankments may be acquired under powers for acquiring land for public purposes.]

I. When it shall be necessary for any Collector to acquire land for the purpose of constructing any public Embankment, or of extending or altering any embankment the superintendence or charge whereof is vested in an Officer of Government, the provisions of Act VI of 1857 passed by the Governor General of India in Council, entitled "An Act for the acquisition of land for public purposes," and of any other Act for the time being in force relating to the acquisition of land for public purposes, shall extend and apply to the acquisition of such land for the purpose aforesaid, so far as the same shall be applicable, and such Collector shall and may take and acquire such land, and assess compensation for the same, and do all other acts necessary for the acquisition thereof, by and under the powers and provisions of such Act or Acts so far as the same is or are applicable in that behalf; but no such declarations or orders by or on behalf of Government as are mentioned in Sections II and III of the said Act VI of 1857 shall be necessary or required. Any person to whom compensation has been awarded in respect of lands taken shall be entitled to receive the same, together with interest after the rate of six per centum per annum from

১৮৬৬ সাল ৭ আইন।

বাঁধ প্রস্তুত করিবার জন্যে ভূমি গ্রহণের এবং তৎসম্পর্কীয় অন্যান্য ব্যাপারের সুবিধান করণার্থ আইন।

[হেতুবাদ।]

বাঁধ প্রস্তুত করণার্থে যে ভূমির প্রয়োজন তাহা গ্রহণ করিবার এবং তদ্দ্বারা যে ব্যক্তিদের সম্পত্তির উপকার হয় তাঁহাদিগের প্রতি সেই কার্য্যের ব্যয় দিবার ভারার্পণ করণের সুবিধান করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

[বাঁধ প্রস্তুত করিবার জন্যে যে ভূমির প্রয়োজন তাহা রাজকীয় কার্য্যার্থে প্রয়োজনীয় ভূমি গ্রহণের ক্ষমতাক্রমে গ্রহণ হইবার কথা।]

১ ধারা। গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের প্রতি যে বাঁধের অবেক্ষণ কি তত্ত্বাবধান করণের ভার অর্পিত হয়, এমত কোন বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণার্থে যখন কালেক্টর সাহেবের কোন ভূমি গ্রহণ করা আবশ্যক তখন রাজকীয় কার্য্যার্থে ভূমি গ্রহণ করণার্থ আইনমতে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৫৭ সালের ৬ আইনের বিধান এবং রাজকীয় কার্য্যার্থে ভূমি গ্রহণের যে কোন বিধি সংকালে প্রবল থাকে সেই বিধি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে সেই পর্য্যন্ত পূর্ব্বোক্ত অভিপ্রায়ে ভূমি গ্রহণের প্রতি বর্ত্তিবে। এবং ভূমি গ্রহণের বিষয়ে সেই কিম্বা সেই২ আইনের বল ও বিধান যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে, কালেক্টর সাহেব সেই পর্য্যন্ত সেই বল ও বিধানদ্বারা ও তদনুক্রমে ঐ ভূমি লইবেন ও গ্রহণ করিবেন এবং লইতে ও গ্রহণ করিতে পারিবেন, ও তাহার মূল্য নির্দ্ধার্য্য করিবেন, ও সেই ভূমি গ্রহণ করণার্থে অন্য যে সকল কার্য্য আবশ্যক তাহা করিতে পারিবেন ও করিবেন। কিন্তু গবর্ণমেণ্টের দ্বারা কি তৎপক্ষে যে জ্ঞাপনপত্রের কি আজ্ঞার কথা ১৮৫৭ সালের উক্ত ৬ আইনের ২ ও ৩ ধারাতে ব্যক্ত হইয়াছে তাহা করিবার আবশ্যক কি আদেশ হইবে না। ও গৃহীত ভূমি সম্পর্কে হানি পূরণস্বরূপ যে ব্যক্তির টাকা পাইবার আজ্ঞা হইয়াছে সেই ব্যক্তি ঐ টাকা এবং ভূমি যে সময়ে গৃহীত হয় সেই সময়াবধি ঐ টাকার উপর বৎসরে ছয় টাকার হিসাবে সুদ পাইতে স্বত্ববান হইবেন। আরো গৃহীত ভূমিদ্বারা যে

the time when the land was taken: Provided that notwithstanding any thing contained in Section VII, Clause 1, of Act XXXII of 1855 passed by the Governor General of India in Council, entitled "An Act relating to Embankments," it shall not be obligatory upon the Collector to pay to any person, nor shall any person have a right to a Civil suit for the recovery of any money in respect of compensation for lands taken, where the same is payable as hereinafter provided by the persons whose lands are benefited, until and unless the Collector shall have received the same from such person.

[Cost of land acquired for embankment where lands of different owners benefited.]

II. In cases where lands the property of different owners will, in the opinion of the Collector, derive benefit from the construction, alteration, or extension of any public Embankment, and it is necessary to acquire land for the purpose of such construction, alteration, or extension, it shall be lawful for such Collector to charge the cost of such land and the expense attending its acquisition upon the persons so deriving such benefit, in such proportions as in his opinion shall be equivalent to the benefit derived by their lands respectively. Before assessing such contribution, the Collector shall cause a notice to be served on each of such persons, in which it shall be stated what land is being taken, and the purpose for which it is required, and that the lands of such person will derive benefit from the execution of the works, and giving him notice that an inquiry will be held, at a day and place to be named, for the purpose of apportioning amongst the persons whose lands will be benefited by the intended works, the cost of the land and the expense of acquiring it. In case such person does not reside within the district in which his lands are situate, the notice may be served upon his agent, or if he has no agent therein, it will be sufficient to affix the notice upon some conspicuous part of his estate.

[Mode of inquiry as to the proportion changeable to each estate.]

III. On the day fixed in the notice, which shall not be less than one month later than the date of service of such notice, the Collector shall proceed to make the necessary inquiry for the determination of the proportion in which the estates affected by the construction, extension, or alteration of the embankment will be benefited thereby. In making this inquiry he shall receive such evidence as may be tendered by or on behalf of the owners of estates which may appear likely to be benefited by the construction, extension, or alteration of the

ব্যক্তির ভূমির উপকার হয় যদি ঐ ভূমির হানিপূরণের টাকা ঐ ব্যক্তির দিতে হয় তবে কালেক্টর সাহেব যদি সেই ব্যক্তির স্থানে ঐ টাকা না পান ও যত কাল না পান তবে ও তত কালপর্য্যন্ত তিনি কোন কাহাকে ঐ টাকা দিতে আবদ্ধ নহেন ও সেই টাকা পাইবার জন্যে কোন কেহ দেওয়ানী মোকদ্দমা করিবার স্বত্ববান হইবেন না। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত বাঁধ সম্পর্কীয় আইননামে ১৮৫৫ সালের ৩২ আইনের ৭ ধারার ১ প্রকরণে ইহার বিপক্ষ বিধান থাকিলেও হইবেন না ইতি।

[ভিন্ন২ স্বামিরদের ভূমির উপকার হইলে বাঁধের জন্যে গৃহীত ভূমির ব্যয়ের কথা।]

২ ধারা। রাজকীয় কোন বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণদ্বারা যদি কালেক্টর সাহেবের জ্ঞানে ভিন্ন২ স্বামির সম্পত্তির উপকার হয়, এবং সেই বাঁধ প্রস্তুত কি পরিবর্ত্তন কি বৃদ্ধি করিবার জন্যে ভূমি গ্রহণ করা আবশ্যক, তবে যে লোকদের তদ্রূপ উপকার সম্ভাবনা তাঁহাদের স্থানে কালেক্টর সাহেব ঐ ভূমির মূল্য ও তাহা গ্রহণ করিবার ব্যয় লইবেন, অর্থাৎ যাঁহার ভূমির যত উপকার সম্ভাবনা তাঁহার স্থানে তদনুযায়ি মূল্য ও ব্যয় লইবেন। যাঁহার যত দেওয়া উচিত, কালেক্টর সাহেব তাহা নির্দ্ধার্য্য করিবার পূর্ব্বে, সেই প্রত্যেক স্বামিকে জ্ঞাপনপত্র দিয়া জানাইবেন যে অমুক অভিপ্রায়ে অমুক২ ভূমির প্রয়োজন হওয়াতে তাহা লওয়া যাইতেছে, ও সেই কর্ম্ম সম্পাদনদ্বারা তোমার ভূমির লাভ হইবে, এবং সেই অভিপ্রেত কার্য্য দ্বারা যেং ব্যক্তির ভূমির উপকার সম্ভাবনা তাঁহাদের মধ্যে ঐ ভূমির যত মূল্য ও তাহা গ্রহণের যত ব্যয় যাঁহার দিতে হইবে ইহা নিরূপণ করিবার অভিপ্রায়ে অমুক দিনে অমুক স্থানে অনুসন্ধান কার্য্য চলিবে, ইহার সম্বাদ তোমাকে দেওয়া যাইতেছে। তদ্রূপ ব্যক্তির ভূমি যে জিলাতে থাকে যদি তিনি সেই জিলাতে বাস না করেন, তবে তাঁহার মোক্তারকে সেই জ্ঞাপনপত্র দেওয়া যাইতে পারিবে। যদি ঐ স্থানে তাঁহার মোক্তার না থাকেন, তবে ঐ জ্ঞাপনপত্র সম্পাত্তির কোন প্রকাশ স্থানে লটকাইয়া দিলেই যথেষ্ট ইতি।

[প্রত্যেক সম্পাত্তির প্রতি ব্যয়ের যে অংশ ধরিতে হইবে তাহার অনুসন্ধানের নিয়মের কথা।]

৩ ধারা। ঐ বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণদ্বারা যেং সম্পাত্তির যে অংশে উপকার সম্ভাবনা তাহা নিরূপণ করণার্থে কালেক্টর সাহেব ঐ জ্ঞাপনপত্র পর্য্যার্পণ করণের তারিখের পর অন্যূনঃ এক মাসের মধ্যে ঐ জ্ঞাপনপত্রের অবধারিত দিনে প্রয়োজনীয় অনুসন্ধান করিতে প্রবর্ত্ত হইবেন। যে সময়ে তিনি সেই অনুসন্ধান করেন সেই সময়ে পূর্ব্বোক্ত বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণের দ্বারা যেং সম্পাত্তির উপকার সম্ভাবনা সেই সম্পাত্তির স্বামিরা কিম্বা তাঁহাদের পক্ষে অন্য ব্যক্তি এবং অন্য যে ব্যক্তিরা সেই অনুসন্ধান কার্য্যে স্বার্থের দাওয়া করেন তাঁহারা

embankment as aforesaid, and by and on behalf of any other persons who may claim to be interested in the said inquiry, and he may make or cause to be made such local investigation, and call for such documents and examine such witnesses, as he may think necessary; and all the provisions of the law, for the time being in force, in regard to the examination of witnesses and production of documents in judicial proceedings, shall be applicable to inquiries conducted by the Collector under this Act.

কি তাঁহাদের পক্ষে অন্যেরা যে প্রমাণ দিতে চাহেন তাহা তিনি গ্রহণ করিবেন, এবং স্থানবিশেষে কোন প্রকারের অনুসন্ধান আবশ্যক জ্ঞান করিলে তাহা করিবেন কি করাইবেন, ও যে২ নিদর্শনপত্র ও সাক্ষী আবশ্যক জ্ঞান করেন তাহা উপস্থিত করিতে আজ্ঞা করিবেন সেই সাক্ষিদিগের পরীক্ষা লইতে পারিবেন। এবং আদালতসম্পর্কীয় ব্যবহার কার্য্যে সাক্ষিদের পরীক্ষা গ্রহণ ও নিদর্শনপত্র উপস্থিত করণবিষয়ে আইনের যে বিধান যৎকালে প্রবল থাকে সেই২ বিধান কালেক্টর সাহেবকর্তৃক এই আইনঅনুযায়ি অনুসন্ধানের প্রতি বর্ত্তিবে ইতি।

[No appeal from Collector's award: but one owner may recover from another who has not been assessed or who has been under-assessed.]

[কালেক্টর সাহেবের আজ্ঞার উপর আপীল না হওয়ার কথা। কিন্তু যে স্বামির পক্ষে মূল্যের কোন অংশ ধার্য্য হয় নাই কি অল্পতর ধার্য্য হইয়াছে তাঁহার স্থানে অন্য স্বামির আদায় করিতে পারিবার কথা।]

IV. The Collector shall and may after such inquiry make an award, in which he shall find and state the names of the persons whose lands will be or are benefited by the construction, alteration, or extension of such embankment, and the proportion of the cost of the land and the expense of its acquisition (including therein the cost of the said inquiry) which they ought respectively to bear. No appeal shall lie from the award of the Collector. But it shall be competent to the owner of any land assessed to a larger amount than his fair proportion, to recover such excess in the Civil Court, from the owner of any land or estate benefited thereby upon whom no assessment has been made, or a smaller amount has been assessed than ought to have been awarded against him: Provided that in such suit no more shall be recovered from any person than the amount to which he ought to have been assessed, where he has not been required to contribute, or the amount by which the sum he was required to pay was less than his fair proportion where he has been required to contribute.

৪ ধারা। কালেক্টর সাহেব তদ্রূপ অনুসন্ধান করণানন্তর অনুজ্ঞাপত্র করিয়া, ঐ বাঁধের প্রস্তুত কি পরিবর্ত্তন কি বৃদ্ধি করণদ্বারা যাঁহারদের ভূমির উপকার হইবে কি হয় তাঁহারদের নাম, এবং উক্ত অনুসন্ধান কার্য্যের ব্যয় সুদ্ধ ভূমির মূল্যের ও তাহা গ্রহণের ব্যয়ের যে অংশ যাঁহার দেওয়া উচিত তাহা তিনি নির্ণয় করিয়া ব্যক্ত করিবেন। কালেক্টর সাহেবের সেই অনুজ্ঞার উপর আপীল নাই। কিন্তু কোন ভূমির উপর ন্যায়াপেক্ষা অধিক টাকা ধার্য্য হইলে সেই ভূমির স্বামী ঐ কার্য্যদ্বারা উপকার প্রাপ্ত অন্য যে ভূমির কি সম্পদের স্বামির উপর মূল্যের কোন অংশ ধার্য্য হয় নাই কিম্বা যাঁহার উপর যথোপযুক্ত অংশাপেক্ষা ন্যূন অংশ ধার্য্য হইয়াছে তাঁহার স্থানে দেওয়ানী আদালতে ঐ অতিরিক্ত অংশ আদায় করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ মোকদ্দমা হইলে যাঁহার প্রতি ঐ ব্যয়ের কোন অংশ ধার্য্য হয় নাই যদি এমত ব্যক্তির নামে হয় তবে তাঁহার উপর ঐ ব্যয়ের যত টাকা ধার্য্যকরা উচিত তদধিক টাকা তাঁহার স্থানে আদায় হইবে না, কিম্বা যাঁহার অল্পতর টাকা ধার্য্য হইয়াছে তাহার নামে হইলে, অধিক যত টাকা দিলে তাহার ন্যায়মতে দাতব্য ধার্য্য হয় তদধিক তাহার স্থানে আদায় হইবে না ইতি।

[Expenses of acquiring land, what included in.]

[ভূমি গ্রহণের ব্যয়ের মধ্যে যাহা২ ধর্ত্তব্য তাহার কথা।]

V. There shall be included in the expense of acquiring the land so to be distributed amongst the persons benefited, not only the compensation awarded to the owner of the land taken, including interest at the rate of six per centum per annum from the time when the land was taken, but also the cost of surveys and plans, of notices, of the said inquiry and award, and all other costs, charges, and expenses incident to obtaining possession of such land. The amount so awarded shall and may be recovered from the person so required to pay the same, in the same way and by the same means as arrears of Government Revenue.

৫ ধারা। উপকার প্রাপ্ত ব্যক্তিদের মধ্যে ভূমি গ্রহণের যে ব্যয় অংশাংশমতে লওয়া যাইবে তাহার মধ্যে গৃহীত ভূমির স্বামির হানিপূরণস্বরূপ যত টাকা দাতব্য তাহা, এবং ভূমি গ্রহণের সময়াবধি বৎসরে শতকরা ছয় টাকার হারে সুদ এবং ভূমির পরিমাণ করণের ও আলেখ্য করণের ও জ্ঞাপনপত্রের এবং উক্ত অনুসন্ধান কার্য্যের ও অনুজ্ঞাপত্রের ব্যয় এবং ঐ ভূমির অধিকার করণসম্পর্কীয় অন্য সকল খরচ ও পারিশ্রমিক ও ব্যয় ধরিতে হইবে। তদ্রূপে যাঁহার যত টাকা দিবার অনুজ্ঞা হয়, বাকী রাজস্ব আদায় করিবার প্রণালী ও উপায়ক্রমে তাহার স্থানে ঐ টাকা আদায় হইতে পারিবে ও হইবে ইতি।

[*Government Gazette*, 29th *May* 1866.]

[Expense of sluice may be apportioned where lands of different owners benefited.]

VI. When application has been made to the Collector under Section VIII of the said Act XXXII of 1855, for the construction of a sluice in any public embankment, and, in the opinion of the Collector, lands the property of other persons as well as of the person making the application will be benefited by the construction of the sluice, the expense of such construction may be assessed upon and recovered from such persons in such shares or proportions as shall, in the opinion of the Collector, be equivalent to the benefit derived by their lands respectively. Provided, nevertheless, that notice in writing shall be served on all such persons, stating that it is proposed to make such sluice, the probable expense thereof, and that an inquiry will be held at a place and hour specified, for the purpose of apportioning the expense of such construction among the persons to be benefited thereby, and that such person is supposed to be likely to be benefited thereby. And such notice may be served, and such inquiry shall be held, and such award shall be made, subject to the same rules, powers, and provisoes in all respects as is hereinbefore provided in the case of the apportionment of the cost of land required for embankments. And the said award shall be final: but a Civil suit may be brought to recover any excess with which any such person may be charged, from persons who ought to have been charged but have not been charged with any portion of the expense, or against whom less has been awarded than their fair proportion, as hereinbefore provided with respect to the apportionment of the cost of land.

[Disposal of lands no longer required for embankments.]

VII. Whenever, in consequence of the construction or alteration of any public embankment, the maintenance of any other public embankment, or the retention of any land appropriated to the purposes thereof, may no longer be required, and the permanent relinquishment of the same may be deemed expedient by the Officer in charge of the embankments, it shall be lawful for the Collector to dispose of the site of the embankment or of the land so abandoned by public sale, and all the provisions of the Law for the time being in force in regard to sales of land in default of payment of the Government revenue shall be applicable, so far as the same may be reasonably applied, to sales under the provisions of this Section. The proceeds of such sales shall, after the payment of all expenses incurred on account of the same, be applied to the payment of the cost of the new land taken up for embankment purposes, and in

[জলদ্বার করণদ্বারা ভিন্ন২ স্বামিরদের ভূমির উপকার হইলে তাহার ব্যয়ের কথা।]

৬ ধারা। ১৮৫৫ সালের উক্ত ৩২ আইনের ৮ ধারামতে কালেকুটর সাহেবের নিকটে রাজকীয় কোন বাঁধে জলদ্বার প্রস্তুত করিবার প্রার্থনা হইলে যদি কালেকুটর সাহেবের বিবেচনায় ঐ জলদ্বার প্রস্তুত করণদ্বারা প্রার্থকের সম্পত্তিভিন্ন অন্য ব্যক্তিরদের ভূসম্পত্তির উপকার সম্ভাবনা, তবে কালেক্টর সাহেবের বিবেচনামতে যে ব্যক্তিদের ভূমির যত উপকার সম্ভাবনা তদনুসারে অংশাংশ করিয়া ঐ জলদ্বার প্রস্তুত করিবার ব্যয় তাঁহাদের প্রতি ধার্য্য হইয়া তাহারদের স্থানে আদায় হইবে। তথাপি উক্ত প্রত্যেক ব্যক্তির উপর এই মর্ম্মের জ্ঞাপনপত্র পর্য্যর্পিত হইবে যে, উক্ত জলদ্বার প্রস্তুত করিবার প্রস্তাব হইয়াছে তাহা করিতে এত টাকা ব্যয় সম্ভাবনা, তদ্দ্বারা যত ব্যক্তিরদের উপকার সম্ভাবনা তাহাদের মধ্যে অংশাংশমতে ঐ ব্যয় ধার্য্য করিবার নিমিত্তে অমুক নির্দ্ধারিত স্থানে ও সময়ে অনুসন্ধান কার্য্য হইবে, এবং তদ্দ্বারা তোমারও লভ্য প্রাপ্তির সম্ভাবনা। এবং বাঁধের জন্যে ভূমি লওয়া গেলে তাহার ব্যয় অংশাংশমতে ধার্য্য করিবার জন্যে পূর্ব্ব লিখিত ধারাতে যেং শক্তির ও ক্ষমতার ও উপবিধির বিধান হইয়াছে, সর্ব্বতোভাবে তদনুসারেই ঐ জ্ঞাপনপত্র পর্য্যর্পিত হইবে ও ঐ অনুসন্ধান কার্য্য হইবে ও ঐ অনুজ্ঞাপত্র করা যাইবে। এবং সেই অনুজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু ইহার পূর্ব্বে ভূমির ব্যয় অংশাংশমতে ধার্য্যকরণ সম্পর্কীয় যে বিধান করা গিয়াছে তদনুসারে কোন ব্যক্তির প্রতি অতিরিক্ত ব্যয় ধার্য্য হইলে, অন্য যে ব্যক্তির প্রতি ব্যয়ের একাংশ ধার্য্য করা কর্ত্তব্য হইলেও ধার্য্য হয় নাই তাঁহার নামে, কিম্বা অন্য যাঁহার স্থানে ন্যূনতর ধার্য্য হইয়াছে তাঁহার নামে তিনি দেওয়ানী মোকদ্দমা করিয়া সেই অতিরিক্ত অংশ আদায় করিতে পারিবেন ইতি।

[বাঁধের জন্যে যে ভূমির আর প্রয়োজন নাই তাহা বিক্রয়াদির কথা।]

৭ ধারা। কোন বাঁধ প্রস্তুত কি পরিবর্ত্তন করণ প্রযুক্ত যদি অন্য বাঁধ রাখিবার কিম্বা তজ্জন্যে যে ভূমি নিয়োজিত ছিল তাহা রাখিবার আর আবশ্যক না হয়, এবং বাঁধের তত্ত্বাবধায়ি কার্য্যকারক যদি সেই ভূমি সম্যক্প্রকারে ত্যাগ করা বিহিত বোধ করেন, তবে কালেক্টর সাহেব ঐ বাঁধের ভূমির কিম্বা তদ্রূপ ত্যক্ত ভূমির প্রকাশ বিক্রয় করিতে পারিবেন। এবং গবর্ণমেণ্টের রাজস্ব দান করিতে ত্রুটি হইলে ভূমি বিক্রয়ের আইনের যে বিধান যে সময়ে প্রচলিত থাকে, তাহা এই ধারার বিধানানুযায়ি বিক্রয়ের প্রতি যুক্তিসিদ্ধমতে যেপর্য্যন্ত বর্ত্তিতে পারে সেইপর্য্যন্ত বর্ত্তিবে। ঐ বিক্রয়দ্বারা যে টাকা প্রাপ্ত হওয়া যায় তাহাহইতে সেই বিক্রয়ঘটিত সমস্ত ব্যয় পরিশোধ হইলে পর, বাঁধের কার্য্যের জন্যে যে নূতন ভূমি লওয়া গেল অবশিষ্ট টাকা তাহার ব্যয় পরিশোধার্থে দেওয়া যাইবে। তাহা হইলে ঐ নূতন ভূমির ব্যয়ের অবশিষ্ট টাকামাত্র এই আইন গত পূর্ব্ব বিধানের নির্দ্দিষ্টমতে উপকার প্রাপ্ত ভূমির স্বামিরদের মধ্যে অংশাংশমতে ধার্য্য হইবে। পরন্তু এই আইনের বিধানমতে বাঁধের কা-

such case the residue only of the cost of such new land shall be apportioned among the owners of lands benefited as hereinbefore provided. Provided that it shall not be competent to the Collector to sell in the manner aforesaid any land which shall not have been taken up for embankment purposes under the provisions of this Act.

র্য্যের নিমিত্তে যে ভূমি না লওয়া যায় তাহা কালেক্টর সাহেব পূর্ব্বোক্ত মতে বিক্রয় করিতে পারিবেন না ইতি।

[Collector may delegate any of his powers to a Deputy Collector.]

VIII. A Collector may delegate any of his powers under this Act to a Deputy Collector, but from any order passed by a Deputy Collector to whom powers have been so delegated an appeal shall lie to the Collector, if presented within fifteen days of the date of the order.

[কালেক্টরের কোন ক্ষমতা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে পারিবার কথা।]

৮ ধারা। কালেক্টর সাহেব আপনার এই আইন-অনুযায়ি কোন ক্ষমতা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ ক্ষমতা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করা গেলে তাঁহার আজ্ঞার উপর কালেক্টর সাহেবের নিকটে আপীল হইতে পারিবে। ঐ আজ্ঞার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে আপীল করিতে হইবে ইতি।

[Act does not apply where obligation to provide land exists.]

IX. Nothing in this Act shall be held to exempt any person from the obligation of giving land gratuitously, or of paying for land taken up for the purpose of public embankments, where such obligation exists by any law or custom.

[যে স্থলে ভূমি দান করিবার বাধ্যতা আছে সেই স্থলে এই আইন না বর্ত্তিবার কথা।]

৯ ধারা। যদি কোন ব্যবস্থা কি আচার দ্বারা কোন ব্যক্তি বিনামূল্যে রাজকীয় বাঁধ প্রস্তুত করণার্থ ভূমি দান করিতে, কিম্বা তদর্থে গৃহীত ভূমির মূল্য দিতে আবদ্ধ আছেন, তবে এই আইনের কোন কথাক্রমে তিনি সেই বাধ্যতা হইতে মুক্ত জ্ঞান হইবেন না ইতি।

[Interpretation.]

X. The following words and expressions shall have the several meanings hereby assigned to them unless where a contrary intention appears from the context:—

[অর্থ করণের ধারা।]

১০ ধারা। পূর্ব্বাপর কথাক্রমে বিপরীত অভিপ্রায় দৃষ্ট না হইলে পশ্চাৎ লিখিত শব্দের ও কথার এই ধারার নিরূপিত অর্থ করিতে হইবে। বিশেষতঃ—

[Number.]

Words in the singular number shall include the plural, and words in the plural shall include the singular.

[বচন।]

এক বচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত সেই শব্দ গণ্য, ও বহুবচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত সেই শব্দও গণ্য।

[Gender.]

Words importing the masculine gender shall include females.

[লিঙ্গ।]

পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য।

[Collector.]

The word "Collector" shall include any Officer, exercising, by authority of Government, the duties of a Collector of Land Revenue, by whatever name his office may be designated.

[কালেক্টর।]

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে যে কোন কার্য্যকারক ভূমির রাজস্ব আদায়ের কর্ম্ম করেন তাঁহার পদের যে কোন খ্যাতি হউক কালেক্টর শব্দে তিনিও গণ্য।

["Owner of Estate.]

The word "Owner" shall include Zemindars, holders of putnee-tenures or of any rent-free tenure, Dependent Talookdars, Soonderbun grantees, and Farmers or holders of tenures paying revenue direct to Government.

[সম্পত্তির স্বামী।]

স্বামী শব্দের মধ্যে জমীদার ও পত্তনীদার কিম্বা নিষ্কর কোন ভূমির অধিকারী ও মফঃসল তালুকদার ও সুন্দরবনের ভূমি গ্রহীতা এবং একেবারে গবর্ণমেণ্টের নিকটে রাজস্বদায়ি ইজারদার ও তালুকদারও ধর্ত্তব্য ইতি।

WALKER MARSHALL,
Asst. Secy. to the Govt of Bengal,
Legislative Department.

ওয়াকর মার্শেল।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 16.

To Judges of Districts,—(dated Calcutta, the 25th April 1866.)

THE High Court are pleased to order that, for the future, whenever the order of a Court of first instance be modified or reversed on appeal, or whenever any irregularity in the proceedings of such Court be made the subject of argument by the Pleaders, and of comment by the Court of Appeal, a copy, or a translation of the judgment if it has been recorded in a language not intelligible to the subordinate Judge, be forwarded for the information and future guidance of such Officer.

2. The High Court trust that by this means the judgements of the lower Courts may be improved, and the work of the Appellate Courts may in consequence be diminished.

3. Judges of Districts are requested to communicate these orders to their subordinate Principal Sudder Ameens.

By Order, &c.,
(Sd.) H. T. PRINSEP,
Registrar.

No. 18.

To all Judges of Districts, and Judges of Small Cause Courts,—(dated Calcutta, the 11th May 1866.)

THE Court desire to remind all Civil Judges that they are empowered by Section 4, Act V (B. C.) of 1863 to employ, for the service and execution of processes on special occasions, other than registered peons. That power, however, should be exercised *only* when there is absolute necessity for the employment of extra peons, and on the occurrence of such necessity, the Judge (*i. e.* the presiding officer of the Court by whatever title designated, Section X) should hold a proceeding, and record his reasons for employing such peons. When this is done by any Judge subordinate to a Zillah Judge, the latter should be furnished at once with a copy of the proceeding, and the Court will expect to receive from Zillah Judges at the close of the month in which extra peons are employed in any Civil Court in their Districts, a Return showing the number of men employed, and the costs of their employment. Judges of Small Cause Courts will submit to the High Court a similar Return under like circumstances.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

১৬ নম্বর।

জিলার জজ সাহেব প্রতিআগে। কলিকাতা। ১৮৬৬ সাল ২৫ আপ্রিল।

হাই কোর্টের সাহেবেরা আজ্ঞা করিয়াছেন যে অদ্যাবধি প্রথমস্থলীয় আদালতের আজ্ঞার উপর আপীল হইয়া যখন সেই আজ্ঞা মতান্তর কি অন্যথা করা যায়, কিম্বা উকীলেরা যখন সেই আদালতের কার্য্যপ্রণালির কোন ব্যতিক্রম লইয়া তর্ক বিতর্ক করেন ও আপীল আদালত তদ্বিষয়ের দোষ ব্যক্ত করেন তখন ঐ নির্ণয়পাদের প্রতিলিপি, কিম্বা যদি নির্ণয়পাদ অধঃস্থ বিচারকর্ত্তার বোধগম্য ভাষায় লিখিত না হইয়া থাকে, তবে তাহার অনুবাদ ঐ কার্য্যকারকের জ্ঞানার্থে ও ভবিষ্যতে তাঁহার উপদেশার্থে তাঁহার নিকটে প্রেরিত হইবে।

২। এতদ্রূপে কার্য্য হইলে অধঃস্থ আদালতের বিচার ক্রমশঃ শ্রেষ্ঠতর হইয়া উঠিবে, ও তৎফলস্বরূপ আপীল আদালতের কার্য্য লঘুতর হইবে হাই কোর্টের এই আশয়।

৩। জিলার জজ সাহেবদের প্রতি এই আদেশ যে তাঁহারা অধীন প্রধান সদর আমীনদিগকে এই আজ্ঞা জ্ঞাত করেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্ট্রার।

১৮ নম্বর।

জিলার সকল জজ সাহেব ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের সকল বিচারকর্ত্তা প্রতিআগে। কলিকাতা ১৮৬৬ সাল ১১ মে।

১৮৬৩ সালের বঙ্গদেশীয় ৫ আইনের ৪ ধারাক্রমে সিবিল জজ সাহেবেরা বিশেষ২ গতিকে আজ্ঞাপত্র পর্য্যর্পণ ও সম্পাদন করণার্থে রেজিষ্টরী পেয়াদা ভিন্ন অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে ক্ষমতাপন্ন হন, হাই কোর্টের সাহেবেরা সকল দেওয়ানী বিচারকর্ত্তাদিগকে এই কথা মনে করাইতেছেন কিন্তু যে স্থলে অতিরিক্ত পেয়াদাকে কর্ম্ম দেওয়া নিতান্ত আবশ্যক তদ্ভিন্ন কোন স্থলে সেই ক্ষমতানুসারে কার্য্য করা অবিহিত। তদ্রূপ আবশ্যক স্থলে ও বিচারকর্ত্তা (অর্থাৎ আদালতের আধিপত্য কর্ম্মকারক পদের যে নামে খ্যাত হউন তিনি, ১০ ধারা) কবকারী করিয়া সেই পেয়াদাকে নিযুক্ত করিবার হেতু লিপিবদ্ধ করিবেন। যদি জিলার জজ সাহেবের অধীন কোন বিচারকর্ত্তা তদ্রূপ কার্য্য করেন, তবে সেই কবকারির প্রতিলিপি জিলার জজ সাহেবের নিকটে অগৌণে প্রেরণ করিতে হয়। কোন জিলার দেওয়ানী আদালতে যে মাসে অতিরিক্ত পেয়াদা নিযুক্ত হয়, সেই মাসের শেষে যত জন তদ্রূপ নিযুক্ত হইয়াছে ও তাহাদের নিযুক্ত করণে যত টাকা ব্যয় হইয়াছে এই কথার রিটর্ণ হাই কোর্টের সাহেবেরা জিলার জজ সাহেবের নিকটে পাইবার অপেক্ষা করেন। তদ্রূপ গতিকে ক্ষুদ্র মোকদ্দমার আদালতও হাই কোর্টে তদ্রূপ রিটর্ণ প্রেরণ করিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৯ মে।]

2. The following rule, which has been approved by Government* is circulated for general observance in cases of the above nature where extra peons are employed for any period less than a month; they shall receive the full amount realized from suitors for their services according to the rate laid down in paragraph 3, Circular Order No. 10A, dated 26th April 1864; but when their services are retained for one month or longer, they shall be remunerated by fixed salaries according to the usual scale, the entire fees being credited to Government.

By Order, &c.,

(Sd.) J. H. BELCHAMBERS,

Depy. Registrar, in charge of the Office of Registrar.

No. 20.

To Zillah Judges,—(dated Calcutta, the 16th May 1866)

IN continuation of Circular No. 10, dated the 23rd March last, the Court find it necessary to explain that suits concerning claims which fall within more than one of the descriptions therein provided for should be entered in the Statement which refers to the more valuable portion of the claim.

2. Thus, if a suit be for recovery of house and some lakhiraj land, the Statement in which it will be entered will depend upon whether the house or the lakhiraj land is assessed at the highest value.

3. The Court take this opportunity of calling upon all Judges to submit, without delay, the Statements required by Circular No. 10 above referred to, as ample time has been allowed for their preparation, and they are urgently required by Government.

By Order, &c.,

(Sd.) J. H. BELCHAMBERS,

Depy. Registrar, in charge of the Office of Registrar.

Rules drawn up in accordance with Section 4. Act XX of 1865, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookhtars in Mofussil Courts.

---

1. PLEADERS in the Mofussil Courts of the Regulation Provinces, within the limits of the jurisdiction of the High Court, shall, as regards qualification, be of two grades.

---

* Vide G.O., 6th April 1865, No. 2235.

[*Government Gazette, 29th May* 1866.]

২। পূর্ব্বোক্ত গতিকে অতিরিক্ত পেয়াদাদিগকে যখন এক মাসের ন্যূন কাল কর্ম্ম দেওয়া যায় তখন তাহাদের প্রতি নিম্নলিখিত বিধি বর্ত্তিবে। গবর্ণমেণ্টের অনুমোদিত * সেই বিধি সাধারণের পালনার্থে প্রকাশ করা যাইতেছে। ১৮৬৪ সালের ২৬ আপ্রিল তারিখের ১০ A নম্বরের সরকুলর অর্ডরের ৩ দফাতে তাহাদের বেতনের যে হার নির্দ্ধারিত হইয়াছে তদনুসারে তাঁহারা আপনারদের কর্ম্মের নিমিত্তে বাদী প্রতিবাদির স্থানে গৃহীত সমুদয় টাকা পাইবেন। কিন্তু যদি তাহাদিগকে এক মাস কি তাহার অধিক কাল কর্ম দেওয়া যায়, তবে ঐ ফী গবর্ণমেণ্টের নামে জমা হইবে ও তাহাদিগকে নিয়মিত হারানুসারে অবধারিত বেতন দেওয়া যাইবে।

জে এচ বেলচেম্বর্স।

রেজিষ্ট্রারের কার্য্যালয়ের ভারপ্রাপ্ত,

ডেপুটী রেজিষ্ট্রার।

---

২০ নম্বর।

জিলার জজ সাহেব প্রতি আগে। কলিকাতা ১৮৬৬ সাল ১৬ মে।

হাই কোর্টের সাহেবেরা গত মার্চ মাসের ২৩ তারিখের ১০ নম্বরের সরকুলরের উপলক্ষে আবশ্যক বিবেচনায় জ্ঞাত করিতেছেন যে, ঐ সরকুলরে যেং প্রকারের দাওয়া বর্ণিত হইয়াছে যদি কোন ব্যক্তি তন্মধ্যে দুই কি অধিক প্রকারের দাওয়া লইয়া মোকদ্দমা করেন, তবে ঐ দাওয়ার যে অংশ অধিক মূল্যবান তৎসম্পর্কীয় বর্ণনাপত্রে ঐ মোকদ্দমা লিখিতে হইবে।

২। যথা, বাটী এবং লাখেরাজ ভূমি পাইবার জন্যে মোকদ্দমা হয়, এমন স্থলে মোকদ্দমা কোন বর্ণনাপত্রে লিখিতব্য এই প্রশ্ন হইলে বাটীর না লাখেরাজ ভূমির অধিক মূল্য ইহা নির্ণয় করিয়া উপযুক্ত বর্ণনাপত্রে লিখিতে হইবে।

৩। কোর্টের সাহেবেরা এই সুযোগে জিলার জজ সাহেবদিগকে পূর্ব্বোক্ত ১০ নং সরকুলরের নির্দ্দিষ্ট প্রয়োজনীয় কৈফিয়ৎ অবিলম্বে পাঠাইতে আদেশ করিতেছেন যেহেতু তাহা প্রস্তুত করিবার জন্যে অধিক সময় দেওয়া গিয়াছিল ও তাহা গবর্ণমেণ্টের অত্যন্ত প্রয়োজনীয় হইয়াছে।

আজ্ঞাক্রমে,

জে এচ বেলচেম্বর্স,

রেজিষ্ট্রারের কার্য্যালয়ের ভারপ্রাপ্ত।

ডেপুটী রেজিষ্ট্রার,

মফঃসল আদালতে উকীল ও মোখ্তারদিগের যোগ্য ও গ্রাহ্য হওনের ও কর্ম্মে নাম লেখাইবার জন্যে ১৮৬৫ সালের ২০ আইনের ৪ ধারামত এই এই বিধি।

১। আইনের অধীন প্রদেশের যেং মফঃসল আদালত হাই কোর্টের বিচারাধীন স্থানের সীমার অন্তর্গত আছে, সেইং আদালতের উকীলেরা কার্য্যক্ষমতা সম্পর্কে দুই শ্রেণীবদ্ধ হইবেন।

---

* গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের ৬ আপ্রিল তারিখের ২২৩৫ নম্বরের আজ্ঞা দেখ।

2. Those of the higher grade shall be competent to appear, plead, and act in any Civil or Criminal Court subordinate to and within the limits of the general jurisdiction of the High Court, and also before the Board of Revenue or in any Revenue Court or Office within the said limits: Provided that they shall not appear, plead, or act in the High Court.

3. Those of the lower grade shall be competent to appear, plead, and act in the Courts of the Sudder Ameens and Moonsiffs, and in the Courts of Assistant Commissioners, Extra Assistant Commissioners, and Registrars of Small Cause Courts, and also in any Criminal Court, or before the Board of Revenue or other Revenue Court or Office, within the limits of the general jurisdiction of the High Court: Provided that they shall not appear, plead, or act in the High Court.

4. Mookhtars, duly admitted and enrolled, may, subject to the conditions of their certificates as to the class of Courts in which they are authorized to practise, appear and act in any Civil Court, and may appear, plead, and act in any Criminal Court within the same limits: Provided that they shall not appear, plead, or act in the High Court.

5. All persons, who, on the 1st January 1866, were Pleaders or were lawfully qualified to act as Pleaders in any local Civil Court subordinate to the High Court, are qualified to be admitted and enrolled as Pleaders, subject to the provisions of Act XX of 1865. Such persons must make their applications for enrolment in the manner prescribed in Section 43 of the said Act.

Qualifications for Pleaders of the Higher Grade.

6. Every person may be admitted as a Pleader of the higher grade who shall be qualified as hereinafter prescribed, that is to say,—

1st.—If he shall have obtained the Degree of Bachelor in Law of one of the Universities of Calcutta, Madras, or Bombay, or shall be a Licentiate in Law of one of the said Universities: Provided that his application for admission as a Pleader be made within three years from the time of his obtaining such Degree or License, or within such further time as the High Court shall for any special reason allow; or

2nd.—If he shall satisfy the Court that he possesses a competent knowledge of the subjects mentioned in this clause by producing a certificate from the Examiners hereinafter mentioned that he has passed an examination in the Regulations,

২। উচ্চ শ্রেণীর উকীলেরা হাই কোর্টের সাধারণ বিচারাধিপত্যের অধীন ও তৎ সীমার অন্তর্গত দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতে এবং রেবিনিউ বোর্ডের সম্মুখে কিম্বা উক্ত সীমার অন্তর্গত রাজস্ব সম্পার্কীয় কোন আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও ওকালতী করিতে পারিবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইতে কি উত্তরপ্রত্যুত্তর করিতে কি ওকালতী করিতে পারিবেন না।

৩। দ্বিতীয় শ্রেণীর উকীলেরা সদর আমীন ও মুনসেফদিগের আদালতে এবং আসিষ্টান্ট কমিস্যনর ও অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনরদিগের ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের রেজিষ্ট্রারদিগের কাছারীতে এবং হাই কোর্টের সাধারণ বিচারাধিপত্যের সীমার অন্তর্গত কোন ফৌজদারী আদালতে কিম্বা রেবিনিউ বোর্ডের সম্মুখে কিম্বা রাজস্বসম্পার্কীয় অন্য আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও ওকালতী করিতে সক্ষম হইবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইতে কি উত্তরপ্রত্যুত্তর করিতে কি উকালতী করিতে পারিবেন না।

৪। মোক্তারেরাও যথন নিয়মিতরূপে গ্রাহ্য হন ও তাঁহাদের নাম ফর্দ্দে লেখা যায়, তথন তাঁহাদিগকে দত্ত সংশিতপত্রক্রমে তাঁহাদের প্রতি যে শ্রেণীর আদালতে ব্যবহার করিবার অনুমতি হইয়াছে, তদনুসারে তাঁহারা উক্ত সীমার অন্তর্গত কোন দেওয়ানী আদালতে উপস্থিত হইয়া কার্য্য করিতে পারিবেন এবং কোন ফৌজদারী আদালতেও উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে কি কার্য্য করিতে পরিবেন না।

৫। যে সকল ব্যক্তি ১৮৬৬ সালের জানুআরি মাসের প্রথম দিবসে হাই কোর্টের অধীন কোন দেওয়ানী আদালতে উকীল ছিলেন কি আইনমতে ওকালতী করিতে সক্ষম ছিলেন, তাঁহারা ১৮৬৫ সালের ২০ আইনের বিধানমতে উকীলস্বরূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার যোগ্য হন। সেই ব্যক্তিদের আবশ্যক যে উক্ত আইনের ৪৩ ধারার নির্দ্দিষ্টমতে নাম লেখাইবার প্রার্থনা করেন।

উচ্চ শ্রেণীর উকীলদিগের কর্ম্মক্ষমতার বিধি।

৬। পশ্চাৎ লিখিত প্রকারে যাঁহারা সক্ষম হন, তাঁহারা উচ্চ শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য। অর্থাৎ

প্রথম। তাঁহারা কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের একতর বিশ্ববিদ্যালয়ে Bachelor in Law এই উপাধি প্রাপ্ত হইলে, কিম্বা উক্ত একতর বিশ্ববিদ্যালয়ের Licentiate in Law হইলে গ্রাহ্য হইবেন। কিন্তু সেই উপাধি কি অনুমতিপত্র প্রাপণের সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা হাই কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে তাঁহাদের উকীলস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

অথবা দ্বিতীয়।—তিনি নিম্নলিখিত বিষয়ের পার্শ্বলিখিত আইন ও বিধান ও পুস্তকে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন পশ্চাৎ লিখিত পরীক্ষকদের স্থানে এই মর্ম্মের সংশিতপত্র দর্শাইয়া এই প্রকরণের লিখিত বিষয়ের উপযুক্ত জ্ঞান প্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে

Enactments, and Text Books set opposite to the respective subjects. Where two or more books are mentioned in the alternative, it shall be sufficient if the applicant pass in one of such books to be selected by himself.

Subjects.	Regulations, Enactments, and Text Books.
1st.—The law of property current in Bengal.	
A. With reference to the Permanent Settlement;—to the Government lien on land;—to claims to hold land exempt from the payment of Revenue;—and to the mode in which Estates can be brought to sale for arrears of Revenue.	Regulations (Bengal) I, VIII, X, XIV, XIX, and XLIV of 1793, and the Regulations and Acts by which the same have been altered: Act XI of 1859: and the preamble to Regulation (Bengal) II of 1793.
B. The law of under-tenures and the mode in which the same can be brought to sale for arrears of rent.	Regulation (Bengal) VIII of 1819: Act X of 1859: Act VIII of 1865 (Bengal Council).
C. The relation of Landlord and Tenant.	Act X of 1859: Act VI of 1862 (Bengal Council).
D. Mortgages: Registration of Assurances.	Macpherson on Mortgages: Act XX of 1866.
E. The Hindoo Law of inheritance, succession, and adoption.	Dayabhaga and Mitakshara; Duttaka Chandrika, or Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters.
F. Mahomedan Law...	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9.
G. The Indian Succession Act.	Act X of 1865.
2nd.—Obligations arising from Contracts.	Macpherson on Contracts.
3rd.—Civil Procedure...	Act VIII of 1859: Act XXIII of 1861: Act XI of 1865.
4th.—The Law of Evidence.	Act II of 1855, and Best or Goodeve or Norton on Evidence.
5th.—The Law relating to Stamps.	Act X of 1862: Act XVIII of 1865.

আদালতের হৃদবোধ জন্মাইলে গ্রাহ্য হইবেন। যে স্থলে দুই কি অধিক পুস্তক লিখিত হইয়া একতর পুস্তক নির্দ্ধারিত হইয়াছে, সেই স্থলে প্রার্থক স্বমনোনীত উক্ত কোন এক পুস্তকে উত্তীর্ণ হইলে প্রচুর।

বিষয়।	আইন, বিধি। পুস্তক।
বঙ্গদেশের প্রচলিত সম্পাত্তির ব্যবস্থা।	
A. চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে ও ভূমির উপর গবর্ণমেন্টের দাওয়ার ও রাজস্ব না দিয়া ভূমি ভোগ করিবার দাওয়ার—ও বাকী রাজস্বের জন্যে সম্পাত্তির .নীলাম যে নিয়মে হইতে পারে তদুপলক্ষে	বঙ্গদেশীয় ১৭৯৩ সা. ১, ৮, ১০, ১৪, ১৯, ৪৪ আইন ও তাহা যেং আইনদ্বারা পরির্ত্তিত হইয়াছে। ১৮৫৯ সা. ১১ আ. ও ১৭৯৩ সালের বঙ্গদেশীয় ২ আইনের হেতুবাদ।
B. পত্তনীতালুকের আইন ও তাহা বাকী করের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে। ...	১৮১৯ সালের বঙ্গদেশীয় ৮ আইন। ১৮৫৯ সালের ১০ আইন। ১৮৬৫ সালের বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইন।
C. ভূম্যধিকারির ও প্রজার পরস্পর সমন্ধ ব্যবস্থা	১৮৫৯ সা. ১০ আ. ও ১৮৬২ সা. বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৬ আ.।
D. বন্ধক ও নিদর্শনপত্রের রেজিস্টরী করণ।	বন্ধক বিষয়ে মাক্ফরসন সাহেবের পুস্তক। ১৮৬৬ সা. ২০ আ.
E. দায়ভাগ ও উত্তরাধিকারিত্ব ও দত্তকগ্রহণ বিষয়ে হিন্দু ব্যবস্থা ...	দায়ভাগ ও মিতাক্ষরা ও দত্তকচন্দ্রিকা কি হিন্দু ব্যবস্থার মূলনিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ১—৭ অধ্যায়।
F. মহম্মদীয় শরা ...	মহম্মদীয় শরার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ৯ ভিন্ন সমস্ত অধ্যায়।
G. ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন	১৮৬৫ সা. ১০ আ.
(২) চুক্তিক্রমে উদিত বাধ্যতা ...	চুক্তি বিষয়ে মাক্ফরসন সাহেবের পুস্তক।
(৩) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধান ...	১৮৫৯ সা. ৮ আ। ১৮৬১ সা. ২৩ আ। ১৮৬৫ সা. ১১ আ।
(৪) প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৫৫ সা. ২ আ। এবং প্রমাণ বিষয়ে বেস্ট কি গুডীব কি নর্টন সাহেবের পুস্তক।
(৫) ইষ্টাম্প বিষয়ক আইন ...	১৮৬২ সা. ১০ আ। ১৮৬৫ সা. ১৮ আ.।

6th.—The Law of Limitation.	Act XIV of 1859.
7th.—Criminal Law and Procedure.	The Indian Penal Code (Act XLV of 1860) and the Code of Criminal Procedure (Act XXV of 1861).

7. The examinations will be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6, Act XX of 1865, according to such Regulations as shall be made by the said Government for conducting such examinations.

8. The application to the High Court for admission shall be made within three years from the time of the applicant's passing the examination, or within such further time as the Court shall for any special reason allow.

9. In order to qualify a person to present himself for the examination required by these Rules for the higher grade—

1st.—He must hold a certificate of having passed the Entrance Examination of the University of Calcutta, Madras, or Bombay, or shall satisfy the High Court that he has received a liberal education elsewhere than in India.

2nd.—He must hold a certificate of having regularly attended a full course of Lectures in Law at one of the Colleges affiliated to the Calcutta University, or such Law lectures elsewhere as shall be deemed by the High Court to be sufficient.

3rd.—He must hold a satisfactory certificate of good moral character.

4th.—He must be between the ages of 20 and 40 years, unless he shall have been admitted and shall have practised as a Pleader of the lower grade previously to his application to be admitted to the examination for the higher grade, in which case he may be admitted to that examination if he shall satisfy the Judge of the District in which he resides that up to the time of the application he has been acting as a Pleader of the lower grade, and shall produce a certificate from the Judge or Judges in whose Court he has been so practising, that in his or their judgment he is a proper person to be admitted to examination for the higher grade.

10. Any person, who, on the 1st January 1866, was practising as a Pleader of the lower grade, may present himself at the first examination for a pleadership of the higher grade, which may take place after the expiration of six months from the publication of these Rules in the *Calcutta Gazette*, without having the qualifications required by Clauses 1 and 2 of Rule 9.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৯ মে।]

৬) মিয়াদী আইন ...	১৮৫৯ সা. ১৪ আ.।
(৭) ফৌজদারী আইন ও মোকদ্দমার কার্য্যবিধান	ভারতবর্ষীয় দণ্ডবিধির (১৮৬০ সালের ৪৫) আইন, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫) আইন।

৭। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন, তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে।

৮। প্রার্থকের পরীক্ষোত্তীর্ণ হইবার সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময়ের অনুমতি দেন সেই সময়ের মধ্যে হাই কোর্টে গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

৯। এই বিধিমতে উচ্চ শ্রেণীর পরীক্ষা দিবার জন্যে কোন ব্যক্তি উপস্থিত হইবার যোগ্য হন এই নিমিত্তে প্রয়োজন যে,

(১) তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ হইবার সংশিতপত্র প্রাপ্ত হন, কিম্বা ভারতবর্ষের অন্য স্থানে বিশিষ্ট প্রকারে বিদ্যা প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মান।

(২) কলিকাতার বিশ্ববিদ্যালয়সংসৃত কোন কালেজে ব্যবস্থাবিষয়ক সম্পূর্ণ বক্তৃতাশ্রেণীতে নিয়ত উপস্থিত হইয়াছেন, কিম্বা ব্যবস্থাবিষয়ক অন্য যে বক্তৃতাশ্রেণী হাই কোর্টের বিবেচনায় প্রচুর, তদধ্যয়নে উপস্থিত হইয়াছেন এই মর্ম্মের সংশিতপত্র প্রাপ্ত হন।

(৩) হৃদ্বোধজনক সুনীতিরীতির সংশিতপত্র প্রাপ্ত হন।

